যথাশব্দ

মুহাম্মদ হাবিবুর রহমান

যথাশব্দ

বাংলাভাষার প্রথম ভাব-অভিধান

মুহাম্মদ হাবিবুর রহমান

দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড

দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড
রেড ক্রিসেন্ট হাউস
৬১ মতিঝিল বাণিজ্যিক এলাকা
পোস্ট বক্স ২৬১১
ঢাকা ১০০০
ফ্যাক্স: (৮৮ ০২) ৯৫৬৫৪৪৩
E-mail: upl@btcl.net.bd, upl@bangla.net
Website: www.uplbooks.com

বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত
প্রথম সংস্করণ ১৯৭৪

পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ১৯৯৩
চতুর্থ পুনর্মুদ্রণ ২০১১

প্রচ্ছদ
সমর মজুমদার

ISBN 978 984 506 070 7

প্রকাশক: মহিউদ্দিন আহমেদ, দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, রেড ক্রিসেন্ট হাউস, ৬১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০। মুদ্রণ: ইলোরা আর্ট পাবলিসিটি, ৬৩৫, উত্তর শাহজাহানপুর, ঢাকা থেকে মুদ্রিত।

YATHASHABDA (right word)—a book of Bengali words arranged according to ideas—compiled by Muhammad Habibur Rahman. Published by Mohiuddin Ahmed, The University Press Limited, Red Crescent House, 61, Motijheel C.A., Dhaka 1000.

একুশে ফেব্রুয়ারি স্মরণে

প্রকাশকের কথা

যথাশব্দ বাংলাভাষায় প্রকাশিত প্রথম ভাব-অভিধান যা প্রকাশের পর পরই উভয় বাংলায় বিদ্বৎসমাজের উচ্চ-প্রশংসা লাভ করে এবং অল্প সময়ের মধ্যেই এর মজুত নিঃশেষিত হয়।

১৯৭৪ সনে বাংলা একাডেমী সংকলনটি প্রকাশ করার পর আমি তা সংগ্রহ করি। বাংলোভাষা ও সাহিত্য-চর্চার ক্ষেত্রে এরূপ একটি অভিধান যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে আমার মনে হয়েছে। দীর্ঘদিনেও এ জাতীয় একটি সংকলনের পুনঃমুদ্রণ হচ্ছে না দেখে এবং এটির মানোন্নত সংস্করণের সম্ভাবনার কথা ভেবেই বছর চারেক আগে ১৯৮৯ সনে *যথাশব্দ* 'র সংকলক বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান-এর নিকট এর প্রকাশের সুযোগ দিতে অনুরোধ জানাই। তিনি তৎক্ষণাৎ সম্মত হয়ে আমাদেরকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেন।

ইত্যবসরে ১৯৮৭ সনে কলকাতার সাহিত্য সংসদ যথাশব্দের প্রায় অনুরূপ অশোক মুখোপাধ্যায়কৃত *সমার্থশব্দকোষ* প্রকাশ করে। এতে যথাশব্দের গুরুত্ব আরো বেড়ে যায়।

সংকলক পাণ্ডুলিপির প্রথম শ্রেণী 'নির্বস্তুক ভাব' ১৯৮৯ সনে আমাদের দেন। বাকি অংশ ধীরে ধীরে দিতে থাকেন। বই প্রকাশনায় সাধারণ যে সকল সমস্যার মোকাবেলা করতে হয় এই গ্রন্থটির ক্ষেত্রে তার প্রকৃতি ছিল আরো গভীর। টাইপসেটিং শুরুর পর সবচাইতে অসুবিধায় পড়তে হয়েছে ইনডেক্সিং -এর সময়। এ ক্ষেত্রে বর্ণানুক্রমিক ধারা পালনের যে নিয়ম, বাংলা বর্ণমালার ক্ষেত্রে কম্পিউটার আমাদেরকে এখনো সে সুবিধা দিতে পারেনি বিধায় যথাশব্দের নির্ঘণ্ট তৈরির বৃহৎ কাজটি ইউপিএল -কে ম্যানুয়াল পদ্ধতিতে করতে হয়েছে। একদিকে যেমন শব্দ অন্তর্ভুক্তির সংখ্যা বহুগুণ বৃদ্ধি করা হয়েছে, তার ওপর থিসরাসের চরিত্রকে সঠিক রূপায়ণ দিতে গিয়ে শব্দ, অর্থচ্ছটা, শীর্ষশব্দ, পর্যায়সংখ্যা ইত্যাদির একই সঙ্গে বিন্যাসসাধন সময়সাপেক্ষ হয়ে দাঁড়ায়। টেকনিক্যাল অসুবিধার কারণে কোথাও '*দগ*' না করে দ্গ করতে হয়েছে। আবার হ্রস্ব-উকার, দীর্ঘ-উকার যেমন, 'রু','রু' 'রূ','রূ' ইত্যাদি সর্বত্র একইরূপ রাখা সম্ভব হয়ে ওঠেনি। মুদ্রণ সৌকর্য রক্ষার বিষয়ে যথাসাধ্য চেষ্টা করা হয়েছে।

আবার, পাঠকগণ যাতে অল্প দামের বিনিময়ে বইটি ক্রয় করতে পারেন সে জন্য কম সংখ্যক পৃষ্ঠার অবয়বে অধিক সংখ্যক শব্দ সংকুলানের প্রচেষ্টা নেয়া হয়েছে।

বাংলাভাষায় থিসরাস–জাতীয় গ্রন্থ যেহেতু এই প্রথম সে কারণে এর গঠন, বিন্যাস পদ্ধতি, সৌকর্যসাধন বিষয়ে যথেষ্ট ভাবার অবকাশ থেকে যায়। আর এ জন্য যে বিশেষজ্ঞতা দাবি করে সেদিক থেকে কাজটি ছিল সময়সাপেক্ষ। এর জন্য আমাদের মেধা, শ্রম ও অর্থ ব্যয়ে কোন কার্পণ্য ছিল না।

এই অভিধান প্রকল্পের তত্ত্বাবধানের দায়িত্ব প্রথম পর্যায়ে পালন করেছেন ইউপিএল –এর তৎকালীন ভারপ্রাপ্ত সম্পাদক জনাব শামসুল কবীর ও তাঁকে সহযোগিতা করেছেন বর্তমানে ভারপ্রাপ্ত সম্পাদক জনাব আবদার রহমান। পরবর্তীকালে জনাব আবদার রহমানকে সম্পূর্ণ দায়িত্বভার পালন করতে হয়েছে এবং তাঁকেই সংকলকের সঙ্গে যোগসূত্র ধরে রাখতে হয়েছে। এ কাজে সহযোগিতা করেছেন জনাব বদিউদ্দিন নাজির, জনাব কায়সুল হক ও জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম। আরও সহায়তা করেছেন মোসাম্মাৎ জাহানারা বেগম, বিপাশা বণিক ও চামেলী সেনগুপ্তা, অনুপম দেব প্রমুখ ইউপিএল –এর কর্মীবৃন্দ।

কম্পিউটার টাইপসেটিং–এর ক্ষেত্রে ডেস্কটপ কম্পিউটিং লিমিটেডের দুই পরিচালক জনাব সৈয়দ আমিরউল্লাহ ও জনাব সৈয়দ একরামুল্লাহ'র কারিগরি সহযোগিতা ও সহিষ্ণুতার জন্য তাঁদেরকে ধন্যবাদ জানাই। মাতৃভাষায় প্রকাশিতব্য এক সম্মানজনক প্রকাশনার প্রতি তাঁদের এই নিষ্ঠা উল্লেখের দাবিদার। টাইপসেটিং ও মেকিং–এর কাজ জনাব শিশির বোস দীর্ঘদিন ধরে এক হাতে গভীর নিষ্ঠার সঙ্গে সম্পন্ন করেছেন, তাঁর প্রতিও সাধুবাদ জানাই। মুদ্রণ সৌন্দর্য রক্ষার জন্য কষ্ট করেছেন প্রডাকশন অফিসার জনাব মোহাম্মদ জামিলুর রহমান ও ইলোরা আর্ট পাবলিসিটির জনাব তোফাজ্জল হোসেন। এঁদের সকলের কাছে আমি ঋণী।

এ জাতীয় গ্রন্থ আরো উৎকর্ষের অপেক্ষা রাখে। আমরা সংকলনটিকে নির্ভুল করার জন্য যথাসাধ্য চেষ্টা করেছি, কিন্তু তা সত্ত্বেও কিছু কিছু মুদ্রণ প্রমাদ যে পাঠকের চোখে পড়বে না এমন দাবি করিনা। আমাদের মতে, এ জাতীয় গ্রন্থ কেবল বারংবার প্রকাশের মাধ্যমেই ত্রুটিমুক্ত হতে পারে। এ ব্যাপারে সুধী পাঠকগণ আমাদের দৃষ্টি আকর্ষণ করলে পরবর্তী সংস্করণে সংশোধনের প্রচেষ্টা নেয়া হবে। আরো একটি বিষয়ের প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করবো, বর্তমান সংকলনটি দ্বিতীয় সংস্করণ হলেও এই সংস্করণটিকে একটি সম্পূর্ণ নতুন সংকলন বললে অত্যুক্তি হবে না।

অভিধানটি রচনার জন্য সংকলককে অসংখ্য ধন্যবাদ জানাই। বাংলাভাষা–চর্চায় এই গ্রন্থটি আদৃত হলেই আমরা আনন্দিত হব।

ঢাকা
২১ ফেব্রুয়ারি, ১৯৯৩। মহিউদ্দিন আহমেদ

প্রথম সংস্করণের ভূমিকা

জানা শব্দ অনেক সময় প্রয়োজনবোধে মনে আসে না। যে শব্দ মনে আছে অথচ মনে আস্‌ছে না, সেই বিস্মৃত শব্দের সূত্রসন্ধানে এবং যে শব্দ মনে আস্‌ছে অথচ মনে ধরছে না, অতৃপ্ত মনের সেই অভীপ্সিত শব্দের উদ্দেশ্যে এই ভাব-অভিধানের সূত্রপাত। অভিধান শব্দার্থ নিরূপণের জন্য বর্ণানুক্রমে সাজান। এই পুস্তক ভাবপ্রকাশে যথার্থ শব্দ নির্বাচনে সহায়তার জন্য ব্যবহারিক সুবিধার্থে ভাবানুক্রমে বিন্যস্ত। বলাবাহুল্য, এই ভাব-অভিধান অভিধানের বিকল্প নয়, যদিও নির্ঘণ্টে প্রদত্ত শব্দের অর্থ ও প্রয়োগের বিশ্লেষণে ও প্রাসঙ্গিক পর্যায়ের নির্দেশনায় এবং প্রত্যেক পর্যায়ে পর্যায়-শব্দ ও প্রতিশব্দের সমাহারে শব্দের অর্থের দ্যোতনা ও ব্যঞ্জনা পরিস্ফুট।

এই পুস্তকে সমুদয় ভাবাত্মক শব্দ এক সহস্র পর্যায়ে বন্ধনীভূক্ত এবং পর্যায়গুলি ছয়টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে। প্রত্যেক পর্যায়ে পর্যায়-শীর্ষক শব্দের প্রতিশব্দ ও পর্যায় শব্দ ছাড়াও কোন কোন শব্দ অন্তর্ভুক্ত করা হয়েছে যা আমার খেয়ালে প্রাসঙ্গিক মনে হয়েছে। ফলে, পর্যায়ের শব্দের যোজনায় প্রাসঙ্গিকতার শৃঙ্খলা রক্ষা করা হ'লেও শব্দের বিন্যাসে কোন ধরাবাঁধা নিয়ম পালন করা হয়নি। এই পুস্তক ব্যবহারের পূর্বে পর্যায়-সারণী ও নির্ঘণ্টে প্রদত্ত নির্দেশনা এক ঝলক দেখে নেওয়া প্রয়োজন।

কোন বিশেষ ভাব ব্যক্ত করার পূর্বে সেই ভাবের যে কোন শব্দ নির্ঘণ্টে বের করলে সেই শব্দের পাশে এক বা একাধিক সংখ্যা দেখতে পাওয়া যাবে। সংখ্যা পর্যায়ের ক্রমিক সংখ্যার নির্দেশক। শব্দের পাশ্ববর্তী সংখ্যা সেই পর্যায়ের নির্দেশক যে পর্যায়ে সেই শব্দ অন্তর্ভুক্ত এবং মোটা আঁকের সংখ্যা সেই পর্যায়ের নির্দেশক যে পর্যায়ে সেই শব্দ শীর্ষ বা প্রধান শব্দ। শব্দের সাধারণ অর্থ বা প্রয়োগ যে পর্যায়ে সম্বলিত সেই পর্যায়-সংখ্যা শব্দের অব্যবহতি পরেই সংলগ্ন। মূল পাঠের প্রত্যেক পৃষ্ঠায় যে যে পর্যায় অন্তর্ভুক্ত সেই সেই পর্যায়ের ক্রমিক সংখ্যা সংক্ষেপে পৃষ্ঠার উপরে বাম দিকে অঙ্কিত। পৃষ্ঠা-সংখ্যা পৃষ্ঠার নীচে দক্ষিণে বা বামে মুদ্রিত।

ধরা যাক, আমরা 'ঔচিত্য'-ভাবাত্মক একটি শব্দ খুঁজছি। নির্ঘণ্টে 'ঔচিত্য' শব্দটি বের করলে উক্ত শব্দের পাশে দুটো পর্যায়ের ক্রমিক সংখ্যা— ৯২৪, ৯২৮ — দেখতে পাওয়া যাবে। এর মধ্যে ৯২৪ সংখ্যাটি মোটা আঁকের অর্থাৎ ঐ ক্রমিক-সংখ্যার পর্যায়ে 'ঔচিত্য' শীর্ষ বা প্রধান শব্দ। উক্ত পর্যায়ে 'ঔচিত্য'-ভাবাত্মক অন্যান্য শব্দের মধ্যে 'কর্তব্য', 'বৈধতা', 'নৈতিকতা', 'সততা' শব্দগুলিও রয়েছে। শেষোক্ত প্রত্যেকটি শব্দের পর একটি বন্ধনীভুক্ত সংখ্যা রয়েছে যে সংখ্যার পর্যায়ে ঐ শব্দের উল্লেখ রয়েছে। 'ঔচিত্য'-শীর্ষক পর্যায়ে ঈপ্সিত শব্দের সন্ধান না পেলে উক্ত পর্যায়ে নির্দেশিত অন্যান্য পর্যায়গুলি অনুসন্ধান করা যেতে পারে। আবার, কোন ভাব প্রকাশ করতে সেই ভাবের কোন শব্দ মনে না এসে যদি তার বিপরীতার্থক শব্দ মনে আসে তবে সেই শব্দের সূত্র ধরে যে পর্যায়ে নির্দেশক সংখ্যা পাওয়া যাবে তার পুরোবর্তী বা পরবর্তী পর্যায় তালাস করলে যথার্থ শব্দের হদিস পাওয়া যেতে পারে। যিনি শব্দ নির্বাচন করছেন তাঁর মনের ভাব ও প্রকাশভঙ্গির উপর নির্ভর করছে কোন্ শব্দে তিনি তৃপ্ত হবেন। অনুশীলনের এই টানা-পড়েনের পরেও যেখানে যথার্থ শব্দের সন্ধান পাওয়া যাবে না সেখানে রয়ে গেল এই পুস্তকের অপূর্ণতা। তা ছাড়া, ভাষায় প্রতিদিন ত' নতুন শব্দের জন্ম হচ্ছে। অনবধানে যে সমস্ত প্রচলিত শব্দ পর্যায়ভুক্ত করা হয়নি তার অনেক শব্দ নির্ঘণ্টে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং শব্দের পার্শ্বে সেই পর্যায়ের নির্দেশক সংখ্যা উল্লেখ করা হয়েছে যে পর্যায়ে শব্দটি অন্তর্ভুক্ত করা উচিত ছিল।

বাংলা ভাষায় এ ধরনের ভাব-অভিধান হয়ত এই প্রথম। ইংরেজী ভাষায় ডক্টর পিটার মার্ক রজে'র *থীসরাস* দেখার পর আমার মনে হয় অনুরূপ একটা ভাব-অভিধান আমাদের ভাষায় থাকলে ভাল হ'ত। এই ইচ্ছাপূরণে নিজে ব্রতী হব ভাবিনি। কয়েক বছর আগে পরিত্যক্ত এক ডায়েরীর পাতায় অবসর-বিনোদনে হঠাৎ এই পুস্তকের ছক কাটা হয়। তারপর বিক্ষিপ্ত অবকাশে সাধারণজ্ঞান-নির্ভর সখের অনুশীলন চলতে থাকে অত্যন্ত ধীর গতিতে। সঙ্কল্প-বিকল্পে পুস্তকের গ্রন্থণা ছিন্ন হয় বহুবার। অবশেষে, কাজটা শেষ হল কিন্তু আত্মপ্রসাদের কোন অবকাশ রইল না। বরং, আকাঙ্ক্ষিত সৌকর্যসাধন সম্ভব হ'ল না ব'লে অতৃপ্ত মনে খেদ রয়ে গেল। পরিচিত শব্দের অনুপস্থিতি, যথাযথ যতিচিহ্নের অভাব ও দৃষ্টিকটু মুদ্রাকর-প্রমাদ বিদ্বজ্জনের যে পীড়া দেবে তার জন্য আমি প্রমাদ গুনছি। এই পুস্তকে সংশোধন-সংস্কার ও পরিবর্তন-পরিবর্ধনের যে অবকাশ রয়ে গেল, তার জন্য অন্যোন্যপায় হয়ে আমি পরবর্তী সংস্করণের আশায় রইলাম।

মুহাম্মদ হাবিবুর রহমান

এই সংস্করণের ভূমিকা

এই গ্রন্থ ব্যবহারের পূর্বে প্রথম সংস্করণের ভূমিকা একবার প'ড়ে নেওয়া দরকার। এই সংস্করণ, বলতে গেলে, ঢেলে সাজানো হয়েছে। ছ'টির পরিবর্তে শব্দের আটটি শ্রেণীবিভাগ করা হ'ল। প্রথম সংস্করণের বেশ কিছু বর্গ বা পর্যায়ের বিলোপ সাধন করে 'বিজ্ঞান', 'পদার্থবিজ্ঞান', 'পরমাণুতত্ত্ব', 'রসায়ন', 'বিকিরণ', 'বিদ্যুৎ', 'ইলেকট্রনিকস', 'রেডিও', 'টেলিভিশন', 'রেডার', 'বলবিদ্যা', 'স্বয়ংক্রিয়তা', 'মহাকাশযান', 'রাজনীতি', 'অর্থনীতি', 'কর', 'নীতিবিদ্যা', 'যৌনতা' ইত্যাদি বেশ কিছু নতুন পর্যায় সন্নিবেশিত হল। পর্যায়ের সংখ্যা পূর্বের মতো এক সহস্রে সীমিত রইল। বলা বাহুল্য, সহস্র সংখ্যায় কোনো জাদু নেই।

এই সংকলনে একাধিক শব্দের যে হ্রস্বীকরণ পদ্ধতি অনুসরণ করা হয়েছে তার মধ্যে একটা কৃত্রিমতা আছে। তবে এর ফলে স্থান সংকুলান ছাড়াও শব্দের বিচিত্র অভিব্যক্তি ও আনুষঙ্গিকতার একটা আভাস দেওয়া সম্ভব হয়েছে।

'বিবাহিত' ও 'বিবাহিতা' –র পরিবর্তে 'বিবাহিত–া' বা 'শৈশব' ও 'শৈশবকাল' –এর পরিবর্তে 'শৈশব,–কাল' বা 'মানবহিতৈষী' 'মানবহিতার্থী' 'সমাজহিতৈষী' 'সমাজহিতার্থী' –র পরিবর্তে 'মানব, সমাজ,–হিতৈষী,–হিতার্থী' লেখায় কিছু স্থান সংকুলান হয়েছে। একাধিক পর্যায় বা প্রতিশব্দের দীর্ঘতম হ্রস্বীকৃত রূপ : আইন, কানুন, বিধি, বিধান, ন্যায়, নীতি,–সংগত,–সম্মত,–সিদ্ধ,–বদ্ধ,–অনুযায়ী,–মাফিক,–মোতাবেক। এখানে আইনসংগত থেকে নীতিমোতাবেক পর্যন্ত বিয়াল্লিশটি শব্দ একটি শৃঙ্খলে শ্রেণীবদ্ধ।

প্রথম সংস্করণের সব কপি বছর কয়েক আগে নিঃশেষিত হ'লেও, নানা কারণে এই সংস্করণ বিলম্বিত হ'ল। এর মধ্যে পশ্চিমবঙ্গ থেকে থিসরাস জাতীয় দুটো সংকলন প্রকাশিত হয়েছে—ড. জগন্নাথ চক্রবর্তীর *মণিমঞ্জুষা* (১৯৮৬) এবং অশোক মুখোপাধ্যায়ের *সংসদ সমার্থশব্দকোষ* (১৯৮৭)। সংকলকদের আমার অভিনন্দন এবং তাঁদের সংকলনের ভূমিকায় 'যথাশব্দ' উল্লেখ করার জন্য অশেষ ধন্যবাদ। অশোক মুখোপাধ্যায়ের সংকলন দ্বারা আমি বিশেষ উপকৃত হয়েছি।

এযাবৎ প্রকাশিত বিভিন্ন সমার্থক বা বিভিন্নার্থক শব্দকোষ, পরিভাষাকোষ ছাড়াও আইন, সংবিধান, বিজ্ঞান ও মানবিকবিদ্যায় ইদানীং ব্যবহৃত এমন বহু শব্দ আমি প্রসারিত হস্তে গ্রহণ করেছি যা অভিধানে এখনও অন্তর্ভুক্ত হয়নি। শব্দের ব্যবহার বা সম্ভাব্য ব্যবহারের দিকে লক্ষ্য রেখে নির্দ্বিধায় বহু বিদেশি শব্দও আমি গ্রহণ করলাম। আমাদের ব্যাপারী ভাষায় রাজনীতিক ও সাংস্কৃতিক আগ্রাসনের ফলে যত প্রতিশব্দ জমে গেছে কালক্রমে অব্যবহারের দরুন তার অনেক শব্দ হারিয়ে যাবে। আমরা আর কেদারায় বসি না এবং কন্যারা মাহাফায় চ'ড়ে আর নাইয়রে আসে না। যথাশব্দের সন্ধানে বিশল্যকরণী আনতে গন্ধমাদন পর্বতের শব্দারণ্য হাজির করলাম কি না সে নিয়ে মনে একটা দ্বন্দ্ব রয়ে গেল।

শেষে, আমার প্রেরণার উৎস রজে'র *থিসরাস* সম্পর্কে দুটো কথা। গ্রন্থটি ১৮৫২ সালে প্রকাশিত হয়। প্রাকৃতিক ইতিহাসের, বিশেষ করে উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞানের, শব্দবর্গীকরণ, অমরসিংহের *অমরকোষ* এবং জন উইলকিন্সের *Essay Towards a Real Character and a Philosophical Language* (১৬৬৮) ড. পিটার মার্ক রজে-কে প্রভাবান্বিত করে। কোলব্রুক ১৮০৮ সালে অমরসিংহের *নামালিঙ্গানুশাসন*, যা অমরকোষ নামে প্রসিদ্ধি লাভ করেছে, ইংরেজিতে অনুবাদ করেন। শ্রীরামপুর থেকে সেই অনুবাদ প্রকাশিত হয়। রজের *থিসরাস*-এর সঙ্গে প্রাচ্যের যোগসূত্রটুকু ধরিয়ে দেওয়ার জন্য এ কটি কথা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আনিসুজ্জামান আমাকে নানাভাবে সাহায্য করেছেন। ইউনিভার্সিটি প্রেস লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মহিউদ্দিন আহমেদ ও জনাব আবদার রহমান এ সংস্করণ প্রকাশনায় অকুণ্ঠ সহযোগিতা করেছেন। ডেস্কটপ কম্পিউটিং লিমিটেড-এর পরিচালক জনাব সৈয়দ আমিরউল্লাহ এবং শিশির বোস বইটির টাইপসেটিং বিষয়ে যথেষ্ট ধৈর্যের পরিচয় দিয়েছেন। ভূমিকায় যাঁদের নাম উচ্চারণ করলাম তাঁদের সকলকে অশেষ ধন্যবাদ।

১০, মিন্টো রোড, ঢাকা ১০০০।

মুহাম্মদ হাবিবুর রহমান

সূচি

উৎসর্গ		v
প্রকাশকের কথা		vii
প্রথম সংস্করণের ভূমিকা		ix
দ্বিতীয় সংস্করণের ভূমিকা		xi
পর্যায়সারণি		xv
সংকেত সূত্র		xxvi
প্রথম শ্রেণী:	নির্বস্তুক ভাব	১
দ্বিতীয় শ্রেণী:	স্থান	৫১
তৃতীয় শ্রেণী:	পদার্থবিজ্ঞান	৯৩
চতুর্থ শ্রেণী:	বস্তু	১১১
পঞ্চম শ্রেণী:	সংবেদন	১৪৭
ষষ্ঠ শ্রেণী:	বুদ্ধিবৃত্তি	১৬৪
সপ্তম শ্রেণী:	ইচ্ছা	২২৬
অষ্টম শ্রেণী:	চিত্তবৃত্তি	৩২২
নির্ঘণ্ট নির্দেশিকা		৪১২
	নির্ঘণ্ট	৪১৩

পর্যায়সারণি

প্রথম শ্রেণী

নির্বস্তুক ভাব

১	অস্তিত্ব	২	অনস্তিত্ব
৩	সারবত্তা	৪	অসারত্ব
৫	আত্মমুখতা	৬	বিষয়মুখতা
৭	অবস্থা	৮	পরিস্থিতি
৯	সম্পর্ক	১০	অসম্পর্ক
১১	জ্ঞাতিসম্পর্ক		
১২	সহসম্বন্ধ		
১৩	অভেদ	১৪	বৈপরীত্য
১৫	পার্থক্য		
১৬	সমরূপত্ব	১৭	অসমরূপত্ব
১৮	সাদৃশ্য	১৯	বৈসাদৃশ্য
২০	অনুকরণ	২১	অননুকরণ
২২	অনুকৃতি	২৩	আদিরূপ
২৪	মিল	২৫	অমিল
২৬	পরিমাণ	২৭	মাত্রা
২৮	সমতা	২৯	অসমতা
৩০	গড়	৩১	ক্ষতিপূরণ
৩২	বৃহত্ত্ব	৩৩	ক্ষুদ্রত্ব
৩৪	শ্রেষ্ঠত্ব	৩৫	হীনতা
৩৬	বৃদ্ধি	৩৭	হ্রাস
৩৮	যোগ	৩৯	বিয়োগ
৪০	অবশেষ		
৪১	মিশ্রণ	৪২	অমিশ্রণ

৪৩	সংযোগ	৪৪	অসংযোগ
৪৫	বন্ধন		
৪৬	সংসক্তি	৪৭	অসংসক্তি
৪৮	সমাবন্ধ	৪৯	বিশ্লেষণ
৫০	সাকল্য	৫১	অংশ
৫২	পূর্ণতা	৫৩	অপূর্ণতা
৫৪	রচনা	৫৫	বর্জন
৫৬	বহিঃস্থতা		
৫৭	শৃঙ্খলা	৫৮	বিশৃঙ্খলা
৫৯	বিন্যাস	৬০	অবিন্যাস
৬১	মানক্রম	৬২	অনুক্রম
৬৩	পূর্বভাগ	৬৪	উত্তরভাগ
৬৫	আরম্ভ	৬৬	শেষ
৬৭	মধ্য		
৬৮	ক্রমান্বয়	৬৯	ক্রমভঙ্গ
৭০	সমাবেশ	৭১	বিচ্ছুরণ
৭২	শ্রেণী		
৭৩	অন্তর্ভুক্তি	৭৪	বহিষ্করণ
৭৫	সামান্যতা	৭৬	বৈশিষ্ট্য
৭৭	নিয়ম	৭৮	বহ্বাকার
৭৯	অনুবর্তিতা	৮০	অননুবর্তিতা
৮১	সংখ্যা		

৮২ গণনা
৮৩ তালিকা
৮৪ একত্ব — ৮৫ সঙ্গ
৮৬ দ্বিত্ব
৮৭ ত্রিত্ব
৮৮ চতুঃ
৮৯ পঞ্চ
৯০ ষট্
৯১ সপ্ত
৯২ অষ্ট
৯৩ নব
৯৪ দশ
৯৫ শূন্যতা
৯৬ বহুতা — ৯৭ অল্পতা
৯৮ পুনর্বৃত্তি — ৯৯ অনন্ততা
১০০ কাল — ১০১ কালাভাব
১০২ নির্দিষ্টকাল — ১০৩ কালক্রম
১০৪ স্থায়িত্ব — ১০৫ ক্ষণস্থায়িত্ব
১০৬ চিরন্তনতা — ১০৭ তাৎক্ষণিকতা
১০৮ কালমিতি
১০৯ কালাসংগতি
১১০ পূর্বিতা — ১১১ পরবর্তিতা
১১২ বর্তমান — ১১৩ ভিন্নসময়
১১৪ যুগপত্তা
১১৫ ভবিষ্যৎ — ১১৬ অতীত
১১৭ নূতনত্ব — ১১৮ প্রাচীনত্ব
১১৯ সকাল
১২০ দ্বিপ্রহর
১২১ বৈকাল
১২২ সন্ধ্যা
১২৩ রাত্রি
১২৪ বয়স
১২৫ শৈশব — ১২৭ যৌবন
১২৬ কৈশোর
১২৮ প্রৌঢ়ত্ব — ১২৯ বার্ধক্য
১৩০ অবিলম্ব — ১৩১ বিলম্ব
১৩২ সুসময় — ১৩৩ অসময়
১৩৪ পৌনঃপুনিকতা — ১৩৫ বিরলতা
১৩৬ নিয়মিততা — ১৩৭ অনিয়মিততা
১৩৮ পরিবর্তন — ১৩৯ নিত্যতা
১৪০ নিবৃত্তি — ১৪১ অনবচ্ছেদ
১৪২ রূপান্তরণ — ১৪৩ পূর্বানুবৃত্তি
১৪৪ বিপ্লব
১৪৫ প্রতিস্থাপন
১৪৬ আন্তঃপরিবর্তন
১৪৭ পরিবর্তনশীলতা — ১৪৮ অপরিবর্তন-শীলতা
১৪৯ বর্তমান ঘটনা — ১৫০ ভবিষ্যৎ ঘটনা
১৫১ কারণ — ১৫২ ফলাফল
১৫৩ আরোপণ — ১৫৪ অকারণতা
১৫৫ শক্তি — ১৫৬ শক্তিহীনতা
১৫৭ বল — ১৫৮ দৌর্বল্য
১৫৯ উৎপাদন — ১৬০ ধ্বংস
১৬১ পুনরুৎপাদন
১৬২ উৎপাদক — ১৬৩ ধ্বংসকারী
১৬৪ পূর্বপুরুষ — ১৬৫ উত্তরপুরুষ
১৬৬ উৎপাদনক্ষমতা — ১৬৭ উৎপাদন-অক্ষমতা
১৬৮ সংঘটন
১৬৯ কর্মশক্তি — ১৭০ জড়তা
১৭১ প্রচণ্ডতা — ১৭২ পরিমিততা
১৭৩ প্রভাব
১৭৪ প্রবণতা
১৭৫ দায়িতা
১৭৬ সহঘটন
১৭৭ প্রতিকর্ম

দ্বিতীয় শ্রেণী

স্থান

১৭৮ স্থান
১৭৯ গ্রাম ১৮০ শহর
১৮১ অঞ্চল
১৮২ অবস্থান ১৮৩ স্থানচ্যুতি
১৮৪ উপস্থিতি ১৮৫ অনুপস্থিতি
১৮৬ বসবাস
১৮৭ বাসস্থান
১৮৮ আধেয়
১৮৯ আধার
১৯০ আয়তন
১৯১ বৃহদায়তন ১৯২ ক্ষুদ্রায়তন
১৯৩ বিস্তৃতি ১৯৪ সংকোচন
১৯৫ দূরত্ব ১৯৬ নৈকট্য
১৯৭ ব্যবধান ১৯৮ সংস্পর্শ
১৯৯ দৈর্ঘ্য ২০০ হ্রস্বতা
২০১ প্রস্থ ২০২ সংকীর্ণতা
২০৩ স্তর ২০৪ তন্তু
২০৫ উচ্চতা ২০৬ নিম্নতা
২০৭ গভীরতা ২০৮ অগভীরতা
২০৯ শীর্ষদেশ ২১০ পাদদেশ
২১১ উল্লম্বতা ২১২ অনুভূমিকতা
২১৩ বিলম্বন ২১৪ অবলম্বন
২১৫ সমান্তরালতা ২১৬ বক্রতা
২১৭ উৎক্রম
২১৮ পরস্পরচ্ছেদন
২১৯ বাহির ২২০ ভিতর
২২১ কেন্দ্র
২২২ আবরণ ২২৩ আস্তর
২২৪ পরিচ্ছদ ২২৫ নগ্নতা
২২৬ পরিবেশ ২২৭ মধ্যস্থাপন
২২৮ পরিলিখন
২২৯ পরিধি
২৩০ প্রান্ত
২৩১ গণ্ডি
২৩২ সীমা
২৩৩ সম্মুখ ২৩৪ পশ্চাৎ
২৩৫ পার্শ্ব ২৩৬ প্রতিপার্শ্ব
২৩৭ ডাহিন ২৩৮ বাম
২৩৯ আকার ২৪০ আকারহীনতা
২৪১ প্রতিসাম্য ২৪২ অঙ্গ বিকৃতি
২৪৩ কৌণিকতা
২৪৪ বক্ররেখা ২৪৫ সরলরেখা
২৪৬ বৃত্ত ২৪৭ কুণ্ডলী
২৪৮ গোলক
২৪৯ উত্তলতা ২৫১ অবতলতা
২৫০ সমপৃষ্ঠতা
২৫২ তীক্ষ্ণতা ২৫৩ ভোঁতা
২৫৪ মসৃণতা ২৫৫ কর্কশতা
২৫৬ খাঁজ
২৫৭ ভাঁজ
২৫৮ উন্মুক্ততা ২৫৯ রুদ্ধতা
২৬০ গতি ২৬১ গতিহীনতা
২৬২ ভ্রমণ
২৬৩ চালনা
২৬৪ স্থানান্তরণ
২৬৫ যান
২৬৬ জলযান ২৬৭ আকাশযান
২৬৮ মহাকাশযান
২৬৯ বেগ ২৭০ মন্থরতা
২৭১ ঘাত ২৭২ প্রতিক্রিয়া
২৭৩ গতিপথ ২৭৪ বিপথ
২৭৫ অগ্রগমন ২৭৬ অনুসরণ

২৭৭ অগ্রগতি — ২৭৮ পশ্চাদগতি
২৭৯ নিক্ষেপ — ২৮০ টানা
২৮১ অভিগমন — ২৮২ প্রত্যাগমন
২৮৩ আকর্ষণ — ২৮৪ বিকর্ষণ
২৮৫ অভিসৃতি — ২৮৬ অপসৃতি
২৮৭ আগমন — ২৮৮ প্রস্থান
২৮৯ প্রবেশ — ২৯০ বহির্গমন
২৯১ ধারণ — ২৯২ দূরীকরণ
২৯৩ আহার
২৯৪ খাদ্য
২৯৫ পুষ্টি
২৯৬ রেচন
২৯৭ ক্ষরণ
২৯৮ সন্নিবেশ — ২৯৯ উৎপাটন
৩০০ পারাপার
৩০১ অতিক্রমণ — ৩০২ অনতিক্রমণ
৩০৩ আরোহণ — ৩০৪ অবরোহণ
৩০৫ উন্নমন — ৩০৬ অবনমন
৩০৭ লম্ফন
৩০৮ ঝম্ফন
৩০৯ সংবেহন
৩১০ আবর্তন — ৩১১ বিবর্তন
৩১২ দোলন — ৩১৩ আন্দোলন

তৃতীয় শ্রেণী
পদার্থ বিজ্ঞান

৩১৪ পদার্থবিজ্ঞান
৩১৫ পরমাণুতত্ত্ব
৩১৬ বিকিরণ
৩১৭ তাপ — ৩১৮ শৈত্য
৩১৯ অগ্নি
৩২০ দহন — ৩২১ শীতন
৩২২ রন্ধন
৩২৩ জ্বালানি — ৩২৪ অদহনীয়তা
৩২৫ আলো — ৩২৬ অন্ধকার
৩২৭ অস্পষ্টতা
৩২৮ আলোর উৎস — ৩২৯ ছায়া
৩৩০ স্বচ্ছতা — ৩৩১ অস্বচ্ছতা
৩৩২ ঈষদস্বচ্ছতা
৩৩৩ বিদ্যুৎ
৩৩৪ ইলেকট্রনিকস
৩৩৫ রেডিও
৩৩৬ টেলিভিশন
৩৩৭ রেডার
৩৩৮ বলবিদ্যা
৩৩৯ যন্ত্র — ৩৪০ স্বয়ংক্রিয়তা
৩৪১ গুরুত্ব — ৩৪২ লঘুত্ব
৩৪৩ ঘনত্ব — ৩৪৪ অঘনত্ব
৩৪৫ কঠিনতা — ৩৪৬ নমনীয়তা
৩৪৭ স্থিতিস্থাপকতা — ৩৪৮ অস্থিতিস্থাপকতা
৩৪৯ তানতা — ৩৫০ ভঙ্গুরতা
৩৫১ গঠন — ৩৫২ চূর্ণন
৩৫৩ ঘর্ষণ
৩৫৪ বর্ণ — ৩৫৫ বর্ণহীনতা
৩৫৬ শুভ্রতা — ৩৫৭ কৃষ্ণতা
৩৫৮ ধূসরতা — ৩৫৯ তাম্রবর্ণ
৩৬০ লাল — ৩৬১ সবুজ
৩৬২ হলুদ — ৩৬৩ বেগুনী
৩৬৪ নীল — ৩৬৫ কমলা

চতুর্থ শ্রেণী
বস্তু

৩৬৬ মহাবিশ্ব		৩৯৪ বায়ু	
৩৬৭ বস্তু	৩৬৮ অবস্তু	৩৯৫ বায়ুপ্রবাহ	৩৯৬ মেঘ
৩৬৯ উপাদান	৩৭০ রসায়ন	৩৯৭ বুদ্বুদ	
৩৭১ তৈল	৩৭২ রঞ্জন	৩৯৮ জৈববস্তু	
৩৭৩ অজৈব বস্তু		৩৯৯ জীবন	৪০০ মৃত্যু
৩৭৪ খনিজ পদার্থ		৪০১ হত্যা	
৩৭৫ ধাতু		৪০২ অন্ত্যেষ্টিক্রিয়া	
৩৭৬ চুম্বক		৪০৩ উদ্ভিদ	
৩৭৭ শিলা		৪০৪ উদ্ভিদ বিজ্ঞান	
৩৭৮ ভূমি		৪০৫ কৃষি	৪০৬ প্রাণী
৩৭৯ স্থলদেশ		৪০৭ কীটপতঙ্গ	
৩৮০ সমভূমি	৩৮১ পর্বত	৪০৮ প্রাণিবিজ্ঞান	
৩৮২ তরলতা	৩৮৩ অর্ধতরলতা	৪০৯ ফলিত প্রাণিবিজ্ঞান	
৩৮৪ মণ্ড	৩৮৫ তরলীকরণ	৪১০ মানবজাতি	
৩৮৬ আর্দ্রতা	৩৮৭ শুষ্কতা	৪১১ মানবদেহ	
৩৮৮ বৃষ্টি		৪১২ জাতি	
৩৮৯ জল		৪১৩ নর	৪১৪ নারী
৩৯০ জলপ্রবাহ		৪১৫ যৌনতা	
৩৯১ জলাশয়	৩৯২ সমুদ্র		
৩৯৩ বাষ্প			

পঞ্চম শ্রেণী
সংবেদন

৪১৬ সংবেদন	৪১৭ অসংবেদন	৪২৩ কটুতা	
৪১৮ বেদনা	৪১৯ স্পর্শন	৪২৪ স্বাদুতা	৪২৫ অস্বাদুতা
	৪২০ স্পর্শানুভূতি	৪২৬ মিষ্টতা	৪২৭ অম্লতা
৪২১ স্বাদ	৪২২ স্বাদহীনতা	৪২৮ গন্ধ	৪২৯ গন্ধহীনতা

৪৩০	সুগন্ধ	৪৩১	দুর্গন্ধ
৪৩২	দৃষ্টি	৪৩৩	দৃষ্টিক্ষীণতা
৪৩৫	দর্শক	৪৩৪	অন্ধতা
৪৩৬	দর্শনযন্ত্র		
৪৩৭	দৃশ্যতা	৪৩৮	অদৃশ্যতা
৪৩৯	আবির্ভাব	৪৪০	তিরোভাব
৪৪১	শ্রবণ	৪৪২	বধিরতা
৪৪৩	শব্দ	৪৪৪	নিঃশব্দতা
৪৪৫	গর্জন	৪৪৬	মর্মর
৪৪৭	নির্ঘাত	৪৪৮	ঘর্ঘর

৪৪৯	অনুনাদ	৪৫০	অননুনাদ
৪৫১	উচ্চধ্বনি	৪৫২	কর্কশধ্বনি
৪৫৩	চিৎকার		
৪৫৪	প্রাণীর ডাক		
৪৫৫	সুর	৪৫৬	সুরহীনতা
৪৫৭	সংগীত		
৪৫৮	রাগরাগিণী		
৪৫৯	যন্ত্রসংগীত		
৪৬০	বাদ্যযন্ত্র		

ষষ্ঠ শ্রেণী
বুদ্ধিবৃত্তি

৪৬১	বুদ্ধি	৪৬২	বুদ্ধিহীনতা
৪৬৩	বুদ্ধিমত্তা	৪৬৪	মূঢ়তা
৪৬৫	প্রকৃতিস্থতা	৪৬৬	অপ্রকৃতিস্থতা
৪৬৭	জ্ঞান	৪৬৮	অজ্ঞান
৪৬৯	চিন্তা	৪৭১	চিন্তাহীনতা
	৪৭০ ভাব		
৪৭২	অন্তর্দৃষ্টি		
৪৭৩	যুক্তি	৪৭৪	অযুক্তি
৪৭৫	প্রসঙ্গ		
৪৭৬	অনুসন্ধান	৪৭৭	উত্তর
৪৭৮	সমাধান		
৪৭৯	আবিষ্কার		
৪৮০	পরীক্ষা		
৪৮১	পরিমাপন		
৪৮২	তুলনা		
৪৮৩	বিবেচনা	৪৮৪	অবিবেচনা
৪৮৫	সিদ্ধান্ত	৪৮৬	অপসিদ্ধান্ত

৪৮৭	অতিমান	৪৮৮	ঊনমান
৪৮৯	অনুমান		
৪৯০	দর্শনশাস্ত্র	৪৯১	বিজ্ঞান
৪৯২	বিশ্বাস	৪৯৪	অবিশ্বাস
৪৯৩	বিশ্বাসপ্রবণতা	৪৯৫	সন্দিগ্ধতা
৪৯৬	প্রমাণ	৪৯৭	প্রতিপ্রমাণ
৪৯৮	শর্তসাপেক্ষতা	৪৯৯	শর্তহীনতা
৫০০	সাধ্যতা	৫০১	অসাধ্যতা
৫০২	সম্ভাবনা	৫০৩	অসম্ভাবনা
৫০৪	নিশ্চয়তা	৫০৫	অনিশ্চয়তা
		৫০৬	জুয়া
৫০৭	সত্য	৫০৮	অসত্য
		৫০৯	ভ্রম
		৫১০	মোহ
৫১১	মোহমুক্তি		
৫১২	সম্মতি	৫১৩	অসম্মতি

৫১৪ সত্যতাস্বীকার ৫১৫ সত্যতা অস্বীকার
৫১৬ মানসিক দৃষ্টিভঙ্গি
৫১৭ মানসিক ঔদার্য ৫১৮ মানসিক সংকীর্ণতা
৫১৯ কৌতূহল ৫২০ অকৌতূহল
৫২১ মনোযোগ ৫২২ অমনোযোগ
৫২৩ চিত্তবিক্ষেপ
৫২৪ যত্ন ৫২৫ অযত্ন
৫২৬ কল্পনা ৫২৭ অকল্পনা
৫২৮ স্মৃতি ৫২৯ বিস্মৃতি
৫৩০ প্রত্যাশা ৫৩১ অপ্রত্যাশা
৫৩২ হতাশ
৫৩৩ দূরদৃষ্টি
৫৩৪ ভবিষ্যৎবাণী
৫৩৫ পূর্বলক্ষণ
৫৩৬ অর্থ ৫৩৭ অর্থহীনতা
৫৩৮ বোধগম্যতা ৫৩৯ অবোধগম্যতা
৫৪০ দ্ব্যর্থতা
৫৪১ ব্যাখ্যা ৫৪২ দুর্ব্যাখ্যা
৫৪৩ প্রকটন ৫৪৪ প্রচ্ছন্নতা
৫৪৫ জ্ঞাপন ৫৪৬ গোপন
৫৪৭ প্রকাশ
৫৪৮ প্রকাশন
৫৪৯ সংবাদ
৫৫০ যোগাযোগ
৫৫১ শিক্ষা ৫৫২ অশিক্ষা
৫৫৩ অধ্যয়ন
৫৫৪ বিদ্যালয়
৫৫৫ সত্যবাদিতা ৫৫৬ মিথ্যাবাদিতা
৫৫৭ প্রতারণা
৫৫৮ অতিরঞ্জন
৫৫৯ ইঙ্গিত
৫৬০ নির্দর্শন ৫৬১ বিলোপন
৫৬২ নিবন্ধন
৫৬৩ বর্ণন ৫৬৪ বিবর্ণন
৫৬৫ আলোকচিত্র
৫৬৬ চারুকলা
৫৬৭ চিত্রকলা
৫৬৮ অঙ্কন
৫৬৯ ভাস্কর্য
৫৭০ স্থাপত্য
৫৭১ লোকশিল্প
৫৭২ ভাষা
৫৭৩ বর্ণমালা
৫৭৪ শব্দ
৫৭৫ নাম ৫৭৬ অপনাম
৫৭৭ ব্যাকরণ ৫৭৮ ব্যাকরণদুষ্টি
৫৭৯ রচনাশৈলী
৫৮০ রচনাসৌষ্ঠব ৫৮১ রচনাদুষ্টি
৫৮২ কণ্ঠস্বর ৫৮৩ মূকতা
৫৮৪ বাকশক্তি ৫৮৫ বাকজড়তা
৫৮৬ বাচালতা ৫৮৭ মৌন
৫৮৮ সম্বোধন ৫৮৯ সাড়া
৫৯০ কথোপকথন ৫৯১ স্বগতোক্তি
৫৯২ লিখন
৫৯৩ মুদ্রণ
৫৯৪ চিঠিপত্র
৫৯৫ পুস্তক
৫৯৬ বর্ণনা
৫৯৭ পদ্য ৫৯৮ গদ্য
৫৯৯ প্রবন্ধ ৬০০ সংক্ষিপ্তসার
৬০১ সাহিত্য
৬০২ নাটক
৬০৩ চলচ্চিত্র

সপ্তম শ্রেণী

ইচ্ছা

৬০৪ ইচ্ছা	৬০৫ অনিচ্ছা
৬০৬ সংকল্প	৬০৮ সংকল্পহীনতা
৬০৭ অধ্যবসায়	
৬০৯ জিদ	৬১০ মতপরিবর্তন
৬১১ খেয়াল	
৬১২ আবেগ	
	৬১৩ পরিহরণ
৬১৪ পরিত্রাণ	
	৬১৫ পরিত্যজন
৬১৬ অভিপ্রায়	৬১৭ অনভিপ্রায়
৬১৮ পছন্দ	৬১৯ অপছন্দ
৬২০ আবশ্যকতা	৬২১ অনাবশ্যকতা
৬২২ পূর্বনির্ধারণ	
৬২৩ নিয়তি	
৬২৪ অভ্যাস	৬২৫ অনভ্যাস
৬২৬ রীতি	
৬২৭ উদ্দেশ্য	৬২৮ উদ্দেশ্যহীনতা
৬২৯ অজুহাত	
৬৩১ নিবর্তন	৬৩০ প্রলোভন
৬৩২ পরিকল্পনা	
৬৩৩ অনুধাবন	
৬৩৪ ব্যবসায়	
৬৩৫ পথ	
৬৩৬ মধ্যপন্থা	
	৬৩৭ ঘুরপথ
৬৩৮ উপায়	
৬৩৯ যোগাড়যন্ত্র	
৬৪০ সঞ্চয়	

৬৪১ পর্যাপ্তি	৬৪২ অপর্যাপ্তি
৬৪৩ বাহুল্য	
৬৪৪ ব্যবহার	
৬৪৫ ভোগ	
৬৪৬ অব্যবহার	৬৪৭ অপব্যবহার
৬৪৮ উপযোগ	৬৪৯ অনুপযোগ
৬৫০ উপযুক্তি	৬৫১ অনুপযুক্তি
৬৫২ গুরুত্ব	৬৫৩ গুরুত্বহীনতা
৬৫৪ ভালো	৬৫৫ মন্দ
	৬৫৬ বিষ
৬৫৭ গুণ	৬৫৮ দোষ
৬৫৯ উৎকর্ষ	৬৬০ অপকর্ষ
৬৬১ পরিষ্কার	৬৬২ অপরিষ্কার
৬৬৩ স্বাস্থ্য	৬৬৪ ব্যাধি
৬৬৫ প্রতিকার	
৬৬৬ চিকিৎসাবিজ্ঞান	
৬৬৭ স্বাস্থ্যকরতা	৬৬৮ অস্বাস্থ্যকরতা
৬৬৯ উন্নতি	৬৭০ অবনতি
৬৭১ পুনরুদ্ধার	৬৭২ পুনঃপতন
	৬৭৩ বিপদ
৫৭৪ নিরাপত্তা	
৬৭৫ আশ্রয়	৬৭৬ ফাঁদ
৬৭৭ হুঁশিয়ারি	
৬৭৮ সংরক্ষণ	
৬৭৯ উদ্ধার	
৬৮০ ক্রিয়া	৬৮১ অক্রিয়া
৬৮২ সক্রিয়তা	৬৮৩ নিষ্ক্রিয়তা
৬৮৪ ত্বরা	৬৮৫ অবকাশ

৬৮৬ বিশ্রাম
৬৮৭ নিদ্রা — ৬৮৮ অনিদ্রা
৬৮৯ প্রয়াস
৬৯০ উদ্যোগ
৬৯১ পরিশ্রম — ৬৯২ শ্রান্তি
৬৯৩ কর্মী
৬৯৪ কর্মক্ষেত্র
৬৯৫ প্রস্তুতি — ৬৯৬ অপ্রস্তুতি
৬৯৭ সম্পাদন — ৬৯৮ অসম্পাদন
৬৯৯ সাফল্য — ৭০০ ব্যর্থতা
৭০১ জয় — ৭০২ পরাজয়
৭০৩ সমৃদ্ধি — ৭০৪ দুরবস্থা
৭০৫ মধ্যমাবস্থা
৭০৬ বাধা
৭০৭ সুবিধা — ৭০৮ অসুবিধা
৭০৯ দক্ষতা — ৭১০ অদক্ষতা
৭১১ চাতুর্য — ৭১২ অচাতুর্য
৭১৩ কর্তৃত্ব
৭১৪ অরাজকতা
৭১৫ সরকার
৭১৬ আইনসভা
৭১৭ জাতিসংঘ
৭১৮ রাজনীতি
৭১৯ রাষ্ট্রবিজ্ঞান
৭২০ পরিচালন
৭২১ কার্যবিধি
৭২২ আদেশকর্তা — ৭২৩ আদেশপালক
৭২৪ আদেশ
৭২৫ দাবি
৭২৬ উপদেশ
৭২৭ পরিষদ
৭২৮ বাধ্যবাধকতা
৭৩০ কঠোরতা — ৭২৯ শৈথিল্য
৭৩১ মৃদুতা — ৭৩২ দমন
৭৩৩ আটক
৭৩৪ স্বাধীনতা — ৭৩৫ অধীনতা
৭৩৬ মুক্তি — ৭৩৭ বশ্যতা
৭৩৯ বাধ্যতা — ৭৩৮ অবাধ্যতা
৭৪০ প্রতিবাদ
৭৪১ পালন — ৭৪২ অপালন
৭৪৩ অঙ্গীকার
৭৪৪ চুক্তি — ৭৪৫ জামানত
৭৪৬ প্রস্তাব
৭৪৭ অনুরোধ
৭৪৮ প্রস্তাবগ্রহণ — ৭৪৯ প্রত্যাখ্যান
৭৫০ অনুমতি — ৭৫১ নিষেধ
৭৫২ প্রত্যাহার
৭৫৩ আয়োগ
৭৫৪ প্রতিনিধি
৭৫৫ পদত্যাগ — ৭৫৬ কর্মচ্যুতি
৭৫৭ সহায়তা
৭৫৮ সমিতি
৭৫৯ সহযোগিতা — ৭৬০ বিরোধিতা
৭৬১ প্রতিযোগিতা
৭৬২ দ্বন্দ্ব
৭৬৩ সমন্বয়
৭৬৪ যুযুৎসা
৭৬৫ আক্রমণ
৭৬৬ প্রতিরক্ষা — ৭৬৭ পালটাআক্রমণ
৭৬৮ প্রতিরোধ — ৭৬৯ যুদ্ধ
৭৭০ যোদ্ধা
৭৭১ অস্ত্র
৭৭২ শান্তি
৭৭৩ মধ্যস্থতা
৭৭৪ নিরপেক্ষতা
৭৭৫ আপস

৭৭৬	সম্পত্তি		
৭৭৭	অর্জন	৭৭৮	ক্ষতি
৭৭৯	স্বত্ব	৭৮০	স্বত্বশূন্যতা
৭৮১	স্বত্বরক্ষা	৭৮২	স্বত্বত্যাগ
৭৮৩	যৌথস্বত্ব	৭৮৪	অংশবিভাজন
৭৮৫	হস্তান্তরণ		
৭৮৬	প্রদান	৭৮৭	আদান
৭৮৮	ঋণদান	৭৮৯	ঋণগ্রহণ
৭৯১	প্রত্যার্পণ	৭৯০	কাড়ন
		৭৯২	চুরি
		৭৯৩	চোরাকারবার
৭৯৪	ব্যবসাবাণিজ্য	৭৯৫	বিনিময়
৭৯৬	ক্রয়	৭৯৭	বিক্রয়
৭৯৮	পণ্য		
৭৯৯	বাজার		
৮০০	অর্থ		
৮০১	অর্থনীতি		
৮০২	অর্থসংস্থান		
৮০৩	কর		
৮০৪	ধন	৮০৫	দারিদ্র্য
৮০৬	জমা	৮০৭	ঋণ
৮০৮	ঋণপরিশোধ	৮০৯	ঋণঅপরিশোধ
৮১১	আয়	৮১০	ব্যয়
৮১২	হিসাব		
৮১৩	মূল্য		
৮১৪	অবহার	৮১৫	মহার্ঘতা
৮১৬	সুলভ্যতা		
৮১৭	মিতব্যয়	৮১৮	অমিতব্যয়
৮১৯	বদান্যতা	৮২০	কার্পণ্য

অষ্টম শ্রেণী
চিত্তবৃত্তি

৮২১	চিত্তপ্রবৃত্তি		
৮২২	স্বভাব		
৮২৩	অনুভূতি	৮২৪	অনুভূতিহীনতা
৮২৫	উত্তেজনা	৮২৬	অনুত্তেজনা
৮২৭	ধৈর্য	৮২৮	অধৈর্য
৮২৯	সুখানুভূতি	৮৩০	দুঃখানুভূতি
৮৩১	সুখদান	৮৩২	দুঃখদান
৮৩৩	সন্তোষ	৮৩৪	অসন্তোষ
		৮৩৫	আক্ষেপ
৮৩৬	হাসি	৮৩৭	কান্না
৮৩৮	হর্ষ	৮৩৯	বিষাদ
৮৪০	উল্লাস	৮৪১	বিলাপ
৮৪২	গাম্ভীর্য		
৮৪৩	উৎসব		
৮৪৪	আমোদপ্রমোদ		
৮৪৫	নৃত্য		
৮৪৬	ক্রীড়া		
৮৪৭	রসবোধ	৮৪৯	রসবোধহীনতা
৮৪৮	পরিহাস		
৮৫০	কামনা		
৮৫১	পরিতৃপ্তি	৮৫২	নিস্পৃহতা
৮৫৩	বিতৃষ্ণা		
৮৫৪	অবসাদ		
৮৫৫	প্রাবল্য	৮৫৬	উপশম
৮৫৭	আশা	৮৫৮	নিরাশা
৮৫৯	উদ্বেগ		

৮৬০	ভীতি		
৮৬১	সাহস	৮৬২	কাপুরুষতা
৮৬৪	সাবধানতা	৮৬৩	হঠকারিতা
৮৬৫	রুচি	৮৬৬	কুরুচি
৮৬৭	সৌন্দর্য	৮৬৮	অসৌন্দর্য
৮৬৯	কলঙ্ক	৮৭০	প্রসাধন
৮৭১	অলংকার	৮৭২	অনলংকার
৮৭৪	আড়ম্বর	৮৭৩	ভান
৮৭৫	গর্ব		
৮৭৬	বিনয়		
৮৭৮	নম্রতা	৮৭৭	দর্প
		৮৭৯	দম্ভ
		৮৮০	ধৃষ্টতা
৮৮১	দাস্য		
৮৮২	খ্যাতি	৮৮৩	অখ্যাতি
৮৮৪	অভিজন		
৮৮৫	জনসাধারণ		
৮৮৬	বিস্ময়	৮৮৭	অবিস্ময়
৮৮৮	সামাজিকতা	৮৮৯	অসামাজিকতা
৮৯০	নিঃসঙ্গতা		
৮৯১	বন্ধুত্ব	৮৯২	শত্রুতা
৮৯৩	প্রেম	৮৯৪	ঘৃণা
৮৯৫	স্নেহ		
৮৯৬	আদর	৮৯৭	অনাদর
৮৯৮	বিবাহ	৮৯৯	কৌমার্য
	৯০০ বিবাহবিচ্ছেদ		
৯০১	সৌজন্য	৯০২	অসৌজন্য
৯০৩	মঙ্গলকামনা	৯০৪	অমঙ্গলকামনা
৯০৫	মানবহিতৈষণা	৯০৬	মানববিদ্বেষ
৯০৭	দেশপ্রেম	৯০৮	দেশদ্রোহিতা
৯০৯	উপকর্তা	৯১০	অপকর্তা
৯১১	করুণা	৯১২	করুণাহীনতা
৯১৩	সমবেদনা		

৯১৪	কৃতজ্ঞতা	৯১৫	অকৃতজ্ঞতা
		৯১৬	বদমেজাজ
৯১৭	ক্রোধ	৯১৮	ক্রোধহীনতা
৯১৯	ঈর্ষা	৯২০	ঈর্ষাহীনতা
৯২১	ক্ষমা	৯২২	ক্ষমাহীনতা
৯২৩	নীতিবিদ্যা		
৯২৪	ঔচিত্য	৯২৫	অনৌচিত্য
৯২৬	অধিকার	৯২৭	অনধিকার
৯২৮	কর্তব্য	৯২৯	অকর্তব্য
		৯৩০	কর্তব্যচ্যুতি
৯৩১	অব্যাহতি		
৯৩২	শ্রদ্ধা	৯৩৩	অশ্রদ্ধা
		৯৩৪	অবমাননা
৯৩৫	অনুমোদন	৯৩৬	অননুমোদন
৯৩৭	তোষামোদ	৯৩৮	নিন্দন
৯৩৯	অভিনন্দন	৯৪০	অভিশাপ
৯৪১	হুমকি		
৯৪২	ন্যায়পরতা	৯৪৩	অন্যায়াচরণ
৯৪৪	নিঃস্বার্থতা	৯৪৫	স্বার্থপরতা
৯৪৬	নৈতিকগুণ	৯৪৭	নৈতিকদোষ
৯৪৮	অনপরাধ	৯৪৯	অপরাধ
৯৫০	সজ্জন	৯৫১	দুর্জন
৯৫২	অনুতাপ	৯৫৩	অননুতাপ
	৯৫৪ প্রায়শ্চিত্ত		
৯৫৫	মিতাচার	৯৫৬	অমিতাচার
৯৫৭	কৃচ্ছ্রসাধনা		
৯৫৮	অনশন	৯৫৯	উদরপরায়নতা
৯৬০	অমত্ততা	৯৬১	মত্ততা
		৯৬২	ব্যভিচার
৯৬৩	বৈধতা	৯৬৪	অবৈধতা
৯৬৫	অধিক্ষেত্র		
৯৬৬	বিচারালয়		
৯৬৭	বিচারক		

৯৬৮ ব্যবহারজীবী
৯৬৯ মোকদ্দমা
৯৭০ অভিযোগ
৯৭১ প্রতিপাদন
৯৭২ নির্দোষপ্রমাণ ৯৭৩ অপরাধপ্রমাণ
৯৭৫ পুরস্কার ৯৭৪ শাস্তি
৯৭৬ সৃষ্টিকর্তা
৯৭৭ ফেরেশতা ৯৭৮ শয়তান
৯৭৯ দেবতা ৯৮০ অপদেবতা
৯৮১ স্বর্গ ৯৮২ নরক
৯৮৩ ধর্ম ৯৮৫ অধর্ম
৯৮৪ বৈধর্ম্য
৯৮৬ পবিত্রতা ৯৮৭ অপবিত্রতা
৯৮৮ পুণ্য ৯৮৯ পাপ
৯৯০ ধর্মগ্রন্থ
৯৯১ ধর্মপ্রচারক
৯৯২ ধর্মযাজক
৯৯৩ ধর্মসম্প্রদায়
৯৯৪ ধর্মানুষ্ঠান
৯৯৫ ধর্মীয় পর্ব
৯৯৬ উপাসনা
৯৯৭ পৌত্তলিকতা
৯৯৮ জাদুবিদ্যা
৯৯৯ আত্মানুসন্ধান
১০০০ ধর্মস্থান

সংকেত সূত্র

অব্য.	অব্যয়
ক্রি.	ক্রিয়া
ক্রি-বিণ.	ক্রিয়া-বিশেষণ
দ্র.	দ্রষ্টব্য
বি.	বিশেষ্য
বিণ.	বিশেষণ

প্রথম শ্রেণী

নির্বস্তুক ভাব

১। অস্তিত্ব

বি. অস্তি অস্তিত্ব সৎ সত্তা ভব ভাব। বিদ্যমানতা বিরাজমানতা। স্থিতি অবস্থিতি অবস্থান অধ্যাস অধ্যাসন অধিষ্ঠান অবস্থা উপস্থিতি। সমবর্তিতা সর্ববিদ্যমানতা সর্বব্যাপিত্ব নিত্যতা। স্থিরতা স্থৈর্য স্থিততা। সমারোহণ উদ্বর্তন। বাস্তবতা হকিকত সত্য সত্ত্ব তত্ত্ব তথ্য। জীবন স্বরূপ আত্মা প্রকৃতিত্ব। সারমর্ম অন্তঃসার মূল। অন্ত্যর্থ। অস্তিত্ববাদ অস্তিত্ববত্তাবাদ বাস্তবতাবাদ। অন্ত্যর্থ,– তত্ত্ব,–বিদ্যা,–জ্ঞান।

ক্রি. আছে বা আছেন। হওয়া বটা বনা ঘটা বা থাকা। বিদ্যমান বা উপস্থিত থাকা। অবস্থান বা বিরাজ করা। অস্তিত্ব থাকা বা রাখা। বাঁচা নিঃশ্বাস ফেলা প্রাণধারণ বা জীবনধারণ করা। অন্তর্ভুক্ত বা অন্তর্গত হওয়া বা করা। টেকা বা টিকে থাকা। বর্তা। বর্তে থাকা। বজায় থাকা বা চলা।

বিণ. অস্তিত্ব,–মান,–শীল,–সম্পন্ন। বিদ্যমান বিরাজমান। বর্তমান হাজির উপস্থিত। স্থিত অবস্থিত আস্থিত অধিষ্ঠিত। বিরাজিত বহাল আসীন সমাসীন আরূঢ় সমারূঢ় সমবর্তী বাস্তব বাস্তবিক প্রকৃত সত্য (৫০৭)। জীবৎ জীবন্ত জীবিত সত্তাযুক্ত ইন্দ্রিয়গোচর ইন্দ্রিয়গ্রাহ্য। মৌলিক অকৃত্রিম অকল্পিত। সঠিক সুপ্রতিষ্ঠিত প্রমাণসিদ্ধ। অস্তিত্ববাচক অস্তিবাচক। সদর্থক ইতিবাচক। অন্ত্যর্থক পূর্ণাত্মক ধনাত্মক। ভাবাত্মক। অস্মিতাসূচক। হাঁধর্মী।

ক্রি–বিণ. আসলে প্রকৃতপক্ষে।

অব্য. বস্তুত। দৃশ্যত। বাহ্যত।

২। অনস্তিত্ব

বি. নাস্তি অনস্তিত্ব অসত্তা। অভাব। অস্তিত্বহীনতা সত্তাহীনতা। অবিদ্যমানতা অবিরাজমানতা। অনবস্থান অনবস্থা। অবর্তমানতা অনুপস্থিতি। বিহীনতা শূন্যতা (৯৫)। রিক্ততা। অসারত্ব মায়া। লয় বিলয় বিলুপ্তি। ধ্বংস বিনাশ অবসান। উচ্ছেদ উন্মূলন উৎপাটন। হরণ অপনয়ন অপনোদন অপসারণ। নির্বাণ ফানা।

ক্রি. না,–হওয়া,–বটা,–বনা,–ঘটা,–থাকা। বিদ্যমান হাজির বা উপস্থিত না থাকা। অবস্থান বা বিরাজ না করা। লয় লোপ নাশ বা ধ্বংস হওয়া বা করা (১৬০)। মৃত্যু হওয়া (৪০০)। অন্তর্ধান করা। উবে মুছে বা মিলিয়ে যাওয়া। নেভা। ঘুচা। নিশ্চিহ্ন হওয়া। ফানা হওয়া। রদ বাদ বাতিল বা রহিত করা। অপসারণ বা দূর করা। উচ্ছেদ উৎপাটন বা উন্মূলন করা।

বিণ. অস্তিত্বহীন সত্তাহীন। অবিদ্যমান অবিরাজমান। অবর্তমান গায়েব। শূন্য ফাঁকা খালি রিক্ত বিহীন। রদ বাতিল রহিত। অনুপস্থিত (১৮৫)। অবাস্তব অপ্রকৃত অসৎ অলীক অমূলক ভুয়া অসার ভিত্তিহীন। অশরীরী অতীন্দ্রিয় অগোচর অকায়। মায়িক নাই ফক্কা। অভূত অজাত অসৃষ্ট অপ্রসূত। নিশ্চিহ্ন বিলুপ্ত। অন্তর্হিত। নির্বাণপ্রাপ্ত মৃত (৪০০)। মনগড়া কল্পিত (৫২৬)। নঞর্থক নেতিবাচক নাস্তিবাচক। নাধর্মী। শূন্যাত্মক। অভাবাত্মক ঋণাত্মক। নৈরাত্ম্য।

অব্য. না নাই।

৩। সারবত্তা

বি. সারবত্তা সারত্ব সারতা দ্রব্যত্ব প্রকৃতত্ব। ব্যক্তি বস্তু বিষয় দ্রব্য। সত্তা সৃষ্টি প্রাণ দেহ। সার। পদার্থ। মূল ভিত্তি বুনিয়াদ। জড়ত্ব। পার্থিবতা।

বিণ. সার সারাল সারবান সসার সারভূত। আসল প্রকৃত মৌলিক সত্য খাঁটি। মোদ্দা মোটা। ব্যক্তিগত বস্তুগত প্রকৃতিগত দেহগত। বাস্তবিক দৈহিক ভৌতিক (৩৬৭)।

৪। অসারত্ব

বি. অসারত্ব অসত্তা অনস্তিত্ব অবিদ্যমানতা। নশ্বরতা। শূন্যতা। রিক্ততা। অপদার্থ অবস্তু। মূল্যহীনতা। ছাই ছার ভস্ম। ছায়া অপচ্ছায়া। অধ্যাস মায়া। কল্পনা স্বপ্ন। আকাশকুসুম। আলেয়া। কুয়াশা। বুদ্বুদ।

ক্রি. উবে উড়ে ডুবে বা গলে যাওয়া। মুছে যাওয়া। শুকিয়ে যাওয়া। মরে যাওয়া। শেষ হওয়া। নিশ্চিহ্ন হওয়া। অদৃশ্য হওয়া (৪৩৮)।

বিণ. অসার। সার,–হীন,–শূন্য। অবাস্তবিক। ভিত্তিহীন ভুয়া অমূলক। কল্পিত। অপার্থিব অলৌকিক অশরীরী। স্বাপ্নিক। ছায়াময়। ছায়াভূয়িষ্ঠ। বায়বীয় বাষ্পাকার। অস্পষ্ট অনির্দিষ্ট অনিশ্চিত ভ্রান্ত অযথা অপ্রকৃত। শূন্য খালি ফাঁকা। শুষ্ক। লঘু ফাঁপা। অর্থহীন (৫৩৭)।

৫। আত্মমুখতা

বি. আত্মমুখতা অন্তর্মুখতা আত্মকেন্দ্রিকতা। অন্তঃস্থতা। অধিষ্ঠান। অহং আমি। অন্তঃসার। সারমর্ম মজ্জা শাঁস আরক নির্যাস। সারাংশ। মেরুদণ্ড। অন্তঃকরণ আত্মা অন্তরাত্মা। প্রাণ পদার্থ। আদর্শ স্বভাব প্রকৃতি ধাত। মন মনন মানস। গুণ ধর্ম প্রবণতা দৃষ্টিভঙ্গি। গঠন চেহারা আকৃতি মেজাজ মনোভাব। বৈশিষ্ট্য মৌলিকতা।

বিণ. আত্মমুখী অন্তর্মুখী অন্তরাশ্রয় অন্তর্নিহিত অধিষ্ঠিত আভ্যন্তরিক অন্তর্নিবিষ্ট অন্তরস্থ। মন্ময়। স্বাভাবিক সহজাত স্বতঃস্ফূর্ত জন্মগত বংশগত বংশানুগত। মজ্জাগত চরিত্রগত চারিত্রিক। ব্যক্তিক বদ্ধমূল। দুর্মর। অবিচ্ছেদ্য। অসংশোধনীয়।

ক্রি–বিণ. কার্যত বস্তুত ফলত।

৬। বিষয়মুখতা

বি. বিষয়মুখতা বস্তুতন্ত্রতা বস্তুতান্ত্রিকতা। বহিঃস্থতা। বাহ্যিকতা। বাহ্য,–প্রকৃতি,–জগৎ, –দৃষ্টি,–আচরণ।

বিণ. বিষয়মুখী বস্তুতান্ত্রিক। বাহ্যিক বহিঃস্থ বহির্মুখী। বহিরাশ্রয়। প্রাসঙ্গিক আনুষঙ্গিক। আপতিক আকস্মিক নৈমিত্তিক। সম্ভাব্য। অনিশ্চিত। অনুপ্রবিষ্ট পরিপৃক্ত। তন্ময়। বস্তু,সত্য,তথ্য,–নিষ্ঠ। নৈর্ব্যক্তিক অব্যক্তিক অনাত্ম্য।

৭। অবস্থা

বি. অবস্থা হাল হালত হকিকত দশা গতিক দফা ব্যাপার নির্বন্ধ পরিস্থিতি সুরতহাল। মেজাজ ভাব ভাবভঙ্গি ভাবগতিক অবস্থাগতিক মন মনোভাব আচরণ। দেশকালপাত্র স্থানকালপাত্র। ক্ষেত্র পর্যায় পর্ব পালা কথা। সংকট উভয়সংকট সমস্যা বিপদ। দুর্দশা। স্থিতাবস্থা পূর্বাবস্থা। দশ দশা। শরীরজ দশা: গর্ভবাস জন্ম বাল্য কৌমার পৌগন্ড যৌবন স্থাবির্য জরা প্রাণরোধ বিনাশ। কামজ দশা: অভিলাষ চিন্তা স্মৃতি গুণকথন উদ্বেগ প্রলাপ উন্মাদ ব্যাধি জড়তা মরণ। গঠন ছাঁচ কাঠামো। আকার আকৃতি সুরত। ঢং ধরন ভোল বেশ বাস চাল চলন চালচলন হালচাল ধরনধারণ ব্যাপারস্যাপার লক্ষণ হাবভাব। দস্তুর রেওয়াজ। স্বভাব চরিত্র আদত।

বিণ. অবস্থা,-গত,-সংক্রান্ত,-ঘটিত,-সংগত। দেশকালোচিত।

ক্রি-বিণ. অবস্থা,-গতিকে,-মতে,-বশে,-বুঝে। আসলে আদতে।

৮। পরিস্থিতি

বি. পরিস্থিতি পরিবেশ প্রতিবেশ পরিপ্রেক্ষিত পশ্চাৎপট পটভূমি পটভূমিকা পারিপ্রেক্ষিক পরিমণ্ডল আবহাওয়া। হাল অবস্থা অবস্থান। দশা। ঘটনা। ঘটনা,-ক্রম,-প্রবাহ,-জাল,-চক্র,-স্রোত। অবস্থাগতিক ঘটনারগতি ঘটনাবলি ঘটনাপরম্পরা। অবস্থান্তর। অবস্থাভেদ। সন্ধিক্ষণ ক্রান্তি। সম্ভাবনা। সমস্যা সংকট অত্যয় জরুরি অবস্থা। বিপদ দুর্ঘটনা দুরবস্থা।

বিণ. ঘটনাসাপেক্ষ। সাময়িক শর্তাধীন। ঘটনাহীন। আকস্মিক আপতিক। অস্থানিক। অস্বাভাবিক।

ক্রি-বিণ. ঘটনা,-ক্রমে,-চক্রে। ক্রমাবস্থায়। ঘটনাসাপেক্ষে। দৈবাৎ দৈবক্রমে (১৫৪)।

অব্য. যেহেতু সেহেতু।

৯। সম্পর্ক

বি. সম্পর্ক সম্বন্ধ সংস্রব সংসর্গ সংস্পর্শ সঙ্গ অন্বয়। যোগ সংযোগ যোগাযোগ। সংগতি শ্লেষ সংশ্লেষ। প্রসঙ্গ। আপেক্ষিকতা অপেক্ষবাদ। পারম্পর্য। অনুবন্ধ অনুষঙ্গ অন্বয় অনুবৃত্তি। উপমা সাদৃশ্য রূপক। সমপ্রকৃতি সমজাতিত্ব (১৬)। একাত্মতা মিত্রতা। নৈকট্য। সহসম্বন্ধ (১২)। সমন্বয় (২৪) সন্নিধি (১৯৬) সন্নিবেশ (২৯৮) সম্মিলন সংঘ সমিতি। সমাজ সম্প্রদায় দল উপদল। রক্তসম্পর্ক আত্মীয়তা (১১)। প্রাসঙ্গিকতা প্রসঙ্গ বিষয়। সংযুক্তি সংলগ্নতা সংশ্লিষ্টতা। সংযোজন সম্বন্ধীকরণ। সংস্কৃতি সাহিত্য। ভাবানুষঙ্গ। অনুপাত সমানুপাত তুলনা। সূত্র যোগসূত্র বন্ধন।

ক্রি. সম্পর্ক সম্বন্ধ নির্ধারণ বা স্থাপন করা। আপেক্ষিকতা প্রাসঙ্গিকতা সংশ্লিষ্টতা বা যোগসূত্র নির্ধারণ করা। যোগাযোগ থাকা বা রাখা। যোগদান করা।

বিণ. সম্পর্কিত সম্পর্কীয়। সম্পর্ক,সম্বন্ধ, সংস্রব,-যুক্ত। সম্বন্ধীয়। সংসৃষ্ট সংশ্লিষ্ট শ্লিষ্ট। যুক্ত সংযুক্ত সম্পৃক্ত জড়িত বিজড়িত লিপ্ত সংলগ্ন সম্বদ্ধ সম্বন্ধীকৃত। অন্বিত অন্বয়ী সান্বয় অনুবন্ধী। আনুষঙ্গ অনুষঙ্গী। সম্মিলিত। সমাজ,শ্রেণী, সমিতি,-ভুক্ত। সংযোজ্য। প্রাসঙ্গিক। প্রযোজ্য। সংগত। সদৃশ উপমেয়। আপেক্ষিক। সহিত (৮৫)। সংক্রান্ত জনিত। সাংসর্গিক।

ক্রি-বিণ. সম্পর্কে সম্বন্ধে বিষয়ে প্রসঙ্গত প্রসঙ্গক্রমে সঙ্গে (৮৫)।

অব্য. কর্তৃক মারফত দ্বারা দিয়া।

১০। অসম্পর্ক

বি. অসম্পর্ক। সম্পর্কশূন্যতা অসম্বন্ধ। অমিল (২৫)। বিষঙ্গ। পরভাব। অসদ্ভাব। অসংশ্রব অসংসর্গ অসংযোগ অসম্পৃক্তি। অজ্ঞাত অঘর অকুল অসমসত্ত্বতা। অনাত্মীয়তা নিরাত্মীয়তা। অপ্রযোজ্যতা অসংগতি অপ্রাসঙ্গিকতা অবান্তরতা অসংশ্লিষ্টতা। অযৌক্তিকতা। মতানৈক্য।

ক্রি. সম্পর্ক বা সম্বন্ধ না থাকা। সাতে পাঁচে না থাকা।

বিণ. অসম্বন্ধ অসম্পর্ক অসম্বন্ধীয় অসম্পর্কীয় অনপেক্ষ। সম্বন্ধহীন সম্পর্কহীন। অযুক্ত অসংসৃষ্ট অসংশ্লিষ্ট বিবিক্ত অসম্পৃক্ত। অনাত্মীয়। বিভক্ত খণ্ডিত ছিন্ন বিচ্ছিন্ন। অসংযুক্ত। আলাদা পৃথক অন্য অন্যান্য। ভিন্নভিন্নজাতীয় বিজাতীয় অসবর্ণ বিভিন্ন। অপর পর পরক পরকীয়। স্বতন্ত্র। বহিঃস্থ বৈদেশিক বিদেশীয়। অপ্রাসঙ্গিক অবান্তর অসংগত অযৌক্তিক অপ্রযোজ্য। দূর দূরবর্তী। কষ্টকল্পিত। আনুষঙ্গিক প্রাসঙ্গিক। আকস্মিক।

ক্রি-বিণ. কথায় কথায়। কথাপ্রসঙ্গে। প্রসঙ্গক্রমে প্রসঙ্গত।

১১। জ্ঞাতিসম্পর্ক

বি. জ্ঞাতিসম্পর্ক জ্ঞাতিত্ব। আত্মীয়তা স্বজন,–তা, –ত্ব কুটুম্বিতা। রক্ত বংশ বংশধারা। জন্ম। সন্ততি। রক্তসম্পর্ক রক্তের টান। নাড়ীর যোগ। স্বজাতি স্বজাত্য সজাতি সঘর সগোত্র সমগোত্র সবর্ণ জ্ঞাতি,–গোত্র,–কুটুম্ব। আত্মীয়স্বজন স্বগণ আত্মবর্গ পরিবার পরিজন আপনজন ভাইবেরাদর। ভ্রাতৃত্ব সৌভ্রাত্র। সৌভাগিন্য। দেশীভাই। জ্ঞাতি কওম প্রজাতি জ্ঞাতি সমাজ সম্প্রদায় কুল বংশ। খানদান ঘর। গোষ্ঠী গোত্র প্রবর সাকুল্য সমানোদক সগোত্র সপিণ্ড বর্ণ। ত্রিকুল: পিতৃ,মাতৃ,শ্বশুর,–কুল। পুরুষ প্রজন্ম। পূর্বপুরুষ (১৬৪)। উত্তরপুরুষ (১৬৫)। পুরুষপরম্পরা। ভাই ভ্রাতা সহোদর ভ্রাতৃ সোদর্য ভাইয়া। বোন ভগ্নী ভগিনী সহোদরা সোদর্যা স্বসা বহিন। সৎ,বৈমাত্র,বৈমাত্রেয়,–ভাই,–বোন। জ্ঞাতিভাই। গুরুভাই।

ক্রি. সম্পর্ক হওয়া স্থাপন করা বা দাবি করা। পাতানো।

বিণ. সম্পর্কিত। আত্মীয়। জ্ঞাতি,রক্ত,আত্মীয়, –সম্পর্কিত। স্বজাতীয়। নিকট ঘনিষ্ঠ। আপন নিজের সোদর। মায়ের পেটের। ভ্রাত্রীয়। জ্ঞাতীয় কওমী দেশী। গ্রামসুবাদে। দূরাত্মীয়। পাতানো।

১২। সহসম্বন্ধ

বি. সহসম্বন্ধ অনুবন্ধ সংসর্গ। সহবাস সহযোগ সহকর্ম। পারম্পর্য। পরস্পরনির্ভর,–তা,–শীলতা। ব্যতিহার। ব্যতিষঙ্গ। প্রতিষঙ্গ। আদানপ্রদান। প্রতিদান অদলবদল বিনিময় এওজ বদল। ক্রম নাগরদোলা শাঁখেরকরাত। সহযাত্রা (৮৫) অনুগমন সহমরণ অনুমরণ।

ক্রি. ব্যতিহার করা। ব্যতিষঙ্গ বা প্রতিষঙ্গ থাকা বা নির্ণয় করা। পরস্পর বদল বিনিময় বা পরিবর্তন করা।

বিণ. সহসম্বন্ধীয় সহসম্পর্কিত সহসম্পর্কীয়। অনুবন্ধী পরস্পরসম্বন্ধীয়। একান্তর। অনুরূপ। বৈকল্পিক। প্রতিষঙ্গী। অনুষঙ্গী ব্যতিষঙ্গী। পরস্পরপরিবর্তনীয়। সম্যক তুল্য পূরক। সহযাত্রী অনুগামী। জোড়া।

১৩। অভেদ

বি. অভেদ অভেদ,–তা–ত্ব। একরূপ,–তা,–ত্ব। একীভাব তদ্ভাব। মৌলিন্য স্বকীয়তা স্বারূপ্য

স্বরূপ,-তা,-ত্ব। স্বাতন্ত্র্য। অনন্য,-তা,-ত্ব। অভিন্ন,-তা,-ত্ব। একত্ব একাত্মতা ঐকাত্ম্য। সাযুজ্য। বিনিমেয়তা সাম্য সমতা (২৮)। সমজাতিত্ব সমমূলতা একমূলতা। আমি অহং স্বরূপ। একঘেয়েমি। পুনর্বৃত্তি (৯৮)। প্রতিলিপি (২০)। সাদৃশ্য (১৮)।

ক্রি. এক বা সমানভাবে হওয়া বা ঘটা বা দেখা। একাঙ্গীভূত হওয়া। শনাক্ত করা। অভিন্নতা বা অনন্যতা প্রতিপাদন করা।

বিণ. এক একই একরূপ। সম সমান। অনুরূপ তুল্য। সমতুল্য সমকক্ষ। অনন্য অভিন্ন। তদ্ভিন্ন। ভেদহীন অবিশেষ অভেদ্য। মৌলিক। নির্বিকল্প। স্বকীয়। মদীয়। বিনিমেয়। যুগ্ম জোড়া। সমকালিক সমকালীন। সমার্থ সমার্থক। একার্থ। অপূর্ব। এমন হেন।

অব্য. খোদ আপন নিজ স্ব স্বতঃ স্বয়ং।

১৪। বৈপরীত্য

বি. বৈপরীত্য। বিরুদ্ধতা। অনৈক্য বিরোধ বিরোধিতা। বিরোধাভাস বিরোধালংকার। ব্যতিক্রম। বিকল্প বিভাসা। দ্বেষ বিদ্বেষ। প্রতিযোগ। প্রতিবাদ প্রতিদ্বন্দ্বিতা বিরুদ্ধাচরণ। প্রতিকূলতা প্রাতিকূল্য। উৎক্রম বিলোমক্রিয়া বিপর্যয় বিপর্যায় বিপর্যাস। অন্তর্ঘাত। পক্ষান্তর। কূদলান্তর প্রতিপাদস্থান অ্যান্টিপোড।

ক্রি. বিপরীত হওয়া। বৈপরীত্য নির্ধারণ বা নির্ণয় করা। বিরোধিতা বা বিরুদ্ধাচরণ করা। উলটে দেওয়া। উলটানো। ওলটপালট করা। প্রতিবাদ বা অস্বীকার করা। প্রতিদ্বন্দ্বিতা করা।

বিণ. বিপরীত বিরুদ্ধ। বিলোম প্রতিলোম। অপর অন্য ভিন্ন। উলটা। পালটা। উলটাপালটা। প্রতীপ। বিপ্রতীপ বিকল্পিত। প্রতিকূল অননুকূল। বিষম। বিপক্ষ। বাম। শত্রুতাপূর্ণ। পরিপন্থী বিরোধী। অযৌক্তিক। পরস্পরবিরোধী।

অব্য-ক্রি-বিণ. অপরদিকে অন্যদিকে পরন্তু পক্ষান্তরে। প্রত্যুত বরং।

১৫। পার্থক্য

বি. পার্থক্য ভেদ প্রভেদ। তফাত ফারাক ব্যবধান অন্তর। অন্য,-তা,-ত্ব ভিন্নতা বিভিন্নতা। ইতরতা ইতরবিশেষ হেরফের রকমফের বৈসাদৃশ্য (১৯)। ব্যতিরেক। বৈচিত্র্য বিরোধাভাস। ভেদাভেদ। বিচ্ছেদ বিভেদ। বিরোধ বিবাদ। মতান্তর মনান্তর মতানৈক্য মতদ্বৈধ। অনৈক্য। অমিল (২৫)। বৈষম্য। অসমতা। অসমসত্ত্বতা। বিষমসত্ত্বতা। ব্যষ্টি। স্বাতন্ত্র্য। বৈশিষ্ট্য। তারতম্য। পক্ষপাত। বৈলক্ষণ্য বিকল্পতা বৈগুণ্য বিকার বৈপরীত্য। দেশ,জাতি,ধর্ম,মত,যুগ,শত্রুমিত্র,আপনপর, -ভেদ। নারীপুরুষভেদ। ভেদ,-জ্ঞান,-বুদ্ধি। প্রজন্ম পার্থক্য পার্থক্যবোধ। ভিন্নার্থ।

ক্রি. পার্থক্য ফারাক তফাত বা ব্যবধান করা বা হওয়া। পৃথক ভিন্ন বা আলাদা করা। রদবদল বা পরিবর্তন করা। পক্ষপাত করা। পার্থক্য বিচার করা (৪৮৩)।

বিণ. পৃথক আলাদা জুদা। বিসদৃশ বিষম অসম। ফারাক তফাত সান্তর। ভিন্ন বিভিন্ন বিচিত্র। বিজাতীয়। অপর অন্য আন পর। অসমান (২৯)। লক্ষণীয়। অসম্পৃক্ত বিবিক্ত। পরিবর্তিত। বিকল্প অনুকল্প ব্যতিক্রান্ত ব্যত্যস্ত বৈকল্পিত বৈভাষিক। অন্য,-বিধ,-রকম,-রূপ। অন্যান্য অপরাপর। আর আর। ইতর ব্যতীত ব্যতিরিক্ত বিশিষ্ট সবিশেষ স্বতন্ত্র। সর্বাতীত। অসাধারণ অনন্য, -সাধারণ,-সুলভ। বিশেষ অন্যতম। অমিল (২৫) অসমঞ্জস বেখাপ্পা। আসমানজমিন ফারাক। আকাশপাতাল। পৃথক্‌কৃত অন্তরিত। পৃথগন্ন।

অব্য. বা অথবা কিংবা। অন্যথায় পক্ষান্তরে বিকল্পে। বিনা ছাড়া বাদে ব্যতীত ভিন্ন। এছাড়া এভিন্ন এতদ্ব্যতীত বই। একমাত্র কেবল শুধু।

১৬। সমরূপত্ব

বি. সমরূপ,-তা,-ত্ব। সারূপ্য (১৮) সমসত্ত্বতা সমজাতি সমজাতিত্ব সাজাত্য সর্বাতীত। সুস্থিতি স্থিরতা। অনবচ্ছেদ নিত্যতা। সংগতি সামঞ্জস্য সমন্বয় অনুক্রম। মিল। নিয়মানুবর্তিতা নিয়মিততা নির্দিষ্টতা। দৃঢ়তা। সমত্ব একত্ব ঐক্য সমসুর। রুটিন।

ক্রি. মেলা (২৪)। মেলানো। এক বা সমান বা চৌরস করা। একাকার করা। মানানো।

বিণ. সম সুষম সমাঙ্গ। সমরূপী সমাকৃতি একাকার। সমজাতীয় অবিকল। হুবহু। সমান সমতুল্য সমকক্ষ। তুল্য,-বল,-মূল্য নিত্য চিরন্তন অপরিবর্তনীয়। নিয়ত নিয়মিত নির্দিষ্ট। একটানা একঘেয়ে। বৈচিত্র্যহীন।

অব্য-ক্রি-বিণ. প্রায় সর্বদা নিয়ত প্রতিনিয়ত সর্বক্ষণ হামেশা হরহামেশা হরদম হররোজ। চিরকাল।

১৭। অসমরূপত্ব

বি. অসমরূপত্ব অসমরূপতা। অসমতা। বিষমসত্ত্বতা বৈচিত্র্য। অনির্দিষ্টতা। অসমানতা। অক্রম ব্যতিক্রম ব্যত্যয় অন্যথা। বৈসাদৃশ্য (১৯)। প্রভেদ বিভিন্নতা নানারূপতা। অসঙ্গতি অসামঞ্জস্য।

বিণ. অসম বিষম। ভিন্ন বিচিত্র বিভিন্ন হরেকরকম নানা নানান্ নানা,-প্রকার,-রকম, -বিধ,-রূপ। অনিয়মিত অসমান। অসমঞ্জস।

১৮। সাদৃশ্য

বি. সাদৃশ্য সদৃশ সদৃশতা। সৌসাদৃশ্য সরূপতা সারূপ্য আনুরূপ্য। সমভাব সাম্য। সাধর্ম্য তুল্যতা আনুরূপ্য। সম্পর্ক আসক্তি সন্নিকর্ষ। সমান্তরালতা। মিল (২৪)। ঔপম্য। উপমা তুলনা (৪৮২) রূপক প্রতিষঙ্গ। সৌভ্রাত্র। পুনর্বৃত্তি (৯৮)। একরূপতা (১৩)। সমরূপতা (১৬)। জুটি জোড় যুগল যমজ। ডবল। প্রতিপত্র জুড়ি। ভাই বোন। আলেখ্য প্রতিকৃতি (৫৬৩)। আদল আদরা আভাস ছায়া আমেজ প্রতিকায়। প্রতিবিম্ব প্রতিধ্বনি।

ক্রি. এক একরূপ বা একরকম দেখা। তুল্য হওয়া। অনুরূপ হওয়া। কাছাকাছি আসা। প্রায় সমান দেখা। মেলা। মেলানো। মানানো। অনুকরণ করা (২০)।

বিণ. সদৃশ অনুরূপ অভিরূপ এক সরূপ। সম সমবস্থ সমান একরূপ। একেবারে অবিকল আক্ষরিক হুবহু। তদাকার তদাকৃতি। সেই,-রকম, -প্রকার,-ধরনের। সধর্মা সধর্মী। শামিল দাখিল সংকোশ। সাক্ষাৎ তুল্য প্রতিম উপমেয়। সমকক্ষ সমতুল্য সমান্তরাল সমঞ্জস। জোড়া যমজ যুগ্ম। সমজাত। অনুযায়ী অনুবন্ধী। প্রতিষঙ্গী। নিকট কাছাকাছি প্রায়। আধা।

ক্রি-বিণ. অক্ষরে অক্ষরে বর্ণেবর্ণে ঠিকঠিক। সঠিক,যথাযথ,-ভাবে। সর্বাংশে।

অব্য. যেমন যেমতি। তেমন তেমনই অমন অমনই এহেন এমন এমনই এতাদৃশ। তদ্রূপ ওই,-রকম,-প্রকার। ন্যায়।

১৯। বৈসাদৃশ্য

বি. বৈসাদৃশ্য বিসদৃশতা অসাদৃশ্য। অমিল (২৫)। বৈষম্য অসমতা প্রভেদ বৈভিন্ন্য বিভিন্নতা পার্থক্য (১৫)। বৈপরীত্য নূতনত্ব মৌলিকত্ব।

ক্রি. বিসদৃশ অন্যপ্রকার বা অন্যরূপ হওয়া। না মেলা। পার্থক্য করা বা হওয়া (১৫)। বেসুরো ঠেকা। খাপছাড়া লাগা।

বিণ. বিসদৃশ অসদৃশ সাদৃশ্যহীন। বিষম অসম। ভিন্ন বিভিন্ন। অপর অন্যরূপ অন্যপ্রকার। গরমিল। বেমানান বেমিল। খাপছাড়া। বিসঙ্গত বিরুদ্ধ বিপরীত অমিল। পৃথক। অযুগ্ম বিজোড়। নতুন নব। অপূর্ব অনন্য মৌলিক। বিচিত্র (১৭)।

ক্রি-বিণ. পক্ষান্তরে। বিলক্ষণ। ওরফে।

২০। অনুকরণ

বি. অনুকরণ অনুকার অনুবৃত্তি। দেখাদেখি। পুনর্বৃত্তি। অনুসরণ। উদ্ধৃতি। প্রতিকৃতি। ভোল ভেখ ছদ্মবেশ। ভান। ভাঁড়ান। রূপায়ণ (৫৬৩)। মুখস্থবিদ্যা। সাদৃশ্য। অনুকৃতি (২২)। অনুবাদ তরজমা ভাষান্তর ভাষান্তরিতকরণ। ভাবানুবাদ ছায়ানুবাদ শব্দান্তরণ। ব্যঙ্গ। দেখাদেখি নকুলেপনা নকলামি নকুলে। অনুচিকীর্ষা অনুকরণ,-প্রিয়তা, -স্পৃহা,-বৃত্তি। তোতাবৃত্তি। নকলনবিশ। ছাঁচ -উপাসক অনুকারক অনুসারী চন্দ্ররেণু কুন্তিলক কাব্যচোর। জালিয়াত। প্রতিধ্বনি। ছায়া। তোতা বাঁদর। হরবোলা বহুরূপী কামরূপী। মাছিমারা কেরানি।

ক্রি. অনুকরণ করা। ছায়াপাত করা। প্রতিধ্বনি করা। কপি করা। ট্রেসিং করা। ডুপ্লিকেট করা। নকল করা। ভান করা। ভাঁড়ানো। নাম ভাঁড়ানো। ছদ্মবেশ ধরা। অভিনয় করা (৬০২)। রূপদান করা (৫৬৩)। ব্যঙ্গ করা। দাগা বুলানো। অনুসরণ বা পদাঙ্ক অনুসরণ করা। আদর্শ অনুসরণ করা। নকল বা জাল করা। মেরে দেওয়া। টোকা। টোকাটুকি করা। টুকলি করা।

বিণ. অনুকৃত অনুকার্য অনুকরণীয়। অনুকরণপ্রিয়। নকুলে। অনুচিকীর্ষু। নকল জাল ভেজাল কৃত্রিম মেকি। বিদ্রূপাত্মক। ডাহা। অবিকল অবিকৃত। প্রত্যয়িত অ্যাটেসটেড।

ক্রি-বিণ. অক্ষরে অক্ষরে। একদম একেবারে হুবহু। অনুকরণে অনুসরণে অনুসারে। ছায়া অবলম্বনে। ইত্যনুসারে। যথাযথভাবে। দেখাদেখি।

২১। অননুকরণ

বি. অননুকরণ। মৌলিক,-তা,-ত্ব। সৃজনশীলতা।

বিণ. অননুকরণীয়। অননুকার্য। অননুকৃত। মৌলিক আসল আদি অকৃত্রিম। অপূর্ব অসাধারণ ব্যতিক্রম বিরল। অবিকল্প। স্বতন্ত্র স্বকীয় নিজস্ব স্বীয়। বিশিষ্ট বিশেষ।

২২। অনুকৃতি

বি. অনুকৃতি। অনুসৃষ্টি। কপি। প্রতিরূপ। জুড়ি। পর্ণনর কুশপুত্তলিকা। আকার আদল আভাস। ছাঁচ। ট্রেসিং। ডুপ্লিকেশন। জেরক্স। অনুকরণ (২০)। মডেল আদর্শ রূপায়ণ। প্রতিকৃতি প্রতিমূর্তি (৫৬৩)। প্রতিলিপি প্রতিচিত্র প্রতিচ্ছবি। প্রতিবিম্ব প্রতিচ্ছায়া প্রতিধ্বনি প্রতিফলন। পুনর্মুদ্রণ। পুনর্রূপায়ণ। পুনর্বৃত্তি। জাল মেকি। ব্যঙ্গ ভাঁড়ামি ক্যারিকেচার। শব্দান্তর। অনুবাদ তরজমা ভাষান্তর। কার্টুন ব্যঙ্গচিত্র।

বিণ. যথার্থ। প্রাণবান জীবন্ত। হুবহু। সদৃশ প্রায় কাছাকাছি।

২৩। আদিরূপ

বি. আদিরূপ। মূল আসল। মডেল আদর্শ মানদণ্ড প্রতিরূপ। আদল ধাঁচ নক্শা প্যাটার্ন। মান

স্ট্যান্ডার্ড টাইপ। নমুনা। দৃষ্টান্ত উদাহরণ নজির। মূলপাঠ। ডিজাইন ছক ছাঁচ মৌল ফর্মা আদরা নক্‌শা। টাকশাল। ছাপ সিলমোহর। নেগেটিভ।

২৪। মিল

বি. মিল মিলন জোড় যোটক যুক্তি যুতি যুটি। যোগ অন্বয়। সংগম মিথুন সংযোগ। একতা ঐক্য একীভাব সংহতি সমন্বয়। মিলমিলাও মিলমিশ সদ্ভাব। সংবিদা সন্ধি বনিবনা মতৈক্য ঐকমত্য সমঝোতা আঁতাত। সমস্বর সর্বসম্মতিক্রম। অনুক্রম সমতা সমরূপতা একরূপতা। সংগতি সামঞ্জস্য খাপ প্রতিষঙ্গ। সমান্তরালতা সহব্যাপ্তি। প্রাসঙ্গিকতা। প্রযোজ্যতা প্রযুক্ততা। যোগ্যতা উপযুক্ততা উপযোগিতা। সমীচীনতা ন্যায্যতা গ্রহণযোগ্যতা। অভিযোজন প্রতিযোজন উপযোজন। সমন্বয়ন আত্মীকরণ সাঙ্গীকরণ স্বীকরণ। পরিমিশ্রণ। সমাহার। মত। সম্মতি (৫১২)। সমাপতন। সহঘটন। সংগমন। সহযোগ সমবায়।

ক্রি. মিল মিলন যোগ বা এক করা বা হওয়া। খাপ খাওয়া। মত দেওয়া (৫১২)। মেলানো। মানানো। সমান করা (২৮)। সমন্বয় সাধন করা। নিয়ন্ত্রণ করা।

বিণ. মিলিত অন্বিত সমন্বিত একীভূত। এক, –রকম,–প্রকার। একাকার। মিলসাধ্য সমন্বয়সাধ্য। সমঞ্জস সংগত। প্রাসঙ্গিক। অনুক্রমী। প্রতিষঙ্গী। প্রযোজ্য। প্রতিযোজ্য। অভিযোজ্য। উপযোজ্য। সহব্যাপ্ত। গ্রাহ্য গ্রহণযোগ্য অনুকূল। মানানসই জুতসই উপযুক্ত উদ্দেশ্যসাধক (৬৫০)।

২৫। অমিল

বি. অমিল গরমিল অনৈক্য অভাব বিরোধ অনন্বয়। বিস্বর। তারতম্য অক্রম। গোঁজামিল। বেমানান। বৈসাদৃশ্য (১৯)। অসংগতি অসামঞ্জস্য। প্রাতিকূল্য মতভেদ মতানৈক্য বিবাদ বিসংবাদ সংঘর্ষ বিরোধিতা (৭৬০) বিরুদ্ধতা বৈরিতা। বিভেদ পার্থক্য। ভুলবোঝাবুঝি। অসমতা। অসাম্য। বিষমানুপাত। বৈষম্য। চ্যুতি ব্যত্যয়। বিভিন্নতা। অপ্রযোজ্যতা অপ্রযুক্ততা। অযোগ্যতা অনুপযুক্ততা অনুপযোগিতা অসমীচীনতা অপ্রাসঙ্গিকতা অগ্রহণযোগ্যতা।

ক্রি. অমিল হওয়া। মিল না হওয়া। বিরোধ বা বিবাদ। সংঘর্ষ হওয়া। বিসদৃশ ঠেকা। বেমানান হওয়া। শ্রুতিকটু হওয়া। কানে বা চোখে ঠেকা।

বিণ. অমিল অসম বিষম বেতর। প্রতিকূল বিরুদ্ধ পরিপন্থী বিপরীত। অপুনর্মিলনীয়। অসংগত অসমঞ্জস বেখাপ্পা বেমানান বেমিল অসংলগ্ন অসম্বদ্ধ অনন্বিত। অপ্রাসঙ্গিক। অসমীচীন অনুচিত বেমক্কা অশোভন অন্যায্য। অযোগ্য অনুপযোগ্য অনুপযুক্ত। অগ্রহণযোগ্য। বেসুরো শ্রুতিকটু। দৃষ্টিকটু। বিসদৃশ (১৯)। বিরুদ্ধ (৭৬০)।

২৬। পরিমাণ

বি. পরিমাণ ইয়ত্তা। মান মাত্র মাত্রা। আয়তন (১৯০) ঘনমান ঘনফল কালি। রাশি সংখ্যা সমষ্টি। ভর মাস সংহতি ওজন। তায়দাদ মাপ পরিমিতি ক্ষেত্রমিতি জরিপ। পরিমাপ মেকদার। আকার (২৩৯) সাইজ। মাপন পরিমাপন (৪৮১)। তৌলকরণ। অংশাঙ্কন। সংখ্যামান। পদার্থ। তীব্রতা। শক্তি। গুরুত্ব। আপেক্ষিক গুরুত্ব। বিস্তার (১৯৩) সংখ্যা (৮১) অঙ্কশাস্ত্র গণিতশাস্ত্র। অঞ্জলিপুট মুষ্টি একমুঠো একআঁজলা। দু'মুঠো। একগাল গ্রাস লোকমা গণ্ডুষ। থোকা গোছা কেতা গুচ্ছ। তা দিস্তা। দফা সেট প্রস্ত। লট স্টক ব্যাচ। ডোজ মাত্রা উমান। কোটা।

বিণ. কী পরিমাণ। কত কতক কতকটা কতকগুলি। কিছু কিছুটা। খানিক খানেক খানেকটা খান,–কতক,–কয়েক। কিয়ৎ কিঞ্চিৎ কথঞ্চিৎ। অত অতটা। ওই পরিমাণ। এত এতটা। তত ততটা। যত যতটা যতেক। যতসমস্ত। কিছু কম থোড়া কমবেশি। তরতম। যৎকিঞ্চিৎ যৎসামান্য এক–আধ ছিটেফোঁটা। মুষ্টিমেয়। অংশাঙ্কিত। মাত্রিক মাত্রানুযায়ী।

অব্য. মাত্র।

২৭। মাত্রা

বি. মাত্রা মান ডিগ্রি। শ্রেণী সারি অবক্রম পর্যায় ধাপ সোপান। ইয়ত্তা অবধি। আয়তন ব্যাপ্তি চৌহদ্দি তায়দাদ মাপ ওজন। রাশি সমষ্টি। অনুপাত। মান মাপমাত্রা স্ট্যান্ডার্ড। উচ্চতা নাগাল। হার তাল পাল্লা। ব্যাস। ক্রমায়ণ ক্রমাঙ্ক। ধরন পরিসর। মণ্ডল। অবস্থা স্থান পদ পদবিন্যাস। বিরতি যতি তাল লয় ছন্দ। গুণ। পরিমাত্রা তীব্রতা। শক্তি।

ক্রি. ক্রমাঙ্ক নির্ণয় করা। ব্যাস নির্ণয় করা। ওজন বা মাপ করা।

বিণ. তুলনামূলক। ক্রমিক।

ক্রি–বিণ. ক্রমেক্রমে ধীরেধীরে পদেপদে।

২৮। সমতা

বি. সমতা সমভাব সমানতা। সাম্য। সামঞ্জস্য সৌষ্ঠব সুঠামতা। প্রতিসাম্য সুস্থিতি ভারসাম্য। সমরাশি। অভেদ। সাদৃশ্য (১৮)। সমন্বয়। সমফল সমসংখ্যা টাই ড্র অমীমাংসা। সমকক্ষ জুড়ি মানিকজোড় জুড়িদার সহযোগী সাথী। মাসতুতো ভাই। তুল্যাঙ্ক। সমমূল্যতা। সমপদ।

ক্রি. সমান করা। তাল রাখা। ভারসাম্য রক্ষা বা বজায় রাখা। চৌরস করা। জুড়ি বাঁধা।

বিণ. সম সমান সুষ্ঠু সুঠাম সমঞ্জস সমন্বিত। বরাবর আনুভূমিক। একঘেয়ে। সমপদস্থ সমশ্রেণীভুক্ত সমতুল্য সমকক্ষ। সমবয়সী। একার্থক সমার্থক। সমমূল্য তুল্যমূল্য। পাঙ্‌ক্তেয়। পরস্পর পরিবর্তনীয়। অমীমাংসিত।

ক্রি–বিণ. সমভাবে। সমানে সমানে। সেয়ানে সেয়ানে। কাঠে কাঠে।

২৯। অসমতা

বি. অসমতা অসমভাব অসমানতা। অসাম্য। বৈষম্য পার্থক্য (১৫)। বৈসাদৃশ্য (১৯)। তারতম্য। প্রাধান্য (৩৪)। হীনতা অভাব অকুলান দৈন্য।

ক্রি. অসমান হওয়া। সুযোগ নেওয়া। টেক্কা দেওয়া। মাপ বা আকার বড় বা ছোট হওয়া। ওজন কম বা বেশি হওয়া। কম পড়া। জুড়ি না পাওয়া।

বিণ. অসম অসমান। বিষম বেতর বিসদৃশ (১৯)। অনন্য অদ্বিতীয় অপ্রতিদ্বন্দ্বী অতুল অতুলনীয় অনুপম। অননুকরণীয়। বিজোড় জুড়িহীন। বেজুত বেমানান।

৩০। গড়

বি. গড় অ্যাভারেজ সমক দরমিয়ান মধ্য মধ্যক। সমানুপাত। অনুপাত রেশিও। ভারসাম্য। নিক্তি। মধ্যপন্থা। মধ্যস্থতা আপস নিরপেক্ষতা।

ক্রি. গড় নির্ণয় করা। গড়পড়তা করা বা হওয়া। পার্থক্য দূর করা। মধ্যে পড়া। মধ্যস্থতা করা। সমান করা। জুড়ি মেলানো।

বিণ. মধ্যম মধ্য (৬৭) মোটামুটি ন্যূনাধিক উনিশবিশ কমবেশি তরতম। বেলমোক্তা। স্বাভাবিক। প্রমাণমতো। নিরপেক্ষ। সমান। মধ্যবর্তী মধ্যগ। মধ্যম মাঝারি। মধ্যবিত্ত। মাঝামাঝি সাধারণ।

ক্রি-বিণ. গড়পড়তা মোটামুটি। হরেদরে। হারাহারি। আনুপাতিক। সমানুপাতিক।

৩১। ক্ষতিপূরণ

বি. ক্ষতিপূরণ। সমীকরণ। প্রতিবিধান। আপস। মীমাংসা। প্রতিশোধ। কিসাস রক্তের-বদলে-রক্ত। সমানাধিকরণ। তুল্যদাবি। প্রতিদাবি। হিসাব -নিকাশ। সমভার সমবল। পাষাণ প্রতিভার। খেসারত খেসারতি। গচ্চা আক্কেলসেলামি। জরিমানা ফাইন অর্থদণ্ড। তুল্যাঙ্ক। প্রতিবিধান সংশোধন। পাওনা পরিশোধ পুরস্কার (৯৭৫)।

ক্রি. ক্ষতিপূরণ বা খেসারত দেওয়া। প্রতিদান দেওয়া। ভার বা বল সমান করা। সমান করা (২৮)। সমান অনুকল্প দেওয়া। হিসাবনিকাশ করা। পরিশোধ করা। পুরস্কৃত করা (৯৭৫)। দণ্ড দেওয়া (৯৭৪)।

বিণ. ক্ষতিপূরক প্রতিবিধেয়। প্রতিবিহিত। সমীকৃত। সমমূল্য। সমান।

ক্রি-বিণ. কিন্তু। যদিও যদিচ। তবু তবুও। উপরন্তু। সেই সঙ্গে। অন্যপক্ষে।

৩২। বৃহত্ত্ব

বি. বৃহত্ত্ব। বড়ত্ব মহত্ত্ব। বিশাল,-তা,-ত্ব। বিরাটত্ব বিপুলতা। ব্যাপকতা। অসংকীর্ণতা। প্রকাণ্ডতা। পরিসর ব্যাপ্তি বিস্তৃতি (১৯৩)। দৈর্ঘ্য (১৯৯)। উচ্চতা (২০৫)। আয়তন। চৌহদ্দি আকার (১৯০) বৃহদায়তন (১৯১)। বহুত্ব আধিক্য প্রাবল্য আতিশয্য। অসীমত্ব। চূড়ান্ত। পরাকাষ্ঠা। বিস্ফার বিস্ফারণ। দাপট তেজ প্রাখর্য তীব্রতা প্রচণ্ডতা। পূর্ণতা। নাম সুনাম। সমারোহ আড়ম্বর। সম্মান গুরুত্ব (৬৫২)। গাদা রাশি পুঞ্জ স্তূপ ঢিপি তাল কাঁড়ি টাল কাঁদি।

বিণ. বৃহৎ বড়। সু,-বিশাল,-বৃহৎ। বিপুল বিরাট প্রকাণ্ড মস্ত মস্তবড়। বিস্তৃত (১৯৩) বিস্তীর্ণ প্রশস্ত। অধিক অঢেল অগাধ অনেক (৯৬)। দীর্ঘ (১৯৯)। উঁচু (২০৫)। চওড়া (২০১)। মোটা (১৯১)। বোম্বাই। এলাহি। অত্যন্ত অতীব। অতিশয়। অসীম সীমাহীন নিঃসীম অপরিসীম সীমাহারা অপার অকূল। চরম পরম চূড়ান্ত। ভীষণ ভয়ানক। উৎকট অস্বাভাবিক। মূল্যবান অমূল্য। শ্রেষ্ঠ (৩৪)। পূর্ণ সম্পূর্ণ (৫২)। উত্তম। উদার। মহৎ মহা মহান মহীয়ান মহামহিম শ্রদ্ধেয়। রাজকীয়। খ্যাত স্মরণীয় নামজাদা। অকথিত অবর্ণনীয় অনির্বচনীয় অতুলনীয় অপূর্ব। পৃথিবীব্যাপী জগদ্ব্যাপী দুনিয়াজোড়া। সর্বজনবিদিত।

৩৩। ক্ষুদ্রত্ব

বি. ক্ষুদ্র,-তা,-ত্ব। ক্ষুদ্রায়তন (১৯২)। খর্বতা অল্পতা ন্যূনতা লঘুত্ব অভাব বিরলত্ব। সৌক্ষ্ম্য সূক্ষ্ম,-তা,-ত্ব। অণুত্ব অণিমা। তনিমা কৃশতা। সংকীর্ণতা। হীনতা সামান্যতা নগণ্যতা। অণু পরমাণু কণা কণিকা রেণু ছিটেফোঁটা রতি তিল সরষে দানা কুঁচ সুচ কুটা তৃণ খড় খড়কুটো কুচাকুচি টুকরা। জর্রা। অংশাংশে। ফোঁটা বিন্দু। বিন্দুবিসর্গ। গোষ্পদ। কড়ি। চুনা। সূচ্যগ্রমেদিনী।

ক্রি. ক্ষুদ্র ছোট খর্ব বা খাটো হওয়া। হ্রাস পাওয়া। কমা। অবনতি ঘটা। কোঁচকানো বা সংকুচিত হওয়া। মিয়ানো। মন্দীভূত হওয়া। কুচানো বা কুচিকুচি করা।

বিণ. ক্ষুদ্র ছোট খর্ব খাটো বেঁটে (১৯২)। চুনোপুঁটি। একরত্তি। ছোট্ট বাচ্চা। ন্যূন ঈষৎ কিছু কয়েক কিয়ৎ একটু কিছুকিছু অল্পস্বল্প একটুআধটু স্বল্প যৎকিঞ্চিৎ যৎসামান্য অকিঞ্চিৎ অকিঞ্চিৎকর। সংক্ষিপ্ত সংক্ষেপিত। সূক্ষ্ম

সূক্ষ্মাতিসূক্ষ্ম। একসূচ। একচুল। একদানা। একসরষে। তিলেক। একমুঠো দু'মুঠো। দুটো। টুকরা খণ্ড টুকিটাকি ছোটখাটো। সান্ত সসীম সীমিত সীমাবদ্ধ। কেবল শুধু প্রায়।

ক্রি-বিণ. প্রায় কাছাকাছি। অল্পে। কোন মতেই না। একেবারেই না।

৩৪। শ্রেষ্ঠত্ব

বি. শ্রেষ্ঠ,-তা-ত্ব। উৎকর্ষ প্রকর্ষ সৌকর্য পরমোৎকর্ষ চরমোৎকর্ষ উৎকৃষ্টতা। গরিষ্ঠতা গরিমা (৬৫২)। গৌরব। সংখ্যাগরিষ্ঠতা। প্রাবল্য ব্যাপকতা। আভিজাত্য (৮৮৪)। অতিমানব অধিমানব। আধিপত্য সার্বভৌমত্ব প্রাধান্য প্রধানত্ব প্রধানতা। মুখ্যত্ব অগ্রগণ্যতা। নেতৃত্ব। সর্বোচ্চতা। চূড়ান্ত। একশেষ। রেকর্ড ইতিহাস পরাকাষ্ঠা। শিখা চূড়া শীর্ষ শৃঙ্গ শিখর। প্রভাব প্রতিপত্তি। ভার ওজন। রত্ন। আধিক্য উদ্বৃত্তি বাড়তি আতিশয্য।

ক্রি. শ্রেষ্ঠ হওয়া। শ্রেষ্ঠতা লাভ করা। অতিক্রম করা। সকলকে ছাড়িয়ে যাওয়া। অগ্রণী হওয়া। আগুয়ান হওয়া। নেতৃত্ব দেওয়া। পথ করা। ইতিহাস সৃষ্টি করা।

বিণ. শ্রেষ্ঠ সেরা সর্বশ্রেষ্ঠ পরাৎপর উৎকৃষ্ট অত্যুৎকৃষ্ট প্রকৃষ্ট সর্বোৎকৃষ্ট। শ্রেয়। উত্তম মহান গরিষ্ঠ গরীয়সী বরেণ্য বরিষ্ঠ। গুরুতম বৃহত্তম চরম চূড়ান্ত পরম। সার্বভৌম প্রধান সর্বপ্রধান। চূড়ামণি। চমৎকার জবর। মুখ্য অগ্র্য অগ্রণী অদ্বিতীয় অনন্য অতুল অতুলনীয় অতুল্য অপূর্ব। অপ্রতিদ্বন্দ্বী। অমিত অপরিমেয়। অনুপ অনুপম নিরুপম। লাখে এক।

ক্রি-বিণ. সর্বোপরি সর্বতোভাবে। প্রধানত। বিশেষত। বিশেষ করে।

৩৫। হীনতা

বি. হীন,-তা,-ত্ব। নীচ,-তা,-ত্ব। তুচ্ছতা। গৌণতা (৬৫৩)। ন্যূনতা। দৈন্য অভাব। অসম্পূর্ণতা গলদ দোষ ত্রুটি। দারিদ্র্য। লঘুত্ব। ক্ষুদ্রতা (৩৩)। অপকর্ষ নিকৃষ্টতা। হীনমন্যতা হীনমনস্কতা হীনচিত্ততা। খলতা ক্ষুদ্রমনস্কতা। অধস্তনতা অধীনতা। অযোগ্য অপাত্র অভাজন। আঁদাড়ের হাঁড়ি। আদার ব্যাপারী।

ক্রি. হীন বা নীচ হওয়া। ছোট হওয়া। খাটো হওয়া। কমা। হ্রাস পাওয়া।

বিণ. হীন নীচ। ক্ষুদ্র খাটো ছোট ইতর অবর অবম অধম। নিম্নতম ক্ষুদ্রতম ন্যূনতম লঘিষ্ঠ। অবর অধস্তন অধঃস্থ নিম্নপদস্থ অধীন। অধরিক। নীরস নিকৃষ্ট অপকৃষ্ট (৬৬০)। অন্ত্য। অপ্রধান গৌণ লঘু খেলো হাল্‌কা (৬৫৩)। নগণ্য তুচ্ছ। অকিঞ্চিৎকর ফেলনা ফালতু বাজে হেঁজিপেঁজি। মুতফরক্কা।

অব্য. নস্যাৎ।

৩৬। বৃদ্ধি

বি. বৃদ্ধি বর্ধন বলন বাড় বাড়ন। বিবর্ধন বৃদ্ধিকরণ বৃদ্ধিপ্রাপ্তি। ফলন পুষ্টি। উঠন উঠতি চড়তি বাড়তি উন্নতি সমৃদ্ধি ঋদ্ধি প্রবৃদ্ধি। অভ্যুদয়। প্রসার। অধিমান পরিবর্ধন সংবর্ধন প্রসারণ সম্প্রসারণ। ফাঁপা স্ফীতি স্ফার আধ্মান স্ফারণ উচ্ছ্রয় সমুচ্ছ্রায়। যোগ (৩৮)। যোজনা সংযোগ (৪৩) সংযুক্তি সংযোজনা সংযোজন সন্নিবেশ। গুণ। পূরণ। যোগফল। উৎসেক উৎসার উপচিতি। জোয়ার। প্রকোপ। উত্তেজনা বিক্ষোভ। অতিবৃদ্ধি অতিবাড় আতিশয্য অতিরঞ্জন। উপযোজন। কলমকসুর। আয় লাভ মুনাফা উদ্বর্তন উপচয় নিচয়। পয়স্তি। সুদ। সুবিধা সুযোগ।

ক্রি. বৃদ্ধি পাওয়া। বাড়া। বড় হওয়া। ওঠা। চড়া। ফাঁপা। ফুলা। ফোলা। ফুলে ফেঁপে ওঠা। উপচে পড়া। উপচানো। ছাপানো। ছাপিয়ে যাওয়া। উবরানো। ফোলানো ফাঁপানো। জমা।

বিণ. বর্ধমান ক্রমবর্ধমান বর্ধিষ্ণু বাড়ন্ত বাড়বাড়ন্ত উপচীয়মান উঠতি চড়তি চড়া। প্রবৃদ্ধ স্ফীত ফাঁপা ফোলা উচ্ছ্রিত সমুচ্ছ্রিত স্ফারিত। বিস্তৃত বিস্তারিত সংযুক্ত (৪৩) সংযোজিত সন্নিবিষ্ট সন্নিবেশিত। বর্ধক বৃদ্ধিকর বিবর্ধক পরিবর্ধক সম্প্রসারক বিস্তারশীল বিসারী বর্ধিত বিবর্ধিত বৃদ্ধিপ্রাপ্ত। উপচিত সমৃদ্ধ উন্নত। পরিবর্ধিত সম্প্রসারিত উচ্ছ্বসিত উচ্ছলিত।

৩৭। হ্রাস

বি. হ্রাস লাঘব কমতি কমি ন্যূনতা। লঘুতা। বিয়োগ (৩৯) লঘুকরণ। বাদ ছুট ছাঁটাই। অবনতি পতন পড়তি। অবচয় অবচিতি। ক্ষয় ক্ষতি হানি। অবক্ষয় শিকস্তি ভূক্ষয়। উপশম প্রশমন নিবারণ নিবৃত্তি। মান্দ্য ভাটা। সংকোচন কুঞ্চন। সমাস। সাঁট সংক্ষেপণ। ম্লানতা। নিষ্প্রভতা।

ক্রি. হ্রাস পাওয়া। কমা বা কমে যাওয়া। ছোট হওয়া। ছুট বা বাদ দেওয়া। বিয়োগ করা। ছাঁটাই করা। বাঁকা। ভাঙা। ম্লান ম্রিয়মাণ বা দুর্বল হওয়া। অবনতি বা পতন ঘটা। নামা। পতিত হওয়া। হ্রাস করা। কমানো। ছোট করা। কাটা। ছাঁটা। সংক্ষেপ বা সংকোচন করা। ঘুচানো। ঘোচানো। কোঁকড়ানো। কোঁচকানো। উপশম বা প্রশমিত হওয়া। ভাটা পড়া।

বিণ. হ্রাসপ্রাপ্ত ক্ষয়প্রাপ্ত। ক্ষয়শীল ক্ষয়ী ক্ষয়িষ্ণু। বিযুক্ত। লঘুকৃত। বাতিল। সংকুচিত। সংক্ষেপিত সংক্ষিপ্ত। অবনত পতিত। ম্লান নিষ্প্রভ। প্রশমিত। নিবৃত্ত। নিবারিত।

৩৮। যোগ

বি. যোগ সংকলন কালি প্লাস। যোজন যোজনা সংযোজন সংযোজনা একত্রীকরণ। বৃদ্ধি (৩৬)। প্রত্যয় বিভক্তি। উপাঙ্গ। উপযোজনা। অভিযোজনা। পরিশিষ্ট উপপত্র ক্রোড়পত্র। পরিবর্ধন সম্প্রসারণ। পরিপূরণ অনুপূরণ সম্পূরণ। সংযোগ (৪৩) সন্নিবেশ।

ক্রি. যোগ যোজন বা সংযোজন করা। পরিবর্ধন বা সম্প্রসারণ করা। জোর দেওয়া। শক্তিবৃদ্ধি করা। সংযোগ বা সন্নিবেশ করা (৪৩)।

বিণ. অতিরিক্ত। অনুপূরক পরিপূরক সম্পূরক। উপরি বাড়তি ফালতু। অপর অপরাপর অন্যান্য। আনুষঙ্গিক। সহায়ক যুক্ত সংযুক্ত সংযোজিত সম্মিলিত সংবর্ধিত পরিবর্ধিত সম্প্রসারিত। উপচিত।

ক্রি-বিণ. আর আরও অধিকন্তু। উপরন্তু। পুনরায় উপর্যুপরি। পুনঃ পুনশ্চ। বারবার।

৩৯। বিয়োগ

বি. বিয়োগ বিয়োজন ব্যবকলন মাইনাস। বাদ ছাড় ছুট। হ্রাস ঘাটতি ক্ষয়ক্ষতি হানি কমতি (৩৭)। ঋণ,-চিহ্ন বাদসাদ ছোড়ছাড়। বাট্টা ডিস্কাউন্ট অবহার। রিবেট অবহৃতক। সংক্ষেপণ। ছাঁটাই বিদায়। অসংযোগ (৪৪)।

ক্রি. বাদ দেওয়া পড়া যাওয়া বা হওয়া। বিয়োগ করা। ছাড় পড়া বা দেওয়া। ছোট বা খাটো করা। খণ্ড করা। কর্তন করা। কাটা (৪৪)। ছাঁটা। কাঁড়ানো। ছাঁটাই করা। সরানো। কমানো। বর্জন ত্যাগ বা পরিহার করা। হানি ক্ষয় বা ক্ষতি করা বা হওয়া। পান মরা। বঞ্চনা করা (৭৯০)। দুর্বল করা।

ক্রি-বিণ. বাদ ব্যতীত বিনা।

৪০। অবশেষ

বি. অবশেষ পরিশেষ বাকি। বিয়োগশেষ। ভাগশেষ ভাগাবশেষ। জের। ছুট ছাঁট। শিটা গাদ তলানি কাইট ছিবড়া আবর্জনা। দেহাবশেষ ধ্বংসাবশেষ। কঙ্কাল। জীবাশ্ম ফসিল। উদ্বর্ত উদ্বৃত্ত বাড়তি। উচ্ছিষ্ট।

ক্রি. বাদ বা বাকি থাকা। বাড়া।

বিণ. অবশিষ্ট বাকি বাদবাকি। পরিশিষ্ট। অতিরিক্ত (৩৮) উদ্বর্ত।

ক্রি-বিণ. শেষে অবশেষে পরে।

৪১। মিশ্রণ

বি. মিশ্রণ মিশ মিশাল মেশাল সংমিশ্রণ যুতি মিশ্রাচার। একত্রীকরণ যোজন সংযোজন। সংকলন। সাংকার্য সংকরীকরণ। মিলন সংযোগ (৪৩)। ঘোটন। রসায়ন। লেপন ম্রক্ষণ। সমাবন্ধ সংযুক্তি (৪৮)। সংশ্লেষ সংশ্লেষণ। সন্নিবেশ। অনুপ্রবেশ। অন্তঃপ্রবেশন (২২৭)। ভেজাল অপমিশ্রণ। খিচুড়ি জগাখিচুড়ি ঘণ্ট ঘ্যাঁট লপসি দাবড়া পিশপাশ। ছানা। মিশ্রিত বস্তু: রং রঞ্জক মলম মশলা পাঁচফোঁড়ন কাসুন্দি পাঁচন। যৌগিক্ বস্তু: সংকরধাতু পারদসংকর। খাদ পান। পিতল কাঁসা ভড়ন দস্তা রসাঞ্জন। জোড়াতালি। মোজাইক। দোআঁশ সংকর নট বিলোমবর্ণ। ট্যাঁস ফিরিঙ্গি অ্যাংলো,–ইণ্ডিয়ান,–ইউরোপীয় মুলাত্তো। ইঙ্গবঙ্গ–সমাজ। খচ্চর।

ক্রি. মিশা। মিশানো। মিশ্রণ বা সংমিশ্রণ করা। ঘাঁটা। ঘোটানো। ঘোঁট পাকানো। মাখা। চটকানো। সানা। কচলানো। থাসা। ঠাসা। ফেটানো। গোলানো। ঝাঁকানো। সংযোগ করা (৪৩)। মিলানো (৪৯)। ঢুকানো। প্রবেশ করানো। ভেতরে ঢোকানো। সন্নিবেশ করা। রাঙানো। খাদ দেওয়া। জোড়াতালি দেওয়া। গোঁজামিল দেওয়া। ভেজাল দেওয়া। ভেজাল মিশানো।

বিণ. মিশ্র বিমিশ্র মিশ্রিত সংমিশ্রিত সম্মিশ্র। লিপ্ত পৃক্ত অক্ত সম্পৃক্ত সংসক্ত কলিল। সংকুল সমাকীর্ণ। লীন। সংকর দোআঁশলা। যৌগ। যৌগিক। রাসায়নিক। যুক্ত একশা একাকার মিলিত। রংবেরং। হরেকরকম। বিচিত্র পাঁচমিশেলি। সাড়েবত্রিশভাজা। বাছবিচারহীন। অবিশুদ্ধ দুনম্বরি।

ক্রি–বিণ. সবমিলিয়ে। এলোপাতাড়ি একাধারে।

৪২। অমিশ্রণ

বি. অমিশ্রণ শুদ্ধতা বিশুদ্ধতা। একজাতীয়তা। সমসত্ত্বতা। মৌলিকতা। মূলপদার্থ রূঢ়পদার্থ। বাছাই ছাঁটাই কাঁড়ানো পরিষ্করণ শোধন পরিশোধন (৬৬১)।

ক্রি. না মিশানো। বিশুদ্ধ রাখা। পরিষ্কার করা (৬৬১)। বাছা ছাঁটা বা কাঁড়া।

বিণ. অমিশ্র অবিমিশ্র অমিশ্রিত। সমসত্ত্ব। সমজাতীয় একজাতীয় সমশ্রেণী আহেল আহেলী অকৃত্রিম আসল মৌলিক সাচ্চা। শুদ্ধ বিশুদ্ধ পরিশুদ্ধ খাঁটি পবিত্র পাক। খাস। নির্দোষ। নিখাদ খাদহীন নির্ভেজাল। নির্ভাঁজ। নির্জলা। পাক্কা। সাদা শুধু নিট। সাঁচি কেবল সেরেফ নিছক। একদম একমাত্র। পরিষ্কৃত শোধিত (৬৬১)।

৪৩। সংযোগ

বি. সংযোগ সংযুগ সংযুক্তি সংশ্লেষ। সঙ্গম সমাসঙ্গ সমাসক্তি সঙ্গ সংসৃতি। যোজ্যতা নির্বন্ধ মিলন জোড় বিবাহ। মোহনা যোগাযোগ সম্মেলন পুনর্মিলন। সমাবেশ (৭০)। সংসক্তি (৪৬)। সংযোজন জোড়া সমাবন্ধ (৪৮)। জোড়কলম।

যোজক শৃঙ্খল শিকল গ্রন্থি বন্ধন যোগ। সম্ভাবনা সংকট অত্যয়। জরুরি অবস্থা। উভয়সংকট। সংঘটন। দরজি। চামার।

ক্রি. যুক্ত মিলিত এক বা একত্র করা। সংযোগ সাধন বা স্থাপন করা। বাঁধা। গাঁথা। শক্ত করা। কাঁটা স্ক্রু বল্টু পেরেক বা গজাল মারা। বোতাম চেন বা শিকল লাগানো। সেলাই সীবন বা রিফু করা। জোয়াল দেওয়া। মিলন ঘটানো। জোড় মেলা বা খাওয়া। কলম বসানো লাগানো বা পোঁতা। জড়ানো। মিশানো। জোড়া দেওয়া। পান বা ঝাল দেওয়া। সিমেন্ট বা সুরকি লাগানো (৪৬)।

বিণ. যুক্ত সংযুক্ত। মিলিত। যুগ্ম। যৌথ এজমালি। একান্নবর্তী। শক্ত। সংসক্ত। জড়িত শ্লিষ্ট সংশ্লিষ্ট। খচিত। অবিচ্ছিন্ন অকাট্য অচ্ছেদ্য অবিচ্ছেদ্য অবিভাজ্য অভঙ্গুর। আকাটা অকর্তিত অচ্ছিন্ন অবিভক্ত অখণ্ডিত। ওতপ্রোত। একত্র বদ্ধ আবদ্ধ নিবদ্ধ সংবদ্ধ সন্নদ্ধ শৃঙ্খলিত গ্রন্থিবদ্ধ সংবলিত।

ক্রি-বিণ. যুক্তভাবে একত্রে একজোটে একযোগে একসঙ্গে একসাথে।

৪৪। অসংযোগ

বি. অসংযোগ অসংযুক্তি বিশ্লেষ। সম্পর্কচ্ছেদ বিভেদ বিষঙ্গ। ছেদ (৬৯)। স্বাতন্ত্র্য বিচ্ছিন্নতা। বেষ্টন। বিক্ষেপণ। বিচ্ছেদ বিচ্ছিত্তি ছাড়াছাড়ি। বিয়োগ পৃথকীকরণ। ফারকত তালাক। বিভাজন হরণ ভাগ বিভাগ। ভঙ্গ ভেদ ছিদ্র। ভঙ্গন খণ্ডন ছেদন কাটন কর্তন শাতন তক্ষণ বিদারণ। অঙ্গহানি। বিশ্লেষণ ব্যবচ্ছেদ। বিগলন সম্ভেদ। ফাঁক ফাট ফাটল বিদার চির। ছেদক কর্তক খণ্ডক ত্রোটক। জাঁতি কাঁচি কুড়াল।

ক্রি. অসংযুক্ত করা। সম্বন্ধ বা সম্পর্ক ছিন্ন করা। আলাদা বা পৃথক্ করা। বিভেদ সৃষ্টি করা। ছাড়াছাড়ি করা। বেড়া দেওয়া। ভাগ বা বিভাগ করা। বিয়োগ করা। ছাঁটা। ছেঁড়া। ফাড়া। ছিন্নবিচ্ছিন্ন বা ছিন্নভিন্ন করা। খণ্ড করা। খণ্ডখণ্ড করা। ভাঙা। কাটা। ফাটা। চেরা। চেলানো। চিরে ফেলা। ফাঁসানো। হাঁসানো। চাঁচা। ছোলা। চাঁছানো। ছোলানো। ছাড়ানো। কুরা। কোটা। কুঁদা। কোঁদা। বাঁটোয়ারা বা সাহাম করা। অঙ্গহানি হওয়া। পচা শটা বা গলা। ছড়ানো। স্থানচ্যুতি ঘটা। ছড়িয়ে পড়া। বিক্ষিপ্ত বা বিকীর্ণ হওয়া।

বিণ. বিযুক্ত বিচ্ছিন্ন। ছিন্নভিন্ন শতছিন্ন ছেঁড়া জীর্ণ। চীর্ণ বিদীর্ণ খণ্ডিত ভগ্ন। আলাদা পৃথক্ ঠাইঠাই। মুক্ত। চ্যুত বিচ্যুত গ্রন্থিচ্যুত বন্ধনহীন বল্গাহীন। বিভক্ত বিভাজিত।

৪৫। বন্ধন

বি. বন্ধন বাঁধন বন্ধনী বাঁধুনি বাঁধ ছাঁদন কষণ সন্নিবন্ধ সন্নিবন্ধন। রেখাবন্ধনী মাত্রাবন্ধনী। যোগ সংযোগ (৪৩)। সম্বন্ধ সম্পর্ক। গ্রন্থন গ্রথন গাঁথন গাঁথুনি। গ্রন্থি গাঁট গিট গিরা গেরো। পোস্তা। শৃঙ্খল ফাঁস পাশ। নোঙর। হাইফেন। সেতু ব্রিজ সাঁকো কালভার্ট পোল কালবুদ পুল সেতুবন্ধ। সূত্র সুতা ডোর দড়ি ফিতা বকলস শিকল চেন (২০৪)। জোয়াল। ব্যান্ড হস্তবন্ধ কোমরবন্ধ বেল্ট। কবজা। সিমেন্ট চুনসুরকি আঠা গঁদ লেই কাই সিরিশ। পলস্তরা পুটিং। খাদ পান রাংঝাল। ওয়েল্ডিং ব্রেজিং। কামড়ি কাপটি খামটি। পিন সেফটিপিন।

ক্রি. বাঁধা। গাঁথা। জোড়া দেওয়া। ঝালাই করা। আঁটা। কষা। সাঁটা। ফোঁড়া সেলাই করা। টাঁকা। তাপ্পী দেওয়া কামড়ে ধরা। জড়িয়ে ধরা। সাপটানো।

বিণ. বদ্ধ বাঁধা গাঁথা গ্রথিত। খচিত। প্রোত বদ্ধ নিবদ্ধ। সাত পাকে বাঁধা আষ্টেপৃষ্ঠে বাঁধা। সন্নদ্ধ। সম্বদ্ধ। অবিদীর্ণ। অবিদ্ধ।

৪৬। সংসক্তি

বি. সংসক্তি সক্তি আসক্তি সংহতি সংযোজনশীলতা। আঁট আঁটুনি গাঁথুনি। সংলেপ। সংলিপ্ততা সংলগ্নতা সংশ্লিষ্টতা। যোজ্যতা। সংযোগ। অচ্ছেদ্যতা অবিচ্ছেদ্যতা। দৃঢ়তা কাঠিন্য। ঘনতা গাঢ়তা নিবিড়তা।

ক্রি. আঁটা। কষা। লাগানো। আঠা দেওয়া। সিমেন্ট বা সুরকি লাগানো। জোড়া দেওয়া। আঁজি দেওয়া। পান ঝাল বা রাংঝাল দেওয়া। জোড়া লাগানো। জমানো।

বিণ. সক্ত সংসক্ত। যুক্ত সংযুক্ত। সংহত। ব্যাসক্ত। এঁটেল আঠালো (৩৪৯)। ঘন দৃঢ় দড় পোক্ত পাকা মজবুত খাপী। নিবিড় সান্দ্র। জমাট গাঢ়। আঁটসাঁট লাগাও লাগোয়া। লিপ্ত সংলিপ্ত। খচিত।

৪৭। অসংসক্তি

বি. অসংসক্তি অসংহতি অসংলগ্নতা শিথিলতা শৈথিল্য তরলতা তারল্য। ভঞ্জনীয়তা। অসংযোগ (৪৪)।

ক্রি. আলগা ঢিলা বা শিথিল করা। আঠা ছাড়ানো। আলাদা বা পৃথক করা (৪৪)। ছাড়া।

বিণ. অসংসক্ত অসংলগ্ন অস্পৃষ্ট শিথিল আলগা নড়বড়ে। আলগোছ আলতো। ঢিল ঢিলেঢালা ঢোলা ঢলঢলে। বেফাঁস। অসম্বদ্ধ বিলোল সম্পর্কহীন। বিচ্ছিন্ন। তরল হাল্‌কা। গলিত দ্রব দ্রবীভূত। ফাঁক সান্তর ফাঁপা। ফসকা। এলায়িত এলো আলুলায়িত। ছাড়া। ছাড়াছাড়া। ভঙ্গুর (৩৫০)। ভসকা।

৪৮। সমাবদ্ধ

বি. সমাবদ্ধ মিশ্রণ (৪১)। সংযুক্তি (৪৩)। ঐক্য একত্রীকরণ একতা ঐক্যবদ্ধতা সংহতি সমন্বয় অন্বয়। একীভাব ঐকাত্ম্য একাত্মতা একত্ব একীভবন। মেল মেলা মিলন মেলন যোজন সংযোজন সংমিশ্রণ সম্মিলন সংশ্লেষণ। চোলাই পাতন। কেন্দ্রীকরণ। সংকরধাতু পারদসংকর পারদমিশ্র। সংযুতি সমবায়। খাদ পান ঝাল।

ক্রি. যুক্ত বা সংযুক্ত করা। মিশ্রিত করা। মেশানো। খাদ দেওয়া। খাদ মেশানো। একত্র বা মিলিত করা। জমানো। কেন্দ্রীকরণ করা। জোড়া লাগানো। মেলানো। ঝালাই করা। সংঘবদ্ধ করা। সমিতিবদ্ধ করা। একত্র করা। জোটানো।

বিণ. সমাবদ্ধ সংঘবদ্ধ। ঐক্যবদ্ধ জোটবদ্ধ। সম্মিলিত সমবেত যুক্ত। সংহিত।

৪৯। বিশ্লেষণ

বি. বিশ্লেষণ ব্যবচ্ছেদ বিগঠন বিঘটন ভাঙন সম্পর্কচ্ছেদ (৪৭)। বিগলন দ্রবণ দ্রাবণ। ক্ষয় অবক্ষয়। শটন পচন বিক্রিয়া বিকার বিকৃতি।

ক্রি. বিশ্লেষ বা ব্যবচ্ছেদ করা। ভাঙা। ভেঙে দেওয়া। ছড়িয়ে দেওয়া। চূর্ণবিচূর্ণ করা। ধূলিসাৎ করা। ক্ষয় হওয়া। গলা। শটা। পচা। দুর্গন্ধ হওয়া।

বিণ. বিশ্লিষ্ট বিভাজিত বিচ্ছিন্ন (৪৭)। অসংশ্লিষ্ট। বিশ্লেষিত।

৫০। সাকল্য

বি. সাকল্য সামগ্র্য সমগ্রতা সামগ্রিকতা সমুচয়তা সমুদায়তা। পূর্ণ,-তা,-ত্ব (৫২)। সম্পূর্ণতা। সমাহার সমষ্টি সমূহ নিকর মণ্ডলী নিকায় নিবহ প্রচয় নিচয় চয় সম্ভার কলাপ আবলি সকল্য পটল বর্গ মালা রাজি বৃন্দ মণ্ডলী গণ কুল দল গ্রাম রাশি

পুঞ্জ। দিগর গয়রহ। মোট একুন। পিণ্ড ডেলা। থান। খুঁটিনাটি পুঙ্খানুপুঙ্খতা।

ক্রি. সাকল্য বা সামগ্র্য সাধন করা। যোগ করা। মোট বা একুন নির্ধারণ বা নিরূপণ করা।

বিণ. সকল সমগ্র সব সর্ব সমস্ত তামাম যাবতীয় সারা সমুদয় সমুদায় সমুচয় সমুচ্চয় সমূহ। সম্পূর্ণ বিলকুল বেবাক একদম। পূর্ণ পরিপূর্ণ ভরা ভরতি পুরো পুরোপুরি। মোট মবলগ হদ্দ পাইকারী। সর্বাঙ্গ। ষোলআনা। অক্ষ আস্ত গোটা আগাগোড়া আদ্যন্ত আদ্যোপান্ত আদ্যপ্রান্ত আগাপাস্তলা এমুড়ো-ওমুড়ো লেজামুড়ো হাড়হদ্দ সমূল। অখণ্ড অক্ষত। অভগ্ন অক্ষুণ্ন অচূর্ণ নিরেট। আকাট। নিখাদ। অখিল নিখিল। সামগ্রিক সার্ব সার্বিক সর্বাত্মক সর্বময় সর্বসমেত। সপরিবার।

ক্রি-বিণ. মোটে। সাকুল্যে একুনে মবলগে সবসুদ্ধ বেলযোক্তা বিলকুল সর্বসমেত সর্বসাকুল্যে। সবটা মোটমাট সর্বমোট প্রধানত মূলত। একদম একেবারে। সর্বাংশে। সম্যক। এমন কী। মায়।

৫১। অংশ

বি. অংশ অংশন খণ্ড ভাগ পার্ট। অংশাংশ। সমাংশ সমানংশ একাংশ খণ্ডিতাংশ কিয়দংশ ভগ্নাংশ। অনেকাংশ অধিকাংশ বহুলাংশ সিংহভাগ। চাপ। দিক দিগর অঞ্চল তল্লাট। বিষয়। বিশেষ। ব্যষ্টি। বিভাগ অনুবিভাগ। বৃত্তকলা বৃত্তাংশ। ভাঙচুর কণা কণিকা অণুপরমাণু। উপকরণ। অধ্যায় প্রকরণ পরিচ্ছেদ সর্গ পর্ব কাণ্ড। পদ পঙ্‌ক্তি চরণ শ্লোক। খণ্ড টুকরা। কিতা। স্লাইস। গ্রাস মুষ্টি। জুজ ফর্মা। ধারা উপধারা শর্ত। কিস্তি দফা বার ক্ষেপ চোট। হিস্যা বখরা ভাগ সাহাম। শেয়ার ডিভিডেন্ড। শাখা উপশাখা প্রশাখা পাব গ্রন্থি গিঁট ডাল লতা পাতা। লতাপাতা ডালপালা। অঙ্গ প্রত্যঙ্গ অঙ্গপ্রত্যঙ্গ। ঊর্ধ্বাঙ্গ। নিম্নাঙ্গ ধড়। ভুজ বাহু কর হস্ত হাত। পদ পা পাদ চরণ। স্কন্ধ কাঁধ। মস্তক মাথা শির। ডানা পক্ষ পাখনা। কানকো। লেজ। ষড়ঙ্গ: মস্তক হস্তদ্বয় কোমর চরণদ্বয়। প্রস্ত সেট। সুট। সভ্য সদস্য মেম্বর।

ক্রি. অংশ বা ভাগ করা। অংশানো। বন্টন বিভাগ বা বাঁটোয়ারা করা। সাহাম করা (৭৮৪)। খণ্ড করা (৪৪)।

বিণ. ভগ্নাংশিক টুকরাটুকরা খণ্ডখণ্ড। কিছু কিয়ৎ। আংশিক অসম্পূর্ণ। এক,-প্রস্থ,-দফা,-কিস্তি, -চোট। কাটা টুটা ছেঁড়া ছাঁটা। অংশনীয় বিভাগীয়। বিভাজ্য। বিভক্ত বন্টিত বহুধা। দ্রবণীয় দ্রাব্য।

ক্রি-বিণ. অংশত অংশে অংশেঅংশে। কিয়দংশে আংশিকভাবে। কিছু বা অল্প পরিমাণে বা মাত্রায়। কিস্তিতে দফে বারে।

৫২। পূর্ণতা

বি. পূর্ণ,-তা,-ত্ব। সম্পূর্ণতা পরিপূর্ণতা। পারায়ণ। অখণ্ডতা। সমাধা সমাধান সিদ্ধি সংসিদ্ধি (৬৯৭)। পূরণ পূর্তি পরিপূরণ ভরা ভরতি সংপৃক্তি পরিপৃক্তি। সাকল্য (৫০) সামগ্র্য। উৎকর্ষ (৬৫৯)। সংহতি ঐক্য একাট্টা। জোয়ার। পুঙ্খানুপুঙ্খতা।

ক্রি. পূর্ণ বা সম্পূর্ণ করা। সম্পাদন করা (৬৯৭)। পূর্ণ করা। পোরা। পুরা। পূরণ করা। পুরোনো। পরিপূর্ণ করা। ভরা। ভরতি করা। ঠাসা। গাদা। থাসা।

বিণ. পূর্ণ পরিপূর্ণ সম্পূর্ণ। পুরতি পুরন্ত পুরা পুরো। অখণ্ড আমূল অবিভক্ত। সর্বাঙ্গীন। চরম পরম। ভর্তি ভরা ভরাট ভরপুর টইটম্বুর টইটই কানায়কানায় গলায়গলায় ঠাসাঠাসি। সম্পৃক্ত পরিপৃক্ত। পুরোপুরি পুরাদস্তর। বিলকুল। চারপোয়া ষোলআনা ষোলকলা। সকল সমগ্র।

আগাগোড়া লেজামুড়া। সম্পন্ন নিষ্পন্ন। সাঙ্গ সিদ্ধ হাসিল। পূর্ণাঙ্গ পূর্ণাবয়ব নিটোল। পরিণত পাকা পক্ক পরিপক্ক পূর্ণপক্ক সুপক্ক। অখণ্ডনীয় অবিভাজ্য অকর্তনীয় অকাট্য। পূরক পরিপূরক সম্পূরক।
ক্রি-বিণ. সম্পূর্ণভাবে। সকল ব্যাপারে। প্রতি ব্যাপারে বা বিষয়ে। সর্বতোভাবে। সর্বদা। সর্বসাকুল্যে। আপাদমস্তক। সবিস্তার সবিস্তারে। সর্বাংশে। সম্যক। পুঙ্খানুপুঙ্খ আনুপুঙ্খিক সানুপুঙ্খ।

৫৩। অপূর্ণতা

বি. অপূর্ণতা অসম্পূর্ণতা। অপরিপূর্ণতা অসমুদায়। অসম্পাদন অসমাপ্তি। অভাব। ন্যূনতা অল্পতা অপ্রতুলতা টান টানাটানি অনটন চাহিদা অপকর্ষ (৬৭০)। অপক্কতা। দোষ গলদ ভুল ত্রুটি ঘাটতি কমতি চ্যুতি ছেদ (৬৯)। হারানো সূত্র।
ক্রি. অপূর্ণ বা অসম্পূর্ণ থাকা বা হওয়া বা রাখা। ছেদ পড়া। সূত্র হারানো। কম পড়া (৬৪২)।
বিণ. অপূর্ণ অপরিপূর্ণ অসম্পূর্ণ বাকি কাঁচা দুষ্ট। কম। খাপছাড়া। অপক্ক। আংশিক অধিকাংশ(৫১)। অংশিত খণ্ডিত ভগ্ন ভাঙা কীটদষ্ট। অসম্পন্ন অনিষ্পন্ন অসমাপ্ত। প্রান্তিক। নির্ভরশীল।

৫৪। রচনা

বি. রচনা সংস্থিতি সংবিধান সমাবন্ধ (৪৮)। সংঘটন গঠন (৩৫১) রচন বিধান নির্মাণ প্রতিষ্ঠা গ্রন্থন গাঁথন গাঁথুনি বয়ন বিরচন প্রণয়ন। গ্রহণ ধারণ বহন। সংগ্রহ সংকলন। উদ্ভাবন আবিষ্কার সৃষ্টি। লেখন রূপায়ণ অঙ্কন চিত্রণ (৫৬৭)। খোদাই (৫৬৮)। অক্ষরবিন্যাস মুদ্রাবিন্যাস (৫৯৩)।
ক্রি. রচা। রচনা। অন্তর্ভুক্ত করা (৭৩)। নেওয়া। গ্রহণ করা। ধরা। মিলানো। মিশানো। যোগসাধন করা। রূপ বা আকার দেওয়া। প্রস্তুত তৈরি নির্মাণ গঠন বা গ্রন্থন করা। বানানো। গড়া। গাঁথা। বয়ন করা। বোনা। বুনানো। সংকলন উদ্ভাবন আবিষ্কার বা সৃষ্টি করা। লেখা। আঁকা। খোদাই করা।
বিণ. রচিত বিরচিত। নির্মিত গঠিত (৩৫১)।

৫৫। বর্জন

বি. বর্জন পরিহার বহিষ্কার ত্যাগ পরিত্যাগ বাদ (৬১৫) ছোড়ন ছাড়ন দূরীকরণ। নিষ্কাশন। অপসারণ প্রতিসারণ। বাতিল। খারিজ প্রত্যাহার প্রত্যাখ্যান। নির্বাসন। প্রতিষেধ। নিষেধ বাধা। তালাবদ্ধ চাকাবন্ধ ধর্মঘট। বয়কট। পৃথকীকরণ আলাদাকরণ।
ক্রি. বর্জন পরিহার ত্যাগ বা পরিত্যাগ করা। বহিষ্কার নিষ্কাশন বা অপসারণ করা। ছাড়া। বাদ দেওয়া বা করা। খারিজ করা। কেটে দেওয়া বা ফেলা। রদ বা প্রত্যাহার করা। অবহেলা করা। তাড়িয়ে দেওয়া (৭৪)। আলাদা করা (৪৪)।
বিণ. বর্জিত ত্যক্ত পরিত্যক্ত। উচ্ছিষ্ট। বর্জনীয় পরিহার্য ত্যাজ্য পরিত্যাজ্য। অগ্রাহ্য। বাতিল নাকচ খারিজ রদ রহিত। বহিষ্কারক প্রতিরোধক নিবারক প্রতিষেধক।

৫৬। বহিস্থতা

বি. বহিস্থতা বাহ্যিকতা। বাহির (২১৯) বহির্ভাগ। বহির্দেশ। বাহ্য,-জগৎ,-দৃষ্টি। বহির্বিশ্ব বহির্জগৎ। বিদেশ পর,-দেশ,-ভূমি বিদেশবিভূঁই বিভূঁই বিলেত বিলাত। অন্য,ভিন্ন,-দেশ। দেশবিদেশ নানাদেশ। প্রবাস প্রবসন প্রবাসন। উদ্বসন উদ্বাসন দেশত্যাগ। দেশান্তর। সাগরপাড়ি। কালাপানিপার

সমুদ্রযাত্রা। পাসপোর্ট ছাড়পত্র ভিসা। বহির্দ্বার বহির্বাটি। আড়বাড়ি বাহিরমহল। উপান্ত। বাহ্য,–বস্তু,–প্রকৃতি,–আচরণ। বহিষ্করণ দূরীকরণ নির্বাসন। বৈদেশিক,–নীতি,–বাণিজ্য,–মুদ্রা। অনার্য যবন ম্লেচ্ছ।

বিণ. বাহ্য বাহ্যিক বহিঃস্থ। বহির্গত বহির্ভূত। বহিষ্কৃত বহিষ্ক্রান্ত। প্রবসতি দেশান্তরিত। পারদেশ্য। প্রোষিত। বহিরঙ্গ বহির্মুখ। বিদেশী প্রবাসী অনাবাসী ভিনদেশী পরদেশী বেগানা। অবাঙালি। বিহারী মেড়ো। বিলেতি বিলেতফেরত। আগন্তুক। বহিরাগত বাস্তুহারা শরণার্থী মোহাজের রিফ্যুজি উদ্বাস্তু। পরক। নবাগত। বর্বর।

ক্রি–বিণ. বিদেশে প্রবাসে সাগরপারে।

৫৭। শৃঙ্খলা

বি. শৃঙ্খলা সুশৃঙ্খলা শৃঙ্খলপরায়ণতা ডিসিপ্লিন নিয়মানুগততা। সমরূপতা সমরূপত্ব একরূপতা একরূপত্ব। প্রতিসাম্য সমন্বয় সামঞ্জস্য। ধারাবাহিকতা। বার ক্ষেপ। রুটিন সময়সারণি টাইমটেবিল (১৩৬)। বিধা বিধি বিধান। প্রথা ধরন নিয়ম তরতিব প্রণালী। কায়দা ধারা রীতি। বিন্যাস বিলি ব্যবস্থা। পাটি পারিপাট্য। শাসন কড়াকড়ি। পাঁতি পঙ্‌ক্তি সারি লাইন কিউ। বর্গ শ্রেণী। আচার অভ্যাস। তন্ত্র পদ্ধতি। মিতাচার মিতব্যয়। বিনয়। নিয়মানুবর্তিতা (১৩৬)। অধস্তনতা। ক্রম মাত্রা ধাপ। প্রগতি। ক্রমান্বয় সিরিজ (৬৮)। পদ মাত্রা।

ক্রি. শৃঙ্খলা রক্ষা করা। বিন্যস্ত করা। নিয়মিত করা। নির্ধারিত বা সাব্যস্ত করা। ব্যবস্থা বা বন্দোবস্ত করা।

বিণ. শৃঙ্খলাপূর্ণ শৃঙ্খলাপরায়ণ। নিয়মমাফিক নিয়মানুযায়ী। নিয়মিত। সুশৃঙ্খল বিন্যস্ত সুবিন্যস্ত পরিপাটি ফিটফাট ছিমছাম সমঞ্জস সুসমঞ্জস সুব্যবস্থিত গোছগাছ গোছালো দুরস্ত। ধারাবাহিক সাধারণ।

ক্রি.বিণ. সুশৃঙ্খলভাবে কিউ লাইন বা সার দিয়ে। সারিসারি সারে সারে সারিবদ্ধভাবে।

৫৮। বিশৃঙ্খলা

বি. বিশৃঙ্খলা অনিয়ম অনিয়মিততা ব্যত্যয় ব্যতিক্রম অন্যথা (৮০)। তাতা থৈ থৈ। অরাজকতা নৈরাজ্য নৈরাজ্যবাদ। যথেচ্ছাচার স্বেচ্ছাচার অমিতাচার (৯৫৬)। মগের মুলুক। অনৈক্য বিরোধ বিসংবাদ। অবিন্যাস অবন্দোবস্ত অব্যবস্থা বেবন্দোবস্ত বেবন্দেজ। খিটকেল। হাট ভজকট ছকড়া-নকড়া ছড়াছড়ি গড়াগড়ি জটিলতা গোল গ্যাঞ্জাম গণ্ডগোল গোলমাল পাক পাকচক্র সমস্যা জট। যানজট। ধাঁধা গোলকধাঁধা। ঘোঁট দঙ্গল জটলা। বিপর্যয় হট্টগোল দক্ষযজ্ঞ শ্রাদ্ধ ডামাডোল অশান্তি বিক্ষোভ হুজুগ হিড়িক হুলুস্থুল মাতামাতি দাপাদাপি। হৈচৈ উচ্ছৃঙ্খলতা। হরতাল বন্‌ধ্। বিপ্লব। দাঙ্গা হাঙ্গামা হুটোপাটি হুড়োহুড়ি হুজ্জত সংঘর্ষ উপদ্রব উৎপাত শয়তানি।

ক্রি. বিশৃঙ্খলা সৃষ্টি করা। আইন বা শৃঙ্খলা না মানা বা ভাঙা বা লঙ্ঘন করা। শান্তি ভঙ্গ করা। আগুন লাগা। জড়ানো। গুলানো। ঘুলানো। পাকানো। জগাখিচুড়ি পাকানো। তালগোল পাকানো। গোলমাল করা। এলোমেলো করা। আউলানো।

বিণ. বিশৃঙ্খল শৃঙ্খলাহীন। অরাজক শাসনহীন রাজাহীন অনিয়ন্ত্রিত নিয়ন্ত্রণহীন। অসাংবিধানিক সংবিধানবহির্ভূত। অবিধিবদ্ধ বেআইনি। অনিয়মিত নিয়মবহির্ভূত। অশান্তি,–কর,–পূর্ণ। বিভ্রান্তি,–কর,–মূলক। অবিন্যস্ত ছোড়ভঙ্গ বেগোছ

অগোছালো অব্যবস্থ গোলমেলে তালগোল জটিল জড়ানো জটপাকানো। বিদঘুটে আলুথালু বিস্রস্ত বিপর্যস্ত এলোমেলো এলোপাতাড়ি ছত্রাকার বিক্ষিপ্ত ওলটপালট। হাটুরে। লাট। উপদ্রুত। বিক্ষুব্ধ উচ্ছৃঙ্খল হাঙ্গামাপূর্ণ (১৭১)।
অব্য. লণ্ডভণ্ড তছনছ।

৫৯। বিন্যাস

বি. বিন্যাস সুবিন্যাস পারিপাট্য গোছগাছ। শৃঙ্খলা (৫৭)। বিভঙ্গ। প্রস্তুতি সংগঠন। সংস্থান সংস্থিতি। সংহতি। ভারসাম্য সামঞ্জস্য। উপায়। নিবেশ প্রয়োগ নিয়োগ বিনিয়োগ। বিলি বাছাই। বিভাজন। অংশাঙ্কন। ক্রম পর্যায় পালা মাত্রাবিন্যাস ক্রমবিন্যাস। ব্যবস্থা বন্দোবস্ত বন্দেজ। কেয়ারি। গণ বৃন্দ সংঘ সংস্থা মণ্ডলী। সংশ্লেষণ। শ্রেণী বিভাগ বর্গ নর সারি পঙ্‌ক্তি। তন্ত্র পদ্ধতি প্রণালী রীতি ধারা মার্গ পন্থা বাদ। নিবন্ধন সংকলন। ফরম ছক প্ল্যান পরিকল্পনা মনসুবা কর্মপদ্ধতি (৬৩২)। সংক্ষিপ্তসার (৬০০)। টেবিল সারণি নিবন্ধ রেজিস্টার (৫৬২)। আকার গঠন অবয়ব। শর্ত চুক্তি। বিলিব্যবস্থা।
ক্রি. বিন্যস্ত বা সুবিন্যস্ত করা। সাজানো। গোছানো। পরিপাটি করা। বিলি বন্দোবস্ত করা। ব্যবস্থা করা। প্রণালী রীতি বা ধারা অনুযায়ী কাজ করা। পদ্ধতি নির্ণয় করা। নিবেশন করা (৫৬২)। শ্রেণী বিভাগ করা। ফিরিস্তি সূচিপত্র বা নির্ঘণ্ট তৈরি করা। মাত্রা নির্ণয় করা। নিয়মিত করা। নিয়মাবদ্ধ বা শৃঙ্খলাবদ্ধ করা।
বিণ. বিন্যস্ত সুবিন্যস্ত সুশৃঙ্খল (৫৭)। গোছানো। সাজানো। কেতাদুরস্ত ছিমছাম ফিটফাট চোস্ত পরিপাটি। শ্রেণীবদ্ধ। গাঁথা। সন্নদ্ধ। নিবদ্ধ। সংগঠিত।

৬০। অবিন্যাস

বি. অবিন্যাস অবিন্যস্ততা অপারিপাট্য। অগোছ অগোছাল বেগোছ। অক্রম বিশৃঙ্খলা (৫৮)। উৎক্রম ব্যুৎক্রম প্রতিক্রম (২১৭)। ক্রমভঙ্গ। পর্যায়ভঙ্গ চ্যুতি। অব্যবস্থা অনবস্থা বেবন্দেজ বেবন্দোবস্ত। অসমৃদ্ধতা। নৈরাকার। হ-য-ব-র-ল। ধর্মঘট। ঘুরপাক ঘোরপেঁচ। অনিয়ম অরাজকতা। ডামাডোল হট্টগোল। গোলে হরিবোল। উপদ্রব। বিক্রিয়া বৈগুণ্য। উন্মত্ততা (৪৬৬)।
ক্রি. শৃঙ্খলা বা বিন্যাস নষ্ট করা। ভ্রংশ বা ভ্রষ্ট হওয়া। সন্ধিচ্যুত গ্রন্থিচ্যুত বা স্থানচ্যুত করা বা হওয়া। অস্থানে রাখা। হারানো। গোলমাল করা। তালগোল বা জগাখিচুড়ি পাকানো। ঘোলা করা। ঘুলানো। এলোমেলো বা উলটপালট করা। জড়ানো। পাকানো। জট পাকানো। জটিল করা। আটকানো। পাক খাওয়া। লাট খাওয়া। ভাঁজ পড়া। মোচড়ানো। দুমড়ানো (২৫৭)। পাগলামি করা। মাথা খারাপ করা। ছড়ানো। এলানো। মিশিয়ে ফেলা (৪১)। গোলানো। পণ্ড করা। মাটি করা। ভণ্ডুল করা। ভেস্তানো। তাসানো।
বিণ. অবিন্যস্ত অপরিপাটি ধাবড়া। বিশৃঙ্খল (৬০) বে,-তরতিব,-বন্দেজ,-বন্দোবস্ত। ছন্নছাড়া। শ্রীহীন লণ্ডভণ্ড তছনছ ভণ্ডুল। এলোমেলো আউলা আলুথালু এলো খোলা। উসকো খুসকো।
ক্রি-বিণ. তালেগোলে। গোলেমালে।

৬১। মানক্রম

বি. মানক্রম। পূর্বিতা (১১০) পূর্ববর্তিতা অগ্রবর্তিতা অগ্রগামিতা পূর্বগামিতা। নেতৃত্ব শ্রেষ্ঠত্ব (৩৪)। গুরুত্ব। ফলাফল। প্রস্তাব।

প্রাক্‌পরিচয় (৬৩)। প্রাধান্য পূর্বাধিকার। উপসর্গ। উপপদ। ভূমিকা। পূর্বাভাস। গৌরচন্দ্রিকা। স্বতঃস্ফূর্তি।

ক্রি. অগ্রে আগে বা প্রথমে আসা বা যাওয়া বা বলা। নেতৃত্ব দেওয়া। পথ দেখানো। সূচনা করা। প্রবর্তন করা। অগ্রাধিকার পাওয়া। প্রস্তাব দেওয়া। পূর্বাভাস দেওয়া। ভূমিকা দেওয়া। ভণিতা করা। গৌরচন্দ্রিকা ভাঁজা।

বিণ. পূর্ববর্তী পুরোবর্তী অগ্রবর্তী প্রাক্ (১১০)। উক্ত পূর্বোক্ত। প্রারম্ভিক (৬৩)।

ক্রি–বিণ. আগে। প্রথমে।

৬২। অনুক্রম

বি. অনুক্রম ক্রম পর্যায় পালা পারম্পর্য পৌর্বাপর্য পরম্পরা ক্রমান্বয় (৬৮) যথাক্রম ক্রমিকতা ক্রমানুসারিতা অনুপূর্ব আনুপূর্ব আনুপূর্বিকতা অনুলোম। ধারা ধারাবহ ধারাবাহিকতা। সূচি সূচিপত্র নির্ঘণ্ট সারণি। তালিকা (৮৩)। সারি পাঁতি পঙ্‌ক্তি লাইন। বর্ণানুক্রম। সংখ্যানুক্রম। মানানুসার। কালানুসারিতা। কালানুক্রমিকতা। কালানুবর্তিতা। প্রবাহ অনুবর্তিতা অনুসরণ অনবচ্ছেদ সম্প্রসারণ।

ক্রি. পরপর আসা বা হওয়া। অনুসরণ করা। পরে আসা। অনুসন্ধান করা। পরে যোগ দেওয়া। উপযোজন করা। মালা গাঁথা। সারি বাঁধা। কিউ করা।

বিণ. ক্রমিক অনুক্রমিক ক্রমানুযায়ী ক্রমানুসারী অনুপূর্ব আনুপূর্বিক যথাক্রমিক ক্রমাগত ক্রমায়ত ক্রমানুযায়ী। সারিবদ্ধ। তরতিবওয়ারি। ধারাবাহিক পরপর পরম্পর (৬৮)। পিঠাপিঠি। চক্রিক চক্রাকার। কালানুক্রমিক। কালানুবর্তী। পরবর্তী। শেষোক্ত। পশ্চাদ্‌বর্তী। একের পর এক। একে –একে।

ক্রি–বিণ. পরে পিছনে (২৩৪)। সারিসারি। একাদিক্রমে। কিউ ধরে বা করে।

৬৩। পূর্বভাগ

বি. পূর্বভাগ পুরোভাগ। প্রাক্‌পরিচয়। পূর্বপুরুষ। পূর্বসূরী। জ্যেষ্ঠ। অগ্রণী অগ্রগ পুরোগ আহ্বায়ক উদ্যোক্তা প্রবর্তক পথপ্রদর্শক পথিকৃৎ নেতা নায়ক সর্দার অধিনায়ক দলপতি প্রধান মাতব্বর মুরব্বি মণ্ডল। মুখপাত্র প্রতিনিধি। দূত অগ্রদূত। পূর্বলেখ পূর্বাভাস ভূমিকা অবতরণিকা। উপক্রমণিকা অনুক্রমণিকা মুখবন্ধ মুখপত্র। সূচনা আরম্ভ। শিরোনাম শিরনামা। প্রচ্ছদপট মলাট। পুরোভূমি। ভিত্তি বুনিয়াদ। প্রাক্কাল। উপক্রম প্রস্তুতি (৬৯৫)। প্রস্তাবনা ভণিতা গৌরচন্দ্রিকা। পূর্বকল্পনা (৫৩৪)। পূর্বলক্ষণ (৫৩৫)।

বিণ. অগ্রবর্তী পূর্ববর্তী। অগ্রগামী পুরোগামী পুরোগ অগ্রগ। অগ্রজ। প্রারম্ভিক। প্রাক্কালীন। ভূমিকাস্বরূপ। ভূমিকাসংক্রান্ত। প্রাথমিক। প্রস্তুতিমূলক উদ্যোগমূলক। পূর্বোক্ত উপরোক্ত। উল্লিখিত। উদ্দিষ্ট।

৬৪। উত্তরভাগ

বি. উত্তরভাগ শেষভাগ। শেষ পরিচ্ছেদ। উপসংহার পরিশিষ্ট। ক্রোড়াঙ্ক ক্রোড়পত্র। উপবৃদ্ধি উপাঙ্গ। প্রত্যয় বিভক্তি। পশ্চাদংশ লেজ। কিউ। পশ্চাৎ পৃষ্ঠ পিঠ পিছন। উত্তরপুরুষ। উত্তরাধিকার। উত্তরক্রিয়া উত্তরচিন্তা পশ্চাৎচিন্তা অনুচিন্তা। পশ্চাত্তাপ অনুতাপ। পুনর্বিবেচনা। পরিণাম পরিণতি পরিশেষ। অনুসারী ভক্ত শিষ্য। মক্কেল। চাটুকার। পারিষদ। পরগাছা।

বিণ. পরবর্তী। পশ্চাদ্,–বর্তী,–গামী। অনুজ। উত্তরবিজ্ঞ।

ক্রি.বিণ. পরে শেষে।

৬৫। আরম্ভ

বি. আরম্ভ আরম্ভণ প্রারম্ভ সমারম্ভ উপক্রম অনুবন্ধ প্রমুখ শুরু সূচন সূচনা সূত্রপাত (৬৩)। উপক্রমণিকা অবতরণিকা মুখবন্ধ প্রস্তাব গৌরচন্দ্রিকা ভূমিকা প্রস্তাবনা উত্থাপনা অবতারণা। উদ্বোধন অভিষেক মহরত বিসমিল্লাহ। উদ্‌ঘাটন যবনিকা-উত্তোলন। উত্তোলন। উৎপত্তি সমুৎপত্তি। উদয় সমুদয় অভ্যুদয়। উদ্ভব সমুদ্ভব। উদ্‌গম সমুদ্‌গম উন্মেষ উন্মীলন প্রকাশ। উদ্রেক সঞ্চার ফোটন প্রস্ফুটন। বিকাশ প্রসার বিস্তার পূর্বাভাস উপলক্ষণ উত্থান আবির্ভাব প্রাদুর্ভাব। ভিত ভিত্তি বুনিয়াদ। ভিত্তিপ্রস্তরস্থাপন। দ্বারোদ্‌ঘাটন। অনুষ্ঠান শুভসূচনা শুভারম্ভ। শুভযোগ। উদ্যম উদ্যোগ। প্রস্তুতি প্রবর্তন প্রবর্তনা। পত্তন প্রতিস্থাপন সংস্থাপন। দীক্ষা। উপস্থাপন। প্রথমচাল। পদক্ষেপ। উষালগ্ন (১১৯)। আদি উৎস মূল (১৫১)। কুঁড়ি কলি মুকুল বউল মঞ্জরি শীষ। অঙ্কুর ভ্রূণ প্রসূন জরায়ু। জন্ম। সৃষ্টি। আঁতুড়ঘর। শৈশব। শীর্ষ শিরোনাম নামপত্র। সম্মুখ (২৩৩)। প্রবেশ প্রবেশপথ খাড়ি মুখ। তোরণ দরজা দ্বারপ্রান্ত চৌকাঠ ফটক দেউড়ি। সীমান্ত। মৌল। উপাদান। খসড়া। মূলসূত্র। মূলতত্ত্ব। ব্যাকরণ। হাতেখড়ি। অ-আ-ক-খ। প্রবেশিকা।

ক্রি. আরম্ভ শুরু সূচনা বা সূত্রপাত করা। ভিত গাড়া। ভিত্তিস্থাপন করা। প্রচলন করা। দ্বারোদ্‌ঘাটন করা। ফিতে কাটা। যবনিকা উত্তোলন করা। ধরা। ওঠা। যাত্রা করা (২৮৮)। উদ্যোগ করা (৬৯০)। তেলেনা ভাঁজা। আনা। পথ দেখানো উদ্বোধন করা। প্রস্তুতি নেওয়া (৬৯৫)। খোলা। জন্ম দেওয়া। আবির্ভাব হওয়া। প্রাদুর্ভাব হওয়া। অঙ্কুর গজানো। ফোটা। প্রস্ফুটিত হওয়া। পুনরায় শুরু করা বা গোড়া থেকে শুরু করা। কেঁচে গণ্ডূষ করা।

বিণ. প্রারম্ভিক উপক্রমিক উপক্রান্ত প্রারব্ধ আরব্ধ সমারব্ধ রব্ধ সূচিত কৃতারম্ভ প্রক্রান্ত। আরভমাণ প্রাথমিক। উদিত অভ্যুদিত উদ্‌গত সমুদ্‌গত উত্থিত অভ্যুত্থিত। উদ্ভূত উদ্ভিন্ন উন্মেষিত উন্মীলিত। উৎপতিত উৎপন্ন উৎপাদিত। স্থাপিত প্রতিষ্ঠাপিত সংস্থাপিত প্রবর্তিত। আবিষ্কৃত উদ্ভাবিত। আভ্যুদয়িক উঠন্ত উদীয়মান উপক্রমমান প্রবর্তমান। বুনিয়াদি। আদি আদ্য আদিভূত আদিম। প্রাগৈতিহাসিক (১১৮)। প্রথম। প্রধান। শীর্ষস্থানীয় সম্মুখবর্তী নেতৃস্থানীয়। উদ্যোগী সূচক সূচনাকারী প্রতিষ্ঠাতা স্থাপয়িতা প্রবর্তক উদ্বোধক।

৬৬। শেষ

বি. শেষ অন্ত অস্ত অবসান সায় নির্বাণ। অবশেষ। ইতি। সমাপ্তি পরিসমাপ্তি তামামি খতম। সীমা পরিসীমা অবধি অন্তর চরম পরাকাষ্ঠা। পূর্ণতা সম্পূর্ণতা পরিপূর্তি পূর্তি। কাবার পাচার উজাড় সাবাড়। পর্যবসান আখের পরিণতি পরিণাম নতিজা। শেষাংশ উপসংহার পরিশেষ পরিশিষ্ট। তামামশোধ। হিসাবনিকাশ। যবনিকাপতন। সমাধা সমাধান সমাপন সম্পাদন নিষ্পাদন নির্বাহ। ক্ষান্তি নিবৃত্তি ছেদ। বিদায়। ইস্তফা। লুপ্তি অবলুপ্তি বিলুপ্তি। রফা মীমাংসা নিষ্পত্তি। বিচ্ছেদ। লক্ষ্য গন্তব্যস্থল। কূলকিনারা সবশেষ। মকসুদমঞ্জিল। শেষ মোকাম। শেষ যাত্রা। অগস্ত্যযাত্রা। সন্ধ্যা জীবনসন্ধ্যা জীবন-সায়াহ্ন। নাভিশ্বাস। শেষ অবস্থা। শেষ দশা। মৃত্যু (৪০০)। আখেরাত রোজকেয়ামত শেষদিন।

ক্রি. শেষ হওয়া বা ফুরানো। শেষ করা। চুকানো। ঘুচানো। মেটানো। শোধ করা। বন্ধ হওয়া বা করা।

লক্ষ্য অর্জন করা। লক্ষ্যে উপনীত হওয়া বা পৌঁছানো। ক্ষান্ত হওয়া। ক্ষান্তি দেওয়া। অবসান ঘটা। সাঙ্গ করা। সম্পাদন করা (৬৯৭)। থামা (১৪০)। ফুরানো। দিন ঘনানো। নেভা। মৃত্যু হওয়া (৪০০)। ধ্বংস হওয়া (১৬০)।

বিণ. শেষ আখেরি অন্ত্য অন্তক সমাপক চরম চূড়ান্ত। সমাপ্ত পরিসমাপ্ত খতম। পর্যবসিত পরিণত পরিপূর্ণ। সাঙ্গ নিষ্পন্ন সম্পন্ন সম্পাদিত নির্বাহিত কৃতশেষ সমাপিত। অবসিত অবসানপ্রাপ্ত। অস্তমিত। অন্তিম। শেষের। প্রান্তিক। বিলুপ্ত অবলুপ্ত। নির্বাপিত। নিঃশেষিত। উজাড় কাবার সাবাড় পাচার। কনিষ্ঠ। শেষোক্ত। শেষাশেষি সমাপ্তপ্রায়।

ক্রি-বিণ. শেষে অবশেষে পরিশেষে সবশেষে। আখেরে। শেষাশেষি। শেষ নাগাদ।

৬৭। মধ্য

বি. মধ্য মাঝ মাঝার। ভেতর অন্তর অভ্যন্তর অন্তঃ অন্তস্তল। কেন্দ্র (২২১)। মধ্যবিন্দু। ভরকেন্দ্র। ভূমধ্য। মধ্য,-দেশ,-প্রদেশ,-ভাগ,-স্থল,-রেখা। অক্ষ। বিষুব বিষুবরেখা। মধ্যস্থাপন (২২৭)। মধ্যপদ। মধ্যকাল। মধ্যাহ্ন। মধ্যরাত্রি। মধ্যমাস। অন্তঃসার। মাধ্যম। গড় (৩০)। মধ্যপন্থা। মধ্যবর্তিতা। মধ্যস্থতা। নিরপেক্ষতা। মীমাংসা। সমান্তরতা। সমদ্বিখণ্ডন। কোমর কটি মধ্যচ্ছদা।

বিণ. মধ্য,-স্থ,-স্থিত,-বর্তী মাঝের ভেতরের ভেতরকার। অভ্যন্তরীণ আভ্যন্তরীণ আভ্যন্তরিক আভ্যন্তর। অন্তঃ,-স্থিত-পাতী। অন্তর্বাহ অন্তর্বাহী। মধ্যকালীন। অন্তর্বর্তীকালীন সাময়িক। অন্তর্বর্তী। কেন্দ্রস্থ কেন্দ্রীয়। মধ্যবিন্দুস্থ। মধ্যগ। মাঝামাঝি মাঝারি। মেজো। সমদূরবর্তী। বিষুবীয়।

ক্রি-বিণ. মধ্যে। মাঝে মাঝ,-খানে,-পথে।

৬৮। ক্রমান্বয়

বি. ক্রমান্বয় ক্রমান্বয়তা ক্রমিকতা ক্রমাগম ক্রমাগতি ক্রমপর্যায় তরতিব। সিরিজ। অনুক্রম (৬২) আনুপূর্ব ধারাবহ। পারম্পর্য পরম্পরা। ধারাবাহিকতা। অনবচ্ছেদ (১৪১) নিরবচ্ছিন্নতা নিরন্তরতা নিত্যতা সাত্যতা। মিছিল শোভাযাত্রা। শবযাত্রা। কুরসিনামা কুলজি বংশধারা বংশপরম্পরা বংশানুক্রম পুরুষানুক্রম। বংশ পরিবার জাতি। ইতিহাস। সারি শ্রেণী। সোপান শৃঙ্খল। চেইন। অকারাদিক্রম বর্ণানুক্রম।

ক্রি. পরপর সাজানো। শ্রেণীবদ্ধ করা। একসূত্রে গাঁথা। নথিবদ্ধ তালিকাবদ্ধ বা ফিরিস্তি করা।

বিণ. ক্রমায়ত ক্রমাগত ক্রমিক (৬২)। পরম্পরীণ পরম্পরাগত। ধারাবাহিক অবিরাম অবিশ্রাম। অবিচ্ছিন্ন অনবচ্ছিন্ন একটানা অভগ্ন অভঙ্গ অক্ষত। চিরন্তন নিত্য।

ক্রি-বিণ. ক্রমান্বয়ে পরপর পর্যায়ক্রমে। উত্তরোত্তর। উপর্যুপরি। ক্রমাগত। একাদিক্রমে ধারাক্রমে। কালক্রমে। ক্রমে। ক্রমশ। দেখতে দেখতে।

৬৯। ক্রমভঙ্গ

বি. ক্রমভঙ্গ পর্যায়চ্যুতি উৎক্রম (২১৭)। অক্রম প্রতিক্রম। বিশৃঙ্খলা (৫৮)। অসংবদ্ধতা অসংযোগ (৪৪)। ছন্দপতন। বিভঙ্গ। ছেদ ফাটল চিড় ত্রুটি। ফাঁক (১৯৭)। বিরাম বিরতি ক্ষান্তি। একান্তরতা।

ক্রি. ছেদ পড়া। থামা। স্থগিত থাকা বা হওয়া। নিরস্ত হওয়া বা করা। মধ্যে পড়া (২২৭)। সংযোগ ছিন্ন হওয়া (৪৪)। বিযুক্ত বা বিচ্ছিন্ন হওয়া বা করা। রেশ কাটা।

বিণ. ক্রমিকতাবিহীন। ছিন্ন বিচ্ছিন্ন ভগ্ন খণ্ডিত অসংবদ্ধ অসংযুক্ত। অনিয়মিত সাময়িক। সবিরাম। একান্তর। পর্যাবৃত্ত।

৭০। সমাবেশ

বি. সমাবেশ সমাগম। সমূহ সংঘাত। সম্মিলন সম্মেলন মেল মেলা। জলসা মজলিস মহফিল বৈঠক দরবার। বারোয়ারি। সামাজিক-সম্মেলন। পুনর্মিলন। জামায়াত কাতার। মিলন সংগম মোহনা। সংঘ সমিতি সভা মিটিং। সংস্থা পরিমেল। লিগ আঞ্জুমান। সভা পরিষদ সংসদ পার্লামেন্ট কংগ্রেস আইনপরিষদ (৭১৬)। প্রতিনিধিসভা। জোট দল গোষ্ঠী সম্প্রদায় সমাজ। ফৌজ সৈন্যদল সেনাবাহিনী কোম্পানি প্লাটুন স্কোয়াড রেজিমেন্ট ডিভিশন। রচনা সংগ্রহ সংকলন সঞ্চয়িতা সঞ্চিতা। সাহিত্য,-সভা, -বাসর। সেমিনার আলোচনাসভা বৈঠক। লাইব্রেরি (৬৪০)। জনতা। জন,-সমাগম, -সমাবেশ,-সমুদ্র,-স্রোত। লোকপ্রবাহ জনারণ্য লোকারণ্য জমায়েত হাট মেলা ভিড় হুড় গ্যাঞ্জাম জটলা ঘোঁট দঙ্গল হিড়িক হুল্লোড় হল্লা গুলতানি আন্দোলন। ঠেলাঠেলি ঠেসাঠেসি। দল যূথ পাল পঙ্গপাল ঝাঁক হলকা। জ্ঞাতি ভ্রাতৃত্ব। পুঞ্জ পাঁজা স্তূপ পালা রাশ রাশি ঢিপি গাদা গাদি তাল টাল কাঁড়ি ডাঁই। ব্যাচ লট থোকা থোক। গোছ গোছা গুচ্ছ তোড়া স্তবক। গুছি দল দাম দলা পিণ্ড কাঁদি ছড়া তল্পা থোলো থোপ। তাড়া তাড়ি নুড়া নুটি আঁটি। বোঝা। প্যাকেট বান্ডিল বেল গাঁট। ঝড় বৃষ্টি মেঘ। গাদাগাদি ঠাসাঠাসি ঘেঁষাঘেঁষি।

ক্রি. একত্র সমবেত জমায়েত হওয়া বা করা। দল পাকানো বা বাঁধা। ভিড় করা। ভিড় জমা বা হওয়া। গুলতানি বা ঘোঁট পাকানো। তাল বা স্তূপ করা। তাল পাকানো ভরা ঠাসা গাদানো বা বোঝাই করা। সংগ্রহ সংকলন বা সঞ্চয়ন করা।

বিণ. একত্র জড় সমবেত একত্রীভূত সমাবিষ্ট জমাট জমজমাট ঘন নিবিড়। জমজম। সরগরম জমাটি। গুলজার। জনাকীর্ণ। একশা গাদাগাদি রাশিরাশি। প্রমুখ।

ক্রি-বিণ. কাতারেকাতারে। পালেপালে। লাখেলাখে শয়েশয়ে। হাজারেহাজারে। দঙ্গলেদঙ্গলে। সদল সদলে। দল বেঁধে। দলেদলে ঝাঁকেঝাঁকে। দফায়দফায়। বারেবারে। ঘুরেঘুরে। ফিরেফিরে।

অব্য. গিজগিজ বিজবিজ থকথক থিকথিক গিনগিন। ইত্যাদি প্রভৃতি। এইসব। আরও।

৭১। বিচ্ছুরণ

বি. বিচ্ছুরণ বিক্ষেপ। বিপ্রকর্ষণ বিকর্ষণ। প্রতিফলন প্রতিবিম্বন আলোকবিচ্ছুরণ। বিদারণ বিস্তার প্রসার প্রচার ব্যাপ্তি ব্যাপকতা। ছড়াছড়ি। প্রাদুর্ভাব। বিলি বিতরণ বাঁটোয়ারা।

ক্রি. ছড়ানো। ছিটানো। বিস্তৃত হওয়া। ব্যাপ্ত করা। নিক্ষেপ করা। বিকীর্ণ বা বিক্ষিপ্ত করা। বিলানো। বিলি বা বিতরণ করা। বণ্টন করা (৭৯৫)। খুচরা বিক্রি করা। দূর করা। ভেসে যাওয়া।

বিণ. বিচ্ছুরিত বিক্ষিপ্ত বিকীর্ণ প্রকীর্ণ সমাকীর্ণ ছড়ানো ছিটানো বিস্তৃত চারিত সঞ্চারিত। ছিন্নভিন্ন ছত্রভঙ্গ বিশৃঙ্খল।

৭২। শ্রেণী

বি. শ্রেণী ক্লাস বর্গ সারি রাজি পাতি নর পঙ্‌ক্তি বীথি পদ্ধতি রেখা লাইন কাতার সারণি। ক্রম শাখা। খাত ভাগ বিভাগ অনুবিভাগ বিভাজন। প্রদেশ বিভাগ জেলা মহকুমা থানা তহশিল। রকম প্রকার ধারা বিধা বিশেষ কিসিম ফারকা ধরন টাইপ বৈচিত্র্য। পরিবার জ্ঞাতি। কুল বংশ গোষ্ঠী বর্ণ প্রজাতি জাতি গণ সমাজ কওম সম্প্রদায় দল পাল জোট। লিঙ্গ। বর্ণনা বিন্যাস। সম্পর্ক। পদ

আখ্যা। শীর্ষ। চরিত্র। ছাপ। নির্বাচন। নিদর্শন নমুনা। শ্রেণীচরিত্র। শ্রেণী,-সংঘাত,-সংগ্রাম।
বিণ. শ্রেণীবদ্ধ। পঙ্‌ক্তিবদ্ধ সারি,-বদ্ধ,-বন্দী।

৭৩। অন্তর্ভুক্তি

বি. অন্তর্ভুক্তি ভুক্তি ভর্তি। সমিতিভুক্তি দলভুক্তি। গ্রহণ ধারণ বরণ। গঠন রচনা রূপায়ণ। অন্তর্নিবেশ।
ক্রি. অন্তর্ভুক্ত করা। ভর্তি করা। ভুক্তি করা। দাখিল করা। শামিল করা। অন্তর্গত করা। সীমাবদ্ধ করা (২২৮)। দলবদ্ধ বা সমিতিবদ্ধ করা। আচ্ছাদন করা। ঘেরা। গণনা করা। গনতির ভেতর আনা। অধীনে বা আয়ত্তে আনা।
বিণ. অন্তর্ভুক্ত দাখিল শামিল ভুক্ত ভর্তি। সর্বাত্মক।

৭৪। বহিষ্করণ

বি. বহিষ্করণ বহিষ্কার নির্বাসন নিষ্কাশন। অগ্রহণ। নাকচকরণ। প্রত্যাখ্যানকরণ। বাদ বর্জন (৫৫)। উৎখাত উচ্ছেদ। অপনোদন অপসারণ। নিক্ষেপ (২৯২)।
ক্রি. বহিষ্কার করা। দেশছাড়া করানো। খেদানো। তাড়ানো। ভাগানো। ভিটে মাটি উচ্ছেদ করা। ভিটেয় ঘুঘু চরানো। অগ্রাহ্য নাকচ বা প্রত্যাখ্যান করা। না নেওয়া। বাদ দেওয়া। বর্জন করা (৫৫)।
বিণ. বহিষ্কৃত দূরীভূত অপসারিত। অগ্রাহ্য প্রত্যাখ্যাত। ত্যক্ত বর্জিত। উচ্ছেদিত উৎসাদিত উৎসন্ন।

৭৫। সামান্যতা

বি. সামান্যতা। সাধারণ,-তা,-ত্ব। সাধারণ্য। অস্মিতাহীনতা। আবালবৃদ্ধবনিতা। জনসাধারণ। সর্বজনীন,-ত্ব,-তা। বিশ্বজনীন,-তা,-ত্ব। সর্বব্যাপী,-তা,-ত্ব। গতানুগতিকতা। প্রচলন ব্যাপ্তি ব্যাপকতা।
ক্রি. সামান্যীকরণ করা। সাধারণীকরণ করা। সাধারণ হওয়া বা করা। প্রচার করা।
বিণ. সামান্য সাধারণ আম মামুলি। পাইকারি। সরকারি সর্বজনীন বিশ্বজনীন সর্বব্যাপী সর্বত্রবিরাজমান। বিশেষত্বহীন। সাপটা। গতানুগতিক প্রচলিত। ব্যাপক (৭১)। সকল সমগ্র প্রত্যেক। যে-কেউ। নির্বিশেষ জাতিধর্মনির্বিশেষ। নৈর্ব্যক্তিক।
ক্রি-বিণ. সামান্যত সাধারণত নির্বিশেষে জাতিধর্মনির্বিশেষে। সর্বত্র। সর্বজনীন সার্বজনীন সার্বজনিক।

৭৬। বৈশিষ্ট্য

বি. বৈশিষ্ট্য বিশিষ্টতা বিশেষত্ব। বিশেষ বিশেষণ। অসামান্যতা অসাধারণত্ব। বৈলক্ষণ্য। পার্থক্য তারতম্য। অস্মিতা ব্যক্তিত্ব ব্যষ্টি চারিত্র মেজাজ খেয়াল স্বভাব তাসির। মুদ্রাদোষ। সর্জনা স্বকীয়তা স্বাতন্ত্র্য স্বতন্ত্রতা। অনন্যতন্ত্র। মৌলিক,-ত্ব,-তা। গুণ ভাব। কাল,যুগ,-ধর্ম। আদর্শ। নিদর্শন। প্রতীক। নামঠিকানা। দফা। খুঁটিনাটি।
ক্রি. বিশেষিত করা। বিশেষভাব আরোপণ করা। স্বকীয়তা জ্ঞাপন করা। আখ্যা বা সংজ্ঞা দেওয়া। নির্দেশ দেওয়া। বাছাই করা। পার্থক্য করা। পুঙ্খানুপুঙ্খ বা খুঁটিনাটি দেখা।
বিণ. বিশেষ বিশিষ্ট সবিশেষ। মৌলিক মৌল। অকৃত্রিম। আদি (২৩)। অসামান্য অসাধারণ অনন্যসাধারণ। অলোকসামান্য (৮৮৩) অনন্য অদ্বিতীয় একমাত্র অপূর্ব অনন্যপূর্ব। স্বতন্ত্র খাস স্বকীয় ব্যক্তিগত নিজস্ব স্বীয় স্বমহিম একান্ত। পারিবারিক। বেসরকারি। লোকোত্তর। বিশেষিত

বিশেষগুণান্বিত বিশেষভাবান্বিত। চারিত্রিক। মার্কামারা। প্রতিনিধিত্বমূলক। নির্দিষ্ট যথাযথ নিশ্চিত। ব্যতিক্রমধর্মী। অতুলনীয় অনুপম।
ক্রি–বিণ. বিশেষত সবিশেষ।

৭৭। নিয়ম

বি. নিয়ম। সমরূপতা সমতা সমাঙ্গতা সুষমতা। স্থিতি সুস্থিতি। সংগতি। নিত্যতা। নিয়মনিষ্ঠা। নিয়মানুগত্য নিয়মানুবর্তিতা। প্রণালী পদ্ধতি। তরতিব। ক্রম রুটিন প্রথা রীতি তরিকা দস্তুর প্রচলন রেওয়াজ। দেশাচার। নিয়মকানুন। আইনকানুন বিধি শাস্ত্র শরিয়ত। প্রনিয়ম প্রবিধান। নিয়মন নিয়ন্ত্রণ। আদর্শ নজির। প্রবচন। অনুবর্তিতা (৭৯)। স্বভাবিতা স্বাভাবিক,–তা,–ত্ব।
বিণ. নিয়মিত সমরূপ সমঙ্গ সম সুষম সমঞ্জস নিত্য স্থির ধরাবাঁধা। আইন,নিয়ম,–মাফিক (৭৯)। স্বভাবী স্বাভাবিক। সাধারণ। রেওয়াজমাফিক দস্তুরমত। রীতি,প্রথা,–মত (৭৯)। সুসম্বদ্ধ নিয়মাবদ্ধ। সুশৃঙ্খল নিয়মনিষ্ঠ।

৭৮। বহ্বাকার

বি. বহ্বাকার বহুরূপতা বৈচিত্র্য বিচিত্রতা বৈভিন্ন্য বিভিন্নতা।
বিণ. বহুরূপী বিচিত্র বিবিধ পাঁচমিশেলি সাতসতেরো সাতপাঁচ শতেকপ্রকার নানাবিধ নানারূপ নানাপ্রকার। হরকিসম হরেকরকম রকমারি সবরকম সর্বপ্রকার। বিভিন্ন বেতর তরবেতর। অসম বিষম। মুতফরক্কা। বিদঘুটে (৮০)।

৭৯। অনুবর্তিতা

বি. অনুবর্তিতা পালন (৭৪১)। রক্ষণ মান্যকরণ অলঙ্ঘন। বৈচিত্র্যহীনতা গতানুগতিকতা (৬২৪)। স্বাভাবিকতা সাদৃশ্য সংগতি। দৃষ্টান্ত উদাহরণ নজির আদর্শ নমুনা। রক্ষণশীলতা সময়নিষ্ঠা সময়ানুবর্তিতা। নিয়মনিষ্ঠা।
ক্রি. পালন করা। মানা। মেনে চলা। রক্ষা করা। তাল ফেলা। তালে তাল মিলানো। দেশাচার মেনে চলা। আদর্শ স্থাপন করা। দৃষ্টান্ত বা উদাহরণ দেওয়া। উদ্ধৃত করা।
বিণ. অনুবর্তী। নিয়মানুবর্তী নিয়মানুগ নিয়মানুযায়ী নিয়মনিষ্ঠ। অটল দৃঢ়। সুশৃঙ্খল সমঞ্জস সংগতিপূর্ণ। চলনমাফিক (৬২৪)। স্বাভাবিক মামুলি সাধারণ। গতানুগতিক। একঘেঁয়ে বৈচিত্র্যহীন। চিরকেলে রক্ষণশীল গোঁড়া। আপসবিরোধী। আদর্শবাদী আচারপ্রিয়। নিয়মবিলাসী। আদর্শস্থানীয়। নিদর্শন,উদাহরণ, –স্বরূপ।

৮০। অননুবর্তিতা

বি. অননুবর্তিতা। অপালন (৭৪২)। অমাননা লঙ্ঘন উল্লঙ্ঘন বিরুদ্ধাচরণ খেলাফ বরখেলাফ অন্যথা। ভ্রংশ চ্যুতি স্খলন পদস্খলন পতন। ব্যত্যয় ব্যতিক্রম নড়চড়। ছন্দপতন। আপজাত্য উৎকেন্দ্রতা। অস্বাভাবিকতা। বিরলত্ব। অনিয়ম অপেরণ স্বেচ্ছাচার ভ্রষ্টাচার ব্যভিচার উন্মার্গ উৎপথ কুপথ। স্বকীয়তা মৌলিকতা স্বভাব। অসামান্যতা অসাধারণতা। অব্যাহতি। শর্তসাপেক্ষতা। গুণসাপেক্ষতা।
ক্রি. পালন না করা। না মানা। টলা। ভিন্ন পথে চলা। নিয়ম ভাঙা।
বিণ. অননুবর্তী উৎকেন্দ্রিক অস্বাভাবিক। বেতাল বেচাল। ব্রাত্য ভ্রষ্ট চ্যুত স্খলিত পতিত। নীতিভ্রষ্ট। বেদস্তুর বেদাঁড়া বেখাপ্পা। বেমক্কা। অন্যায় অবৈধ বেআইনি বেএক্তিয়ার খেয়ালখুশী। নিয়মবিরুদ্ধ স্বেচ্ছাচারী উচ্ছৃঙ্খল কদাচারী কুপথগামী উন্মার্গ।

অনিয়মিত অস্বাভাবিক অসাধারণ বিরল। অভিনব আশ্চর্যজনক বিস্ময়কর। রাক্ষুসে বিদঘুটে বেমানান। বেনজির। বেতর বিষম বিসদৃশ। জাতিভ্রংশ সমাজচ্যুত ধর্মচ্যুত একঘরে দলছাড়া পথভ্রষ্ট কুলভ্রষ্ট। যূথভ্রষ্ট। দোআঁশ সংকর বেজাত অপজাত।

৮১। সংখ্যা

বি. সংখ্যা অঙ্ক নম্বর মার্কস রাশি। অমিশ্র,–রাশি,–সংখ্যা। অখণ্ড,–রাশি,–সংখ্যা। পূর্ণসংখ্যা। অচররাশি। ভগ্নাংশ। প্রকৃত ভগ্নাংশ। অপ্রকৃত ভগ্নাংশ। লব। হর। দশমিক। দেড় সার্ধ দেড়া। আধ অর্ধ আধা অর্ধেক অর্ধাংশ। সওয়া। সিকি চতুর্থাংশ। পৌনে। আড়াই। যুগ্ম,জোড়,–সংখ্যা। সমরাশি। অযুগ্ম,বিজোড়,–সংখ্যা। সংখ্যাক্রম। সংখ্যাতত্ত্ব পরিসংখ্যান স্ট্যাটিসটিক্‌স। একক দশক শতক সহস্র অযুত লক্ষ নিযুত কোটি অর্বুদ। দশমাংশ। সহস্রাংশ। সংকেত চিহ্ন চিত্র দাগ। শ্রেণী। সমান্তর শ্রেণী। অঙ্ক আঁক। সংখ্যান। যোগ যোগফল। বিয়োগ ব্যবকলন বিয়োগফল। গুণন। হরণ। পূরণ গুণক গুণিতক গুণফল। ভাজন বিভাজন ভাজক ভাজ্য ভাগফল ভাগশেষ। মোট সমষ্টি সমূহ সমাহার সমীকরণ সমানুপাত। অন্তর পার্থক্য। হার অনুপাত শতকরাহার। প্রগতি। সমান্তর প্রগতি। শক্তি। মূল। প্রসারণ। সূচক। লগ। সংখ্যা,পরিসংখ্যান,–বিদ স্ট্যাটিসটিশিয়ান।

বিণ. সংখ্যক সাংখ্যিক। সংখ্যেয় (৮২)। সংখ্যাযোগ্য। সংখ্যাবাচক। সংখ্যা,–গরিষ্ঠ,–গুরু। সংখ্যালঘিষ্ঠ।

ক্রি–বিণ. সংখ্যানুপাতে।

৮২। গণনা

বি. গণনা গণন গনতি শুমার কলন। সংখ্যাগণনা। সংখ্যাকরণ। সংখ্যা,–নিরূপণ,–নির্ধারণ। অঙ্কপাত। সংখ্যাবিজ্ঞান। বিগণন পরিগণনা পরিসংখ্যান। পরিমাপন (৪৮১)। অঙ্ক অঙ্কশাস্ত্র গণিত গণিতশাস্ত্র। পাটীগণিত। বীজগণিত। জ্যামিতি। ত্রিকোণমিতি। কনিকস্‌। ক্যালকুলাস। অবকলন। কলন। অন্তরকলন। সমাকলন। ব্যবকলন। ধারাপাত। শতকিয়া নামতা। লগটেবিল। তথ্যগণিত। রেখাগণিত। মানসাঙ্ক। শুভঙ্করী। তালিকা। রোল। আদমশুমার (৮৩) লোকগণনা সেনসাস। যোগ যোজন। বিয়োগ বিয়োজন। গুণ গুণন পূরণ। ভাগ বিভাজন। অ্যাবাকাস। স্লাইডরুল। গণনযন্ত্র ক্যালকুলেটর। কম্পিউটার হিসাবযন্ত্র। অঙ্কশাস্ত্রবিদ গণিতজ্ঞ বীজগণিতবিদ জ্যামিতিবিদ ত্রিকোণমিতিবিদ গাণনিক বিমাগাণনিক।

ক্রি. গণনা করা। গণা। গোনা। সংখ্যা নিরূপণ করা। অঙ্ক বা আঁক কষা। হিসাব করা। খড়ি পাতা। খতানো। দেখানো। নাম ডাকা।

বিণ. গাণিতিক গণনীয়। গণ্য। সংখ্যেয় (৮১)। গণিত পরিগণিত কলিত। গণনাকারী গণক। অঙ্কবিদ। আঙ্কিক।

৮৩। তালিকা

বি. তালিকা ফর্দ ফিরিস্তি লিস্টি। তফসিল। রেজিস্টার (৫৬২)। হিসাব (৮১২)। জায় একজায় বহি খতিয়ান লেজার। নথি। নির্ঘণ্ট। সারণি সূচি। সারাংশ সংক্ষিপ্তসার। চালান। বোঝাইতালিকা বহনপত্র। প্রস্তাবিত কর্মপন্থা। কর্মসূচি কার্যবিবরণী। ভাড়ার তালিকা। খাদ্যতালিকা মেনু। লোকগণনা আদমশুমার।

পরিসংখ্যান। বিবরণ। নামঠিকানা। মানচিত্র। ইশতেহার। পঞ্জি,-কা। পাঁজি। বর্ষ,-লিপি,-পঞ্জী। রোজনামচা। অভিধান শব্দকোষ পরিভাষা বিশ্বকোষ। রোল মাস্টাররোল। কার্যতালিকা। প্যানেল।

ক্রি. তালিকা তৈরি বা প্রস্তুত করা।

৮৪। একত্ব

বি. এক,-তা,-ত্ব। ঐক্য অভিন্নতা অভেদ (১৩)। একীকরণ একতাবিধান। ভেদরাহিত্য অবিকল্পতা। বিকল্পহীনতা। অদ্বিতীয়ত্ব অবিশেষ। অবিচ্ছেদ্যতা অবিচ্ছিন্নতা। ব্যষ্টি। একত্রীকরণ (৪৮)। সম্পূর্ণতা সামঞ্জস্য পরিপূর্ণতাসম্পাদন। এক। একক মাত্রা। ব্যক্তি।

ক্রি. এক করা (৪৩)। একতাবদ্ধ করা (৪৮)। জড়ো করা।

বিণ. এক একক অভিন্ন পৃথক অদ্বিতীয় অনন্য। বিকল্পহীন। অবিচ্ছেদ্য অবিচ্ছিন্ন ভেদরহিত (১৩)। একা একাকী একলা নিঃসঙ্গ একান্ত। একটা একটি এক,-খানা,-খানি। এক,-গাছা, -গাছি। প্রথম পয়লা পহেলা। প্রথমত। প্রত্যেক হর ফি প্রতি। কেবল। আলাদা। সর্বস্ব।

অব্য. স্বয়ং খোদ।

৮৫। সঙ্গ

বি. সঙ্গ আসঙ্গ সাথ সহকার সাহচর্য সংসর্গ সান্নিধ্য। সহযোগ। সমভিব্যাহার সহগমন। উপাঙ্গ প্রসঙ্গ অনুষঙ্গ ভাবানুষঙ্গ। সমাবদ্ধ (৪৮)। সমিতি সমবায়। কোম্পানি। সঙ্গী সাথী সহকারী সহকর্মী। সাহাবা আসহাব। সহপাঠী। সহযাত্রী। দোহার। দোসর জোড়া। অংশীদার পার্টনার। জায়াপতি। সহবাস। সহমরণ অনুমরণ। সৎ,সাধু,ভাল,-সঙ্গ। কু,অসৎ,-সঙ্গ। কু,অসৎ,-সংস্রব। দেখাসাক্ষাৎ সাক্ষাৎকার সাক্ষাৎসম্বন্ধ। সহচর সানুচর সাঙ্গোপাঙ্গো। উপগ্রহ। গলগ্রহ। ছায়া। অনুসারী (৬৪)।

বিণ. সমেত সহিত সহযুক্ত যুক্ত। যুগ্ম জোড়া যমজ। আনুষঙ্গিক অনুষঙ্গী। একত্র একশা একাট্টা।

অব্য. সঙ্গে সহিত সাথে সহযোগে। একত্রে একসঙ্গে। সপরিবারে। সদলে।

৮৬। দ্বিত্ব

বি. দ্বিত্ব দ্বৈত দ্বৈধ। দ্বিবিধ,-তা,-ত্ব। দ্বৈবিধ্য। দ্বি দ্বয় দুই দ্বিতয় দো দুইটি দুটি। যমল যমজ। যুগল যুগ্ম জোড়া জোড়। দোসর। অঞ্জলি। মিথুন। জোয়াল। দ্ব্যর্থ। দ্বৈতবাদ। দ্বিগুণত্ব। দ্বিরুক্তি। দ্বিখণ্ডন দ্বিধাকরণ দ্বিধীকরণ।

ক্রি. জোড় মেলানো। দু'হাত এক করা। দুই গুণ করা। অর্ধেক করা।

বিণ. দ্বিতীয় দোসরা। মেজ। দ্ব্যর্থ। দ্বিভাব। দ্বৈতী দ্বৈতবাদী। দ্বিগুণ দোকর দুন দুনো দুইগুণ। ডবল যুগ্ম জোড়া। উভয় উভ। জোড়াজোড়া। যমজ। দোকলা দোকা দোহারা। দ্বিখণ্ডিত দ্বিধাবিভক্ত। অর্ধ অর্ধেক অর্ধাংশ আধ আধা। দোতলা।

ক্রি-বিণ. দ্বিধা। দ্বিতীয়ত। উভয়ত উভয়থা।

৮৭। ত্রিত্ব

বি. ত্রিত্ব। ত্রি ত্রয় তিন ত্রিক। ত্রিকাল। ত্রিকূল। ত্রিকোণ। ত্রিভুজ। ত্রিগুণ। ত্রিবেণী। ত্রিসীমা। ত্রিপদী। ত্রিবর্ণ। তেমাথা। তেপায়া। ত্রিগুণন। ত্রিভাগ ত্র্যংশ।

বিণ. তৃতীয় তেসরা। সেজ ত্রয়ী। ত্রিবিধ ত্রিপাদ ত্রৈকালিক। ত্রৈগুণ্য। ত্রৈরাশিক। ত্র্যস্র তেকোনা।

তিনগুণ। তিনভাঁজ। তৃতীয়াংশ। তেহাই তেহারা। তেতলা।
ক্রি–বিণ. ত্রিধা। তৃতীয়ত।

৮৮। চতুঃ

বি. চতুঃ চত্বার চারি চার। চতুষ্টয় গণ্ডা হালি। চতুরংশ চৌথ সিকি পোয়া কোয়ার্টার চতুষ্পার্শ্ব চারিপাশ চারিধার চৌপাশ চৌহদ্দি। চতুষ্পথ। চৌ,–পথ,–রাস্তা,–মাথা,–মোহনা। চতুষ্পদী চৌপদী। চৌ,–খণ্ডি,–পায়া,–দোলা। চারতলা।
বিণ. চতুর্থ চৌ চতুর্থী চৌঠা ন। চতুর্গুণ চৌগুণ। চতুর্বিধ। চতুর্ভুজ। চতুষ্কোণ চৌকোনা চারকোনা চৌকা চতুরস্র। চারআনা পৌনে অর্ধার্ধ। চৌচির।
ক্রি–বিণ. চতুর্ধা। চতুর্থত।

৮৯। পঞ্চ

বি. পঞ্চ পাঁচ। পাঁচই। পঞ্চমী। পঞ্চক পঞ্চগুণ পঞ্চমাংশ। পঞ্চভুজ। পঞ্চায়েত। পাঁচমিশেলি।
বিণ. পঞ্চম। পাঁচসালা।
ক্রি–বিণ. পঞ্চধা। পঞ্চমত।

৯০। ষট

বি. ষড় ছয়। ছয়ই। ছক্কা। ছউই। আধডজন। ষড়গুণ। ষড়ভুজ ষটপদ। ষড়ঙ্গ।
বিণ. ষষ্ঠ ষষ্ঠী। ষড়বিধ।
ক্রি–বিণ. ষড়ধা। ষষ্ঠত।

৯১। সপ্ত

বি. সপ্ত সাত। সাতুই। সপ্তক। সপ্তমাংশ।
বিণ. সপ্তম। সপ্তমী।
ক্রি–বিণ. সপ্তধা। সপ্তমত।

৯২। অষ্ট

বি. অষ্ট আট। অষ্টমাংশ। আটই। অষ্টক। অষ্টভুজ। অষ্টকোণ। অষ্টাঙ্গ।
বিণ. অষ্টম অষ্টবিধ। অষ্টমী। অষ্টাংশিত।
ক্রি–বিণ. অষ্টধা। অষ্টমত।

৯৩। নব

বি. নব নয় ন। নবাংশ। নউই। নবগুণ নবলক্ষণ।
বিণ. নবম নবমী।
ক্রি–বিণ. নবধা। নবমত।

৯৪। দশ

বি. দশ দশক। দশমাংশ। দশকর্ম।
বিণ. দশম দশতম।
ক্রি–বিণ. দশধা। দশমত। দশমিক। দশসালা।

৯৫। শূন্যতা

বি. শূন্যতা শূন্যভাব। অনস্তিত্ব (২)। বিহীনতা রিক্ততা অভাব ফাঁকাভাব রাহিত্য। খালিখালি, –নেইনেই,–ভাব। শূন্যবাদ। ফক্কিকা। গোল্লা। নোক্তা বিন্দু ফুটকি।
ক্রি. শেষ করা। খতম করা। উঠিয়ে দেওয়া। ওঠানো। মিটিয়ে দেওয়া। মুছে ফেলা। তোলা। তুলে দেওয়া। পাট তোলা ওঠানো বা চুকানো। চুকিয়ে দেওয়া। লাটে ওঠানো। উজাড় করা। নিঃশেষ করা। ফুরানো। ফুঁকে দেওয়া। ওড়ানো। না ভরা।
বিণ. শূন্য রিক্ত বিহীন হীন রহিত বিরহিত খালি ফাঁকা শুধু ধুধু খাঁখাঁ ঢুঢু ঠনঠনে। বাড়ন্ত। নাস্তি (২) নাই। নিঃশেষিত। রদ বাতিল। কাবার সাবাড়। শূন্যগর্ভ ফাঁপা অসার।

৯৬। বহুতা

বি. বহু,-তা,-ত্ব। বহুলতা ভূমা অনেকত্ব নানাত্ব একাধিকত্ব। আধিক্য প্রাচুর্য জ্যাস্তি পর্যাপ্ততা (৬৪১) আতিশয্য বাহুল্য (৬৪৩)। সমূহ গণ সমষ্টি। দল পাল ফৌজ যূথ ঝাঁক। পুঞ্জ পাহাড় গাদা স্তূপ। ঘটা ঘনঘটা। জনতা (৭০)।

বিণ. বহু বহুত বহুতর বহুল একাধিক বেশি অনেক মেলা অধিক অত্যধিক সমধিক খুব অট্ট অতি অতীব অত্যন্ত অতিশয় সাতিশয় জ্যাস্তি প্রচুর ঢের ভূয়সী প্রভূত প্রতুল পর্যাপ্ত (৬৪১) যথেষ্ট রাশিরাশি কাঁড়িকাঁড়ি ভূরিভূরি ভূরি গুচ্ছের গাদাগাদি। এক,-গাদা,-তাল,-গঙ্গা,-শেষ। একান্ত নিতান্ত অসংখ্য অগণিত অগণ্য অগণনীয় অগনতি বেশুমার অসংখ্যেয় সংখ্যাতীত এন্তার। অতিরিক্ত বহুল ফালতু উমদা। অমিত অপরিমিত অমেয় অপরিমেয় বেধড়ক বিস্তর দেদার অজস্র অঢেল। নিযুত কোটি সহস্রসহস্র হাজারহাজার লক্ষলক্ষ লাখোলাখো। ফলাও ঢালাও নিপট বেজায় বেহদ্দ। নানা বিবিধ বিভিন্ন। অগাধ সীমাহীন অসীম অনন্ত অশেষ। সংখ্যা,-গুরু,-গরিষ্ঠ।

অব্য. গুলি গুলো গুলা গুলিন। গণ। বৃন্দ। রা।

৯৭। অল্পতা

বি. অল্প,-তা,-ত্ব। স্বল্প,-তা,-ত্ব। ন্যূন,-তা,-ত্ব। কমতি কমসম। টান অকুলান অপ্রতুল। কমি অভাব ঊনতা। নগণ্য,-তা,-ত্ব। দীনতা। সামান্য, -তা,-ত্ব। অপ্রাচুর্য (৬৪২)। হীনতা ক্ষুদ্রতা (৩৩)। মান্দ্য। লঘু,-তা,-ত্ব। বিরলতা দুর্লভতা দুষ্প্রাপ্যতা। অপূর্ণতা নাবালকত্ব। হ্রাস ক্ষয় অবক্ষয়। দূরীকরণ অপনোদন। অবনতি।

ক্রি. কম টান বা ঘাটতি পড়া। অভাব হওয়া। কমানো। লাঘব করা। হ্রাস করা। ছাঁটা। ছাঁটাই করা। বাদ দেওয়া।

বিণ. অল্প স্বল্প স্তোক অত্যল্প ঊন ন্যূন অবম ঈষৎ কম একটু সামান্য কিয়ৎ কিঞ্চিৎ যৎকিঞ্চিৎ যৎসামান্য যথাসামান্য। নগণ্য। অনধিক। কথঞ্চিৎ কতক খানিক কয়েক কিছু। কিছুকিছু অল্পস্বল্প মুষ্টিমেয় পরিমেয় গোনাগনতি গোনাগাঁথা ঠিকঠাক। কতিপয়। গুটিকয়েক থোরা। লেশমাত্র বিন্দুমাত্র তিলমাত্র। নামমাত্র। লঘু। বিরল দুর্ঘট দুর্লভ দুষ্প্রাপ্য। সংখ্যা,-লঘু,-লঘিষ্ঠ সংখ্যাল্প। ঊনজন। কম,স্বল্প,-সংখ্যক। ছিটেফোঁটা। সীমিত।

ক্রি-বিণ. থোড়া টায়টায় হাতেগোনা। কোনরকমে।

অব্য. অন্তত নেহাত নিদেন,-পক্ষে।

৯৮। পুনর্বৃত্তি

বি. পুনর্বৃত্তি পুনরুক্তি অনুলাপ। পুনরাবৃত্তি পুনরুল্লেখ। পৌনঃপুনিকতা (১৩৪)। একঘেয়েমি। দ্বিগুণন। পুনরাগমন পুনর্যাত্রা পুনরুদ্ভব পুনর্ভব পুনরাবির্ভাব পুনঃসংঘটন। প্রজনন। নিয়মিততা (১৩৬)। ক্রমান্বয় চলন অনুশীলন। অনুপ্রাস ছন্দ। আতিশয্য বাহুল্য। এনকোর। ধুয়া। জের। জাবর রোমন্থন। মহড়া। কোকিল (২০)। প্রতিধ্বনি অনুকম্পন অনুরণন। ঢাকের আওয়াজ (৪৪৯)। পুনরুদ্ধার (৬৭১)।

বিণ. পুনঃকৃত পুনরনুষ্ঠিত পুনরাবৃত্ত পুনঃসংঘটিত পুনরুদ্ভূত। পৌনঃপুনিক। অবিরাম অবিরত একটানা। একঘেয়ে। অপরিবর্তিত। অভ্যাসগত (৬২৪)। ধারাবাহিক। উক্ত উপরোক্ত উপরোল্লিখিত।

ক্রি-বিণ. পুনঃপুনঃ বারবার (১৩৪)। আবার। আর একবার। নূতন করে। নবরূপে। এনকোর দোবারা।

৯৯। অনন্ততা

বি. অনন্ত,-তা,-ত্ব। অসীম,-তা,-ত্ব। সীমাহীনতা। অন্তহীনতা অমরত্ব অক্ষয়তা অশেষতা। বিশালতা। চিরন্তনতা (১০৬)। অনন্তকাল মহাকাল।

বিণ. অনন্ত অন্তহীন অন্তবিহীন অনিঃশেষ অশেষ নিরবশেষ অসীম সীমাহীন নিরবধি অপরিসীম মাত্রাহীন। অসংখ্য অসংখ্যেয় অগণ্য অগণনীয় বেহদ্দ গণনাতীত অপরিমিত। অকূল অপার। অগাধ। চিরন্তন অনাদি (১০৬)।

১০০। কাল

বি. কাল সময় ওয়াক্ত টাইম। লগ্ন মেয়াদ মুদ্দত। বেলা দণ্ড ক্ষণ। নির্দিষ্টকাল (১০২) কালমিতি (১০৮)। কালক্রম (১০৩)। বয়স (১২৮)। যুগপত্তা (১১৪)। ত্রিকাল: অতীত (১১৬) বর্তমান (১১২) ভবিষ্যৎ (১৫০)। ঋতু পালা আয়াম মরশুম মৌসুম। ষড়ঋতু: গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত বসন্ত। মধ্যবর্তী সময়: ছেদ বিরতি বিরাম অবকাশ অবসর। দ্বাদশবৎসর যুগ। জমানা। শতবর্ষ শতক শতাব্দী। আয়ুষ্কাল। বংশকাল। রাজত্বকাল আমল শাসন। স্বর্ণযুগ। পৌরাণিক যুগ: সত্য ত্রেতা দ্বাপর কলি।

ক্রি. কাল বা সময় ক্ষেপণ বা যাপন করা। কাটানো। গুজরানো। গোঁয়ানো। পোহানো। ঘুচানো। কালাতিপাত করা। দিনাতিপাত করা। চলা। টেকা। থাকা। অবস্থান করা। দাঁড়ানো। আঁটা। এঁটে থাকা। অতিবাহিত হওয়া (১০৩)। দিনাতিপাত করা। স্রোতে ভাসা বা ভেসে যাওয়া। সময়ের সুযোগ নেওয়া বা সদ্ব্যবহার করা। গড়িমসি বা বিলম্ব করা (১৩১)। সময় বা সুযোগ নষ্ট করা। সময়ের অপব্যবহার করা (৬৮১)। দীর্ঘসূত্রতা করা (১৩১)।

বিণ. কালিক সাময়িক কালীন। বাৎসরিক বার্ষিক। মাসিক মাসকাবারি। ষান্মাসিক। পাক্ষিক। দৈন দৈনিক আহ্নিক। মৌসুমি মেয়াদি মুদ্দতি। সময়মতো সুবিধামতো সুযোগমতো সময়োপযোগী যুগোপযোগী। চিরস্থায়ী (১০৪)।

ক্রি-বিণ. কালে। কালেকালে। সময়ে মাঝে। সবসময় সর্বদা সতত। তখন। যখন। বেলাবেলি। সময় থাকতে।

অব্য. নাগাদ অবধি তক ইস্তক পর্যন্ত। তাবৎ যাবৎ।

১০১। কালাভাব

বি. কালাভাব সময়াভাব অনবসর অনবকাশ।

ক্রি-বিণ. কোনো কালেও না। কস্মিনকালেও না। কখনও না। কোনো সময়ও না। কোনোদিনও না। আর না।

অব্য. নৈব নৈব চ।

১০২। নির্দিষ্টকাল

বি. নির্দিষ্ট,-কাল,-সময় মেয়াদ মুদ্দত। বেলা ওয়াক্ত। অহ দিন দিবা দিবস রোজ বাসর দিনমান দিবাভাগ। রাত্রি (১২৩)। বার। দ্ব্যহ। হপ্তা সপ্তা সপ্তাহ। দশাহ। দণ্ড লগ্ন হোরা। ঘটিকা ঘণ্টা। যাম প্রহর। তিথি। পক্ষ। শুক্ল,কৃষ্ণ,-পক্ষ। মাস তিরিশদিন। সৌর,চান্দ্র,-মাস। ষন্মাস। বর্ষ বছর বৎসর সংবৎসর অব্দ সন সাল। জীবন,কাল,-বৃত্ত। পুরুষ। দশক। যুগ দ্বাদশবৎসর। শতক শতাব্দ। সহস্রাব্দী। আলোকবর্ষ।

সপ্তাহ: শুক্র,শনি,রবি,সোম,মঙ্গল,বুধ,বৃহস্পতি,-বার।

বাংলা মাস: বৈশাখ জ্যৈষ্ঠ আষাঢ় শ্রাবণ ভাদ্র আশ্বিন কার্তিক অগ্রহায়ণ পৌষ মাঘ ফাল্গুন চৈত্র।

ইংরেজি মাস: জানুয়ারি ফেব্রুয়ারি মার্চ এপ্রিল মে

জুন জুলাই আগস্ট সেপ্টেম্বর অক্টোবর নভেম্বর ডিসেম্বর।

হিজরি মাস: মহরম সফর রবিউলআউয়াল রবিয়সসানি জমাদিয়ুলআউয়াল জমাদিয়ুসসানি রজব শাবান রমজান শওয়াল জেলকদ জেলহজ।

১০৩। কালক্রম

বি. কাল,-ক্রম,-চক্র। কাল,-প্রবাহ,-স্রোত,-সমুদ্র,-সিন্ধু। মহাকাল অনাদি, আবহমান, কাল। কালের,-গতি,-বিন্যাস। সময়ের,-তাল,-ছন্দ। উত্থানপতন জোয়ারভাটা।

ক্রি. কাল বা সময় শেষ হওয়া। হারিয়ে যাওয়া। ফুরিয়ে যাওয়া। চলে যাওয়া। পার হওয়া। অতিবাহিত হওয়া। বহা। অতীত বা গত হওয়া।

ক্রি-বিণ. সময়ে কালে কালেকালে কালক্রমে।

১০৪। স্থায়িত্ব

বি. স্থায়ি,-তা,-ত্ব চিরস্থায়িত্ব অনশ্বরতা। স্থিতি স্থিরতা। অনবচ্ছেদ অবিচ্ছিন্নতা অবিশ্রান্ততা। অপরিবর্তনীয়তা। চিরন্তনতা (১০৬)। প্রতিষ্ঠা। দৃঢ়তা নিশ্চলতা অটলতা। দীর্ঘজীবন পরমায়ু (১২৪)। দীর্ঘসূত্রতা (১৩১)। মন্থরতা। একযুগ বারবছর। হাজার বছর।

ক্রি. টিকা। থাকা। রহা। চলা। ক্রমাগত চলা। বজায় কায়েম বহাল বা টিকে থাকা। ধোপে টেকা। বেঁচে থাকা। সময় নেওয়া (১৩১)।

বিণ. স্থায়ী চিরস্থায়ী মুদামি অনশ্বর অবিনাশী। পাকা মজবুত টেকসই দৃঢ় শক্ত। প্রাচীন পুরাতন নবপুরাতন। আমৃত্যু আবহমান চিরন্তন (১০৬)। দীর্ঘ একটানা। অশেষ। দুরপনেয় দুরবগ্রহ দুর্মোচ্য পায়দার।

১০৫। ক্ষণস্থায়িত্ব

বি. ক্ষণস্থায়িত্ব ক্ষণিকতা। শ্মশানবৈরাগ্য। পরিবর্তনশীলতা (১৪৭)। নশ্বরতা। বুদ্বুদন। অনতিকাল অল্পসময়। নিমেষ চকিত লহমা। পলক একঝলক এক দণ্ড দুদণ্ড। মুহূর্ত ক্ষণ। অচিরকাল অনিত্যতা অস্থায়িত্ব। ছেদ। গতি (২৬০)। আকস্মিকতা।

ক্রি. ক্ষণস্থায়ী হওয়া বা থাকা। চলে যাওয়া। উড়ে উবে মুছে গলে বা হারিয়ে যাওয়া।

বিণ. ক্ষণস্থায়ী ক্ষণিক। সাময়িক। কালীয় মেয়াদি। মরশুমি। অন্তর্বর্তীকালীন। সঞ্চারী। অস্থায়ী। অচিরস্থায়ী অশাশ্বত অস্থির। স্বল্পজীবী। স্বল্পকালীন। অনিত্য অচির নশ্বর বিনশ্বর মর মরণশীল। সদ্যঃপাতী। বিনাশী। ভঙ্গুর ক্ষণভঙ্গুর। মৃন্ময়। বুদ্বুদধর্মী। ধ্বংস্য। উদ্বায়ী। তাৎক্ষণিক। আকস্মিক। ত্বরিৎ (৬৮৪)।

১০৬। চিরন্তনতা

বি. চিরন্তনতা নিত্যতা অনন্তত্ব (৯৯) অনন্তকাল চিরকাল চিরকালীনতা চিরস্থায়িতা চিরস্থায়িত্ব। ধ্রুবতা ধ্রুবত্ব ধ্রৌব্য। অশেষত্ব। অক্ষয়ত্ব অব্যয়ত্ব অবিনাশিতা। অমর,-তা,-ত্ব। অনশ্বর,-তা,-ত্ব। চিরজীবিতা। ক্ষয়,লয়,নাশ,-হীনতা। নিরবচ্ছিন্নতা। আবহমানতা। জনমজনম জন্মজন্মান্তর।

বিণ. চিরন্তন নিত্য নিয়ত নিত্যকালের সনাতন। কায়েমি। অনন্ত। অনাদি অনাদ্য অনাদ্যন্ত চিরায়ত শাশ্বত শাশ্বতিক শাশ্বতিকী শাশ্বতী। ধ্রুব ধ্রুপদী। সুচির চিরকালীন চিরজীবী সার্বকালিক চিরস্থায়ী সর্বকালীন কালাতীত। কূটস্থ। অশেষ নিঃশেষ নিরবশেষ। অক্ষয় অব্যয় অবিচ্ছিন্ন নিরবচ্ছিন্ন। অলয় অমর অনশ্বর অবিনশ্বর অবিনাশী অজর

মরণ,মৃত্যু,-হীন অকুতোমৃত্যু চিরায়ু চিরায়ুষ্মান চিরঞ্জীব।

ক্রি-বিণ. সর্বদা সতত সদা বরাবর আকসার হামেশা হামেহাল নিরন্তর নিরবধি প্রতিনিয়ত (১৩৪)। শেষদিনপর্যন্ত। রোজকেয়ামততক। যাবচ্চন্দ্রদিবাকর।

১০৭। তাৎক্ষণিকতা

বি. তাৎক্ষণিকতা ক্ষণকালীনতা ক্ষণিকতা। আকস্মিকতা। অবিলম্ব। মুহূর্ত ক্ষণ ক্ষণকাল ক্ষণিক। কিছু,কিয়ৎ,-ক্ষণ। একটুক্ষণ খানিক। পল বিপল অনুপল দণ্ড। মিনিট সেকেন্ড। পলক ঝলক নিমিখ নিমেষ লহমা পক্ষ্ম,নেত্র,-পাত। ক্ষণস্থায়িত্ব ক্ষণিকতা সাময়িকতা অস্থায়িতা। প্রত্যুৎপন্নমতিত্ব।

বিণ. তাৎক্ষণিক ত্বরিৎ অবিলম্ব। প্রত্যুৎপন্ন।

ক্রি-বিণ. তৎক্ষণাৎ ক্ষণিকে ক্ষণে অমনি মুহূর্তে ঝট তুরন্ত। হঠাৎ অকস্মাৎ। সদ্যসদ্য সাথেসাথে সঙ্গেসঙ্গে। এখনই তখনই। সদ্য সবে সবেমাত্র। চোখের পলকে। চকিতে।

১০৮। কালমিতি

বি. কালমিতি। কালনির্ঘণ্ট। কালক্রম কালানুক্রম। কালনিরূপণবিদ্যা হোরাবিদ্যা। কালপঞ্জি পাঁজি পঞ্জি পঞ্জিকা বর্ষপঞ্জি ক্যালেন্ডার দেওয়ালপঞ্জি। তারিখ দিনাঙ্ক। ডায়েরি। দিন,-লিপি,-পত্রী। রোজনামচা রেজিস্টার বর্ষলিপি। কাললেখক। সময়সারণি টাইমটেবিল। ঘণ্টা ঘড়ি। দেয়াল,পকেট,ট্যাঁক,হাত,সূর্য,ছায়া,বালি,-ঘড়ি। ঘড়ির কাঁটা।

ক্রি. সময় তারিখ দেখা রাখা মাপা বা গণা।

বিণ. কালক্রমিক। সময়সংক্রান্ত।

১০৯। কালাসংগতি

বি. কালাসংগতি অকাল অসময় (১৩৩) অক্রম। বিলম্ব (১৩১)। তারিখহীনতা।

ক্রি. ভুল তারিখ দেওয়া। আগের বা পরের তারিখ দেওয়া। তারিখের আগে করা। সময়ের কাণ্ডজ্ঞান না থাকা।

বিণ. অকালিক অকালের অকালজ অকালজাত। অসময়নিষ্ঠ। ভ্রান্ততারিখ তারিখহীন বেতারিখ। বাকি।

ক্রি-বিণ. সময়ের আগে। সময়ের পরে। অসময়ে। অকালে।

১১০। পূর্বিতা

বি. পূর্বিতা পূর্ববর্তিতা। মানক্রম। পূর্বাধিকার পূর্বগণ্যতা। পূর্বপুরুষ। পূর্বাবস্থা পূর্বকাল প্রাক্কাল পূর্বভাগ (৬৩)। অতীত (১১৬)।

বিণ. পূর্ব অগ্র পূর্ববর্তী পূর্বগামী পূর্বকালীন প্রাক্কালীন। পূর্বতন ভূতপূর্ব সাবেক প্রাক্তন। উক্ত পূর্বোক্ত উপরোক্ত প্রাগুক্ত মজকুর। প্রারম্ভিক (৬৩)। অগ্রিম (১৩০)। জ্যেষ্ঠ।

ক্রি-বিণ. ইতিপূর্বে ইতঃপূর্বে। অগ্রে আগে পূর্বে পূর্বাহ্ণে। প্রথমে। আগেভাগে। আগে থাকতে। তখন।

১১১। পরবর্তিতা

বি. পরবর্তিতা ক্রমান্বয় অনুক্রম ক্রমবিকাশ ক্রমান্বয়তা প্রবাহ ক্রমবর্ধমানতা। ভবিষ্যৎ (১১৫)। উত্তরাধিকারী উত্তরভাগ (৬৪)। অবশেষ (৪০)।

বিণ. পরবর্তী পশ্চাদ্‌বর্তী পশ্চাৎকালীন উত্তরকালীন। ক্রমায়ত ক্রমাগত ক্রমিক। আসন্ন। ভাবী (১১৫)। কনিষ্ঠ।

ক্রি-বিণ. পরে পেছনে ক্রমে কালে কালক্রমে। শেষে অবশেষে শেষকালে পরিশেষে। অনন্তর অতঃপর তারপর তৎপর তদন্তর। ইতঃপর।

১১২। বর্তমান

বি. বর্তমান। সমকাল এক্ষণ একাল। আজ অদ্য দিন। আপাত। সন্ধিক্ষণ। হাল। হাল আমল। জন্ম। নব,-যুগ,-কাল। নব্য,নতুন,আধুনিক, যুগ। কলি,-যুগ,-কাল। নব্যসমাজ। বিংশ শতাব্দী। সাময়িকতা সমসাময়িকতা সমকালীনতা। সাম্প্রতিকতা যুগপত্তা (১১৪)। ইহকাল ইহজন্ম ইহজীবন।

বিণ. বর্তমান উপস্থিত হাল আধুনিক অধুনাতন ইদানীন্তন আজকের চলতি বর্তমানকালীন। সমকালীন সাময়িক সাম্প্রতিক এবার এবারকার। সাজো সদ্য টাটকা।

ক্রি-বিণ. বর্তমানে আজকে আজকাল হালফিল ফিলহাল হালে সম্প্রতি ইদানীং সবে এখন এইক্ষণ (১০৭)। আপাতত এক্ষণে। ঐহিক ঐহলৌকিক।

অব্য. অদ্য। অদ্যাপি অদ্যাবধি।

১১৩। ভিন্নসময়

বি. ভিন্নসময় অন্যসময় সময়ান্তর বারান্তর কালান্তর যুগান্তর।

ক্রি-বিণ. তখন সেইক্ষণ সেসময়। যখন। তারপর। কখন। একদা এককালে একসময়।

১১৪। যুগপত্তা

বি. যুগপত্তা যৌগপদ্য। তাৎকাল্য সমকালীনতা সমসাময়িকতা যুগসন্ধি সংঘটন সহঘটন সংস্থিতি সহস্থিতি। সহঅবস্থান সমাপাতন সমাপাত সংগমন। সমলয়। সম্মতি।

ক্রি. সহাবস্থান করা। একই সময়ে ঘটা বা করা।

বিণ. সমকালীন সমকালিক তৎকালিক তৎকালীন সমকালসম্ভূত। সমসাময়িক সামসাময়িক সমবয়স্ক সংগামী সমপাতিক।

ক্রি-বিণ. যুগপৎ একত্রে সমস্বরে একইমুখে।

১১৫। ভবিষ্যৎ

বি. ভবিষ্যৎ,-কাল। ভাবী,-যুগ,-কাল উত্তরকাল অনাগত,-কাল,-যুগ। আসন্নকাল অদূরভবিষ্যৎ। আগামী,-কাল,-কল্য। আসছে,-কাল,-কল্য কাল। পরশ্ব পরশু আগামীপরশু। তরশু। মহাকাল। আখের পরিণাম। রোজকেয়ামত রোজহাশর। পরকাল পরজন্ম পরজীবন। আগমন আবির্ভাব আসন্নতা। উত্তরাধিকার। উত্তরপুরুষ ওয়ারিশ। পূর্বাভাস আন্দাজ পূর্বজ্ঞান। সম্ভাবনা আশা প্রত্যাশা। দূরদৃষ্টি (৫৩৩)। ভবিতব্য (১৫০)।

ক্রি. আন্দাজ আশা বা প্রত্যাশা করা। দূরদৃষ্টি থাকা। কাছিয়ে বা নিকটে আসা। আসন্ন হওয়া।

বিণ. ভবিষ্যৎ ভবিষ্য ভাবী আগামী হবু। কালকের। অনাগত। আগত আসন্ন সমাসন্ন প্রত্যাসন্ন। আগতপ্রায় নিকটবর্তী। ভবিতব্য। ভবিষ্যাপেক্ষ।

ক্রি-বিণ. পরে ভবিষ্যতে। সময়ে। অবশেষে শেষে।

১১৬। অতীত

বি. অতীত সাবেক,পূর্ব,পুরা,বিগত,অতীত, -কাল। সে,পূর্ব,বিগত,-যুগ। কাল গতকাল গতকল্য কল্য। পরশ্ব পরশু গতপরশু। তরশু। পুরানো কাল। সেআমল সেকাল। স্মরণাতীতকাল। আদিকাল আদিযুগ। গতানুদর্শন। স্মৃতি। ফেলে আসা দিন। পূর্বিতা। পুরাতত্ত্ব। পুরাবৃত্ত পুরাণ ইতিহাস। ইতিকথা ইতিবৃত্ত। প্রত্ন প্রত্নতত্ত্ব প্রত্নবিদ্যা। অতীতবেত্তা অতীতবিহারী ইতিহাসবেত্তা ইতিবৃত্তকার পুরাবিৎ পুরাতত্ত্ববিদ পুরাতাত্ত্বিক। ঐতিহাসিক। প্রত্নতত্ত্ববিদ্। পূর্বপুরুষ বংশধারা। আদিবাসী।

বিণ. অতীত সমতীত গত বিগত বীত গেল যাত ইত আবীত অতিক্রান্ত। পুরা পুরাতন প্রাচীন (১১৮) লুপ্ত ধ্বংসপ্রাপ্ত লয়প্রাপ্ত বিলীন। সেকেলে। প্রাক্তন ভূতপূর্ব সাবেক। তদানীন্তন তৎকালীন তখনকার। পূর্বতন পূর্ববর্তী পূর্বোক্ত শেষোক্ত শেষ। অতীতপ্রভাবী। ভূতাপেক্ষ প্রত্নতাত্ত্বিক। ঐতিহাসিক।

ক্রি-বিণ. আগে পূর্বে। অতীতে সেকালে। তদা তদানিং তখন। ইতঃপূর্বে।

১১৭। নূতনত্ব

বি. নূতনত্ব। নব্যতা নবীন,-তা,-ত্ব নবত্ব নব্যতা। অভিনবত্ব নবীভাব। যৌবন তারুণ্য (১২৭)। নাবালকত্ব। ছেলেমি। নবীকরণ সংস্কার জীর্ণোদ্ধার জীর্ণসংস্কার। নবজীবন পুনর্জীবন। নতুন বড়লোক। ভুঁইফোঁড়। আধুনিকতা আধুনিকতাবাদ আধুনিকীকরণ। উদ্ভাবন। হালফ্যাশান। হুজুগ। অত্যাধুনিকতা। উগ্র আধুনিকতা। নবীনবরণ।

বিণ. নূতন নতুন নব নব্য নবীন নয়া নঙ্গ নওল অভিনব কোরা আনকোরা। তরুণ (১২৭)। সবুজ কাঁচা কচি অপক্ক। টাটকা। তাজা সতেজ সাজো তরতাজা। নবজাত সদ্যোজাত সদ্য প্রকাশিত। অক্ষতযোনি অনাঘ্রাত অঘ্রাত অনাস্বাদিত। নবীকৃত নবগঠিত। অধুনাতন আধুনিক সমকালীন সমকালিক চলতি। অর্বাচীন অপ্রবীণ অপরিণত। আনকা উটকো আগন্তুক। অনভিজ্ঞ আনাড়ি নবিশ। আধপাকা দরকচা দরকাঁচা। অপূর্ব অভূতপূর্ব।

১১৮। প্রাচীনত্ব

বি. প্রাচীন,-তা,-ত্ব। প্রবীণ,-তা-ত্ব প্রাবীণ্য। সাবেকত্ব সাবেকিয়ানা। পূর্ণতা। অভিজ্ঞতা পক্কতা। সাবালকত্ব। ক্ষয় অবক্ষয় পতন। জরা স্থবিরতা। ভীমরতি। অপ্রচলন। ধ্বংসাবশেষ অতীতের সাক্ষ্য। আদিকাল আদ্যিকাল সেকাল। আদমের যুগ। মান্ধাতার আমল। সত্য,ধর্ম,দেব, -যুগ। ঐতিহ্য। কিংবদন্তি বিশ্রুতি। অচলায়তন।

বিণ. প্রাচীন পুরা পুরনো পুরাতন পুরাণ। প্রবীণ পাকা ঝুনা ঝানু চাঁই। ঘাগি ধাড়ি। অভিজ্ঞ পরিপক্ক পরিণত। মজ্জা। জ্যেষ্ঠ প্রথম। স্থবির (১২৯)। আদি আদিম প্রাগৈতিহাসিক। পৌরাণিক ঐতিহাসিক। চিরায়ত চিরাগত চিরাচরিত আবহমান চিরন্তন। সেকেলে প্রাচীনপন্থী রক্ষণশীল দক্ষিণপন্থী মধ্যযুগীয়। সনাতনী। সাবেক। অচল অচলিত অপ্রচলিত। পর্যুষিত বাসি। বস্তাপচা। জীর্ণ চর্বিতচর্বণ। ক্ষয়িষ্ণু মৃতপ্রায়। লুপ্ত বিলীন ধ্বংসপ্রাপ্ত।

১১৯। সকাল

বি. সকাল প্রভাত প্রাত ভোর। সকাল,প্রভাত, প্রাতঃ,ভোর,-বেলা। প্রাতঃ,-কাল। ঊষা। ঊষা, -কাল,-লগ্ন। উষসী। প্রত্যূষ। প্রাক্কাল। নিশাবসান নিশান্ত রাত্রিশেষ নিশান্তিকা নিশিভোর। বিহান ফজর সুবেহ। সূর্যোদয় অরুণোদয়। উদয়কাল সূর্যোদয়কাল। পূর্বাহ্ণ।

প্রাতঃ,-কৃত্য,-ক্রিয়াঃ মলমূত্রত্যাগ দন্তধাবন স্নান উপাসনা। প্রাতঃপ্রণাম। প্রাতঃসন্ধ্যা। পূর্বসন্ধ্যা। সুবেহ্‌সাদেক ব্রাহ্মমুহূর্ত কাকভোর ঝুঁজকি সাতসকাল।

ক্রি. সকাল হওয়া। ভোর হওয়া। রাত পোহানো।

বিণ. উষসী প্রভাতী প্রাতঃকালীন। পূর্বাহ্ণিক পূর্বাহ্ণকালীন।

ক্রি-বিণ. প্রাতে সকালে। পূর্বাহ্ণে। কোন্ সকালে। সাতসকালে। রাত থাকতে থাকতে। কাকভোরে। রাত না পোহাতে। সক্কালবেলা।

১২০। দ্বিপ্রহর

বি. দ্বিপ্রহর দুইপ্রহর দুপুর। মধ্যাহ্ন। মধ্যদিন। মাঝবেলা। দিন,ভর,–দুপুর। জোহর।

বিণ. দ্বিপ্রাহরিক। মধ্যাহ্নকালীন। মাধ্যন্দিন। মধ্যাহ্নের। দুপুরের।

ক্রি-বিণ. দ্বিপ্রহরে মধ্যাহ্নে দুপুরে। দিন,ভর, দুপুরে।

১২১। বৈকাল

বি. বৈকাল বিকাল। বিকেলবেলা। অপরাহ্ণ। পরাহ্ণ। তৃতীয় প্রহর। তিন পহর। আসর। বেলাবসান।

বিণ. বৈকালিক অপরাহ্ণিক। বিকালের।

ক্রি-বিণ. বিকালে অপরাহ্ণে। বেলার শেষে।

১২২। সন্ধ্যা

বি. সন্ধ্যা সাঁঝ সাঁজ সাঁজবেলা। সায় সায়ংকাল সায়াহ্ন। প্রদোষ। শাম। মগরেব। গোধূলি। দিনান্ত দিনশেষ দিবাবসান দিনক্ষয়। সূর্যাস্ত অস্তকাল অস্তাচল। নিশাগম রজনীমুখ। ভরসন্ধ্যা। সান্ধ্য আইন। কারফিউ। সাঁজবাতি। সন্ধ্যাতারা (৩২৫)।

বিণ. সান্ধ্য সন্ধ্যা,সায়ং,প্রদোষ,–কালীন। সাঁঝের। সায়ন্তন।

ক্রি-বিণ. সন্ধ্যায়। সাঁঝে। প্রদোষে। মগরেবের সময়ে।

১২৩। রাত্রি

বি. রাত্রি রাত রাত্তির রাতি। নিশি নিশা নিশীথ নিশীথিনী নিশুতি। রজনী যামিনী শর্বরী বিভাবরী ক্ষণদা ক্ষপা নক্ত তামসী তারকিনী। সন্ধ্যা,–রাত, –রাত্রি। এশা। রাতবিরেত। মহা,–নিশা, –নিশি। দুপুররাত রাতদুপুর নিশুতিরাত। শেষ,ভোর,–রাত। নিশান্ত (১১৯)। রাত্রি,নিশা, নক্ত,–চর। অন্ধকার। রাতকানা।

ক্রি. রাত কাটানো বা পোহানো। রাত্রিবাস করা। নিশিযাপন করা। রাত জাগা।

বিণ. রাত্রিকালীন। রাতের। নৈশ।

ক্রি-বিণ. রাত্রে রাতে। রাতভর। সারারাত। সারারাত ধরে। রাতারাতি।

১২৪। বয়স

বি. বয়স। বয়ঃ,–কাল,–ক্রম। উমর। আয়ু আয়ুষ্কাল পরমায়ু। জীবন,জীবৎ,জীবিত,–কাল। জীবদ্দশা। ইহ,–কাল,–জন্ম,–জীবন। বয়ো,–গুণ, –ধর্ম,–দোষ। দীর্ঘ,–জীবন,–জীবিতা। চিরজীবিতা। চিরায়ুষ্মত্তা। ক্ষণ,হ্রস্ব,–জীবন। হ্রস্বজীবিতা। সাবালকত্ব। জ্যেষ্ঠত্ব। জ্যেষ্ঠাধিকার। পূর্বিতা। পূর্বাধিকার। প্রবীণতা (১২৯)।

ক্রি. বয়স হওয়া। জ্ঞান হওয়া। চোখ ফোটা। মেঘে মেঘে বেলা হওয়া।

বিণ. বয়ঃপ্রাপ্ত। বয়স্ক প্রাপ্তবয়স্ক। বর্ষীয়। বয়স্য। বয়োবৃদ্ধ (১২৯)। বয়সোচিত বয়সোপযোগী। দীর্ঘায়ু দীর্ঘজীবী। শতায়ু। শতিক। শতবর্ষজীবী। আয়ু,–ষ্মান,–মতী। পূর্ণায়ু। চিরায়ু। চিরায়ুষ্মান। অল্পায়ু স্বল্পায়ু। ক্ষীণায়ু। ক্ষণজীবী। আয়ুষ্য আয়ুষ্কর আয়ুবৃদ্ধিকর। জ্যেষ্ঠ বয়োজ্যেষ্ঠ। বড়। অগ্রজ। সিনিয়র। মধ্যম মেজো সেজো ন রাঙা সোনা ফুল। কনিষ্ঠ। বয়সে ছোট। জুনিয়র। অনুজ। কড়ে পিচ্চি। হাঁটুর বয়সী।

ক্রি-বিণ. আজন্ম,–কাল। আ,সারা,চির,–জীবন। জীবনভর। যাবজ্জীবন। আমৃত্যু আমরণ। বয়সে। জন্মে। আয়ুষ্কালে। বাপের জন্মে।

১২৫। শৈশব

বি. শৈশব,শিশু,বাল্য,-কাল। শৈশবাবস্থা। বাল্য। ছেলেবেলা। শিশুত্ব শিশুভাব। শিশু,-প্রকৃতি, -স্বভাব। শিশু,-মন,-হৃদয়। শৈশবলীলা। দোলনা। খেলাঘর। ছেলেখেলা। শৈশবসঙ্গী। নেংটির বন্ধু। শিশুপালন বালচর্যা। শিশুচিকিৎসা। শিশুচিকিৎসক। শিশু বাল বালবাচ্চা বাচ্চা আণ্ডাবাচ্চা কচি কাঁচা কচিকাঁচা কাচ্চাবাচ্চা ছোটবাচ্চা বেবি। পোগণ্ড অপোগণ্ড। বৎস বাছা বাছাধন যাদু,-ধন। শাবক। ছা। ছানা। পোনা। ছানাপোনা।

বিণ. শিশু। শিশু,বাল,-সুলভ। বাল্য। দুগ্ধপোষ্য দুধের বাচ্চা। সুকুমারমতি মাসুম নিষ্পাপ। নবজাত। নবজাতক। নবাগত। আঁতুড়ে। নাক টিপলে দুধ বেরয়।

ক্রি-বিণ. আশৈশব। ছেলেবেলা থেকে। আজন্ম। আবাল্য।

১২৬। কৈশোর

বি. কৈশোর। বালক,-তা,-ত্ব। বালক কিশোর ছোকরা ছেলেছোকরা ছোঁড়া চ্যাংড়া। কুমার কৌমার। খোকা খোকাবাবু। মানবক। বালখিল্য। কিশোরী কুমারী বালিকা ছুকরি ছুঁড়ি। খুকু খুকি খুকুমণি। অনভিজ্ঞতা নাবালকত্ব অপ্রাপ্তবয়স্কতা অপরিপক্বতা। ছেলেমি ছেলেমানুষি। চ্যাংড়ামি। প্রজন্মপার্থক্য। বয়ঃসন্ধি বয়ঃসন্ধিকাল। নবযৌবন। স্বরবিকৃতি।

বিণ. কৈশোরক। কিশোর,বাল,বালক,-সুলভ। বালকোচিত। নাবালক। নাবালিকা। অজাতশ্মশ্রু। নবীন।

১২৭। যৌবন

বি. যৌবন। যৌবন,বয়স,-কাল। যৌবন,যুবা, -বয়স। যুবকত্ব। উঠতি বয়স। তরুণ,-তা,-ত্ব। তারুণ্য তরুণতা তরুণিমা। যৌবনাবস্থা। যৌবনোদয় যৌবনসঞ্চার যৌবনারম্ভ। নবযৌবন। বয়ঃসন্ধি। ব্রহ্মচর্য। যৌবন,-শ্রী,-সম্পদ,-ভার, -মদ। যৌবনলক্ষণ বয়সা। যুবমানস। তরুণমন। যুব,-সমাজ,-সম্প্রদায়। যুবসম্মেলন। যুবক যুবা যুব জোয়ান নওজোয়ান। তরুণ চ্যাংড়া কিশোর (১২৬)। যুবতী তরুণী তরুণকিশোরী। ষোড়শী।

বিণ. যৌবন,-বান,-সম্পন্ন। যৌবনবতী। যৌবনসুলভ তারুণ্যপূর্ণ। যুবজনোচিত। যৌবনমদ,-মত্ত,-মত্তা। প্রাপ্তবয়স্ক বয়ঃপ্রাপ্ত বয়স্থ সাবালক বালেগ সেয়ানা লায়েক। উঠতি উচক্কা। সোমত্ত ডাগর ডবকা। সাবালিকা বালেগা প্রাপ্তবয়স্কা বয়স্থা ধাড়ি ধেড়ে। নব্যা। ধনি ধনিকা। মাস্তান।

১২৮। প্রৌঢ়ত্ব

বি. প্রৌঢ়,-তা,-ত্ব। প্রৌঢ়াবস্থা। মাঝ,আধা,-বয়স। গৃহধর্ম।

বিণ. প্রৌঢ় মাঝ,মধ্য,আধা,-বয়সী। মধ্যবয়স্ক। বিগতযৌবন। যৌবনোত্তীর্ণ। প্রৌঢ়া মধ্যবয়স্কা। বিগতযৌবনা যৌবনোত্তীর্ণা। আধবুড়ি। প্রৌঢ়োচিত প্রৌঢ়জনোচিত।

১২৯। বার্ধক্য

বি. বার্ধক্য বৃদ্ধত্ব বৃদ্ধ,-দশা,-ভাব বৃদ্ধাবস্থা। প্রবীণতা। বয়োবৃদ্ধি। শেষবয়স। পরিণতবয়স। বুড়োটেভাব বুড়োপনা। স্থাবির স্থাবির্য জীর্ণাবস্থা জরা। বলিরেখা। শিথিল,লোল,-চর্ম। বলিভ। জরূথ। শ্লথমাংশ।

ক্রি. বুড়োনো। বুড়িয়ে যাওয়া। বুড়ো হওয়া। বয়স হওয়া। মেঘে মেঘে বেলা হওয়া। জরায় ধরা। তিন কাল গিয়ে এক কালে ঠেকা। বাহাত্তুরে পাওয়া। বয়সের গাছপাথর না থাকা।

বিণ বৃদ্ধ বয়োবৃদ্ধ বুড়ো বর্ষীষ্ঠ বর্ষীয়ান। [illegible]। প্রবীণ। প্রাচীন। বয়স্বী। প্রবর্হ প্রবয়াঃ। পরিণতবয়স্ক। অশীতিপর। বার্ধক্য,-পীড়িত, জীর্ণ। জরা,-যুক্ত,-গ্রস্ত। জীর্ণদেহ চলচ্ছক্তিহীন অকর্মণ্য। অথর্ব স্থবির। জরৎ জরদ্গব। খুনখুনে,খুনখুনে,-বুড়ো। হাবড়া ধুবড়া। বুড়োধাড়ি। বৃদ্ধা। বুড়ি প্রবীণা প্রাচীনা বর্ষীয়ষী। জরতী। বলিযুক্ত বলিত। দশমীস্থ। শতানীক। পক্ক,পলিত,শুভ্র,-কেশ। পাকাচুল পাকামাথা। বুড়োহাড়।

১৩০। অবিলম্ব

বি অবিলম্ব। শীঘ্রতা সময়নিষ্ঠা সময়ানুবর্তিতা পাংচুয়ালিটি কালবোধ। যথা,-কাল,-সময়। দিনক্ষণ। রাইটটাইম। নির্ধারিত,ঠিক,-সময়। তৎপরতা প্রস্তুতি (৬৯৫)। ত্বরণ ত্বরায়ণ ত্বরা (৬৮৪)। ক্ষিপ্রতা (২৬৯)। অচির,-তা,-ত্ব। আকস্মিকতা। অকালপক্কতা। বালপ্রৌঢ়তা। অকালবার্ধক্য। হঠকারিতা।

ক্রি. কালবিলম্ব না করা। সময় মানা। সকাল সকাল করা বা হওয়া। ত্বরান্বিত করা। তাড়াতাড়ি করা (৬৮৪)। তর না সওয়া। সময়ের আগে করা বা হওয়া।

বিণ. আশু সকালসকাল। যথাসময়। আগাম। ত্বরিৎ সত্বর তূর্ণ। অকালপক্ক ইঁচড়েপাকা। বালপ্রৌঢ়। অকালবৃদ্ধ। হঠকারী। আকস্মিক। তাৎক্ষণিক জরুরী। অপ্রত্যাশিত (৫৩১)। আসন্ন হবোহবো ঘনায়মান ধূমায়মান সন্নিকট। অব্যবহিত।

ক্রি-বিণ. অবিলম্বে অনতিবিলম্বে অগৌণে তেমনি তেমনি। সঙ্গেসঙ্গে নিমেষে চকিতে অচিরে অচিরাৎ অচিরকালে তৎক্ষণাৎ তক্ষুণি। হঠাৎ অকস্মাৎ। তাড়াতাড়ি তড়িঘড়ি জলদি শীঘ্র তুরন্ত সত্বর তুরুক চটপট। অনতিপূর্বে অব্যবহিতপূর্বে। রাত পোহাতে না পোহাতে। রাতারাতি। সাতসকালে। সকাল সকাল। ঘড়িধরে। কাঁটায়কাঁটায়।

১৩১। বিলম্ব

বি. বিলম্ব কালবিলম্ব গৌণ দেরি তর বেলা। লেট। বিলম্বন ঝুলন লম্বন স্থগন নিলম্বন। সত্রাবসান মুলতবিঅবস্থা বিরতি। কালাত্যয় কালাতিপাত কালাতিক্রম। কালক্ষেপণ দীর্ঘসূত্রতা টালবাহানা ঢিমাতাল মন্থরতা (২৭০)। গয়ংগচ্ছভাব গতিক্রিয়া। তামাদি অতিপত্তি। পুনর্বিচার।

ক্রি. বিলম্ব দেরি বা বেলা করা। সময় নেওয়া বা নষ্ট করা। অযথা কাল ক্ষেপণ করা। থামা। মুলতবি বা স্থগিত রাখা। ফেলে রাখা। হাত না দেওয়া। আজকাল ইতস্তত গড়িমসি টালবাহানা বা ঘোরাফেরা করা। আটকে বা ঝুলে থাকা বা রাখা। শিকেয় বা তাকে তুলে রাখা। ঝুলিয়ে রাখা। তামাদি হওয়া। অপেক্ষা প্রতীক্ষা বা এন্তেজার করানো। দাঁড়ানো।

বিণ. বিলম্বিত দেরি লেট। ধীর ঢিমা ঢিমে তেতালা ঢিলা অসময়নিষ্ঠ। মন্থর শ্লথ অলস। মুলতবি। নিবর্ত নিবর্তিক নাবি নামলা। তামাদি বারিত অতিপন্ন। খারিজ।

বিণ-বি. বিলম্বী বিলম্বকারী ঢিলে নিবর্তক। দীর্ঘ,-সূত্র,-সূত্রী।

১৩২। সুসময়

বি. সুসময় সুদিন শুভ,-দিন,-কাল,-ক্ষণ,-লগ্ন। সুখবাসর। মাহেন্দ্রক্ষণ পুণ্য,শুভ,মাহেন্দ্র, অমৃত, -যোগ। মণিকাঞ্চনযোগ। কালশুদ্ধি। বৃহস্পতির দশা। সুযোগ সৌভাগ্য সুবর্ণ,স্বর্ণ,-সুযোগ। যো।

সুবিধা মওকা পড়তা (৭০৭)। মৌসুম। ফুরসৎ অবসর। সংকট জরুরীঅবস্থা ক্রান্তি সন্ধিক্ষণ সংকটমুহূর্ত।

বিণ. যথাসময় যথাকাল সময়োচিত সময়োপযোগী শুভ উপযুক্ত অনুকূল প্রশস্ত প্রকৃষ্ট। ভাগ্যবান সৌভাগ্যবান ক্ষণজন্মা। সাময়িক। আপতিক। উপস্থিতমত প্রস্তুতবিহীন। সাপেক্ষ নির্ভরশীল সম্ভাব্য।

ক্রি-বিণ. সুসময়ে যথাসময়ে।

১৩৩। অসময়

বি. অসময় অকাল। অদিন অবেলা অযাত্রা অসকাল অপ্রশস্ত,-কাল,-সময়। অবিহিত কাল। কুকাল দুষ্কাল আকাল। অপ্রকৃতসময় কালাসংগতি। অশ্লেষা মঘা অযাত্রা অগস্ত্যযাত্রা যাত্রানাস্তি। অকালপক্বতা অকালবোধন অকালবৃষ্টি অকালমৃত্যু। কালবিরোধদোষ। দুঃসময় অক্ষণ অশুভক্ষণ কুক্ষণ কুগ্রহ অপগ্রহ গ্রহদোষ কালবেলা কালান্তক বারবেলা দিনদগ্ধা কালরাত্রি। শনি শনির,-দশা,-দৃষ্টি। কলির সন্ধ্যা।

ক্রি. অসময়ে হওয়া বা ঘটা। সময় না পাওয়া। সময় হাতে না থাকা। সুযোগ হারানো বা পায়ে ঠেলা।

বিণ. কালবিরুদ্ধ। খারাপ মন্দ অশুভ। দুর্ভাগ্য মন্দবরাত। অপ্রকৃত অপ্রশস্ত। অসুবিধাজনক অনুপযুক্ত অননুকূল। অসময়নিষ্ঠ (১৩১)। অকালপক্ব (১৩০)। অকালজ। অকালজাত।

ক্রি-বিণ. অসময়ে অদিনে। অক্ষণে কুক্ষণে।

১৩৪। পৌনঃপুনিকতা

বি. পৌনঃপুনিকতা পৌনঃপুন্য। পুনরাবৃত্তি (৯৮) ধারাবাহিকতা ক্রম বারংবারতা। পর্যাবৃত্তি ফ্রিকোয়েন্সি। কম্পাঙ্ক। রুটিন সময়সারণি পালা। একঘেয়েমি। পুনরুক্তি অনুলাপ অনুপ্রাস। বীপ্সা। চক্র। পুনরুত্থান (১৬১)।

বিণ. পৌনঃপুনিক বারংবার ধারাবাহিক ঘনঘন পুনরাবৃত্ত পর্যাবৃত্ত অবিরাম অবিরল অবিরত নিরন্তর। প্রাত্যহিক দৈন দৈনিক দৈনন্দিন।

ক্রি-বিণ. পুনঃপুনঃ মুহুর্মুহু। বারবার বারেবারে ফিরেফিরে ঘুরেফিরে ঘুরেঘুরে। আবার ফের পুনঃ পুনরায় পুনশ্চ পুনরপি পুনর্বার। ঘনঘন। ক্ষণেক্ষণে। ঘড়িঘড়ি ঘন্টায়ঘন্টায় পলকেপলকে মিনিটেমিনিটে সেকেন্ডে-সেকেন্ডে দণ্ডেদণ্ডে। থেকেথেকে। ক্রমাগত অবিরল অবিরাম নিরন্তর সাধারণত সচরাচর এমনতে। পইপই ভূয়ঃ ভূয়োভূয়ঃ প্রায় প্রায়ই প্রায়শ প্রতি,-দিন,-ক্ষণ, -নিয়ত অনুদিন। প্রতি,-মাসে,-বছরে। ফি, -মাসে,-বছরে সাংবৎসর। চক্রাকারে। সচরাচর আকসার সর্বদা।

১৩৫। বিরলতা

বি. বিরল,-তা-ত্ব। দুষ্প্রাপ্যতা দুর্লভতা। আকাল দুর্বৎসর কাহাত দুর্ভিক্ষ মন্বন্তর। ডুমুরের ফুল।

বিণ. বিরল দুরাপ দুষ্প্রাপ্য দুর্লভ দেবদুর্লভ। অলভ্য অনাপ্য। দুর্ঘট। অসাধারণ অসম্ভব। সুদূরপরাহত।

ক্রি-বিণ. ক্বচিৎ কদাচ কদাচিৎ কদাপি কখনওসখনও কালেভদ্রে অবরেসবরে। নমাসে ছমাসে দৈবাৎ। মধ্যে মধ্যে। মাঝেমধ্যে। মাঝেমাঝে।

১৩৬। নিয়মিততা

বি. নিয়মিততা। সাময়িকতা। মৌসুম ঋতু। তাল গতি স্পন্দন দোলন অধিকম্প ছন্দ। ঘূর্ণন আবর্তন

প্রদক্ষিণ। রোঁদ বার ক্ষেপ পালা রুটিন। সময়ানুবর্তিতা সময়নিষ্ঠা কাল,-জ্ঞান,-বোধ। কালচক্র। প্রক্রিয়া প্রণালী ক্রম পর্যায় ধারাবাহিকতা। জয়ন্তী জন্মতিথি জন্মদিবস সালগিরা। জন্মবার্ষিকী। জুবিলি স্বর্ণ,রৌপ্য,হীরক,-জয়ন্তী। শতবার্ষিকী। নববর্ষ নওরোজ। বিজয়,স্বাধীনতা,শহীদ,-দিবস। মে দিবস।

বিণ. নিয়মিত নিয়ত। ধারাবাহিক ক্রমিক চক্রাকার। নির্দিষ্ট নির্ধারিত। স্থির। সময়মতো নিয়মমতো। একান্তর।

১৩৭। অনিয়মিততা

বি. অনিয়মিততা অনিশ্চয়তা অনির্দিষ্টতা অভাবনীয়তা অপ্রত্যাশা। আকস্মিকতা (১৫৪)। অস্থিরতা। নিয়মাভাব। অনির্দিষ্টকাল অনির্ধারিতসময়। কালান্তর যুগান্তর সময়ান্তর অন্যসময়। খেয়াল খামখেয়াল। লীলা। রীতিব্যতিক্রম।

বিণ. অনিয়মিত অনিশ্চিত অনির্দিষ্ট নিয়মরহিত অনিয়ত। খেয়ালি। লীলাময়। সঞ্চারী। অগোছাল। বিষম। প্রথাহীন। পরিবর্তনশীল। আকস্মিক। দমকা। অভাবনীয় অভাবিত অভাব্য। কাকতালীয়।

১৩৮। পরিবর্তন

বি. পরিবর্তন। অবস্থান্তর ক্রান্তি। পরিবর্ত। অনিত্যতা। বিকার বিপরিণতি বিপরিণাম বদল। রদবদল তরমিম ফের হেরফের রকমফের। বিবর্তন ক্রম,-বিবর্তন,-পরিবর্তন অভিব্যক্তি পরিব্যক্তি। ধারাবিকাশ ক্রমবিকাশ ক্রমোন্নতি। নামান্তর। অভিশ্রুতি অপশ্রুতি। বিভক্তি পর্যাস প্রত্যয় উৎক্রম ব্যুৎক্রম। বৈচিত্র্য। ভাবান্তর। ধর্মান্তরণ (১৪২)। বিপ্লব (১৪৪)। সংস্কার সংশোধন। অন্তরাবর্তন। পূর্বানিবৃত্তি (১৪৩)। স্থানান্তর। হস্তান্তর। রূপান্তর রূপান্তরণ (১৪২) আকারান্তর গুণান্তর উপস্কৃতি। জন্মান্তর দেহান্তর। অবতার। পরিবর্তনশীলতা (১৪৭)। আন্তঃপরিবর্তন (১৪৬)।

ক্রি. পরিবর্তন করা বা হওয়া। বদলানো। ঘুরানো ফেরানো। বাঁকানো। মোচড়ানো। পাশ ফেরা। মোড় ফেরা। নূতন করা। নূতন জীবন দেওয়া। নবরক্ত সঞ্চালন করা। ভেঙ্গে গড়া। ঢেলে সাজানো। উলটানো। পালটানো খোল নলচে বদলানো। রঙ চড়ানো। রঙ ফলানো।

বিণ. পরিবর্তিত অবস্থান্তরিত। রূপান্তরিত। বিবর্তিত বিপরিণত। পরিবর্তনশীল (১৪৭)। পরিবর্তনীয় বিপরিণামী অস্থায়ী। অনিত্য।

১৩৯। নিত্যতা

বি. নিত্য,-তা,-ত্ব। সাতত্য। ধ্রুব,-তা,-ত্ব স্থিতি স্থিরতা স্থৈর্য নিরবচ্ছিন্নতা দৃঢ়তা স্থিতাবস্থা। রক্ষণ অনুরক্ষণ সংরক্ষণ। রক্ষণশীলতা। অপরিবর্তনীয়তা নিশ্চলতা (২৬১)। একগুঁয়েমি অনমনীয়তা। সহনশীলতা।

বিণ. নিত্য স্থায়ী ধ্রুব স্থির। প্রতিষ্ঠিত অধিষ্ঠিত অবস্থায়ী। কায়েমি পাকা পোক্ত শক্ত দৃঢ় মজবুত টেকসই বদ্ধমূল। স্থাণু অবিচল অপরিবর্তনীয় অনমনীয় অপরিবর্তিত কালজয়ী অবিকৃত পূর্বাপর। সনাতন শাশ্বত। চিরায়ত। চিরাগত চিরাচরিত চিরন্তন আবহমান অনির্বাণ।

অব্য-ক্রি-বিণ. সদা সর্বদা হরবখত অনুক্ষণ সারা,-ক্ষণ,-বেলা অহরহ অহর্নিশ অহোরাত্র দিবারাত্র দিনরাত্রি দিবসরজনী অষ্টপ্রহর চব্বিশ ঘণ্টা দৈনিক নৈমিত্তিক সারা,-দিন,-রাত,-দিনরাত। সকালসন্ধ্যা সুবেশাম প্রতিদিন হররোজ। হরদম।

১৪০। নিবৃত্তি

বি. নিবৃত্তি নিবর্তন। বিরতি বিরাম রেহাই। কামাই ছেদ ছেক। প্রলম্বন বিলম্বন বিনিবর্তন। বাধা রোধন থামা থমকানি। হেঁচকাটান গতিরোধ। নিশ্চলতা। আরতি স্থগন ক্ষান্তি বিশ্রাম বন্ধ ছুটি (৬৮৫)। যুদ্ধবিরতি। স্থিতাবস্থা। মুলতবি অবস্থা। অচলাবস্থা। কিস্তিমাত। কর্মবিরতি কর্মচ্ছেদ হরতাল ধর্মঘট লাগাতার–ধর্মঘট বন্‌ধ পিকেটিং স্ট্রাইক চাকাবন্ধ তালাবন্ধ। শেষ সমাপ্তি অবসান। পরিনির্বাণ। পরিতৃপ্তি (৮৫১)। যতি,বিরাম,–চিহ্ন: কমা সেমিকোলন কোলন ড্যাশ কোলনড্যাশ দাঁড়ি পূর্ণচ্ছেদ।

ক্রি. নিবৃত্ত হওয়া। থামা। দাঁড়ানো। থমকানো। দমা। বাধা দেওয়া। রোধ করা। রোখা। গতিরোধ করা। থামানো। ছেদ বা ক্ষান্তি পড়া। ধরা। ধরে আসা। শান্ত হওয়া। ছুটি বা বিশ্রাম নেওয়া। পৌঁছানো (২৮৭)। শেষ হওয়া। ছেড়ে দেয়া (৬১৫)। নিরস্ত করা। আটকানো। গ্রেফতার করা।

বিণ. নিবৃত্ত। স্থগিত। বিরত। বাধাপ্রাপ্ত। বন্ধ। সংযত। নিরস্ত। ক্ষান্ত। পরিতৃপ্ত (৮৫১)।

১৪১। অনবচ্ছেদ

বি. অনবচ্ছেদ নিরবচ্ছিন্নতা অনবচ্ছিন্নতা অবিচ্ছিন্নতা। অবিরতি অনিবৃত্তি। নিরন্তরতা বিরামহীনতা। চলন। অনুধাবন অনুসরণ। অনুশীলন। অনুরক্ষণ সংরক্ষণ সম্প্রসারণ। ধারাবাহিকতা জের ক্রমান্বয়তা। দীর্ঘকরণ। জেদ গোঁ। প্রচেষ্টা অধ্যবসায়। পুনর্বৃত্তি।

ক্রি. কামাই নাই। চালিয়ে যাওয়া। টিকে থাকা। টিকিয়ে রাখা। বজায় কায়েম বা বহাল রাখা।

বিণ. চলৎ চলন্ত চলতি। অবিরত অনবরত নিরন্তর অবিরল অনিবার ক্ষান্তিহীন অবিরাম বিরামহীন নিরবকাশ অবিশ্রাম অবিশ্রান্ত অশ্রান্ত নাগাড় একটানা অঝোর এন্তার অনর্গল। নিরবশেষ নিরবচ্ছিন্ন নিরন্তর অনবচ্ছিন্ন লাগাতার। অপরিবর্তিত পূর্বাপর। প্রচলিত চালু। বজায় বহাল কায়েম। বলবৎ প্রতিষ্ঠিত অক্ষুণ্ণ। অনির্বাণ অমর অনশ্বর চিরন্তন। নিত্য (১৩৯)। উঠতে বসতে।

১৪২। রূপান্তরণ

বি. রূপান্তরণ ধর্মান্তরণ গুণান্তরণ আকারান্তরণ। বিজারণ। উপক্ষয়। উপস্কৃতি। আত্তীকরণ। পরিমিশ্রণ। রসায়ন কিমিতি কিমিয়া। বাড়ন বর্ধন বিকাশ প্রগতি। দেশ্যকরণ। নির্বাসন। দেশান্তরণ অভিপ্রয়াণ। পরিবর্তন স্থানপরিবর্তন। সংস্কার সংশোধন। কাল দশা কলা। জন্মান্তর দেহান্তর। ধর্মান্তরণ ধর্মত্যাগ। দলত্যাগ। বিকার বিকৃতি বিক্রিয়া।

ক্রি. রূপ ধর্ম গুণ আকার বা চরিত্র বদলানো বা পরিবর্তন করা বা পরিবর্তিত হওয়া। মিশে যাওয়া। গলে যাওয়া। নূতন রূপ বা আকার দেওয়া। ভোল ফেরানো। সংস্কার করা। পুনর্গঠন করা।

বিণ. রূপান্তরিত ধর্মান্তরিত।

১৪৩। পূর্বানুবৃত্তি

বি. পূর্বানুবৃত্তি প্রত্যাবর্তন প্রত্যাগমন প্রতিগমন পরাবর্তন। পরিবর্তন বিপরিবর্তন বিনিবর্তন বিবর্তন প্রতিক্রম। আবর্তন ঘূর্ণন। ব্যাবর্তন ব্যাবৃত্তি। উৎক্রম বিলোমক্রিয়া (২১৭)। একান্তরতা। প্রতিক্রিয়া। ভূতাপেক্ষণ গতানুদর্শন। জাবর। রোমন্থন চর্বিতচর্বণ। প্রতীপগতি। পুনরুদ্ধার প্রত্যানয়ন। পুনঃপতন। পূর্বগানুকৃতি। প্রত্যাগতি।

ক্রি. ফেরানো। প্রত্যাবর্তন করা। উলটানো পালটানো। আওড়ানো। পিছানো। ফিরে আসা। হটে আসা। পুনরুদ্ধার করা। শোধরানো। পালা বদলানো।

১৪৪। বিপ্লব

বি. বিপ্লব। আমূল-পরিবর্তন ইনকেলাব। বিদ্রোহ অভ্যুত্থান উপপ্লব প্রতিবিপ্লব। ধর্মবিপ্লব। সন্ত্রাসবাদ চরমপন্থা। অগ্নিযুগ। চাঞ্চল্য বিক্ষোভ আলোড়ন আন্দোলন ঘেরাও আক্ষেপ বিক্ষেপ উৎক্ষেপ। ভূকম্প ভূমিকম্প। অগ্ন্যুদগার। কালবৈশাখী। দাবানল কালানল। প্রলয়। মহাপ্লাবন ঘূর্ণিঝড় সাইক্লোন। বিস্ফোরণ। অন্তর্ঘাত সাবোতাজ। ধ্বংস (১৬০)। বিপ্লবী,-চেতনা, সত্তা।

বিণ. বৈপ্লবিক বিপ্লবাত্মক। সর্বাত্মক আমূল। সর্বনাশী ধ্বংসাত্মক নাশকতামূলক অন্তর্ঘাতী প্রলয়ঙ্কর। বিপ্লবী বিপ্লব,-পন্থী,-বাদী। সন্ত্রাসবাদী টেররিস্ট চরমপন্থী উগ্রপন্থী হিংসাশ্রয়ী। প্রতিবিপ্লবী।

১৪৫। প্রতিস্থাপন

বি. প্রতিস্থাপন। প্রতিকম্পন অনুকম্পন। পরিবর্ত পালট বদল বিনিময় নিস্ক্রয়ণ। জবরদখল। প্রতিকল্প বলি। জোড়াতালি। ছুতা দোহাই। ঠেকা। শিখণ্ডী। সাক্ষিগোপাল। প্রতিরূপ। তাজিয়া। প্রতিভূ প্রতিনিধি প্রক্সি। বেনামদার। মূল্য। দাম। বায়না। বিবেচনা। ক্ষতিপূরণ। নামজারি কায়েমমোকাম।

ক্রি. অন্যের স্থানে স্থাপন করা। স্থলাভিষিক্ত করা। সরিয়ে বসানো। অন্যের স্থান জবরদখল করা। বদলা দেওয়া। ক্ষতিপূরণ করা।

বিণ. প্রতিস্থাপিত স্থলাভিষিক্ত বদলি। বেনামা বেনামি।

১৪৬। আন্তঃপরিবর্তন

বি. আন্তঃপরিবর্তন অদলবদল হেরফের। আদানপ্রদান লেনদেন বিনিময় নিস্ক্রয়ণ। পরিবিন্যাস। পক্ষান্তরণ। ব্যতিহার। একান্তরতা। প্রতিশোধ প্রতিহনন। প্রত্যবহার। প্রতিক্রিয়া। প্রত্যপবাদ। প্রত্যুত্তর প্রত্যভিযোগ। প্রত্যুপকার। প্রত্যভিবাদন। পারম্পর্য।

ক্রি. অদলবদল করা। পরস্পর বদল বিনিময় বা পরিবর্তন করা। তাসানো। আন্তঃপরিবর্তন ঘটা। শোধ তোলা। পালটা জবাব দেওয়া। শোধ করা।

বিণ. আন্তঃপরিবর্তনীয়। পরস্পর পরস্পর। আন্তর্জাতিক আন্তর্রাষ্ট্র আন্তঃসম্প্রদায়।

১৪৭। পরিবর্তনশীলতা

বি. পরিবর্তনশীলতা পরিবর্তনীয়তা। রূপান্তরতা। বহুমুখিতা। গতিশীলতা প্রগতিশীলতা। অভিব্যক্তিবাদ। বিবর্তনবাদ। অস্থিতি অস্থিরতা অস্থৈর্য। ভাবান্তর। চাপল্য। হেরফের অদলবদল। বিচলন আলোড়ন (৩১৩)। চাঞ্চল্য। হ্রাসবৃদ্ধি তারতম্য। ঋতু,-পর্যায়,-বদল,-পরিবর্তন। ঋতু,কাল,-চক্র। জোয়ারভাটা। অস্থিরচিত্ততা চাপল্য। একান্তরতা। দোলন। দ্রবণীয়তা। চন্দ্র। তরঙ্গ। বেলাভূমি। বহুরূপী। পারদ পারা। ভাগ্যচক্র। সুবিধাবাদ।

ক্রি.পরিবর্তন হওয়া। হেরফের হওয়া। এদিকওদিক করা। দোল খাওয়া। কাঁপা। ঝাপ্‌টানো। ঝটপট করা। ইতস্তত করা। ডিগবাজি খাওয়া বা দেওয়া।

বিণ. পরিবর্তনশীল পরিবর্তী পরিবর্তমান পরিবর্তনীয়। বিচিত্র। বিষম। বহুমুখী বহুরূপী।

চলিষ্ণু গতিষ্ণু গতিশীল। অস্থির চঞ্চল চটুল চপল অস্থিরচিত্ত অব্যবস্থিতচিত্ত খেয়ালি খামখেয়ালি। পথভ্রষ্ট উদ্দেশ্যবিহীন। অনির্দিষ্ট। অস্থায়ী (১০৫)। বিকারী।

১৪৮। অপরিবর্তনশীলতা

বি. অপরিবর্তনশীলতা অপরিবর্তনীয়তা। অবিকার স্থিতি সুস্থিতি। সদ্ভাব স্থিরতা স্থৈর্য। দৃঢ়তা অটলতা নিশ্চলতা অচঞ্চলতা স্থায়িত্ব। প্রতিষ্ঠা নিত্যতা (১৩৯)। রক্ষণশীলতা জেদ গোঁ একগুঁয়েমি।

ক্রি. স্থির অটল অনড় অচল শক্ত দৃঢ় বা কঠিন হওয়া বা থাকা। প্রতিষ্ঠিত করা। নিরূপণ বা নির্ধারণ করা। শক্ত করা (৪৩)। চিরস্থায়ী করা। শিকড় গাড়া। মাটি কামড়ে থাকা। নাছোড়বান্দা হওয়া।

বিণ. অপরিবর্তনীয় অপরিবর্তী অপরিবর্তিত। অবিকার অবিকার্য অবিকৃত। অনমনীয়। অদ্রবণীয়। পাকা শক্ত মজবুত দৃঢ় কঠিন। অটল অনড় অবিচল অচঞ্চল। নিস্তরঙ্গ। অকম্প নিষ্কম্প। স্থৈতিক। বদ্ধ। স্থাণু স্থির। নিরত্যয় অবিনাশী অক্ষয় অব্যয় অক্ষুণ্ণ। বর্তিষ্ণু স্থিতিশীল। প্রতিষ্ঠিত। মজ্জাগত বদ্ধমূল। দুর্মর। অনপনেয়। অমোচ্য অপ্রতিকার্য অপ্রতিকরণীয় অসংশোধনীয় অপ্রতিবিধেয়। জেদী একগুঁয়ে স্থিরপ্রতিজ্ঞ (৬০৯)। মজ্জাগত জন্মগত। রক্ষণশীল সনাতনী দক্ষিণপন্থী। আগের মতো। যা ছিল তাই। তথৈব তথৈবচ।

ক্রি–বিণ. যথা পূর্বং তথা পরম। যেকে সেই।

১৪৯। বর্তমান ঘটনা

বি. ঘটনা ঘটন সংঘটন নির্বন্ধ অকু। ঘটমানতা। ঘটনাপ্রবাহ ব্যাপার কর্ম,–কাণ্ড কার্য কাজ। কার্য,–বাহ,–বিধি। তথ্য। বিস্ময়। অবস্থা পরিস্থিতি হাল হালচাল। অসমসাহসিকতা। অত্যয় সংকট জরুরি অবস্থা। সাপেক্ষতা। প্রসঙ্গ সংস্রব। বিষয়। ফল ফলাফল পরিণাম পরিণতি উপসংহার। ইহকাল সংসারজীবন। সময়।

ক্রি. ঘটা। সংঘটিত হওয়া। হওয়া। আবির্ভাব হওয়া। উঠা। ওঠা। উত্থাপিত হওয়া। অভিজ্ঞতা হওয়া। কপালে ঘটা বা জোটা। পাওয়া। সম্মুখীন হওয়া। সহ্য বা কষ্ট করা।

বিণ. ঘটমান ঘটনাবহুল ঘটনাঘন ঘটনাবহ। চাঞ্চল্যকর। মুখরোচক। স্মরণীয়। অভিনব বিস্ময়কর। আপতিক আকস্মিক। বর্তমান হাল অধুনা চলতি সাম্প্রতিক সমকালীন (১১২)। উপস্থিত।

ক্রি–বিণ. ঘটনা,–ক্রমে,–চক্রে।

১৫০। ভবিষ্যৎ ঘটনা

বি. ভবিষ্যৎ ঘটনা। ভবিতব্যতা। ভবিষ্যৎ (১১৫)। ভবিষ্যদ্বাণী (৫৩৪)। ভাগ্য নসিব কপাল তকদির। অদৃষ্ট ললাটস্যলিখন। কিসমত বরাত ভাগ্যলিপি নিয়তি। পরকাল পরলোক পরজন্ম পরজীবন। আখের পরিণাম পরিণতি। আলামত পূর্বলক্ষণ (৫৩৫)। সম্ভাবনা। অবশ্যম্ভাবিতা। আসন্নতা। আসন্নকাল।

ক্রি. আসন্ন হওয়া। ঘনিয়ে আসা। ঝুলা। ঝোলা। পূর্বাভাস পাওয়া। পূর্বলক্ষণ দেখা। পূর্বনির্ধারিত থাকা।

বিণ. ভবিতব্য। বর্তিষ্ণুমান। ভাবী আগামী হবু। আসন্ন সমাসন্ন প্রত্যাসন্ন সন্নিকট। ঘনায়মান ধূমায়মান। আগতপ্রায়। হবোহবো। সম্ভাব্য। ঘটিতব্য। অবশ্যম্ভাবী।

ক্রি–বিণ. অদূর ভবিষ্যতে।

১৫১। কারণ

বি. কারণ হেতু নিমিত্ত। মূলাধার। মূলবস্তু। মূল জড় শিকড় বীজ। আদ্য আদি নিদান। উপাদান। গুণ প্রভব। ধর্ম। দ্রব্যগুণ। বিদ্যা। উৎস উৎপত্তি জন্ম। ভিত্তি পত্তন বুনিয়াদ। সূত্র মূলসূত্র। যুক্তি। অজুহাত (৬২৯) ওজর অছিলা বাহানা উদ্দেশ্য (৬২৭) ব্যপদেশ উপলক্ষ। উপরোধ। প্রয়োজন গরজ খাতির। অঙ্কুর প্রসূন। ভ্রূণ অণ্ড আণ্ডা ডিম্ব ডিম। বীজ। কেন্দ্র। হৃদয় হৃৎকেন্দ্র কেন্দ্রস্থল নাভি। আসল লোক। অনুঘটক প্রভাবক। জন্মস্থান জন্মবর্ত্ম যোনি। সূতিকাগৃহ। কার্যকারণশৃঙ্খল কার্যকারণসম্বন্ধ। হেতুবাদ। নিমিত্ত। স্বরূপতা। উৎপাদন (১৫৯)। সৃজক জনক প্রণেতা নির্মাতা উদ্ভাবক (১৬২)।

ক্রি. কারণ হওয়া। উৎপাদন সৃজন বা উদ্ভাবন করা। বীজবপন করা। ফলানো। জন্মানো। জন্ম দেওয়া। নির্মাণ করা। তৈরি করা। গড়া। ভিত্তি দেওয়া। প্রতিষ্ঠা করা। করানো। প্রেরণা বা প্ররোচনা দেওয়া। হাত থাকা। ঘটানো। প্রভাব বিস্তার করা।

বিণ. কারণিক কারণ,হেতু,-সংক্রান্ত। কারণীভূত। আদি আদ্য মূল মৌলিক। উদ্ভাবনী সৃজনী। মূলক। প্রাথমিক।

অব্য-ক্রি বিণ. ওয়াস্তে। তরে। জন্য জন্যে তজ্জন্য সেজন্য সেই,-হেতু,-কারণে এজন্যে। কারণে বিধায় বাবদ দরুন। এই কারণে এই হেতু। যেহেতু যে কারণে। কেননা। অতএব। সুতরাং। অগত্যা। বাধ্য হয়ে। বরং বরঞ্চ। প্রত্যুত। কিংবা। অথবা। ফলে। ফলত। কেন। কি। কী। নতুবা নচেৎ।

১৫২। ফলাফল

বি. ফলাফল। প্রতিফল। সুফল। সাফল্য (৬৯৯)। কুফল। খারাপফল। পরিণাম নতিজা পরিণতি আখের ভবিষ্যৎ। উপকার লাভ ফলশ্রুতি। গুণ প্রভাব তাসির। পার্শ্বপ্রতিক্রিয়া। উপসংহার পরিসমাপ্তি পর্যাবসান। পরিবর্ধন বিবর্তন। ফল ফসল উৎপাদন উৎপত্তি উদ্ভব। জন্ম সৃষ্টি। কাজ কর্ম সম্পাদন। কর্মফল কর্মবিপাক ব্যর্থতা (৭০০)। ফলভোগ।

বিণ. উৎপন্ন উদ্ভূত জাত সৃষ্ট। জন্মগত বংশগত।

ক্রি-বিণ. কারণে ফলে ফলত কার্যত স্বভাবত। বদৌলতে। কল্যাণে।

১৫৩। আরোপণ

বি. আরোপণ হেতুবাদ। সিদ্ধান্ত বাদ মত তত্ত্ব। আরোপ অধ্যাস অধ্যাসন অধ্যারোপ অধ্যারোপণ। প্রসঙ্গ ব্যাখ্যা ভাষ্য টীকা।

ক্রি. রূপ বা গুণ আরোপ করা। এক বস্তুতে অন্যবস্তুর ধর্ম সংস্থাপন করা। চাপানো। ঘাড়ে চাপানো। কারণ দর্শানো। তত্ত্ব আওড়ানো।

বিণ. আরোপিত কারণীভূত। কারণনির্দেশক।

অব্য. যেহেতু সেহেতু।

১৫৪। অকারণতা

বি. অকারণতা কারণহীনতা। আকস্মিকতা। আপতন। দুর্ঘটনা। অপ,-ঘাত,-মৃত্যু। দৈব, -গতি,-ঘটনা,-যোগ। দৈব অদৃষ্ট ভাগ্য কপাল নসিব কিসমত বরাত বিধি। ভাগ্যপরীক্ষা লটারি টসিং। ভাগ্যচক্র। সম্ভবতা শক্যতা। সাপেক্ষতা। কপালের জোর। জুয়াখেলা ফাটকাবাজি (৫০৬)।

ক্রি. ঠিক না থাকা। স্থির না থাকা। বিনা মেঘে বজ্রপাত। মেঘ না চাইতে জল। হিসাবের বাইরে থাকা। ঝুঁকি নেওয়া। কপাল ঠোকা। ভাগ্যপরীক্ষা করা। টস করা। আন্দাজে ঢিল মারা।

বিণ. দৈব অকারণ অহৈতুক অহেতুক খামোখা বেওজর। অনর্থক বৃথা। দৈবাধীন। আকস্মিক

আপতিক। আত্যয়িক। এলোপাতাড়ি। অনভিপ্রেত। অভাবনীয় অভাবিতপূর্ব। অলৌকিক আজগুবি ভুতুড়ে। কাকতালীয়।

ক্রি–বিণ. দৈব,–ক্রমে,–গতিকে,–বশে। অকারণে অযথা অমনিঅমনি মিছিমিছি আপনাআপনি শুধুশুধু খালিখালি। ঘটনা,–ক্রমে,–চক্রে। আলটপকা। টপকা দমকা। সট করে।

অব্য. দৈবাৎ হঠাৎ অতর্কিতে। অকস্মাৎ। আচমকা। সহসা। চকিতে। হুট করে।

১৫৫। শক্তি

বি. শক্তি ক্ষমতা সামর্থ্য। বল (১৫৭)। শক্তিমত্তা শক্তিশালিতা। মুরদ তাকত কুয়ত জোর সত্ত্ব। কুদরত কেরামত। হিম্মত সাহস। কর্তৃত্ব প্রাধিকার। ওজন। প্রভাব। পরাক্রম। প্রতিপত্তি প্রতিষ্ঠা। দৌড়। প্রতাপ। বাহাদুরি জারিজুরি। পারগতা যোগ্যতা দক্ষতা। ফলপ্রদতা কার্যকরতা। গুণ ধর্ম লক্ষণ। পেশি,–বল,–শক্তি। যান্ত্রিক শক্তি। চাপশক্তি। সৌর,সূর্য,তাপ,বিদ্যুৎ,আলোক,জল, বায়ু,চুম্বক,পরমাণু,–শক্তি। তেজস্ক্রিয়তা তেজস্ক্রিয়া। জ্বালানি। বলবিদ্যা মেকানিকস। তাপগতিবিদ্যা। অশ্বশক্তি হর্সপাওয়ার। ঘোড়া। ওয়াট। কিলো,মেগা,–ওয়াট। অলৌকিক ক্ষমতা। ঐশী,–শক্তি,–ক্ষমতা। দৈব,–বল,–শক্তি। যোগ, –বল,–শক্তি। মন্ত্র,–বল,–শক্তি। সিদ্ধি সিদ্ধাই।

ক্রি. শক্তিপ্রয়োগ করা। শক্তিদেওয়া। বলপ্রয়োগ করা। জোর দেওয়া। চাপ দেওয়া। চাপা। টেপা। টিপে দেওয়া। দম দেওয়া।

বিণ. ক্ষম ক্ষমতাশালী ক্ষমতাবান। শক্তিশালী শক্তিমান শক্তিধর জবরদার জবরদস্ত জাঁদরেল। হিম্মতওয়ালা। হিকমতে। শক্তসমর্থ কার্যক্ষম। পারগ। নায়েক। সক্ষম যোগ্য পটু। প্রভাবশালী। বলিষ্ঠ তেজস্বী। সর্বশক্তিমান। আকর্ষণীয় সম্মোহনী। প্রগতিশীল। প্রতিভাবান।

১৫৬। শক্তিহীনতা

বি. শক্তিহীনতা অশক্তি অক্ষমতা অসমর্থতা অসামর্থ্য অপারগতা। দৌর্বল্য যৌনদুর্বলতা বীর্যহীনতা পুরুষত্বহীনতা। অকর্মণ্যতা। অকৃতকার্যতা (৭০০)। অদক্ষতা অযোগ্যতা অনুপযুক্ততা (৬৫১)। অসহায়তা। নিরাশা। পতন পক্ষাঘাত মূর্ছা। বার্ধক্য ভীমরতি জরাগ্রস্ততা। অবসাদ। আদুরে দুলাল। ননির পুতুল।

ক্রি. শক্তি বা ক্ষমতা না থাকা। না পারা। করতে না পারা। হাল ছাড়া। ভিরমি খাওয়া।

বিণ. অক্ষম অশক্ত দুর্বল শক্তিহীন তেজহীন নিস্তেজ। অপারক অপারগ অসমর্থ অদক্ষ অপটু অযোগ্য অনুপযুক্ত অকর্মণ্য। নির্গুণ গুণহীন। নির্বীর্য নপুংসক ক্লীব। অসহায় নাচার নিরুপায় নিঃসহায়। অথর্ব বিকল জরদ্গব জরাগ্রস্ত ভীমরতিগ্রস্ত পক্ষাঘাতগ্রস্ত জড়ধী। ক্লান্ত শ্রান্ত ভগ্নহৃদয়। আত্মবিশ্বাসহীন মনোবলহীন। নিরপরাধ নিরস্ত্র। নাকচ বাতিল রদ। অপর্যাপ্ত অপ্রতুল নিষ্ফল (৬৫১)।

১৫৭। বল

বি. বল শক্তি প্রাণ,জীবনী,কর্ম,–শক্তি। প্রাণ, –ময়তা,–বন্তুতা,–প্রাচুর্য,–চাঞ্চল্য। প্রাণাবেগ প্রাণোচ্ছ্বাস প্রাণোচ্ছলতা। ক্ষমতা (১৫৫)। ওজঃ ওজোগুণ ওজস্বিতা ঔজস্য। তেজ শৌর্য জোর পরাক্রম বিক্রম। বলশালিতা বলবত্তা বলিষ্ঠতা সবলতা সক্ষমতা। কেরামতি। বীর্য পুরুষত্ব পৌরুষ। গায়ের জোর বাহুবল পেশিশক্তি। লাঠির জোর। অস্ত্রবল। বন্দুকের জোর। লোক,জন,

-বল। মনের জোর। স্নায়ু পেশি পিঠ দেহ গতর মেরুদণ্ড মজ্জা। ব্যায়াম খুরলি দেহচর্চা মল্লযুদ্ধ। যোগ। দেহী ব্যায়ামকারী ব্যায়ামশিক্ষক ব্যায়ামবীর। পালোয়ান। কুস্তি,-গির,-বাজ। রুস্তম ভীম আটলাশ হারকিউলিস স্যামসন। বলাধান বলবর্ধন বলসঞ্চার। পুনরুদ্যম। শ্রমাপহরণ। বলবিদ্যা স্থিতিবিদ্যা।

ক্রি. শক্ত দৃঢ় বা কর্মক্ষম করা। সতেজ করা। বলদান করা। ইস্পাতদৃঢ় করা। চাঙ্গা করা।

বিণ. বলবান বলী বলীয়ান বলশালী বলবন্ত সবল প্রবল বলিষ্ঠ সমর্থ। শক্তিমান বীর্যবান ক্ষমতাবান তেজো,-গর্ভ,-ময় তেজী তেজীয়ান তেজস্বী ওজস্বী ঔজসিক টগবগে সতেজ জীবন্ত প্রাণ, -বান,-বন্ত,-চঞ্চল দৃপ্ত দীপ্ত চাঙ্গা তাজা। অংসেল পেশল। মজবুত জোয়ান তাগড়া জবর। পরাক্রান্ত প্রতাপশালী। অপ্রতিদ্বন্দ্বী অপ্রতিহত অপরাজেয় অজেয় অদম্য দুর্দমনীয় দুর্বিনীত। ষণ্ডা। দুর্দান্ত দুঁদে। দুর্ধর্ষ দুরাধর্ষ দুর্জয় দুর্বার দুর্নিবার। নিরঙ্কুশ। সর্বশক্তিমান।

১৫৮। দৌর্বল্য

বি. দৌর্বল্য দুর্বলতা বলহীনতা। শক্তি,প্রাণশক্তি, -হীনতা কমজোরি ক্ষীণতা ক্ষীণজীবিতা নির্জীবতা। হীনতা অক্ষমতা (১৫৬)। রুগ্নতা অসুস্থতা। রক্তাভাব রক্তাল্পতা রক্তহীনতা। অপৌরুষ অবিক্রম নিস্তেজতা তেজাভাব নির্বীর্যতা। অনুৎসাহ ম্লানতা। বিশীর্ণতা। বার্ধক্য জরাগ্রস্ততা। মেয়েলিপনা। অকর্মণ্যতা (৬৮৩)।

ক্রি. দুর্বল হয়ে পড়া। মিয়ানো। নেতানো। নেতিয়ে পড়া। অবসন্ন হওয়া। পা বা হাঁটু কাঁপা। ধুঁকা। হাঁপানো। টলমল করা। পড়ে যাওয়া। ধসা। কমজোর অথর্ব বা পঙ্গু হয়ে পড়া। বিছানা নেওয়া।

বিণ. দুর্বল বলহীন শক্তিহীন (১৫৬)। প্রাণহীন নিঃসত্ত্ব হীনবল হীনবীর্য কাহিল কাবু ক্ষীণ। রুগ্ণ অসুস্থ রোগা,-পটকা। তালপাতার সেপাই। নিস্তেজ তেজোহীন নির্জীব নির্বীর্য পুরুষত্বহীন ধ্বজভঙ্গ। মেরুদণ্ডহীন। ম্লান শীর্ণ কৃশ ক্ষীণজীবী ক্ষীণমনা ক্ষীয়মাণ। ক্লান্ত শ্রান্ত ভগ্নহৃদয়। নিরুদ্যম মিনমিনে নিরুৎসাহ। অথর্ব বিকল। মেদা মেদামারা। ভেতো। সাবুখাওয়া। অস্থিচর্মসার। শুটকা। উনপাঁজুরে।

১৫৯। উৎপাদন

বি. উৎপাদন সঞ্জনন সঞ্জননা সম্ভূতি। সর্জন সর্জনা সর্গ সৃজন সৃষ্টি ভাব ভব। সম্ভব উৎপত্তি বুঢ়ি। সিসৃক্ষা। নির্মাণ গঠন (৩৫১) গড়া প্রস্তুতকরণ তৈরিকরণ রচনা স্থাপন প্রতিষ্ঠা। বিন্যাস সংগঠন। বয়ন বোনা কারুকার্য। সম্পাদন সফলতা। বপন বুনন রোপণ উদ্‌গম উদ্ভেদ উন্মেষ,-ণ প্রস্ফুটন ফোটন ফলন। ফসল। জন্ম। পয়দা পয়দায়েশ উদ্ভব সমুদ্ভব আবির্ভাব উদয় অভ্যুদয়। বিকাশ ক্রমবিকাশ বৃদ্ধি বর্ধন। বংশবৃদ্ধি। উদ্ভাবন আবিষ্কার। প্রজনন বিজনন উপজনন। প্রচার প্রকাশন রচনা প্রণয়ন। দেহ কাঠামো। ভিত্তি বুনিয়াদ ভিত্তিপ্রস্তর। স্থাপত্য। জনি জনু। জনন জনকতা। উৎপাদনক্ষমতা (১৬৬)। জন্ম,-নিয়ন্ত্রণ,-শাসন। পরিবার -পরিকল্পনা। প্রসূতি জননী। জনক। উৎপাদক (১৬২) প্রতিষ্ঠাতা আবিষ্কর্তা। স্থপতি নির্মাতা।

ক্রি. উৎপাদন সৃষ্টি বা পয়দা করা। নির্মাণ গঠন প্রস্তুত তৈরি রচনা বা স্থাপন করা। গড়া। ফাঁদা। বানানো। উদ্ভাবন বা আবিষ্কার করা। রচা। বোনা। সংগঠন প্রতিষ্ঠা বা সম্পাদন করা। সফল হওয়া। গজা। উঠা। ওঠা। ফোটা। রোপা বোনা ফলা ফলানো বা জন্মানো। বিকশিত বা প্রস্ফুটিত করা।

ডিম পাড়া। ডিম ছাড়া। ডিমে তা দেওয়া। ডিম ফোটানো। গর্ভসঞ্চার করা বা হওয়া। গর্ভধারণ বা সন্তানধারণ করা। পেট হওয়া। পেটে ধরা। মায়ের পেটে থাকা। প্রসব করা। বিয়ানো। হওয়া। পয়দা হওয়া। ভূমিষ্ঠ হওয়া। জন্ম নেওয়া। জন্ম দেওয়া। জন্মানো। জন্মগ্রহণ জন্মলাভ বা জন্মপরিগ্রহ করা। দেহধারণ করা। পৃথিবীতে আসা। ধরাধামে অবতীর্ণ হওয়া। পৃথিবীর আলো দেখা। জীবন পাওয়া। জন্ম নিয়ন্ত্রণ করা। পরিবার পরিকল্পনা গ্রহণ করা। জনসংখ্যা নিয়ন্ত্রণ করা।

বিণ. উৎপাদনশীল উৎপাদনক্ষম জননক্ষম। প্রসূ উর্বর (১৬৬)। সঞ্জাত উৎপন্ন সৃষ্ট সৃজিত। উৎপাদিত। উৎপাদ্য। উৎপাদী। উৎপাদ্যমান। রচিত নির্মিত স্থাপিত। সূত প্রসূত জনিত জন্মিত জাত সংবৃত্ত ভূমিষ্ঠ। উৎপন্ন সম্ভব রূঢ়। উদ্‌গত অঙ্কুরিত উদ্ভূত সমুদ্ভূত সম্ভূত উদ্ভিন্ন প্রোদ্ভিন্ন সমুদিত প্রস্ফুটিত বিকশিত। সৃজনী সৃজনশীল সৃষ্টিধর্মী। প্রসবিনী। উপজাত। সঞ্জাত। জারজ বেজন্মা হারামজাদা।

১৬০। ধ্বংস

বি. ধ্বংস বিধ্বংস হানি নাশ বিনাশ প্রণাশ পর্যাস সায় লয় বিলয় লোপ বিলোপ অবলোপ। লুপ্তি বিলুপ্তি। অবলুপ্তি। নিপাত বিনিপাত নিপাতন প্রপতন। ক্ষয় অপক্ষয় ভাঙন। বিপর্যয় বিপাক দুর্বিপাক বিশৃঙ্খলা। মার সংহার। রুদ্ররোষ ধ্বংসলীলা। আত্মঘাত। আত্মহত্যা আত্মাহুতি আত্মোৎসর্গ। লুট লুটপাট রাহাজানি। অগ্নিসংযোগ। রক্তগঙ্গা। দক্ষযজ্ঞ হাঙ্গামা (১৪৪)। নাশকতা অন্তর্ঘাত কূটঘাত সাবোতাজ। তাবাই। পতন অধঃপতন। ভগ্নদশা ভগ্নস্তূপ খণ্ডহার। ধ্বংসস্তূপ। ধ্বংসাবশেষ ভগ্নাবশেষ পোড়োবাড়ি। প্লাবন নৌকাডুবি ভরাডুবি। প্রলয় মহাপ্রলয় তাণ্ডব। সর্বনাশ ভুষ্টিনাশ ছারখার। উৎসাদন উৎখাত উচ্ছেদ। ধ্বংসন নিপাতন বিলোপন (৫৬১) অবলোপন নিশ্চিহ্নকরণ। নির্মূলন উন্মূলন উৎখনন উৎপাটন সমুৎপাটন। বিমর্দন চূর্ণন। ফানা। কল্পান্ত প্রলয়কাল। রোজকেয়ামত। শেষ (৬৬)। মৃত্যু (৪০০)।

ক্রি. ধ্বংস হওয়া। তাবা হওয়া। নাশ বা লয় পাওয়া। নষ্ট বা বিনষ্ট করা। ঘুণ ধরা। ভাঙা। চূর্ণ বা চুরমার করা। লোপ বা বিলোপ করা। কামান দাগা। মই দেওয়া। ভিটেমাটি উৎখাত বা উচ্ছেদ করা। ভস্মীভূত করা। সাবড়ানো। সাবাড় পাচার খতম বা শেষ করা। সর্বনাশ করা বা হওয়া। ভরাডুবি হওয়া। মুছে ফেলা। ভেঙে দেওয়া। গুঁড়িয়ে ফেলা। ডুবিয়ে দেওয়া। নির্মূল করা। হাজা। মজা। পচা। বারোটা বাজা। নষ্ট পণ্ড বা ভেস্তে যাওয়া। হারিয়ে যাওয়া। ধুয়ে মুছে যাওয়া। চুকেবুকে যাওয়া। উচ্ছন্নে ছারেখারে বা গোল্লায় যাওয়া। কালগ্রাসে পড়া। কালসমুদ্রে হারিয়ে যাওয়া।

বিণ. ধ্বংসাত্মক ধ্বংসী নাশকতামূলক বিনাশী বিনাশক আত্মঘাতী রক্তক্ষয়ী প্রলয়ংকর সর্বনাশা সৃষ্টিনাশা সর্বগ্রাসী সর্বধ্বংসী। ধ্বস্ত বিধ্বস্ত নষ্ট বিনষ্ট উৎসন্ন জীর্ণ ধ্বংসপ্রাপ্ত। নাশপ্রাপ্ত পয়মাল চুরমার। মিসমার হালাক। ভেস্তা পণ্ড ভণ্ড লণ্ডভণ্ড। লুপ্ত বিলুপ্ত (৫৬১) অবলুপ্ত লীন বিলীন লোপাট সাবাড় খতম। নির্মূল। নিশ্চিহ্ন। নির্বংশ। ধ্বংসোন্মুখ।

অব্য. তছনছ লণ্ডভণ্ড।

১৬১। পুনরুৎপাদন

বি. পুনরুৎপাদন। জনন সংজনন। পুনর্নির্মাণ পুনর্গঠন পুনরুদ্ধার (৬৭১)। পুনরুৎপত্তি পুনর্জন্ম।

পুনর্ভব পুনরুদয়। রেনেসাঁস। নবীকরণ। নবীভবন। জীর্ণোদ্ধার জীর্ণসংস্কার। পুনরুজ্জীবন পুনর্জাগরণ পুনর্জীবন পুনরুত্থান। পুনঃপ্রকাশ। রক্তবীজের ঝাড়।
বিণ. পুনরুৎপাদী। পুনর্ভব পুনরুদ্ভূত পুনর্জাত পুনরুজ্জীবিত পুনরুত্থিত পুনরুদীয়মান। পুনর্গঠিত নবীভূত নবলব্ধ।

১৬২। উৎপাদক

বি-বিণ. উৎপাদক উৎপাদনকারী সৃজক। জনক। স্রষ্টা। সৃষ্টি,-কর্তা,-কারী। জন্মদাতা। উদ্ভাবক। জন্মদাত্রী জননী জনয়িতা সবিতা প্রসূতি। ধাতা ধাত্রী। প্রবর্তক আবিষ্কারক। প্রস্তুতকারী। প্রণেতা। নির্মাতা প্রতিষ্ঠাতা। লেখক রচয়িতা গ্রন্থকার। শিল্পী। স্থপতি। পালক প্রতিপালক। প্রস্তাবক উত্থাপক উদ্যোক্তা কর্তা (৬৯৬)। সিসৃক্ষু নির্মিৎসু নির্মাণেচ্ছু সৃষ্টিকামী। রত্ন,-গর্ভা,-প্রসূ। স্বর্ণ,-প্রসবা,-প্রসূ।

১৬৩। ধ্বংসকারী

বি-বিণ. ধ্বংসকারী ধ্বংসক। নাশক বিনাশক বিনাশী নাশিকা নাশকারী। নষ্টকারী। উচ্ছেদক উৎপাটক। বিলোপকারী প্রলয়কারী সংহারক। আততায়ী (৪০১)। জল্লাদ (৯৭৪)। কালাপাহাড় বর্বর চণ্ডাল। নৈরাজ্যবাদী। আত্মঘাতী। কূটঘাতক অন্তর্ঘাতক।

১৬৪। পূর্বপুরুষ

বি. পূর্বপুরুষ। পিতৃ,-বংশ,-কুল,-পক্ষ,-পুরুষ। বাপঠাকুর্দা চৌদ্দপুরুষ। সাতপুরুষ। পিতামহ ঠাকুরদাদা দাদা। পিতামহী ঠাকুরমা দাদি। মাতামহ নানা। মাতামহী নানি। প্রপিতামহ। বৃদ্ধপ্রপিতামহ। পিতৃত্ব। পিতা জনিতা জনক জনয়িতা জন্মদাতা। পিতৃদেব। আব্বা বাবা বাপ বাপু। মাতৃত্ব। মা মাতা মাতৃকা জননী অম্বা আম্মা। জনয়িত্রী জন্মদাত্রী জনিকা গর্ভধারিণী। জাতি গণ কুল বংশ বর্ণ বর্গ গোষ্ঠী। গোত্র ঘর পরিবার। কুলজি কুরসিনামা বংশ,-পীঠিকা,-তালিকা,-বৃক্ষ,-লতা।
বিণ. পৈত্রিক মাতৃক। বংশগত। বংশীয়। কুলীয় কৌল কৌলিক। গোত্রীয় কুলোদ্ভূত। বংশ্য বংশজ বংশোদ্ভব। পারিবারিক। মৌরুসি।

১৬৫। উত্তরপুরুষ

বি. উত্তরপুরুষ বংশধর। পরবর্তী প্রজন্ম। বংশের বাতি। উত্তরাধিকারী দায়াদ ওয়ারিশ। ঔরস। অপত্য। সন্তান সন্ততি। আওলাদ। পুত্র নন্দন সুত তনয় তনুজ দারক আত্মজ ছেলে লেড়কা পুত পোলা। পুত্রী পুত্রিকা কন্যা দুহিতা সুতা তনয়া তনুজা দারিকা নন্দিনী আত্মজা মেয়ে ঝি ঝিউড়ি লেড়কি। ছেলেপিলে বেটাবেটি। দত্তক,পোষ্য, পালিত,-পুত্র,-কন্যা। পৌত্র পৌত্রী দৌহিত্র দৌহিত্রী। নাতি নাতনী। প্রপৌত্র প্রপৌত্রী। নাতির ঘরের পুতি।
বিণ. জন্মগত বংশগত বংশানুক্রমিক। পুরুষপরম্পরাগত।
ক্রি-বিণ. সবংশে ঝাড়েবংশে। বংশানুক্রমে বংশাদিক্রমে বংশপরম্পরায়।

১৬৬। উৎপাদনক্ষমতা

বি. উৎপাদন,-ক্ষমতা,-শীলতা উৎপাদিকাশক্তি। সৃজনী,-ক্ষমতা,-শক্তি,-শীলতা। উর্বরতা। উদ্ভাবনা (৪৭৯) উৎপাদন (১৫৯) সঞ্জনন। বংশবৃদ্ধি। প্রজনন প্রসব প্রসবন। ফলদান। বৃদ্ধি প্রচার সঞ্চার।

বিণ. উৎপাদনক্ষম উৎপাদনশীল সৃজনী সৃজনক্ষম। উর্বর শস্যশ্যামল। ফল,-দ,-দায়ক, -প্রসূ,-প্রদ,-দায়িনী,-বান,-প্রসবিনী। ঋতুপ্রাপ্ত ঋতুমতী। পোয়াতি গর্ভিণী গাভিন গর্ভবতী অন্তঃসত্ত্বা সন্তানসম্ভবা হামেল। উদ্ভাবনী। সঞ্জীবনী।

১৬৭। উৎপাদন-অক্ষমতা

বি. উৎপাদন-অক্ষমতা। অনুর্বরতা। অজন্মা। ফলহীনতা নিষ্ফলতা। বন্ধ্যাত্ব অনপত্যতা সন্তানহীনতা। জন্ম,-নিয়ন্ত্রণ,-শাসন। পরিবার পরিকল্পনা। অনুপযোগিতা (৬৫১)। বনবাদাড়। ব্রহ্মডাঙ্গা। মরুভূমি সাহারা।

ক্রি. উৎপাদন না হওয়া। গর্ভপাত হওয়া। হাজা। শুখা। পেট খসা। পেট খসানো। পেট পুড়ানো।

বিণ. অনুৎপাদক। অনুর্বর শুষ্ক বিরান নিষ্ফলা অফলা রাঁড়া। বাওয়া। পতিত অকর্ষিত খিল পোড়ো। মরুময় ঊষর। অপত্যহীন অনপত্য নিরপত্য সন্তানহীনা নিঃসন্তান অপুত্র অপুত্রক আটকুঁড়ে। কাকবন্ধ্যা। বন্ধ্যা বাঁজা। আকাটবাঁজা বিবৎসা। মৃতবৎসা মড়ুঞ্চে। নপুংসক ষাঁড়া রণ্ড। অণ্ডকাটা মুষ্কহীন খাসি। হিজড়া। নির্বংশ। অনুপযোগী (৬৫১)।

১৬৮। সংঘটন

বি. সংঘটন। ক্রিয়া। কৃত,-কর্ম,-কার্য। কাজ কর্তব্য (৬৮০)। কারিত্ব সক্রিয়তা (৬৮২)। শক্তিপ্রয়োগ। কার্যকলাপ। করার ইচ্ছা। চিকীর্ষা। অনুশীলন। আনয়ন। প্রেরণ। সম্পাদন (৬৯৭)। নির্বাহ অনুষ্ঠান। হওন উৎপাদন। ফলপ্রসব। কর্ম, -ক্ষেত্র,-স্থল,-ভূমি। কার্যালয়। অফিস আপিস করণ দপ্তর সেরেস্তা। কাছারি। গদি। পেশা বৃত্তি পদ। নিমিত্ত হেতু কারণ। নিয়োজন। মধ্যস্থতা সালিশি। সাধিত্র অস্ত্র হাতিয়ার। প্রভাব। প্রেরণা। দৌড়ঝাঁপ। তাড়না (১৭৩)। পদ্ধতি প্রথা রীতি প্রণালী কার্যবিধি (৭২১)।

ক্রি. সংঘটন করা। করা। কাজ করা বা করানো। চালু হওয়া বা করানো। শক্তি প্রয়োগ করা বা করানো। সম্পাদন করা বা করানো। কাজ মিটানো বা চুকানো। ঘটানো। সাধন করা। সাধা। পারা। হাত বাড়িয়ে থাকা। হওয়া। হওয়ানো। ঘনানো।

বিণ. সক্রিয় কার্যকর কার্যক্ষম। কার্যকরী। ব্যবহারিক প্রয়োজনীয়। করণীয় কর্মরত প্রবৃত্ত নিরত নিযুক্ত নিয়োজিত ব্যাপৃত রত বহাল মোতায়েন। বলবৎ চালু। ফলপ্রসূ। তৎপর। সংঘটনীয়। সংঘটিত। অনুষ্ঠিত। সম্পন্ন নিষ্পন্ন ভূত।

১৬৯। কর্মশক্তি

বি. কর্ম,-শক্তি,-ক্ষমতা। শক্তি বল তেজ। তীক্ষ্ণতা প্রাখর্য। মেরুদন্ড। আগুন। স্ফুলিঙ্গ স্পার্ক। প্লাগ। ডাইনামো। ক্ষার অ্যাসিড অম্লতা। চাপ প্রকোপ। সক্রিয়তা (৬৮২) আলোড়ন স্পন্দন। উৎসাহ উদ্দীপনা। ব্যস্ততা। স্ফূর্তি স্বতঃস্ফূর্তি। উদ্যম প্রয়াস। মনোবল (৬০৬)। সংকল্প। অনুপ্রেরণা। কর্মানুবন্ধ। তাগিদ (৬৮৯)।

বিণ. কর্মচঞ্চল উদ্যমী উদ্যোগী কর্মিষ্ঠ (৬৮২) করিষ্ণু করিতকর্মা। তৎপর। প্রচন্ড তীব্র তীক্ষ্ণ প্রখর। শক্ত শক্তিশালী কঠোর। কঠিন।

১৭০। জড়তা

বি. জড়তা জাড্য আড়ষ্টতা নিষ্ক্রিয়তা (৬৮৩)। অক্রিয়া (৬৮১)। অবসাদ ক্লান্তি শ্রান্তি। নিশ্চেষ্টতা। নিস্পৃহতা। আলস্য কুঁড়েমি। অনুৎসাহ। অবিচলতা (৮২৬)। চাপল্য চপলতা। দোটানাভাব। জিদ (৬০৯)।

বিণ. জড় অবশ নিষ্ক্রিয় নিস্পৃহ উদাসীন অলস (৬৮৩)। নিস্তেজ প্রাণহীন তেজোহীন স্ফূর্তিহীন মনমরা। জড়ভরত। সুপ্ত নিদ্রিত। ধূমায়িত। কুম্ভকর্ণ।

১৭১। প্রচণ্ডতা

বি. প্রচণ্ড,-তা,-ত্ব। প্রবলতা প্রাবল্য (৮৫৫)। প্রকোপ। দাপট জোর। আতিশয্য বাড়াবাড়ি জোরাজুরি বলপ্রয়োগ। দাপাদাপি মাতামাতি। হট্টগোল হৈচৈ। উত্তেজনা উচ্ছ্বাস উৎক্ষেপ। বিক্ষোভ গন্ডগোল দাঙ্গাহাঙ্গামা মারামারি ফাটাফাটি ধুন্ধুমার গোলযোগ। কোপ প্রকোপ বেগ আবেগ। ক্রোধ (৯১৭) রোষ ক্রোধান্ধতা। দুর্দান্ততা। উন্মত্ততা। তীব্রতা উগ্রতা। খরত্ব খরতা প্রখরতা প্রাখর্য। ভীষণতা। হিংস্রতা ক্রূরতা (৭৩০)। পাশবিকতা। বলাৎকার। মূর্ছা ফিট খাপি বিক্ষেপ হিস্টিরিয়া। ভাবাবেগ উত্তেজনা (৮২৫)। অতিশয়,উগ্র,চরম,-পন্থা। উৎপাত ব্যতীপাত। বিস্ফোরণ। অগ্ন্যুদগার আগ্নেয়গিরি। ভূমিকম্প। অশনিপাত বজ্রপাত। দাবানল। প্লাবন ঘূর্ণিঝড়। প্রলয় তাণ্ডব। কালবৈশাখী। পাগলাহাতি। নেকড়েবাঘ। ড্রাগন। কেউটে নাগিনী।

বিণ. প্রচণ্ড উচ্চণ্ড প্রবল প্রখর। দারুণ। নিদারুণ। ভীষণ ভয়ঙ্কর ভয়াল ভয়াবহ ভয়দ। ঘোর ঘোরতর। কঠিন কঠোর। উগ্র। রুদ্র। তীক্ষ্ণ তীব্র চড়া কড়া খর। জোর জোরালো। গাঢ়। সুতীব্র। অত্যুগ্র। উৎকট প্রকট বিকট। রাক্ষুসে বন্য বুনো বর্বর হিংস্র। দুর্দমনীয় উদ্দাম উদ্ধত দুর্বিনীত ধৃষ্ট স্পর্ধিত। দুর্দান্ত দুর্ধর্ষ দুরন্ত দুর্মদ দুঁদে গোঁয়ার বেপরোয়া মরিয়া। উন্মত্ত খেপা খাপ্পা জ্ঞানশূন্য। ক্রুদ্ধ (৯১৭) রুষ্ট ক্রোধান্ধ মাথাগরম। চণ্ড। অতিশয়,উগ্র,চরম,-পন্থী। ক্রূর নিষ্ঠুর। বেধড়ক বেজায় এলোপাতাড়ি। মাত্রাতিরিক্ত। অসহ দুঃসহ অসহনীয় অসহ্য। চূড়ান্ত। তুমুল। বিক্ষুব্ধ বিস্ফোরক কালান্তক প্রলয়ংকর।

১৭২। পরিমিততা

বি. পরিমিততা। মিতাচার (৯৫৫)। সংযম। ইন্দ্রিয়,-সংযম,-জয়,-সংবরণ। উপরতি। দান্তি। মৃদুতা নম্রতা কোমলতা। শান্তি ধৈর্য ধীরতা প্রসন্নতা প্রশান্তি। গাম্ভীর্য তূষ্ণীম্ভাব। অনুত্তেজনতা (৮২৬)। আত্ম,-দমন,-সংযম,-নিয়ন্ত্রণ,-সংবরণ। অনুগ্রতা। অতীব্রতা অপ্রচণ্ডতা অপ্রখরতা মধ্যপন্থা (৬৩৬)। নিবারণ দমন রোধ সংরোধ নিরোধ। নিয়ন্ত্রণ উপশমন অপনোদন প্রশমন নিবৃত্তি। লঘুকরণ। শিথিলতা কড়াকড়িহ্রাস। শান্তকরণ শান্তিস্থাপন। আরাম। ঘুমের ওষুধ। আফিম। মলম।

ক্রি. রাশ টানা। লাগাম টানা। আয়ত্তে আনা।

বিণ. মিত পরিমিত সংযত দান্ত। কোমল। নম্র শান্ত ঠাণ্ডা। মৃদু অনুগ্র। মৃদুমন্দ। মন্দমধুর। অতীব্র অপ্রচণ্ড। অনুচ্চ। নাতিশীতোষ্ণ। গম্ভীর প্রশান্ত প্রসন্ন অবিচলিত। মধ্যপন্থী নরমপন্থী। শান্তিপূর্ণ শান্তিদায়ক। শান্তিবাদী শান্তিপ্রিয়।

১৭৩। প্রভাব

বি. প্রভাব অনুভাব বিভব। আওতা। তাসির। দ্রব্যগুণ। ওষুধ। গুরুত্ব (৬৫২)। ভার ওজন। জোর। চাপ। তাড়না। স্বার্থ। প্রতাপ দোর্দণ্ডপ্রতাপ। প্রতিপত্তি দবদবা রোয়াব রবরবা চোটপাট দাপ দাপট বোলবোলা হাঁকডাক পরাক্রম। ক্ষমতা শক্তি তেজ। প্রভুত্ব কর্তৃত্ব প্রতিষ্ঠা। প্রাধান্য শ্রেষ্ঠতা (৩৪) অগ্রগণ্যতা। মহিমা ঐশ্বর্য বিভূতি। কুদরতি। মোহিনীশক্তি জাদু আকর্ষণ। সঙ্গ,গ্রহ,-দোষ। ঋষ্টি। অবলম্বন সুযোগ সুবিধা। পৃষ্ঠপোষকতা সমর্থন। নেকনজর। পৃষ্ঠপোষক

(৭৫৯)। ব্যাপ্তি ব্যাপকতা। স্বীকৃতি। সর্বজনস্বীকৃতি।

বিণ. প্রভাব,প্রতাপ,-শীল,-শালী। ক্ষমতাশালী। ফলদায়ক ফলোৎপাদক। গুরুত্বপূর্ণ (৬৫২)। প্রধান সর্বপ্রধান। প্রভুত্বময় কর্তৃত্বময়। স্বীকৃত সর্বজনস্বীকৃত। ব্যাপক প্রচল। প্রবল।

১৭৪। প্রবণতা

বি. প্রবণতা আসক্তি সমাসক্তি আগ্রহ ঝোঁক। আকর্ষণ টান। আনতি নতি বাঁক। পক্ষপাতি,-ত্ব,-তা। পূর্বানুরাগ অনুরাগ আনুকূল্য। নেশা (৯৬১) মোহ (৫১০)। স্পৃহা অভিরুচি উন্মুখতা। জিদ (৬০৯)। দায়িতা (১৭৫) গ্রহণক্ষমতা গ্রহণশক্যতা। প্রবৃত্তি। প্রকৃতি চরিত্র ধর্মগুণ স্বভাব (৮২২) মেজাজ। আবেগ (৬১২) তাড়না বাতিক। গোঁড়ামি।

বিণ. প্রবণ। আসক্ত সমাসক্ত। নির্ভরশীল। দায়ী। অধীন বাধ্য। সাপেক্ষ সম্ভাব্য। গ্রহণশীল গ্রাহী। জিদি। গোঁড়া।

১৭৫। দায়িতা

বি. দায়িতা দেয়তা দায় দায়িত্ব। ভার হ্যাপা তাল চাপ। গ্রহণক্ষমতা গ্রহণশক্যতা। ধারণশক্যতা। সম্ভাবনা। সাপেক্ষতা। বাধ্যবাধকতা। জবাবদিহি। হিসাবদিহি।

ক্রি. দায়ে পড়া। ঠেকা। দায়িত্ব বা ঝক্কি নেওয়া। ঠেকানো। তাল সামলানো। মেও ধরা। সুযোগ নেওয়া। বিপদ ডেকে আনা। জবাবদিহি করা। হিসাব দিতে বাধ্য হওয়া।

বিণ. দায়ী। অধীন। নির্ভরশীল সাপেক্ষ। ঘটনাসাপেক্ষ। সম্ভাব্য।

১৭৬। সহঘটন

বি. সহঘটন সমাপতন সহযোগ। সহযোগিতা। সংগঠন সংঘট্ট সমাপাত। সহ,-গমন,-চারণ,-যাত্রা। সংযাত্রা। সংসৃতি। সম্মতি সমন্বয় মতৈক্য ঐকমত্য মিল মৈত্রী। যোগসাজশ ষড়যন্ত্র দালালি। পার্টনারশিপ অংশীদারি ভাগীদারি। ইউনিয়ন।

ক্রি. একযোগে ঘটা। একসঙ্গে একসাথে বা একযোগে করা বা যাওয়া।

বিণ. সহবর্তমান। সহঘটিত। সংগঠিত। অনুষঙ্গী। যুক্ত যুগ্ম। সহযোগী। সমন্বয়ী। সহ,-গামী,-যাত্রী,-চারী। সমভিব্যাহারী। সহপাঠী। মৈত্রী,-মূলক,-সূচক। একাত্ম একমন।

ক্রি-বিণ. এক,-সঙ্গে,-সাথে,-যোগে। সঙ্গেসঙ্গে। সাথেসাথে। সমভিব্যাহারে।

১৭৭। প্রতিকর্ম

বি. প্রতিকর্ম প্রতিক্রিয়া প্রতিকূলাচারণ। প্রতিকূলতা প্রাতিকূল্য। বিরোধিতা প্রতিবাদ। বৈপরীত্য। পরস্পরবিরোধিতা। দ্বন্দ্ব। মেরুপ্রবণতা। সংঘাত সংঘর্ষ। হস্তক্ষেপ। প্রতিরোধ। ঘর্ষণ। পালটা আক্রমণ। প্রত্যাগতি। প্রতি,-বৃত্তি,-ক্রিয়া। নিরস্তকরণ। বাধা প্রতিদ্বন্দ্বকতা। নিপীড়ন দমন সংযমন।

ক্রি. প্রতিরোধ করা। রুখা বা রুখে দাঁড়ানো। বাধা দেওয়া। ধ্বস্তাধ্বস্তি করা। ধাক্কাধাক্কি করা। বিরোধিতা করা। মোকাবিলা করা। প্রতিবাদ করা। পরাস্ত করা। দমন সংযত বা নিয়ন্ত্রণ করা। ফিরানো। হটানো। নিরস্ত করা। বাতিল রদ বা পণ্ড করা। ভারসাম্য রক্ষা করা।

বিণ. প্রতিক্রিয়াশীল। প্রতিকূল বাম বিমুখ। পালটা। পরস্পরবিরোধী। বিপরীত (১৪)। নিবর্তনমূলক।

দ্বিতীয় শ্রেণী

স্থান

১৭৮। স্থান

বি. স্থান দেশ ক্ষেত্র বপ্র ভূমি ভুঁই স্থল জায়গা জমি ঠাঁই ঠাম। ভু,-খণ্ড,-ভাগ। মণ্ডল। ব্যাপ্তি বিস্তার বিস্তৃতি প্রসার। পরিসর। আয়তন। সীমা। পরিব্যাপ্তি ব্যাপকতা ব্যাপ্তি। পাল্লা নাগাল দৌড় আভোগ। এলাকা অঞ্চল (১৮১)। উপান্ত উপকণ্ঠ তল্লী তলি তলা। আশপাশ। ধানী ঠিকানা। কোণ কোনা ঘুপসি খোপ আনাচ,-কানাচ। গলিঘুঁজি। কক্ষ। চৌহদ্দি অঙ্গন আঙ্গিনা প্রাঙ্গণ উঠান। চক পার্ক স্কোয়ার। মাঠ ময়দান প্রান্তর তেপান্তর। বসতি (১৮৭)। গণ্ডি (২৩১)। মরুভূমি ডাঙ্গা জলা জঙ্গল মালভূমি প্রেইরি স্তেপ। মহাশূন্য ব্যোম নভঃ গগন আসমান আকাশ অন্তরীক্ষ। ইথার। পৃথিবী। অপারপৃথিবী। ভূভারত। সর্বস্থান সবজায়গা। চতুর্দিক চারদিক চারিদিক চতুষ্পার্শ্ব (২২৬)। দিগ্বিদিক দিকাদিক দিগ্‌দিগন্ত। দূরদূরান্ত। দেশদেশান্তর দেশবিদেশ। নানা,-স্থান,-জায়গা, -তল্লাট। এধারওধার। নির্দিষ্ট স্থান। জন্মস্থান। কর্মস্থান। অস্থান-কুস্থান বেজাগা। আঘাটা। অকু, -স্থান,-স্থল। ভূগোল। ভূ,-তত্ত্ব,-বিদ্যা।

ক্রি. স্থান হওয়া। স্থান সংকুলান হওয়া। জায়গা জোড়া বা জুড়ে থাকা। জায়গা হওয়া বা নেওয়া। জায়গা দখল করা। স্থান বাগানো। জায়গা থাকা। আঁটা। আঁটানো। এঁটে বা ধরে যাওয়া। ধরা। ধরানো। তাংড়ানো।

বিণ. স্থানীয় স্থানিক স্থানী স্থলীয়। দেশীয় দৈশিক। ব্যাপ্ত বিস্তৃত বিস্তীর্ণ ব্যাপক বিশাল প্রশস্ত। দেশ,পৃথিবী,দুনিয়া,-জোড়া। দেশ,পৃথিবী,-ব্যাপী। সীমাহীন অসীম অনন্ত। বেলাহীন। ঠিকানাহীন। উপকণ্ঠীয় উপকণ্ঠ্য। আসমুদ্রহিমাচল। সর্বগ সর্বগামী সার্বত্রিক। সর্বত্র,-গামী,-ব্যাপী। ভৌগোলিক।

ক্রি-বিণ. সর্বত্র সর্বত: সমন্তত। সেখানে যেখানে যথাতথা। আগাপাস্তলা। এমুড়োওমুড়ো। আথালপাথাল।

১৭৯। গ্রাম

বি. গ্রাম গাঁ গাঁও পল্লী দেহাত। পাড়াগাঁ গাঁগঞ্জ গণ্ডগ্রাম অজপাড়াগাঁ পল্লীগ্রাম মফস্বল। উপবসথ সংবসত। কসবা। গ্রামান্ত। গ্রামান্তর। গুচ্ছগ্রাম। গ্রাম,পল্লী,-জীবন। গ্রাম্যতা। গ্রামসম্পর্ক। গ্রাম, -সরকার,-পঞ্চায়েত। ইউনিয়ন পরিষদ। চেয়ারম্যান। গ্রামরক্ষক গ্রামিক গ্রামণী মোড়ল মণ্ডল।

বিণ. গ্রাম্য গেঁয়ো গাঁইয়া গেঁইয়া পাড়াগেঁয়ে দেহাতী। পল্লী,গ্রাম,-বাসী। গ্রামীণ। গ্রামী। গ্রামিক। গ্রাম,পল্লী,-স্থ্।।

১৮০। শহর

বি. শহর নগর নগরী। টাউন সিটি। মহা,-নগর, -নগরী। মেট্রোপলিটন শহর। পুর পুরী পাটন পট্টন পত্তন পুটভেদন। সদর সেন্টার হেডকোয়ার্টার্স। রাজধানী ক্যাপিটাল প্রধাননগর প্রধানকেন্দ্র। উপনগর। শহরতলি পুরপ্রান্ত নগরোপান্ত। জেলা,মহকুমা, উপজেলা,-শহর। জেলাপরিষদ। পৌর,পুর,নগর,-সভা। মিউনিসিপ্যালিটি। নিগম। নগর,পৌর,-নিগম। কর্পোরেশন। মিউনিসিপ্যাল কর্পোরেশন। পৌর কর্পোরেশন। মেয়র চেয়ারম্যান পৌরপ্রধান। শহরের দরজা। নগর,পুর,-দ্বার। পৌরাধিকার নগরাধিকার। শহুরেপনা নাগরিকতা। শহর,নগর,-জীবন।

বিণ. শহুরে নগুরে নগরিয়া পৌর পৌরেয়। নাগর,-নী। নগরীয়। শহর,নগর,-স্থ। নাগরিক। শহর,নগর,পুর,-বাসী।

১৮১। অঞ্চল

বি. অঞ্চল এলাকা তল্লাট মুলুক দিক। লোকালিটি। আয়তন চৌহদ্দি ক্ষেত্র। গোলার্ধ। উত্তর গোলার্ধ। দক্ষিণ গোলার্ধ। বলয় মণ্ডল। উষ্ণ,গ্রীষ্ম,-মণ্ডল। হিমমণ্ডল। বারিমণ্ডল। অশ্মমণ্ডল। জীবমণ্ডল। নাতিশীতোষ্ণ, ভূমধ্যসাগরীয়,-অঞ্চল। মেরুঅঞ্চল। উত্তর,সু, -মেরু। দক্ষিণ,কু,-মেরু। অবাচিকা। মেরুবৃত্ত সুমেরুবৃত্ত কুমেরুবৃত্ত। নিরক্ষমণ্ডল। মধ্যরেখা বিষুবরেখা। নিরক্ষরেখা। মহাবিষুব। কর্কটক্রান্তিরেখা। মকরক্রান্তিরেখা। তুন্দ্রাঅঞ্চল। প্রেইরিঅঞ্চল। সম,-তল,-ভূমি,-তলভূমি। মালভূমি প্লেটো। অববাহিকা। মরুভূমি। মহাশূন্য। মহাদেশ কন্টিনেন্ট। উপমহাদেশ সাবকন্টিনেন্ট। এশিয়া ইউরোপ আফ্রিকা অস্ট্রেলিয়া উত্তর -আমেরিকা দক্ষিণ-আমেরিকা অ্যান্টার্কটিকা। দেশ প্রদেশ রাজ্য সুবা সুবে। সাম্রাজ্য। রাষ্ট্র। রাজ্যসীমা বিভাগ জেলা মহকুমা উপজেলা কোতওয়ালি থানা তহশিল ইউনিয়ন পঞ্চায়েত। ডিহি তালুক মহল মহাল মহল্লা চাকলা পরগনা তৌজি মৌজা কসবা দাগ লাট। চক,লাট,-বন্দী। ব্লক। রাজধানী ক্যাপিটাল। সদর কেন্দ্রীয়অঞ্চল হেডকোয়ার্টার্স। প্রধানকেন্দ্র প্রধানঅঞ্চল সেন্টার পীঠ ঘাঁটি। উপরাজ্য করদরাজ্য। কমনওয়েলথ। মাতৃ,পিতৃ,জন্ম,-ভূমি। স্বদেশ স্বরাজ্য মুল্লুক ওয়াতন। সীমা (২৩০)। বৃত্ত পরিবৃত্ত। গণ্ডি (২৩১)। নিকটবর্তী অঞ্চল। প্রাচ্যদেশ প্রাচী পূর্বদেশ ওরিয়েন্ট। মধ্যপ্রাচ্য দূরপ্রাচ্য। প্রতীচী পশ্চিমদেশ ওয়েস্ট।

বিণ. আঞ্চলিক প্রাদেশিক স্থানীয়। লোকাল। অঞ্চলীয় দেশী দেশ্য দেশীয় দেশজাত। বিষুবীয় নিরক্ষীয়। মহাদেশীয় উপমহাদেশীয়। রাষ্ট্রীয়। প্রাদেশিক। প্রাচ্য প্রাচ্যদেশীয় পৌর্ব ওরিয়েন্টাল। পাশ্চাত্য প্রতীচ্য ওয়েস্টার্ণ। স্বদেশীয়।

১৮২। অবস্থান

বি. অবস্থান অবস্থিতি স্থিতি অবস্থা। এলাকা। অক্ষাংশ দ্রাঘিমাংশ। অধিষ্ঠান। মঞ্চ। দৃষ্টি, -কোণ,-ভঙ্গী। ভাবভঙ্গী। পরিবেশ। ঠিকানা। এইস্থান এখান এতদ্দেশ এই জায়গা। সেস্থান সেখান ওখান সেই-জায়গা। অন্যস্থান স্থানান্তর। ভূসংস্থান ভূগোল মানচিত্র নকশা। স্থাপন স্থাপনা অবস্থাপন সংস্থাপন অধ্যাস অধ্যাসন। রাখন রাখনি। আধান। প্রতিষ্ঠা প্রতিস্থাপন পত্তন ভিত্তিস্থাপন। সংস্থা প্রতিষ্ঠান। স্থলাভিষেক। নিবসন। উপবেশন। সন্নিবেশ (২৯৮)। উপস্থাপন। ঘাট জাহাজঘাটা বন্দর ঘাঁটি। বসতি বাস বসবাস

উপনিবেশ বাসস্থান (১৮৭) স্থিতিস্থান। ঔপনিবেশন। দেশ্যকরণ রাষ্ট্রাধিকার-অর্পণ। স্থপতি।

ক্রি. অবস্থান করা বা নেওয়া। অবস্থিত হওয়া। দাঁড়ানো। দাঁড়করানো। স্থাপন অবস্থাপন বা সংস্থাপন করা। প্রতিষ্ঠা বা পত্তন করা। ভিত গাড়া। ভিত্তিপ্রস্তর স্থাপন করা। স্থলাভিষিক্ত করা। বসা। রাখা। থোয়া। পাতা। বসানো। মূল বা শিকড় গাড়া। তিষ্ঠা টিকা থাকা বা রহা। সন্নিবেশ করা। বসতিস্থাপন করা। উপস্থাপন করা। উপনিবেশ গড়া। বাসোপযোগী করা। বাস করা (১৮৬)।

বিণ. অবস্থিত স্থিত অধিষ্ঠিত। অবস্থায়ী আসীন সমাসীন। উপবিষ্ট। স্থানীয় স্থানিক। এখানকার এতদ্দেশীয় অস্মদ্দেশীয়। সেখানকার ওখানকার তথাকার। অত্রস্থ অত্রত্য। তত্রস্থ তত্রত্য। স্থাপিত অবস্থাপিত সংস্থাপিত। অধ্যস্থ। অভিষিক্ত স্থলাভিষিক্ত। অধ্যুষিত। প্রতিষ্ঠিত প্রতিষ্ঠাতা প্রতিস্থাপিত। কায়েম। সন্নিবিষ্ট সন্নিবেশিত। নিহিত আহিত। নিবদ্ধ নিবিষ্ট। উপস্থাপিত। স্থাপনীয় স্থাপ্য স্থাপ্যমান। স্থাপক অবস্থাপক সংস্থাপক। স্থাপয়িতা অবস্থাপয়িতা সংস্থাপয়িতা। স্থাপন,সংস্থাপন,-কারী। উপস্থাপক উপস্থাপয়িতা।

অব্য. অত্র হেথা হেথায় এথা। সেথা সেথায় তত্র তথা তথায় হোথা হোথায়। অন্যত্র। যত্র যেথা যেথায় যথা যেখানে যেস্থানে। স্থান,জায়গা, -ভেদে। এখান সেখান। এখানে সেখানে। এদিক ওদিক এধারওধার। এদিকে ওদিকে। ইতিউতি। কোন্ স্থানে কোথায় কোথা কই কুত্র। কোন্ জায়গায়। কোথাকার। কুত্রাপি।

১৮৩। স্থানচ্যুতি

বি. স্থানচ্যুতি। স্থানান্তরণ (২৬৪)। অবস্থান্তর। পক্ষান্তরণ। হস্তান্তর। অপসারণ। উচ্ছেদ। বহিষ্করণ। দূরীকরণ (২৯২) অপনয়ন অপনোদন। দেশান্তর। প্রবাস প্রবসন প্রব্রজ্যা প্রব্রাজন পরিযান। নির্বাসন দ্বীপান্তর। সমাজচ্যুতি। নিরুদ্দেশযাত্রা। অবিন্যাস অব্যবস্থা।

ক্রি. স্থানচ্যুতি ঘটা। স্থানান্তর করা। স্থান ঠাঁই বা জায়গা বদল করা। নড়ানো। ঠাঁই নড়ানো। সরানো। হঠানো। তাড়ানো। দূর করা। নির্বাসনে পাঠানো। সমাজচ্যুত করা। আত্মগোপন করা। দেশত্যাগ করা। খালি করা। অস্থানে বা অপাত্রে রাখা থোয়া বা স্থাপন করা।

বিণ. স্থানচ্যুত। স্থানান্তরিত (২৬৪)। দেশান্তরিত। নির্বাসিত। অপসারিত। ছিন্নমূল। গৃহ,বাস্তু, -হারা। হস্তচ্যুত বেদখল হস্তান্তরিত। কক্ষচ্যুত। অবিন্যস্ত অব্যবস্থিত। বহিষ্কৃত। দূরীকৃত।

১৮৪। উপস্থিতি

বি. উপস্থিতি। বিদ্যমানতা বর্তমানতা বিরাজমানতা। হাজিরি উপাগম সমাগম। সর্ব, -বিদ্যমানতা,-বিরাজমানতা। বিকিরণ বিচ্ছুরণ পরিকিরণ ছড়াছড়ি গড়াগড়ি পরিব্যাপ্তি। যাথাতথ্য। বাস নিবাস বসবাস (১৮৬)। দখল। সাক্ষ্য দর্শক (৪৩৫)।

ক্রি. উপস্থিত বিদ্যমান বা বিরাজমান থাকা। থাকা। রহা। বাস বা বসবাস করা। ছড়াছড়ি বা গড়াগড়ি যাওয়া। ছিটানো। উপচানো। উথলানো।

বিণ. উপস্থিত সমবেত। বর্তমান বিরাজমান হাজির। উপনীত আগত উপগত সমাগত সমুপস্থিত। সর্ব,-বিদ্যমান,-বিরাজমান। বসতিপূর্ণ ঘনবসতি। জনাকীর্ণ জনবহুল।

ক্রি-বিণ. এখানে সেখানে সবখানে পথেঘাটে সর্বত্র। সামনে সম্মুখে।

১৮৫। অনুপস্থিতি

বি. অনুপস্থিতি অবর্তমানতা অবিরাজমানতা অবিদ্যমানতা। গরহাজিরা কামাই। অনাবাস। অনস্তিত্ব (২)। শূন্যতা (৯৫)। রিক্ততা অভাব ফাঁক। বিরাম বিরতি যতি ছেদ। অন্তর্বর্তীকাল।

ক্রি. অনুপস্থিত বা গরহাজির থাকা। হাজির না থাকা। বাড়ি ঘর বা দেশ ছেড়ে থাকা। নিরুদ্দেশ হওয়া। হারিয়ে যাওয়া। সরে পড়া। পালানো। গা ঢাকা দেওয়া।

বিণ. অনুপস্থিত গরহাজির অবর্তমান অনাবাসিক। প্রবাসী পলাতক ফেরারি। শূন্য (৯৫)। খালি ফাঁকা। শূন্যগর্ভ। ত্যক্ত পরিত্যক্ত। পোড়ো। জন,-হীন,-শূন্য। বিজন নির্জন নিভৃত। খাঁ খাঁ। ধু ধু। গায়েব।

১৮৬। বসবাস

বি. বসবাস বাস নিবসতি অধিবেশন অবস্থান (১৮২)। উপস্থিতি (১৮৪)। পুনর্বাসন পুনর্বসতি। স্বদেশ,বিদেশ,-বাস। বসতি স্থাপন লোকালয় প্রতিষ্ঠা নগর পত্তন। বাসিন্দা। পুরনো বাসিন্দা। নিবাসী অধিবাসী। গৃহস্থ। দখলকার। পুরবাসী পৌর,-বাসী,-জন শহরবাসী নাগরিক। গ্রামবাসী দেহাতি। দেশী আদিবাসী। অন্ত্যজ। ভূমিপুত্র। জনসাধারণ (৪১০)। জনসংখ্যা। ভূতলবাসী। প্রতিবেশী প্রতিবাসী পড়শী পাড়াপড়শী। আশ্রমী আশ্রমিক আশ্রমবাসী।

ক্রি. বাস বা বসবাস করা। বাসা বাঁধা। ঘর বাঁধা। ডেরা বাঁধা। জায়গা করা। আড্ডা গাড়া। ঘাঁটি গাড়া। ভিটে গাড়া। থাকা। রওয়া। জুড়ে বসা। চেপে বা গেঁড়ে বসা। ওঠা। রাত কাটানো। রাত্রিবাস করা।

বিণ. বাসী। বাস,বসবাস,-কারী। অবস্থানকারী। বসবাসোপযোগী বাসোপযোগী বাসযোগ্য। দেশজ দেশী। স্থায়ীনিবাসী। দেশ্যভূত দেশ্যকৃত রাষ্ট্রাধিকারপ্রাপ্ত। ঘরোয়া। গার্হস্থ্য।

১৮৭। বাসস্থান

বি. বাসস্থান বাস বসত বসতি আবাস নিবাস অধিবাস নিবসন নিবেশ। ধাম মোকাম সাকিম সাকিন সাং ঠিকানা। দৌলতখানা। গরিবখানা। বাড়ি দেশ স্বদেশ মুল্লুক। মাতৃ,পিতৃ,-ভূমি। জেলা মহকুমা (১৮১)। জনপদ লোকালয় নগর পাটন পট্টন পট্টি পত্তন টাউন পুর পুরী। জন,লোক, -বসতি। জন,লোক,-স্থান। জনালয় জনাশ্রয় জনান্ত। উপনিবেশ। ক্যাম্প। কলোনি। গ্রাম (১৭৯)। শহর (১৮০)। লেন বাইলেন গলিঘুঁজি। শহরতলী উপনগর বস্তি। ডিহি কসবা। টোলা টুলি পাড়া।

ভিটা ভিটে বাস্তু বাস্তু,-ভিটা,-ভিটে ভিটেমাটি। বসতবাটি ভদ্রাসন খানাবাড়ি হাভেলি বাসা বাসাবাড়ি বসতবাড়ি। বাস,-গৃহ,-ভবন।। ডেরা আখড়া আস্তানা আড্ডা ঘাঁটি। মৌচাক। ঝোপড়া ঝুপড়ি খোপ খোপর খুপরি। আলয় নিলয় কুলায় নীড়। অগার আগার। নিকেত নিকেতন কুঞ্জ। শাল শালা। কুটির পর্ণকুটির। কুঁড়ে চালাঘর। এক,দো,চার,আট,-চালা। ঠাঁই। মঞ্জিল গৃহ ভবন বাট বাটী বাড়ি অট্টালিকা ইমারত হর্ম্য। সদন সৌধ প্রাসাদ। দালান কুঠি। কোঠা কোঠাবাড়ি কাটরা পাকাবাড়ি। বালাখানা। তাঁবু। কানাত। বাগানবাড়ি। গৃহ ঘর ঘরবাড়ি বাড়িঘর। আশ্রয় (৬৭৫)। রাজ,-বাড়ি,-প্রাসাদ,-পুরী। প্যালেস। মহল। ভিলা। বাংলো। ফ্ল্যাট অ্যাপার্টমেন্ট সুইট। কাঁচা,-ঘর,-বাড়ি। মেটেঘর। মাটির ঘর। পর্ণ, -গৃহ,-শালা। জলটুঙ্গি। সিঁড়িঘর চিলেঘর বলভি। তলা। মেঝে ফ্লোর। শান। পাতালকক্ষ। তয়খানা।

বেসমেন্ট। কামরা কক্ষ কোষ্ঠ প্রকোষ্ঠ। বারান্দা অলিন্দ দেহলি চাতাল ব্যালকনি টেরাস। দাওয়া রক রোয়াক ধারী ধাপি পিঁড়া। গাড়িবারান্দা পোর্টিকো।

ব্যারাক শিবির নিবেশ সেনানিবাস ছাউনি কটক ফাঁড়ি থানা চৌকি।

জাহাজঘাটা বন্দর ডক পোর্ট হারবার। মসজিদ মন্দির (১০০০)। পার্লামেন্ট (৭১৬)। মিলনায়তন অ্যাসেমব্লি। হোটেল মোটেল। ডাকবাংলো। সরাইখানা মুসাফিরখানা ভেটেরাখানা ধর্মশালা সরাই চটি। পান্থ,-শালা,-নিবাস। অতিথি,-শালা,-নিবাস। পথিকশালা নাটমন্দির বিহার মঠ। রেস্টহাউস গেস্টহাউস ট্যুরিস্ট-লজ। ভেটেরা। বোর্ডার। সত্র জলসত্র অন্নসত্র লঙ্গরখানা। আশ্রম অনাথাশ্রম আতুরাশ্রম এতিমখানা। হাসপাতাল স্বাস্থ্যনিবাস স্যানাটোরিয়াম নার্সিংহোম। মেস বোর্ডিং বোর্ডিংহাউস। ছাত্রাবাস হোস্টেল। গ্রীষ্মাবাস শৈত্যাবাস। ঘোড়াশাল হাতিশাল গোশালা গোয়াল। পিঁজরাপোল খোঁয়াড়। ক্ষেতখামার।

বিণ. বাসী নিবাসী আবাসিক অধিবাসী। অধিবসিত নিবসিত। ঘনবসতি। ঘনবসতিপূর্ণ। উপনিবেশিত। বসতিপূর্ণ। চকবন্দী চকমিলানো। শানবাঁধানো।

১৮৮। আধেয়

বি. আধেয় মাল পণ্য দ্রব্য। মালপত্র তল্পিতল্পা বোঁচকাবুঁচকি। মোট বোঝা ভার সম্ভার মোটঘাট লাগেজ পার্সেল লটবহর। পুর। অন্ত্র নাড়িভুঁড়ি। সারমর্ম বিষয়বস্তু। সার মজ্জা শাঁস। খামি খামির (২২০)। সূচিপত্র। প্যাকিং কার্গো ফ্রেইট বেল।

বিণ. আধেয় নিধেয়। গচ্ছিত। গাড়ি,নৌকা,ট্রাক, বাস, রেল,বিমান,- বোঝাই।

১৮৯। আধার

বি. আধার আগার। আশয় আস্পদ ঘট পাত্র। ঘর। আলয় আকর। নিধান পিধান। জায়গা। অধিশ্রয়। ধারক নিধি ভাণ্ডার তহবিল। কুণ্ড। কোষ পুট খাপ খোপ কেস। নিষঙ্গ তূণীর তূণ। কুলুঙ্গি শিকা তাক। গর্ত গহ্বর গুহা। মুখ। পাকস্থলী পাকাশয়। পেট উদর জঠর। গর্ভ জরায়ু। কুক্ষি। বস্তা ছালা গুণ বোরা থলি ঝোলা ঝুলি ব্যাগ খুঁতি ধুকড়ি। গাঁট গাঁটরি গেঁজিয়া বটুয়া। ব্যাগ মানিব্যাগ পার্স ওয়ালেট ভ্যানিটিব্যাগ হাতব্যাগ স্কুলব্যাগ অ্যাটাচিকেস ব্রিফকেস। সুটকেস বাক্স সিন্দুক পোর্টমান্টো ট্রাঙ্ক তোরঙ্গ। মঞ্জুসা পিট পেটি পেটিকা পেটরা। পোঁটলা পুঁটলি। বোঁচকা বুঁচকি। প্যাকেট মোড়ক বান্ডিল। পুরিয়া পুলিন্দা। জেব পকেট। হোল্ডল রুকস্যাক। সম্পুট কৌটা ডিবা সাঁপুড়া হড়পি। টিন ক্যানেস্তারা। ঠোঙা ঠুঙ্গি ঝোড়া ঝুড়ি ধামা খুঙ্গি টুকরি পেতে ডোল। খালুই। সাজি ডালা ডালি খঞ্চা বারকোশ। বাস্কেট চুপড়ি ঝাঁপি পেছে টুকনি ধুচনি চ্যাঙারি। কুলা শূর্প ছাঁকনি চালনী। ওয়েস্টপেপারবাস্কেট। পরিভাণ্ড তৈজসপত্র। বাসন বর্তন। বাসন,-পত্র,-কোসন। কাচ,ধাতু,মৃৎ,দারু,-পাত্র। রন্ধন,পাক,-পাত্র। ভোজনপাত্র। ডিনারসেট। চায়ের বাসন। টি-সেট। জল,-পাত্র,-ভাণ্ড। জলাধার বারিপাত্র। শিশি বোতল বটল বয়াম জার কূপিকা ফ্লাস্ক। ওয়াটার -বটল। মশক ভিস্তি। কলস কলসি নাগরি গাগরি কুঁজা কুম্ভ সোরাই ঘড়া ঘট। ঘটি লোটা বদনা। জালা মটকা। পিপা ব্যারেল। গাড়ু করঙ্ক কমণ্ডলু। চিলমচি। পানপাত্র। গ্লাস জগ মগ কাপ পেয়ালা বাটি। টি-পট। সামোভার। কেটলি। বালতি বাকেট। টব ডাবা গামলা মরাই নাদা চাড়ি। চৌবাচ্চা ড্রাম ট্যাঙ্ক হৌজ নিপান। সেচনী দুনি ডোঙা। ঝারি। কাঠকুয়া। কোশা কুশি। বিড়া।

তিজেল হণ্ডা হাঁড়ি পাতিল ডেক ডেকচি। দোনা। তোলো। হাঁড়িকুঁড়ি। ভাণ্ড ভাঁড় কেঁড়ে। কড়াই কটাহ কন্দু তাওয়া। ভাজনাখোলা। চাটু প্যান সসপ্যান ফ্রাইংপ্যান। সরা মালসা মালসি। থালা থালি রেকাবি প্লেট ডিশ পিরিচ সসার। সানকি বগি পাস্তি বেলি আবখোরা পরাত। খঞ্চা ট্রে। খঞ্চাপোষ। খুরি কটরা কাঁসি খাবরি জামবাটি। মালা। মুছি মুষা ক্রুসিব্‌ল। চামচ হাতা বেলচা। খুন্তি খোন্তা। তাড়ু দর্বি। চা চামচ। টেবিল-স্পুন। ঝিনুক কুশি। পলা। ঝাঁঝরি।

আলমারি। দেরাজ ড্রয়ার। আলনা। শেল্‌ফ। ওয়ার্ড্রোব। ক্যাবিনেট। চেস্ট অব ড্রয়ার্স। কাসকেট। হাত,ক্যাশ,-বাক্স। সিন্দুক সেফ। প্যাকিং বক্স। টুল বক্স। ফার্স্ট এইড বক্স। গন্ধপাত্র। ধুনুচি গোলাপপাশ কার্বা। আতর,-দান, -দানি। আগরদান। দোয়াত। ডাবর। পানদান বাটা। ছাই,-দান,-দানি অ্যাশট্রে। ভস্মাধার। মস্যাধার। তেকাঠা। সিগারেটকেস। ফানেল। বিকার। কনিকাল ফ্লাস্ক। অ্যাস্‌পিরেটর বটল। ইম্‌পিঞ্জার। রিটর্ট বকযন্ত্র।

বিণ. আধেয়। বস্তাবন্দী। ভর্তি পুরা। অন্তরবর্তী অন্তর্ভুক্ত।

১৯০। আয়তন

বি. আয়তন আয়াম আয়তি। মাত্রা। মান পরিমাণ (২৬)। মাপ পরিমাপ (৪৮১)। ক্ষেত্রমাণ ঘনমান ঘনফল। সীমা (২৩২)। পরিধি (২২৯)। দৈর্ঘ্য (১৯৯)। প্রস্থ (২০১)। উচ্চতা (২০৫)। গভীরতা (২০৭)। বিস্তার বেধ (১৯৩) প্রসর প্রসার পরিসর। ব্যাপ্তি ব্যাপকতা ব্যাপন। ব্যাদান। পরিব্যাপ্তি। পর্যাপ্তি। ভর সামর্থ্য ধারকত্ব শক্তি ক্ষমতা। ঘনাঙ্ক। অধিক্ষেত্র অধিকার ক্ষেত্র। বাউন্ডারি। জুরিসডিকশন। সীমানির্ধারণ। পিলার পোস্ট। থাকবস্ত। সীমানাচিহ্ন পিলপা। খড়ির গণ্ডি। দাগ। তায়দাদ।

ক্রি. সীমানির্ধারণ করা। মাপা। স্থানসংকুলান হওয়া। আঁটা। এঁটে যাওয়া। আঁটানো। ধরা। ধরে যাওয়া। কুলানো।

বিণ. আয়তনযুক্ত। প্রসারী ব্যাপী। ব্যাদত্ত ব্যাত্ত। ব্যাপ্ত বিস্তৃত প্রসারিত। পরিব্যাপ্ত। টায়টায়।

১৯১। বৃহদায়তন

বি. বৃহদায়তন বৃহত্ত্ব (৩২) বিরাটত্ব বিশালতা স্থৌল্য স্থূল,-তা,-ত্ব।

বিণ. বৃহৎ বড় মহা বিরাট প্রকাণ্ড মস্ত বিশাল ঢাউস ইয়া পেল্লায়। স্থূলকায় অতিকায়। দশাসই। বিপুল ব্যূঢ় স্থূল স্ফীত পৃথু,-ল পীন পীনোন্নত পীবর নধর পুষ্ট পুরু মোটা মোটাসোটা গাঁট্টাগোঁট্টা গজস্কন্ধ তাগড়া লম্বাচওড়া ঘাড়েগর্দানে। কেঁদো কোলা। লম্বোদর স্থূলোদর নাদাপেটা পেটমোটা ভুঁড়ো ভোঁদা ঢেপসা ঢোসকা হোঁতকা। হেঁড়ে। চর্বিদার। নাদুসনুদুস গাব্দাগোব্দা গোলগাল। বপুষ্মান পরিপুষ্ট পুরুষ্টু হৃষ্টপুষ্ট। বোম্বাই। হাতি। দৈত্য। রাক্ষুসে।

১৯২। ক্ষুদ্রায়তন

বি. ক্ষুদ্রায়তন। ক্ষুদ্র,-তা,-ত্ব,(৩৩)। তনিমা তনুতা অণিমা কৃশতা। সৌক্ষ্ম্য সূক্ষ্ম,-তা,-ত্ব। খর্বতা হ্রস্বতা। শীর্ণ,-তা,-ত্ব তানব। বামন পিগ্‌মি লিলিপুট। পুতুল। শূককীট লার্ভা। অণু পরমাণু। বীজ বীজাণু জীবাণু। কণা কণিকা। রেণু গুঁড়া ধূলি। খুদ তিল সরষে কুঁচ খড় কুটা। টুকিটাকি খুঁটিনাটি (৬৫৩)।

বিণ. ক্ষুদ্র ক্ষুদ্রকায় লঘুকায় হ্রস্ব খর্ব নাটা বেঁটে খাটো গেঁটা পাতি ক্ষুদে ছোট ছোটখাটো কড়ে একরত্তি পুঁচকে। ক্ষীণ কৃশ শীর্ণ তালপাতার সেপাই চিকন পেলব পুঁটে নেংলা সরু লিকলিকে লকলকে ফুরফুরে লিংলিঙে ডিগডিগে ছিপছিপে একহারা তন্বী পুঁটি নেংটি টিংটিঙে টিনটিনে। মিহি পাতলা ফিনফিনে। হাল্কা। চটি সরু। শুটকা চিমড়া। কঙ্কালসার। অস্থিচর্মসার।

১৯৩। বিস্তৃতি

বি. বিস্তৃতি বিস্তার বিসার প্রসার। বিসরণ বিতান প্রপঞ্চ। প্রসারণ সম্প্রসারণ। ব্যাপন ব্যাপ্তি পাটা পরিব্যাপ্তি অভিব্যাপ্তি পরিসর বেলা। পরিণাহ। বৃদ্ধি বর্ধন বিবর্ধন। বিকাশ স্ফুরণ স্ফার স্ফারণ বিস্ফারণ স্ফূর্তি। বিচ্ছুরণ বিকিরণ। সঞ্চারণ। স্ফীতি ফাঁপ ফুলন স্থৌল্য স্থূলতা।

ক্রি. বড় করা। বাড়ানো। বড় হওয়া। বৃদ্ধি করা। ফাঁপা। ফোলা। প্রস্ফুটিত হওয়া। ফোটা। ফুটা। গজা। ফাটা। বিস্তার করা। ফাঁদা। বিছানো। পাতা। পাতানো। বিকাশ ঘটা। সম্প্রসারণ করা। ফোলানো। ফাঁপানো। ছড়ানো। ছিটানো। ছলকানো। ঠিকরানো। বাড়াবাড়ি করা।

বিণ. বিস্তৃত বিসৃত বিস্তীর্ণ বিতীর্ণ বহুদূরবিস্তৃত আস্তৃত আস্তীর্ণ বিস্তারিত আতত বিতত আয়ত বিসারিত প্রসারিত সম্প্রসারিত প্রপঞ্চিত। আদিগন্ত দিগন্তপ্রসারী দিগন্তব্যাপী অনন্তবিস্তার। ব্যাপ্ত পরিব্যাপ্ত অভিব্যাপ্ত ব্যাপক ব্যাপী পরাগত কীর্ণ আকীর্ণ পরিকীর্ণ সমাকীর্ণ বিকীর্ণ প্রকীর্ণ। সমাকুল সংকুল বিচ্ছুরিত। বিস্ফারিত। সঞ্চারিত। চারিত। ছড়ানো ছত্রাকার ছত্রখান। ছরকট। ছয়লাপ। খচিত। স্থূল ফাঁপা চওড়া। ফাঁদালো ফুলানো ফাঁপানো। ফলাও ঢালাও। পশাল বিশাল (১৯১)। অন্ত,বেলা,সীমা,-হীন। অসীম। বিকীর্যমান।

১৯৪। সংকোচন

বি. সংকোচন লঘুকরণ হ্রস্বীকরণ বিজারণ হ্রাস (৩৭)। অবনতি। ক্ষয়িষ্ণুতা। শীর্ণতা কৃশতা। নিমীলন মুদ্রণ কুঞ্চন। সংহতি ঘনতা ঘনায়ন। চাপ। সংক্ষেপণ সংক্ষিপ্তসার। কুণ্ঠা জড়সড়ভাব। গুটিসুটি।

ক্রি. সংকুচিত হওয়া। কুঁচকানো। সিটকানো। ছোট হওয়া বা হ্রাস পাওয়া। কমা। চাপে ছোট হওয়া। ঘন হওয়া। চাপা পড়া। সীমাবদ্ধ বা সীমিত হওয়া। বুজা। কুঁচানো। ফাঁসা। দুমড়ানো। হ্রস্ব করা (২০০)।

বিণ. সংকুচিত সংকীর্ণ। হ্রস্বীকৃত লঘুকৃত কৃশীকৃত। কোঁচকানো চোপসা তোবড়া। গুটানো। ব্যাহত। ক্ষয়িষ্ণু।

১৯৫। দূরত্ব

বি. দূর,-ত্ব-তা। দূর দূরান্ত দূরদূরান্ত। অসন্নিধান অসন্নিকর্ষ। ব্যবধান (১৯৭) অন্তর ফারাক পাল্লা নাগাল লাগ। দূরান্তর। দূরের বাদ্য। দিল্লী বহুদূর। দূরবর্তিতা বিপ্রকর্ষ। প্রান্ত উপান্ত সীমান্ত। প্রত্যন্তদেশ। দিগন্ত দূরদিগন্ত। আকাশসীমা। বাহির বিদেশ।

বিণ. দূর দূরস্থ দূরের দূরবর্তী সুদূর বিদূর। অগম অগম্য দুর্গম অগন্তব্য দুস্তর। অনিকট। অসন্নিহিত অসন্নিকৃষ্ট। অনাসন্ন। প্রত্যন্ত।

ক্রি-বিণ. দূরে দূরে।

১৯৬। নৈকট্য

বি. নৈকট্য নিকট,-তা,-ত্ব। সামীপ্য সমীপ নাগাল লাগ সকাশ ত্রিসীমা। সদন সান্নিধ্য সন্নিধান সন্নিধি সন্নিকর্ষ অব্যবধান আনন্তর্য অন্তরত্ব সংলগ্নতা কাছ। অঙ্ক ক্রোড় কোল কাঁখ। ঘেঁষ পার্শ্ব পাশ

বগল পিঠ ধরা-ছোঁয়া। ঘনিষ্ঠতা। অদূর উপান্ত উপকণ্ঠ। ধার প্রান্ত। প্রতিবেশ পরিবেশ পরিপার্শ্ব আশপাশ। দর্শক। পড়শী। নিকটবর্তিতা অভিগমন (২৮১) অভিসৃতি সমাবেশ।

ক্রি. কাছে বা নিকটে আসা। ধরা। ছোঁয়া। মধ্যে থাকা। গায়ে গায়ে বা লাগালাগি থাকা। গা ঘেঁষা। জড় হওয়া। জড়াজড়ি করা। কাছানো। ঘনানো। ছুঁই ছুঁই করা। পথ মাড়ানো।

বিণ. নিকট,-স্থ,-বর্তী। সন্নিকট। সমীপস্থ। কাছাকাছি লাগাও লাগোয়া সন্নিহিত সংলগ্ন উপস্থ লীন সঙ্কাশ আশপাশ। ঠাস ঘেঁষাঘেঁষি ঘিচিমিচি ঠাসাঠাসি লাগালাগি ঘিঞ্জি। পার্শ্ববর্তী পাশাপাশি। ঘনিষ্ঠ। আসন্ন প্রত্যাসন্ন বাধোবাধো। অব্যবহিত। অদূর।

অব্য. কাছে অদূরে নিকটে সমীপে।

১৯৭। ব্যবধান

বি. ব্যবধান অন্তর আড় আড়াল অন্তরাল। ফারাক। তফাৎ। দূরত্ব (১৯৫)। অসংলগ্নতা অসংযোগ অসংস্রব অসংসক্তি। বিচ্ছিন্নতা। বিভেদ। বিশ্লেষ। বিযুক্তি বিশ্লেষণ। বিচ্ছেদ। বিভাগ। যতি ছেদ। বাধা। শূন্যতা রিক্ততা অভাব। ফাঁক ফাট ফাটল বিদার বিদারণ। চিড় চির। গর্ত ফুটা কাটা। স্বরচ্যুতি স্বরভঙ্গ। খাত খাঁজ খানা। গিরি,-সংকট,-বর্ত্ম। কন্দর গহ্বর গুহা খাদ। খাল খাঁড়ি উপসাগর প্রণালী। সীতা। ভাঁজ খাঁজ।

বিণ. ব্যবহিত। সান্তর সান্তরাল ফাঁকফাঁক। ব্যবধানবিশিষ্ট। অসংলগ্ন অযুক্ত বিযুক্ত অসংযুক্ত অসংসক্ত আলাদা পৃথক। অসংস্পৃষ্ট আলগোছ। দুস্তর। বিশ্লিষ্ট বিশ্লেষিত। বিভক্ত। ছিন্ন। সান্তর।

ক্রি-বিণ. ছাড়াছাড়া তফাতে।

১৯৮। সংস্পর্শ

বি. সংস্পর্শ সংলগ্নতা সন্নিহিতি সন্নিধি সান্নিধ্য। স্পর্শ ছোঁয়া লাগ পাশ। ঠেস ঘেঁষ। খিলান। পিলপা। সংসক্তি (৪৬)। ঠেকাঠেকি ঠেসাঠেসি। ঘন,-বিন্যাস,-সন্নিবেশ। প্রান্ত সীমান্ত সীমা (২৩০)।

বিণ. লাগোয়া সংলগ্ন পাশাপাশি পার্শ্ববর্তী ঘেঁষাঘেঁষি পিঠাপিঠি। নিকট (২৯৬)। ঠাসা ঘন নিবিড়। ঘিঞ্জি। লীন।

১৯৯। দৈর্ঘ্য

বি. দৈর্ঘ্য দীর্ঘ,-তা,-ত্ব। লম্বাই খাড়াই প্রলম্বন ঝুল টানা দ্রাঘিমাংশ আয়াম আয়তি। আরোহ। লম্ব প্রলম্ব। থাম। দণ্ড সিক গরাদ রড। খাড়াই। দৈর্ঘ্যের একক (৪৮১)।

বিণ. দীর্ঘ লম্বা লম্বাটে দীঘল লম্বাপানা। সুদীর্ঘ। ঝোলা। প্রাংশু শালপ্রাংশু। দীর্ঘ,-দেহ,-দেহী। দীর্ঘকায় দীর্ঘাকার দীর্ঘাকৃতি লম্বাকৃতি। মাথায় বড়ো। ধুম্বা ঢেঙা। ছিপছিপে। আজানুলম্বিত আগুল্ফলম্বিত আখাম্বা। দীর্ঘীকৃত লম্বিত প্রলম্বিত খাড়া দণ্ডায়মান। অনুলম্ব। খাড়াই,-মাফিক, -বরাবর। অনুদৈর্ঘ্য দৈর্ঘ্যবরাবর। ডোরাকাটা। চিলতা।

২০০। হ্রস্বতা

বি. হ্রস্ব,-তা,-ত্ব। খর্ব,-তা,-ত্ব। ক্ষুদ্রতা (১৯২)। সংক্ষেপণ সংকোচন। ছাঁটাই বাদ ছাঁট। ঘনায়ন লঘুকরণ (১৯৪)। সংক্ষিপ্তসার (৬০০)।

ক্রি. হ্রস্ব খর্ব ক্ষুদ্র বা সংক্ষিপ্ত করা। সার বা সারাংশ রচনা করা। ছোট করা। বাদ ছুট বা ছাঁট যাওয়া। ছাঁটাই করা। ধানাইপানাই না করা।

বিণ. হ্রস্ব খর্ব খর্বাকার খর্বাকৃতি ক্ষুদ্র ছোট। বামন বেঁটে বাঁটকুল গেঁটে নাটা খাটো। মানবক। মাথায়,

কম, খাটো। অপ্রশস্ত সংকীর্ণ। হ্রাসপ্রাপ্ত ঠাসা ঘন। সংক্ষিপ্ত।

২০১। প্রস্থ

বি. প্রস্থ চওড়াই বহর ওসার আড় পড়েন সিনা ছাতি পানা। বেধ প্রসার বিস্তার বিস্তৃতি (১৯৩) পরিসর। আয়াম। ব্যাপ্তি। প্রপঞ্চ। অক্ষাংশ অক্ষরেখা। ব্যাস অর ব্যাসার্ধ। ঘনত্ব। স্থূলতা (১৯১)।

বিণ. চওড়া বিস্তৃত ব্যাপ্ত প্রশস্ত। আয়ত। চাটাল। অনুপ্রস্থ আড়াআড়ি। বিস্তৃত (১৯৩)। স্থূল (১৯১)।

২০২। সংকীর্ণতা

বি. সংকীর্ণতা কৃশতা শীর্ণতা। রেখা। ফিতা (২০৪)। সুতা। কঙ্কাল। ছায়া। হাড়-মাংস। ক্ষয়িষ্ণুতা। কুঞ্চন সংকোচন (১৯৪)। গলি গলিঘুঁজি ঘুপসি ঘোপঘাপ আনাচকানাচ। শুঁড়িপথ।

বিণ. সংকীর্ণ সরু অপ্রশস্ত চাপা অনতিবিস্তৃত অবিশাল অপরিসর। এঁদো ঘিঞ্জি। লিকলিকে লকলকে লিংলিঙে। শীর্ণ বিশীর্ণ কৃশ। তন্বী ছিপছিপে একহারা। পাতলা মিহি ফিনফিনে ফুরফুরে। সূক্ষ্ম চুলচেরা। সূচাল ছুঁচালো। বিরল। টায়টায়। সংকুচিত আকুঞ্চিত অনুদার।

২০৩। স্তর

বি. স্তর থর থাক তাক পরত পরদা পলি প্রলেপ পাল্লা তয় তবক। পত্র পাতা পাত পট্ট। পাট পাটা। খোসা ত্বক ছাল বল্কল বাকল বাকলা। শল্ক আঁশ। ফলক ফালি। ঝিল্লি সর। ভাঁজ (২৫৭) তাল। সারি সোপান শ্রেণী। মেঝে তল। ভিত। স্তরবিন্যাস স্তরায়ণ। পত্রোদ্গম।

ক্রি-বিণ. স্তরে স্তরে। পরতে পরতে।

বিণ. স্তরবিন্যস্ত স্তরিত।

২০৪। তন্তু

বি. তন্তু অংশু আঁশ ফেঁসো। রোঁয়া রোম লোম। পশম তুস উর্ণা ফ্লানেল উল। রেশম ক্ষৌম খুঁয়া মুগা গরদ মটকা তসর। এণ্ডি বাফতা তাফতা। খাদি খদ্দর। মসলিন মলমল মলিদা। আদ্দি। শালু। খেরুয়া। টুইড। টুইল। শণ পট্ট পাট। চট। গুণ। শিরা। জালি জাল। তাঁত। উর্ণনাভ। রেণু ত্রসরেণু। কার্পাস শিমুলতুলা। সূত্র সুতা কার। ধাগা। ক্রচেট। ফেঁশো। টোআইন টোন। গুলি কাটিম রিল ববিন লাছি। রেয়ন নাইলন পলিয়েস্টার ডেক্রন। রজ্জু দড়ি দাম। ফিতা টেপ রিবন। গুনা তার কচড়া। দড়া দড়াদড়ি কাছি রশি রশা। নুটি পটি ফেটা। পাত। সুতলি ডুরি ডোর নেয়ার। ছোবড়া কয়ের। পাঁজ পাঁইজ পিঞ্জন পেঁজা। ধোনা ধুনখারা। সুতো,-কাটা,-পাকানো। স্পিনিং।

বিণ. তন্তুজ তন্তু,-যুক্ত,-ময় আঁশালো অংশুক। তান্তব কৌশিক কৌশেয়। পশমী উর্ণাময়। তন্তুবায় তন্তুজীবী জোলা। ধুনকর ধুনুরি ধুনারি। রেশমি ক্ষৌম। রোমশ (২৫৫)। ফেঁসো।

২০৫। উচ্চতা

বি. উচ্চতা ঔচ্চ্য উচাই ঔন্নত্য। উচ্ছায় উচ্ছ্রয় উঠতি উত্থান উন্নমন। উন্নতি। ক্রমোন্নতি খাড়াই আরোহ চড়তি চড়াই উত্তোলন। ঊর্ধ্ব আগা আগ মগডাল শীর্ষ (২০৯) কূট চূড়া শৃঙ্গ শির চাঁদি ভৃগু। পৃষ্ঠা পিঠ। গ্রীবা ঘাড় স্কন্ধ কাঁধ অংসকূট। দৈর্ঘ্য। উত্তুলতা (২৪৯)। খমধ্য সুবিন্দু। দৈত্য। পর্বত

উত্তলতা (২৪৯)। খমধ্য সুবিন্দু। দৈত্য। পর্বত (৩৮১) পাহাড় গিরি শৈল অচল অদ্রি নগ ভূধর মহীধর শৃঙ্গধর। মালভূমি বালিয়াড়ি স্তূপ ঢিবি পালা। পাড়। মঞ্চ চবুতরা। স্তম্ভ থাম পিলার। বুরুজ পোস্ট খাম্বা খাম। মিনার গম্বুজ পিরামিড প্যাগোডা। লগি মাস্তুল। জোয়ার বান সর গর্কি।

বিণ. উচ্চ উঁচু। অত্যুচ্চ সমুচ্চ সর্বোচ্চ। আকাশচুম্বী গগনচুম্বী আকাশস্পর্শী আকাশছোঁয়া (২১৩)। উচল উন্নত সমুন্নত পীনোন্নত তুঙ্গ উত্তুঙ্গ তুঙ্গী অভ্রংলিহ অভ্রভেদী। শালপ্রাংশু। বুলন্দ। তালগাছ। ঢেঙা। উদগ্র। উর্ধ্ব উর্ধ্বগামী উর্ধ্বমুখী উচ্ছ্রায়ী। ক্রমোচ্চ চড়া খাড়া।

২০৬। নিম্নতা

বি. নিম্নতা নিম্ন নিচ। অধঃ। নামা। নিম্নাংশ অধোভাগ তল তট। সমতট সমতল। অবনতি নতি। টোল গর্ত গর্ভ ভূগর্ভ গুহা কন্দর দরি দর খাত খদ। ঢাল গড়ান। খাই। তরাই। তলদেশ পাদদেশ (২১০)। ভাটা।

ক্রি. নিচে নামা বা পড়া। পতন ঘটা বা হওয়া। ভূলুণ্ঠিত হওয়া। নত বা হেঁট হওয়া। গোঁজা। গড়াগড়ি দেওয়া। অবনতি ঘটা। টোল খাওয়া (৩০৬)।

বিণ. নিম্ন নিচু নিম্নস্থ নীচস্থ অবনত অবচ অনুচ্চ অনুন্নত পতিত নিপতিত চ্যুত নত আনত। ছোট হেঁট উপুড় অধো,-মুখ,-বদন অবাঙ্মুখ। নাবাল ঢালু। নিম্নগ গড়ানে। অধঃস্থ অধস্তন অধীন। সর্বনিম্ন। অধঃস্থিত।

অব্য. অধঃ। নিচে নিম্নে তলে অতলে।

২০৭। গভীরতা

বি. গভীর,-তা,-ত্ব। বেধ খাই। খদ খাদ দহ গহ্বর গর্ত গর্ভ গুহা কন্দর খাত খোল পরিখা গড়খাই ডহর। খনি। কূপ কুয়ো ইঁদারা। ভূগর্ভ সমুদ্রগর্ভ। তল তলা তল,নিম্ন,-দেশ অধো,-দেশ,-ভাগ। ওলনদড়ি গাধসূত্র। ঝাঁপ ডুব নিমজ্জন।

ক্রি. গভীর করা। খনন করা। খোঁড়া। ফুটানো। গর্ত করা। গভীরতা মাপ করা। থই না মেলা। হালে পানি না পাওয়া। ডুবা। ডোবা। ঠাঁই না পাওয়া।

বিণ. গভীর সুগভীর অতল অথই অগাধ অগম নিতল অতলস্পর্শী। ভূগর্ভস্থ সমুদ্রগর্ভস্থ নদীগর্ভস্থ। অন্তঃসলিলা। ফল্গু। ঘোর কলিল নিবিড় গহন গহীন অতলতল। গাঢ় প্রগাঢ় দুরবগাহ। অগাধীয়। মজ্জিত নিমজ্জিত মগ্ন জলমগ্ন।

২০৮। অগভীরতা

বি. অগভীর,-তা,-ত্ব। চড়া চর পুলিন। ভাসাভাসা, উপরিউপরি,-ভাব।

ক্রি. থই বা ঠাঁই বা তল পাওয়া।। হাঁটু জল থাকা। ঘটি না ডোবা। পায়ের পাতা না ভেজা।

বিণ. অগভীর অপ্রগাঢ়। গাধ। উপরস্থ উপরিগত ভাসাভাসা।

ক্রি-বিণ. ওপর ওপর। আলগাভাবে। লোক দেখানো।

২০৯। শীর্ষদেশ

বি. শীর্ষদেশ শীর্ষস্থান শিরোদেশ শিরোভাগ। উপর ওপর উর্ধ্ব,উপরি,অগ্র,-ভাগ। মটকা। টঙ। শীর্ষ শির চূড়া (২০৫) শৃঙ্গ শিখণ্ড। শিখা শিখর শেখর। খমধ্য সুবিন্দু। সর্বোচ্চতা সর্বাধিক্য পরোমৎকর্ষ। লক্ষ্য পরিপূর্ণতা ভাবারোহ তুঙ্গীভবন পরিণতি। অগ্র আগা। ডগা শিয়র শিথান মস্তক মাথা শির কল্লা মুণ্ড মূর্ধা। শিখা টিকি ঝুঁটি ঝোঁটন। চক্কর। শিরস্ত্রাণ। উপরতলা চিলেকোঠা সিঁড়িঘর। ছাদ।

বিণ. শীর্ষস্থানীয়। উপরস্থ উপরের। শিখরস্থিত অগ্রস্থিত সর্বোচ্চ সর্বোন্নত (২০৫)। উঁচু। সার্বভৌম। তুঙ্গশৃঙ্গ।
অব্য. শীর্ষে আগায় ডগায়। অগ্রভাগে অগ্রে। ওপরে উপরে মাথায়।

২১০। পাদদেশ

বি. পাদ,তল,সানু,নিম্ন,অধো,মূল,-দেশ। তরাই। অধোভাগ। তল তলা বস্তি ভূতল অতল পাতাল বিতল। মূল। গোড়া পা পদ চরণ অঙ্ঘ্রি ভিত্তি ভিত পায়া। পাদপীঠ পদাসন। মেঝে শান পাকা,শানবাঁধানো,-মেঝে। পাটাতন। অতলতল। থই ঠাঁই। কুবিন্দু।
বিণ. তলস্থ তলস্থিত অধঃস্থ নিম্নস্থ সর্বনিম্ন। তলানি। ভূলুণ্ঠিত।

২১১। উল্লম্বতা

বি. উল্লম্বতা। লম্বতা। দণ্ডায়মানতা। ঋজুতা। দাঁড়ি কষি। লগি। মালুমকাঠ মাস্তুল। চড়াই খাড়াই। দুরারোহণ। শৃঙ্গ শীর্ষ চূড়া। গোঁজ কিলক খোঁটা। বেড়া। দেয়াল। শীর্ষকোণ। লম্ববৃত্ত। ঊর্ধ্বাধছেদন। উচ্চতামাপকযন্ত্র অল্টিমিটার।
ক্রি. লম্বভাবে দাঁড়ানো। সোজা সিধা বা ঋজু হওয়া। ঠাড় করা।
বিণ. উল্লম্ব ঊর্ধ্বাধ। অনুলম্ব খাড়া শীর্ষস্থ। শীর্ষদেশীয়। সোজা সিধা ঋজু রুজু। ঠাড় গোঁজ। দুরারোহ।
ক্রি-বিণ. সমকোণে। লম্বালম্বি অনুদৈর্ঘ্য খাড়াখাড়ি।

২১২। অনুভূমিকতা

বি. অনুভূমিকতা অনুভূম দিক্‌চক্রবাল দিগন্ত,-রেখা। শয়ানরেখা ক্ষিতিজরেখা। ভূতল। সমতল। সমপৃষ্ঠতা স্তর। হেলান ঝোঁকান। শয়ন। প্রবণতা আনতি।
ক্রি. দিগন্তের সাথে সমান্তরাল হওয়া বা করা। হেলান দেওয়া। পেছনে ঝোঁকা। শোয়া। চিৎ হওয়া। সাষ্টাঙ্গ হওয়া। মাটিতে ফেলা। সমান করা।
বিণ. অনুভূমিক। দিক্‌চক্রবাল সংক্রান্ত। শয়ান। চক্রবালীয়। চক্রবাল,-সন্নিহিত,-সমান্তরাল (২১৫)। সমান সমপৃষ্ঠ চোস্ত মসৃণ। আনত শায়িত চিৎ। চিৎপটাং।
অব্য. ভূমিসাৎ।

২১৩। বিলম্বন

বি. বিলম্বন লম্বন আলম্বন প্রলম্বন ঝোলন ঝুলন দোল দোলন হিন্দোল টলন। দুল ঝুমকো মাকড়ি লকেট ধুকধুকি। দোলক পেন্ডুলাম ওলন। ঝুলনা ঝুলা দোলনা। শিকা শিকে। বাঁক। লম্ব আলম্ব লেজ বেণী। ঝাড়। ঝালর ঝিলিমিলি। উদ্বন্ধন।
ক্রি. ঝোলা। ঝুলা। দোলা। ঝুলানো। ঝুলিয়ে দেওয়া। দুলানো। লটকানো। টাঙানো। গলায় ঝোলানো। চ্যাংদোলা করা।
বিণ. লম্বিত প্রলম্বিত বিলম্বিত আলম্বিত উদ্বদ্ধ। আলম্বী লম্বমান বিলম্বমান। দোলিত দোদুল দোদুল্যমান দোলায়মান ঝুলন্ত ললৎ লুলিত। নির্ভর। গললগ্ন। গললগ্নীকৃত।

২১৪। অবলম্বন

বি. অবলম্বন অবলম্ব আলম্ব ভর সহায় শ্রয় শ্রয়ণ সংশ্রয় আলম্বন আশ্রয় সম্বল। নির্ভরতা নিরাপত্তা (৬৭৪)। ভিত ভিত্তি ভিটা পোতা বুনিয়াদ। ঠেকা ঠেকনা প্যালা ঠেস পুস্তা পুস্তান চাড়া। স্কন্ধ কাঁধ। থাবড়ি। ভরনা পদ পায়া খুরা পাছা। মঞ্চ মাঁচা মাঁচান চাঙ্গ টঙ টঙ্গী ভারা। বেদী

চত্বর চাতাল চবুতরা। প্ল্যাটফরম। পাটা পাটাতন। মেঝে। সহায়ক সহায়তা (৭৫৭)। তাক থাক মেজ টেবিল আলনা ব্রাকেট। কড়িকাঠ বরগা খিলান কপালি ঝনকাঠ। ঝিক ধুরা অক্ষদণ্ড জোয়াল। যষ্টি নড়ি অন্ধেরনড়ি লাঠি আসা ক্রাচ। স্তম্ভ থাম খাম্বা খুঁটি খাম পিলার পিলপা। খোঁটা গোঁজ কীলক। ঠাট ফ্রেম কাঠামো কঙ্কাল। আসন সুখাসন। কুশাসন তৃণাসন। পাট সিংহাসন। সিট। পিঁড়ি পিড়া। কুরসি কেদারা চেয়ার ডিভান কৌচ আরামকেদারা সোফাসেট। তাকিয়া গির্দা কুশন। মোড়া টুল বেঞ্চি। হাওদা জিন পাদপীঠ পদাসন। পাদান রেকাব। শয্যা বিছানা তোশক গদি জাজিম। লেপ রেজাই। বালিশ উপাধান শিথান। পর্যঙ্ক পালঙ্ক চৌকি তক্তাপোশ খাটিয়া খাটুলি। বাঙ্ক বার্থ। শপ মাদুর পাটি শীতলপাটি কার্পেট। পাপোশ। অঙ্ক ক্রোড় কোল।

বিণ. ধারক বাহক পোষক। ভিত্তিমূলক। অবলম্বী আলম্বী। অবলম্বিত। আশ্রিত সংশ্রিত অধিশ্রিত আস্থিত।

২১৫। সমান্তরালতা

বি. সমান্তরালতা সমান্তরতা সমান্তর সমদূরত্ব সমদূরবর্তিতা। সমকেন্দ্রিকতা। সামন্তরিক-ক্ষেত্র। সংগমন সহব্যাপ্তিতা।

ক্রি. সমান্তরাল করা বা হওয়া। বরাবর সিধা বা সোজা করা বা হওয়া।

বিণ. সমান্তরাল সমান্তর সমদূরবর্তী। সামান্তরিক সমকেন্দ্রিক সংগামী সহব্যাপী। সমানসমান পাশাপাশি বরাবর।

২১৬। বক্রতা

বি. বক্রতা বক্রত্ব বাঁকাভাব বক্রিমা সাচি অসরলতা অনৃজুতা। কুটিলতা। বক্রণ। অপবর্তন সাচিবর্তন। কুঞ্চন। আনতি নতি। ঢাল ঢল টাল গড়ান টালন হেলন কাত আড়। ঝোঁক ঝুল। ধাপ। মোচড় পাক প্যাঁচ। মোড় বঙ্ক বাঁক বিকৃতি (২৪২)। খাড়াই চড়াই পাহাড় পাড়। ঘোঁজ শৃঙ্গ (২০৯)। উৎরাই। ঢেউটিন। বক্ররেখা (২৪৪)। বক্রগতি।

ক্রি. বক্র বা বাঁকা হওয়া। এঁকেবেঁকে চলা। নত হওয়া। নামা। নোয়া। ঝোঁকা। ঝোলা। গড়া। হেলা। টলা। ঢলা। মোচড় পাক বা বাঁক খাওয়া। মোড় বা বাঁক ফেরা। বাঁকানো। দুমড়ানো। তুবড়ানো। প্যাঁচানো। কোঁচকানো। মুচড়ানো। মুচকানো। মটকানো। ভাঙা। ঝোঁকানো। ঝুলানো। হেলানো। টলানো। ঢলানো। আঁকাবাঁকা করা। ঘোরানো ফেরানো। বিকৃত করা (২৪২)।

বিণ. বক্র বাঁকা বঙ্কিম। তির্যক তেরছা তেড়া টেড়া এড়ো। কুব্জ কুঁজো। অসমান্তরাল অলম্ব। অসমকোণী। আড় কোনাচে কৌণিক। আড়াআড়ি কোনাকুনি। আঁকাবাঁকা। অনৃজু বক্রী বক্রতাযুক্ত বক্রীকৃত সাচীকৃত। ত্যাড়াব্যাঁকা সর্পিল। ঢেউখেলানো। তরঙ্গায়িত। উত্তল কনভেক্স। অবতল কনকেভ। কুঞ্চিত কোঁকড়া। উচ্চাবচ। বিকৃত (২৪২)। মোচড়ানো দুমড়ানো তোবড়া। পাকানো প্যাঁচানো। ভগ্ন ভাঙা। দুরারোহ চড়াই। ক্রমোন্নত। ঢাল গড়ান ক্রমনিম্ন। লগ্‌বগে ল্যাকপ্যাকে নম্য নমনীয়।

ক্রি-বিণ. বাঁকা,তির্যক-ভাবে। আড়াআড়ি কোনাকুনি।

২১৭। উৎক্রম

বি. উৎক্রম উৎক্রমণ উৎক্রান্তি ব্যুৎক্রম ব্যুৎক্রান্তি। বিলোমক্রিয়া বিপর্যয় পর্যাস বিপর্যাস ক্রমবিপর্যয় প্রতিক্রম। অন্তরাবর্তন। উল্লঙ্ঘন বিরুদ্ধতা। বিকর্ষণ। মেরুপ্রবণতা। বৈপরীত্য। প্রতিলোম পরস্পর-বিরোধিতা। প্রত্যাগমন প্রত্যাবর্তন।

পালাবদল পক্ষান্তরণ। আবর্তন। বিপ্লব বিদ্রোহ ওলটপালট। ডিগবাজি।

ক্রি. উলটানো। উলটে দেওয়া। পালটানো। ওলটপালট করা। উপুড় করা। উজানে যাওয়া। সম্পূর্ণ বা আমূল পরিবর্তন করা। ঘুরানো। ঘুলানো। কাছিম ঘুরা। ডুবানো। পালাবদল করা। ডিগবাজি খাওয়া। টলা।

বিণ. উৎক্রান্ত বিপর্যস্ত। ওলটপালট। উলটা বিপরীত (১৪)। বিপরীতমুখী। উজান। উপুড়।

ক্রি-বিণ. পক্ষান্তরে। অপরদিকে।

২১৮। পরস্পরছেদন

বি. পরস্পরছেদন। ক্রসিং প্রস্থচ্ছেদ ছেদস্থল সংযোগস্থল। ক্রুশাকৃতি ঢেরা আড়াআড়িভাব। চৌরাস্তা চৌমাথা চৌমোহনা। চৌখুপি। জাল জালি জাফরি নেট বেণী বিনুনি ঝাঁঝরি চালনী। ঝালর। মাদুর। নকশা আল্পনা। জটা জটিলতা।

ক্রি. পরস্পর কাটা বা ছেদ করা। জড়ানো পাকানো। গিঁট দেওয়া। বিনানো।

ক্রি-বিণ. আড়াআড়ি কোনাকুনি। অনুপ্রস্থ।

২১৯। বাহির

বি. বাহির বার। বহি,-র্ভাগ,-র্দেশ,-র্লোক। বহিরংশ বহিরঙ্গ বাহ্যঅঙ্গ। বহিঃস্থতা আবরণ বহিরাবরণ পোশাক খোলস চামড়া। মুখ। উৎকেন্দ্রতা। বিকেন্দ্রণ উপরিভাগ। বহির্বাটি সদর।

বিণ. বাহির বহিঃস্থ বহির্দেশীয়। বাহ্য বাহ্যিক। বাহিরমুখী বহির্মুখী। বহির্ভূত বহির্গত। মুখেদেখা। মৌখিক লোকদেখানো পোশাকি উপরউপর ভাসাভাসা।

ক্রি-বিণ. বাহিরে বাইরে মুখে।

২২০। ভিতর

বি. ভিতর ভেতর অন্তর অভ্যন্তর। অন্ত,-র্ভাগ ,-র্দেশ। মফস্বল অন্তরা। মধ্য (৬৭) মধ্য,-ভাগ, -দেশ। মাঝ মাঝার। ভূগর্ভ। আধেয় (১৮৮)। সার মর্ম সারমর্ম। অন্তঃসার শাঁস মজ্জা। পুর খামির। হৃদয় অন্তঃকরণ বুক। কুলুঙ্গি কোটর ফোকর। গর্ভ। গহ্বর (২৫১)। অন্তঃপুরবাসী অন্তরীণ অধিবাসী। ভিতরবাড়ি মেয়েমহল অন্দরমহল অন্তঃপুর হারেম।

বিণ. ভিতর অভ্যন্তরস্থ অভ্যন্তরীণ আভ্যন্তর মধ্যস্থ মধ্যবর্তী মধ্যস্থিত অন্তঃস্থ অন্তর্গত অন্তর্বর্তী অন্তরস্থ নিভৃত অন্তর্ভুক্ত। আন্তর আভ্যন্তরিক। অন্তরঙ্গ আন্তরিক। অন্তরীণ। জন্মগত মজ্জাগত বদ্ধমূল। সহজাত নিজস্ব। দেশ্য দেশী। অন্তর্দেশীয়। পারিবারিক।

২২১। কেন্দ্র

বি. কেন্দ্র সেন্টার। মধ্যবিন্দু। মধ্য। নাভি নাই চক্রনাভি। মাধ্যাকর্ষণ,-কেন্দ্র। কেন্দ্রবিন্দু। উৎসবিন্দু। ক্রিয়াকেন্দ্র। ফোকাস। কেন্দ্রিকতা। কেন্দ্রীকরণ। কেন্দ্ররেখা। মেরু। অক্ষ অক্ষরেখা। প্রাণকেন্দ্র। শাঁস মজ্জা সার। রাজধানী। মিলনায়তন। মিলনস্থল। ময়দান পার্ক। ক্লাব আড্ডা। অভিসার। সভাস্থল। ঘটনাস্থল। গোষ্ঠ। ঘাঁটি

বিণ. কেন্দ্রগত কেন্দ্রিত কেন্দ্রস্থ মধ্যস্থ মধ্যবর্তী কেন্দ্রী কেন্দ্রীয় কৈন্দ্রিক। কেন্দ্রাভিগ অভিকেন্দ্র। কেন্দ্রাতিগ।

২২২। আবরণ

বি. আবরণ আচ্ছাদন প্রচ্ছদ প্রচ্ছাদন ঢাকনা আবরণী আচ্ছাদনী বৃতি প্রাবৃতি সংবৃতি। ছদ

ছাদন। বহিরাবরণ। সরা শরা শরপোষ। শামিয়ানা সায়বানা চাঁদোয়া চাঁদনি চন্দ্রাতপ প্যান্ডেল ছাউনি বিতান মণ্ডপ মেরাপ। ঘেরাটোপ ঘটাটোপ বোরখা গুণ্ঠন অবগুণ্ঠন ঘোমটা নেকাব ঘোমটা আবরু পর্দা। আড়াল চিক। আড়ানি ছত্র ছাতা ছাতি বর্ষাতি টোকা মাথাল হুড। ছই ছত্রি ছাদ ছাত চাল টালি খোলা খাপরা খাপরেল ছপ্পর ছাপরা ঢেউটিন করোগেটেডটিন। পরচাল পরচালা। জলছাদ গম্বুজ বলভি। বিছানা চাদর আস্তর জাজিম কাঁথা ধোকড়। বেড,-শিট,-কভার। টেবিলক্লথ। রেজাই লেপ বালাপোষ লিহালি দোলাই। গদি তোষক ফরাস দরি সুজনি শতরঞ্চি গালিচা কার্পেট। কম্বল। মাদুর পাটি শীতলপাটি। চাটাই দরমা। চট অয়েলক্লথ প্লাস্টিক। অ্যাসবেসটাস। ক্যানভাস। ত্রিপল। মশারি। ত্বক চর্ম চাম চামড়া ছাল খাল কৃত্তি অজিন। আঁশ শল্ক শকল শল্প খোল খোলক খোলা খোলস নির্মোক। ছাল চীর বল্কল বাকল চাকলা খোসা তুষ চোঁচা চোকা চোকলা। চুল। কোষ খাপ মলাট ফেটি প্যাকিং মোড়ক লেফাফা খাম এনভেলাপ। গেলাপ ওয়াড়। রং কোটিং বার্নিশ পেন্ট এনামেল কালাই মলম্বা মিনা গিল্টি। প্লেটিং ইলেক্ট্রো,ক্রোম,জিঙ্ক,নিকেল, গোল্ড,-প্লেটিং। গ্যালভানাইজিং পলস্তরা পোঁচ চুনকাম প্রলেপ। বর্ম সাঁজোয়া (৭৬৬)। কবর। কাফন। তাঁবু কানাত। যবনিকা। স্ক্রিন।

ক্রি. আবৃত করা। ঢাকা। মোড়া। মোড়ানো। ঢেকে রাখা। ঢাকনা দেওয়া। মুড়ে রাখা। লাগানো। লেপা।

বিণ. আবৃত প্রাবৃত আবরিত আচ্ছাদিত ঢাকা। ঘেরা। ছাওয়া গুণ্ঠিত অবগুণ্ঠিত। আস্তৃত আস্তীর্ণ। আচ্ছন্ন। সংবৃত। পিহিত। মোড়া। প্রচ্ছাদিত অবনদ্ধ পুটিত প্রচ্ছন্ন পুটকিত সমাবৃত সমাচ্ছন্ন। আবরণীয় আচ্ছাদ্য আচ্ছাদনীয় প্রচ্ছাদনীয়। পর্দানশীন। আবরক আচ্ছাদক প্রচ্ছাদক। আচ্ছাদন,প্রচ্ছাদন,-কারী।

২২৩। আস্তর

বি. অস্তর আস্তর আস্তরণ লাইনিং। প্রলেপন লেপ লেপন প্লাস্টার কোটিং পোঁচ। বার্নিশ। মিনা এনামেল। পান। উপ,অব,অনু,-লেপ। উপ,অনু, -লেপন। পুর। সঞ্জাব। প্যাড নুটি কোষ।

বিণ. প্রলিপ্ত লিপ্ত। অব,অনু,উপ,-লিপ্ত। লেপ্য লেপনীয়। লেপক প্রলেপক।

২২৪। পরিচ্ছদ

বি. পরিচ্ছদ আচ্ছাদন (২২২)। পোশাক চেল পরন লেবাস বসন বস্ত্র বাস বেশ পরিধেয় ধড়াচূড়া সাজ সজ্জা সাজপোশাক সাজসজ্জা কাপড় জামাকাপড় কাপড়চোপড় অম্বর ভূষণ ভূষা বেশভূষা বেশবাস কলাপ আভরণ (৮৭১)। আবরণী আচ্ছাদনী।

অঙ্গাবরণ গাত্রাবরণ দেহাবরণ। অঙ্গাবরণী গাত্রবস্ত্র। অঙ্গ,-বস্ত্র,-বাস। ড্রেস কসটিউম। তোলাকাপড় পোশাকিকাপড়। আটপৌরে কাপড়। উর্দি য়ুনিফর্ম খাকি লিভারি খিলাত। কোট জ্যাকেট জার্কিন। ওভার,লং,ওয়েস্ট,চায়না, -কোট। অলেস্টার। বান্ডি। উইন্ডচিটার। সোয়েটার পুলওভার কার্ডিগান জাম্পার স্লিপওভার বোলেরো। ভেস্ট। আলখাল্লা জোব্বা আচকান শেরওয়ানি চোগা চাপকান। ব্যাগিশার্ট। উত্তরীয় নিচোল নিবীত উড়ুনি ওড়না চুনি দোপাট্টা দোছুট পাছড়া। বহির্বাস। একপাট্টা। নামাবলি। ভেল্। চেলি। জোড়।

শীতবস্ত্র। গরম,-কাপড়,-জামা,-চাদর। জামিয়ার চাদর তুস শাল দোবজা আলোয়ান র‍্যাপার দোলাই ধোসা দোসুতি মলিদা রেজাই দোশালা লুই। রাঙ্কব। স্টোল। বালাপোষ।

সুট। সাফারি। কম্বিনেশনসুট। বয়লারসুট। সালোয়ারসুট। নিকারবোকার। খেলার জামা। জার্সি। ট্র্যাকসুট। স্পোর্টস শার্ট। জ্যাকেট। ব্লেজার। জামা। আংরোখা কূর্তা কামিজ পাঞ্জাবি পিরান ফতুয়া সদরিয়া মেরজাই নিমা। গেঞ্জি বেনিয়ান। শার্ট। ফুল,হাফ,হাওয়াই,-শার্ট। টি শার্ট। বুশ শার্ট। জামার হাতা। আস্তিন স্লিভস কলার পকেট কাফ। কাফলিংকস। পাজামা ইজার প্যান্ট প্যান্টালুন পাতলুন ট্রাউজার্স। চুস্ত পায়জামা। চুড়িদার। জিনস। স্ল্যাকস। ব্রিচেস। বেলবটম। শর্টস। হাফ,-ফুল,-প্যান্ট। লুঙ্গি তহবন্দ। ধুতি ধড়ি শাট শাটক। শাড়ি শাটী শাটিকা অম্বরী ঠেঁটি চুনুরি। ধনেখালি ধনিয়াখালি টাঙ্গাইল শান্তিপুরী। আঁচল অঞ্চল পাড়। ঘাগরা শালওয়ার পেশোয়াজ।

অধোবস্ত্র অন্তর্বাস অন্তরীয়। নেংটি জাঙ্গিয়া কৌপীন চীর চীবর। ধটি ধড়া কাছা কচ্ছ মালকোঁচা মালকচ্ছ লেঙ্গট। প্যান্টি। আন্ডারওয়ার ব্রিফ। ব্লাউজ বডিস ব্রা ব্রেসিয়ার নীবি নীবিবন্ধ কাঁচুলি কঞ্চুকি সায়া শেমিজ পেটিকোট। চোল চোলি। টপস। স্লিভলেস। স্লিপ। করসেট। কটি,-বাস, -বস্ত্র। বিকিনি সুইমসুট। সুইমিং,-ট্রাঙ্ক, -কসটিউম। থান থানকাপড়। গাউন ড্রেসিংগাউন হাউসকোট। ওভারঅল। ডাস্টারকোট। খিলকা কাবা বাকু কাফতান কিমানো কাঞ্চি মেখলা। নাইটি। বোরখা ঘেরাটোপ। ফ্রক স্কার্ট ম্যাক্সি। মিনি,মিডি,ম্যাক্সি,-স্কার্ট। টেপজামা। টিউনিক। পেনিফ্রক। বর্ষাতি রেইনকোট ম্যাকিনটস। টাই নেকটাই বো গলাবন্ধ। মাফলার কম্ফরটার। স্কার্ফ। রুমাল। হাতমোজা দস্তানা গ্লাভস। ন্যাপকিন। মোজা সক্স। লেগিংস। ড্রয়ারস। অ্যাংকলেট। হোস। নিক্যাপ। বর্ম সাঁজোয়া। বেল্ট। কোমর,কটি,-বন্ধ। কষি পরিকর কাঞ্চি পেটি। স্ট্র্যাপ। ব্যাজ। তকমা। চাপরাস।

মস্তকাবরণ। পাগড়ি পাগ আমামা। তকি টুপি কিস্তি। শিরস্ত্রাণ উষ্ণীষ শিরোপা শিরপেচ শিরস্ত্র শিরস্ক শিরোবেষ্ট শিরোবেষ্টন শিরোপা। হেলমেট। ক্র্যাশ-হেলমেট। তাজ মুকুট কিরীট মৌলি চন্দ্রমৌলি কলগি টোপর। বিড়ে শামলা ফেটি সাফা দস্তর। মাংকি,কাউন্টি,স্কাল,-ক্যাপ। হ্যাট ক্যাপ। টপহ্যাট। ফেল্টহ্যাট। ফেজ। শোলার টুপি। পানামা টুপি। মাথাল।

জুতা পাদুকা বিনামা পাদপা উপানৎ। স্লিপার স্যান্ডেল চটি চপ্পল নাগরা লপেটা পয়জার। খড়ম পানই। শু। পাম্প শু। অক্সফোর্ড। কেডস। মোকাসিন। ডার্বি। বুট। গামবুট। হাইহিল। হিলতোলা জুতা। খেলার জুতা। ক্রিকেট,ফুটবল, -বুট। রণপা। হিল। সোল। হাপ সোল। জুতোর, -কালি,-ফিতা।

ক্রি. পরা। পরিধান করা। গায়ে দেওয়া বা চড়ানো। অঙ্গে তোলা। গায়ে চাপানো। কাপড় পরা। গাছকোমড় বাঁধা। সঙ্গে ধারণ করা।

বিণ. পরিহিত বাসিত সজ্জিত ভূষিত। পরিধেয়। বেশী বেশধারী সুবেশ সুবেশী। সুসজ্জ সুসজ্জিত পোশাকধারী। অনগ্ন। পরিধায়ী পরিধানকারী। ফিটফাট। সুটেডবুটেড। পরনে। পরিহিত পিনদ্ধ। কুবেশী দুর্বাসা। খিলাত। মুকুটধারী মৌলী কিরীটী। কিরীটিনী।

২২৫। নগ্নতা

বি. নগ্ন,-তা,-ত্ব। অনম্বরতা। উলঙ্গতা। অনাবরণ অনাচ্ছাদন অনবগুণ্ঠন। নগ্নীকরণ। নির্মোচন উন্মোচন। মুণ্ডন ক্ষৌর। খলতি টাক।

ক্রি. নগ্ন বা উলঙ্গ করা বা হওয়া। খালি গা হওয়া। অনাবৃত করা। কাপড় বা পোশাক ছাড়া বা

বদলানো। কামানো। ক্ষৌর খেউর বা মুণ্ডন করা। আবরণ উন্মোচন করা। ঝোড়া ছাঁটা মুড়ানো বা নেড়া করা। ছোলা। খোসা ছাড়ানো। চাঁছা। খোলস ছাড়া। পাতা পড়া বা ঝড়া। টাক পড়া।

বিণ. নগ্ন উলঙ্গ নেংটা লেংটা নাঙ্গা আদুর আদুল উদলা উদাম অনম্বর দিগম্বর দিগ্বসন। বিবসন অবাসা অবস্ত্র বস্ত্রহীন বিবস্ত্র দিগ্বাস। বিকচ্ছ কাছাখোলা নগ্নক। নগ্নিকা বিবস্ত্রা বিবসনা উঘারী। নগ্নাট ন্যুড। অনাবৃত আগলা আখোলা খোলা নিরাবরণ। নিরাভরণ খালি আলগা। আঢাকা। অসংবৃত। বেআবরু বেপরদা। অনবগুণ্ঠিত। মুণ্ডিত মুড়া নেড়া। খলিত টেকো। শ্মশ্রু,-হীন, - মণ্ডিত। মাকুন্দ। অকঞ্চুক।

ক্রি-বিণ. খালি,আদুর,-গায়ে।

২২৬। পরিবেশ

বি. পরিবেশ প্রতিবেশ পরিগম। পরিমণ্ডল। পরিবৃতি। আবেষ্টন পরিপার্শ্ব চতুষ্পার্শ্ব চার,চারি, -দিক,-ধার,-পাশ। আশপাশ। চৌহদ্দি চতুঃসীমা। আবেষ্টনী পরিবেষ্টনী। পরিধি। সীমান্ত প্রান্ত উপান্ত উপকণ্ঠ শহরতলি। নৈকট্য (১৯৬)। দেশকালপাত্র। আবহাওয়া নিসর্গ প্রকৃতি। প্রকৃতিবিজ্ঞান। পরিবেশ,-তত্ত্ব,-বিজ্ঞান। ইকোলজি। জীবপরিবেশবিদ্যা বায়োনমিক্স।

ক্রি. বেষ্টন আবেষ্টন বা পরিবেষ্টন করা। প্রদক্ষিণ করা। ঘেরা। গণ্ডি দেওয়া। বেড়া দেওয়া। সীমাবদ্ধ হওয়া বা করা (২২৮)। অবরোধ করা। চারিদিক বা চতুষ্পার্শ্ব থেকে ঘেরা।

বিণ. প্রতিবেশ্য চতুষ্পার্শ্বস্থ পারিপার্শ্বিক। পাশাপাশি (১৯৬)। নৈসর্গিক প্রাকৃতিক স্বাভাবিক।

২২৭। মধ্যস্থাপন

বি. মধ্যস্থাপন অন্তঃস্থাপন। মধ্যবর্তিতা অন্তর্বর্তিতা (৬৭)। অন্তর্ভেদ অন্তঃপ্রবেশন প্রক্ষেপণ নিবেশন অন্তর্নিবেশন। হস্তক্ষেপ। অনধিকার,অনাহূত,-প্রবেশ। অনধিকারচর্চা। মধ্যস্থ দালাল ঘটক। মাধ্যম।

ক্রি. মধ্যে আসা থাকা বা রহা। ঢুকানো ঢোকানো। ফুটানো ফোটানো। নাক গলানো।

বিণ. মধ্যস্থ। অন্তঃস্থ। অন্তঃস্থাপিত। অন্তর্নিবেশিত।

২২৮। পরিলিখন

বি. পরিলিখন পরিসীমা পরিবেষ্টন গণ্ডি (২৩১) পরিক্ষেপ ফের ফেরতা। আটক (৭৩৩)। আবরণ আচ্ছাদন ঘেরাও।

ক্রি. সীমা টানা। বেড় বা ঘের বা বেড়া দেওয়া। গণ্ডি টানা। চারিদিক ঘেরা (২২৬)। আটক অবরোধ বা ঘেরাও করা। কয়েদ বন্দী বা অন্তরণ করা। চাপা দেওয়া। কবর দেওয়া। আচ্ছাদন করা (২২৪)।

বিণ. পরিলিখিত। সীমাবদ্ধ। বেষ্টিত। কারারুদ্ধ (৭৩৩)। আবদ্ধ। মগ্ন। সমাহিত।

২২৯। পরিধি

বি. পরিধি বেড় নেমি। চক্রনেমি। পরিসীমা পরিমণ্ডল প্রান্ত ঘের গের্দ গির্দ মুহুরি। পরিণাহ পরিলেখ। পার্শ্বচিত্র রেখাচিত্র নকশা। বন্ধুরতার মানচিত্র। সীমানা চৌহদ্দি। বেলাভূমি। দিগন্ত দিক্‌চক্রবাল। মণ্ডল বলয় মেখলা রাশিচক্র। গণ্ডি (২৩১)। গোলক (২৪৮)।

২৩০। প্রান্ত

বি. প্রান্ত। আল আইল আলবাঁধ। ধার পার কিনারা কানা পার্শ্ব পাশ (২৩৫) সীমা ধারি সীমানা।

মার্জিন বর্ডার সাইড। উপান্ত। অন্ত। আলিসা কার্নিশ ছাঁচ পাড় মগজি সঞ্জাব অঞ্চল আঁচল হাতা। খুঁট। খেই। আস্তিন। চুনট ঝালর। চৌকাঠ। গোবরাট দরজা। তট তটী তড় পাড় তীর কূল উপকূল সৈকত বেলা বেলাভূমি। ডক পাটাতন। উপ,-কণ্ঠ,-নগর। সীমান্ত প্রত্যন্তদেশ।

বিণ. প্রান্তস্থ প্রত্যন্ত। প্রান্তিক প্রান্তীয়। উপান্ত্য উপান্তিক। তীরস্থ তীরবর্তী উপকূলবর্তী কূলস্থিত। সৈকতিক।

অব্য. প্রান্তে ধারে পাশে কিনারায়। একধা এক, -পাশে,-ধারে,-কোণে। দুই,দু,-ধারে। দুই,দু, -পাশে। দোধারী।

২৩১। গণ্ডি

বি. গণ্ডি বেষ্টনী আবেষ্টনী পরিবেষ্টনী। পরিক্ষেপ ঘের। আচ্ছাদন। কোষ (১৮৯)। আবরণী মোড়ক। মেখলা (২২৯)। গোচারণ গোষ্ঠ। গোয়াল। খুল্লা। খোয়াড়। জাল। বেষ্ট বেষ্টন বেড়া টাটি দরমা চাঁচ ঝাঁপ চাটাই রেল রেলিং। জাঙ্গাল আল ভেড়ি বাঁধ ডাইক ড্যাম ব্যারাজ। পগার প্রাকার প্রাচীর দেয়াল। সীমানা কর্ডন। চত্বর এরিনা রিং। দরজা। কারাগার (৭৩৩)। খাল খাত পরিখা গড়খাই ড্রেন প্রণালী পয়ঃপ্রণালী।

২৩২। সীমা

বি. সীমা কাষ্ঠা অবধি হদ্দ হদ্দমুদ্দ পর্যন্ত ইয়ত্তা থই দৌড়। কিনারা প্রান্ত বেলা পার। মাত্রা। দিক। পরিসীমা তায়দাদ। চৌহদ্দি। সরহদ্দ সীমানা। দ্রাঘিমাংশ। অক্ষাংশ। সীমান্ত প্রত্যন্তদেশ। নাগাল মেয়াদ। সীমাবদ্ধতা। অবমমান নিম্ন,শেষ,চরম, -সীমা। উচ্চসীমা সর্বোচ্চমান। চূড়ান্ততা পরাকাষ্ঠা। শেষ অন্ত অবসান। দিগন্ত।

বিণ. সীমিত সীমাবদ্ধ নির্দিষ্ট। সান্ত সসীম পরিমিত। অন্যূন। বৃহত্তম চরম সবচেয়ে বেশি। ক্ষুদ্রতম সবচেয়ে কম অবম।

অব্য. নাগাদ অবধি পর্যন্ত। তক ইস্তক। তাবৎ। যাবৎ।

২৩৩। সম্মুখ

বি. সম্মুখ সমুখ সামনা সামনের দিক সকাশ অভিমুখ সমক্ষ প্রতিমুখ মুখ সদর। পুরঃ পুরঃসীমা। পুরোভূমি। মহড়া অগ্রভাগ। অগ্রদল সামনেরশ্রেণী প্রথমশ্রেণী। সেনামুখ পুরোধা (৬৩)। অগ্র আগা আগ অগ্রগমন (২৭৫) পূর্ব। কপাল ললাট ভাল। মুখমণ্ডল চেহারা। জঘন। মোকাবিলা।

বিণ. সম্মুখবর্তী সম্মুখীন সম্মুখস্থ সামনের অগ্রবর্তী পুরঃসর পূর্ববর্তী।

ক্রি-বিণ. সামনাসামনি মুখোমুখি চোখাচোখি সাক্ষাৎ সরাসরি। সিধা রুজুরুজু। বরাবর সোজাসুজি নাক,-সোজা,-বরাবর সটান। পূর্বে।

অব্য. সম্মুখে সামনে সমীপে অগ্রে আগে পুরোভাগ পুরতঃ প্রাক্।

২৩৪। পশ্চাৎ

বি. পশ্চাৎ পিছন পেছন পিছ পাছ পাছু পিছু পৃষ্ঠ পিঠ। পর অনু। ব্যাক,-সাইড পাছা নিতম্ব শ্রোণি। খিড়কি পেছনদুয়ার। নাছ ছাঁচতলা। কানাচ। মফস্বল। পুচ্ছ লেজ লেজুড় লাঙ্গুল। কর্ণ গলুই। পটভূমি পরিপ্রেক্ষিত পশ্চাদ্ভূমি পশ্চাদনুসরণ ফেউ।

বিণ. পশ্চাদ্বর্তী পিছন পরবর্তী। পিছপা পশ্চাৎপদ।

ক্রি-বিণ. পিছনে পেছনে পাছে পরে। পাছু পিছু। পরেপরে। পাছেপাছে। শেষে।

২৩৫। পার্শ্ব

বি. পার্শ্ব পাশ দিক দিশ দিশা দিশি। কাত প্রান্ত ধার। গাত্র গা। অংশ। কূল পক্ষ তরফ। কপোল গণ্ড গাল। পঞ্জর পাঁজরা। বাজু বাহু। ডানা পাখা পাখনা বগল। দিক্‌যন্ত্র কম্পাস। পূর্ব প্রাচী পূর্বাশা ইস্ট। পূর্বাচল উদয়গিরি উদয়াচল পূর্বাদ্রি। পশ্চিম প্রতীচী ওয়েস্ট। অস্তাচল।

বিণ. পার্শ্ব,-বর্তী,-স্থ। পাশাপাশি। পূর্বী পুবাল পুবালি পুবে পূর্বাশা প্রাচ্য। পাশ্চাত্য প্রতীচ্য পশ্চিমা পশ্চিমে।

২৩৬। প্রতিপার্শ্ব

বি. প্রতিপার্শ্ব প্রতিমুখ। প্রতিপক্ষ বৈপরীত্য বিরোধাভাস। বিরোধালঙ্কার। বিরোধিতা বিরুদ্ধতা মেরুপ্রবণতা বিলোমক্রিয়া (২১৭)। প্রতিপাদস্থান। কুমেরু। সুমেরু। অধঃ। ঊর্ধ্ব। উত্তর উদীচী নর্থ উত্তরাশা। দখিন দক্ষিণ অবাচী সাউথ। উত্তরপূর্ব ঈশানকোণ। দক্ষিণপশ্চিম নৈঋতকোণ। উত্তরপশ্চিম বায়ুকোণ। দক্ষিণপূর্ব অগ্নিকোণ।

বিণ. উত্তুরে উত্তরাস্য উদীচীন উদীচ্য উত্তরদিকস্থ। দক্ষিণ দখিনা দক্ষিণী। বিপরীত উলটা অপর।

ক্রি-বিণ. সামনাসামনি অপরদিকে পক্ষান্তরে। প্রতি।

২৩৭। ডাহিন

বিণ-বি. ডাহিন ডাইন ডান দক্ষিণ বামেতর।

বিণ. দক্ষিণপন্থী ডানহাতি। দক্ষিণাবর্ত।

২৩৮। বাম

বিণ-বি. বাম বাঁ সব্য। বামতট। বামাবর্ত।

বিণ. বামপন্থী দক্ষিণেতর বাঁইয়া বাউনিয়া নেটো ন্যাটা। বাঁহাতি। বামাবর্ত। সব্যসাচী।

২৩৯। আকার

বি. আকার আকৃতি মূর্তি রূপ,অঙ্গ,-রেখা। স্বরূপ। সুরত মুখ চেহারা। আদল ধাঁচ ছাঁদ। ধরন ভোল শেপ আড়া ডৌল ঢপ ঢক। ছাঁচ চিতি কাট ফর্মা। পরিণাহ নক্‌শা পরিলেখ। গঠন গড়ন গড়নপেটন। কাঠামো সংস্থান। সংযুতি (৩৫১)। মৃন্ময়শিল্প। ভাস্কর্য। স্থাপত্য। আকার আঙ্গিক ইঙ্গিত আকৃতি প্রকৃতি আকারপ্রকার ধরনধারণ রকমসকম হাবভাব ভঙ্গিমা ভাবমূর্তি। প্রতীক। ঠাট ঠমক ঢং ছিরি শ্রী সৌষ্ঠব। ঠাম দেহ শরীর অঙ্গ অবয়ব কায়া কলেবর মূর্তি। বিগ্রহ পরিগ্রহ। মেরুদণ্ড শির-দাঁড়া কশেরু কশেরুকা।

ক্রি. আকার দেওয়া। রূপ দেওয়া। মূর্তি গড়া। কাটা চাঁছা ছোলা বা কুঁদা। নক্‌শা করা। মডেল তৈরি করা। ছাঁচে ঢালা। ঢালাইকরা। গঠন বা নির্মাণ করা (৩৫১)।

বিণ. সাকার শরীরী শরীরভাক রূপী মূর্ত মূর্তিমান সাবয়ব। নিয়তাকার। জ্যামিতিক সৃজনী সৃষ্টিধর্মী। বহুরূপী অনন্ত-রূপা,-রূপী বিদ্যাধর। ছন্দরূপী।

২৪০। আকারহীনতা

বি. আকারহীনতা। অঙ্গ,-হানি,-হীনতা। অঙ্গ,বৈকল্য,-বিকৃতি। অসঙ্গতি অসামঞ্জস্য অননুপাত। বিরূপতা। বিকৃতি (২৪২)।

বিণ. আকারহীন নিরাকৃতি। অকায় কায়া,-শূন্য, -হীন দেহ,অবয়ব,মূর্তি,রূপ,-হীন। দেহ,-শূন্য, -বিহীন। অশরীরী বিদেহী বিদেহ নিরবয়ব অনঙ্গ নিরাকার অশরীর নিরাবয়ব অরূপ নিরূপ রূপহীন। অমূর্ত বিমূর্ত অনিয়তাকার। বেডৌল বেঢং বেঢক বেঢপ বেখাপ্পা বেমানান কুগঠন কদাকার বিদঘুটে বিকলাঙ্গ। পঙ্গু। বেঁড়ে। বেঁটে। বাঁকা মচকানো দোমড়ানো তোবড়ানো। অপুষ্ট অপরিণত। কর্কশ অমসৃণ।

২৪১। প্রতিসাম্য

বি. প্রতিসাম্য সুমিতি সম্মিতি সামঞ্জস্য সৌষ্ঠব সুষ্ঠুতা বিন্যাস চারুতা সৌকুমার্য লালিত্য সুষমা সুষমতা (৮৬৭)। অনুপাত সমতা সাম্য সুসাম্য নিয়মিততা। মসৃণতা। দীপ্তি।

বিণ. সুগঠিত সুসমঞ্জস সুষ্ঠু সুচারু সুছাঁদ সুতনু সুডৌল সুসংগত সুবিন্যস্ত মানানসই। নিটোল নিখুঁত। অনাহত অক্ষত। পূর্ণাঙ্গ। সর্বাঙ্গীন। সমাঙ্গ। নিয়তাকার।

২৪২। অঙ্গবিকৃতি

বি. অঙ্গবিকৃতি বিকলাঙ্গতা অঙ্গ,-হানি,-হীনতা বৈকল্য। বিকার বিরূপতা। খুঁত ত্রুটি দোষ। পাক মোচড়। কুঁজ। গিঁট গিরা। আব। ঘাঁটা কড়া। ঘ্যাগ। ক্ষতচিহ্ন আঁচিল ব্রণ। গোদ শ্লীপদ। বলি। ন্যুব্জতা খঞ্জ,-তা,-ত্ব। অন্ধ,-তা,-ত্ব (৪৩৪)। তোতলামি (৫৮৫) কদর্যতা।

বিণ. বিকলাঙ্গ বিকৃত বিকট বিকল। প্রতিবন্ধী খুঁতযুক্ত খুঁতো। অসমাঙ্গ অনিয়তাকার অসংগঠিত। বিদঘুটে। বাঁকা ন্যুব্জ কুব্জ কুঁজো। খাঁদা বোঁচা বুঁচকি বিনস। কুঁকড়ানো কোঁচকানো। চুপসানো তোবড়ানো মোচড়ানো দুমড়ানো। টোল খাওয়া। শিরাল। রোদপোড়া। গন্নাকাটা। ব্যঙ্গ পঙ্গু ঠুঁটা নুলা লেংড়া খোঁড়া খঞ্জ। অন্ধ (৪৩৪)। বধির (৪৪২)। বোবা (৫৮৩)। কালা ঠসা তোতলা। খোনা নাকুয়া। দন্তহীন ফোকলা। টেকো। টেড়া। বিরূপাক্ষ। বেঢপ (৮৬৮)। হীনাঙ্গ। বলিযুক্ত। শিথিল,লোল,-চর্ম।

২৪৩। কৌণিকতা

বি. কৌণিকতা কোণ কোনা অ্যাঙ্গেল কোনাচ। টেড় বাঁক ঝোঁক মোড় ঘোঁজ ঘুঁজি। কনুই হাঁটু জানু জঙ্ঘা জাং। খাঁজ (২৫৬)। ভাঁজ (২৫৭)। সম,সূক্ষ্ম,স্থূল, প্রবৃদ্ধ,সন্নিহিত,একান্তর,-কোণ। কোনাকুনি কুটিলতা (২১৬)। ত্রিভুজ ত্রিকোণ। সমকোণী,সমবাহু,-ত্রিভুজ। বিষমবাহু ত্রিভুজ। সমদ্বিবাহু ত্রিভুজ। অতিভুজ। আয়তন। আয়তক্ষেত্র বর্গক্ষেত্র। বর্গ। চতুষ্কোণক্ষেত্র চতুষ্ক চতুর্ভুজ। বহু,পঞ্চ,ষড়, অষ্ট,নব,দশ,-ভুজ। সামন্তরিক। ত্রিপার্শ্বকাচ। হীরকাকার। ঘন ঘনক কিউব। সমঘন। পিরামিড। ব্যাস। জ্যা। চাপ। চাঁদা মাটাম। কোণের একক (৪৮১)।

বিণ. কৌণিক কোনা কোনাচে কোনাকুনি। টেড়া বাঁকা আঁকাবাঁকা (২১৬)। নত আনত। সমকোণী সমকৌণিক। ত্রিকোণাকৃতি তিনকোনা তেকোনা ত্রিভুজাকৃতি। চৌকোনা চারকোনা চতুষ্কোণ চৌকা চৌপল ক্ষেত্রাকার ক্ষেত্রাকৃতি বর্গাকার বর্গাকৃতি। ঘনাকার ঘনাকৃতি। পঞ্চ,ষড়,সপ্ত,অষ্ট,নব,দশ, -ভুজ। বহুভুজ পলিগন।

২৪৪। বক্ররেখা

বি. বক্ররেখা বক্রতা বক্রিমা (২১৬) বাঁক কুব্জতা ন্যুব্জতা। নতি নমন। মোড় ঘুর টেড় টাল। হেলন। বক্র,সর্পিল,-গতি,পাকদন্ডী। সংসর্প। সর্পিলতা। তরঙ্গায়ণ। কুণ্ডলী(২৪৭)। খিলান তোরণ ধনুক ধনু অর্ধচন্দ্র ফাঁস বঁড়শি অঙ্কুশ হুক নাল মালা অধিবৃত্ত পরাবৃত্ত। নকশা।

বিণ. বক্র বাঁকা (২১৬)। কুটিল কুব্জ ন্যুব্জ উপুড়। তেরছা তির্যক টেড়া তেওড়া আঁকাবাঁকা। সংসর্পী সর্পিল। তরঙ্গায়িত। পেঁচানো পাকানো জড়ানো। জটিল। বৃত্তাকার (২৪৬)। অর্ধচন্দ্রাকৃতি।

২৪৫। সরলরেখা

বি. সরলরেখা সরলতা ঋজু,-তা,-ত্ব অর্জব অবক্রতা। ব্যাসার্ধ। সীতা।

বিণ. সরল ঋজু সোজা সহজ সিধা। একটানা সটান টানটান সমান। অবক্র অক্রুর চোস্ত। লম্ব প্রলম্ব। রৈখিক।

ক্রি–বিণ. সিধে সটান সোজাসুজি। নাকবরাবর।

২৪৬। বৃত্ত

বি. বৃত্ত বৃত্তাকৃতি বৃত্তাভাস গোলাকৃতি (২৪৮)। বলয় বল গোলক কন্দুক মেখলা মণ্ডল মণ্ডলী বলয় চক্র চাকা চাক চক্কর চাকতি হুইল। বেড় পরিধি নেমি চক্রনেমি (২২৯)। কলের,গাড়ীর,–চাকা। সামনের,পিছনের,–চাকা। ফ্লাই হুইল। পুলি কপিকল। কাস্টর হুইল। সাইকেল। রিম টায়ার টিউব। স্পোক। অর। চাকার পাখি। হাব। বস। অক্ষ ঈষ ধুরা ধুর অক্ষদণ্ড। সারকিট বেল্ট অঙ্গুরী অঙ্গুরীয় আংটি রিং মালা ঘুনসি চুড়ি হার। বিড়ে। কুলালচক্র। অলাতচক্র। উপবৃত্ত উপবৃত্ততা ওভাল ইলিপস অধিবৃত্ত প্যারাবোলা। অর্ধবৃত্ত। ব্যাস। ব্যাসার্ধ। জ্যা। চাপ। কক্ষ।

বিণ. বৃত্তাকার চক্রাকার চাকাওয়ালা গোলাকার (২৪৮)।

২৪৭। কুণ্ডলী

বি. কুণ্ডলী কুণ্ডল। ব্যাবর্তন ব্যাবৃত্তি বিবৃত্তি। তরঙ্গায়ণ। পাক চক্র মোচড় পেঁচ স্প্রিং কুঁকড়িসুকড়ি ঘুর ফের ঘুরপাক ঘূর্ণি ঘূর্ণিপাক। গোলকধাঁধা। সর্প সাপ কেঁচো। নুটি।

বিণ. সংবর্তিত কুণ্ডলী সর্পিল তরঙ্গায়িত ঘুরানোফেরানো মোচড়ানো পাকানো পেঁচানো জড়ানো জটানো। চাঁচর কুঞ্চিত কোঁকড়া। ঘূর্ণমান ঘূর্ণায়মান আবর্তমান ঘূর্ণিত আবর্তিত। পরাবৃত্ত বিবৃত্ত।

২৪৮। গোলক

বি. গোলক গোলা। মণ্ডল কন্দুক গোলা নাটা ভাঁটা বাঁটুল মার্বেল বল গ্লোব গোল্লা বটিকা বটী বড়ি বড়া পিল গুলি গুলিকা গুটি গুটিকা পিণ্ড মুণ্ড কুণ্ড। অণ্ড ডিম্ব। মণ্ডল বর্তুল বলয় মেখলা। ঢোল পিপা বেলনা স্তম্ভ।

বিণ. গোল গোলাকার গোলাকৃতি সুগোল গোলালো গোলগাল টোপা মণ্ডলাকার বৃত্তাকার (২৪৬) চক্রাকার বর্তুলাকার বলয়াকার নিস্তল পিণ্ডাকৃতি ডিম্বাকৃতি অণ্ডাকৃতি ডিম্বাকার অণ্ডাকার। উপবৃত্তাকার ওভাল।

২৪৯। উত্তলতা

বি. উত্তলতা। উন্নতি উত্থান উত্তোলন। অভিক্ষেপ। বর্ধন বাড়তি বাড় চাড়া উদ্‌গম স্ফীতি ফাঁপ উৎসারণ। উপবৃদ্ধি কুঁজ আঁব কন্দ গেঁড়া গাঁট ব্রণ আঁচিল ফোড়া ফোসকা ফুসকুড়ি মাথা। ধনুক ধনু। শিরা পঞ্জর পাঁজর। স্কন্ধ কাঁধ। স্তন কুচ বোঁটা বুক। দাঁত দন্ত চিবুক থুতনি থোপনা। নাক নাসিকা নাসা। উদর পেট ভুঁড়ি। ঝুঁটি। খিলান। বলভি। গম্বুজ। বন্ধুরতা। বন্ধুরতার মানচিত্র। ভাস্কর্য। পাহাড় পর্বত টিলা মালভূমি অন্তরীপ শৈলান্তরীপ। আঁটি পিণ্ড গাঁইট গাঁটারি।

বিণ. উত্তল কনভেক্‌স উন্নত উত্তোলিত উত্থিত উৎসারিত উৎক্ষিপ্ত অভিক্ষিপ্ত। উত্তাল বর্ধিত স্ফীত ফাঁপা উঁচু খাড়া টিকালো। নাদাপেটা ফাঁদালো। দন্তুর দাঁতাল।

২৫০। সমপৃষ্ঠতা

বি. সমপৃষ্ঠতা। মসৃণতা (২৫৪)। তল সমতল সমভূমি সমতলভূমি সমানজায়গা প্লেইন অধিত্যকা উপত্যকা ভৃগু। চর। থাক স্তর পট্ট পটি পাত ফলক।

ক্রি. সমান লেভেল চৌরস বা ইস্তিরি করা। দুরস্ত করা। মই দেওয়া। চেপটানো। থেবড়ানো।
বিণ. সমপৃষ্ঠ সমতল সমান অবন্ধুর। চেপটা চেপটানো থেবড়া চেপ্টাল চিৎ সটান। চোস্ত চৌরস চোপট। নির্ভাঁজ ভাঁজহীন নিপাট। অকুঞ্চিত। দুরস্ত চিক্কণ মসৃণ(২৫৪)। চিঁড়েচেপ্টা।

২৫১। অবতলতা

বি. অবতলতা। নিম্নতা ঝোঁক ঢাল উতরাই টোল। মৌচাক। খনন উৎখনন বিলিখন খোঁড়া। খনি আকর খাদ গিরি,-কন্দর,-গুহা,-দরী। গিরি, সংকট,-সুড়ঙ্গ। পরিখা গড়খাই। উপসাগর খাঁড়ি। বাটি পেয়ালা গামলা পাত্র (১৮৯)। কোটর। উপত্যকা তরাই অধিত্যকা অববাহিকা। গহ্বর গুহা গুফা গুম্ফা কন্দর কুহর খদ খন্দ খানা খানাখন্দ খোঁড়ল খোন্দল গর্ত খাত রন্ধ্র ছিদ্র বিবর ফোকর তল্ল ফাঁক ফাটল (১৯৭)। খনিত্র খন্তা গাঁইতি গাঁতি শাবল খুরপা কোদাল বেলচা দাউলি। খনক বেলদার।
ক্রি. খনন করা। খোঁড়া। গর্ত করা। মাটি কাটা। ছিদ্র বা ফুটা করা। ফুটানো।
বিণ. অবতল কনকেভ। খাত উৎখনিত। নিখাত খনিত। নিম্ন নতোদর। খাঁদা বোঁচা। ছেঁদালো। ফুটো। খন্য খননীয়। উৎকীর্ণ ক্ষোদিত সমুৎকীর্ণ।

২৫২। তীক্ষ্ণতা

বি. তীক্ষ্ণ,-তা,-ত্ব তৈক্ষ্ণ্য প্রখরতা প্রাখর্য ধার পান। শান নিকষ। কষ্টিপাথর। বালি কাগজ খোঁচ খোঁচা ফলা ফলক সুচ সূচী সূচ্যগ্র সূচিকা শলা শলাকা পিন আলপিন সেফটিপিন নিব। দন্ত দাঁত দংষ্ট্র,-া গজদন্ত। হুল আল। নখ নখর। কণ্টক কাঁটা। চিরুনি কাঁকই। দাড়ি। শজারু। শুয়োর। শীর্ষ শৃঙ্গ খোঁজ কোণ। পিরামিড। ক্ষুর রেজার সেফটিরেজার। ছুরি ছোরা চাকু খঞ্জর ভোজালি বাটালি বটি খড়্গ খাঁড়া কুঠার কুড়াল তবল গাঁতি কাস্তে দা দাওলি কাতারি কাটারি কাতি কাতান কাঁচি তরবারি তীর বাণ শর শায়ক (৭৭১)। নরুন তুরপুন বেধনী (২৫৮)। ফাইল রেত উকো। শান শানপাথর শানওয়ালা গ্রাইন্ডার গ্রাইন্ডিং-স্টোন।
ক্রি. ধার দেওয়া। শানানো। পানানো। তীক্ষ্ণ করা। মাঞ্জা দেওয়া।
বিণ. তীক্ষ্ণ সুতীক্ষ্ণ সূক্ষ্ম ধার সুধার ধারালো ধারী খর প্রখর। খর,-ধার,-শান। ক্ষুরধার শাণিত নিশিত চোখা চোখাল সুচালো কুশাগ্র সূক্ষ্মাগ্র খোঁচাল টিকালো খাড়া কৌণিক কণ্টকিত সকণ্টক সূচীবিদ্ধ। দাঁতাল দংষ্ট্রাল দংষ্ট্রী।

২৫৩। ভোঁতা

বি. ভোঁতা স্থূলতা অতীক্ষ্ণতা।
বিণ. ভোঁতা অতীক্ষ্ণ ধারহীন অসূক্ষ্ম থোঁতা থ্যাবড়া। মোটা স্থূল।

২৫৪। মসৃণতা

বি. মসৃণতা চিক্কণতা পিচ্ছিলতা পেলবতা কোমলতা স্নিগ্ধতা। সমপৃষ্ঠতা (২৫০)। অঘর্ষণ। রেশম মখমল ভেলভেট মসলিন। পালিশ বার্নিশ। প্রলেপ বার্নিশ। তেল তার্পিন গর্জনতেল। তক্ষণ রেঁদা বাইস খরাদ কুঁদ রেতি উকা। সিরিশকাগজ কাচকাগজ বালিকাগজ।
ক্রি. মসৃণ করা। চাঁছা। ছোলা। পালিশ করা। ইস্তিরি করা। চানকান করা। শান দেওয়া। তেল দেওয়া। তেলানো।

বিণ. মসৃণ চিক্কণ চিকন সুচিক্কণ চোস্ত মিহি। সমপৃষ্ঠ (২৫০)। মোলায়েম কোমল পেলব স্নিগ্ধ মেদুর তেলা তেলতেলে পিচ্ছিল পিছল হড়হড়ে। চকচকে। টানটান। নিকষিত।

২৫৫। কর্কশতা

বি. কর্কশতা কার্কশ্য রুক্ষতা রৌক্ষ্য অমসৃণতা বন্ধুরতা অসমতা। রোম লোম রোমাবলী রোঁয়া। কেশ চুল চিকুর কুন্তল বাবরি। শ্মশ্রু নূর দাড়ি ছাগলাদাড়ি। মোচ গোঁফ গুম্ফ জুলফি। মাদুর। চালা। পালক রোঁয়া আঁশ। কঙ্কর কাঁকর। দানা। কণ্টক গিঁট।

বিণ. কর্কশ রুক্ষ। অমসৃণ খসখসে। বন্ধুর অসম অসমান উঁচুনিচু নতোন্নত উচ্চাবচ। এবড়োথেবড়ো। গিঁটালো লোমশ রোমশ। কণ্টকাকীর্ণ। আঁশালো। আছোলা। মোটা। গুঁফো।

২৫৬। খাঁজ

বি. খাঁজ খোঁচ চিড় ফাট ফাঁক। টোল গর্ত। করাত। দাঁত। দেওয়ালের খাঁজ। কপালের খাঁজ।

ক্রি. খাঁজ পড়া। খাঁজ কাটা। খাঁজে খাঁজে আটকানো।

বিণ. খাঁজকাটা। দাঁতাল দন্তুর।

ক্রি-বিণ. খাঁজেখাঁজে।

২৫৭। ভাঁজ

বি. ভাঁজ তা পাট। প্রস্ত। স্তর (২০৩) থর থাক পরত তবক আস্তরণ পরদা পলি প্রলেপ। পল শির শিরা। বাঁক মোচড় জোর গিঁট কনুই খাঁজ কুঞ্চন ঢেউ পতপতানি। বলি বলিরেখা। ত্রিবলি। সীতা হলরেখা। সিঁথি সীমন্ত। টেড়ি। পথরেখা। পদরেখা পদাঙ্ক। দগড়া। কষরেখা।

ক্রি. ভাঁজ করা বা হওয়া। মোড়ানো। দুমড়ানো দোমড়ানো। মুচড়ানো। মোচড়ানো। পাকানো। বাঁকানো। প্যাঁচানো। কোঁচানো। গিলে করা। তা দেওয়া। চুমরানো। চুপসানো। মচকানো। সিটকানো। চেপটানো। চেপটে যাওয়া।

বিণ. ভাঁজযুক্ত ভঙ্গিল ভাঁজপড়া ভাঁজভাঙ্গা লাট,পাট,-ভাঙা। দুমড়ানো মোড়া। ঢেউ,-কাটা, -তোলা খাঁজকাটা। পলতোলা। শিরতোলা। করোগেটেড। গিলাকরা কুচানো কুঞ্চিত। সীতাযুক্ত।

ক্রি-বিণ. ভাঁজে ভাঁজে। পরতে পরতে। থরে থরে। থরেবিথরে।

২৫৮। উন্মুক্ততা

বি. উন্মুক্ততা। রন্ধ্র ফাঁক ফাটল। চির চিড় ফাট বিদার বিদারণ। খোলাভাব নগ্নতা (২২৫)। উন্মোচন উদ্ঘাটন অপাবরণ মোচন। নিষ্কোষণ। স্ফোটন প্রস্ফুটন। ব্যাদান জৃম্ভণ হাই। খদ (১৯৭)। মুখ গলা গলদেশ। ঘুলঘুলি গবাক্ষ জানালা বাতায়ন আওয়াজি ঝরোকা। দ্বার দুয়ার দরজা গেট ফটক দেউড়ি গোপুর তোরণ সিংহদ্বার। খিড়কি। পথ রাস্তা (৬৩৫)। গলি লেন। খাঁড়ি। নল চোঙ টিউব পাইপ নালা (৩৯০)। বায়ুনল (৩৯৫)। চিমনি ধূমাঘর। সুড়ঙ্গ খনি খাদ (২৫১)। অন্ধিসন্ধি। ছিদ্র ছেঁদা ফুটা সুরুক ফোকর ফুকর কোটর বিবর বিঁধ বেধ ফোঁড়। জাল জালি জাফরি ঝাঁপ। ছাঁকনি চালুনি ঝাঁঝরি ছানতা। চাবিকাঠি কুঞ্চিকা ছোড়ান। চিচিং ফাঁক। বেধন বেধনী বেধনিকা বেধনযন্ত্র শলাকা সীবনী সুচ সূচী সূচিকা ভোমর তুরপুন কুঁদ আল কাঁটা ড্রিল। স্ফোটনী। বেধনাস্ত্র: ভল্ল বর্শা বল্লম সড়কি (৭৭১)।

ক্রি. উন্মুক্ত বা মুক্ত করা। খোলা। ফাটা। ফাটানো। বিদীর্ণ বা বিদারণ করা। ফাড়া। চিরা। চেলানো। ছেঁড়া। বেঁধানো। ছেঁদানো। ফোঁড়া।

ফাঁসা। ছেদন করা। খনন করা। খোঁড়া। ছোলা। ছাড়ানো। খোসা চামড়া বা ছাল ছাড়ানো। কুঁদা। বেঁধা। ছেঁদা ফুটা বা ছিদ্র করা।

বিণ. উন্মুক্ত মুক্ত খোলা। ফাঁকা খোলামেলা। আগলা আলগা। খোলসা। আঢাকা। অমুদিত। অবারিত। অবদ্ধ। অসংবৃত। মুক্তদ্বার। অনর্গল অর্গলহীন। উন্মোচিত উদ্‌ঘাটিত মোচিত। পর্দাহীন। নিষ্কোষিত কোষমুক্ত। স্ফুট। ফুটা। ফাটা। কাটা। চেরা। চীর্ণ দীর্ণ বিদীর্ণ ফুটিফাটা। বিদারিত। ছেঁড়া। ফাড়া। বিযুক্ত বিচ্ছিন্ন ছিন্নভিন্ন। ফর্দা ফর্দাফাঁই। ঝাঁঝরা ফোঁপরা। ছিদ্রিত সছিদ্র। ছিদ্র,-যুক্ত,-ময়। বিদ্ধ আবিদ্ধ। উৎকীর্ণ।

২৫৯। রুদ্ধতা

বি. রুদ্ধতা রুদ্ধকরণ রোধন বন্ধকরণ। সংকোচন মীল মীলন নিমীলন মুদন বোজা। আটক অবরোধ সংরোধ নিরোধ নিরোধন। আবৃতকরণ। তালা কুলুপ চাবি কুঞ্জি কুঞ্জিকা। কপাট পাল্লা অর্গল আগল হুড়কো তশলা ঝাঁপ শাটার। রোলিং শাটার। দরজা জানালা গেট ফটক দেউড়ি। খিল হুড়কা ছিটকানি। ব্যাঙ। হাঁসকল। আল তারাফ। কড়া আংটা। স্ক্রু পেরেক কীলক নাট বল্টু রিভেট। শিকল শৃঙ্খল বেড়ি নিগড়। দেয়াল প্রাচীর পাঁচিল প্রাকার বেড়া। কাঁটাতারের বেড়া। কানাগলি। আঠা গঁদ। সিল। বন্ধনী ব্র্যাকেট। ছিপি মুখ মুখটি কর্ক শোলা গুঁজি। ঢাকনি ক্যাপ।

ক্রি. রুদ্ধ বা বন্ধ করা। ভেজানো। লাগানো। আঁটা। আটকানো। সাঁটানো। বোজানো। মুদা মোদা। ঢাকা। রোখা। কীলক পেরেক বা বল্টু মারা। ছিটকানি অর্গল খিল বা হুড়কা দেওয়া। টোকা টাঁকা বা সিলাই করা। বোজা। ভরাট করা। ঠাসানো। মুখ বন্ধ করা। ছিপি দেওয়া। গুঁজি দেওয়া বা মারা। ছাপা। চাপা।

বিণ. রুদ্ধ বন্ধ বদ্ধ অবরুদ্ধ। বারিত নিমীলিত মুদ্রিত মীলিত মুদিত সংবৃত বোজা। সংকুচিত আধবোজা। সংরুদ্ধ নিরুদ্ধ নদ্ধ আবদ্ধ। আখোলা। আবৃত। নিশ্ছিদ্র ছিদ্রহীন জমাট গহন গহীন। জল,-রোধক,-নিরোধক। জলাভেদ্য। বায়ু,-রোধক,-নিরোধক। বাতাভেদ্য। আটক ধৃত গ্রেপ্তার পাকড়াও। অভেদ্য। ছিপিআঁটা। কুলুপআঁটা। রোধক রোধকারী নিরোধক।

২৬০। গতি

বি. গতি সৃতি ঋতি। গমন চলন নড়ন টলন বিচলন সঞ্চলন চরণ সঞ্চরণ বিচরণ নড়নচড়ন আন্দোলন সঞ্চার সঞ্চারণ সঞ্চালন চালনা নাড়নচাড়ন। উড্ডয়ন সন্তরণ সাঁতার। অয়ন অক্ষবিচলন। সংক্রম সংক্রাম সংক্রমণ ক্রান্তি। প্রসর প্রসরণ পরিচলন। পরিক্রমণ। স্পন্দন দোলন (৩১২)। জঙ্গম,-তা,-ত্ব। অস্থিতি অস্থবিরতা। গতি,-ময়তা,-ময়ত্ব,-শীলতা। সচলতা। গম্যতা গমনশীলতা। চলিষ্ণুতা চলমানতা চলনশীলতা চলনীয়তা। চলনধর্ম। গৎ তাল হ্যাপা। স্যন্দ স্রোত প্রবহ প্রবাহ বেগ রয় তোড় দমক ধাক্কা ছাট হেঁচকা ঝামটা ঝাঁকানি। গতিবেগ। স্পিড। ভেলোসিটি (২৬৯)। প্রগতি অগ্রগতি। গতি,চলৎ,-শক্তি তরস। কদম পদক্ষেপ গমন ক্রমণ হন্টন যাত্রা। গতিপথ (২৭৩) ভ্রমণ পরিভ্রমণ স্থানান্তরণ (২৬৪)। দৌড় ঝাঁপ দৌড়াদৌড়ি ধাবন ধাওয়া। চুলবুলানি অস্থিরতা (১৪৭)। গতি,-বিদ্যা,-বিজ্ঞান। ডিনামিক্স।

ক্রি. চলা। নড়া। নড়াচড়া করা। বহা। ধাওয়া। ছুটা। দৌড়ানো। হাঁটা। ভ্রমণ করা(২৬২)। চরা।

চরে বেড়ানো। লক্ষ্যভ্রষ্ট হওয়া (২৭৪)। চালানো। সঞ্চালন করা। নড়াচড়া করা। আন্দোলন করা। ছোঁড়া ফেলা বা নিক্ষেপ করা (২৭৯)।

বিণ. গতিশীল চলৎ চলন্ত চলিষ্ণু চরিষ্ণু চলমান চলতি চলিত চালু সচল চলনশীল সঞ্চরণশীল বিচরণশীল গমনশীল ভ্রাম্যমাণ ঘূর্ণমান। বহমান। উড্ডীন উড়তি উড্ডীয়মান। গতীয়। জঙ্গম অস্থাবর। চঞ্চল চপল অস্থির (১৪৭)। অস্থিত। গতি,-ময়,-যুক্ত। বেগবান (২৬৯)। সঞ্চরমাণ। ঋত সঞ্চারিত সঞ্চলিত। যাযাবর (২৬২)। বিক্ষিপ্ত (২৭৪)। চলনক্ষম। চলিতব্য। চলনযোগ্য। সঞ্চারযোগ্য। বিচরণীয়। গতিসংক্রান্ত।

অব্য. ফুড়ুক ফাড়ুক। সরসর সুরসুর। সট সড়াৎ সড়াক। তড়াক। বোঁ ছুট। গুড়গুড়। চলার বিচিত্র ছবি: খটখট ঘটঘট খুটখুট খুরখুর খুটুস খুটুস গুটগুট ঘটরঘটর ট্যাঙসট্যাঙস থপ থপ থপাস থপাস।

২৬১। গতিহীনতা

বি. নিশ্চলতা নিশ্চলত্ব অচলত্ব অচলতা। গতি, -হীনতা,-শূন্যতা,-রাহিত্য। স্থিরতা স্থিরত্ব স্থৈর্য অসাড়তা অবিচলতা। অচঞ্চলতা অচঞ্চলত্ব অচাঞ্চল্য। স্থিতি স্থিতিশীলতা। স্তব্ধতা। স্থাণুত্ব। অনড়তা অনড়ত্ব। অটলতা অটলত্ব। থিতি। আবদ্ধতা। স্থিরভাব। শান্তি প্রশান্তি শান্ততা। অবসর অবকাশ বিরাম ছেদ বিরতি (১৪০)। গতিরোধ। জড়তা জড়ত্ব জাড্য। নিষ্ক্রিয়তা নিদ্রা (৬৮৬)। স্থিতাবস্থা অচলাবস্থা। পূর্ণচ্ছেদ। রোখ। ঘর। বিছানা। বন্দর পোতাশ্রয় লক্ষ্য গন্তব্যস্থান শেষসীমা। স্থিতিবিদ্যা। স্ট্যাটিক্স।

ক্রি. স্থির শান্ত বা নিশ্চল থাকা। গতি সংবরণ করা। থামা। রোখা। বাঁধা। থেমে যাওয়া। টাল সামলোনো। দাঁড়ানো। চুপ থাকা। গট গ্যাঁট গুম ভোঁ বা বুঁদ হয়ে থাকা। বিরত বা নিবৃত্ত হওয়া। বন্ধ হওয়া বা করা। থমকানো। থিতানো। থিতু হওয়া। থিতিয়ে পড়া। না চলা। ব্রেক করা। টাল সামলানো। রোখা। বাঁধা শুয়ে থাকা। নিদ্রা যাওয়া। নিঃশ্বাস ফেলা। অবসর নেওয়া। বিশ্রাম করা। লক্ষ্যে পৌঁছানো। বন্দরে ভেড়া। নোঙর ফেলা। পৌঁছানো।

বিণ. নিশ্চল অচল গতিহীন স্থির গতি,-রুদ্ধ, -রহিত,-শূন্য নিস্পন্দ অস্পন্দ অগ নগ অগম জড় অগতি নিথর থমথমে স্তব্ধ নিস্তব্ধ নিস্তরঙ্গ অচঞ্চল। অটল রহিত। রুদ্ধ। অচর অনড় স্থাবর স্থাণু। অচলিষ্ণু অচরিষ্ণু সুস্থিত। স্থবির। অচপল বিনিশ্চল। বদ্ধ আবদ্ধ। স্তব্ধগতি গতিহারা। স্রোতহীন। অক্ষরণশীল। রুদ্ধ,-গতি,-বেগ। থিতু স্থিতীয়। স্থায়ী। স্থেয়। স্তিমিত অবিচলিত মগ্ন শান্ত প্রশান্ত। থিতু। অকম্প্র নিষ্কম্প নিষ্কম্প্র অকম্পিত নিবাত। ঘরকুনো। নিদ্রিত (৬৮৬)। চিত্রার্পিত।

ক্রি-বিণ. ঠায়। নটনড়নচড়ন। গ্যাঁট। বুঁদ। ভোঁ।

২৬২। ভ্রমণ

বি. ভ্রমণ সফর গস্ত বিহার বিহরণ। পরিভ্রমণ পরিব্রাজন পর্যটন। পরিক্রমা ক্রমণ পরিক্রমণ প্রদক্ষিণ তোয়াফ। পরিব্রজ্যা তীর্থযাত্রা জিয়ারত। যাত্রা যাওয়া গমন। চলন। অভিযান অভিযাত্রা। প্রদক্ষিণ। আউটিং। দেশভ্রমণ। এক্সকারশন। বিশ্ব,-ভ্রমণ,-পর্যটন,-পরিক্রমা,-বিহার। ভূ, -পর্যটন,-পরিক্রমা,-প্রদক্ষিণ। পৃথিবীভ্রমণ। প্রাতঃ,সান্ধ্য,নৈশ,-ভ্রমণ। মর্নিংওয়াক। পদ, -যাত্রা,-চালনা। পদচারণ পায়চারি পদক্ষেপ। হাঁটাহাঁটি ঘোরাফেরা দৌড়াদৌড়ি ছুটাছুটি ঘূর্ণন। নড়াচড়া চলাফেরা চলাচল গমাগম গমনাগমন

যাতায়াত গতায়াত গতাগতি আসাযাওয়া যাওয়াআসা আনাগোনা ঘোরাঘুরি। টহল। বিচরণ অভিসার যাত্রা আরোহণ অশ্বারোহণ। পর্বতারোহণ মাউন্টেনিয়ারিং। পর্বতাভিযান। সমুদ্রাভিযান। মেরুঅভিযান। প্রমোদ,আনন্দ,-ভ্রমণ। বায়ু,মুক্তবায়ু,-সেবন। ভ্রমণবিলাস। মধু,-চন্দ্রিমা,-চন্দ্রিকা হানিমুন। জল,-নৌ,-বিহার। জল,-নৌ,-যাত্রা। শোভাযাত্রা মিছিল কুচকাওয়াজ প্যারেড। শবযাত্রা। ভবঘুরেমি যাযাবরত্ব যাযাবরবৃত্তি বাউণ্ডুলেপনা। টোটো কোম্পানী। অবতরণ। দেশত্যাগ প্রবাসন। পরদেশবাস অভিবাসন। পথ। পথপঞ্জি। পথপ্রদর্শক গাইড। পাথেয়। পথের সম্বল। পথখরচা রাহাখরচ। পান্থশালা। টুরিজ্‌ম। পর্যটন,-শিল্প,-সংস্থা। তরণ উত্তরণ নিস্তরণ পার পারাপার পারগমন খেয়াপারাপার পাড়ি। উড্ডয়ন। বিমান,বেলুন,-যাত্রা। আকাশ,ব্যোম,-যাত্রা। সমুদ্রযাত্রা। মহাকাশযাত্রা। আড্ডা স্টেশন টার্মিন্যাল। ঘাট পারঘাটা খেয়া। বন্দর। বিমানবন্দর এয়ারপোর্ট। ভ্রমণেচ্ছা বিহারেচ্ছা বিজিহীর্ষা। স্বপ্নচারিতা। ভ্রমণ,সফর, পরিভ্রমণ,-কারী। পরিব্রাজক। ট্যুরিস্ট। যাত্রী যাত্রিক অভিযাত্রী। স্বপ্নচারী। পরিভ্রমণ,প্রদক্ষিণ,-কারী। যাতায়াতকারী। পর্যটক। প্যাসেঞ্জার। ভূ,বিশ্ব,-পর্যটক। ভূপর্যটনকারী। গ্লোবট্রটার বিশ্ববিহারী। অভিসারিকা অভিসারিণী অভিসারী। বিচরণকারী। পথিক পথচারী পান্থ পন্থী রাহি। মুসাফির। চড়নদার। অভিযাত্রিক দুঃসাহসিক। অবনীচর। আরোহী সওয়ার। পোতারোহী। পর্বতারোহী। তীর্থযাত্রী। জিয়ারতি। হাজি। ব্যোম,মহাশূন্য,-যাত্রী। বিমানযাত্রী। দূরযাত্রী দূরগামী। দূরের যাত্রী। সমুদ্রাভিযাত্রী। মহাকাশ অভিযাত্রী। কসমোনট। পর্বত অভিযাত্রী। মাউন্টেনিয়ার। ভবঘুরে বাউণ্ডুলে। যাযাবর। দেশত্যাগী প্রবাসী বিদেশী অভিবাসী। শরণার্থী রিফুজি। পলাতক। পথচারী পদাতিক। অশ্বারোহী ঘোড়সওয়ার। জকি। শিকারী। যূথচারী। বেদে বেদুইন। কাফেলা। চালক (২৬৩)। বাহক (২৬৪)। আওয়ারা। টোটো কোম্পানির ম্যানেজার।

ক্রি. ভ্রমণ করা। বেড়ানো। ঘুরে বেড়ানো। ঘোরা। বিহার করা। সফর করা। বাইরে যাওয়া। দেশ বেড়ানো। পরিভ্রমণ বা পরিক্রমা করা। চরা। হাওয়া খাওয়া। হাওয়া বদল করা। চেঞ্জে যাওয়া। বায়ু পরিবর্তন করা। অভিসারে যাওয়া। পাড়া বেড়ানো। ঘুরঘুর করা। যাত্রা বা গমন করা। যাওয়া। চলা। নড়া। হাঁটা। ঘোরাফেরা বা চলাফেরা করা। হাঁটাচলা করা। পা ফেলা। পার হওয়া। তরা। পাড়ি জমানো। ওঠা। উঠা। ওড়া। উড়া। দৌড়া। ঘোড়ায় চড়া। নৌকায় বা বিমানে ওঠা। সাঁতরানো।

বিণ. ভ্রাম্যমাণ ঘূর্ণায়মান। ভ্রমণ,-রত,-শীল। সফররত। গতিশীল চলমান চলিষ্ণু। পরিযায়ী। প্রচরণশীল। ভ্রমণক্লান্ত পথশ্রান্ত। ভ্রমণ,-বিলাসী,-রসিক,-প্রিয়। পা বাড়িয়েই আছে। ভ্রাম্য পরিক্রমণীয় পরিক্রম্য।

২৬৩। চালনা

বি. চালনা চালন। হাঁকানো তাড়ানো। ভাসানো। উড়ানো। সারথ্য। পরিচালনা (৭২০) নিয়ন্ত্রণ কন্ট্রোল। নৌ,-চালন,-চালনা,-পরিচালনা। বিমান,-চালন,-চালনা,-পরিচালনা। লাগাম বলগা রাশ। হাল কর্ণ। রাডার। হাতল হ্যান্ডেল। স্টিয়ারিং হুইল। নিয়ন্ত্রণকক্ষ। কন্ট্রোলরুম। চালক। পরিচালক।

গাড়োয়ান রথী সারথি সহিস কোচম্যান কোচোয়ান। ঠেলাওয়ালা। জকি মাহুত। ড্রাইভার শোফার কন্ডাক্টর। বাস,-চালক,-ড্রাইভার। ট্যাক্সি,-চালক,-ড্রাইভার। গার্ড।

নাবিক নেয়ে নাইয়া কর্ণধার কাণ্ডারী মাঝি মাল্লা মাঝিমাল্লা দাঁড়ী হালী পাটনি খেয়ামাঝি। সুকানি সারেং মালিম নাখুদা কাপ্তান মাস্টার খালাসি লশকর জাহাজি। আড়কাঠি। ঘাটোয়াল। পোতাধ্যক্ষ।

বৈমানিক পাইলট নেভিগেটর বিমানচালক নিয়ন্ত্রক কন্ট্রোলার। বিমান,-বালা,-সেবিকা।

ক্রি. চালানো। চালু করা। সচল করা। হাঁকানো। ড্রাইভ করা। থামানো। গাড়ি চালানো বা হাঁকানো। ঘোড়া ছুটানো। বাগে বা বশে রাখা। রাশটানা। আয়ত্তে রাখা। হাতি চালানো। নৌকা চালানো বাওয়া বা বহা। দাঁড় টানা বা মারা। দাঁড় বা বৈঠা বাওয়া। হাল ধরা। পাল তোলা। বাদাম উঠানো। লগি ঠেলা। নৌকা ভাসানো। নৌকা বাঁধা। নৌকা ভিড়ানো। নোঙর করা। পাড়ি দেওয়া। সাঁতার দেওয়া। উড়া ওড়া। উঠা ওঠা। ডানা মেলা।

বিণ. চালিত পরিচালিত নিয়ন্ত্রিত। যানবাহন -সংক্রান্ত। নৌকাচালনাসংক্রান্ত। নৌঘটিত নৌসম্বন্ধীয়। নৌবাহ্য নাব্য। বিমান সম্পর্কিত। বিমান চালনা সংক্রান্ত।

২৬৪। স্থানান্তরণ

বি. স্থানান্তরণ অপসারণ। অপসরণ হটানো নড়ানো সরানো দূরীকরণ (২৯২)। প্রেরণ প্রেষণ। সঞ্চার সংক্রমণ। পরিবহণ। চালান। পাচার। পাঠান। স্থানচ্যুতি (১৮৩)। পাত্রান্তর পক্ষান্তর অবস্থান্তর ভাষান্তর। হস্তান্তর (৭৮৪)। নির্বাসিন দ্বীপান্তর কালাপানি। পলাতকসমর্পণ। পরিবৃত্তি। আনা। নেওয়া আনয়ন প্রত্যানয়ন। আমদানি ইমপোর্ট। রপ্তানি এক্সপোর্ট। বহন সংবহন। সংগ্রহ। ব্যপনয়ন। জলাঞ্জলি বিসর্জন। কক্ষপথ। স্থল,জল,বিমান,-পথ। ঘাট ফেরী খেয়া গুদারা পারাপার খেয়াপাড় পাড় জাহাজঘাটা বন্দর বিমানবন্দর। বোঝাই চালান। মাল মোট ভার লাগেজ ব্যাগেজ পার্সেল। মাল,জিনিস,-পত্র। মালামাল মোটঘাট লটবহর বোঝা। কাঁধেরবোঝা অংসভার। কপিকল পুলি চেইনপুলি। জ্যাক স্ক্রুজ্যাক। হাইড্রলিক লিফট। ক্রেন। বাঁক বাঙ্গী। বাহক মুটে মুটিয়া কুলি পোর্টার মুনিশ মজুর মিস্তি কামিন। কাহার দুলিয়া বেহারা বাঙ্গীদার। তল্পি, -দার,-বাহক। পিয়াদা বেয়ারা বরদার আরদালি চাপরাসি। হুকুমবরদার। মোটবাহক। ঝাঁকা মুটে। প্রেরক প্রেষক। পাইক। আসাবরদার। মশালচী। আনয়নকারী। বহনকারী। পত্রবাহক। ডাকমেল। পিওন ডাকপিওন হরকরা ডাকহরকরা ডাককবুতর। ভারবাহী পশু: গরু মহিষ ঘোড়া খচ্চর টাট্টু পোনি গাধা হাতি উট লামা হরিণ। যানবাহন (২৬৫)। জাহাজ (২৬৬)। পৌরাণিক বাহন: শিব--ষাঁড়। কার্তিক--ময়ূর। লক্ষ্মী—পেঁচা। দুর্গা—সিংহ। গণেশ—ইঁদুর। সরস্বতী--রাজহাঁস। নারায়ণ—গরুড়। নারদ--ঢেঁকি। ইন্দ্র—মেষ হাতি। ষষ্ঠী—বিড়াল। শীতলা—গাধা। বিশ্বকর্মা—হাতি। যম—মহিষ।

ক্রি. স্থানান্তর করা। সরানো হটানো বা নড়ানো। ঠাঁই নাড়া। ঠাঁই বদল করা। সরিয়ে রাখা। জায়গাবদল করা। পাঠানো। চালান দেওয়া। পাচার করা। আমদানি বা রপ্তানি করা। আনা। নেওয়া। নিয়ে আসা বা যাওয়া। ফিরিয়ে আনা। বওয়া। পার করা। তরানো। হিচড়ানো। হেঁচড়ে বা ঘষটে নিয়ে যাওয়া। বয়ে নিয়ে যাওয়া। ঠেলা। ধাক্কা। ঠেলা বা ধাক্কা মারা। টানা। ফেলা। ফেলে দেওয়া। জাহাজে রেলে বিমানে বা ডাকে পাঠানো।

বিণ. স্থানান্তরিত স্থানচ্যুত ব্যপনীত। অপসারিত অপসৃত দূরীকৃত দূরীভূত বিদূরিত। আনীত নীত উপনীত প্রত্যানীত। বাহিত পরিবাহিত। আমদানিকৃত। রপ্তানিকৃত চালানি। প্রেরিত প্রেষিত। অপসারণীয় দূরীকরণীয় প্রেরণীয় পরিবহণীয়। স্থানান্তর,হস্তান্তর,-যোগ্য। সম্প্রদেয়। অস্থাবর। বহনীয় বহনযোগ্য সুবহ। সংক্রামক ছোঁয়াচে।

২৬৫। যান

বি. যান বাহন পরিযান পরিবহণ প্রবহণ। যানবাহন। সড়ক পরিবহণ। রোড ট্রান্সপোর্ট। ট্র্যাফিক। সড়কদ্বীপ। গাড়ি শকট রথ শকটিকা। চক্র,দ্বিচক্র,-যান। গোরুরগাড়ি ঘোড়ারগাড়ি অশ্ব,-যান,-শকট টাঙ্গা কেরাঞ্চি এক্কা,ছেকড়া, জুড়ি,-গাড়ি। ফিটন হ্যাকনিক্যারেজ টমটম কোচ। পালঙ্ক ডুলি ডোলা দোলা চতুর্দোলা পালকি। মাহাফা। শিবিকা তাঞ্জাম। কলের গাড়ি। বাষ্পযান। স্থলযান। জলযান (২৬৬)। আকাশযান (২৬৭)। মোটর,-যান,-গাড়ি,-কার। অটোমোবাইল। বাস ট্রাক লরি ট্রেলার ট্রাক্টর টেম্পো ট্যাক্সি ভ্যান জিপ। হাওয়াগাড়ি। মিনিবাস। ডাবলডেকার। পিকআপ ভ্যান। স্টেশনওয়াগন। স্ট্রেচার। অ্যাম্বুলেন্স। সাইকেল বাইসাইকেল বাইক। মোটর,-সাইকেল,-বাইক স্কুটার মোপেড রিকশা। সাইকেল,টানা,-রিকশা। অটো,-রিকশা। ট্রাই সাইকেল। ঠেলা,-গাড়ি। রেলগাড়ি রেল ট্রেন। পাতাল রেল। মেল,এক্সপ্রেস,লোকাল,-ট্রেন। মালগাড়ি গুডসট্রেন। যাত্রীবাহী বা প্যাসেঞ্জার ট্রেন। ডাকগাড়ি। ট্রলি। বগি। ওয়াগন। ব্রেকভ্যান। কামরা কম্পার্টমেন্ট কোচ কুপে বাঙ্ক বার্থ। টিউব,পাতাল, ভূগর্ভ,-রেল। মেট্রো। লোকোমোটিভ। রেলইঞ্জিন। বাষ্পীয়, স্টিম, ডিজেল,ইলেকট্রিক,ডিজেলইলেকট্রিক,-ইঞ্জিন। স্টেশন রেলস্টেশন। প্ল্যাটফর্ম। ওভারব্রীজ। রেললাইন লাইন। স্লিপার। ফিসপ্লেট। বাস, -স্টপ,-স্ট্যাণ্ড,-স্টেশন। বাস-টার্মিনাল। ট্রাম, -গাড়ী। ট্রামলাইন।

বিণ. যান্য। যানী। শকট।

২৬৬। জলযান

বি. জলযান। জাহাজ পোত। বহিত্র নৌ নৌকা তরী তরণী তারণি কিস্তি তরিত্র বুহিত। ডোঙ্গা ডিঙ্গি ডিঙ্গা ভেলা উড়ুপ শালতি দ্রোণি সাম্পান মাছুয়া বালাম। গহনার নৌকা। ভড় ভাউলিয়া মান্দাস। সুলুপ ছিপ পানসি বজরা চীনাজাঙ্ক ডাউ গন্ডোলা। পানি,-ত্রাস,-তরাস। খেয়া গুদারা। খেয়া,-নৌকা,-তরী। বোট লঞ্চ জাহাজ স্টিমার। জালি,গাদা,গাধা,-বোট। ফ্ল্যাট। টাগ। নৌবহর। বাষ্পীয় পোত। সমুদ্র,-যান,-জাহাজ। অর্ণব, -পোত,-যান। সিন্ধুরথ। ট্যাঙ্কার। মানোয়ার। অয়েলট্যাঙ্কার। প্যাসেঞ্জার-লাইনার। কার্গোশিপ। হোভারক্রাফট।

দাঁড় বৈঠা হাল কর্ণ কাণ্ডার লগি মাস্তুল পাল বাদাম। গলুই পাটাতন গুণ। মাঝি মাল্লা মাঝিমাল্লা দাঁড়ী হালী নেয়ে নাইয়া কাণ্ডার কাণ্ডারি কর্ণধার কর্ণক। নৌ,-বাহক,-জীবিক। নৌকা,-বাহক, -চালক,-জীবী। নৌকাযাত্রী। নৌকারোহী পোতারোহী। খেয়া,পার,তর,-ঘাট। পারঘাটা। পারানি। পাটনি। খেয়ামাঝি। ঘাটবাবু ঘাটোয়াল। বন্দর পোতাশ্রয় পোর্ট। নদীবন্দর। ডক ড্রাইডক। জাহাজঘাটা। স্টিমারঘাট। নাবিক সারেং সুকানি ক্যাপ্টেন নাখুদা খালাসি লশকর। নৌকা,-ভ্রমণ, -বিহার,-বিলাস। নৌবিদ্যা। নৌসারণী। নৌপরিমাপক।

ক্রি. নৌকা চালানো। দাঁড় টানা বা বাওয়া। নৌকা বেয়ে যাওয়া। তরী বেয়ে চলা। গুণ টানা। পারাপার করা। লঞ্চ বা স্টিমার বা জাহাজ চালানো। নৌকা বাঁধা বা ভিড়ানো। নোঙর করা।

বিণ. জাহাজি। নৌসম্বন্ধীয় নৌসংক্রান্ত। সামুদ্রিক।

২৬৭। আকাশযান

বি. আকাশযান। অন্তরীক্ষ,ব্যোম,-যান। বায়ুযান। দিব্যরথ। বিমান প্লেন অ্যারোপ্লেন উড়োজাহাজ। খপোত বিমানপোত। হাউইজাহাজ। জেপলিন। জেট। বেলুন হাউই। গ্লাইডার। উভচরবিমান। হেলিকপ্টার। মহাকাশযান। (২৬৮)। বিমানবন্দর। এয়ারপোর্ট এরোড্রোম এয়ারফিল্ড। রানওয়ে। হেলিপ্যাড। প্যারাসুট। বৈমানিক (২৬৩)। বিমানবিদ্যা। বায়ুগতিবিদ্যা।

বিণ. বিমান,-সম্বন্ধীয়,-সম্পর্কিত,-সংক্রান্ত। বিমানচালনা,-সংক্রান্ত। বিমানবিদ্যাসম্বন্ধীয়।

২৬৮। মহাকাশযান

বি. মহাকাশযান। যাত্রীসহ,যাত্রীবিহীন, -মহাকাশযান। উৎক্ষেপণযান রকেট। বহুস্তরবিশিষ্ট রকেট। জেট প্রপালশন পুরশ্চালন। মহাকাশ,-যাত্রা,-অভিযান,-বিজয়। মহাকাশ -অভিযাত্রী কসমোনট। মহাকাশচারী অ্যাস্ট্রনট। মহাকাশ,-বিজ্ঞান,-বিদ্যা। কসমোলজি। মহাকাশ-প্রযুক্তিবিদ্যা। স্পুটনিক। কৃত্রিম উপগ্রহ স্পেসশাটল। স্পেসস্টেশন। স্কাইল্যাব আকাশপরীক্ষাগার। মাধ্যাকর্ষণশক্তি। মুক্তিবেগ এস্কেপভেলোসিটি। বৃত্তাকারগতি সার্কুলারভেলোসিটি। ভরশূন্যতা। মহাজাগতিক রশ্মি কসমিক রে। মহাজাগতিক বিকিরণ। রকেট জ্বালানি: তরল,-অক্সিজেন,-হাইড্রোজেন, -নাইট্রোজেন,-টেট্রোক্সাইড। রেট্রোরকেট গাইরোস্কোপ। সৌরকোষ। রাসায়নিক ব্যাটারি। পারমাণবিক শক্তি। ভূনিয়ন্ত্রণ কেন্দ্র। ইলেকট্রনিক যোগাযোগব্যবস্থা। অতিসুবেদী রেডার। কম্পিউটার যন্ত্রগণক। অপটিক্যাল-রেডিও। ট্র্যাকিং সিস্টেম।

২৬৯। বেগ

বি. বেগ দ্রুততা দ্রুতি গতি পাল্লা। দ্রুত,মহা, -বেগ। দ্রুত,ক্ষিপ্র,নক্ষত্র,-গতি। বিদ্যুদ্বেগ। তড়িৎগতি। গতিবেগ। স্পিড। ভেলোসিটি। সত্বরতা। ক্ষিপ্রতা ত্বরা তৎপরতা ত্বরায়ণ ত্বরণ সক্রিয়তা (৬৮২)। শীঘ্রতা (৬৮৪)। শীঘ্র,ত্বরিত,ত্বরা,দ্রুত,-গমন। ত্বরিত,রুদ্ধশ্বাস, -গতি। তোড় চোট স্রোত স্যন্দ প্রসর গমন দৌড় ধাবন লাফ ছুট তাড়া। দমকা ঝাপটা। ঝাঁকুনি নাড়া। ছাট ছিটা। চাপ কোপ ধাক্কা ধমক হুড়। ছুটাছুটি হুটোপটি তাড়াহুড়ো হুড়োহুড়ি। পদক্ষেপ। আসকন্দি কদম প্লুত দুলকি।

ক্রি. বেগে চলা। দৌড়ানো। ছুটা ছোটা। পা চালানো। জোরে চলা বা হাঁটা। পায়ে পাখা বাঁধা। ওড়া। উড়া। ধাওয়া। লাফানো। তাড়াতাড়ি করা। তাড়া দেওয়া। তৎপর হওয়া। পাল বা বাদাম তোলা। নড়ানো। ঝাঁকানো। ঝেঁকে ওঠা।

বিণ. বেগবান বেগী বেগার্ত বেগিত তরস্বান ত্বরিত সবেগ। ধাবমান ধাবক ধাবনরত ধাবিত। বেগ, -যুক্ত,-বন্ত,-শীল। দ্রুত দ্রুত,-গামী,-ধাবিত। ক্ষিপ্র,পবন,-গামী। উর্ধ্বশ্বাস বেদম। দমকা ঝড়ো। ক্ষিপ্র শীঘ্র। খর। অবশাব্দিক ইনফ্রাসনিক। অতিশাব্দিক সুপারসনিক।

ক্রি.বিণ. বেগে সবেগে দ্রুতবেগে জোরে জোরসে তরতরিয়ে। হনহনিয়ে জোড়কদমে। লঘু,-পদে, -পায়ে। এক,-দৌড়ে,-ছুটে। ধাঁ বা সাঁই করে।

অব্য. ধু ধু শোঁ শোঁ। হনহন হুড়হুড় হুড়মুড় সুড়ুৎ গপাৎ সপাসপ সনসন সুড়সুড় সুটসুট। ধড়মড় ধাঁই।

২৭০। মন্থরতা

বি. মন্থরতা ধীরতা মন্দ,-তা,-ত্ব। মান্দ্য থমক মাতাল গজগমন গদাইলস্করিচাল। অতিসর্পণ রিঙ্খণ রিঙ্গণ হামাগুড়ি জানুগতি। গাধাবোট। শৈথিল্য সঞ্চরণ বিসর্পণ থমক বিলম্বিতা দীর্ঘসূত্রতা গড়িমসি ঢিলেমি। মন্দন মন্দা হ্রাসপ্রাপ্তি। লঘুত্ব মৃদুতা। মন্দাক্রান্তা।

ক্রি. গতি কমা বা মন্থর হওয়া। ধীরে বা আস্তে চলা। পা টানা। হাঁটি হাঁটি পা ফেলা। হামাগুড়ি দেওয়া। হামা দেওয়া। বুকে হাঁটা। গুঁড়ি মারা। গুঁড়িশুঁড়িমারা। লেপটে চলা। ছেঁচড়ে চলা। ছেঁচড়ানো। হেঁচড়ানো। হোঁচট খাওয়া। থামা। মিয়ানো। থিতানো। থিতিয়ে পড়া। সময় নেওয়া বা নষ্ট করা। ঢিল দেওয়া। ঢিলেমি করা।

বিণ. মন্থর মন্দ ধীর। মন্দীভূত প্রশমিত। মৃদুমন্দ মৃদু মৃদুল। রিঙ্গিত। স্তিমিত। গতিহীন রুদ্ধগতি। ঢিমে তেতালা। টিপিস টিপিস। ঢিলা ঢিমা অলস শিথিল। শ্লথ বিলম্বী (১৩১)। নিষ্ক্রিয় (৬৮৩)।

ক্রি-বিণ. লঘু,-পদে,-পায়ে। ধীর,-গমনে,-পায়ে। শ্লথ,-পদে,-চরণে,-গতিতে। স্খলিতপদে। অলসপায়ে। একপা দুপা করে। গুটি-গুটিপা-পা। পায়েপায়ে সন্তর্পণে নিঃশব্দে। শনৈঃ শনৈঃ ক্রমেক্রমে ধীরেধীরে। ধীরেসুস্থে। রইয়ে সইয়ে রয়ে সয়ে। আস্তে আস্তে। রইয়ে সইয়ে।

২৭১। ঘাত

বি. ঘাত আবেগ ভরবেগ ধাক্কা তাড়া হুঁড়া গুঁতা টুঁ ঠেলা বেগ। গর্জন। বিস্ফোরণ (১৭১)। উৎক্ষেপ প্রক্ষেপ (২৭৯)। সংঘাত প্রতিঘাত অভিঘাত পরিঘাত পরিঘাতন সংঘর্ষ সংঘট্ট ঠোকাঠুকি। আঘাত নির্ঘাত জখম চোট বাড়ি প্রহার মার পিটানো। তাড়না। ঠোকন ঠুকন। গাদন ঠাসন প্যাঁদানি। কলিশন ঘাতবল। ঝাপ্টা। চড় চাপড় থাপ্পড় চপেটাঘাত থাবা। ঠোকর। ছোবল ছোঁ। আঁচড় চিমটি। দংশন কামড়। খোঁচা খামচা খামচি খাবল। লাথি চাঁট চাঁটি ঘা ঘাই। কিল ঘুষি। কোপ চোপ চোট। কর্তন ছেদন কাটন কুট্টন। মর্দন দলন ডলন। পদদলন। টোকা টুসকি ঠোনা। রগড়ানি পেষণ টেপা টিপুনি। বলবিদ্যা(৩৩৮)। গতিবিদ্যা।

ক্রি. আঘাত ধাক্কা তাড়না বা প্রেরণা দেওয়া। ধাক্কাধাক্কি বা ঠোকাঠুকি করা। ছুঁড়া। ছোঁড়া। নিক্ষেপ বা প্রক্ষেপ করা (২৭৯)। প্রহার করা। মারা। পিটা পেটা পিটানো। রদ্দা মারা। লম্বা করা। দলা। ডলা। পেষা। চাপড় থাপ্পড় কিল ঘুষি থাবা খোঁচা খাবলা লাথি কোপ চোপ চোট বা ঘা মারা। ঠোকা ঠুকরানো ঠোকরানো। থেঁতলানো। পাড়ানো মাড়ানো। গুঁতানো। লাগানো। ঢুসানো। চোপানো। থাবানো। ছোবলানো। চাপড়ানো। খামচানো। আঁচড়ানো। খাবলানো। ছড়া। ছড়ে যাওয়া। ছাল ওঠা।

বিণ. আঘাতপ্রাপ্ত। ক্ষতবিক্ষত। হত আহত জখম ঘায়েল। দলিত পদদলিত মর্দিত পিষ্ট। দলন,মর্দন,-কারী।

ক্রি-বিণ. সজোরে। সবেগে।

২৭২। প্রতিক্রিয়া

বি. প্রতিক্রিয়া। প্রতিঘাত প্রত্যাঘাত পাল্টাআক্রমণ। বুমেরাং। প্রতিরোধ। প্রতিবর্ত। প্রতিপ্রবাহ। প্রত্যাগতি পরাবৃত্তি প্রত্যাবৃত্তি প্রতিক্ষেপ সংকোচন আকুঞ্চন স্থিতিস্থাপকতা

(৩৪৭)। অনুরণন প্রতিধ্বনি। প্রত্যাহার। প্রতিগমন প্রত্যাবর্তন। বিকর্ষণ ব্যাহৃতি। প্রত্যাকর্ষণ সংহৃতি।

ক্রি. ফিরে আসা। সটকানো ঠিকরানো চমকানো কুঁকড়ানো বা গুটানো।

বিণ. প্রতিক্রিয়াশীল প্রত্যাগত পরাগত প্রত্যাবৃত্ত কুঞ্চিত আকুঞ্চিত। সংকুচিত। প্রত্যাহৃত। প্রতিগামী। ঘাতসহ।

২৭৩। গতিপথ

বি. গতিপথ চলন,চলার,-পথ। কক্ষ,-পথ পরিভ্রমণপথ অরবিট সঞ্চারপথ লোকাস। গতিবিধি ক্রম ধারা প্রবাহ অনুবাহ প্রবণতা (১৭৪)। ধ্রুবতারা। কম্পাস। দিক। লক্ষ্য নিশানা সই তাক তাগ টিপ টাঁপ। চাঁদমারি। লক্ষ্যস্থল কিবলা। রেখা লাইন পথ সারি। পিঁপড়ার সারি। বলাকা।

বিণ. গন্তব্য। সোজা সিধা একটানা। সঠিক নির্ভুল।

ক্রি-বিণ. নাক-বরাবর। বরাবর।

২৭৪। বিপথ

বি. বিপথ উৎপথ। অ,কু,মন্দ,-পথ। অসৎপথ দুষ্পথ। চোরাপথ। দুর্বর্ত্ম। অমার্গ ভুল,-পথ, -রাস্তা। বেরাস্তা। ঘুরপথ। ব্যত্যয় ব্যতিক্রম। বিচ্যুতি। বিক্ষেপ অপসৃতি। সংসর্প। ঘুর ঘুরপাক। গোলকধাঁধা। দিগ,-ভ্রম,-ভ্রান্তি। বিপথ,-চারিতা, -গামিতা কুপথগামিতা।

ক্রি. বিপথে যাওয়া। পথ হারানো। পথ ছাড়া। অন্যপথ ধরা। ঘুরানো ফেরানো। মোচড় খাওয়া। সরে পড়া। লক্ষ্য দিক বা দিশে হারানো। লক্ষ্যভ্রষ্ট বা লক্ষ্যচ্যুত হওয়া।

বিণ. পথ,-ভোলা,-ভ্রষ্ট,-হারা,-ভ্রান্ত। বিপথগামী বিপথচারী। কুপথগামী। বিপথগত ভ্রান্ত লক্ষ্যহারা দিশেহারা দিগভ্রান্ত। প্রক্ষিপ্ত বিচ্ছিন্ন বিচ্যুত ভ্রষ্ট লক্ষ্য,-ভ্রষ্ট,-চ্যুত। আঁকাবাঁকা এলোমেলো সর্পিল ঘোরা ঘোরালো। বাঁকা বক্র তির্যক। কক্ষ,-চ্যুত, -ভ্রষ্ট।

২৭৫। অগ্রগমন

বি. অগ্রগমন অগ্রসরণ। অগ্র,পুরো,সম্মুখ,-যাত্রা। সম্মুখ,পুরো,-গমন। অগ্র,সম্মুখ,-গতি। অগ্রসরতা। নেতৃত্ব পূর্ববর্তিত্ব পূর্ববর্তিতা। প্রাধান্য। সম্মুখ (২৩৩)। অগ্র আগা পূর্ব। পথিকৃৎ পথপ্রদর্শক দিশারী। নেতা (৬৩)।

ক্রি. অগ্রগমন করা। আগে পূর্বে সম্মুখে বা সামনে যাওয়া। এগিয়ে চলা। এগুনো। আগেভাগে যাওয়া। আগবাড়ানো। আগে বাড়া। অগ্রসর হওয়া। নেতৃত্ব দেওয়া। প্রাধান্য পাওয়া।

বিণ. অগ্রগমনকারী আগুয়ান অগ্রসর পুরঃসর পুরোবর্তী অগ্রবর্তী অগ্র,সম্মুখ,পুরো,পূর্ব-গামী। পুরো,-গ,-ধা,-যাত্রী।

ক্রি-বিণ. সামনে সম্মুখে প্রথমে সবার আগে। অগ্র,পুরো,-যায়ী। অগ্র,পুরো,-গতি। অগ্র,সম্মুখ,-স্থ। অগ্রস্থিত। সম্মুখের সামনের।

২৭৬। অনুসরণ

বি. অনুসরণ অনুসার অনুগমন। অনু,-গম, -ক্রমণ,-ব্রজ,-ব্রজন। অনুবর্তন। অভিসরণ। পরিচর অভিসার। ধাবন অবধাবন অভিধাবন। পশ্চাদ্ধাবন। পশ্চাদ্‌গমন পশ্চাদনুসরণ। অনু, -সার,-সৃতি,-বৃত্তি,-গতি,-যাত্রা,-ধাবন,-বর্তিতা। আনুগত্য। পশ্চাদ্‌গামিতা। পদানুসরণ পদাঙ্ক -অনুসরণ। অনুসারী অনুচর সঙ্গী,-সাথী সহচর সাঙ্গোপাঙ্গো। সহগমন সহগামী। উপগ্রহ। উপসর্গ। ছায়া। ফেউ। গড্ডলিকাপ্রবাহ।

ক্রি. অনুসরণ বা অনুগমন করা। পিছনে পিছনে যাওয়া। লেজ ধরা। পিছন বা পিছু নেওয়া বা

লাগা। ফলো করা। ধাওয়া। তাড়া। ধেয়ে যাওয়া। দাবড়ানো। তেড়ে যাওয়া। পিছানো। পিছনে পড়া।
বিণ. অনুসৃত অনুসারিত অনুগত অনুবর্তিত অনুবৃত। ধাবিত অবধাবিত পশ্চাদ্ধাবিত। তাড়িত। অনুসারী অনুযায়ী। পদাঙ্ক-অনুসারী। পদানুসারী। অনু,-গম্য,-গমনীয়। অনুম্রিয়মান। অনুসরণকারী অনুসারক অনু,-গ,-গমনকারী,-গামী,-যাত্রী, যাত্রিক,-পদী,-ব্রজী। অনু,-যাত,-যাত্র। অভিসর সংজাত সংযাত। অনুবর্তী পদানুবর্তী পদানুসরণকারী পদাঙ্কচারী। পশ্চাদ্‌গামী। পশ্চাদ্‌বর্তী।
ক্রি-বিণ. অনুসারে পশ্চাতে পিছে পিছেপিছে পিছনে পিছনপিছন পিছনেপিছনে পায়েপায়ে। পরে শেষে।

২৭৭। অগ্রগতি

বি. অগ্রগতি সম্মুখগতি অগ্রসরণ অগ্রসরতা (২৭৫)। প্রগতি প্রগতিশীল। উন্নতি সমৃদ্ধি (৭০৩)।
ক্রি. এগিয়ে যাওয়া। আগে বাড়া। অগ্রসর হওয়া। আগানো। উপরে উঠা। উন্নতি করা।
বিণ. অগ্রগতি,-শীল,-মূলক। প্রগতি,-শীল, মূলক। আধুনিক। প্রগতিপন্থী। বামপন্থী।

২৭৮। পশ্চাদ্‌গতি

বি. পশ্চাদ্‌গতি পশ্চাদ্‌গমন। প্রত্যাবৃত্তি প্রত্যাবর্তন সমাবর্তন প্রতীপগতি প্রত্যাগতি বিপরীত,-গমন, গতি। পশ্চাদ্‌মুখিতা। পশ্চাদপসরণ। দে ছুট। উলটা দৌড়। পুনরাবর্তন। বিনিবর্তন। অবনতি পতন (৬৭০)। পুনঃপতন (৬৭২)। ভাটা মন্দা হ্রাস। প্রতিক্রিয়া।
ক্রি. ফিরে যাওয়া বা আসা। পশ্চাদপসরণ করা। পিছানো। পিছিয়ে আসা। পিছপা হওয়া। পিছনে ফেরা। হটে আসা। পিছু হটা। গুটানো। সটকানো। পালানো। লম্বা দেওয়া। হাল ছাড়া। হেরে যাওয়া (৭০২) রণে ভঙ্গ দেওয়া। উলটা দৌড় দেওয়া। ক্ষান্ত দেওয়া। ক্ষান্তি দেওয়া। ঘরে ফেরা। পিছিয়ে পড়া। ভাটা পড়া।
বিণ. প্রতীপ বিপ্রতীপ পশ্চাদ্‌গামী পশ্চাদ্‌মুখী। প্রতিপ্রবহমান। উলটা। প্রাচীনপন্থী প্রতিক্রিয়াশীল। পশ্চাৎপদ পশ্চাদ্‌বর্তী। প্রত্যাবৃত্ত (২৮২)।

২৭৯। নিক্ষেপ

বি. নিক্ষেপ নিক্ষেপণ প্রক্ষেপ প্রক্ষেপণ বিক্ষেপ বিক্ষেপণ। ক্ষেপ ক্ষেপণ আক্ষেপ আক্ষেপণ অভিক্ষেপ অভিক্ষেপণ। আছাড় আছড়া। পাছাড় উৎক্ষেপ উৎক্ষেপণ ঊর্ধ্বক্ষেপ ঊর্ধ্বক্ষেপণ। উৎপ্রাস উৎপ্রাসন। অবক্ষেপ অবক্ষেপণ অধঃক্ষেপণ পাতন নিপাতন। উদ্‌গার উদ্‌গীরণ উগরণ উদ্বমন বমন। বর্ষণ। সেচন সিঞ্চন উৎসেচন। শর,গোলা,বর্শা,-নিক্ষেপ। শরক্ষেপণ। ছিটা ঝাপটা।
ক্রি. নিক্ষেপ করা। ছোঁড়া। ছুঁড়ে দেওয়া বা মারা। ছাড়া। দাগা। দাগানো। ফেলা। ঢালা। ঢেলে ফেলা বা দেওয়া। আছড়ানো। পাছড়ানো। আছড়ে ফেলা। তুলে আছাড় দেওয়া। থুবড়ানো। পটকানো। ধরাশায়ী করা। ছড়ানো। ছিটানো। উদ্‌গার বমন বা বমি করা। ভূপাতিত করা। নামানো। ঢিল মারা বা ছোঁড়া। তীর বা বর্শা ছোঁড়া। ছড়ানো ছিটানো। ইতস্তত ছড়ানো।
বিণ. নিক্ষিপ্ত নিক্ষেপিত আক্ষিপ্ত বিক্ষিপ্ত বিক্ষেপিত প্রক্ষিপ্ত ক্ষিপ্ত সন্ন্যস্ত পরিক্ষিপ্ত। ক্ষিপ্যমাণ। উৎক্ষিপ্ত উৎক্ষেপিত ঊর্ধ্বক্ষিপ্ত। উদগীর্ণ। অবক্ষিপ্ত অধঃক্ষিপ্ত অধঃকৃত। পতিত ভূপাতিত ধরাশায়ী। বর্ষিত। সিঞ্চিত। উৎসিক্ত।

ক্ষেপণীয় নিক্ষেপণীয় প্রক্ষেপণীয় উৎক্ষেপণীয়। নিক্ষেপক নিক্ষেপকারী। ক্ষেপক ক্ষেপণকারী। প্রক্ষেপক প্রক্ষেপকারী। উৎক্ষেপক।

২৮০। টানা

বি. টানা টান আকর্ষণ হেঁচকা খিঁচ খেঁচকা ঝিঁকা গুণ। আঁকশি।

ক্রি. টানা। হেঁচড়ানো। ছেঁচড়ানো। ঘষটানো। হিড়হিড় করে টানা। খেঁচা। হেঁচকা টানা। গুণ টানা। পিছু টানা। গুটিয়ে ফেলা। গুটিয়ে নেওয়া। গুটানো। জড়ানো। তোলা। কাড়া।

অব্য. হেঁইও।

২৮১। অভিগমন

বি. অভিগমন সন্নিকর্ষ আয়ত্তি। আগমন উদয় আবির্ভাব। অনুধাবন পশ্চাদ্‌ধাবন। শিকার। প্রত্যুদ্গমন।

ক্রি. অভিগমন করা। সমীপবর্তী নিকটবর্তী বা আসন্ন হওয়া। এগিয়ে যাওয়া।

বিণ. সন্নিকট নিকটবর্তী সমীপবর্তী আসন্ন।

২৮২। প্রত্যাগমন

বি. প্রত্যাগমন। প্রত্যাবৃত্তি পরাবর্ত পরাবর্তন পরাবৃত্তি প্রত্যাবর্তন প্রত্যাহার। পশ্চাদপসরণ পশ্চাদ্‌গতি (২৭৮)। প্রস্থান (২৮৮) পলায়ন।

ক্রি. ফিরে আসা। পিছু হটা। হটা। হটে আসা। লেজ গুটানো। ঘরে ফেরা। সঙ্কুচিত হওয়া। সটকানো। সরা। প্রস্থান করা (২৮৮) পালানো। পিঠটান দেওয়া।

বিণ. প্রত্যাগত প্রত্যাবৃত্ত আবৃত্ত সমাবৃত্ত প্রত্যাহৃত।

২৮৩। আকর্ষণ

বি. আকর্ষণ আকর্ষ। সংকর্ষণ সমাকর্ষণ প্রতিকর্ষ প্রকর্ষণ টান। অভিকর্ষ মহাকর্ষ। মাধ্যাকর্ষণ আকর্ষণীশক্তি আকর্ষণীয়তা ধ্রুবতারা। চুম্বক। মোহ। জাদু টোনা। টোপ প্রলোভন। প্রবণতা (১৭৪)। ভালোবাসা (৮৯৩)।

ক্রি. আকর্ষণ করা। টানা। পিছুটান। মোহিত হওয়া বা করা। জাদু বা টোনা করা। ভুলানো। প্রলোভিত করা।

বিণ. আকর্ষণী আকর্ষণীয় আকর্ষক। মোহনীয় সম্মোহনী মোহিনী। লোভনীয়। আকৃষ্ট আকর্ষিত সমাকৃষ্ট। কর্ষী আকর্ষী সমাকর্ষী আকৃষ্যমাণ। অভিকেন্দ্র কেন্দ্রাভিগ।

২৮৪। বিকর্ষণ

বি. বিকর্ষণ বিপ্রকর্ষ বিপ্রকর্ষণ ঠেলন বিতাড়ন ব্যাহতি বিরুদ্ধতা (৭৬০)। বিকেন্দ্রণ বিকেন্দ্রীকরণ।

ক্রি. বিকর্ষণ করা। ঠেলে দেওয়া। ধাক্কা দেওয়া। ধাক্কা মারা। ধাক্কানো। দূরে সরানো। তাড়ানো। দূর করা। ঘুচানো। খেদানো। ভাগানো। হটানো। বিদায় করা। দেখতে না পারা। সইতে না পারা। গায়ে জ্বর আসা। গায়ে ঝাঁটা মারা।

বিণ. বিকর্ষী বিপ্রকৃষ্ট। বীভৎস। বিকর্ষক বিকর্ষণকারী। কেন্দ্রাতিগ অপকেন্দ্র। বহির্মুখী।

২৮৫। অভিসৃতি

বি. অভিসৃতি অভিসার। সংগম মোহনা। সংঘটন সম্মিলন সমাবেশ (৭০)। সমকেন্দ্রিকতা কেন্দ্রীভবন কেন্দ্র (২২১)।

ক্রি. অভিসার করা। অভিসারে যাওয়া। একই দিকে যাওয়া মিলিত বা সম্মিলিত হওয়া। সমকেন্দ্রীভূত হওয়া। কেন্দ্রীভূত হওয়া।

বিণ. অভিসারী সম্মিলিত। সহাবস্থিত অনুষঙ্গী। কেন্দ্রাভিগ। অভিকেন্দ্র। কেন্দ্রীভূত।

২৮৬। অপসৃতি

বি. অপসৃতি। বিকেন্দ্রণ পৃথকীকরণ আলাদাকরণ। বিকিরণ বিচ্ছুরণ। বিক্ষেপ বিচ্যুতি (২৭৪)। উৎকেন্দ্রতা শাখা প্রশাখা।

ক্রি. অপসৃত হওয়া। শাখা প্রশাখায় ভাগ হওয়া। পৃথক বা আলাদা বা বিচ্ছিন্ন হওয়া। ছড়িয়ে পড়া (৭১)।

বিণ. অপসারী। অরীয়। কেন্দ্রাতিগ। অপকেন্দ্র। উৎকেন্দ্রিক অপসিয়মাণ। অপসৃত।

২৮৭। আগমন

বি. আগমন আসা। আবির্ভাব। উদয় অভ্যুদয়। আগম সমাগম। উপগম উপগমন। উপনয় উপনয়ন সম্প্রাপ্তি। উপস্থিতি পৌঁছানো। অবতরণ। পদার্পণ। পদক্ষেপ প্রবেশ (২৮৯)। অভিগমন (২৮১)। প্রত্যাগমন (২৮২)। গন্তব্যস্থান লক্ষ্য। ঘাট বন্দর পোর্ট স্টেশন টারমিন্যাল। ঘর ডেরা মঞ্জিল ঠিকানা আস্তানা। সাক্ষাৎ মুলাকাত মোকাবিলা। পুনর্মিলন পুনরাগমন পুনরাবির্ভাব। প্রত্যাবর্তন পুনঃপ্রবেশ। ভিসা। আমদানি।

ক্রি. আগমন করা। আসা। আবির্ভাব বা উদয় হওয়া। হাজির বা উপস্থিত হওয়া। পৌঁছানো। পদার্পণ করা। পায়ের ধুলা দেওয়া। দেখা দেওয়া। ছায়া বা ধার মাড়ানো। হঠাৎ আসা। হড়মুড় করে এসে পড়া। ভিড়া। লাগা। ঠেকা। নামা। অবতরণ করা। নোঙর ফেলা।

বিণ. আগত সমাগত উপনীত। সম্প্রাপ্ত। সমবেত। উদিত সমুদিত। আবির্ভূত। আগন্তুক। অভ্যাগত। প্রত্যাগত আগতপ্রায়। আগমনীয় আসন্ন সমাসন্ন। আগমন,সমাগম,-কারী। দূরাগত নবাগত সদ্যাগত।

ক্রি-বিণ. এখানে।

২৮৮। প্রস্থান

বি. প্রস্থান প্রয়াণ গমন যাত্রা যাওয়া। সৃতি প্রসৃতি। রওয়ানা রওনা। গাত্রোত্থান। স্থানত্যাগ। বহির্গমন। নিষ্ক্রমণ। জিগমিষা যাওয়ার ইচ্ছা। স্থানত্যাগ উত্তরণ পারগমন। দৌড়। পৃষ্ঠ,-প্রদর্শন,-দান, -ভঙ্গ। পলায়ন অপায়ন চম্পট। প্রবসন। অপ, -ক্রম,-ক্রমণ,-গম,-গমন। অন্তর্ধান (৪৪০)। বিদায় বিদায়ীসংবর্ধনা।

ক্রি. প্রস্থান প্রয়াণ বা গমন করা। যাওয়া। চলা। যাত্রা করা। রওনা দেওয়া বা হওয়া। বাহির হওয়া। বিদায় দেওয়া বা নেওয়া। পাততাড়ি গুটানো। ডেরা বা ডাণ্ডা তোলা। স্থানত্যাগ করা। পালানো। ভাগা। পিঠটান বা চম্পট দেওয়া। লম্বা দেওয়া। গা ঢাকা দেওয়া। খসা। ছাড়া। ছেড়ে আসা। উঠা চড়া বা আরোহণ করা। নোঙর উঠানো। পাল বা বাদাম তোলা। ঘর ছাড়া। দেশ ছাড়া। অন্তর্ধান করা (৪৪০)।

বিণ. প্রসৃত সৃত। গত বিগত। অন্তর্হিত। স্থানত্যাগী পলাতক। ফেরার। ঘরপালানী। হুড়কো। প্রস্থানোদ্যত গমনোদ্যত প্রস্থানোন্মুখ গমনোন্মুখ। প্রস্থান,গমন,-কারী। প্রস্থায়ী। গমনরত। গমনশীল বিদায়ী। জিগমিষু। যাতব্য। প্রাস্থানিক।

ক্রি-বি. এখান থেকে। সেখান থেকে।

অব্য. ফুড়ুক-ফাঁই। ফুট।

২৮৯। প্রবেশ

বি. প্রবেশ প্রবেশন। অনুপ্রবেশ। নিবেশ সন্নিবেশ সম্পাত (২৯৮)। বিবিক্ষা প্রবেশের ইচ্ছা।

অভ্যন্তরণ অন্তঃপ্রবাহ। হস্তক্ষেপ। উসকানি। আক্রমণ। অভিবাসন। অভিবাসী শরণার্থী নবাগত বহিরাগত। আমদানি আগম আগমন আনয়ন। প্রবেশপথ। প্রবেশিকা। মুখ দ্বার (২৫৮)। পথ (৬৩৫)। খাড়ি নালি (৩৯০)।

ক্রি. প্রবেশ করা। ঢোকা। চৌকাঠ মাড়ানো। অনুপ্রবেশ করা। সেঁধানো। ঢোকানো। পোরা। পুরে দেওয়া। গোঁজা। গুঁজে দেওয়া। আক্রমণ করা। নাক গলানো। হস্তক্ষেপ করা। ভেতরে ঢোকা। কাছে আসা। ঘেঁষা। ভেড়ানো ভিড়ানো।

বিণ. আগত প্রবেশিত প্রবিষ্ট। অনুপ্রবিষ্ট। প্রবেশ্য প্রবেশনীয় প্রবেশযোগ্য। প্রবেষ্টা প্রবেশক অনুপ্রবেশক। প্রবেশ,অনুপ্রবেশ,-কারী। বিবিক্ষু।

২৯০। বহির্গমন

বি. বহির্গমন নির্গমন নির্গম নিষ্ক্রমণ। নিষ্ক্রম। উত্থান উদ্ভব উদ্‌গার প্রাদুর্ভাব। বিস্ফোরণ। ছিদ্রণ স্রাব নিঃস্রাব। নির্গলন। অনুস্রাবণ স্যন্দ নিস্যন্দ ক্ষরণ মোক্ষণ নিঃসরণ। উৎক্রম। বিনিঃসরণ বিনির্গমন। প্রসৃতি। পাত পাতন গালন। নিষ্কাশ নিষ্কাশন। ঢালন। উদ্বাসন প্রবসন দেশত্যাগ হিজরত। পরিযাণ অভিবাসন প্রচরণ প্রস্থান। প্রবাসী দেশত্যাগী দেশান্তরী বাস্তুত্যাগী। রপ্তানি চালান। পাচার পার। নির্গমন পথ। রন্ধ্র ফুটো নল কল জলকপাট মুখ দ্বার পথ নালা নালী। ছাড়পত্র নিষ্ক্রমণপত্র পাসপোর্ট। বহির্বাণিজ্য। রপ্তানি।

ক্রি. বাহির হওয়া। বাহিরে যাওয়া। বেরনো। বেরিয়ে যাওয়া। বের হওয়া। ওঠা উঠা। ফোটা ফুটা। চোয়া। চোয়ানো ক্ষরা। ফোঁটাফোঁটা পড়া। ঝরা। গলগল করে পড়া। ফরকানো।

বিণ. বহির্গত নির্গত উদ্‌গত। নিষ্ক্রান্ত। নিঃসৃত। সচ্ছিদ্র ফোঁপরা সান্তর ঝাঁঝরা। বহির্মুখী।

২৯১। ধারণ

বি. ধারণ ধৃতি ধরন গ্রহণ গ্রহ পরিগ্রহ আদান বহন ভুক্তি অন্তর্ভুক্তি। আয়ত্তি। প্রবর্তনা স্থাপন নিয়োজন। শোষণ চোষণ। পান আহার (২৯৩)। সেবন। পরিপাক হজম। সন্নিবেশন (২৯৮)।

ক্রি. ধারণ করা। ধরা। গ্রহণ করা। নেওয়া। রাখা। ধরে নেওয়া। আঁকড়ানো। জাপটানো। সাপটানো। ঢুকতে দেওয়া। ঢোকানো। ভর্তি করে নেওয়া। প্রবর্তন বা স্থাপন করা। বহন করা। বহাল করা। গ্রাস করা। গেলা। গিলা। খাওয়া। পান করা (২৯৩)।

বিণ. ধৃত বিধৃত। আটক বদ্ধ আবদ্ধ। ধর্তব্য ধারণযোগ্য। ধ্রিয়মান।

২৯২। দূরীকরণ

বি. দূরীকরণ দূরীভবন বিদূরণ। নোদন অপনোদন মোচন বিমোচন উৎসার উৎসারণ স্খলন। নিষ্ক্রম নিষ্ক্রমণ। সারণ অপসারণ অবসারণ নিঃসারণ প্রতিসারণ প্রোৎসরাণ পর্যাসন। অপনয় অপনয়ন। তাড়ন বিতাড়ন। গলহস্ত গর্দানি গলাধাক্কা অর্ধচন্দ্র। নিক্ষেপ (২৭৯)। উৎপাটন (২৯৯)। নিরাকৃতি নিরাকরণ। উচ্ছেদ উচ্ছেদন সমুচ্ছেদ উচ্ছেদসাধন উচ্ছিত্তি। উৎখাত উদ্বাসন। উৎসাদ উৎসাদন সাদন। বহিষ্কার বহিষ্করণ নিকাশ নিষ্কাশন নিষ্কর্ষ নিষ্কর্ষণ। স্থানচ্যুতি (১৮৩)। নির্বাসন দ্বীপান্তর। বিলোপন (৫৬১)।

ক্রি. দূর করা। দূরীভূত বা বিতাড়িত করা। তাড়ানো। সরানো। খেদানো। হটানো। হাঁকানো। অপসারণ করা। ঘুচানো ধাক্কা দেওয়া। তাড়িয়ে দেওয়া। উৎখাত বা উচ্ছেদ করা। গলাধাক্কা বা অর্ধচন্দ্র দেওয়া। বিদায় দেওয়া। বরখাস্ত করা। উঠিয়ে দেওয়া। হটিয়ে দেওয়া। বার করা। বার

করে দেওয়া। উঠানো। নিষ্কাশিত করা। খালি বা শূন্য করা। নাম কাটা। নাম কেটে দেওয়া। খরচের খাতায় লেখা। দেশত্যাগ করানো। ভিটেয় ঘুঘু চরানো। ভিটেমাটি ছাড়া করা। ভিটেমাটি উচ্ছেদ করা। মোছা। মুছে ফেলা। তুলে ফেলা। বহিষ্কার করা।

বিণ. দূরীকৃত দূরীভূত বিদূরিত। অপনোদিত নিক্রান্ত অপসারিত অবসারিত অপসৃত প্রতিসারিত প্রোৎসারিত নিঃসারিত পর্যস্ত। তাড়িত বিতাড়িত বহিষ্কৃত বহিষ্ক্রান্ত। নিক্ষিপ্ত উৎপাটিত। নিরাকৃত। বিলুপ্ত। উচ্ছেদিত উৎসাদিত উৎসন্ন। দূরীকরণযোগ্য। অপসারণীয় অপনোদনীয় উৎসারণীয়। উচ্ছেদ্যমান উচ্ছেদনীয় উচ্ছেদ্য। অপনেয়। উৎসাদনীয়। উচ্ছেদক উচ্ছেদকারী উচ্ছেত্তা। অপনোদক। উৎসারক উৎসাদক।

২৯৩। আহার

বি. আহার আশ অশন প্রাশ প্রাশন ভোজন ভক্ষণ ভুক্তি অদন খাদন খাওন। সেবন। অন্নাহার অন্নসেবা অন্নতোলা উদরসাৎ। উপাহার জলযোগ। চিবান গিলন নিগরণ গলাধঃকরণ। পানাহার। ক্ষুধাতৃষ্ণা। ক্ষুন্নিবারণ ক্ষুন্নিবৃত্তি। দক্ষিণ হস্তের ব্যাপার। ডান হাতের কাজ। খাওয়াদাওয়া। ভোগ উপভোগ। পঙ্‌ক্তিভোজন। সেহরি। এফতারি। পারণ। উদরপরায়ণতা (৯৫৯)।

লোকমা গ্রাস গরাস গাবল ঢোক। গণ্ডূষ। খাবার খাদ্য,-দ্রব্য,-বস্তু (২৯৪) পদ। প্রাতরাশ ছোটহাজরি নাস্তা ব্রেকফাস্ট। টিফিন জলখাবার। বড়হাজরি। মধ্যাহ্নভোজ লাঞ্চ। সান্ধ্যভোজ ডিনার নৈশভোজ। রাতের খাবার সাপার। খানা খানাপিনা ভোজ,ভুরি,-ভোজ,-ভোজন। ভোজসভা ব্যাংকোয়েট। প্রীতিভোজ ফিস্ট। বনভোজন চড়ুইভাতি পিকনিক। খাবার,-ঘর,-টেবিল। ভোজনালয়। রেস্তোরাঁ কাফে হোটেল। মেনু খাদ্যতালিকা। পরিবেশন সার্ভিস। ভোজনপাত্র। থালাবাসন। বাটি গেলাস গ্লাস। পেয়ালা পিরিচ। কাঁটা চামচ। চপস্টিক। মুখ চোয়াল দাঁত। চঞ্চু। ভোজনের ইচ্ছা জিঘৎসা।

ক্রি. ক্ষুধা খিদা খিদে বা ভুখ লাগা বা পাওয়া। ক্ষুধার উদ্রেক হওয়া। ক্ষুধাবৃদ্ধি পাওয়া। খিদে বাড়া। খিদে বাড়ানো। তৃষ্ণা তেষ্টা বা পিপাসা লাগা বা পাওয়া। খাওয়া আহার ভোজন গ্রহণ বা গলাধঃকরণ করা। গ্রাস করা। সেবন করা। স্বাদ গ্রহণ বা আস্বাদন করা। চাখা। মুখে করা তোলা বা দেওয়া। দাঁতে কাটা। কামড় দেওয়া। কামড়ানো। পেটে পড়া। পেট পূজা করা। পেট ভরানো। গেলা। গোগ্রাসে গেলা। গাণ্ডেপিণ্ডি গেলা। নাকেমুখে গোঁজা। ঢুকানো। ঠুসানো। চিবানো। চাবানো। চোষা। চুষা। চুষে খাওয়া। চাটা। চেটে খাওয়া। চর্বণ চোষণ বা লেহন করা। পান করা চুমুক দেওয়া। চুমুক দিয়ে খাওয়া। ঢক ঢক করে খাওয়া। ঢোক গেলা। শোষা। ভোগ বা উপভোগ করা। সেহরি করা। এফতারি করা। হবিষ্য করা। খাওয়ানো। খাইয়ে দেওয়া। মুখে তুলে দেওয়া। গেলানো। গিলিয়ে দেওয়া। পাত পাড়া। টেবিল সাজানো। জাবর কাটা। রোমন্থন করা। হজম করা। পরিপাক করা।

বিণ. ক্ষুধার্ত বুভুক্ষু ভুখা। তৃষ্ণার্ত পিপাসার্ত। আহার্য ভোক্ষ্য ভোজ্য ভোগ্য। ভোক্তব্য ভক্ষণীয়। পাঙ্‌ক্তেয়। চর্ব্য চোষ্য লেহ্য পেয়। পথ্য পানীয়। সেবনীয় সেব্য। পচ্য। খাদক খেকো আহারী ভক্ষক ভোজক ভোক্তা আশী খাইয়ে খাউকো। ভোজনেচ্ছু জিঘৎসু। পেটুক (৯৫৯)। মিতাহারী (৯৫৪)। মৎস্যভুক। কীটভুক। নরখাদক। সর্বাশী সর্বভুক। মাতাল (৯৬১)। আকণ্ঠ বেদম। ভুক্ত

ভক্ষিত খাদিত ভুক্তিত ক্ষুন্নিবৃত্ত। আস্বাদিত। চাটিত। দংশিত। চুষিত। গ্রস্ত গিলিত গীর্ণ। পীত নিপীত। একপেট পেটভরতি। উচ্ছিষ্ট এঁটো সকড়ি। উচ্ছিষ্টভোজী এঁটোখেকো।

অব্য. কপাকপ গবাগব। চাকুমচুকুম। সুড়ুৎ সড়াৎ।

২৯৪। খাদ্য

বি. খাদ্য,-দ্রব্য,-সামগ্রী। খাবার,-দাবার। অন্নজল দানাপানি। খানা। পেটের ভাত। উদরান্ন। ভক্ষ্য অশন আহার (২৯৩)। পানাহার ফলার জলখাবার নাস্তা টিফিন। শিশুখাদ্য বেবিফুড। পথ্য। হবিষ্যান্ন। প্রসাদ ভোগ। শিন্নি। পদ। রেশন। রসদ খোরাক। খোরাকি খাইখরচা।

পশুপাখির খাবার: খড় বিচালি পোয়াল নাড়া জাব জাবনা আধার চারা চার টোপ। হাঁস মুরগির খাবার। পোলট্রি ফুড। মাছের চারা ফিশফুড।

বিভিন্ন খাদ্য: ভাত অন্ন ওদন। পান্তাভাত। আমানি কাঁজি। খিচুড়ি ওগরা। ভুনাখিচুড়ি। জাউ। পোলাও ঘৃতান্ন ঘিভাত পলান্ন ।ফ্রায়েড-রাইস। বিরিয়ানি। ফ্যানভাত। পোড়াভাত। মাড় ফ্যান।

আমিষ আঁইষ আঁষ। জৈব খাদ্য। মাছ মাছের, -ঝোল,-ঝাল। মাছভাজা ফিশফ্রাই। পাতুরি মালাইকারি দইমাছ কালিয়া কোপ্তা ভাপামাছ সরষেমাছ। কালোজিরের ঝোল। লঙ্কার ঝোল। শুঁটকি মাছ। মাংস পল ক্রব্য পিশিত গোস্ত। মাটন খাসিরগোস্ত। রাং। দাবনা। টেংরি। মেটে। ঝোল কষা দোপিঁয়াজি কোর্মা। মুরগি চিকেনরোস্ট চিলিচিকেন গ্রিল। চপ। কাটলেট। কাবাব। শিককাবাব। শামি কাবাব। হ্যাম সসেজ বেকন। হ্যামবার্গার। বার্জার। বিফ গোমাংস গোরুরগোস্ত। ডিম হাঁসের,মুরগির,-ডিম। ওমলেট পোচ ডিমেরঝোল। ডালনা। সেমাই নুডলস চপসি চাওমিন।

নিরামিষ,-ভোজন.-শাকাহার শাকান্ন। তরকারি সবজি ব্যঞ্জন ব্যান্নন। ছেঁচকি চড়চড়ি লাবড়া। ঘাঁটি। লাফরা। ঘন্ট। দম। রসা। দোলমা। কালিয়া। সালন। সিদ্ধ ভরতা। রোস্ট । টিকিয়া। শুক্তো তেতো। ভাজা ভাজি ফ্রাই। পাটভাজা পোরেরভাজা। বড়া। খাস্তাভাজা চিপস। তেলেভাজা বেগুনি। ফুলুরি। পেঁয়াজি। পাকৌড়া। সিঙাড়া। নিমকি। কচুরি। ডালপুরি। রাধাবল্লভি। পরোটা। লুচি পুরি। মালপোয়া ময়ান। লেচি। রুটি চাপাটি। নান তন্দুরিরুটি। রুমালিরুটি। পাউরুটি ব্রেড লোফ বান,-রুটি। প্যাটিস। স্যান্ডউইচ। টোস্ট। জ্যাম জেলি মারমালেড মোরব্বা।

ঝোল ক্বাথ শুরুয়া সুপ জুস। ডাল ঘুঘনি চানা। ধোঁকা। চাটনি টক অম্বল আচার। চানাচুর ডালমুট। ঝুরিভাজা চাট টোকনা। ফুচকা। আলুকাবলি। ভেলপুরি বাটাটাপুরি। রোল। ইডলি। ধোসা। দহিবড়া। নোনতা,কলা,লেড়ো,-বিস্কুট। বাকরখানি নানখাতাই। লজেন্স টফি চকোলেট। আচার। সস স্যালাড। কাসুন্দি।

শরবত পানা। শীতল পানীয় কোল্ডড্রিঙ্ক। হালকা পানীয় বিভারেজ। লেমনেড। সোডা। শেক মিল্কশেক। ঘোলের শরবত লাস্যি। গরম,-উষ্ণ, -পানীয়। চা কফি কোকো চকোলেট। মিষ্টি (৪২৬)। কুলপি কুলপি,-মালাই,-বরফ। আইসক্রিম। স্তন্য মায়েরদুধ বুকেরদুধ। দুগ্ধ দুধ। ক্ষীর ঘনদুধ খোয়া রাবড়ি মালাই চাঁছি। দই দধি। সাঁজা দম্বল। ঘোল। চিনিপাতা দই। ভাপা দই। ঘি ঘৃত হবিঃ। মাখন মাঠা ননি নবনী। পনির চিজ। ছানা তক্রপিণ্ড। মুড়ি হুড়ুম। ঝাল,-মশলা,-মুড়ি। চিঁড়া চিঁড়েভাজা। খই লাজ মুড়কি খইচুর। চিঁড়েমুড়ি মুড়িমিছরি। ছাতু বেসন। পাঁপর। সাবু সাগু। শঠি পালো। বড়ি ফুলবড়ি।

বাঙালি,ভারতীয় চিনে,ইংলিশ,-খাবার। মোগলাইখানা। মুখশুদ্ধি পানসুপারি ধনেভাজা মশলা। সুখাদ্য। হালাল খাদ্য। নিষিদ্ধ,হারাম, -খাদ্য। খাদ্যাখাদ্য। বৃথামাংস। অ,কু,-খাদ্য। অখাদ্যকুখাদ্য। অ,কু-পথ্য। কদন্ন। কচুপোড়া কচুঘেঁচু।

বিণ. আহার্য। ভোজনীয় ভক্ষ্য ভক্ষণীয়। পানীয়। অন্নভোজী। ভেতো। আমিষাশী আমিষভোজী মাংস্যভোজী মাংসাশী। মৎস্যভোজী। ননভেজিটারিয়ান। নিরামিষাশী নিরামিষভোজী ভেজিটারিয়ান। দুগ্ধজাত। দুগ্ধপক। পয়স্য। হারাম। হালাল। সুপেয়। অপেয়।

২৯৫। পুষ্টি

বি. পুষ্টি পরিপুষ্টি পরিপুষ্টতা। পুষ্টি,-সাধন, -বিধান,-বর্ধন,-বৃদ্ধি। পোষ্টাই। বল,শক্তি,স্বাস্থ্য, -বৃদ্ধি। পুষ্টিমান খাদ্যমান। খাদ্যপ্রাণ ভিটামিন। কারবোহাইড্রেট স্নেহপদার্থ শর্করা প্রোটিন। অ্যামিনো অ্যাসিড। খনিজ উপাদান: ক্যালসিয়াম ফসফরাস সোডিয়াম পটাসিয়াম লোহা আইওডিন তামা কোবাল্ট ক্লোরিন। হজম,পরিপাক,-শক্তি। এনজাইম হজম জীর্ণন জারণ। আত্মীকরণ সাঙ্গীকরণ। পাচকরস। বিশোষণ। বিপাক। পরিপাক পচন,-হজম,-যন্ত্র। ক্যালোরি। খাদ্যতালিকা। পথ্য। পুষ্টিবিশারদ। পুষ্টিবিজ্ঞান। অপুষ্টি অ,কু,-খাদ্য। অ,কু,-পথ্য। স্বাস্থ্যহীনতা। অজীর্ণ বদহজম অপরিপাক অরুচি।

ক্রি. পুষ্টি সাধন করা। গায়ে মাস লাগা। গায়ে লাগা। হজম করা। লোহা হজম করা। হজম না হওয়া। বদহজম হওয়া। পেট ফাঁপা। চোঁয়াঢেকুর ওঠা। অজীর্ণতায় ভোগা। গায়ে মাংস না লাগা। পুঁয়ে পাওয়া।

বিণ. পুষ্টি,-কর,-বর্ধক,-দায়ক,-বিধায়ক বৃংহণ। বল,-কারক,-দায়ক,-বর্ধক,-দ। তেজস্কর। স্বাস্থ্য,-কর,-বর্ধক। অগ্নি,ক্ষুধা,-বর্ধক। পাচ্য সুপাচ্য লঘু,সহজ,-পাচ্য। পুষ্টি হৃষ্টপুষ্ট পুরুষ্টু পরিপুষ্ট নধর গোলগাল। দোহারা। অপুষ্ট নিস্তেজ কাহিল। রোগাপটকা। হাড্ডি,কঙ্কাল,-সার। হাড়জিরজিরে অস্থিচর্মসার। অপাচ্য দুষ্পাচ্য গুরুপাক।

২৯৬। রেচন

বি. রেচন। রেচন,-যন্ত্র,-তন্ত্র। রেচন-অঙ্গ: বৃক্ক ক ফুসফুস মলাশয় লালাগ্রন্থি যকৃত। পরিপাক হজম। ভেদ। মল বিষ্ঠা পুরীষ দাস্ত। বিরেচন নিঃসরণ কোষ্ঠ,-শুদ্ধি,-সাফ। পায়ুস্খালন বাহ্যকৃত্য নাদন বিরেক মলনির্গমন। মল,বিষ্ঠা, -ত্যাগ,-ভেদ। পায়খানা বাহ্যি কোষ্ঠ গু। টাট্টি। গোবর সার লাদ নাদ লাদি নাদি। মলভাণ্ড মলাধার বিষ্ঠাকুণ্ড। মল,-দ্বার,-নালি। গুহ্য,-দ্বার,-দেশ। পায়ু। কোষ্ঠ কাঠিন্য। স্রব স্রাব নিঃস্রব নিঃস্রাব। মাসিক ঋতু,-স্রাব আদ্যঋতু রজঃ স্ত্রীরজঃ পুষ্প আর্তব হায়েজ। মূত্র মুত প্রস্রাব পেসাব পেচ্ছাপ হিসি। মূত্রত্যাগ। মেহ। বহুমূত্র। হিক্কা ঢেকুর উদ্গার। ন্যক্কার বমি। ঘর্ম ঘাম স্বেদ স্বেদন স্বেদ, -জল,-বারি। শ্রম,-জল,-বারি। রক্ত,-মোক্ষণ, -ক্ষরণ। পুঁজ। কলতানি। সেতখানা পায়খানা খাটাপায়খানা স্যানিটারিপায়খানা। বাথরুম ল্যাভেটরি টয়লেট। কমোড। সিসটার্ন। ফ্লাস। পাদ অধোবায়ু অপান অপানবায়ু পর্দন বাতকর্ম বায়ুত্যাগ। মূত্র,-নালি,-পথ,-দ্বার,-যন্ত্র। বস্তি মূত্রাশয়। শিশ্ন নুনু। বৃক্ক কিডনি। প্রস্রাবখানা ইউরিন্যাল মূত্রকুণ্ড।

ক্রি. পায়খানা বা প্রস্রাব করা বা হওয়া। হাগা। নাদা। লাদা। হাগানো। মলত্যাগ বায়ুত্যাগ বা

মূত্রত্যাগ করা। পাদা। মোতা। নিঃসরণ হওয়া (২৯৮)। উদ্‌গার বমন বা বমি করা।

বিণ. রেচিত বিরেচিত। ত্যক্ত বর্জিত। নিঃসারিত। রেচক বিরেচক মলনিঃসারক দাস্তকর ভেদকারক সারক জোলাপ মলভেদক।

২৯৭। ক্ষরণ

বি. ক্ষরণ স্যন্দ স্যন্দন নিষ্যন্দ নিস্যন্দ স্রবণ স্রব স্রাব প্রস্রবণ স্বেদন মোক্ষণ। নিঃসরণ। বহিঃক্ষরণ। রেচন (২৯৬)। অন্তঃ,-ক্ষরণ,-স্রাব। পাচক,জারক, আগ্নাশয়িক,-রস। পিত্তরস। লসিকারস। ইনসুলিন। থাইরক্সিন। কর্টিজোন। অ্যান্ড্রোজেন এসট্রোজেন। লালা লাল লালাস্রাব। সর্দি পোঁটা শিকনি শ্লেষ্মা। কফ। থুথু নিষ্ঠীবন মুখস্রাব। পিক থুক। গ্রন্থি গ্ল্যান্ড। অন্তঃস্রাবীগ্রন্থি। জলক্ষারীগ্রন্থি। লালা,ডিম্বাশয়,শুক্র,যৌন,স্তন, লসিকা,বৃক্ক,অগ্রস্থ, স্বেদ,পিত্ত,-গ্রন্থি। গ্রন্থিরস হরমোন। হরমোনতত্ত্ব।

ক্রি. ক্ষরা। ঝরা। চোয়া। চোয়ানো। দুধ ক্ষরা ঝরা বা নামা। লালা ঝরা বা পড়া। লাল ফেলা। থুথু বা কাশ ফেলা। কাশ তোলা। কেশে ফেলা।

বিণ. ক্ষারক। আন্তঃস্রাবী। জলক্ষারী। দুগ্ধক্ষারী। পৈত্তিক। স্রাবক। ক্ষরণশীল বিস্রংসী। ক্ষরিত নিষ্যন্দিত স্যন্দিত বিস্রস্ত স্রস্ত সুত প্রসুত।

২৯৮। সন্নিবেশ

বি. সন্নিবেশ নিবেশন অন্তঃপ্রবেশন অনুপ্রবেশন। সংস্থান সংহতি মধ্যস্থাপন। অন্তরণ পুরঃস্থাপন। ঢোকানো। প্রোথন। রোপণ। উসকানি। বেধন অনুবেধ। ইঞ্জেকশন সুঁই। টিকা। প্রবেশ। নিমজ্জন ডুব। ঝাঁপ।

ক্রি. ঢুকানো। প্রবেশ করানো। গাদা। ঠাসা। মারা। গোঁজা। গাড়া। পোঁতা। প্রোথিত করা। বসানো। খচিত। পুরা। পোরা। রোয়া। রোপণ করা। কলম লাগানো। ভেজানো। ডুবানো। মজানো।

বিণ. সন্নিবিষ্ট সন্নিবেশিত। প্রবিষ্ট। প্রোথিত রোপিত। নিবেশিত। নিবিষ্ট নিবদ্ধ। নিমজ্জিত মগ্ন নিমগ্ন ডোবা।

২৯৯। উৎপাটন

বি. উৎপাটন উন্মূলন উচ্ছেদন নির্মূলন অপসারণ। মূলোৎপাটন মূলোচ্ছেদ সমুৎপাটন সমুৎসাদন। চালান পাচার।

ক্রি. উৎপাটন বা উন্মূলন করা। উপড়ানো। উপড়ে ফেলা। উপড়ে তোলা। তুলে ফেলা। তোলা। উখড়ানো। উপড়ানো। উঠানো। মোচড় দিয়ে টানা। শিকড় তোলা। পাক দিয়ে তোলা। নির্মূল করা। সমূলে উচ্ছেদ করা। মূলোচ্ছেদ করা। আগাছা মারা। নিশ্চিহ্ন করা। ঝাড়ে বংশে শেষ করা। বের করা। বাহির করা। চাপ দেওয়া। চেপে বের করা। দূর করা। অপনোদন অপসারণ বা নিবারণ করা।

বিণ. উৎপাটিত সমুৎপাটিত সমুৎসাদিত। নির্মূল নির্মূলিত উন্মূলিত নির্মূলীকৃত মূলোচ্ছাদিত উচ্ছিন্ন। উৎপাটক।

৩০০। পারাপার

বি. পারাপার। এপার-ওপার তরণ তর তার। জেব্রা ক্রসিং। যাতায়াত গমনাগমন চলাচল। প্রবেশ,বহির্গমন,-পথ। নল। নালা। মুখ। ছিদ্র। প্রবেশপথ।

ক্রি. পারাপার করা। পার হওয়া। এপার-ওপার করা। ওপর দিয়ে যাওয়া। চলাচল করা। মধ্য দিয়ে যাওয়া। মধ্যে ঢোকা বা প্রবেশ করা। উত্তরণ করা। পাঠানো। প্রেরণ করা। অতিক্রম করা (৩০১)।

৩০১। অতিক্রমণ

বি. অতিক্রমণ উৎক্রমণ। সীমাতিক্রম। উত্তরণ নিস্তরণ তিতীর্ষা। আক্রমণ হামলা। উৎপথ লঙ্ঘন উল্লঙ্ঘন উল্লম্ফন,উল্লম্ফ। অনধিকার প্রবেশ। উৎসারণ উৎসার। সন্তরণ সাঁতার। আরোহণ। অপতন অস্খলন অচ্যুতি বাহুল্য।

ক্রি. অতিক্রম করা। পার হওয়া। উত্তীর্ণ হওয়া। উতরানো। সাঁতরে পার হওয়া। সীমা বা মাত্রা ছাড়ানো। ডিঙানো। টপকানো। পগার পার হওয়া। উথলানো। উছলানো। ছাপানো। ছাপিয়ে যাওয়া। চলকানো। জল ভাঙা। জল ভেঙে যাওয়া। ছাড়িয়ে যাওয়া। উজানো। কাটানো। আক্রমণ করা। অনধিকার প্রবেশ বা অনুপ্রবেশ করা। টেক্কা দেওয়া। বাড়াবাড়ি করা। লঙ্ঘন বা উল্লঙ্ঘন করা।

বিণ. অতিক্রান্ত অতিক্রমিত। উৎক্রান্ত উত্তরিত। উত্তীর্ণ বিতীর্ণ লঙ্ঘিত উল্লঙ্ঘিত। অতিক্রম্য অতিক্রমনীয় উল্লঙ্ঘনীয় লঙ্ঘনীয় লঙ্ঘনসাধ্য লঙ্ঘ্য লঙ্ঘনযোগ্য। তিতীর্ষু। পারগ পারংগম।

৩০২। অনতিক্রমণ

বি. অনতিক্রমণ অনতিক্রম। অলঙ্ঘন অনুল্লঙ্ঘন অনতিবর্তন। অপারগতা অসমর্থতা অক্ষমতা। অকরণ। অবহেলা গলদ ভুল ত্রুটি চ্যুতি পতন। অভাব ঘাটতি। অপূর্ণতা অসম্পূর্ণতা। অসম্পাদন অকৃতকার্যতা।

ক্রি. অতিক্রম না করা। অতিক্রম করতে না পারা। না ওঠা। উঠতে না পারা। অপারগ হওয়া। কম ঘাটতি বা অভাব পড়া। পড়া। ভাঙা। পতন ঘটা। কিছু করতে না পারা। ভেস্তে যাওয়া। পণ্ড হওয়া। নাগাল না পাওয়া। লক্ষ্যভেদ না করতে পারা। ফসকানো।

বিণ. অনতিক্রম্য। অনতিক্রান্ত। অনতিক্রমণীয়। অনুল্লঙ্ঘনীয় অনুল্লঙ্ঘ্য অলঙ্ঘ্য অলঙ্ঘনীয় অনিবর্তনীয়। অনতিক্রান্ত অলঙ্ঘিত অনুল্লঙ্ঘিত অক্রান্ত। অনিবর্তিত। অনুদ্‌গত অনুদ্ভিন্ন। অপারগ অক্ষম অসমর্থ। শ্লথ। অমনোযোগী অবহেলাকারী।

৩০৩। আরোহণ

বি. আরোহণ রোহ রোহণ অধিরোহণ। ঊর্ধ্বারোহণ। চড়ন চড়া। উত্থান উত্থিতি অভ্যুত্থান সমুত্থান উন্নতি উন্নয়ন (৩০৫) অতিক্রমণ (৩০১)। লম্ফন। উড্ডয়ন। চড়তি চড়াই খাড়াই পাহাড়। আরোহিণী সিঁড়ি সোপান ধাপ মই লিফট এস্কেলেটর এলিভেটর। ক্রেন।

ক্রি. উপরে ওঠা বা চড়া। আরোহণ করা। চাপা। উন্নীত হওয়া। ওড়া। লাফানো।

বিণ. আরোহী আরোহণকারী রোহী অধিরোহী। আরূঢ় সমারূঢ় আস্থিত উদীয়মান উঠন্ত চড়তি বর্ধিষ্ণু বাড়ন্ত। আকাশচুম্বী ঊর্ধ্বমুখী। উড়তি উড্ডুক্ক।

ক্রি–বিণ. চড়্‌চড়্‌ করে। চড়চড়িয়ে।

৩০৪। অবরোহণ

বি. অবরোহণ অবরোহ অবতরণ নামা। ওলন নতি আনতি ঢাল ঢল কাত ঝোঁক গড়ান উতরাই। প্রশমন হ্রাস। পতন পাত অধঃপতন আপাত আপতন নিপতন নিপাতন পড়ন চ্যুতি স্খলন ডিগবাজি। হিমানীসম্প্রপাত। ধস ধসন ভূপাত স্তরস্খলন। নিমজ্জন ডুবন অবনয়ন(৩০৬)।

ক্রি. নামা। অবতরণ করা। গড়ানো। খসা। ঝরা। পড়া। পতিত হওয়া। গোত্তা খাওয়া। থুবড়ানো। হুমড়ি খাওয়া। হোঁচট খাওয়া। আছাড় খাওয়া। হড়কানো। পিছলানো। ফসকানো। ডিগবাজি খাওয়া। তিড়িংবিড়িং করে নামা। কমা। থিতানো। তলানো। ডুবা। ডোবা।

বিণ. পড়ন্ত পতনোন্মুখ পতনশীল গড়ান ঢালু নিম্নমুখী আনম্য। ডুবা। নিচু। অবনত। স্খলিত। পতিত আপতিত নিপতিত ভূপাতিত। অবরোহী অবতরণকারী।

ক্রি-বিণ. হুড়মুড় করে। ধুপ করে। ধপাস্ করে।

৩০৫। উন্নমন

বি. উন্নমন উন্নয়ন। তোলন উত্তোলন। উন্নয়ন সমুন্নয়ন। উন্নতি উদ্‌গমন উত্থাপন। উদয়ন উদ্‌গতি উদ্‌গম উত্থান অভ্যুদয় সমুত্থান উর্ধ্বশ্বাস উর্ধ্বপাতন। পুরোদৃশ্য। বন্ধুরতা। উত্তলতা(২৪৯)। লিভার শাবল ক্রেন কপিকল চরকি লাটাই।

ক্রি. উঠানো। ওঠানো। চাড়া। উত্তোলন করা। টেনে তোলা। তোলা। তুলে ধরা। তোলানো। উঁচানো। উপরে উঠানো। পাঁজা করে তোলা।

বিণ. উন্নতি উন্নমিত উত্তোলিত তোলিত উত্থ সমুত্থ পাঁজাকোলা। উদিত। অভ্যুদিত উত্থিত। দণ্ডায়মান। উর্ধ্বগত। উদ্বর্ত। উর্ধ্বগামী উদ্‌গামী। উত্থাপিত। উত্তোলক উত্থাপক উন্নেতা।

৩০৬। অবনমন

বি. অবনমন অবনয়ন আনমন পাতন নিপাতন। অবতারণ। অবতলতা (২৫১)। স্খলন ভ্রংশ স্রংসন বিস্রংসন পতন নিপতন ধসন। অধো,-গতি,-গমন (৬৭০)। বিপর্যাস বিপর্যয় উৎক্রম অন্তর্ঘাত। নমন নতি। সন্নতি। উপবেশন। পদচুম্বন কদমবুসি। সাষ্টাঙ্গপ্রণাম। সেজদা। ধূলট। ভূলুন্ঠন। লোটন লুটোপুটি গড়াগড়ি। গোতা গোত্তা।

ক্রি. নামানো। নোয়ান। তলানো। পড়ানো। পতিত করা। পাড়া। চুপসানো। ধসকানো। ধস বা ভাঙা। বসা। বসে পড়া। থাবড়ি খেয়ে বসা। হেলান দেওয়া। পা ছড়ানো। হেঁট হওয়া বা করা। হাঁটু গাড়া বা ভাঙা। পা ছোঁয়া। পায়ের ধুলা নেওয়া। পায়ে পড়া। উপুড় হওয়া। সেজদা করা। নিচু হওয়া। নুয়ে পড়া। লোটা। খসানো। ঝরানো। গোত্তা খেয়ে পড়া। ফসকানো। পা পিছলানো। থুবড়ি খেয়ে পড়া। আছাড় খাওয়া। চ্যুত বিচ্যুত স্খলিত স্রস্ত।

বিণ. অবনমিত অধোনমিত নমিত আনত। লুণ্ঠিত ভূলুণ্ঠিত ভূপাতিত পাতিত ধরাশায়ী ভূমিসাৎ ধূলিসাৎ চিৎপাত চিৎপটাং। নত সন্নত হেঁট। উপুড়। উপবিষ্ট উপবেশিত। অনুভূমিক।

৩০৭। লম্ফন

বি. লম্ফন লম্ফ লাফ প্লব প্লবন প্লবগতি। প্লবনশক্তি। প্লবকেন্দ্র। উল্লম্ফন উল্লম্ফ উল্লঙ্ঘণ লম্ফঝম্প লাফালাফি লাফ ফাল আস্ফালন তড়পানি। কুর্দন কোঁদন। নর্তন নৃত্য নাচ নাচন। লাস্য। ছাগলনাচ ঘোড়ার নাচ প্লুতগতি ফড়িংলাফ।

ক্রি. লাফ দেওয়া বা মারা। তিড়িংবিড়িং করা। তড়পানো। ফরকানো। আস্ফালন করা। খোঁড়ানো। নাচা। কোঁদা। নর্তনকুর্দন করা। ফরফরানো।

বিণ. লম্ফমান। উচ্ছল চঞ্চল। লাস্যময়ী।

ক্রি-বিণ. লাফে লাফে।

৩০৮। ঝম্ফন

বি. ঝম্ফন ঝম্প ঝাঁপ। লম্ফঝম্ফ। লাফ ফাল। ডুব ছোঁ। ডুবন ডুবি মজ্জন নিমজ্জন। গাহন অবগাহন। সন্তরণ সাঁতার। ডুবানি চুবানি নাকানিচুবানি। সলিলসমাধি। প্লাবন। বিসর্জন ভাসান। ডুবুরি। পানকৌড়ি।

ক্রি. ঝাঁপ ছোঁ বা ডুব মারা বা দেওয়া। জলে বা পানিতে নামা। নাকডুব দেওয়া। ডুবা। ডোবা। এক

ডুব দেওয়া। ডুবানো। চুবানো। স্নান অবগাহন বা গোসল করা। নাওয়া। চান করা। সাঁতার কাটা। বিসর্জন বা ভাসান দেওয়া।

বিণ. ডুবা মগ্ন নিমগ্ন নিমজ্জিত। প্লুত আপ্লুত প্লাবিত। ডুবুডুবু হাবুডুবু।

৩০৯। সংবহন

বি. সংবহন বিবৃত্তি প্রদক্ষিণ পরিবেষ্টন। পর্যটন। ভূপ্রদক্ষিণ। চক্র চক্কর চরকি ঘূর্ণন ঘুরণ ঘূর্ণি। ঘেরাও। কম্পাস। সার্কিট। কুণ্ডলী পাক পেঁচ। প্যাঁচ। মোচা।

ক্রি. চক্রাকারে বা বৃত্তাকারে ঘোরা। প্রদক্ষিণ করা। তোয়াফ করা। চক্কর দেওয়া। চরকি ঘোরা। ঘেরা। গোল করে ঘুরা বা ঘেরা। ঘোরানো। পাকানো। প্যাঁচানো। মোচড়ানো। গোলানো। ঘুলানো। ঘোঁটা। ফেটানো। ফেনানো। গুটানো। আওটানো। পাক খাওয়া। কুণ্ডলী পাকানো। ঝাঁটানো।

বিণ. চক্রাকারে ঘোরালো পেঁচাল। ঘূর্ণাবর্ত। জটিল কুটিল।

৩১০। আবর্তন

বি. আবর্তন আঘূর্ণন ঘূর্ণন ঘূর্ণ ঘুরন ঘূর্ণী। ঘুর পাক মোচড় ঘুরপাক। ভ্রমি আবর্ত সংবর্ত বিবর্ত বিবর্তন বিবৃত্তি। অক্ষ ঘূর্ণনরেখা। অবঘূর্ণন। ঘূর্ণি,-বায়ু, -জল,-স্রোত,-পাক। সাইক্লোন। শিরোঘূর্ণন। লাটাই লাট্টু। খটকনৃত্য।

ক্রি. আবর্তন করা। ঘোরা। বোঁ-বোঁ বা সোঁ-সোঁ বা বাঁইবাঁই করে ঘোরা। চরকি ঘোরা। পাক খাওয়া। গড়াগড়ি দেওয়া। গড়ানো।

বিণ. আবর্তিত। আবর্তমান। ঘূর্ণমান ঘূর্ণায়মান ঘূর্ণিত বিঘূর্ণিত। বিবৃত্ত। দক্ষিণাবর্ত বামাবর্ত।

৩১১। বিবর্তন

বি. বিবর্তন ক্রমবিবর্তন। অবঘাতন। অন্তর্বিস্তার অন্তর্বিকাশ। অন্তরাবর্তন। অপাবরণ উন্মোচন উদ্‌ঘাটন। বিকাশন প্রকাশন প্রস্ফুটন। ধারাবিকাশ। অভিব্যক্তি ক্রম,-বিকাশ,-প্রকাশ,-পরিবর্তন। ক্রমোন্নতি। বিবর্তনবাদ অভিব্যক্তিবাদ। ধারাবাহিকতা।

ক্রি. ক্রমবিকাশ হওয়া বা ঘটা। প্রকাশ পাওয়া। খোলা। দল মেলা। পাপড়ি মেলা। পাক পেঁচ গিঁট বা জট খোলা।

বিণ. বিবর্তিত। অভিব্যক্তিমূলক বিবর্তনমূলক। অবঘাতী।

৩১২। দোলন

বি. দোলন আন্দোলন হিন্দোল হিলোরা হিল্লোল। টলন নড়ন বিচলন। সংক্ষোভ কম্পন কম্প কাঁপ কাঁপন কাঁপুনি স্ফুরণ প্রস্ফুরণ। প্রকম্পন উৎকম্পন বিস্ফুরণ বিস্ফারণ। স্পন্দন আস্পন্দন ধূনন বিধূনন। নাড়ী নাড়ীঘাত ধমনীঘাত। একান্তরতা। আসাযাওয়া। ঘোরাফেরা। টানাপড়েন। প্রবাহ। প্রতিপ্রবাহ। জোয়ারভাটা। প্রসারণসংকোচন। উত্থানপতন। হ্রাসবৃদ্ধি। ইহকালপরকাল। ইতস্তততা দোটানা অব্যবস্থিতচিত্ততা। চঞ্চলতা চাঞ্চল্য চটুলতা। দোলনা দোলা। পেন্ডুলাম। করাত। স্পন্দক দোলক অসিলেটর। দোলনলেখযন্ত্র অসিলোগ্রাফ। দোলনদর্শীযন্ত্র অসিলোস্কোপ। আন্দোলন (৩১৩)।

ক্রি. দোলা। নড়া। কাঁপা। আন্দোলিত কম্পিত বা স্পন্দিত হওয়া। কমা বাড়া। হ্রাসবৃদ্ধি পাওয়া। ওঠা-নামা করা। উত্থান-পতন ঘটা। হাঁ-না বা ইতস্তত করা। লট্‌পট্ বা পত্‌পত্ করা।

বিণ. দোলায়িত দোলিত হিন্দোলিত হিল্লোলিত উল্লোলিত উল্লোল উল্লাল লোলায়মান। স্পন্দনশীল স্পন্দনময়। কম্পান্বিত আকম্প্র কম্প্র কম্পমান। বেপমান বেপথুমান বিধূত বিধূনিত। আন্দোলিত। কম্পিত স্পন্দিত। তরঙ্গায়িত ঢেউখেলা আঁকাবাঁকা। লটপটে।

ক্রি-বিণ. এদিক-ওদিক। উপরনীচে। আগেপিছে। আশেপাশে।

৩১৩। আন্দোলন

বি. আন্দোলন আলোড়ন বিলোড়ন আবর্তন মন্থন ঘোঁটন ঘাঁটন। সঞ্চালন। সঞ্চারণ। ঝাঁকুনি ধাক্কা। শিহরণ শিরশিরানি বেপথু বেপন কম্পন কাঁপুনি সংক্ষোভ বিধূনন। থরথরানি থিরথিরানি ঝিরঝিরানি। নর্তনকুর্দন। লম্পঝম্প লাফালাফি হুটোপাটি লুটোপুটি হুড়োহুড়ি মাতামাতি। ঝটফটানি ঝাপটানি পতপতানি। খিচুনি আক্ষেপ খিল তড়কা। ধড়ফড়ানি ধকধকানি ধুকপুকানি উত্তেজনা। টগবগানি। উদ্বিগ্নতা। গোলযোগ গোলমাল গণ্ডগোল টালমাটাল হট্টগোল হৈ-চৈ। খুনখারাবি তুলকালাম। বিক্ষোভ বিপ্লব। বিশৃঙ্খলা। অস্থিরতা। অস্থিতি। পরিবর্তন গাঁজন মাতন বুদ্বুদ ফেনা। উচ্ছলন বলক। আবর্ত (৩১০)। ঝড় তুফান (৩৯৫)। ভূমিকম্প।

ক্রি. আন্দোলিত আলোড়িত বা আবর্তিত হওয়া। পতপত করা। লকলক করা। নাচা। কুঁদা। উলটপালট হওয়া। গড়াগড়ি খাওয়া বা দেওয়া। লুটোপুটি হুটোপাটি বা হুড়োহুড়ি করা। মাতা। মাতামাতি করা। ধুকপুক করা। ধড়ফড় করা। ছটপট করা। লটপট করা। থরথর করা। শিরশির করা। ঝিরঝির করা। ভাঙাচুরা। গাঁজানো। মাতানো। গুলানো। ঘোঁটানো। ধাক্কা বা ঝাঁকুনি দেওয়া। গণ্ডগোল লাগা। ঘোঁট পাকা। জল ঘোলা করা। গাবানো। ফেটানো। ফেনানো। ঝাঁকানো। নাড়ানো। ফোটা। টগবগ করে ফোটা। উথলানো। উথলে ওঠা।

বিণ. আন্দোলিত আলোড়িত। বিচলিত। সঞ্চালিত। লক্‌লকে। লোলায়মান। কম্পমান কম্পিত। বিধূত। বিধূনিত। বেপমান। বেপথুমান। কম্পনীয় স্পন্দ্য স্পন্দনীয়। থরথর থরহরি। প্রক্ষিপ্ত অস্থির। সংক্ষুব্ধ। বিক্ষুব্ধ অশান্ত (৮২৫)। উত্তাল উদ্বেল। উদ্বেলিত উচ্ছলিত উচ্ছল উছল উথল উতল উথলিত। ফুটন্ত। টগবগে ঝটপটে। থিরথির থরথরে। লটপটে। টলায়মান।

তৃতীয় শ্রেণী

পদার্থ বিজ্ঞান

৩১৪। পদার্থবিজ্ঞান

বি. পদার্থ,-বিজ্ঞান,-বিদ্যা। ফিজিকস্। বস্তুতত্ত্ব ভৌতবিদ্যা। প্রকৃতি,প্রাকৃতিক,-বিজ্ঞান,-দর্শন। ফলিত পদার্থবিজ্ঞান। বায়ু,নভো,ভূ, পদার্থবিজ্ঞান। বিদ্যুৎ,বিকিরণ,-পদার্থবিজ্ঞান। গাণিতিক পদার্থবিজ্ঞান। মৌলিক,কণিকা, পদার্থবিজ্ঞান। আণবিক,পারমাণবিক, পদার্থবিজ্ঞান। কেন্দ্রনির্ভর, নিউক্লিয়, পদার্থবিজ্ঞান। সৌর পদার্থবিজ্ঞান। মৌল,ভূত,জড়,-রসায়ন। পরমাণুতত্ত্ব (৩১৫)। বিদ্যুৎ (৩৩৩)। তাপ (৩১৭)। আলো (৩২৫)। শব্দ (৪৪৩)। চুম্বকত্ব (৩৭৬)। বলবিদ্যা (৩৩৮)। পদার্থবিজ্ঞানী ফিজিসিস্ট।

বিণ. পদার্থবিজ্ঞান,-সম্বন্ধীয়,-সংক্রান্ত। ভৌত। বস্তুগত।

৩১৫। পরমাণুতত্ত্ব

বি. পরমাণু,-তত্ত্ব,-বিজ্ঞান,-বিদ্যা,-পদার্থবিজ্ঞান। নিউক্লিয়,-পদার্থবিদ্যা,-বলবিদ্যা। পরমাণুবলবিদ্যা। তরঙ্গবলবিদ্যা। আণবিক পদার্থবিদ্যা। তেজস্ক্রিয়তা। রেডিওলজি। কোয়ান্টাম-তত্ত্ব। বোর,রাদারফোর্ড,শ্রোডিংগার, লুইসল্যাংমুর,-তত্ত্ব। ভরের নিত্যতাসূত্র। স্থিরাণুপাত সূত্র। গুণানুপাত সূত্র বিপরীত অনুপাতসূত্র। অনুরূপতাতত্ত্ব। পরমাণুবাদ। পরমাণু,-বিদ,-বিজ্ঞানী। নিউক্লিয় পদার্থবিদ। রশ্মিবিকিরণ-বিজ্ঞানী রেডিওলজিস্ট। পরমাণু। কারবন-পরমাণু। হাইড্রোজেন-পরমাণু। মূলক। সাধারণ,জটিল,অনুসন্ধানী,-মূলক। অনুসন্ধানী পরমাণু। গুচ্ছপরমাণু। পরমাণুমডেল। নিউক্লিয় -পরমাণু। আইসোটোপ। হাইড্রোজেনের আইসোটোপ। প্রোটিয়াম। ডিউটেরিয়াম। ভারি হাইড্রোজেন। ডিউটেরাইড। ডিউটেরিয়াম অক্সাইড। ভারি,-পানি,-জল। ট্রিটিয়াম। ট্রিটিয়াম অক্সাইড। আইসোটোন। আইসোটোপ। কৃত্রিম আইসোটোপ। রেডিও আইসোটোপ।

পারমাণবিক নিউক্লিয়াস। নিউক্লিয় কণিকা। মূল কণিকা। অবপরমাণু। অবপারমাণবিক কণিকা। নিউক্লিওন নিউট্রন প্রোটন। ডিউট্রন। টিট্রন। নিউক্লিয় আইসোমার। ইলেকট্রন। কক্ষ্য -ইলেকট্রন যোজন-ইলেকট্রন। পারমাণবিক, -গুচ্ছ,-শৃঙ্খল,-চক্র।

নিউক্লিয়,ফিশন,-সমবিভাজন। সমবিভাজন বিক্রিয়া। পারমাণবিক,-ভাঙন,-ক্ষয়।

পরমাণুবিভক্তিকরণ। পারমাণবিক বিক্রিয়া। শৃঙ্খলবিক্রিয়া। নিউক্লিয়,-ফিউশন,-বিগলন। বিগলন বিক্রিয়া। তাপনিউক্লিয়,-বিগলন, -বিক্রিয়া। ভঙ্গণক্ষম পরমাণু। নিউক্লিয় জ্বালানি। পারমাণবিক ত্বরক। পরমাণুধ্বংসক। রিয়্যাক্টর প্রতিক্রিয়ক। নিউক্লিয়-রিয়্যাক্টর। পারমাণবিক, নিউক্লিয়,-চুল্লি। পারমাণবিক পাইল। পারমাণবিক শক্তি। পারমাণবিক ইঞ্জিন। পারমাণবিক শক্তি কমিশন। পারমাণবিক বিস্ফোরণ। হাইড্রোজেন -বিস্ফোরণ। পারমাণবিক,অ্যাটম,-বোম। হাইড্রোজেন বোম। তেজস্ক্রিয় মেঘ। পারমাণবিক বর্জ্য।

বিণ. পারমাণবিক। নিউক্লিয়। তেজস্ক্রিয়।

৩১৬। বিকিরণ

বি. বিকিরণ রেডিয়েশন। বিকিরণশক্তি। তেজস্ক্রিয়তা। তেজস্ক্রিয়-বিকিরণ। পারমাণবিক,-নিউক্লিয়,-বিকিরণ। প্রাকৃতিক,কৃত্রিম,-তেজস্ক্রিয়তা। আপেক্ষিক গুরুত্ব। বিকিরণ,-স্বচ্ছতা,-ঈষদচ্ছতা,-পরপ্রভা। তেজস্ক্রিয় সংক্রমণ। পারমাণবিক বিক্রিয়া। রেডিওরশ্মি। নিউক্লিয়রশ্মি। আলফা,বিটা,গামা, -রশ্মি,-বিকিরণ। এক্সরে। রন্টজেনরশ্মি রঞ্জনরশ্মি। ক্যাথোড,অ্যানোড,-রশ্মি। মহাজাগতিকরশ্মি কসমিক রে। তেজস্ক্রিয়কণিকা। গাইগার। আলফা,বিটা, গামা,-কণিকা। ভারি কণিকা। মেজন মেজোট্রোন। কসমিককণিকা। সৌরকণিকা। রেডিয়েটার বিকিরক। আলফা, বিটা,গামা, -রেডিয়েটর। রেডিয়াম,-পেন্ট,-রং ফ্লুরোসেন্ট পেন্ট। প্রতিপ্রভ রং। রেডিও-আইসোটোপ। ট্রেসার রেডিওস্কোপ। রেডিওলজি। রশ্মিবিকিরণ -চিকিৎসাবিদ্যা। বিকিরণ,-পদার্থবিদ্যা,-রসায়ন। বিকিরণবিদ্যা।

বিণ. বিকীর্ণ তেজস্ক্রিয় রেডিওঅ্যাকটিভ। বিকিরণী বিকিরণক। স্বপ্রভ। প্রতিপ্রভ।

৩১৭। তাপ

বি. তাপ উত্তাপ তাত গরমি সন্তাপ। উষ্ণ,-তা,-ত্ব ঔষ্ণ্য। উষ্ম,-া,-তা। ঔষ্ম্য। দহন (৩২০)। জ্বর। আঁচ ঝাঁজ আভা। জ্বালা। ঝলকা হলকা। অগ্নিপ্রভা। ভাপ দম ধোঁয়া। ছেঁকা সেঁক। ফোমেন্ট। গ্রীষ্ম,গরম,-কাল। নিদাঘ খরা। গুমট। সূর্য জ্যোতিষ্ক (৩২৮)। রৌদ্র রোদ রোদ্দুর ধুপ। কাঠফাটা, ঠাটপড়া, চড়া,-ঝাঁঝাঁ,-রোদ। আগুন অগ্নি (৩১৯)। শিখা। তাপন তাতন। তাপজনন তাপপ্রয়োগ। জ্বালা মারণ গলন তরলীকরণ। ফোটানো সিদ্ধকরণ ভাপানো। স্ফুটনাঙ্ক। চুল্লি। কম্বল লেপ চাদর। পশম লোম। আস্তরণ আচ্ছাদন (২২২)। অঙ্গার ছাই। উষ্ণপ্রস্রবণ গিসার। সৌরতাপ। রৌদ্রতাপ। রৌদ্র,সূর্য,-স্নান।

তাপ,-মান,-মাত্রা। তাপমিতি। তাপমানযন্ত্র থার্মোমিটার। সেন্টিগ্রেড সেলসিয়াস ফারেনহাইট। কেলভিন রোমার। থার্মোফ্লাস্ক। থার্মোস্ট্যাট। ইস্তিরি। হিটার। তাপস্থাপক তাপবিক্ষণী তাপগতিবিদ্যা থার্মোডিনামিকস। তাপরক্ষী।

ক্রি. তপ্ত গরম উত্তপ্ত বা আগুন হওয়া। জ্বলা। ভাপা। ফুটা। ঝাঁঝাঁ করা। তাতা। তেতে ওঠা। রোদ ওঠা হওয়া চড়া বা বাড়া। রোদে পোড়া বা ভাজা হওয়া। রোদ পোহানো। গরম করা। তাপানো। তাতানো। উমানো। তাওয়ানো। গরমানো। সেঁকা। সেঁক দেওয়া। ভাপানো। ফুটানো। জ্বাল দেওয়া। সাঁতলানো। সেঝা। ঝলসানো। ভাজা। গলানো। তরল করা। রাঁধা। রন্ধন বা পাক করা। সেদ্ধ করা।

বিণ. তাপিত তপ্ত উত্তপ্ত অভিতপ্ত অত্যুষ্ণ সন্তপ্ত। আতপ্ত উত্তাপিত। উমানো তাতল। গরম উষ্ণ গ্রীষ্ম। ঈষদুষ্ণ কবোষ্ণ কদুষ্ণ মন্দোষ্ণ কুসুম –কুসুম। ধারোষ্ণ। নাতিশীতোষ্ণ। অগ্নি,–তপ্ত, –তুল্য,–কল্প। গনগনে দগদগে তেজাল লেলিহান লকলকে। দগ্ধ ঝাঁঝালো তীব্র। শ্বাসরোধকারী গুমসা। ভাপসা। পচাগরম জ্বরিত। জ্বলন্ত। ফুটন্ত। ঝলসিত ঝলসান। আর্ক সৌর। জ্বালাকর। তাপনীয়। তাপক। তাপীয়। তাপসহ তাপনম্য। গ্রীষ্মপ্রধান। খরাপীড়িত।

৩১৮। শৈত্য

বি. শৈত্য শীতলতা শীত হিম কাল জাড়। শীতীভাব। শীতকাল। শীতাগম। শৈত্যপ্রবাহ কোল্ডওয়েভ। উত্তুরে হাওয়া। শৈত্যাধিক্য শীতাধিক্য। হিম,–পাত,–ঝড়,–ঝঞ্ঝা।

তুষার,–পাত,–বর্ষণ,–ঝড়,–ঘাত বরফপড়া স্নোফল তুহিনবর্ষ। বরফ তুহিন তুষার স্নো। নীহার হিমানী করকা বর্ষোপল গণ্ডোপল ঘনোপল শিলা শিল। শিলাবৃষ্টি করকাপাত। হিমশৈল আইসবার্গ। হিম,তুষার,–গিরি। হিমাদ্রি তুষারাদ্রি তুহিনাদ্রি তুহিনাচল। হিমপর্বত। হিমালয়। হিমবাহ গ্লেসিয়ার হিমানীসম্প্রপাত। হিম,তুষার,তুহিন, –রেখা। হিম,–মণ্ডল,–বৃত্ত। মেরুঅঞ্চল। চির, –তুষার,–নীহার। চিরতুষার রেখা। তুষারযুগ।

ক্রি. শীত করা ধরা পাওয়া বা লাগা। ঠাণ্ডা লাগা। শীতে কাঁপা বা কাঁটা দেওয়া। হি হি করা। ঠাণ্ডায় জমে যাওয়া। হাত পা জমে যাওয়া। হাত পা অবশ হয়ে যাওয়া। ছ্যাঁৎ করা। শীত বা ঠাণ্ডা পড়া। শীতল বা ঠাণ্ডা করা (৩২১)।

বিণ. শীত শীতল সুশীতল ঠান্ডা অনুষ্ণ হিম হিমশীতল হৈম হিমেল তুহিন বরফঠাণ্ডা। বরফঢাকা। তুষারাবৃত তুষারাচ্ছাদিত হিমাচ্ছন্ন। কনকনে। হাড়কাঁপানো। শীতকাতুরে শীতার্ত শীতালু। শীতপ্রধান। তুষারধবল (৩৫৬)। শীতাতপনিয়ন্ত্রিত (৩২১)।

৩১৯। অগ্নি

বি. অগ্নি আগুন অনল আতশ আগ পাবক হুতাশন বহ্নি পিঙ্গল বৈশ্বানর বীতহোত্র ধনঞ্জয় কৃষ্ণবর্ত্মা কৃশানু বৃহদ্ভানু চিত্রভানু রোহিতাশ্ব বায়ুসখা শিখিন শিখাবৎ শুষ্মন কৃপীটযোনী শুচি শুষ্ম সর্বশুদ্ধি পুরজ্যোতি: ধূম,–কেতন,–ধ্বজ। ঘৃতকেশ তেজোনিধি অনিলসখা কৃষ্ণার্চি স্বর্ণদীধিতি। হুতভুক হব্য,–ভুক,–বাহন হবির্ভুক হব্যাশ হব্যাশন ঈষির। সপ্তাংশু সপ্তজিহ্ব সপ্তার্চিস। তমোনুদ সুশিখ। দমুনস। ছাগবাহন। শিখা অর্চি ফুলকি ফিনকি শিষ। অগ্নি,–শিখা,–কণা। আঁচ। তেজ। বহ্নিজ্বালা। স্ফুলিঙ্গ অগ্নিস্ফুলিঙ্গ স্পার্ক। জ্বলন দহন (৩২০)। জ্বালানি (৩২৩)। অগ্নি, –কুণ্ড,–স্থান,–পাত্র। পুট, –কুণ্ড,–গর্ত। অগ্ন্যাধার মালসা। ধুনি কুণ্ড যজ্ঞকুণ্ড। দাবাগ্নি দাবানল বনাগ্নি অরণ্যবহ্নি। অগ্ন্যুৎসব বাজি আতশবাজি। চুল্লি চুলা উনান উখা আখা স্টোভ কুকার। আভেন তন্দুর বয়লার ফারনেস ভাঁটি। হিটার বার্নার। ফায়ারপ্লেস। কন্দু। কাঠখোলা। চকমকি ম্যাচ দিয়াশলাই। অরণি,–প্রস্তর। অগ্নি,–প্রস্তর, –কারক। জ্বলনাশ্ম। আলো। ধূম। ধূমপথ চিমনি। হাপর ভস্ত্রা। তাওয়া চাটু। আগ্নেয়গিরি। কাঠের,কয়লার, কাঠকয়লার,–আগুন। তুষানল। তৃণাগ্নি কটাগ্নি।

বাড়বাগ্নি বাড়বানল বড়বাগ্নি বড়বানল বাড়ব বড়বামুখ সমুদ্রাগ্নি। ইরম্মদ ঔর্ব ঔর্বাগ্নি ঔর্বানল অব্দ্যগ্নি আবিন্ধন। বজ্রাগ্নি বজ্রানল বজ্রজ্বালা। গার্হপত্য অগ্নি। গৃহাগ্নি। শ্রৌত অগ্নি। অগ্নিকলা।

ক্রি. আগুন ধরা বা লাগা। আগুন জ্বালা। অগ্নিসংযোগ করা। আগুন দেওয়া। আগুন লাগানো। দাউদাউ করে জ্বলা। গনগন করে জ্বলা। শিখা ওঠা। জ্বালা। পোড়ানো। জ্বালানো। প্রজ্বলিত করা। আগুন ধরানো। দহা। আগুন হওয়া।

বিণ. আগ্নেয় আতশী। গনগন দগদগে তেজালো লেলিহান লকলকে টকটকে। মৃদু নিবুনিবু। জ্বলন্ত জ্বলৎ।

৩২০। দহন

বি. দহন দাহন দাহ। জ্বলন প্রজ্বলন জ্বালন প্রজ্বালন। জ্বলনাঙ্ক। পোড়ন প্রদাহ। অগ্নিসংযোগ। দীপন উদ্দীপন প্রদীপন সন্দীপন। প্রদাহন। অগ্নি,-দহন,-দাহ। বহ্নিজ্বালা। দহন,অগ্নি,-পাত্র। অগ্নিকুণ্ড। চুল্লি (৩১৯)। দাহ্যতা সহজদাহ্যতা দাহিকাশক্তি। দহন, -যোগ্যতা,-ক্ষমতা। অগ্নিতে ঘৃতাহুতি। অগ্নি,লঙ্কা,-কাণ্ড। গৃহদাহ। দাহ্যবস্তু। জ্বালানি (৩২৩)। ছাই ভস্ম খাক পাঁশ ছার। ভস্মাবশেষ ভস্মস্তূপ। ভস্মাধার ছাইদানি অ্যাসট্রে। জ্বলন্ত অঙ্গার। অলাত আলাত। অলাতচক্র।

ক্রি. দহা। পোড়া। জ্বালা। দহন করা। দগ্ধ করা। অগ্নিসংযোগ করা। আগুন ধরানো বা জ্বালানো। জ্বালানো। পোড়ানো। ধরানো। ধরে যাওয়া। জ্বালিয়ে বা পুড়িয়ে দেওয়া। আগুন ধরা বা লাগা। দপ করে জ্বলে ওঠা। উসকানো। খোঁচানো। হাওয়া বা ফুঁ দেওয়া। ইন্ধন যোগানো।

বিণ. দাহিত দগ্ধ পোড়া অগ্নিদগ্ধ। ভস্মীভূত ভস্মসাৎ। দগ্ধী,-ভূত,-কৃত। জ্বলন্ত প্রজ্বলিত জ্বলৎ জ্বলনশীল। দহ্য,বহ্নি,অগ্নি,-মান। অনির্বাণ অনির্বাপিত। জ্বলিত প্রজ্বলিত অগ্নিসংযোজিত সন্দীপিত সন্দীপ্ত উদ্দীপিত উদ্দীপ্ত সমিদ্ধ। আধপোড়া অর্ধদগ্ধ। দাহ্য দহনীয় দহনযোগ্য সহজদাহ্য। দাহক দাহী দহনকারী অগ্নিদ। দহনেচ্ছু দিধক্ষু। জ্বালক প্রজ্বালক।

ক্রি-বিণ. দাউদাউ। দপদপ। ধিকিধিকি।

৩২১। শীতন

বি. শীতন শীতলীকরণ শীতলীভবন হিমায়ন হিমক্রিয়া রেফ্রিজারেশন। অতিহিমায়ন ক্রায়োজিনিকস। হিমাঙ্ক। শীতক রেফ্রিজারেটর। শীতল,হিমায়ন,-যন্ত্র। বরফবাক্স আইসবক্স বরফথলি। আইসব্যাগ। হিমাগার হিমঘর কোল্ডস্টোরেজ। ফ্রিজ। কুলার। এয়ারকন্ডিশনার। ওয়াটারকুলার। বরফকল। আইসক্রিম কুলপিবরফ। অগ্নিনির্বাপণ। দমকল,-বাহিনী।

ক্রি. শীতল বা ঠাণ্ডা করা। কালানো। জুড়ানো। জমানো। বরফ জমানো। বাতাস করা। আগুন নেভানো বা চাপা দেওয়া।

বিণ. শীতাতপনিয়ন্ত্রিত এয়ারকন্ডিশন্ড বাতানুকূল। অগ্নিসহ ফায়ারপ্রুফ।

৩২২। রন্ধন

বি. রন্ধন রাঁধন রান্নাবান্না পাক। পাক,-কর্ম, -কার্য,-শাক। পক্তি অধিশ্রয়ণ রসুই। জ্বাল। সন্তোলন। ভর্জন। রন্ধন,-গৃহ,-শালা। রান্নাঘর হেঁশেল পাক,-ঘর,-শালা,-স্থান। বাবুর্চিখানা। রসুই,-ঘর,-শালা। কিচেন। প্যান্ট্রি। রন্ধন,পাক, -পাত্র। পাকস্থলী। হাঁড়ি,-পাতিল,-কুড়ি (১৮৯)। কুকার ইকমিক,প্রেশার,-কুকার। আখা উনান। স্টোভ। আভেন। তন্দুর। চুলা চুল্লি (৩১৯)। ঝিক। হাতা খুন্তি খোন্তা চালুনি ছাঁকনি। চামচ ঝিনুক। দরশুনি করচুল। বাউলি বেড়ি সাঁড়াশি। রন্ধন,-বিদ্যা,-কৌশল। মশলা বেশর। ফোড়ন

সম্বর সম্বরা পাঁচফোড়ন: মৌরি মেথি কালোজিরে যোয়ান রাঁধুনি। গরম মশলা: দারুচিনি লবঙ্গ ছোট -এলাচ। এলাচ। ছোট,-বড়,-এলাচ। এলালতা*। হলুদ। সরিষা। রাই। শ্বেত,কালো, -সরিষা সরষে। গোলমরিচ পিঁপুল। তেজপাতা। জাফরান কেশর। তিল। তিসি। মসিনা। ধনে। লঙ্কা মরিচ। লবঙ্গ লং। দারুচিনি। কাবাবচিনি। জিরা। সাদা,কালো,-জিরা। পোস্ত পোস্তদানা। জয়িত্রী জায়ফল জাতি জাতিফল। আদা আদ্রক। শুঁঠ। আম,-আদা,-হলদি। রন্ধন,-কর্তা,-কারী। রাঁধুনি। পাচক রসুইকর বাবুর্চি খানসামা ঠাকুর। বামুন,-ঠাকুর,-দিদি।

ক্রি. রন্ধন রান্না রাঁধাবাড়া বা রান্নাবান্না করা। পাকানো। হাঁড়ি ঠেলা। জ্বাল দেওয়া। সেদ্ধ করা। ফোটানো। সেঝা সিজা সিজানো বা সেজানো। ভাপানো। সেঁকা। ফোটানো। পোড়ানো। আধপোড়া করা। পানি বা জল মারা। শুকানো। সাঁতলানো। কষা। চানকান করা। ভাজা। ভুনা বা ভুনি করা। ছেঁকা বা সেঁকা। ধরে যাওয়া। লেগে যাওয়া। পুড়ে যাওয়া। তেলে বা ঘিয়ে ভাজা। ফোড়ন দেওয়া। কুটনো কাটা। তরকারি কাটা। কোটা। বাটনা বাটা। মশলাবাটা।

বিণ. পাকযোগ্য পাকার্হ পচ্য। পক্ব পাচিত রন্ধিত। সেদ্ধ। দগ্ধ পোড়া। অগ্নিপক্ব। ভর্জিত। ঘৃত,তৈল,-পক্ব। রোস্টেড। শূল্য শূলপক্ব। কাবাব অঙ্গারপক্ব। অপক্ব অসিদ্ধ অর্ধ,আধা,-সিদ্ধ। কাঁচা।

৩২৩। জ্বালানি

বি. জ্বালানি ইন্ধন ফুয়েল। জীবাশ্মজ্বালানি। ফসিলফুয়েল। দাহ্যবস্তু। কয়লা কাঠ,পাথুরে, -কয়লা। কোক। অঙ্গার আংরা অলাত। অলাতচক্র। খনিজতেল। স্পিরিট। পেট্রোল প্যারাফিন। কেরোসিন। ডিজেল। গ্যাস। প্রাকৃতিক গ্যাস। কাঠ লাকড়িখড়ি পাকাটি পাটকাঠি। পাতা। ঘুঁটে চাপড়া ঘোঁসি। গুল। টিকা টিকে। তুষ ছোবড়া। নিউক্লিয় ফুয়েল। ইউরেনিয়াম প্লুটোনিয়াম। তৈল তেল। সরষের,রেড়ির,তিলের,-তেল। দেশলাই দিয়াশলাই ম্যাচেস ম্যাচ। চকমকি। অরণি। বিস্ফোরক-পদার্থ। বৈদ্যুতিক-বিস্ফোরক। ফিউজ।

ক্রি. আগুন করা। আগুন ধরানো। কাঠে বা খড়ে আগুন দেওয়া। ইন্ধন যোগানো। উসকানো। খোঁচানো। হাওয়া বা ফুঁ দেওয়া।

বিণ. জ্বালানি। দাহ্য দহনীয় দহনযোগ্য। সহজদাহ্য। জ্বলন্ত প্রজ্বলিত জ্বলৎ জ্বলনশীল।

৩২৪। অদহনীয়তা

বি. অদহনীয়তা অদাহ্যতা নির্দহন। নির্বাণ। অ্যাসবেস্টাস। নির্বাপন। অগ্নি,-দমন,-নির্বাপন। দমকল,অগ্নিনির্বাপক,-বাহিনী ফায়ারব্রিগেড। অগ্নিনির্বাপকযন্ত্র ফায়ার-এক্সটিংগুইসার।

ক্রি. না জ্বলা। নেভা। নিভে যাওয়া। নিভিয়ে দেওয়া। আগুন নেভানো। পানি বা জল ঢালা। চাপা দেওয়া। অগ্নি দমন করা।

বিণ. অদহনীয় অদহনযোগ্য। অগ্নিনিরোধক। অগ্নিসহ ফায়ারপ্রুফ। নির্বাপক। নির্বাপিত। নিভন্ত। নির্বাপিতপ্রায় নিবুনিবু। বহ্নিহীন।

৩২৫। আলো

বি. আলোক আলো আলা নুর লাইট। আলোর উৎস (৩২৮)। রশ্মি কর কিরণ অরুণ অংশু ময়ূখ মরীচি দীধিতি ছটা চন্দিম ধৃষ্ণি। জ্যোতি দ্যুতি

দীপ্তি প্রদীপ্তি। ভা ভান। প্রভা আভা বিভা। ভাস উদ্ভাস আভাস সুভাস বিভাস। ভাতি বিদ্যোত প্রদ্যোত। নুরানি রৌশন রোশনি। আগ্নিপ্রভা। তেজ। উদ্ভাসন সমুদ্ভাসন প্রদীপন উজ্জ্বলন উজ্জ্বলীকরণ। ঔজ্জ্বল্য উজ্জ্বলতা উদ্দীপ্তি জেল্লা জৌলুস চমক চাকচিক্য চকমকানি ঝলমলানি ঝিলকানি ঝলকানি ঝলক খোলতাই। ঝিলিক ফিনিক ঝিকিমিকি ঝিলিমিলি চিকমিকানি চকমক ঝিকমিক ঝিকঝিক চিকমিক। অরণি চকমকি।

আলোক,-ধারা,-চ্ছটা,-রশ্মি। অংশু,-কিরণ, -ময়ূখ,-মালা। স্ফুলিঙ্গ ফুলকি ফিনকি। শিখা শিষ মশাল। উল্কা। ধূমকেতু। বিদ্যুত (৩৩৩)। সৌরকর। সূর্যালোক চন্দ্রালোক নক্ষত্রালোক বিদ্যুতালোক। রবি,-চ্ছবি,-রশ্মি,-কর। বিদ্যুৎ, -প্রভা,-চমক,-ঝলক। বজ্রালোক। আলেয়া। আলেয়ার আলো। উষালোক। সন্ধ্যালোক প্রদোষালোক গোধূলিপ্রভা। আলোআঁধারি (৩২৭)। ছায়াছবি। স্ফুটতা স্বচ্ছতা স্পষ্টতা পরিস্ফুটতা সুস্পষ্টতা। জ্যোৎস্না কৌমুদী চন্দ্র, -কর,-কিরণ,-সুধা শশিকর চাঁদনি। পূর্ণিমা। শুক্লপক্ষ। আলোক,-পাত,-সম্পাত,-নির্দেশ। কিরণ,-পাত,-সম্পাত। রশ্মিপাত। আলোকসংকেত। আলোকস্তম্ভ বাতিঘর লাইটহাউস। আলোকসজ্জা আলোবাহার রোশনাই। দীপ,-সজ্জা,-বাহার। দেওয়ালি দীপালি দীপান্বিতা দীপাবলি দীপোৎসব। দীপ,-মালা, -শ্রেণী,-শৃঙ্খলা। আতশবাজি।

আলোক,-বিচ্ছুরণ,-বিকিরণ। প্রতি,-ফলন, -বিম্বন,-বিম্বপাত। পরাবর্তন রিফ্লেকশন। প্রতিসরণ রিফ্র্যাকশন। বিম্ব প্রতিবিম্ব ছায়া। রাম,-ধনু,-ধনুক। ইন্দ্র,-ধনু,-চাপ। রং,মেঘ,সুর,বড়,-ধনু। রেইনবো। সূর্য,-কান্ত, -মণি। আতশকাচ। আলোকবিজ্ঞান। আলোকচিত্র। তেজস্ক্রিয়তা। রঞ্জনরশ্মি এক্স-রে। অতিবেগুনি-রশ্মি আলট্রাভায়োলেট-রে। রক্তোত্তররশ্মি। ইনফ্রারেড রে অবলোহিত-রশ্মি। আলোক,-রশ্মি,-তরঙ্গ।

ক্রি. আলো করা। উদ্ভাসিত করা। উজ্জ্বল করা। চকচক বা চকমক করা। ঝলা। ঝলকানো। ধাঁধানো। চোখ ধাঁধানো। ঝলমলানো। আলো রৌশনি বা জেল্লা দেওয়া। চমকানো। ধাঁধা লাগা। ঝলসানো। আলোকিত করা। আলো জ্বলা। বাতি জ্বালা বা দেওয়া। ঘর আলো করা।

ভূমি,-পাত,-স্খলন,-ক্ষয় ধস ল্যান্ডস্লাইড। ভূমি,-সংরক্ষণ,-ক্ষয়রোধ। ভূমিসংস্কার। মৃত্তিকা, -বিজ্ঞান,-বিদ। ভূ,-কম্প,-কম্পন ভুঁই,-দোল, -কাঁপ। ভূমিচল ভুঁইচালি। ভূমিকম্পনবিদ্যা সিসমোলজি। ভূকম্পন-মাপকযন্ত্র সিসমোগ্রাফ। উপকেন্দ্র এপিসেন্টার। ভূমিকম্প,ভূকম্প,-বলয়। বিণ. ভূমি,-সংক্রান্ত,-সম্বন্ধীয়। ভূমি,স্থল,ক্ষিতি, ক্ষেত্র,-জ। ভূমি,স্থল,-জাত। স্থল,-স্থ,-স্থিত। ভূময় মৃন্ময় মৃত্তিকানির্মিত মার্তিক মাটির মেটে মাটিয়া। কর্দমাক্ত (৩৮৩)। বালুকাময় বেলে। এঁটেল। দোআঁশলা। পাথুরে। কঙ্করময় কাঁকুরে। পাললিক। ধুলাচ্ছন্ন ধূলি,-ময়,-পূর্ণ,-ধূসর, -ধূসরিত,-সরিত। ধুলো,মাখা,- ভরতি পাংশুল। বালি,-পূর্ণ,-ভরতি।

৩৭৯। স্থলদেশ

বি. স্থল,-দেশ,-ভূমি। মহাদেশ কন্টিনেন্ট প্রধানভূখণ্ড। এশিয়া ইউরোপ আফ্রিকা উত্তর,দক্ষিণ,-আমেরিকা অস্ট্রেলিয়া সুমেরু কুমেরু। উপমহাদেশ সাবকন্টিনেন্ট। দ্বীপ আইল্যান্ড জাজিরা। চর চড়া দিয়ার দিয়াড়া রেতী। ডাঙ্গা। দ্বীপকণিকা ক্ষুদ্রদ্বীপ আইলেট। দ্বীপ,-পুঞ্জ,-গুচ্ছ,-মালিকা। প্রায়ো,উপ,-দ্বীপ পেনিনসুলা। বদ্বীপ ডেল্টা। অন্তরীপ কেপ। প্রবাল,-দ্বীপ,-প্রাচীর কোরাল আইল্যান্ড।

পৌরাণিক সপ্তদ্বীপ: জম্বু কুশ প্লক্ষ শাল্মলী ক্রৌঞ্চ শাক পুষ্কর।

বিণ. মহাদেশীয় উপমহাদেশীয়। দ্বীপসম্বন্ধীয় দ্বৈপ,-্য। দ্বীপ,-ময়,-বান,-বহুল। দ্বীপবাসী দ্বীপাশ্রিত দ্বৈপায়ন দ্বীপায়ন। জলবেষ্টিত।

৩৮০। সমভূমি

বি. সম,-ভূমি,-তলভূমি সমতল প্লেন। তুন্দ্রা স্তেপ পাম্পাজ সাভানা প্রেইরী। মালভূমি সমমালভূমি প্লাটো। অববাহিকা উপত্যকা। মরুভূমি মরু,-প্রান্তর,-স্থল,-স্থলী। মরূদ্যান। মরুদ্বীপ। মরীচিকা মরুমায়া মৃগ,-তৃষ্ণা,-তৃষা, -তৃষ্ণিকা। দাগ প্লট। মাঠ ময়দান। লন টার্ফ পার্ক। বিণ. সমতল অবন্ধুর চৌরস (২৫০)। সমতলবাসী।

৩৮১। পর্বত

বি. পর্বত পাহাড় গিরি শৈল ভূধর অগ নগ অদ্রি অচল। পৃথিবী,অবনী,ক্ষিতি,ধরা,মেদিনী,ধরণী, মহী,বসুধা,উর্বী,-ধর। শৃঙ্গ,-ধর,-বান। সানুমান। শৃঙ্গী শিখরী। ধরণীকিলক। মাউন্টেন। গণ্ডশৈল। স্তূপ,ভঙ্গিল, সঞ্চয়জাত,ক্ষয়জাত,-পর্বত। হিমশৈল। উদয়াচল। উচ্চভূমি। মালভূমি। স্তূপ। টিপি টিবি টিলা। শৈলশিরা।

পর্বত,-শিখর,-শৃঙ্গ,-শিখা,-চূড়া। শৈল,-শিখর, -শৃঙ্গ,-চূড়া। গিরি,-শেখর,-শৃঙ্গ,-চূড়া। পাহাড়চূড়া। পর্বত,-শ্রেণী,-মালা। শৈল,-শ্রেণী, -মালা,-রাজি। গিরি,-শ্রেণী,-মালা,-ক্রম।

আগ্নেয়গিরি জলকানো। সুপ্ত-আগ্নেয়গিরি। অগ্নি,-জ্বালা,-মুখ ক্রেটার। অগ্ন্যুৎপাত অগ্ন্যুদগার অগ্নি,-বর্ষণ,-বৃষ্টি। লাভা ম্যাগমা।

পর্বত,-গহ্বর,-গুহা,-কন্দর। গিরি,-গহ্বর,-গুহা,-কন্দর,-দরি। শৈল,-গহ্বর,-কন্দর,-গুহা। গুহা কন্দর দরি। ফাটল। গিরি,-পথ,-সংকট,-বর্ত্ম। উপত্যকা ভ্যালি। গ্রস্তউপত্যকা। পর্বত,-মূল,-পাদমূল। পাহাড়,-তল,-তলি। অধিত্যকা সানু,-দেশ টেবিলল্যান্ড গণ্ডকূপ।

পর্বতারোহণ পর্বতাভিযান মাউন্টেনিয়ারিং। পর্বতারোহী পর্বতাভিযাত্রী মাউন্টেনিয়ার।

বিণ. পার্বত্য পার্বত পার্বতীয় পাহাড়ি পাহাড়িয়া। পর্বত,শৈল,গিরি,অগ,-জ গিরিভব গৈরিক। পর্বত,গিরি,-বাসী,-নিবাসী। পর্বতাশ্রয়ী।

৩৮২। তরলতা

বি. তরল,-তা,-ত্ব তারল্য তরলভাব দ্রবত্ব দ্রবীভাব। তরলপদার্থ লিকুইড ফ্লুইড। জল (৩৮৯)। তেল (৩৭১)। রক্ত। রস। প্রস্রাব। দুধ। প্রবহমানতা। প্রবহ প্রবাহ ধারা স্রোত। দ্রবণ দ্রবীভবন দরানি গলন বিগলন বিদ্রব নির্গলন। তরলীকরণ (৩৮৫)। মিশ্রণ। দ্রব দ্রবণ সলিউশন। অর্ধতরলতা (৩৮৩)। দ্রাব্যতা দ্রবণীয়তা।

ক্রি. তরল হওয়া। গলা। গলে যাওয়া। বহা। বওয়া। প্রবাহিত হওয়া। ঝরা। ঝরানো। ক্ষরা। চোয়ানো চুয়ানো। চুইয়ে পড়া। উপচে পড়া। উছলে ওঠা। হালকা হওয়া।

বিণ. তরল পাতলা পয়রা চাপল গলৎ। গলগলে। গলিত বিগলিত তরলিত দ্রবীভূত বিদ্রাবিত। রসাল। দ্রবণীয় দ্রাব্য। সম্পৃক্ত,-দ্রবণ অতিসম্পৃক্ত। অসম্পৃক্ত। গ্যালগ্যালে। টলটলে টলমলে তলতলে।

৩৮৩। অর্ধতরলতা

বি. অর্ধতরলতা। সান্দ্রতা। সংসক্তি। আঠা কাঁই লেই। মাড় ফেন। ঝোল আকনি। নির্যাস। স্টার্চ। গাম। জেল জেলি জেলাটিন। নবনী ননি মাখন। ঘোল মাঠা। দই দধি। ইমালশন। কর্দম কাদা পঙ্ক পাঁক হোড় গারা গঁদলা জলকাদা জম্বাল। শ্লেষ্মা কফ সর্দি শিকনি গয়ের।

ক্রি. ঘন করা। তঞ্চন করা। মন্থন করা। মাখন তোলা। সানা। দই বসানো।

বিণ. অর্ধতরল অর্ধজমাট সান্দ্র অর্ধগলিত আধাঘন। আঠাল চটচটে লসলসে। তলতলে। নবনী,-বৎ,-কল্প। কর্দমাক্ত কর্দমিত কাদামাখা পঙ্কিল পাঁকাল গঁদলা দলক।

৩৮৪। মণ্ড

বি. মণ্ড জাউ ক্বাথ। মাখন। মাণ্ডা। পেস্ট টুথপেস্ট। স্কোয়াশ ক্রাশ। সস আচার মোরব্বা জ্যাম। মাখন। দই দধি। সানা। দলা পিণ্ড। কাগজের মণ্ড পাল্প। পাপিয়ে-মাশে। পুলটিশ। ছানা।

ক্রি. তঞ্চন করা (৩৮৩)। জমানো। ছানা ফাটানো। দই বসানো। দলা। ডলা। ধামসানো। চটকানো। সানা। সানানো। মোথা। মাখা। মাড়া। পেষা। থেঁতা। থেঁতানো। নিঙড়ানো।

বিণ. মণ্ডসদৃশ। নরম। স্পঞ্জজাতীয়। থলথলে। রসাল। শাঁসাল। অর্ধতরল (৩৮৩)।

৩৮৫। তরলীকরণ

বি. তরলী,-করণ,-ভবন। দ্রবী,-করণ,-ভবন। লঘুকরণ। বিদ্রাবণ। মিশ্রণ। অনুস্রাবণ। গলন। বিগলন দ্রাব দ্রবণ। দ্রবণীয়তা। দ্রবণরেখা। দ্রবণাঙ্ক। গলনাঙ্ক। তরলীকরণ,গলন,লঘুকরণ, দ্রবণ,-তাপ। দ্রাবক মহাদ্রাবক। বিগলক। মূষা।

ক্রি. তরল করা। দ্রাব বা দ্রবীভূত করা। গলানো। গালানো। পাতন করা। চোয়ানো। ঝরানো।

বিণ. তরলীকৃত দ্রবীকৃত দ্রাবিত। তরলিত তরলীভূত। গলিত বিগলিত। বিদ্রুত। পাতিত।

৩৮৬। আর্দ্রতা

বি. আর্দ্রতা সিক্ততা সজলতা পরিপৃক্তি ভিজাভাব। বায়ুর আর্দ্রতা হিউমিডিটি। ক্লিন্নতা। ক্লেদাক্ততা ঘর্মাক্ততা। জল (৩৮৯)। বৃষ্টি (৩৮৮)। জলবিন্দু। শিশির। শীকর। নীহার। নিশাদল। বাষ্প ভাপ। ঘর্ম (২৯৭)। জলা (৩৯০)। সিঞ্চন সেচ সেচন আসেচন উপসেচন সিক্তকরণ অভিষেক অভিষেচন সেক নিষেক অবসেক উক্ষণ।

ক্রি. ভেজানো। ভিজানো। ভিজিয়ে দেওয়া। তিতানো। সেঁতানো। জলসিঞ্চন করা। জল ছিটানো। জল বা পানি দেওয়া। সেচা।

বিণ. আর্দ্র সিক্ত ভেজা ভিজা জোলো ওরসা সজল সিক্ত প্রসিক্ত আসিক্ত সেঁতানো সিঞ্চিত নিষিক্ত আর্দ্রিত সেচিত আপ্লুত পরিপ্লুত পরিপৃক্ত। ক্লিন্ন পরিক্লিন্ন প্রক্লিন্ন উন্ন উক্ষ উক্ষিত। জল,-ভেজা,-সিক্ত জাবড়া। জবজবে চপচপে সপসপে প্যাঁচপ্যাঁচে স্যাঁতস্যাঁতে। ভেজাভেজা। সোঁদা। কাকভেজা। ফেনিল সফেন। ক্লেদাক্ত। ঘর্মাক্ত স্বেদাক্ত স্বেদাপ্লুত। কাদাটে কর্দমাক্ত। হাজামজা।

৩৮৭। শুষ্কতা

বি. শুষ্কতা বিশুষ্কতা অনার্দ্রতা। রুক্ষতা জলাভাব জলহীনতা। শস্পহীনতা। উষরতা নীরসতা। অনাবৃষ্টি বৃষ্টি,-হীনতা,-স্বল্পতা খরা খরালি টান শুখো। রবিমরশুম। অবগ্রহ অবগ্রাহ। জলাভাব জলকষ্ট। নিরুদন জলবিয়োজন। শোষ শোষণ বিশোষণ জলশোষণ। উচ্ছোষণ। চোষ। জলনিষ্কাশন। চোষক,শোষক,-কাগজ ব্লটিংপেপার। বর্ষাতি রেনকোট ছাতা। ড্রায়ার হেয়ারড্রায়ার।

ক্রি. শুকানো। শুকাতে দেওয়া। রোদে দেওয়া। মেলা। মেলে দেওয়া। শোষা। শুষে নেওয়া। জল টানা। জলমারা। নিঙড়ানো।

বিণ. শুষ্ক শুকনো শুখা বিশুষ্ক। অনার্দ্র। জল,-হীন,-শূন্য। বৃষ্টি,-হীন,-বিহীন। রুক্ষ উষর নীরস রসহীন আকাট। মরুময়। চিটা। চিমড়া। খটখটে ঠনঠনে কড়কড়ে। শুঁটকি। খুশকা। নিরুদ নিরুদক নিরম্বু। ওয়াটারপ্রুফ জলাভেদ্য জলরোধক আর্দ্রতারোধক।

৩৮৮। বৃষ্টি

বি. বৃষ্টি বিষ্টি বর্ষণ বারি। মেঘ,ঘন,-রস। মেঘোদক মেঘদ্রব দিব্যোদক আকাশসলিল। জল নীরদবাহন গোধৃত পরামৃত খবারি গগনাম্বু। বৃষ্টি,-বিন্দু,-ফোঁটা। বারিবিন্দু। বৃষ্টিজল আতপবর্ষ্য। বরিষণ। বৃষ্টি,-পাত,-সম্পাত। ধারা,-পাত,-সম্পাত,-পতন,-বর্ষণ,-বর্ষ,-জল। আসার ধারাসার ডাওর। বারি,-পাত,-বর্ষণ। বৃষ্টি,বারি, বর্ষা,বাদল,বরিষণ,-ধারা। বাদল,-বর্ষণ,-বরিষণ। মেঘাম্বুপাত। মুষল,অঝোর, উতল,-ধারা। ঘোরবর্ষণ অবিরলপাত। ঝেঁপে বৃষ্টি। গুঁড়িগুঁড়ি,টিপটিপে,ঝিরঝিরে,-বৃষ্টি। ইলশেগুঁড়ি। শিলাবৃষ্টি। সুবৃষ্টি। অতিবৃষ্টি। পশলা। একবারের বর্ষণ। বর্ষা বাদল বাদলা। বৃষ্টি,বর্ষা,-বাদল। ভরা,-বাদল,-ভাদর। ঝড়,-বৃষ্টি,-বাদল। বর্ষাকাল প্রাবৃট প্রাবৃষ প্রাবৃষা। আষাঢ় শ্রাবণ। বাদল,-বাতাস,-বায়ু,-হাওয়া। জোলো হাওয়া। বাদল,বাদলা,-দিন। বৃষ্টিবাদলার দিন। বাদল,-রাত,-নিশীথ বাদলারাত। ঝড়ের রাত। দুর্যোগের

রাত। বাদল,-সাঁঝ,-সন্ধ্যা। দুর্যোগ। খারাপ আবহাওয়া। শিশির শিশিরকণা নীহারবিন্দু হিমজল পালা খজল শবনম মিহিকা হিমিকা খবাষ্প শীকর হিম। রাত্রি,রজনী,-জল। বৃষ্টিমানযন্ত্র বৃষ্টিমাপক রেইনগেজ। বারিমণ্ডল। মেঘ (৩৯৬)। বর্ষাতি রেইনকোট ওয়াটারপ্রুফ।

ক্রি. বৃষ্টি পড়া বা ঝরা। বৃষ্টি নামা। বৃষ্টি আসা। জল হওয়া। আকাশ ভাঙা। বৃষ্টি থামা বা ধরা। হিম পড়া।

বিণ. বৃষ্ট বর্ষিত কৃতবর্ষণ। সিক্ত আর্দ্রীকৃত। বৃষ্টি, -ভেজা,-সিক্ত,-স্নাত,-ধোওয়া। জল,বর্ষা, -ভেজা। বৃষ্টি,-স্নিগ্ধ,-সজল। বর্ষণ,-সিক্ত, -স্নাত। বর্ষণ,বর্ষা,-ধৌত। বৃষ্টি,বর্ষণ,-মুখর। বৃষ্টি,বর্ষা,বর্ষণ,বরিষণ,-মুখরিত। বর্ষণমন্দ্রিত। বর্ষণশীল। বাদলা বাদুলে। দুর্যোগপূর্ণ। ঝিরঝিরে টিপটিপে গুঁড়িগুঁড়ি ঝমঝমে। সজল। জল,বর্ষণ, -গর্ভ। বর্ষণোন্মুখ। শৈশির।

ক্রি-বিণ. মুষলধারে ঝমঝমিয়ে। রিমঝিমিয়ে। ধারাকারে।

৩৮৯। জল

বি. জল পানি সলিল নীর অপ অম্বু অম্ভ উদ উদক উড়ু পয় তোয় সরঃ ইরা ইলা পুষ্কর পাথঃ বর্বুর সম্বর তামর বারুণ। জীবন প্রাণদ। জল, -কণা,-কণিকা,-বিন্দু বারিবিন্দু। শীকর। জলীয় বাষ্প।

স্বচ্ছ,নির্মল,পরিষ্কার,-জল। ঘোলা,অপরিষ্কার, -জল। মৃদু জল। খর,গুরু,-জল। ভারি,-জল, -পানি।

জলপ্রবাহ (৩৯১)। প্রবহ প্রবাহ ধারা স্রোত। জোয়ার জলোচ্ছ্বাস। জলস্তম্ভ। জল,-সত্র,-ছত্র। প্রপা প্রপান। পানীয় জল। জল,পানি,-সরবরাহ। মিঠা পানি। নদীর জল। সমুদ্রের জল। বৃষ্টি (৩৮৮)। জলাশয় (৩৯১)। জলপাত্র (১৮৯)।

জলবাহক ভারি ভিস্তি। কল ট্যাপ। নল পাইপ। বেসিন সিঙ্ক সিসটার্ন। চৌবাচ্চা। রিজার্ভয়ের। পাম্প। প্লাম্বিং। ধারাস্নান। ভৃঙ্গার ঝারি। ফোয়ারা। শাওয়ার। জল,-কেলি,-ক্রীড়া। জল, -বিহার,-ভ্রমণ। জলচক্র। জলযান (২৬৬)। জল,-চর,-জন্তু (৪০৬)।

জলদেবতা বরুণ। জল,-পরী,-কন্যা মীনকুমারী। জলবিজ্ঞান হাইড্রোলিক্স। জলদর্শক। জলমিতি।

বিণ. জলীয় জোলো সলিলী। ঔদক ঔঘ বার্য। জলা আনূপ কচ্ছ জলবহুল জল,-ময়,-মগ্ন, -পূর্ণ,-ভর্তি,-ভরা। জলপ্লাবিত। জলসিক্ত জলার্দ্র আর্দ্র (৩৮৬)। অব্জ জল,অম্বু,নীর,বারি,উদ, -জ। জলজাত। সুজলা।

৩৯০। জলপ্রবাহ

বি. জল,বারি,-প্রবাহ সরি জলস্রোত ধারা বারিধারা প্রবাহ স্রোত রয়। দর ক্ষরণ (২৯৭) অভিষ্যন্দ। ফিনকি তোড় বেগ কোপ চোট।

নদী নদ তটী তটিনী সরিৎ বহা বাহিনী প্রবাহিনী হ্লাদিনী স্রোতোবহা স্রোতস্বতী স্রোতস্বিনী তরঙ্গিনী কল্লোলিনী নির্ঝরিণী পয়স্বিনী শৈবালিনী ধুনী মন্দাকিনী অপগা আপগা নিম্নগা সমুদ্র, -কান্তা,-বল্লভা,-দয়িতা। গাঙ গঙ্গা নাহার দরিয়া নই। পার্বত্য,পাহাড়ী,-নদী গিরিতরঙ্গিণী। অন্তঃসলিলা অন্তঃশীলা ফল্গু,-ধারা। মজানদী মরা,-নদী,-গাঙ। শাখানদী। উপ,-নদ,-নদী। নদী,-গর্ভ,-খাত। নদীমুখ মোহনা খাঁড়ি। নদীর বাঁক। নদী,-তট,-কূল,-তীর। মাঝ,-নদী,-দরিয়া। নদী উপত্যকা দোআব অববাহিকা বেসিন। জলবিভাজিকা। জাতীয় নদী। আন্তর্জাতিক নদী।

প্রয়াগ নদীসংগম। ত্রিবেণী তেমোহনা। দোমোহনা। নদীপথ খাল ক্যানেল চ্যানেল খাত সোঁতা খাঁড়ি। প্লাবন বন্যা বান আপ্লব আপ্লাবন জলপ্লাবন জলস্ফীতি জলোচ্ছ্বাস গর্কি। পরিপ্লব মহাপ্লাবন প্লাবিতা। জোয়ার কটাল ভরা,তেজ,-কটাল পূর্ণজোয়ার। ষাঁড়াষাঁড়ির বান। ভাটা মরাকটাল।

জলপ্রপাত প্রপাত ফলস্। ঝরনা নির্ঝর ঝরা ঝোরা প্রস্রবণ উৎস ফোয়ারা। শাওয়ার ধারাযন্ত্র। উষ্ণপ্রস্রবণ।

জলঘূর্ণি ঘূর্ণিজল ঘূর্ণাবর্ত ঘূর্ণিস্রোত।

জল,-কল্লোল,-তরঙ্গ,-ঢেউ। তরঙ্গ ঊর্মি বীচি লহর লহরী মউজ। উৎকলিকা কল্লোল হিল্লোল উল্লোল তরঙ্গ,-মালা,-লহরী,-বিক্ষোভ,-ভঙ্গ, -তাড়ন। বীচি,-মালা,-ভঙ্গ,-বিক্ষোভ চলোর্মি।

জলনালী নালী নালি নালা। পয়োনালী পয়ঃ,জল, -প্রণালী নর্দমা ড্রেন মুড়ি মুহরি ঝাঁঝরি। স্রোতঃপথ সুঁতি। পাইপ রেনওয়াটার পাইপ হোজ টিউব স্ট্র নল। পিচকারি সিরিঞ্জ। সাইফন। জল,-নিকাশ, -নির্গম। জলনিকাশিব্যবস্থা জলনির্গমনী।

ক্রি. বহা। বয়ে চলা। চলা। উপচে পড়া। উছলে ওঠা। ঝরা। ক্ষরা। চোয়ানো। চুইয়ে পড়া। দরদর ঝরঝর বা গলগল করে পড়া বা ঝরা। জল ভাঙা।

বিণ. বহমান প্রবহমান বহন্ত বহতা আবহমান। প্রবাহিত। বাহী প্রবাহী স্রোতা স্রোতোময়। খর, -স্রোতা,-বাহিনী। নদীজ নাদেয় নাদ্য। নদীমাতৃক নদীবহুল। নাব্য। প্লুত প্লাবিত আপ্লাবিত পরি,অভি,-প্লুত জল,-মগ্ন,-প্লাবিত।

বন্যা,-প্লাবিত,-কবলিত,-বিধ্বস্ত। বন্যাপ্রবণ। প্লাবী। বেনো। কূল,-প্লাবী,-ছাপানো,-ভাঙা। দুকূল,-প্লাবী,-ভাঙা। উদ্বেল উত্তাল। বেলাতিগ। প্লাবক। বন্যার্ত বন্যা,-পীড়িত,-ক্লিষ্ট,-গ্রস্ত,-দুর্গত বানভাসি। জলবন্দী।

তরঙ্গিত উৎকলিত কল্লোলিত হিল্লোলিত তরঙ্গায়িত তরঙ্গিম তরঙ্গময় তরঙ্গ,-সংকুল, -বন্ধুর,-বিক্ষুব্ধ,-সংক্ষুব্ধ তরঙ্গাকুল তরঙ্গ, -সমাকুল,-সমাকীর্ণ ঊর্মি,-ময়,-মুখর ঊর্মিল। তরঙ্গহীন নিস্তরঙ্গ।

৩৯১। জলাশয়

বি. জলাশয় হ্রদ লেক সরঃ সরস সরসী সরোবর সায়র। পুকুর পুষ্করিণী তলাও তড়াগ দীঘি বাপী ঝিল ডোবা পল্বল গোষ্পদ পগার মেটেল খানাডোবা। উপহ্রদ দেবখাত অখাত। পানাপুকুর মজা,এঁদো,-পুকুর। খিড়কিপুকুর। তালপুকুর।

জলা,-ভূমি বিল খালবিল। দহ দ ডহর হাওড় বাদা অনূপ কচ্ছ। বাঁওর। কাসার। বদ্ধজলা। খানা,-ডোবা খন্দ খানাখন্দ জুলি। নয়ান,খালি, -জুলি। পুলিপোস্তা পিট। কুণ্ড। ইঁদারা কুয়ো কূপ পাতকুয়ো। নলকূপ টিউবওয়েল টিউকল। গভীর অগভীর,-নলকূপ ডিপ,শ্যালো,-টিউবওয়েল। আর্টিজীয়-কূপ আর্টেজান-ওয়েল। ভূগর্ভস্থ জল। জলস্তর। চৌবাচ্চা ট্যাঙ্ক রিজার্ভয়ের। অ্যাকুয়ারিয়াম।

বিণ. বদ্ধ রুদ্ধস্রোত স্রোতহীন নিঃস্রোতা।

৩৯২। সমুদ্র

বি. সমুদ্র সাগর সায়র সিন্ধু অর্ণব সরিৎপতি দরিয়া পারাবার পাথার অকূল,-পাথার জল,বারি,উদ,অম্বু,নীর,তোয়,-ধি। জল,বারি, অম্বু,নীর,তোয়,-নিধি পয়োধি পয়োনিধি অম্ভোধি অম্ভোনিধি জলেন্দ্র জলেশ জলেশ্বর জলাধিপ জল,বারি,-ধর বারীন্দ্র বারীশ নীলাম্বু দ্বীপী রত্নাকর রত্নগর্ভ। মহা,-সমুদ্র,-সাগর,-সিন্ধু: প্রশান্ত ভারত অতলান্তিক সুমেরু কুমেরু দক্ষিণ।

সাতসমুদ্র। বহিঃসমুদ্র বারদরিয়া। উপসাগর লেগুন। সাগর,সমুদ্র,-সঙ্গম। সমুদ্র,-তট,-তীর, সৈকত। সাগর,-বেলা,-সৈকত। সি-বিচ। সমুদ্রোপকূল। সমুদ্রজল। নীলাম্বুরাশি। নোনাজল। সমুদ্রমন্থন। সমুদ্রগর্ভ। সমুদ্রস্নান। সমুদ্রযাত্রা। সমুদ্রযান অর্ণবপোত জাহাজ (২৬৬)। সমুদ্রপথ সমুদ্রবিজ্ঞান। মীনকুমারী জলপরী। ডলফিন।

ক্রি. সমুদ্র যাত্রা করা। সাগরপাড়ি দেওয়া। কালাপানি পার হওয়া।

বিণ. সামুদ্র সামুদ্রিক সামুদ্রক সমুদ্রীয় সাগরিক। সাগরিকা। সসাগরা। আসমুদ্র। সমুদ্র,-জ,-জাত সৈন্ধব। সমুদ্রগর্ভস্থ। মহাসাগরীয়। নৌসংক্রান্ত। সমুদ্রগামী। সমুদ্রোপযোগী।

৩৯৩। বাষ্প

বি. বাষ্প ভাপ ভেপার গ্যাস। শ্বাস প্রশ্বাস। ধূম্র ধূম ধোঁয়া ধূমোদ্গার। ধোঁয়াশা। ধূপন। জলীয় বাষ্প স্টিম। মেঘ (৩৯৬)। কুয়াশা। বাতাস (৩৯৪)।

বাষ্পীয়তা বায়বীয়তা উদ্বায়িতা। বায়বীয়,বায়ব, -পদার্থ। প্রাকৃতিক গ্যাস। রান্নার-গ্যাস এল-পি জি। বায়োগ্যাস গোবর-গ্যাস। নিষ্ক্রিয়গ্যাস: হিলিয়াম নিয়ন আরগন ক্রিপটন জেনন রেডন। নির্গত,বিষাক্ত,দুর্গন্ধ,-গ্যাস। কাঁদানে গ্যাস।

বাষ্পীকরণ বাষ্পায়ন গ্যাসীকরণ। স্ফুটন। পাতন ঊর্ধ্বপাতন চোলাই পরিস্রাবণ। অন্তর্ধূম পাতন। স্ফুটনাঙ্ক বয়েলিং-পয়েন্ট। শুষ্কিকরণ নিরুদন। বাষ্পীভবন গ্যাসীভবন। গ্যাসজনিত্র। বাষ্প,গ্যাস,-মিতি,-মাপক,-মিটার।

ক্রি. বাষ্পীভূত করা। গ্যাসীভূত করা। বাতান্বিত করা। চোলাই করা। জল বা রস মারা। শুকানো। শোষানো। ভাপ ওঠা বা বের হওয়া। ধূমো হওয়া। উবে যাওয়া।

বিণ. বাষ্পীয় গ্যাসীয় গ্যাসজাত বাষ্প,-ময়,-পূর্ণ বাষ্পাচ্ছন্ন বাষ্পাকুল। ফুটন্ত। বাষ্পীকৃত বাষ্পীভূত গ্যাসীভূত। বাতান্বিত বাতাসযুক্ত। ধূমায়িত ধূমায়মান ধোঁয়াটে ধূমিত প্রধূমিত। উদ্বায়ী। বায়বীয় বায়ব্য। ভ্যাপসা।

৩৯৪। বায়ু

বি. বায়ু বাতাস বায় বাত হাওয়া পবন সমীর সমীরণ অনিল মরুৎ মারুত নভঃশ্বাস নভস্বান জগৎপ্রাণ সদাগতি শব্দবহ গন্ধ,-বহ,-বাহ অগ্নি,বহ্নি,-সখ। ইথার। ওজোন। বায়ুগর্ভ। বায়ুগহ্বর বায়ুচ্ছেদ। বায়ু,অন্তরীক্ষ,-মণ্ডল বায়ুস্তর বাতাবরণ অ্যাটমস্‌ফিয়ার। স্ট্রাটোস্‌ফিয়ার। আয়নোস্‌ফিয়ার। বায়োসফিয়ার জীবমণ্ডল।

আবহাওয়া আবহ ওয়েদার জল,-হাওয়া,-বাতাস। জলবায়ু ক্লাইমেট। আবহাওয়াবিজ্ঞান আবহ, -বিদ্যা,-বিজ্ঞান মিটিওরোলজি। বায়ুচাপ চাপমানযন্ত্র ব্যারোমিটার। বায়ু,-প্রেষলেখ্, -প্রেষদৃক্। বায়ু,-গতিবিদ্যা,-মণ্ডলবিদ্যা বায়ুভূগোল। আবহবার্তা আবহাওয়াপূর্বাভাস। আবহ,-সূচনা,-সঙ্কেত। ওয়েদার-ফোরকাস্ট। আবহাওয়া দপ্তর। বায়ুশকুন ওয়েদারকক। বায়ুদূষণ। শীততাপ,শীতাতপ,-নিয়ন্ত্রণ এয়ারকন্ডিশন এয়ারকুলার। হাওয়াকল বাতচক্র উইন্ডমিল। বায়ুদেবতা পবন,-দেব মরুৎপতি। বায়ুপ্রবাহ (৩৯৫)।

ক্রি. বাতাস করা বা দেওয়া। হাওয়া করা বা দেওয়া। বাতাস চলা। হাওয়া খেলা। বাতাস বহা (৩৯৬)। পাখা করা।

বিণ. বায়বীয় বায়ব বায়ব্য বায়ুসম্বন্ধী। বায়ুপূর্ণ হাওয়া,-দার,-যুক্ত। বায়ু,-বৎ,-প্রায়। বায়ু,-হীন,

-শূন্য নিবাত নির্বাত অবাত। গুমট। বাতানুকূল। শীততাপ,শীতাতপ,-নিয়ন্ত্রিত।

৩৯৫। বায়ুপ্রবাহ

বি. বায়ু,-প্রবাহ,-সঞ্চালন,-নিঃসরণ। বায়ু,পবন, -বেগ বায়ু,পবন,-হিল্লোল। জলবায়ু স্থলবায়ু অয়নবায়ু প্রত্যয়নবায়ু মৌসুমিবায়ু। গর্জনকারী চল্লিশা। দক্ষিণ,-বায়ু,-বাতাস,-পবন,-সমীর দখিন,-হাওয়া,-বায়ু,-সমীরণ দখিনাবাতাস। বসন্ত,-পবন,-বায়ু,-বাতাস মলয়,-পবন,-বায়ু, -বাতাস। মলয়ানিল মলয়,-সমীর,-সমীরণ। উত্তুরে,-হাওয়া,-বাতাস। হিমেল হাওয়া। গরমহাওয়া লু হলকা।

ঝড় ঝঞ্ঝা,-বায়ু,-বাত। ঝটিকা বাত্যা তুফান প্রভঞ্জন। বাত্যাবিক্ষোভ ঝড়,-ঝঞ্ঝা,-ঝাপটা, -ঝাঁটি ঝোড়ো,-বাতাস,-হাওয়া। দমকা বাতাস ঝটকা ঝাপটা। ঝড়,-বৃষ্টি,-বাদল,-জল (৩৮৮)। আঁধি,-ঝড় ধূলিঝড়। তুষার,-ঝঞ্ঝা,-ঝড় হিমঝড় (৩১৮)। কাল,-বৈশাখী,-বোশেখি।

ঘূর্ণি,-ঝড়,-বায়,-বাত,-বাতাস,-বাত্য। ঘূর্ণ, -বায়ু,-বাত। বাতাবর্ত বাত্যাবর্ত চক্রবাত। ঝটিকাবর্ত ঝঞ্ঝাবর্ত। সাইক্লোন হারিকেন টর্নেডো টাইফুন টেম্পেস্ট। জলস্তম্ভ। মরু,-ঝড়,-ঝঞ্ঝা সিরোক্কো সাইমুম। বায়ুবিজ্ঞান বায়ুমান,-যন্ত্র বায়ুশকুন (৩৯৬)।

শ্বসন নিঃশ্বসন শ্বাস নিঃশ্বাস নিঃশ্বাসপ্রশ্বাস শ্বাস, -প্রশ্বাস,-কার্য,-কর্ম কণ্ঠবায়ু উদান। দীর্ঘনিশ্বাস। আঘ্রাণ শোঁকা। হাঁচি ক্ষুৎ। ফুঁক ফুঁ ফুৎকার ফুৎকৃতি। হাপর ভস্ত্রা ব্লোয়ার কমপ্রেসার।

বীজন ব্যজন ব্যজনী হাতপাখা টানাপাখা বিজলী -পাখা। ফ্যান সিলিং,টেবিল,পেডেস্টাল,-ফ্যান। চামর।

বায়ুনল বায়ুপথ গবাক্ষ ঘুলঘুলি ভেন্টিলেটার শুঁড়িপথ। ফানেল। নাসারন্ধ্র ক্লোমনালিকা শ্বাসনালী ক্লোমশাখা। আলজিহ্বা। ধূমাঘর ধূমপথ চিমনি।

ক্রি. বায়ু বাতাস বা হাওয়া বহা বা প্রবাহিত হওয়া। ঝড় ওঠা বা বহা। বাতাস দেওয়া। ফুঁ দেওয়া। ফুঁকা। নিঃশ্বাস নেওয়া। প্রশ্বাস ফেলা। দীর্ঘনিঃশ্বাস ফেলা। দম নেওয়া। দম ছাড়া। হাঁচি ফেলা। গন্ধ নেওয়া। শোঁকা। নস্যি নেওয়া। বাতাস করা বা চালানো। ফুলানো। পাম্প করা। বাঁশী বাজানো। গান করা। চিৎকার গর্জন বা গরগর করা। ভুক ভুক করা।

বিণ. ঝোড়ো ঝঞ্ঝা,-ক্ষুব্ধ,-বিক্ষুব্ধ,-সমাকুল। ঝটিকা,-পূর্ণ,-সঙ্কুল,-ক্ষুব্ধ,-বিক্ষুব্ধ। বাত্যা, -তাড়িত,-বিক্ষুব্ধ। বায়ু,-তাড়িত,-বিক্ষুব্ধ। ঝটিকাহত ঝঞ্ঝাহত বাতাহত। দমকা ভীষণ ভারী। হালকা ফুরফুরে। জোলো ভেজা স্যাঁতসেঁতে।

৩৯৬। মেঘ

বি. মেঘ দেয়া অভ্র ঘন। জল,অম্বু,নীর, তোয়,বারি,-দ। অম্ভোদ। জল,তোয়,অম্বু,বর্ষ, -ধর। জল,বারি,-মুক্। অম্বু,-বাহ,-বাহী। বারি, -বাহ,-বাহক,-বাহন। বায়ু,শক্র,-বাহ। জীমূত জীমূতেন্দ্র কাদম্বিনী। জল,-করঙ্ক,-ধরপটল। তড়িদ্গর্ভ গর্জ। পয়োদ পয়োধর পয়োমুক্। বলাহক ধূমিকা পর্জন্য বাতধ্বজ ধূমযোনি সরণ্যু। মরুত্বান তড়িত্বান বিদ্যুত্বান। অলক ঊর্ণা, কুণ্ডল,কোদালে,কুড়ুলে,জলো,বাদল,ঝঞ্ঝা,পুঞ্জ, পেঁজা,স্তর,পুষ্কর,সিঁদুরে,রাঙা,হাঁড়িয়া,প্রলয়, -মেঘ। সংবর্তক সংবর্তন। মেঘ,-রাজি,-জাল, -মালা। মেঘ,নীরদ,-পুঞ্জ। নবঘন। ঘনকাল।

মেঘ,-সাজ,-সজ্জা। মেঘচ্ছায়। ঘন,-ঘোর,-ঘটা ঘোরঘটা। মেঘাগম মেঘাড়ম্বর ঝামর। মেঘ, -গর্জন,-ডম্বর,-স্বন,-নিঃস্বন,-নির্ঘোষ,-ধ্বনি, -মন্দ্র,-নির্হ্রাদ। জীমূত,-নাদ,-মন্দ্র। বজ্র,-নাদ, -ধ্বনি,-নির্ঘোষ,-নিষ্পেষ। ঘনগর্জন। বজ্র বাজ কুলিশ অশনি। বজ্রাগ্নি মেঘাগ্নি ইরম্মদ দম্ভোলি। মেঘ,-জ্যোতি,-বহ্নি। বিদ্যুত। কুয়াশা কুজ্ঝটিকা কুহেলিকা নভোরজঃ কুহা।

ক্রি. মেঘ করা বা সাজা। মেঘ ঘনানো বা ঘনিয়ে আসা। ঘনানো। মেঘ জমা। ঝামরানো। আকাশ ঝামরানো। মেঘ কাটা বা কেটে যাওয়া। আকাশ পরিষ্কার হওয়া।

বিণ. মেঘলা মেঘাচ্ছন্ন ঘনাচ্ছন্ন। মেঘ,-মেদুর, -মগ্ন,-মগন। মেঘমেঘ। মেঘাবৃত ঘনাবৃত সঘন। মেঘান্ধকার। মেঘ,-তিমির,-কজ্জল। মেঘনীল। মেঘস্নিগ্ধ। মেঘসমাকুল। মেঘ,-মন্দ্রিত,-স্বনিত, -গম্ভীর। বজ্রসচকিত।

৩৯৭। বুদ্বুদ

বি. বুদ্বুদ বিম্ব জল,-বিম্ব,-বুদ্বুদ বুজকুড়ি বুঁদ বুঁদি বুড়বুড়ি ভুড়ভুড়ি ফুট বিমকি ফেনাগ্র। বুদ্বুদন। ফোসকা। ফেনা ফেন ফেনক জলহাস হিণ্ডীর বোল ডিণ্ডির। পয়ঃফেন। সমুদ্র,-কফ, -ফেন। গাদ গাঁজ গ্যাঁজলা। শিটা কাইট। খাম্বিরা খামির খামি সন্ধান। কিণ্ব ইস্ট সুরাসার। গাঁজন। স্ফুটন। উত্তেজন উচ্ছ্বাস। মাতন।

ক্রি. বুদ্বুদ ওঠা। বুজকুড়ি তোলা। ফেনা হওয়া। ফেনানো। গাঁজানো। গাঁজা। গেঁজে ওঠা। মাতা। ফুটা। ফুটে ওঠা। ফোঁসফোঁস বা হিসহিস শব্দ করে ফোটা। মাতানো। পচানো। জাগ দেওয়া। জাগে পাকানো।

বিণ. বুদ্বুদময়। বুদ্বুদিত বুদ্বুদী। ফুটন্ত। ফেনিল ফেনায়মান সফেন ফেনায়িত। বাতান্বিত। সন্ধিত গাঁজানো ভুরভুরে। ভড়ভড়ে।

৩৯৮। জৈব বস্তু

বি. জৈব,-বস্তু,-পদার্থ। জৈবতা। জীবন (৩৯৯)। গঠন সংগঠন। আকার আয়তন অঙ্গসংগঠন। জীবনছন্দ। দেহচ্ছন্দ। বৈশিষ্ট্য স্বাতন্ত্র্য জিন প্রোটোপ্লাজম প্রাণপঙ্ক জীববীজ। প্লাজম জীবকোষ প্রাণকোষ রক্তরস রক্তবস্তু। বৃহদাণু ম্যাক্রোমলিকিউল। আমিষ প্রোটিন। শ্বেতসার। কারবোহাইড্রেট নিউক্লিয়াস ক্রোমোসোম। ক্রোমাটিন। কোষবিভাজন। প্রত্যক্ষ কোষবিভাজন অ্যামাইটোসিস। পরোক্ষ কোষবিভাজন মাইটোসিস। বিয়োজন বিভাজন মাইওসিস। নিউক্লিয়িক অ্যাসিড। রাইবো-নিউক্লিয়িক -অ্যাসিড আর-এন-এ। ডি-অক্সিরাইবোজ -নিউক্লিয়িক-অ্যাসিড ডি-এন-এ।

জননকোষ বীজকোষ অণ্ডকোষ ডিম্বকোষ। রেণু পরাগ। সেলুলোজ। উপচিতি অবচিতি বিপাক মেটাবলিজম। বৃদ্ধি পুষ্টি। প্রজনন। উত্তেজিতা সংবেদনশীলতা। অভিযোজন অ্যাডপটেশান। পরিব্যক্তি মিউটেশান। বিচলন ছন্দ। জীবচক্র জীবনকাল নশ্বরতা জীবাশ্ম ফসিল। অঙ্গসংস্থানবিদ্যা মরফোলজি। শারীরস্থান অঙ্গব্যবচ্ছেদবিদ্যা অ্যানাটমি। কলাস্থানবিদ্যা হিস্টোলজি। কোষবিদ্যা সাইটোলজি। শারীরবিদ্যা ফিজিঅলজি। ভ্রূণতত্ত্ব এমব্রায়োলজি। জিনতত্ত্ব জেনেটিক্স। পরিবেশবিদ্যা ইকোলজি। বিবর্তন অভিব্যক্তি ইভলিউশান। প্রাণিবিজ্ঞান (৪০৮)। উদ্ভিদবিজ্ঞান। প্রাণিপ্রত্নতত্ত্ব প্রত্নজীববিদ্যা। প্রাণিভূগোল। প্রাণীর আচরণবিদ্যা। মলিকিউলার বায়োলজি। অনুজীববিদ্যা মাইক্রোবায়োলজি। জীবপদার্থবিদ্যা বায়োফিজিক্স। প্রাণরসায়ন বায়োকেমিস্ট্রি। জীবমিতি বায়োমেট্রি। জীবপ্রযুক্তি বায়োটেকনোলজি। প্রাকৃতিক বিজ্ঞান।

বিণ. জৈব জীবঘটিত অর্গানিক। জীবনীয়। জীব,প্রাণি,-জ। জীবজাত জান্তব জীবী। জীবসম্বন্ধীয় জীবজাগতিক। অবয়বী অঙ্গী। কোষময়। অশ্মীভূত শিলীভূত।

৩৯৯। জীবন

বি. জীবন প্রাণ পরান জান জিন্দিগি হায়াত লাইফ। প্রাণবায়ু অসু পঞ্চপ্রাণ,-বায়ু। আত্মা পরমাত্মা জীবাত্মা অন্তরাত্মা আত্মারাম আত্মাপুরুষ চিদাভাস পুরঞ্জন পুনর্ভবী। প্রাণ,-পাখী,-ভোমরা। জীব সত্তা অস্তিত্ব চেতনা চৈতন্য। জীবন,জীবৎ,জীবিত,-কাল। আয়ু হায়াত জীবদ্দশা জীবিতাবস্থা। জীবনীশক্তি। প্রাণ,-শক্তি,-স্ফুলিঙ্গ। প্রাণ,-স্পন্দ,-স্পন্দন। প্রাণময়তা সজীবতা। জিজীবিষা। জীবন,প্রাণ,-ধারণ। জীবনযাত্রা প্রাণন দেহধারণ। প্রাণকোষ। প্রাণাঙ্কুর প্রাণপঙ্ক আদিপঙ্ক প্রোটোপ্লাজম। প্রাণাপান। নিঃশ্বসন। শ্বাস-প্রশ্বাস নিঃশ্বাস দম হাঁপ ধুঁকনি। অক্সিজেন অম্লজান। জীবন,প্রাণ,-সঞ্চার। জীবন,প্রাণ,-দান। জীবন্যাস প্রাণপ্রতিষ্ঠা। জিয়নকাঠি। পুনর্জীবন নবজীবন প্রত্যুজ্জীবন পুনর্জন্ম। বাঁচন বাঁচোয়া। ইহ,পার্থিব,মর,-জীবন,-লোক। ইহ,মর্ত্য,-সংসার। ভব,জীব,-লীলা। জীবনজিজ্ঞাসা। প্রাণতপস্যা। জীবনী। প্রাণিজগৎ। জীবজগৎ। প্রাণিবিজ্ঞান (৪০৮)। ভ্রূণ,-তত্ত্ব,-বিদ্যা। লালনপালন পুষ্টিবিধান পুষ্টি খাদ্য (২৯৪)। পরজীবন।

ক্রি. বাঁচা বর্তা জীবন বা প্রাণ ধারণ করা। জিন্দা থাকা। বেঁচে থাকা। রহা টেকা বা টিকে থাকা। প্রাণ থাকা। জন্ম নেওয়া। জন্ম হওয়া বা গ্রহণ করা। ভূমিষ্ঠ হওয়া। প্রাণ পাওয়া। জন্ম দেওয়া (১৬৬)। জীবন বা প্রাণ সঞ্চার বা প্রতিষ্ঠা করা। বাঁচানো। টেকানো। জিয়ানো। টিকিয়ে বা জিইয়ে রাখা। প্রাণরক্ষা করা। নবজীবন দান করা। পুনর্জীবিত করা। বেঁচে ওঠা। প্রাণ ফিরে পাওয়া। বেঁচে বর্তে থাকা। ধুঁকা।

বিণ. জীবৎ জীবন্ত জ্যান্ত জীয়ন্ত জিন্দা জীবিত প্রাণবান। সজীব সচেতন জিওল। প্রাণ,-বন্ত,-ময়,-পূর্ণ,-বিশিষ্ট। জলজ্যান্ত সপ্রাণ। অজড় চেতন। বর্তমান বিদ্যমান। জিজীবিষু। জঙ্গম। উদ্দীপ্ত উজ্জীবিত। জীবন,প্রাণ,-দাতা। সঞ্জীবনী প্রাণদায়ী জীবক জীবদ প্রাণদ প্রাণপ্রদ জীবনীয় জীবনদায়ক।

ক্রি-বিণ. আজীবন।

৪০০। মৃত্যু

বি. মৃত্যু মরণ মার অন্ত অত্যয় গতি মওত ফৌৎ ওফাৎ। প্রাণান্ত প্রাণাত্যয় দেহান্ত দেহাবসান প্রয়াণ মহাপ্রয়াণ। তিরোধান তিরোভাব লোকান্তর মহাপ্রস্থান পরলোকগমন শেষনিঃশ্বাস প্রাণত্যাগ ইন্তেকাল। প্রাজাপত্য। উৎক্রান্তি। দেহ,-রক্ষা,-পাত,-ত্যাগ,-নাশ। চির,মহা,-নিদ্রা। কাল,ঘুম,-নিদ্রা। অনন্ত,-নিদ্রা,-শয়ন,-শয্যা। জীবনান্ত জীবনাবসান। চির,-বিদায়,-শান্তি। ফানা। বিনাশ শেষ অবসান। মোক্ষ নির্বাণ। বিয়োগ। অক্কাপ্রাপ্তি। পঞ্চত্বপ্রাপ্তি। স্বর্গলাভ। গঙ্গাপ্রাপ্তি। মহা,পথ,-গমন,-যাত্রা। কালগ্রাস। নিপাত। অপমৃত্যু অপগমন অপঘাত। নশ্বরতা মরণশীলতা। মৃত্যুদেবতা যম শমন। কৃতান্ত অন্তক মহিষবাহন দণ্ডধর দণ্ডী ধর্মরাজ। মালেকুলমওত আজরাইল। ইস্রাফিল।

নিদানকাল মুমূর্ষা অন্তিমদশা আসন্নকাল মরণদশা। অন্তিম,-কাল,-সময়। মৃত্যু,মরণ,-কাল। কালঘাম মৃত্যুর,-কবল,-ছোবল। মৃত্যুযন্ত্রণা। যম,-যন্ত্রণা,-যাতনা। মরজুলমওত

মরণব্যাধি। শিয়রে শমন। নাভিশ্বাস। মৃত্যু, -চিহ্ন,-লক্ষণ। কালচিহ্ন। কালগ্রাস মরণপাখা। জন্মমৃত্যু মনপবন। মৃত্যু,শেষ,অন্ত,-শয্যা। অন্তিম,শয্যা,-শয়ন। কৃষ্ণ,গোবিন্দ,স্বর্গ,-প্রাপ্তি। শমনদ্বার। অন্তর্জলি নাভিশ্বাস। মৃতদেহ শব লাশ মড়া মুরদা মৃতক। অন্ত্যেষ্টিক্রিয়া (৪০২)। কঙ্কাল মরদেহ। দেহাবশেষ ছাই ভস্ম মাটি। মমি ভূত প্রেত প্রেতযোনি অশরীরী ছায়া অপচ্ছায়া। আত্মা রুহ। শবসাধনা।

ক্রি. ডাক্তারের জবাব দেওয়া। সময় হওয়া। মৃত্যু হওয়া। মরা। মরে যাওয়া। মারা যাওয়া। ইহলোক ছাড়া। পৃথিবীর মায়া কাটানো। ভবলীলাসাঙ্গ করা। ইহলীলা সংবরণ করা। লীলাখেলা সাঙ্গ হওয়া। পরলোক গমন বা যাত্রা করা। পরপার যাত্রা করা। ইন্তেকাল করা। দেহ রাখা। শেষ নিঃশ্বাস ত্যাগ করা। গতি হওয়া। দম যাওয়া বা ফুরানো। জান বা প্রাণ যাওয়া বা দেওয়া। অক্কা পাওয়া। পঞ্চত্ব পাওয়া। পটলতোলা। টাঁসা। টেঁসে যাওয়া। কালগ্রাসে পড়া বা পতিত হওয়া। দেহান্তর হওয়া। স্বর্গে যাওয়া। যমের বাড়ি যাওয়া। কবরে বা গোরে যাওয়া। চিতায় ওঠা। শেষ হয়ে যাওয়া। পঞ্চভূতে লীন হওয়া। চুলোয় যাওয়া। যমে ধরা। আত্মারাম খাঁচা ছাড়া হওয়া। খাবি খাওয়া। খসা। চোখ বোঁজা। শিঙা ফুঁকা।

বিণ. মৃত মরা। গত গতাসু বিগত পরলোকগত অপগত লোকান্তরিত মরহুম। ফৌত। স্বর্গত স্বর্গীয় প্রয়াত তিরোভূত চিরনিদ্রিত চিরনিদ্রাভিভূত। অক্কাপ্রাপ্ত পঞ্চত্বপ্রাপ্ত। গত, -জীবন,-প্রাণ। গতায়ু। প্রমীত। পরাসু নিষ্প্রাণ প্রাণহীন বিগতপ্রাণ। শহীদ। নশ্বর মরণশীল মর। মুমূর্ষু প্রাপ্তকাল মৃতপ্রায় মরণাপন্ন মরণোন্মুখ মরমর এখন-তখন যায়-যায় ক্ষীণশ্বাস আসন্নমৃত্যু। মৃতকল্প জীবন্মৃত অর্ধমৃত আধমরা। বাঁচে কি মরে। যমে মানুষে টানাটানি। ওষ্ঠাগত,কণ্ঠাগত,-প্রাণ। হয়ে এসেছে। হয়ে এল। ঘাটের মড়া। নিস্পন্দ অসাড়। ঠাণ্ডা। কাঠ। পারলৌকিক। মৃত্যুকালীন।

৪০১। হত্যা

বি. হত্যা হনন মারণ বধ নিধন নিসূদন সংহার নাশ প্রণাশ বিনাশ পর্যাস নিকাশ মার্ডার। খুন নিমখুন ঘাতন কতল জবেহ প্রাণনাশ পরিঘাতন সংহরণ সংহারণ সংহনন প্রাণসংহার ব্যাপাদন নিবর্হণ বিপাদন প্রত্যবহার ক্ষণন আলম্ভ। জিঘাংসা। খুনখারাবি খুনাখুনি খুনজখম মারামারি কাটাকাটি মারপিট যুদ্ধ। আততায়িতা। প্রতিহনন পাল্টাখুন। নরহত্যা নরমেধ লোকসংহার মানুষখুন। গণ, -হত্যা,-নিধন কাতলে-আম জেনোসাইড। পিতৃহত্যা মাতৃহত্যা ভ্রাতৃহত্যা রাজহত্যা প্রভুহত্যা গুরুহত্যা। অপত্য,সন্তান,-হত্যা। বধূ,গৃহবধূ, -হত্যা। গুপ্তহত্যা গুমখুন। ভ্রূণহত্যা গর্ভনাশ। প্রাণি,জীব,-হত্যা। পশু,-হত্যা,-বধ। শিকার মৃগয়া। চোরাশিকার পোচিং। জবাই কোরবানি বলি বলিদান পশুবলি। শসন সূনা। মারণাস্ত্র। মরণকামড় শেষকোপ। শিরশ্ছেদ। শ্বাসরোধ কণ্ঠরোধ।

আত্ম,-হত্যা,-হনন,-ঘাত,-নাশ,-বিনাশ। সুইসাইড। ইচ্ছা,স্বেচ্ছা,-মৃত্যু। মরণেচ্ছা মরণাভিলাষ। মরণ,মৃত্যু,-সাধ। সহ,অনু,-মরণ। সতীদাহ। বিষপান। জহরব্রত। হারাকিরি। উদ্বন্ধন ফাঁসি গলায় দড়ি। আত্মাহুতি শাহাদাত। কোরবানি। প্রাণ,-দান,-পাত। জীবন,-দান, -বিসর্জন। আত্ম,-দান,-বলি। প্রাণোৎসর্গ জীবনোৎসর্গ আত্মোৎসর্গ।

প্রাণদণ্ড মৃত্যুদণ্ড। মৃত্যুদণ্ডাজ্ঞা মৃত্যুপরোয়ানা। ফাঁসির হুকুম। হত্যাবিধি হননকৌশল। মুণ্ডুচ্ছেদ মুণ্ডুচ্ছেদন শীর্ষচ্ছেদ শিরশ্ছেদ শিরশ্ছেদন। গিলোটিন। বধ্যভূমি বধস্থান বধস্থলী হত্যাগৃহ। আঘাতন। ফাঁসির মঞ্চ। যূপকাষ্ঠ হাড়িকাঠ। দড়িকলসি। ইলেকট্রিকচেয়ার। গ্যাসচেম্বার। ফায়ারিংস্কোয়াড। কসাইখানা শামিত্র স্লটারহাউস। ওত।

হত্যা,হনন,-কারী। ঘাতক ঘাতী খুনে খুনী হন্তা হন্ত্রী হন্তারক নিহন্তা সংহারক সংহর্তা। বধ, -কর্তা,-কারী। প্রাণ,-হন্তা,-হন্ত্রী। বধী বধক আততায়ী সূদন নিসূদন বিনাশক জম্ঘু মারক। অপ,-ঘাতী,-ঘাতক। গুপ্তঘাতক। পিতৃ,-হন্তা, -ঘাতী। মাতৃ,-ঘাতী,-হন্তারক। পতি,-ঘ্ন,-ঘ্নী, -ঘাতিনী। পত্নীহন্তারক স্ত্রীহত্যাকারী। অপত্য, -ঘাতী,-ঘাতক,-হন্তা,-হন্তারক। সন্তানঘাতী। ভ্রূ,-ঘ্ন,-ঘাতক শিকারী ব্যাধ নিষাদ। কিরাত আখেটিক আখেটক আখেটি অক্ষটী পাশী লুব্ধক ধীবর তীবর তীয়র। চোরাশিকারী পোচার। প্রতি, -হন্তা,-হর্তা। কসাই। জল্লাদ। ফাঁসুড়ে। অন্তক যম শমন কৃতান্ত অন্তকর। নরখাদক আদমখোর। মর্গ মড়িঘর লাশকাটাঘর। ময়না,-তদন্ত শবব্যবচ্ছেদ পোস্টমর্টেম অটোপ্সি। কবর উন্মোচন।

ক্রি. হত্যা করা। খুন করা। মারা। কতল বা জবাই করা। শেষ করা। মেরে ফেলা। প্রাণে মারা। প্রাণ নেওয়া। গলা কাটা। গলা বা টুটি চিপা। হত্যাযজ্ঞে লিপ্ত হওয়া। মানুষ মারা। কোপ মারা। ছুরি মারা। গুলি ছোঁড়া। কামান দাগা। ফাঁসি দেওয়া। ফাঁসিতে ঝোলানো বা লটকানো। গর্দান নেওয়া। মুণ্ড কাটা মাথা কাটা। শূলে চড়ানো। বিষ খাওয়া। আত্মহত্যা করা। নিজের জান বা প্রাণ নেওয়া। প্রাণ দেওয়া। কাটা পড়া। ওতপাতা।

বিণ. হত নিহত সংহৃত ব্যাপাদিত বিপাদিত অপহৃত উপাকৃত খতম। হননীয় হন্তব্য হন্য ঘাত্য বধ্য বধার্হ বধযোগ্য। বধোদ্যত। প্রাণ,-হারক, -হারী,-হর,-ঘাতী। জীবননাশক জীবনান্তক প্রাণান্তক মারাত্মক আত্যয়িক। কাল,-তুল্য, -স্বরূপ। সহ,-মৃত,-মৃতা। অনু,-মৃত,-মৃতা। খুনে মারকুটো মারমুখো। রক্তপিপাসু। রক্তাক্ত। হিংস্র ক্রূর। হন্যা ক্ষিপ্ত। সাংঘাতিক। আত্ম,-ঘাতী, -হন্তা,-নাশী,-নাশক,-হন্ত্রী,-হা। মরণাভিলাষী মরণেচ্ছু। মৃত্যু,মরণ,-কামী। জিঘাংসু।

৪০২। অন্ত্যেষ্টিক্রিয়া

বি. অন্ত্যেষ্টি,-ক্রিয়া। সৎ,-কার,-কৃতি,-ক্রিয়া, -গতি। মৃত,শব,-সৎকার। শেষ,-কাজ,-কৃত্য। দাফনকাফন। মৃত্যুঘন্টা। মরাকান্না মৃত্যুশোক। শোক,-যাত্রা,-মিছিল। মৃতদেহ মড়া শব লাশ মুর্দা। শব,শেষ,-যাত্রা। খাটুনি খাটিয়া চ্যাং। শবাধার কফিন। কাফন শবাচ্ছাদন চ্যাংমুড়ি। শবযান শববাহক। কবর,গোর,-স্থান কবরখানা। সমাধি,-ভূমি,-ক্ষেত্র,-স্থল,-স্থান। গ্রেভইয়ার্ড সেমেটারি। গোরখোদা। মুর্দাফরাশ। ভাগাড়। টাওয়ার অব সাইলেন্স। শ্মশান,-ভূমি দাহস্থান মশান শতানক। ক্রিমেটোরিয়াম। চুল্লি চিতা চিতাভস্ম। মড়িপোড়া ডোম চণ্ডাল।

জানাজা গায়েবি জানাজা। সয়েম চেহলাম চল্লিশা কোরানখানি কুলখানি ফাতেহা। কবরজিয়ারত। ইসালে-সওয়াব। দানখয়রাত। গোরআজাব। শ্মশানযাত্রা হরি,-বোল,-ধ্বনি,-নাম। শব,শ্মশান, -যাত্রী শ্মশানবন্ধু। শ্মশানকৃত্য। অগ্নি,-কাঠ, -ক্রিয়া,-কর্ম। মুখাগ্নি পিণ্ডদান তর্পণ। জলাঞ্জলি মৃতাশৌচ মরণাশৌচ অশৌচ কালাশৌচ প্রেতাশৌচ। অশৌচান্ত। পারলৌকিক ক্রিয়া শ্রাদ্ধ

আদ্যশ্রাদ্ধ তিলকাঞ্চনদান। সমাধি,প্রস্তর,স্মৃতি,স্তম্ভ,-ফলক। ক্রুশ। সমাধি মকবরা মাজার।

ক্রি. মড়া নিয়ে যাওয়া। কবর খোঁড়া। গোর কবর বা মাটি দেওয়া। পোঁতা। পোড়ানো। মড়া পোড়ানো। শব দাহ করা। মুখে আগুন দেওয়া। গতি করা।

বিণ. সমাহিত সমাধিস্থ।

৪০৩। উদ্ভিদ

.১ বি. উদ্ভিদ উদ্ভেদ উদ্ভিজ্জ। গাছলা গাছড়া। গাছ,-পালা,-গাছালি। গাছ বৃক্ষ তরু পাদপ দ্রুম পত্রী পল্লবী বিটপী অটবী। মহীরুহ বনস্পতি তরু,-রাজ,-বর বানস্পত্য। গুল্ম ঝোপ ঝাড় ঝোপ,-জঙ্গল,-ঝাড় আগাছা। ছায়াতরু। লতা লতিকা বল্লী বল্লরী। তরু,কুঞ্জ,-লতা। লতা,-গুল্ম,-পাতা। বন,-লতা,-লতিকা। উদ্যান,-লতা,-লতিকা। লতা,-বিতান,-কুঞ্জ। গাছ,বৃক্ষ,তরু,-তল। বৃক্ষাগ্র মগডাল। পরগাছা অর্কিড। দিব্য,-বৃক্ষ,-তরু। কল্প,-বৃক্ষ,-তরু,-দ্রুম। উদ্ভিদবিজ্ঞান (৪০৪)। উদ্ভিদ,-জগৎ,-কুল,-সর্গ।

অঙ্কুর কল কোঁড় কোঁড়া চারা পুকি মুকি তেউড় গজ গেঁজ। মুকুল মঞ্জরি শীষ বোল বউল পত্রোল্লাস পত্রমঞ্জরি কণিশ কিশলয়। কলম জোড়কলম। অঙ্কুরণ। বীজতলা। কাণ্ড গুঁড়ি ঝুরি জটা শিফা। রলা। শিকড় শেকড় মূল গোড়া জড়। কন্দ বাল্ব গেঁড় এটিয়া। প্রধানমূল গুচ্ছমূল। মূলরোম।

শাখা ডাল ডালপালা প্রশাখা বিটপ পালা পল্লব। শাখাপ্রশাখা। কচা। কঞ্চি। বাইল বালদো। আকর্ষ আঁকশি প্রতান। বৃক্ষশিখর মগডাল ঊর্ধ্বশাখা।

পাতা পত্র পর্ণ পল্লব ফলক ফলা পাত ছদ। দল পত্র,-মঞ্জরি,-পল্লব,-মুকুল। পত্রোদ্গম। শুকনোপাতা শুষ্কপত্র। জীর্ণপাতা। ঝরাপাতা। পর্ণমোচন। ঝরাপাতার দিন। বল্কল বাকল ত্বক ছাল বাকলা ছালট। কাঁটা কণ্টক কন্ট শলা তরুনখ সূচী চোঁচ। কষ রস নির্যাস দুধ ক্বাথ স্যাপ বৃক্ষরস। ধূপ সর্জ্জরস শালনির্যাস। ধুনা। রজন। তার্পিন সরলদ্রব। রবার। হিং।

ফুল। পুষ্প পুষ্পক কুসুম প্রসূন মুঞ্জরি সুমন মণীবক। কুঁড়ি কলিকা উৎকলিকা কলি কোরক। মুকুল মৌল বউল বোল। কুসুমকলি জালক। দল পাপড়ি ফুলদল বৃতি বৃন্ত টাটি। বোঁটা ডাঁটি ডাঁট। পরাগ কেশর রেণু কিঞ্জল পুষ্পরজ। গর্ভকেশর। পুংকেশর। কুসুমকানন। তোড়া স্তবক কুসুম,-স্তবক,-দাম পুষ্পদাম। মালা মাল্য মালিকা ফুল,-হার,-ডোর। পুষ্পমধু। মালাকার পুষ্পব্যবসায়ী পুষ্পলাবী পুষ্পাজীব পুষ্পাবচায়ী পুষ্পজীবী পৌষ্প । মালী।

ফল। ফলমূল ফলপাকড়। কড়া জালি কুশি গুটি। শস্য ফসল। শাঁস। ফলবাগান। অরচার্ড। বীজ বিছন দানা বীচি বিচি। আঁটি আঁঠি কুশি কোয়া কোষ। কাইবিচি। বীজকোষ বীজাধার শুঁটি। বীজপত্র ভ্রূণপত্র।

.২ বৃক্ষ। অশ্বত্থ অশথ পিপুল। বট পাকুড়। সেগুন টিক। শিমুল শাল্মলী। ছাতিম সপ্তপর্ণী। গাব। কেন্দু। তমাল। শাল সর্জ্জ। গামার গাম্ভারি। সোঁদাল। মহুয়া। ভূর্জ। শিশু। বকফুল। শমী সাঁই। বাবলা। সাঁইবাবলা কাননারি। সুন্দরী। শেওড়া। আসশেওড়া। জিওল। পিটুলি। নিম নিম্ব। ঘোড়ানিম। হরীতকী অভয়া অমৃতা পাচনী হরড়া পূতনা। জারুল। অর্জুন। মেহগিনি। গরান। গেঁউয়া। শিরীষ। হিন্তাল। দেবদারু দেওদার। পিয়াল পিয়াসাল। লোধ। হিজল। ওক। চেস্টনাট। আবলুস। সাইপ্রেস। ইউক্যালিপটাস। উইলো।

পপলার। সিকোইয়া। সরল। পাইন। ঝাউ পিচুল। পাদপাদপ।

তৃণ। তৃণদাম তৃণরাশি ঘাস গুল্ম শষ্প দূর্বা দূর্বাদল। মুঞ্জঘাস। কচিঘাস শাদ। কুশ। কাশ। ঈষিকা। মুথা। শণ উলু উলুখড় উলুখাগড়া। গোজিহ্বা। বেনা। চোরকাঁটা।

বেত বেতস বেত্র। শোলা। ফুলশোলা কাঠশোলা। শর খাগ নল নলখাগড়া। হোগলা এরকা।

বাঁশ বংশ বেণু। বাঁশঝাড় বাঁশবন। বেণুবন বাঁশবাগান। কঞ্চি। বাতা বাখারি চটা চাঁচাড়ি। দরমা চাটাই। মুলি। তলতা। কীচক। মাকলা। বংশাঙ্কুর কোঁড়।

শেওলা শৈবাল জলতৃণ। ঝাঁঝি। পাতি। ছাতা ছত্রাক ছাৎলা। মস। ফার্ন। শৈবালিত। কাঠছাতা। কোঁড়ক। ব্যাঙের ছাতা। পানা কচুরিপানা দাম। কণ্টিকারী গণিকারিকা অগ্নিদমন। কুঁচ কুঞ্চিকা গঞ্জিকা গুঞ্জা। আলকুশি শুকশিমা। কর্বুরা বাবুইতুলসী মরুবক। পারুল। ফণীমনসা সিজ। পুনর্নবা পুনেশাক। প্রিয়ঙ্গু। শ্যামলতা। বহেড়া বয়ড়া। বাসক। মূর্বা মূর্বী। শুলফা। শালঞ্চ। পান তাম্বুল তাম্বুলী। ছাঁচিপান। মঘাইপান বাংলাপাতা। মিঠেপাতা। বরজ। বারুই তামলি বারুজীবী। খয়ের। তামাক তাম্রকূট তামাকু। তুঁত। ভাং সিদ্ধিগাছ। ভুঁইআমলা। বিম্ব তেলাকুচ। বিছুটি জলবিছুটি। রাংচিতা। ভেরেণ্ডা এরণ্ড রেড়ি। ধনিচা ধনচে। নাটা। আমরুল। বামনহাটি। পাথরকুচি। আঁকোল। বাঘ-আঁচড়া। ধলা -আঁকড়া। শিয়ালকাঁটা শেয়াকুল। আপাং চিড়চিড়ে। রুদ্রাক্ষ নমেরু। গিলা। তুলসী ত্রিমঞ্জরী পর্ণাস। ইক্ষু আখ আক কশুর কাজলি। থানকুনি। শটি। হাতিশুঁড়া। বিড়ঙ্গ। নির্মলি। নিসিন্দা। গিমা। বিশল্যকরণী। ঘৃতকুমারী। নীল। সিন্‌কোনা। ইঙ্গুদি। শতমূলী। কালমেঘ। গন্ধা। বনতুলসী।

.৩ **ফুলগাছ**। জাতীয় ফুল: শাপলা পত্তকশূরণ। পদ্ম কমল উৎপল পঙ্ক,অম্বু,নীর,সরো,সলিল, সরসি, বিস,-জ শতদল কুমুদ,-ী নলিন,-ী কৈরব কুবল অম্ভোজ কহ্লার কুবলয় অরবিন্দ রাজীব শ্রীপর্ণ পুষ্কর তামরস সরোরুহ পুণ্ডরীক বিসপ্রসূন রাত্রিহাস বার্যুদ্ভব কঞ্জ ইন্দিরালয় কুশেশয়। ইন্দিবর নীল,-পদ্ম,-কমল। কালকঞ্জ অসিতোৎপল। লালপদ্ম কোকনদ রক্ত,-পদ্ম, -কুমুদ,-উৎপল,-কমল। শ্বেত,-পদ্ম,-কমল সিতাব্জ সিতাম্ভোজ কুচ্ছ। শালুক। সুঁদি নাল। মৃণাল। পদ্মনাল পদ্মপলাশ। পদ্ম,-পত্র,-ফল, -বীজ। মৃণালিনী কমলিনী পদ্মিনী পুটকিনী সরোজিনী। বেলি বেল মল্লিকা মোতিয়াবেলি। শিউলি শেফালি শেফালিকা রজনীহাস নিশিপুষ্পা। চাঁপা চম্পক কনক,স্বর্ণ, কাঁটালি,কাঠ,শ্বেত, -চাঁপা। ভুঁইচাঁপা দোলনচাঁপা। জবা জবাকুসুম পঞ্চমুখী,সপ্তমুখী,-জবা। রক্ত,সাদা,শ্বেত, লঙ্কা,ঝুমকো,-জবা। কদম কদম্ব নীপ। জুঁই যূথিকা যূথী। কাঞ্চন শ্বেত,রক্ত,-কাঞ্চন। কৃষ্ণকলি। সন্ধ্যা,-মণি,-মালতী। কৃষ্ণচূড়া গুলমোহর। রাধাচূড়া। করবী রক্ত,শ্বেত,-করবী। কেয়া কেতকী কেওড়া। জাতি চামেলি মাধবিকা মালতী। মাধবীলতা। গাঁদা গেঁদা। কুরুবক। ঝিন্টি। টগর কাঠমল্লিকা কাঠগোলাপ। নবমল্লিকা। বনমল্লিকা। হেনা মেহেদি মেহেন্দি। কুরচি। কলাবতী ক্যানা। গোলাপ। বকুল। রজনীগন্ধা। গন্ধরাজ। ধুতুরা। সেঁউতি সেমন্তী। মাদার মন্দার লকুচ। দোপাটি। গুলঞ্চ। কুসুমফুল কুসুম্ভ কুঙ্কুম। বাঁধুলি। পারুল। নাগকেশর পুন্নাগ। পলাশ কিংশুক। পিউলি পিত্তগলী। কুন্দ কুঁদ। মুচুকুন্দ। অর্ক আকন্দ। ঘেঁটু ভাঁট ঘণ্টাকর্ণ। হাসনুহানা। স্থলপদ্ম স্থলকমল। কলকি।

দশুকলস। নয়নতারা। রঙ্গন। সূর্যমুখী। চন্দ্রমল্লিকা ক্রিসেনথিমাম। অপরাজিতা। অতসী। কামিনী। মোরগঝুঁটি। অশ্বগন্ধা। লিলি। ডালিয়া। জিনিয়া। পপি। ক্যালেনডুলা। লাক্‌স্‌পার। ন্যাসটরসিয়াম। ফ্লক্স। প্যানসি। বেগেনিয়া। বাহারি। পাতাবাহার ক্রোটন। স্বর্ণলতা। চন্দনকচু। বাগানবিলাস বোগেনভেলিয়া।

স্বর্গের ফুল: পারিজাত মন্দার পারিভদ্র পরিচ্ছত্রক।

.৪ **ফলের গাছ**। জাতীয় ফল: কাঁঠাল পনস। ইঁচড় এঁচোড়। কাঁঠালের ভুতি। পানস। আম আম্র রসাল চূত মাকন্দ সহকার। ফজলি ল্যাংড়া হিমসাগর গোপালভোগ সূর্যপুরি বোম্বাই আলফানসো চৌসা দশেরি কোহিতুর বড়সিঁদুরে ভবানীচৌরস রানী। আমসত্ত্ব আমশি আমচুর আমট। আম্র,-শাখা,-পল্লব। আমের মুকুল। কলা কদলী রম্ভা মর্তমান সবরি সাগর চাটিম মালভোগ মর্ত্যভোগ চাঁপাকলা চম্পক চিনিচম্পা স্বর্ণকলা মদনা কানাইবাঁশি সিঙ্গাপুরি কাবুলি বিচেকলা। সয়া,দয়া,কাঁঠালি, বন,কাঠ,পাহাড়ি,-কলা। কাঁচকলা আনাজিকলা। মোচা কলার,-ফুল, -কাঁদি,-ছড়া,-ফেণী,-তেউড়। থোড়। ভাদাল। কলাগাছ কদলীবৃক্ষ। জাম জম্বু। শসা ক্ষীরা পালা,পাঁড়,-ভুঁই,-শসা। ফুটি বাঙ্গি কাঁকুড়। বাখারি। তরমুজ। খরমুজ। লেবু নিম্বু। বাতাবি বাতাপি জম্বুরা। গোড়া,পাতি,টাবা, কাগজি,গন্ধরাজ, সরবতি,-লেবু। আঙুর। দ্রাক্ষা আঙুরলতা। দ্রাক্ষাবন। কিসমিস মনক্কা। আপেল সেব। নাশপাতি। কমলালেবু কমলা সান্তারা নারাঙ্গি সান্তোলা। মৌসাম্বি। বেদানা ডালিম আনার দাড়িম্ব। আনারদানা আনারকলি। তাল তমাল নীলতাল। তালরস তাড়ি। তালশাঁস। খেজুর খর্জুর। খুর্মা। আখরোট খুবানি। বাদাম চিনাবাদাম মুমফলি। পেস্তাবাদাম। কাঠবাদাম। কাজুবাদাম। জলপাই। চালিতা। আমড়া। আমলকী আমলা। কদবেল কপিত্থ। কামরাঙ্গা। করমচা। কুল বদরীফল বডুই টোপাকুল নারকেলিকুল। সফেদা সরিফা আতা। নোনা। পেয়ারা আঁজির। পানিফল। সিঙ্গাড়া। নারিকেল। ঝুনো নারকেল। ডাব কচি,নেয়াপাতি,-ডাব। দোমালা। ফোঁপরা খোপরা। লিচু। সুপারি গুবাক গুয়া। তেঁতুল ইমলি তিন্তিড়ি। ম্যাস্তা চুকাই। পেঁপে। বেল বিল্ব শ্রীফল। আনারস। জামরুল। গোলাপজাম। ট্যাপারি। ফলসা। বৈঁচি। রিঠা। মেওয়া। আলুবোখরা। পিচ। নটকান। ত্রিফলা: হরীতকী বিভীতক আমলকী।

.৫ **খাদ্যশস্য**। ধান ধান্য ব্রীহি। শালিধান আমন আড়ই হৈমন্তিক আউস ভাদুই জলি বোরো। উড়কি নীবার তৃণধান্য পাতনা। কুটা কুড়া। শ্যামক। ধান্যপঞ্চক: শালি ব্রীহি শূক শিম্বি ক্ষুদ্র। বীজধান। উচ্চফলনশীল ধান। ধানশীষ ধান্যমঞ্জরি ধানের ছড়া। ধানক্ষেত। ধানিজমি। বীজতলা। চাল চাউল তণ্ডুল। সিদ্ধ। আতপ আলো উষ্ণ। কাঁড়া। আকাঁড়া। খুদ কুঁড়া তুষ ভুসি। চালের গুঁড়ো। পিটালি। গোবিন্দভোগ। গোলাপসরু। কামিনী কালোজিরে। বালাম। বাসমতী। দাদখানি চামরমণি। ঝিঙে শাইল। রঘু শাইল। নাজির শাইল। পাইজাম। গম গোধূম। আটা। ময়দা বুলময়দা। সুজি। দালিয়া। যব যবক। বার্লি। জই। ভুট্টা মকাই। বজরা জনার। জোয়ার। ডাল। ছোলা চানা বুট। মটর মটরশুঁটি। ফুটকলাই। মুগ মসুর। কলাই মাসকলাই। খেসারি। অড়হর।

.৬ **তরিতরকারি**। লাউ কদু তুম্বক তুম্বি অলাবু। কুমড়া কুষ্মাণ্ড মিষ্টি,চাল,ছাঁচি,দেশী,

-কুমড়ো। মুলা কন্দমূল। বিট। গাজর। শালগম। আলুকন্দ। রাঙ্গাআলু মিষ্টিআলু শকরকন্দ। শাঁকালু কেশুর সর্বতিআলু। খামালু। বচ। পেঁয়াজ পিঁয়াজ। পেঁয়াজকলি। রশুন। কপি ফুলকপি বাঁধাকপি। ওলকপি। করলা উচ্ছে। কাঁকরোল। শিম বিন বরবটি। ধুঁধুল। ঝিঙা চিচিঙ্গা। পটল। পলতা পটললতা। কুঁদরি। বেগুন বার্তাকু। সজিনা। নাজিনা। ডাঁটা খাড়া নলিকা। কাটোয়ার ডাঁটা। টম্যাটো বিলাতিবেগুন। ঢ্যাড়শ ভিণ্ডি। কচু কন্দ ওল বুনোওল। মান,পানি,শোলা, মুখি,দল,গাঁটি, -কচু। ঘেঁচু। কচুর লতি। শাক শাকপাতা শাকসব্জি। বেথো,বাথুয়া,-শাক পাটশাক। পালং। টকপালং। পুঁই। নালিতা। সুষনি। হেলেঞ্চা। কালকাসুন্দ। ব্রাহ্মীশাক। আমরুল। নটে। গন্ধভাদাল। কলমি। পুদিনা রোচনী। লুণেশাক। পিড়িংশাক। গিমা। চিরতা। ডুমুর খোকসা অল্লিন্।

মশলা। মরিচ হলুদ জিরা ধনে এলাচ দারুচিনি লবঙ্গ। পাঁচফোঁড়ন (৩২২)।

.৭ **বন**। বন অরণ্য অরণ্যানী অটবী বাদাড়। জঙ্গল বন,-জঙ্গল,-বাদাড়। বন,-ভূমি,-স্থল বনাঞ্চল। বিপিন দাব বনানী কানন ঝোপ ঝাড় ঝোপ, -জঙ্গল,-ঝাড়। কান্তার গহন,গহীন,-বন মহারণ্য ঘনজঙ্গল বনগহন। শ্বাপদসংকুল অরণ্য। বিজনবন বিজুবন। বন,-রাজি,-শ্রেণী। বন,-রেখা,-লেখা। তরু,-রাজি,-শ্রেণী। বনশ্রী। জলজঙ্গল। অভয়ারণ্য সংরক্ষিত-বন। বন,-ফুল,-পুষ্প অরণ্যপুষ্প বন্যকুসুম বুনোফুল। দাবানল দাবাগ্নি বনবহ্নি। বন,অরণ্য,-পাল,-রক্ষক। বৃক্ষরোপণ। বনমহোৎসব। বনসৃজন। সমাজভিত্তিক বনসৃজন। বন,অরণ্য,-সম্পদ। বনবাস বানপ্রস্থ। বনজীবন বনাশ্রয় অরণ্যনিবাস। বন,-বিহার,-ভ্রমণ বিপিনবিহার। **পঞ্চবটীবন**। **পঞ্চবটী**: অশ্বত্থ বট বিল্ব আমলকী অশোক। হোগলা,বেনা,উলু,ঘাস, কাশ,বাঁশ,শাল,মহুয়া,-বন। সুন্দরবন। অরণ্য, -চারী,-চর। বন,-চারী,-চর বন,-বিপিন,-বিহারী। বন,অরণ্য,জঙ্গল,-বাসী। বনাশ্রয়ী বনাশ্রিত বনবাসীজন বনৌকা অরণ্যৌকা।

.৮ **বাগান**। বাগান উদ্যান বাগিচা কানন মালঞ্চ প্রসেদিকা। চত্বর উপবন কুঞ্জ নিকুঞ্জ কুঞ্জবন কুঞ্জকানন। কুসুমকানন ফুলের বাগান ফুলবাগান ফুলবাগিচা বাগবাগিচা বাগাৎ পুষ্পবন পুষ্পোদ্যান পুষ্পবাটিকা পুষ্পারাম। অলিবদ্ধক্ষেত্র কেয়ারি বেড ফ্লাওয়ারবেড। লন শাদ্বল। বাগানবাড়ি (১৮৭)। উদ্যান,কুঞ্জ,পুষ্প,-বাটিকা,-বাটি। বৃক্ষবাটিকা গৃহারাম। লতা,-কুঞ্জ,-গৃহ। কুঞ্জকুটির। লতা,-মণ্ডপ,-বিতান। স্বর্গোদ্যান নন্দনকানন। কুবের-উদ্যান চৈত্ররথ। মালী মালাকার উদ্যান,-পাল,-রক্ষক,-পালক মালিনী। উদ্যান,-বিদ,-বিশারদ। হরটিকালচার উদ্যানপালনবিদ্যা।

.৯ **ক্রি.** চারা বেরনো। গাছ বার হওয়া। গজানো। ফোটা। ফুল ফোটা। ফুটে ওঠা। মেলা। ফল ধরা। ফল হওয়া। ফল নামা।

বিণ. উদ্ভিজ্জ উদ্ভিন্ন ঔদ্ভিজ্জ উদ্ভিদ। উদ্ভিদ,বৃক্ষ,-জাত। অঙ্কুরিত। মুকুলিত মঞ্জরিত কুসুমিত সঞ্জাত বিকশিত। কাণ্ডজ। মূলীয় মূলজ। শাখাপ্রসারী। পল্লবিত পত্রী,পত্র,-বহুল,-বিশিষ্ট। কন্টকী কন্টকিত। কন্টকাকীর্ণ কাঁটা,-যুক্ত, -ওয়ালা। পুষ্পিত ফুল্ল ফুলেল সঞ্জাতপুষ্প। ফলন্ত ফল,-বান,-বতী,-বন্ত,-শালী। বীজপূর্ণ। বন্য বুনো জংলী জঙ্গুলে জংলো। আরণ্য আরণ্যক। বন,অরণ্য,-জ,-জাত। বন,-স্থ,-স্থিত,-গত। অরণ্য,-ময়,-সংকুল। বনাবৃত জঙ্গলাবৃত বনময়।

সবুজ শ্যামল হরিৎ। পাতী। পর্ণমোচী পত্রহীন। বর্ষজীবী চিরজীবী। চিরহরিৎ। শিম্বাকার শিম্বিগোত্র। লতানে লতায়িত লতানো।
কুঞ্জময় ঝোপপূর্ণ। ওষধি। ফলপাকান্ত। অপুষ্পক। সপুষ্পক।

৪০৪। উদ্ভিদবিজ্ঞান

বি. উদ্ভিদ,-বিজ্ঞান,-বিদ্যা বটানি। উদ্ভিদজীববিদ্যা। উদ্ভিদ,-অঙ্গসংস্থান, -শারীরবৃত্ত,-রোগতত্ত্ব। উদ্ভিদ,-রসায়ন, -কৌলিকতত্ত্ব,-ভূগোল,-সমাজবিদ্যা। শৈবালবিদ্যা মসবিদ্যা ছত্রাকবিদ্যা বৃক্ষবিদ্যা কোষবিদ্যা ফলবিদ্যা। বাস্তুসংস্থানবিদ্যা। উদ্ভিদ, -জগৎ,-সর্গ,-কুল। উদ্ভিদবিজ্ঞানী।
উদ্ভিদ শ্রেণীবিন্যাস। অপুষ্পক-উদ্ভিদ ক্রিপ্টোগ্যামিয়া: শৈবাল ছত্রাক মস ফার্ন। সমাঙ্গবর্গ থ্যালোফাইটা। মসবর্গ ব্রায়োফাইটা। ফার্নবর্গ টেরিডোফাইটা। ছত্রাক ব্যাকটেরিয়া। সপুষ্পক-উদ্ভিদ ফ্যানেরোগামিয়া: ধান গম আম পাট।
আধুনিক উদ্ভিদশ্রেণীবিন্যাস। আদি উদ্ভিদ মনেরা প্রাথমিকবর্গ। থ্যালোফাইটা সমাঙ্গবর্গ। এমব্রায়োফাইটা ভ্রূণবর্গ। ট্র্যাকিয়াবিহীন। ট্র্যাকিয়াযুক্ত: ফার্নবর্গ নগ্নবীজ আবৃতবীজ একবীজপত্রী দ্বিবীজপত্রী। এককোষী বহুকোষী স্বভোজী। পরাশ্রয়ী। আকর্ষী। পরভোজী: মৃতজীবী। পরজীবী পতঙ্গভোজী। অন্যোন্যজীবী। বর্ষজীবী। বহুবর্ষজীবী। পর্ণমোচী। আশুপাতী।
মূল কাণ্ড পাতা ফুল ফল বীজ। পরাগায়ণ। উদ্ভিদ,-বিকাশ,-বিস্তারণ,-বিচ্ছুরণ। উদ্ভিদ ভাইরাস। ব্যাকটেরিয়া।
কোষ কোষবিভাজন। জলপরিশোষণ। খনিজপুষ্টি। এনজাইম। ভিটামিন। সালোকসংশ্লেষণ ফোটোসিনথেসিস। ক্লোরোফিল আলো কারবনডাই-অক্সাইড তাপ জল। শ্বসন। নাইট্রোজেন-সংবন্ধন। বৃদ্ধি। বিচলন। উদ্ভিদজনন: অঙ্গজজনন অযৌনজনন। যৌনজনন।
ফলিত,ব্যবহারিক,-উদ্ভিদবিজ্ঞান। খাদ্যশস্য (৪০৩)। তরিতরকারি (৪০৩)। সব্জি: মূল কাণ্ড পাতা ফুল ফল বীজ। ডাল। তেল (৩৭১)। মশলা (৩২২)। চিনি। ফল। তন্তু আঁশ। কাঠ। ঔষধ ভেষজ। কাগজ মণ্ড। রঞ্জন (৩৭২)। রবার। পানীয় দ্রব্য। মাদক দ্রব্য। বনায়ন। বাগান (৪০৩)। উদ্যানপালনবিদ্যা হরটিকালচার। কৃষিকর্ম (৪০৫)।

৪০৫। কৃষি

বি. কৃষি,-কর্ম,-কার্য,-কাজ। কৃষি কর্ষ কর্ষণ সংকর্ষণ কৃষ্টি চাষ। চাষ,-বাস,-আবাদ। হল, -কর্ষণ,-চালন। ভূমিকর্ষণ জিরাতি খেতালি খেতি। হল,-কর্ম,-ভৃতি। ক্ষেত্রকর্ম। বৈশ্যবৃত্তি। আবাদ ফলন শস্যোৎপাদন কৃষি,-উৎপাদন। সুফলন সুফসল বাম্পারক্রপ। দানা বীজ। বীজতলা। নার্সারি। বপন আবপন রোপণ রোপ উপ্তি আজ্ঞান বীজবপণ। বৃক্ষরোপণ। জমি চাষের জমি মাটি খেত খামার জোত জিরাত শস্যক্ষেত্র ক্ষেতখামার কেদার খলধান খলিয়ান ক্ষেত্রবসুধা বপ্র। কৃষি,-জমি,-ভূমি। নদীভরাট-জমি পয়স্তি। সেচ সেচন। সিঞ্চন সেচব্যবস্থা সেক উপসেক প্রসেক নিষেক। জল,-সেচ,-সেচন,-সেক। আর্দ্রীকরণ ইরিগেশন। ব্যারাজ। খাল ক্যানেল। নলকূপ টিউবওয়েল ডিপ,শ্যালো,-টিউবওয়েল। আল আইল আলি বাঁধ ঘের আলবাল। লাঙলের খাত সীতা। উর্বরতা। ঝাড়া ঝাড়াই মাড়াই কণ্ডন

কাঁড়া কাঁড়ন। ঢেঁকি। কাকতাড়ুয়া। কৃষি,-সম্পদ,-পণ্য।

কৃষক কৃষাণ কিষাণ কর্ষক চাষা চাষী। হলী হালী হালিক হালিয়া হলভৃৎ লাঙ্গলী লাঙ্গলিক লাঙ্গলগ্রহ হল,ধর,-কর্ষক। কৃষিজীবী কৃষিকারক। ক্ষেতমজুর। বপনকারী বপ্তা বাপক বায়ক আবাপক। বর্গা বর্গাদার ভাগচাষী। শস্যরক্ষক ক্ষেতোয়াল ক্ষেত্রাধিপ ক্ষেতওয়ালা ক্ষেত্র,-পাল,-পতি। ভাননিয়া ভানুরি। পর্ণিক সবজিব্যবসায়ী। সেচক।

চাষযন্ত্র: লাঙল হল হাল ঈষা। ফলা ঈষ ফাল বিদা। জোয়াল যোক্ত্র। যুগন্ধর। যুগ যোত। মই। ট্রাক্টর। কাস্তে। হেঁসে। নিড়ানি।

সার সারমাটি। কম্পোস্ট। কেমিক্যাল-সার ফার্টিলাইজার।

ফসল শস্য খন্দ বলজ। শস্য,-দানা,-বীজ। দানাশস্য। ফল। সুফসল। আনাজ সবজি তরকারি কাঁচাতরকারি শাক শাকসবজি। শাকপাতা। আনাজ,-পত্র,-পাতি। রবি,-শস্য,-খন্দ নওয়ালি। খরিফ খারি হৈমন্তিকশস্য। চৈতালি। শস্যাগার শস্যগোলা গোলা গোলাবাড়ি মরাই মরার শস্যাধার শস্যভাণ্ডার কড়ুই কণ্ডোল মায়ামঘর। অজন্মা শস্যহানি শস্যাভাব অফলন অনুৎপাদন অনুৎপত্তি। আকাল অকাল দুর্ভিক্ষ মন্বন্তর। অন্নাভাব অন্নকষ্ট খাদ্যাভাব। দুঃসময় অন্নাভাবকাল অন্নকষ্টকাল। অনাবাদ অকর্ষণ অরোপণ। মহামারী।

কৃষি,-বিদ্যা,-বিজ্ঞান এগ্রিকালচার। কৃষি,-বিদ,-বিশারদ,-কর্মবেত্তা। ক্ষেত্রজ্ঞ।

ক্রি. চষা। লাঙল চষা। লাঙল দেওয়া। হাল দেওয়া বা বাওয়া। মই দেওয়া। মাটি বা জমি তৈরী করা। ফলানো। বোনা। বপন করা। রোয়া। রোপা। রোপণ করা। রোয়ানো। লাগানো। পোঁতা। গাছপোঁতা। গাছ লাগানো। ছিটানো। নিড়ানো। সার দেওয়া। জল দেওয়া। জলসেচন করা। আজ্জানো। জন্মানো। মাড়ানো। কাঁড়ানো। ভানা। কলম করা। জিরাত করা।

বিণ. কৃষ্ট কর্ষিত জিরাতি কৃতকর্ষণ। জাত উৎপন্ন। কৃষিজাত কৃষিজ ক্ষেত্রজ ভূমিজ ক্ষেত্রোৎপন্ন ক্ষেত্রসম্ভব। মাটির খেতের। রোপিত উপ্ত বাপিত বিরূঢ়। আবাদি চাষযোগ্য কর্ষণীয়। সেচ্য সেচনীয়। সেচিত সুফলা। ফলনশীল উচ্চফলনশীল। শস্য,-পূর্ণ,-শালী। শস্যশ্যামল। অনাবাদি উষর অনুর্বর অহল্যা অফলা বন্ধ্যা। অকর্ষিত পতিত অচষা অকৃষ্ট অনুপ্ত অরোপিত। দুর্ভিক্ষ,-গ্রস্ত,-ক্লিষ্ট,-পীড়িত। গ্রাম্য গ্রামীণ।

৪০৬। প্রাণী

.১ বি. প্রাণী জীব জন্তু জানোয়ার জীবজন্তু পশু। মনুষ্যেতর ইতরপ্রাণী চতুষ্পদ চারপেয়ে। শ্বাপদ। লিপ্তপাদ। প্রাণ,-ধারী,-বিশিষ্ট। মানুষ (৪১০)। পাখি। সরীসৃপ। কীটপতঙ্গ (৪০৭)। প্রাণীর ডাক (৪৫৩)। প্রাণি,-জগৎ,-কুল। জীব,-জগৎ,-লোক।

.২ **গৃহপালিত পশু:** গবাদিপশু। আনয়াম। রোমন্থক। গোরু গো ধেনু গোজাতি। গাই গাভী গোরু ধেনু গাইগোরু। দুধেল গাই দুগ্ধবতী-গাভী গবী। কপিলা কইলা কুইলাগাই। বন্ধ্যাগাভী গোবশা। গোমাতা। কামধেনু কামদুঘা কামধুক। সুরভি নন্দিনী। ষাঁড় ষণ্ড বলদ বৃষ ঋষভ বৃষভ বলীবর্দ শক্ক শিববাহন পুঙ্গব দামড়া বয়েল বইল। নই বাছুর গোবৎস গোশাবক বকনাবাছুর বৎসা নই। এঁড়েবাছুর। বাঁট গোস্তন ওলান পালান। দুধ গোদুগ্ধ। গলকম্বল সাস্না। গোবর গোময় সার। সারকুড়। গোখাদ্য জাব জাবনা। গোমূত্র চোনা

গোদ্রব। গোচন্দন। রাখাল গোপাল। গোপী গোপিনী গয়লা গয়লানী। গোয়াল,-ঘর। বাথান।
মোষ মহিষ ভঁইস যমবাহন। বুনোমোষ। বাইসন।
ছাগল ছাগ অজ পর্ণাশন। রামছাগল। পাঁঠা। খাসি। পাঁঠী ছাগী ছাগলী ছগলা বকরী বকরা অজা। ছাগলছানা। ছাগলের দুধ ছাগদুগ্ধ। অজপালক জাবালি জাবাল ছাগজীবী ছাগরক্ষক।
ভেড়া মেড়া মেষ গাড়ল গড্ডল। দুম্বা। গড্ডলিকাপ্রবাহ। মেষপালক।
অশ্ব ঘোড়া ঘোটক,-ী হয় তুরঙ্গ তুরগ বাজী বাহ সৈন্ধব হ্রেষী মরুদ্রথ কীকট টাঙ্গন বড়বা। টাট্টুঘোড়া পনি। আরবি ঘোড়া। ঘোড়ার লেজ বালামচি। ঘোড়ার ডাক হ্রেষা হ্রেষাধ্বনি। অশ্বগতি কদমচাল আস্কন্দিত। ধৌরিতক। ট্রট। রেচিত। বল্গিত গ্যালপ। প্লুত। আস্তাবল অশ্বশালা মন্দুরা। সহিস ঘেসেড়া অশ্ব,-পাল,-পালক। অশ্বকোবিদ। ঘোড়ার গাড়ি অশ্বযান অশ্বশকট। যুদ্ধাশ্ব আজানেয়। জিন পালান পর্যাণ। রেকাব পা-দান। লাগাম রাশ বলগা খলিন প্রগ্রাহ বাগডোর অশ্বরজ্জু। অশ্বখুর নাল। ঘোড়দৌড় রেস। উচ্চৈঃশ্রবা। পক্ষীরাজ।
হাতি হস্তী পিল মাতঙ্গ করী গজ কুঞ্জর ইরম্মদ বারণ দন্তী দ্রুমারি দ্বিরদ দ্বিপ নগ নাগ নাগেন্দ্র সিন্ধুর ক্ষুদ্রাক্ষ পুষ্করী স্তম্বেরম করেণু রদনী। মাকলা। কুনকি। হস্তিনী। হাতির বাচ্চা শরভ করভ মাকনা। হাতির দাঁত গজদন্ত। শুঁড় শুণ্ড। হাতিশাল পিলখানা। মাহুত হস্তীচালক ফিলবান হাত্যারা হস্তিবাহ। হস্তীপালক হস্তীব্যবসায়ী। গজাধ্যক্ষ। গজারোহী গজারূঢ় হস্ত্যারোহী। হাওদা আমারি বরশুক। পাগলাহাতি অঙ্কুশদুর্ধর। হাতিখেদা আন্নি। অঙ্কুশ ডাঙশ সৃণি। আন্দু। ঐরাবত গজরাজ গজেন্দ্র নাগেন্দ্র গজ,-মুক্তা, -মাণিক,-মণি।

উট উষ্ট্র মরুতরণী ক্রমেলক মরু,-প্রিয়,-দ্বিপ। শরভ। উষ্ট্রী উষ্ট্রিকা। করভ উষ্ট্রশাবক।
কুকুর কুত্তা কুক্কুর সারমেয় ভষক শ্ব শ্বা শ্বান শুন শুনক শুনি গ্রামমৃগ বক্রপুচ্ছ। কুকুরী কুক্কুরী কুত্তী সরমা। জাতকুকুর। নেড়ি,-কুকুর নেড়িকুত্তা খেঁকিকুকুর বিলাতিকুকুর শিকারিকুকুর। বুনোকুকুর ঘোগ কোক। খ্যাপা,পাগলা,ক্ষিপ্ত, -কুকুর।
বিড়াল বেড়াল বিল্লি মার্জার বাঘেরমাসি ষষ্ঠীরবাহন। মেনি,-বিড়াল হুলী। হোলা হুলোবেড়াল। পোষাবিড়াল গৃহমার্জার। বনবিড়াল।
শূকর শুয়োর বরাহ বরা সূচিরোমা হারাম খিঞ্জির বক্রদংষ্ট্র বক্রবক্ত্র। শূকরী শুয়োরী। বুনোশুয়োর।
গাধা গর্দভ রাসভ খর। খচ্চর অশ্বতর মিউল। গাধী গর্দভী।
.৩ বন্যপশু: পশুরাজ সিংহ ব্যাঘ্র বাঘ কর্বর শার্দুল শের। বাঘিনী ব্যাঘ্রী। মানুষখেকো নরখাদক। রয়েলবেঙ্গল টাইগার। চিতা,-বাঘ চিত্রক দ্বীপী চিতা। জাগুয়ার। গুলবাঘা। নেকড়ে বৃক তরক্ষু। হায়না গোবাঘ হোঁদড়। বাঘছাল কৃত্তি। হর্যক্ষ মৃগেন্দ্র মৃগ-রাজ,-পতি কেশরী রক্তজিহ্ব হরি পারীন্দ্র কলঙ্কষ। সিংহী সিংহিকা। কেশর শটা। বানর বাঁদর কপি শাখামৃগ মর্কট মাকড়া কীশ প্লবঙ্গ বলিমুখ পর্ণমৃগ বৃক্ষচর। বানরী বাঁদরী। হনুমান হনু মুখপোড়া। বৃপীবানর। উল্লুক গিবন। শিম্পাঞ্জি। বেবুন। ওরাংওটাং। গয়াল। বনমানুষ গরিলা।
শেয়াল শিয়াল শৃগাল শিবা বৃক ফেরু ফেউ শ্বভীরু গোমায়ু জম্বুক যামঘোষ গিধড় ভূরিমায় ভ্রামক শ্বধূর্ত ব্যাঘ্রনায়ক শালামৃগ উল্কামুখী। খেঁকশেয়াল লোমালিকা। শিয়ালী শৃগালী। খেঁকশিয়ালী কিখি। ভল্লুক ভালুক দুর্ঘোষ মল্লু ঋক্ষ। দীর্ঘরোমা। ভল্লুকী।

হরিণ মৃগ কুরঙ্গ কুরঙ্গম সারঙ্গ সুনয়ন ময়ু কুরঙ্গক এণ। হরিণী মৃগী কুরঙ্গী কুরঙ্গিণী। সম্বর শম্বর। শরভ। বারশিঙ্গা। নীলগাই। বলগা। চিত্রমৃগ। চিতল। কস্তুরীমৃগ। অজিন মৃগচর্ম। কস্তুরী মৃগনাভি।

চমরি,-গাই। ইয়াক গণ্ডার খড়গী। ক্যাঙ্গারু। জেব্রা। জিরাফ। খাটাশ খট্টাশ। বেজি নকুল নেউল। শজারু। শজারুর কাঁটা। খরগোশ শশক শশ। কাঠ,-বিড়াল,-বিড়ালী। ইঁদুর মূষিক ধেড়ে,ধাড়ি,-নেংটি,-ইঁদুর। ছুঁচো গন্ধমূষিক ছুছুন্দরি।

.৪ **জলচর প্রাণী:** মৎস্য মাছ মীন মছলি কণ্টকী শঙ্কলী জলেশয়। মাছেরবাচ্চা পোনা মৎস্যপোত চারামাছ। আঁশ আঁইশ শল্কল। কানকো। ফুলকা। পটকা। পাখনা। লেজ। মুড়ো। গাদা। পেটি কোল। জেলে ধীবর মৎস্যজীবী মেছো মাছুয়া।

.৫ **মাছের নাম:** রোহিত রোহিতক রুই পোনা। চারাপোনা নইচে। কাতল কাতলা। মৃগেল। কাল,-বাউস,-বোস। ইলিশ। মহাশোল। বোয়াল রাঘববোয়াল বাদাল। পুঁটি সফরী চুনো,সর,সরল,-পুঁটি। কার্প সিলভারকার্প গ্রাসকার্প। বাচা। ঢাই। শিলং। কাজলি কাজরি কজ্জল বাঁশপাতুরি। ট্যাংরা। থোকা। খয়রা। রাইখয়রা। গুরজালি। টাটকিনি। আড়। ল্যাটা। জিওল। চ্যালা চ্যাং। ভ্যাদা। ভাঙর। মৌরলা ময়া। শিঙি শৃঙ্গী ময়না। কই। মাগুর। শোল। গজাল। পমফ্রেট চাঁদা। জিওল বাটা। ভেটকি। পাঁকাল। পাঙ্গাশ। পাবদা। টাকি। খলসে। তেলাপিয়া। তপসে। ফলুই ফলি চিতল। ফাঁসা। বাইন বান। বেলে। জাটকা। চাঁদা। চিংড়ি গলদা,বাগদা,কুচো,-চিংড়ি ইচামাছ। তারামৎস্য।

তিমি। সিলমাছ। সিন্ধুঘোটক। অক্টোপাস। জলহস্তী হিপোপটেমাস। হাঙর নক্ররাজ। কুমির কুম্ভীর নক্র মকর। শুশুক শিশুক শিশুমার। ডলফিন। কচ্ছপ কাছিম কচ্ছপী কূর্ম কমঠ। কাঁকড়া কর্কট। ঘড়িয়াল। ভোঁদর উদ্বিড়াল ধেড়ে। ব্যাঙ ভেক দাদুরী মণ্ডূক প্লব প্লবগ প্লবঙ্গম। কুনো,কোলা,গেছো,সোনা,কটকটে,আসাপা,-ব্যাঙ। ব্যাঙাচি। শামুক শম্বুক। গুগলি। ঝিনুক শম্বু। শুক্তি। শঙ্খ শাঁখ।

.৬ **সরীসৃপ:** সর্প সাপ অহি ভুজগ ভুজঙ্গ,-ম ফণী ফণধর নাগ নাগেন্দ্র আশীবিষ উরগ চক্রী কুণ্ডলী বিষধর অকর্ণ কাকোদর দ্বিরসন দ্বিজিহ্ বিলশয় দৃকশ্রুতি পবনাশন উরঙ্গম উরঙ্গ ব্যাল কঞ্চুকী ভেকভুজ কুম্ভীলস। সর্পী সর্পিণী নাগিনী ভুজঙ্গী ভুজঙ্গিনী ভুজগী। দুমুখো সাপ। অনন্ত বাসুকি পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীর কর্কট শঙ্খ। ফণা ফণ ফণ্ন চক্কর ভোগ ফটা কলাপ। সর্পদন্ত আশী। বিষদাঁত। খোলস কঞ্চুক নির্মোক। ছোবল সর্পদংশন সর্পাঘাত। কাটিঘা। ফোঁস,-ফোঁসানি। সাপুড়ে সাপুড়িয়া বেদে জীবক। ওঝা সর্পগুরু বিষবৈদ্য গুণিন।

সাপের নাম: অজগর। পাইথন। ময়াল মহাকাল। কেউটে গোখরা গোক্ষুর কালসাপ কালসর্প কালনাগ কালনাগিনী কৃষ্ণসর্প কালীয় অলগর্দ। কানড়। করাত কিরাইত। দাঁড়াশ। শঙ্খচূড়। চন্দ্রবোড়া নাগরাজ। ইনি। চিতি চিতা। ঢোঁড়া ঢ্যামনা। বোড়া। রাজ,-সাপ,-সর্প। তক্ষক। লাউডগা। হেলে। বাস্তুসাপ। গোসাপ গুঁইসাপ গোধিকা।

টিকটিকি গৃহগোধিকা জ্যেষ্ঠা মুষলী গৃহাপিকা। গিরগিটি গিরিগিটি কৃকলাস কাঁকলাস সরট সারট বহুরূপী ললন্তিকা। আঞ্জিনেয় আঞ্জনি আজনাই।

.৭ **পক্ষী** পাখি বিহঙ্গ বিহঙ্গম বিহগ খেচর খগ খচর চিড়িয়া। পাকপক্ষী পাখপাখালি। পতগ পত্রী

পক্ষধর। পক্ষিণী। ডানা পক্ষ পাখা পাখনা। পালক। পক্ষপুট। পাকসাট। পাখিরবাসা নীড় কুলায়। জাতীয় পাখি: দোয়েল দধিবাল। যাযাবর পাখি। শিকারি পাখি: বাজ চিল শকুন কাক। পক্ষীতত্ত্ব। পক্ষীবিশারদ।

পাখির নাম: পায়রা পারাবত কবুতর কপোত রেবতক প্রাসাদকুক্কুট অপরাজিতা গলাফুলা গেরোবাজ গোলা মুখখি লক্কা ফাকতা বোগদাদ রেশমি লোটন নোটন সিরাজু জ্যাকবিন। বনকপোত বুনো পায়রা। পায়রার খোপ।

কাক বায়স বলিভুক পরভৃৎ। দাঁড়,-কৃষ্ণ, -পাতি,-কাক। ভূশণ্ডি কাক। তিতির তিত্তির। বটের লাবক লাব বর্তক। প্যাঁচা পেচক উলুক। কাল,-লক্ষ্মী,-হুতোম,-প্যাঁচা। হুদহুদ। বাজ, -পাখি শ্যেন ঈগল। চিল। শঙ্খচিল। মৌচুষকি। তোতা হারীত শুক। হীরামন। টিয়া। চন্দনা। কাকাতুয়া। হরিয়াল হস্তেল কর্চর। বক বগা। বলাক কালীবক। রামশালিক। সারস কোঁচবক। ক্রৌঞ্চ। বলাকা বকপঙ্‌ক্তি বকপাঁতি। ঝোটন। চাতক। পাপিয়া। ময়ূর কেকী কলাপী শিখী শিখণ্ডী তাউস। ময়ূরপুচ্ছ। পেখম কলাপ। চখা চক্রবাক চকোর চকোরী। টিটির। ডাহুক। টুনটুনি। মুনিয়া। চড়াই চড়ুই চটক বলিভুক।

কোকিল কোয়েল কোয়েলিয়া পিক পরভৃত পরপুষ্ট অন্যভৃত কাকপুচ্ছ কাকপুষ্ট কল,-কণ্ঠ, -ঘোষ মধুঘোষ কুহুমন্দ্র বসন্তসখ বসন্তী বসন্তদূত বসন্তঘোষ মধুবন। শকুন গৃধ্র শকুনি গৃধিনী। নীলকণ্ঠ সোনাচড়াই। ছাতার। হাড়গিলা। তালচোঁচ। গাঙচিল। পানকৌড়ি। কুকপাখি। শারিকা শারি শালিখ। গাঙশালিক। হাঁড়িচাচা। বাবুই। ভরতপাখি। মাছরাঙা। ময়না। ফিঙ্গে ভৃঙ্গ। খঞ্জন কাদাখোঁচা। কঙ্ক কাঁক। ঘুঘু। বুলবুলি। সিপাহিবুলবুল। ঝোঁটনবুলবুলি। শা -বুলবুল। নালবুলবুল। মুরগি কুক্কুটী কুঁকড়া রামপাখি মোরগ কুক্কুট। পেরু। টার্কি। বনমোরগ। হাঁস হংস মরাল কারণ্ডব বক্রাঙ্গ সিতপক্ষ শ্বেতচ্ছদ শ্বেতগরুৎ মানসৌকা মানসালয় হংসী হংসিকা। রাজ,-হাঁস,-হংস সিতচ্ছদ। কলহংস। পাঁতিহাস। বেলে,বালি,-হাঁস। হংসমালা। সরাল। বুনোহাঁস। রাজহংসী বারটা। স্নাইপ। স্টারলিং। হুইটার। কাঠঠোকরা। বউকথাকও। পাপিয়া। ভাসপক্ষী। ধনেশপাখি। পেঙ্গুয়িন। পেলিকান। ফ্লেমিংগো। বাদুড় ওড়নশেয়াল চর্মচটক। চামচিকা।

রূপকথার পাখি: ব্যাঙ্গমা ব্যাঙ্গমী বিহঙ্গমা বিহঙ্গমী। পক্ষীরাজ। পৌরাণিক পাখি: গরুড় গৃধ্ররাজ খগপতি খগাধিপ খগরাজ খগেন্দ্র জটায়ু পক্ষীরাজ কাশ্যপেয় পতগ তার্ক্ষ্য পতত্রীরাজ বৈনতেয় বিনতানন্দন সুপর্ণ সৌপর্ণ সর্পাশন সর্পভুক সিতানন স্বর্ণপক্ষ কশ্যপনন্দন কামায়ু পন্নগাশন পবনাশনাশ।

.৮ বিণ. প্রাণিজ প্রাণিন জীবজ। পাশব পাশবিক জান্তব পশু,-বৎ,-সুলভ। শ্বাপদ,-সংকুল, -সমাকীর্ণ। হিংস্র। বন্য বুনো। নখী। নর, -খাদক,-মাংসভোজী মানুষখেকো। গৃহপালিত পোষা। মাংসাশী। স্তন্যপায়ী। তৃণাদ তৃণভোজী। বায়ুভুক। শ্বদন্তী। বৈয়াঘ্র। হাস্তিক। আশ্ব আশ্বিক অশ্বীয়। বৈড়াল। শকলী কঞ্চুক। অকঞ্চুক। স্থল,জল,উভ,-চর। দিবা,নিশা,-চর। সপক্ষ ডানাওয়ালা। লিপ্ত,-পদ,-পাদ।

৪০৭। কীটপতঙ্গ

বি. কীটপতঙ্গ। কীট পোকা পোক পোকামাকড় কীটাণু কীটাণুকীট পতঙ্গ ষট্‌পদ। কীড়া কিরা

কেরা। পুত্তিকা। জীবাণু ভাইরাস। কৃমি ক্রিমি। ফিতে,কুচো,-কৃমি। হুকওয়ার্ম। ছার,ছাই,-পোকা উড়শ মৎকুণ গন্ধ,শয্যা,-কীট। উই বল্মীক স্যমীক। উই,-ডিবি,-চারা বল্মীকস্তূপ বল্মীকূট। আর,-শোলা,-শুলা তেলা,-পোকা,-চোরা তৈলঙ্গা তৈলপ। উকুন উৎকুণ কেশকীট চুলেরপোকা লিকি লিক্ষা। মাকড়সা ঊর্ণনাভ জালিক জালকীট লূতা অষ্টপাদ মর্কট। মাকড়সারজাল লূতাতন্তু। উচ্চিংড়া উইচিংড়া উচ্চিঙ্গট। পিঁপড়া পিঁপড়ে পিপীলিকা কাঠপিঁপড়া কৃষ্ণপিপীলিকা ডেঁয়ো, -পিঁপড়া ডেয়ে। ঝিঁঝিঁ ঝিণ্টী ঝিল্লি ভৃঙ্গারিকা ফড়িঙ্গা চিল্লীকা। জোনাকি জোনাক খদ্যোত জুনিপোকা জ্যোতিরিঙ্গ খজ্যোতিঃ কীটমণি প্রভাকীট। মৌমাছি মধু,-কর,-মক্ষিকা,-প, -পায়ী,-ব্রত,-ভৃৎ,-জীব,-লেহ,-লেহী আর্যা সুকাণ্ডী পুষ্প,-লিহ,-কীট। মৌচাক চাক করণ্ড মধু,- চক্র,-কোষ,-ক্রম,-চ্ছত্র,-জালক। মোম ক্ষৌদ্র ক্ষৌদ্রজ সিক্‌থ। ভ্রমর ভোমরা অলি দ্বিরেফ ভৃঙ্গ চঞ্চরীক রোলম্ব অলিপক অলিম্পক। ভিমরুল ভৃঙ্গরোল শিলীমুখ। বোলতা বল্লা বরটা। মাছি মক্ষিকা মক্ষী। ডাঁশ ভম্বরালী। মশা মশক পুতিকা দংশ এ্যানোফিলিস কিউলেক্স। মশারকামড়। মশারি। সাঁজাল। কুমরে,কুমির, -পোকা। গুবরে,গোবর,-পোকা। ঘুরঘুরে ঘুর্ঘর যমকীট। বিছা বিছে বিচ্ছু বৃশ্চিক শতপদী লূমবিষ পুচ্ছকণ্টক। কাঁকড়া,গোবরিয়া,সেরে, সরস্বতী, তেঁতুলে,-বিছে। পঙ্গপাল পতঙ্গপালি। শরভ শলভ। তুঁতপোকা তুঁতিয়া তুঁতে তুঁত। পলু রেশমকীট মুগাকীট। গুটিপোকা। ফড়িং গঙ্গা,কাঠ,-ফড়িং। প্রজাপতি মথ।

ক্রি. ভান করা। নকল করা। জাল করা। সাজানো। বানানো। মিথ্যা বলা (৫৫৬)। গুজব ছড়ানো। গুল মারা। ধাপ্পা দেওয়া।

বিণ. অসত্য অনৃত মিথ্যা মিছা ঝুট ঝুটা ভুয়া। অতথ্য বিতথ্য কৈতব। বিকৃত। কপট জাল ভেজাল নকল মেকি অচল। অযথার্থ্য। অবাস্তব আজগুবি অলীক। গাঁজাখুরি আষাঢ়ে। ছেঁদো। বানোয়াট বানানো সাজানো পাতানো। কৃত্রিম। কপট ছদ্মবেশী। অন্তঃসারশূন্য অসার।

ক্রি-বিণ. মিছামিছি মিছিমিছি অকারণে শুধু শুধু।

৫০৯। ভ্রম

বি. ভ্রম ভ্রান্তি ভুল। চুক ত্রুটি প্রমাদ গলদ গলতি দোষ খুঁত ছিদ্র কলঙ্ক। হেত্বাভাস। প্রমাদ প্রপঞ্চ বিভ্রম বিভ্রান্তি। অশুদ্ধতা অশুদ্ধি ত্রুটিবিচ্যুতি ভুল,-চুক,-প্রমাদ,-ভ্রান্তি,-ভাটকা। অযথার্থতা। বিকৃতি ফাঁক চ্যুতি বিচ্যুতি। কথার,জিভের, কলমের,-ভুল। কলমকসুর। মুদ্রণপ্রমাদ। টাইপের ভুল। ভুল,খাম,-কাজ। অনবধানতা শৈথিল্য। বিস্মরণ বিস্মৃতি (৫২৯)। মিথ্যা (৫০৮)। অন্যায় অযথার্থ। ভুলবিচার ভুল,অপ,-সিদ্ধান্ত (৪৮৬) ভ্রান্তমীমাংসা বিতণ্ডা দুর্ব্যাখ্যা। বিতথ্য। কালাসংগতি। মিথ্যা (৫০৮)। মায়া বিবর্ত মোহ (৫১০)। বিবর্তবাদ। মায়াবাদ।

ক্রি. ভুল করা। গোলানো। গুলিয়ে ফেলা। তালগোল পাকানো। ভুল পথে চালিত করা। বিপথে চালিত করা। ভুলানো বা ভোলানো। ফুসলানো। মিথ্যা বলা (৫৫৬)। প্রবঞ্চনা করা (৫৫৭)। ভুল ভুলচুক দোষত্রুটি বা গলদ থাকা। প্রবঞ্চিত হওয়া। ভুল ধারণা অনুমান বা চিন্তা করা। ভুল বুঝা বা বোঝা। ভুল হিসাব করা। ভুল বিচার করা। ভুল শোনা। ধান শুনতে কান শোনা। ব্যর্থ হওয়া (৭০০)।

বিণ. ভুল। ভ্রান্ত। ভ্রমাত্মক। ভ্রান্তি,-জনক,-প্রদ। বিভ্রান্তিকর। ভ্রান্তিমূলক। ভ্রম,-সংকুল,-যুক্ত। ত্রুটি,-জনক,-যুক্ত,-পূর্ণ। ভ্রান্তি,-ময়,-পূর্ণ ভুলেভরা। প্রমাদী। অসত্য। কৈতব। মিথ্যা কৃত্রিম ঝুটা নকল জাল ভেজাল ভিত্তিহীন অমূলক। অলীক। অযথার্থ অপ্রকৃত অবাস্তব অপ্রতিষ্ঠিত। অশুদ্ধ বেঠিক। প্রবঞ্চনাপূর্ণ (৫৫৭)। খণ্ডিত। দোষযুক্ত দুষ্ট খুঁতো। বর্জিত পরিত্যক্ত। ভ্রষ্ট অপভ্রষ্ট অপভ্রংশ। বিভ্রান্ত মুগ্ধ মোহিত। ভ্রান্তি,-মান,-পরায়ণ। ভ্রমান্ধ ভ্রমাসক্ত। ভুলো অন্যমনস্ক বিস্মৃতিপরায়ণ। বিভ্রান্তিসৃষ্টিকারী।

ক্রি-বিণ. ভুল,ভ্রান্তি,-বশত ভুলক্রমে ভ্রমহেতু। থুড়ি।

৫১০। মোহ

বি. মোহ মায়া মুগ্ধতা মৌগ্ধ বিমুগ্ধতা বিমূঢ়তা বিহ্বলতা অভিভব অভিভূতি আবেশ ভাবাবেশ ঘোর বিমোহ ভাববিহ্বলতা মোহ,-বন্ধন,-জাল, -পাশ,-তিমির মোহমদ মোহ,-ঘোর,-নিদ্রা মোহমন্ত্র মায়া,-বন্ধন,-পাশ,-জাল,-ডোর,-রজ্জু। মায়ারাজ্য। মায়াদণ্ড। নেশা (৯৬১)। সম্মোহ

সম্মোহন প্রমোহন সংবেশন হিপনোটিজম। গদগদ,বিগলিত,-ভাব। বিভ্রান্তি অধ্যাস। রজ্জুতে সর্পভ্রম। মরীচিকা মায়ামৃগ। স্বর্ণমৃগ। সোনার হরিণ। আলেয়া। বেলুন। বুদ্বুদ (৩৯৭)। বোকার স্বর্গ। দুঃস্বপ্ন দৃষ্টিভ্রম ভ্রান্ত,-প্রত্যক্ষণ,-বিশ্বাস। মতিভ্রম। হেত্বাভাস। সাদৃশ্যকল্পনা। মনের মাধুরি। আত্ম,-প্রবঞ্চনা,-প্রতারণা।

ক্রি. মোহিত হওয়া। মায়ায় ভোলা। বোকা বনা। ভেড়া বনা। হতভম্ব হওয়া। মশগুল হওয়া।

বিণ. মোহ,-ময়,-জনক,-সঞ্চারক মোহন। মায়াত্মক মায়িক অলীক মিথ্যা। মোহ,-বদ্ধ, -গ্রস্ত,-মুগ্ধ। মুগ্ধ বিমুগ্ধ মোহিত বিমোহিত সম্মোহিত বশীভূত সংবেশিত হিপনোটাইজড। বিমূঢ় সম্মূঢ় কিংকর্তব্যবিমূঢ় বিহ্বল। অভিভূত আত্মহারা বিভোর মশগুল বুঁদ আবিষ্ট ভাবাবিষ্ট ভাববিহ্বল। আচ্ছন্ন অঘোর অচৈতন্য অচেতন অবশ। মোহময়ী মোহিনী সম্মোহনী। সম্মোহক।

৫১১। মোহমুক্তি

বি. মোহমুক্তি মোহভঙ্গ। ভ্রান্তি,-মোচন,-নিরসন। স্বপ্নভঙ্গ। রূঢ় বাস্তব। হতাশা।

ক্রি. মোহমুক্ত হওয়া। মোহভঙ্গ হওয়া। ঘোর কাটা। স্বপ্ন ভাঙা। আশা ভাঙা। আশা ভঙ্গ হওয়া। নেশা কাটা। চোখ খোলা। জ্ঞান বা হুঁশ ফেরা। হুঁশ হওয়া। হতাশ হওয়া। বেলুন ফোটা।

বিণ. মোহমুক্ত মোহ,-বর্জিত,-হীন। আশাহত। হতাশ।

৫১২। সম্মতি

বি. সম্মতি মত অভিপ্রায়। স্বীকার স্বীকৃতি কবুল। এতবার অঙ্গীকার (৭৪৩)। প্রতিশ্রুতি। চুক্তি সংবিদা। বনিবনা বুঝ। সর্বসম্মতি ঐকমত্য সর্বমত সমস্বর। সায় সমর্থন। অনুমত মতৈক্য অনুমোদন অনুসমর্থন। মঞ্জুরি অনুমতি আজ্ঞা (৭৫০)। গ্রহণ। পৃষ্ঠাঙ্কন। নীরবসমর্থন মৌন,নীরব,-সম্মতি। মৌনং সম্মতি লক্ষণম। সম্মতি,অনুমতি,-পত্র। রাজি,একরার,-নামা।

ক্রি. মত বা সম্মতি দেওয়া। রাজি হওয়া। স্বীকার করা। কবুল করা। হাঁ করা বা বলা। ইচ্ছা করা বা জানানো। মাথা নাড়া বা হেলানো। ঘাড় নাড়া। হাত তোলা। সায় দেওয়া বা জানানো। অনুমতি দেওয়া। চুপ থাকা। সমর্থন করা বা জানানো। অভিপ্রায় জানানো বা প্রকাশ করা। অনুমোদন করা। আজ্ঞা বা পারমিশন দেওয়া। মতে মত দেওয়া। মদদ দেওয়া। পক্ষ নেওয়া। একমত হওয়া। দলের সাথে থাকা। সত্যতা স্বীকার করা। প্রাপ্তি স্বীকার করা। অপরাধ স্বীকার করা। ছেড়ে দেওয়া। মেনে নেওয়া। বলবৎ করা। প্রতিস্বাক্ষর দেওয়া। পৃষ্ঠাঙ্কিত করা। সহি বা সই করা।

বিণ. সম্মতিসূচক। সমর্থিত। অনুমোদিত অনুমোদনপ্রাপ্ত মঞ্জুর মঞ্জুরীকৃত। সমর্থনপুষ্ট। সর্বসম্মত অবিসংবাদিত অবিরুদ্ধ। প্রশ্নাতীত। স্বীকার্য স্বীকর্তব্য। স্বতঃসিদ্ধ। সম্মত রাজি স্বীকৃত প্রতীষ্ট ইচ্ছুক। নিমরাজি।

ক্রি-বিণ. সম্মতিক্রমে মতে অনুমতিক্রমে। ইচ্ছায় স্বেচ্ছায়। সর্বসম্মতিক্রমে। একবাক্যে এক,-স্বরে, -সুরে। অনুমতি সাপেক্ষে।

অব্য. হ্যাঁ। আচ্ছা। বিলক্ষণ। অবশ্যই নিশ্চয়ই। ঠিক আছে। আচ্ছা বেশ। তথাস্তু। তাই হোক।

৫১৩। অসম্মতি

বি. অসম্মতি অমত। অস্বীকার অস্বীকৃতি। ইনকার। দ্বিমত দ্বৈধ মত,-পার্থক্য,-বিরোধ। মতের অমিল। মতানৈক্য মতদ্বৈধতা দ্বৈধতা বিরোধ কলহ। ছাড়াছাড়ি (৬১৫)। মতপরিবর্তন

(৬১০)। অসমর্থন অননুমোদন অননুমতি (৯৩৬)। নারাজি। অনভিপ্রায় টালবাহানা বিমত আপত্তি ওজর বাধা। প্রত্যাখ্যান (৭৪৯)। নিষেধ নিষেধাজ্ঞা (৭৫১)। বিরোধিতা (৭৬০)। অসম্পাদন (৬৯৮)।

ক্রি. মত না দেওয়া। না করা। রাজি না হওয়া। মাথা নাড়া। অমত করা। অস্বীকার করা। ইনকার করা। প্রত্যাখ্যান করা। মতবিরোধ হওয়া। আলাদা,-ভিন্ন,-মত পোষণ করা। পার্থক্য থাকা বা রাখা। মত পালটানো বা পরিবর্তন করা। কথা ফেরত নেওয়া। কথা না রাখা। কথা ফেলা। কথা না শোনা। অমান্য করা। না মানা।

বিণ. অসম্মত নারাজ অরাজি গররাজি অনিচ্ছুক (৬০৫)। অস্বীকৃত অননুমোদিত অননুমিত অনভিমত। অনভিপ্রেত অসন্তুষ্ট।

ক্রি-বিণ. অমতে অনিচ্ছায়। অসম্মতিক্রমে বিনাঅনুমতিতে। ইচ্ছার বিরুদ্ধে। অন্যথায়।

অব্য. না। উহুঁ।

৫১৪। সত্যতা স্বীকার

বি. সত্যতা,-স্বীকার,-সমর্থন। মুকির। স্বীকারোক্তি স্বীকৃতি প্রাপ্তিস্বীকার। কথা বাত উক্তি। দৃঢ়উক্তি। ঘোষণা সত্যার্পণ শপথ হলফ। শপথ,হলফ,-নামা এফিডেভিট ভেরিফিকেশন সত্যপাঠ তহকিক তসদিক। জবানবন্দী। প্রতিবাদ। অভিযোগ। দৃঢ়তা নিশ্চয়তা। জোর। বিশ্বাস অন্ধবিশ্বাস। নির্বাচন ভোট। স্বর,ধ্বনি, ভোট। গুপ্তভোট। ভোটাধিকার। বর স্বয়ংবর। মন্তব্য। উল্লেখ। আপ্তবাক্য। রায়। শেষকথা।

ক্রি. সত্যতা বা যাথার্থ্য সমর্থন করা। কথা দেওয়া। ঘোষণা বা জাহির করা। জিদ করা। দাবি করা। হলফ বা শপথ করা। কিরা খাওয়া। বিশ্বাস করা। জোর দিয়ে বা দৃঢ়তার সাথে বলা। বারবার বলা। সায় দেওয়া। মেনে নেওয়া। কবুল করা। ঘাট মানা। অন্যায় বা অপরাধ স্বীকার করা। কথা মতো চলা। মুচলেকা দেওয়া। সত্যতা স্বীকার করানো। কবলানো।

বিণ. দৃঢ়তাব্যঞ্জক। নিশ্চয়তাব্যঞ্জক। ঘোষণামূলক। নিশ্চিত স্থিরনিশ্চিত। সন্দেহাতীত অভ্রান্ত। পরিষ্কার। দ্ব্যর্থহীন। পরম চরম চূড়ান্ত। অবশ্যস্বীকার্য। হ্যাঁ-সূচক। সমর্থিত।

৫১৫। সত্যতা অস্বীকার

বি. সত্যতা অস্বীকার। অপলাপ অপহ্নুতি। অস্বীকার। ইনকার প্রত্যাখ্যান অসমর্থন অসম্মতি (৫১৩)। আপত্তি প্রতিবাদ। শর্তারোপ (৪৯৮) বাতিল প্রত্যাহার (৭৫২)। রদ ত্যাগ পরিত্যাগ। প্রতিঘাত। প্রত্যুত্তর। খণ্ডন অপ্রমাণ।

ক্রি. সত্যতা অস্বীকার করা। আপত্তি করা। প্রতিবাদ করা। অসমর্থন করা। না করা। প্রত্যাহার রদ বা বাতিল করা। পিছিয়ে আসা। বেঁকে বসা। কথা ফিরিয়ে নেওয়া। কথা না রাখা। কথার নড়চড় হওয়া। কথা পালটানো। কথার খেলাপ করা। না মানা। অবজ্ঞা করা। প্রত্যাখ্যান করা (৭৪৯)। বাদ দেওয়া। ত্যাগ করা।

বিণ. পরস্পরবিরোধী। নেতিবাচক। অস্বীকারমূলক। অস্বীকৃত অমতসূচক অসমর্থিত। দ্বন্দ্বমূলক।

৫১৬। মানসিক দৃষ্টিভঙ্গি

বি. মানসিক দৃষ্টিভঙ্গি। মানসিকতা। মনমানসিকতা মানসতা। মনোভাব মনোভাবনা। মতি,-গতি ধ্যানধারণা ধারণা চিন্তাভাবনা (৪৬৯)। ধ্যানজ্ঞান বিশ্বাস (৪৯১)। ধ্রুব,-দৃঢ়,-বিশ্বাস।

মনোবৃত্তি (৮২১) চিত্ত,হৃদয়,-বৃত্তি। স্বভাব খসলত প্রকৃতি ধর্ম গুণ চরিত্র স্বভাবধর্ম স্বরূপ, -ত্ব,-তা স্ব,নিজ,-মূর্তি। অভ্যাস আদত ধাতু। মতি মরজি মেজাজ। আসক্তি ঝোঁক প্রবণতা স্নেহ অনুরাগ বিরাগ পক্ষপাতিত্ব। খেয়াল (৬১১)। খুশি খামখেয়াল। মানসিক ঔদার্য (৫১৭)। মানসিক সংকীর্ণতা (৫১৮)। মানসিক,-আবহাওয়া, -পরিবেশ। বাতাবরণ।

ক্রি. ধারণা করা বা হওয়া। অনুভব করা। ধারণা করে নেওয়া। দেখা। বিশেষ আলোকে দেখা। মনের মুকুরে দেখা।

বিণ. মানসিক মানস। স্বভাব,প্রকৃতি,চরিত্র,-গত চারিত্রিক স্বভাব,-সুলভ,-সংগত,-সম্মত প্রকৃতিসিদ্ধ। ধাতসহ গা-সহা মজ্জাগত বদ্ধমূল। ধাতস্থ অভ্যস্ত চিরাভ্যস্ত। স্বাভাবিক প্রাকৃতিক। সাহজিক। স্বাভাব্য স্বতঃ,-স্ফূর্ত,-প্রবৃত্ত।

ক্রি-বিণ. স্বভাবত স্বভাব,-বশত,-গুণে স্বভাবে। অভ্যাসবশত অভ্যাসে। সহজে। আপনা আপনি। শিরায়শিরায় মজ্জায়মজ্জায় মনেপ্রাণে।

৫১৭। মানসিক ঔদার্য

বি. মানসিক,-ঔদার্য,-উদারতা,-প্রসার, -প্রশস্ততা। উদার,প্রশস্ত,অসংকীর্ণ,-চিত্ততা বড়, -মন,-চোখ দরাজ,মুক্ত,-মন খোলামন তশরিফ মহানুভবতা বদান্যতা দাক্ষিণ্য মহাশয়,-ত্ব,-তা মহত্ত্ব সদাশয়তা সদিচ্ছা সদভিপ্রায় সুবাসনা মঙ্গলকামনা। সহৃদয়তা সহানুভূতি সম,-ব্যথা, -বেদনা অনুকম্পা। সহিষ্ণুতা তিতিক্ষা ক্ষমা। সুস্থ মানসিকতা। মানবিকতা মানবহিতৈষণা। অসাম্প্রদায়িকতা অপক্ষপাতিত্ব। নৈর্ব্যক্তিকতা স্বার্থশূন্যতা। উদার,-নীতি,পন্থা,-তন্ত্র,-মত লিবারালিজম।

ক্রি. মন উন্মুক্ত রাখা। খোলা মনে চিন্তা করা। সকলের স্বার্থ দেখা। সকলকে সমান দেখা। উভয় পক্ষ শুনে মতামত দেওয়া। সহ্য করা। ক্ষমা করা। ভালো দেখা। দোষ উপেক্ষা করা। পক্ষপাতিত্ব না করা।

বিণ. উদার,-হৃদয়,-চিত্ত,-চেতা,-মতি,-মনা। উদার,-চরিত্র,-স্বভাব,-প্রকৃতি। উন্নত,-চিত্ত, -মনা। উচ্চ,-হৃদয়,-মনা। প্রশস্ত,-চিত্ত,-হৃদয়। দরাজ,-হৃদয়,-মনা,-দিল। মহানুভব মহাপ্রাণ মহোদয় মহাশয় মহদাশয় উচ্চাশয় মহা,-মনা, -মতি। সুমনস্ক সুমনা বড়,-মন,-চোখ। মুক্তমনা দিল,মন,-খোলা দিলদরিয়া সদাশিব। সদাশয় সদাত্মা শরিফ সদন্তঃকরণবিশিষ্ট। মহত্ত্বপূর্ণ। হৃদয়বান সহৃদয় সুহৃদয় সমুদ্রহৃদয়। অসংকীর্ণচিত্ত দরদি মরমী মেহেরবান দয়ালু সহানুভূতিশীল। বিবেকী বিবেকবান নিরপেক্ষ। নিরাবেগ নিঃস্বার্থ। উদার,-নীতিক,-নৈতিক, -মতাবলম্বী,-তন্ত্রী,-পন্থী লিবারেল।

৫১৮। মানসিক সংকীর্ণতা

বি. মানসিক,-সংকীর্ণতা,-অনুদারতা,-নীচতা, -হীনতা। ঔদার্যহীনতা ক্ষুদ্রাশয়তা নীচতা হীনতা সংকীর্ণমনস্কতা। ছোট,-মন,-চোখ। আত্মরতি স্বার্থান্ধতা। অক্ষমা আপসহীনতা আক্রোশপরায়ণতা। পক্ষপাতিত্ব। বিদ্বেষ বিরাগ বিরূপতা। পূর্বধারণা পূর্বাসক্তি। টান আসক্তি স্বজনতোষণ। গোঁড়ামি ধর্মান্ধতা কুসংস্কার সাম্প্রদায়িকতা কমিউন্যালিজম। শ্রেণী,-স্বার্থ, -বিদ্বেষ। সামাজিক বৈষম্য। বর্ণবাদ বর্ণবৈষম্য কালারবার অ্যাপারটহেইট।

ক্রি. মনের দরজা বন্ধ করা। নাকের বাইরে দেখতে না পাওয়া। নিজের স্বার্থ দেখা। কাউরি দিকে না

তাকানো। টান টেনে কথা বলা। না শুনে বিচার করা। আক্রোশ বা বিদ্বেষ পোষা। এক চোখে দেখা। অপর পক্ষের কথা না ভাবা।

বিণ. সংকীর্ণ,অনুদার নীচ হীন ক্ষুদ্রাশয়। সংকীর্ণচিত্ত। হীনচেতা বিরূপচিত্ত। বিদ্বেষ মনোভাবাপন্ন। অসূয়াপরবশ। স্বার্থান্ধ। ধর্মান্ধ গোঁড়া সাম্প্রদায়িক কমিউন্যাল। একচোখা।

৫১৯। কৌতূহল

বি. কৌতূহল কুতূহল কৌতুক ঔৎসুক্য। জিজ্ঞাসন জিজ্ঞাসা। বুভুৎসা। অতিকৌতূহল। প্রশ্ন পৃচ্ছা আপৃচ্ছা আপ্রচ্ছন বিপ্রশ্নিকা। জ্ঞান,-তৃষ্ণা, তৃষা,-পিপাসা। সন্ধিৎসা অনুসন্ধিৎসা অন্বেষা এষণা। দিদৃক্ষা আগ্রহ উৎসাহ। সন্ধান অনুসন্ধান তদন্ত (৪৭৬)। অনধিকারচর্চা। উৎকণ্ঠা।

ক্রি. কৌতূহল বা ঔৎসুক্য দেখানো। জানতে চাওয়া। জিজ্ঞাসা করা। শুধা। শুধানো। প্রশ্ন করা। পুছা। পোছা। অনুসন্ধান বা তদন্ত করা। দেখা। তাকানো। মাথা বা নাক গলানো। কান বা আড়ি পাতা। উঁকি বা উঁকিঝুঁকি মারা।

বিণ. কৌতূহলী কুতূহলী। কৌতূহলপর। কৌতূহলাবিষ্ট কৌতূহলাক্রান্ত। উৎসুক। জিজ্ঞাসক জিজ্ঞাসু বীভৎসু। অনুসন্ধিৎসু সন্ধিৎসু। আগ্রহী আগ্রহান্বিত। ব্যগ্র। উদ্‌গ্রীব। সন্দিহান। জিজ্ঞাস্য জিজ্ঞাসনীয় জিজ্ঞাসার্হ দ্রষ্টব্য। জিজ্ঞাসিত অর্থিত পৃষ্ট কৃতপ্রশ্ন। প্রশ্নাত্মক। কৌতূহলোদ্দীপক।

অব্য. কি কী। কেন। কি জন্য। কি কারণে। কোথা কোথায় কোনখানে কই। কে কাহারা কারা কোনজন। কবে কখন কোন,-সময়ে,-কালে। কোন কশ্চিৎ।

৫২০। অকৌতূহল

বি. অকৌতূহল অজিজ্ঞাসা। ঔদাসীন্য উদাসীনতা অনীহা। নির্লিপ্ততা অনাসক্তি অনুৎসাহ অনাগ্রহ।

ক্রি. কৌতূহল না থাকা। কোন কিছু জিজ্ঞাসা না করা। আগ্রহ বা উৎসাহ না থাকা বা না নেওয়া বা না দেখানো। বিরক্ত হওয়া।

বিণ. অকৌতূহল অনুৎসুক অনুৎসাহী নিরুৎসুক। অনাসক্ত নিরাসক্ত উদাসীন নির্লিপ্ত। কূপমণ্ডূক।

৫২১। মনোযোগ

বি. মনোযোগ মনোনিবেশ মনঃসংযোগ। নিবিষ্টতা। আবেশ অভিনিবেশ অবধান। অবধারণ অনুধাবন প্রণিধান অবমর্শন বিমর্শ বিমর্শন। আত্ম,-নিয়োগ, -নিবেশ। আত্ম,-নিষ্ঠা,-মগ্নতা। তন্মনা তদ্‌গতি। চিন্তা (৪৬৯)। পর্যবেক্ষণ অবলোকন পরিদর্শন। পরিচিন্তন। বিবেচনা বিচার। সাবধানতা। সতর্কতা একাগ্রতা মনোযোগিতা ঐকাগ্র্য। নিষ্ঠা ঐকান্তিকতা তন্নিষ্ঠা অনন্য,-চিত্ত,-চিন্ত্য,-বৃত্তি, -মনস্কতা তন্ময়,-তা,-ত্ব তদ্‌গতচিত্ততা প্রণিধান মগ্নতা নিবিষ্টচিত্ততা ধৈর্য (৮২৭)। সানুরাগ যত্ন (৫২৪)। তদন্ত অনুসন্ধান (৪৭৬)। পরীক্ষা (৪৮০)। পুনর্বিলোকন পুনর্বিবেচনা। পুঙ্খানুপুঙ্খতা খুঁটিনাটি। উৎসাহ।

ক্রি. মনোযোগ দেওয়া। মন লাগানো বা দেওয়া। গা করা বা দেওয়া। দেখা। তাকানো। লক্ষ্য করা। নজর দেওয়া। সময় দেওয়া। যত্ন নেওয়া। চিন্তা করা (৪৬৯)। মাথা ঘামানো। অনুসন্ধান তদন্ত বা পরীক্ষা করা। বিচার বা বিবেচনা করা। পুনরায় বিচার করা। সানি করা। দৃষ্টি আকর্ষণ করা। বিবেচনাধীন রাখা। বিবেচনাধীন থাকা। উল্লেখ করা। দেখানো। হিসাব করা।

বিণ. মনো,-যোগী,-নিবিষ্ট মনোনিবেশকারী। নিবিষ্ট,-চিত্ত,-মনা। অভিনিবিষ্ট। অবহিত। একাগ্র ঐকান্তিক। হুঁশিয়ার সচেতন সতর্ক সাবধান। সজাগ। তদ্‌গত তদাতক তদ্‌গতচিত্ত তন্তনা তন্তনশ তনিবিষ্ট তনিষ্ঠ। প্রণিহিত। আত,-গত, -মগ্ন,-নিমগ্ন,-লীন,-সমাহিত,-নিবিষ্ট,-স্থ,-নিষ্ঠ। আবিষ্ট সমাবিষ্ট সংবিষ্ট। তন্ময় মশ্‌গুল বিভোর। অবগাঢ় অন্তঃপ্রবিষ্ট। ওয়াকিফহাল।

ক্রি-বিণ. মনোযোগ সহকারে। মন দিয়ে। কায়মনোবাক্যে। নিবিষ্ট,একাগ্র,তদ্‌গত,-চিত্তে। এক,নিবিষ্ট,অনন্য,-মনে। দৃঢ়পদে স্থিরপায়ে। প্রাণপণে। যত্নে সযত্নে যত্ন,-পূর্বক,-সহকারে।

৫২২। অমনোযোগ

বি. অমনোযোগ মনোযোগ,-শূন্যতা,-হীনতা অন্যমনশতা বিমনস্কতা আনমনাভাব অনাবেশ অমনোযোগিতা অপ্রণিধান। অনবধানতা অবিবেচনা বিবেচনাশক্তিহীনতা। অবহেলা উপেক্ষা ঔদাসীন্য অনুৎসাহ নির্লিপ্ততা তাচ্ছিল্য গাফিলতি। ভাবাবেগ আচ্ছন্নতা। অস্থিরতা অধৈর্য (৮২৮)। চিত্তবিক্ষেপ (৫২৩)। উৎকণ্ঠা উদ্বেগ ব্যাকুলতা (৮৫৯)। অযত্ন (৫২৫)।

ক্রি. মনোযোগ না দেওয়া। মন না দেওয়া। না দেখা। না শোনা। গা না করা। মন না থাকা। চোখ বুলানো। অবহেলা করা। চিন্তা না করা। কানে না শোনা। চোখের মাথা খাওয়া। জটপাকানো। গোলমাল বা তালগোল পাকানো। গোলে হরিবোল দেওয়া। অবাক বা হতভম্ব হওয়া।

বিণ. অমনোযোগী। গাফিল গাফেল অনবহিত অপ্রণিহিত। অনবধান অবিবেচন অবিমৃশ্যকারী। উদাসীন। উদাস উদাসী আপন,আত,-ভোলা। ভুলো বেখেয়াল। কাজভোলা। বেসামাল অসামাল। অন্য,-মনা,-মনস্ক বিমনশ বিমনা। উন্মনা আনমনা। শূন্যমনা অনাসক্ত নির্লিপ্ত। অসতর্ক অসাবধান। অগোছালো বিশৃঙ্খল। ধৈর্যহীন (৮২৮)। অস্থির অনবস্থ অনব,-স্থিত, -স্থিতচিত্ত। দুরন্ত ছটফটে তিড়বিড়ে। হঠকারী।

৫২৩। চিত্তবিক্ষেপ

বি. চিত্তবিক্ষেপ মনোযোগহরণ। আবেশন আবেশ ভাবাবেশ অন্যমনশতা মনোহরণ মনোবিকার চাঞ্চল্য মনশ্চাঞ্চল্য হৈচৈ অস্থিরতা বিক্ষোভ ভ্রষ্টতা মনোভঙ্গ মনোভার বিব্রতবোধ বিস্ময় বিমূঢ়তা কিংকর্তব্যবিমূঢ়তা। দুরন্তপনা চাপল্য। উড়ুউড়ুভাব পালাইপালাইভাব চুলবুলানি উসখুসানি ছটফটানি। চিন্তাহীনতা (৪৭১)। দিবাস্বপ্ন।

ক্রি. মন স্থির না থাকা। মন চঞ্চল হওয়া। মন আনচান করা। আকাশ পাতাল ভাবা। অবাক বা কিংকর্তব্যবিমূঢ় হওয়া। বিব্রত বোধ করা। ইতস্তত করা। বিরক্ত হওয়া। মাথা ঘোরা। মাথা ঝিমঝিম করা। হড়বড় করা। তিড়বিড় করা। ছটফট করা। নিশপিশ করা। চুলবুল করা। উসখুস করা। মন উড়ু উড়ু করা। চৈতে পাওয়া। অন্য কোথাও মন পড়ে থাকা। দিবাস্বপ্ন দেখা। বিভোর হওয়া।

বিণ. বিক্ষিপ্ত,-চিত্ত বিক্ষুব্ধ বিভ্রান্ত হতবুদ্ধি চন্দ্রাহত কিংকর্তব্যবিমূঢ়। আনমনা অন্যমনস্ক বেখেয়াল। অস্থির,-চিত্ত,-মতি,-মনা চঞ্চলমতি চপল,-মতি,-মনা। চঞ্চল অশান্ত দুরন্ত। হড়বড়ে তিড়বিড়ে চুলবুলে ছটফটে। আবিষ্ট সমাহিত।

৫২৪। যত্ন

বি. যত্ন। সানুরাগ মনোযোগ। আগ্রহ। উদ্বেগ উৎকণ্ঠা। সংকোচ দ্বিধা। সতর্কতা সাবধানতা উনিদ্রা। একাগ্রতা ঐকাগ্র্য ঐকান্তিকতা নিষ্ঠা।

কেয়ার গরজ তৎপরতা প্রযত্ন তত্ত্বাবধান রক্ষণাবেক্ষণ হেফাজত। দায়িত্ব। তদারক তদবির দেখাশোনা তত্ত্বতালাশ খবরদারি। যথার্থতা যাথার্থ্য যথাযথতা সঠিকতা। নজর পাহারা।

ক্রি. যত্ন নেওয়া। যত্নবান হওয়া। মনোযোগ দেওয়া (৫২১)। আমল করা। কেয়ার করা। দেখাশোনা করা। তত্ত্বাবধান বা রক্ষণাবেক্ষণ করা। চোখ রাখা। নজর দেওয়া। পাহারা দেওয়া।

বিণ. যত্ন,-বান,-শীল। আগ্রহশীল। মনোযোগী তৎপর সতর্ক। জাগ্রত সজাগ অতন্দ্র উন্নিদ্র উজাগর। সাবধানী হুঁশিয়ার। বিবেচক। বিবেকী। আদবকায়দাদুরস্ত। পরিষ্কার পরিচ্ছন্ন। নির্ভুল সঠিক যথাযথ যথার্থ।

ক্রি-বিণ. সযত্নে যত্নপূর্বক।

৫২৫। অযত্ন

বি. অযত্ন অবহেলা হেলা হেলাফেলা অমনোযোগ। গাফিলতি। অনবধানতা অনতিযত্ন অনিষ্ঠা। দায়িত্ব,-হীনতা,-জ্ঞানহীনতা। ত্রুটি বিচ্যুতি ভুল গলদ। গাছাড়াভাব। দায়সারাভাব। অবজ্ঞা উপেক্ষা। ঔদাসীন্য। টালবাহানা গড়িমসি দীর্ঘসূত্রতা। আলস্য। অবিবেচনা। হঠকারিতা। অপরিচ্ছন্নতা। বিশৃঙ্খলা। অযথাযথতা।

ক্রি. অযত্ন বা অবহেলা করা। দেরি বিলম্ব বা টালবাহানা করা। উপেক্ষা বা অবজ্ঞা করা। ভুল করা। গলদ রাখা। ঠিকমত কাজ না করা। যেমন তেমন করে কাজ করা। কাজ সারা। দায়সারা কাজ করা। কেয়ার না করা। কেয়ার না দেওয়া। কোন রকমে করা। জোড়াতালি জোড়াতাড়া বা গোঁজামিল দেওয়া। ঠেলা গোঁজা। আমল না করা। উপর উপর দেখা। দেখেও না দেখা।

বিণ. অযত্নশীল। যত্নহীন। অবহেলাকারী। অমনোযোগী (৫২২)। ফাঁকিবাজ। দায়িত্ব,-হীন, -জ্ঞানহীন। অবিবেচক। অন্যমনস্ক। অগোছালো বিশৃঙ্খল এলোমেলো। নোংরা অপরিষ্কার। ভুল। গলদ,ত্রুটি,-পূর্ণ। বেঠিক অযথার্থ। অবহেলিত। পরিত্যক্ত। অরক্ষিত।

৫২৬। কল্পনা

বি. কল্পন,-া। কাল্পনিকতা। কল্পনাশক্তি। চিচ্ছায়া। ভাবনা ভাব(৪৭০)। পরিকল্পনা (৬৩২)। জল্পনাকল্পনা। স্বকীয়তা। উদ্ভাবনা আবিষ্কার (৪৭৯)। অনুপ্রেরণা অনুপ্রাণন প্রেরণা। মানস, -নেত্র,-লোচন। মনশ্চক্ষু। মানসলোক। মানস, -মূর্তি,-প্রতিমা,-সুন্দরী মানসী। কল্প,-লোক, -জগৎ। কাব্য,-লোক,-জগৎ। চিত্র,রূপ,-কল্প। ভাবচ্ছবি। ভাবমূর্তি। দূরকল্পনা অনুমান। কানুনিকল্পনা। আসমানদারি। অকষ্টকল্পনা অনায়াসকল্পনা। আরোপণ। অধ্যাস মায়া। আদর্শবাদ। রোমান্টিসিজম ভাববাদ। রোমান্টিকতা আত্মপন্থা। ভাব,-বিলাস,-বিলাসিতা,-প্রবণতা ভাবুকতা ভাবালুতা। খেয়াল ধারণা। স্বপ্ন খোয়াব। দিবাস্বপ্ন। কল্পনাবিলাস। কল্পনানির্ভরতা। ধ্যান অনুধ্যান চিন্তা। তন্ময়তা ভাবাবেশ ভাবাচ্ছন্নতা সমাধি। মহানন্দ তুরীয়ানন্দ পরমানন্দ। সবপেয়েছির দেশ। এলডোরাডো। কল্প,-তরু, -দ্রুম,-পাদপ,-বৃক্ষ। ইচ্ছা,বাঞ্ছা,-কল্পতরু। কষ্টকল্পনা। কপোলকল্পনা। রূপকথা। পুরাণ মিথ গল্পকথা। কল্পবিজ্ঞান সায়ান্সফিকশান। আষাঢ়ে গল্প। গালগল্প। গুল গ্যাস। গুজব। আকাশকুসুম। তাসের ঘর। আলেয়ার আলো। ছায়া অপচ্ছায়া। দুঃস্বপ্ন। অবাস্তবতা। জাদু। চিন্তা,স্পর্শ, মান

পরশপাথর। কবি লেখক শিল্পী। সৃজনশীল রচনা: উপন্যাস(৬০১)। কবিতা (৫৯৭)। নাটক (৬০২)। সংগীত (৪৫৭)। চিত্রকলা (৫৬৭)। ভাস্কর্য (৫৬৯)। স্থাপত্য (৫৭০)।

ক্রি. কল্পনা করা। ধারণা করা। অনুমান করা। স্বপ্ন বা খোয়াব দেখা। ধ্যান করা। তৈরি বা রচনা করা। বানানো। উদ্ভাবন বা আবিষ্কার করা। চয়ন করা। সাতপাঁচ ভাবা। অসার বা অলীক ধারণা বা চিন্তা করা। মনকলা খাওয়া। আকাশকুসুম চিন্তা করা।

বিণ. কল্পিত কল্পনা,মানস,-প্রসূত। কাল্পনিক। রোমান্টিক কল্পনাসমৃদ্ধ। কল্প্য কল্পনীয় কল্পনানির্ভর কল্পনাশ্রয়ী। কল্পনাযোগ্য। পরিকল্পিত। উদ্ভাবিত। মনঃকল্পিত। বানানো। স্বকপোল,কপোল,-কল্পিত। কষ্টকল্পিত। মনগড়া। পৌরাণিক। উড়ো মিথ্যা অবাস্তব আজব আজগুবি অবিশ্বাস্য অলীক অলৌকিক। সৃজনশীল সৃজনী। উদ্ভাবনী। গবেষণামূলক। আদর্শমূলক। বুদ্ধিভিত্তিক। ফলপ্রসূ। সার্থক।

কল্পী কল্পনাকারী। কল্পনা,-প্রিয়,-প্রবণ,-বিলাসী। কল্পক ভাবুক ভাবালু ভাব,-প্রবণ,-বিলাসী,-গ্রাহী ভাবোন্মাদ ভাবোন্মত্ত। আবেগপরায়ণ রোমান্টিক। আদর্শবাদী ভাববাদী। পরিকল্পক। উদ্ভাবক।

৫২৭। অকল্পনা

বি. অকল্পনা কল্পনাহীনতা। ভাব,আবেগ,আদর্শ,-হীনতা। রস,রসকষ,রসবোধ,-হীনতা (৮৪৯)। নীরসতা। শুষ্কতা। বন্ধ্যাত্ব। অনুদ্ভাবনা। অচিন্তা ভাবাভাব। অকাল্পনিকতা বাস্তববাদিতা। বাস্তববাদ। প্রয়োগ,প্রয়োজন,-বাদ। ভোগবাদ। পার্থিবতা। কেজো কথা। গদ্য। যৌক্তিকতা।

ক্রি. কল্পনা না করা। কল্পনা না করতে পারা। না ভাবা। ভাবের ধার না ধারা। রস বা রসকষ না থাকা।

বিণ. কল্পনাশক্তিহীন কল্পনা,-হীন,-বিহীন। ভাব,আবেগ,আদর্শ,-হীন। কবিত্বহীন। অকবি। রস,রসকষ,-হীন। কাঠখোট্টা শুষ্ক নীরস (৮৪৯)। বন্ধ্যা। উদ্ভাবনাশক্তিহীন। বাস্তববাদী স্থূলদর্শী কেজো সংসারী। যুক্তিবাদী। বৈজ্ঞানিক। প্রয়োগবাদী। গদ্য,-বৎ,-তুল্য গদ্য,-ময়। একেবারে গদ্য। যুক্তিবাদী অক্ষরবদ্ধ। আক্ষরিক। রূপক,উপমা,-বর্জিত। অকল্পিত। অকাল্পনিক সত্য (৫০৭)।

৫২৮। স্মৃতি

বি. স্মৃতি স্মরণ স্মর সংস্মৃতি। অবিস্মরণ অবিস্মৃতি ধ্যান আধ্যান খেয়াল ইয়াদ অনু,-ধ্যান, -স্মরণ,-স্মৃতি। মতি। স্মরণ,স্মৃতি,-শক্তি। ধারণশক্তি। ধীশক্তি। চিন্তা। পরিচিন্তন। প্রত্যভিজ্ঞা। পশ্চাৎচিন্তা। সাজেশন অভিভাব অভিভাবন। নিদর্শন চিহ্ন স্মরণিকা। অভিজ্ঞান। স্মৃতি,-চিহ্ন,-স্তম্ভ,-প্রস্তর,-ফলক,-পট্ট,-পট, -মন্দির,-বার্ষিকী,-ভাণ্ডার,-রক্ষা। মুখস্থবিদ্যা। স্মৃতি,-কথা,-চারণ,-চারণা,-রোমন্থন। স্মরণকারী। শ্রুতিধর। জাতিস্মর। নাম সুনাম প্রসিদ্ধি (৮৮২)।

ক্রি. স্মরণ করা। মনে করা। ইয়াদ করা। মনে বা স্মরণে আনা। চিন্তা করা। ধ্যান করা। চেনা। মনে বা মাথায় রাখা। স্মরণ রাখা। মনে পড়া। মনে বা স্মরণে আসা। হুঁশ বা টনক নড়া। মনে করানো। স্মরণ করানো। তাগাদা দেওয়া। মুখস্থ বা কণ্ঠস্থ করা। মনে বা মাথায় থাকা। কানে লেগে থাকা। না ভোলা। স্মৃতি থেকে উদ্ধার করা। মুখস্থ বলা। দাগ কাটা বা থাকা।

বিণ. স্মরণার্হ স্মরণীয় স্মর্তব্য। স্মরণযোগ্য স্মার্ত স্মরণার্থ ধ্যাতব্য। স্মারিত ধ্যাত অবিস্মৃত। অবিস্মরণীয়। স্মৃতিগত কণ্ঠস্থ মুখস্থ। স্মারক

স্মরণিক। ইয়াদদাস্ত। অভিভাব্য অভিভাবীয়। অটুট সুস্পষ্ট।
ক্রি-বিণ. স্মরণে, স্মৃতিকল্পে। অক্ষরে অক্ষরে। হুবহু।

৫২৯। বিস্মৃতি

বি. বিস্মৃতি বিস্মরণ অস্মরণ অস্মৃতি। স্মৃতি, -ভ্রংশ,-বিভ্রম,-লোপ-হানি। ভুলুনি। পাসর পাসরণ বিসরণ। মতি,-ভ্রম,-ভ্রান্তি। মতি,-ভ্রংশ, -হীনতা। স্মৃতিবিভ্রম। ভ্রম ভ্রান্তি বিভ্রান্তি। বিলুপ্তি বিনাশ।
ক্রি. ভোলা। ভুলা। ভুলে যাওয়া। ভুলে মেরে দেওয়া। বিস্মৃত হওয়া। মনে না পড়া। স্মরণ করতে না পারা। মাথায় না রাখা। গুলিয়ে যাওয়া। ভুলানো। হারিয়ে যাওয়া। মুছে যাওয়া। নিশ্চিহ্ন হওয়া।
বিণ. বিস্মৃত বিসরিত অস্মৃত স্মৃতিভ্রষ্ট। ভ্রান্ত বিস্মরণীয়। অসস্মরণীয়। বিস্মরণশীল। ভোলা। ভুলা। আত্ম,আপন,মন,-ভোলা বেখেয়াল। মতি, -ভ্রষ্ট,-হীন,-ভ্রান্ত। অমনোযোগী। স্মরণাতীত।
ক্রি-বি. ভুলে। ভ্রম,ভ্রান্তি,-বশত,-হেতু।

৫৩০। প্রত্যাশা

বি. প্রত্যাশা আশা প্রতীক্ষা অপেক্ষা। হাপিত্যেশ। সম্ভাবনা (৫০২)। ভবিষ্যাপেক্ষতা। অগ্রজ্ঞান পূর্ব, -ধারণা,-জ্ঞান,-দৃষ্টি। নিলম্বন নিবর্তন। ভরসা আস্থা বিশ্বাস। মনস্কামনা। ফলাকাঙ্ক্ষা। বকাণ্ডপ্রত্যাশা। লক্ষণ পূর্বলক্ষণ (৫৩৫)। আশঙ্কা।
ক্রি. প্রত্যাশা করা। আশা করা। পথ চাওয়া। মুখ চাওয়া। প্রহর গণা। দিন গণা। প্রতীক্ষা করা। সবুর করা। হা করে থাকা। ভরসা আস্থা বা বিশ্বাস করা বা রাখা। মনে রাখা। প্রস্তুত হওয়া। লক্ষণ দেখা। ভবিষ্যদ্বাণী করা। হিসাব করা।
বিণ. প্রত্যাশিত প্রতীক্ষিত। আসন্ন প্রত্যাসন্ন। প্রত্যাশী প্রতীক্ষ্যমাণ।

৫৩১। অপ্রত্যাশা

বি. অপ্রত্যাশা। অভাবনীয়তা। অনির্দিষ্টতা। সাপেক্ষতা। বেহিসাব। মিথ্যা আশা। হতাশা। মায়া। দুরাশা। বিস্ময়। বিনামেঘে বজ্রপাত। শাপে বর। কেঁচো খুঁড়তে সাপ। শিব গড়তে বাঁদর। হিতে বিপরীত। হরিষে বিষাদ। উলটা উৎপত্তি। হতভম্বতা।
ক্রি. প্রত্যাশা না করা। আশা ভরসা বা আস্থা না রাখা। হঠাৎ ঘটা। আশ্চর্য করা। বিস্মিত হওয়া। হতভম্ব হওয়া। তাল না পাওয়া। হিসাবের বাইরে ঘটা।
বিণ. অপ্রত্যাশিত। অপ্রতীক্ষিত। অযাচিত। অনপ্রেক্ষিত। অভাব্য অভাবনীয় অভাবিত অচিন্তিত। আকস্মিক আচমকা অতর্কিত।
ক্রি-বিণ. সহসা অকস্মাৎ আলটপকা হঠাৎ অকারণ (১৫৪)। অপ্রত্যাশিত,অযাচিত,-ভাবে।

৫৩২। হতাশা

বি. হতাশা। নৈরাশ্য নিরাশা নির্বেদ। অভরসা। আশা,ভরসা,-হীনতা। মোহনিরসন। ভগ্নোদ্যম ভগ্নোৎসাহ হতোদ্যম। বেহিসাব। আশাভঙ্গ।
ক্রি. হতাশ হওয়া। নিরাশ হওয়া। উদাস চোখে তাকানো। দীর্ঘশ্বাস বা দীর্ঘ নিশ্বাস ফেলা। হতাশ করা। আশা ভাঙা। হতভম্ব হওয়া। অসন্তুষ্ট হওয়া।
বিণ. হতাশ হতাশাগ্রস্ত হতাশ্বাস আশাভঙ্গ। নিরাশ আশা,ভরসা,-হীন।

৫৩৩। দূরদৃষ্টি

বি. দূরদৃষ্টি। দূর,ভবিষ্যৎ,পরিণাম,-দর্শিতা। পূর্ব,-ধারণা,-জ্ঞান,-দৃষ্টি। পূর্বানুমান। পূর্বচিন্তা অগ্রচিন্তা অগ্রজ্ঞান। পূর্ব,-লক্ষণ,-বোধ। পূর্বাভাস। আশঙ্কা। ভবিষ্যাপেক্ষতা। অবশ্যম্ভাবিতা।

ক্রি. দূরদৃষ্টি থাকা। আগে থেকে দেখতে বুঝতে জানতে বা চিনতে পারা। অনুমান বা আন্দাজ করা। প্রত্যাশা করা। ভবিষ্যদ্বাণী করা।

বিণ. দূর,ভবিষ্যৎ,পরিণাম,-দর্শী। দূর,ভবিষ্যৎ,-দ্রষ্টা। দূরদৃষ্টিসম্পন্ন। দীর্ঘদর্শী। প্রত্যাশিত (৫৩০)। ভবিষ্যাপেক্ষ।

৫৩৪। ভবিষ্যদ্বাণী

বি. ভবিষ্যদ্বাণী ভবিষ্যদ্বাক্য ভাবীকথন ভাববাণী। কর্মপন্থা কার্যক্রম। পূর্বাভাস। পূর্বাশঙ্কা। পূর্বলক্ষণ (৫৩৫)। করকোষ্ঠী কুষ্ঠি ঠিকুজি। রাশি রাশিচক্র। গণনা সামুদ্রিকবিদ্যা জ্যোতিষ ফলিতজ্যোতিষ হস্তরেখাবিদ্যা। জাদুমন্ত্র (৯৯৮)। দৈববাণী। গূঢ়বাণী। ভবিষ্যদ্বক্তা ভবিষ্যদ্বেত্তা। ভবিষ্যদ্দ্রষ্টা নিমিত্তজ্ঞ। দৈবজ্ঞানী দৈবজ্ঞ। মহাপুরুষ। নবী পয়গম্বর রসুল। গণক গণৎকার হস্তরেখাবিদ্। গ্রন্থিক গ্রহাচার্য। জাদুকর রোজা। ডাইনী (৯৯৮)।

ক্রি. ভবিষ্যদ্বাণী করা। গণা। গণনা করা। হাত দেখা। ছক কাটা। খড়ি পাতা। কুষ্ঠি বা ঠিকুজি তৈরী করা। আশঙ্কা করা। সংকেত বা ইশারা দেওয়া বা পাওয়া। আবির্ভাব হওয়া।

বিণ. ভবিষ্যদ্বাণী,-সূচক,-মূলক,-পূর্ণ।

৫৩৫। পূর্বলক্ষণ

বি. পূর্বলক্ষণ। লক্ষণ নিমিত্ত। পূর্বাভাস অগ্র,পূর্ব,-সূচনা। পূর্ব,আগাম,-জ্ঞান। নিদান। পয় সুলক্ষণ। অপয় অলক্ষণ কুলক্ষণ দুর্লক্ষণ দুর্নিমিত্ত। নিমিত্তজ্ঞ কাক। প্যাঁচা। ইঙ্গিত। আলামত। সংকেত (৫৫৯)।

বিণ. পূর্বলক্ষণ,-সূচক,-মূলক। শুভ পয়া পয়মন্ত লক্ষ্মীমন্ত। সুলক্ষণে। অশুভ অলক্ষুণে কুলক্ষণে অপয়া। কুফা। কুসাইত।

৫৩৬। অর্থ

বি. অর্থ মানে তাৎপর্য মর্ম মর্মকথা। যাথার্থ্য প্রকৃতার্থ। সারত্ব সার,-মর্ম,-বস্তু সারবত্তা। গূঢ়ার্থ মর্মার্থ ভাবার্থ নিগূঢ়ার্থ নির্গলিতার্থ নিষ্কর্ষ। শব্দার্থ। সংজ্ঞার্থ। বাচ্যার্থ। ব্যঙ্গার্থ ব্যঞ্জনার্থ। লক্ষ্যার্থ। গূঢ়মর্ম রহস্য। উদ্দেশ্য। ভাব। রস। ধরন ধারণ দশা আচরণ ভঙ্গিমা। ব্যঞ্জনা। দ্যোতনা। অর্থচ্ছটা। অভিব্যক্তি। উল্লেখ। উদাহরণ। অভিভাব,-ন। বিষয় ব্যাপার বক্তব্য প্রসঙ্গ। মূল সার সারাংশ। যুক্তি। বুদ্ধি। অর্থান্তর অর্থভেদ। অপরার্থ ভিন্নার্থ। ফলিতার্থ। ব্যাখ্যা (৫৪১)।

ক্রি. অর্থ বা মানে করা বা হওয়া। বক্তব্য পেশ বা প্রকাশ করা। উদ্দেশ্য জানা বা জানানো। বলা। ছোঁয়া বা স্পর্শ করা। ঘোষণা করা। ইঙ্গিত বা সংকেত দেওয়া। বোঝা। মর্মগ্রহণ করা। হৃদয়ংগম করা। মর্মোদ্ঘাটন করা। বোঝানো। প্রকাশ করা। ভাবপ্রকাশ করা।

বিণ. অর্থ-পূর্ণ,-বহ,-বাহী,-ব্যঞ্জক,-দ্যোতক,-বোধক,-জ্ঞাপক,-যুক্ত। অর্থ্য অর্থাঢ্য। অর্থানুগত। তাৎপর্যপূর্ণ সারগর্ভ। ভাবাত্মক ভাব,-ব্যঞ্জক,-দ্যোতক,-সূচক। দ্যোতক সূচক ব্যঞ্জক বোধক প্রকাশক। বোধগম্য (৫৩৮)। সদর্থক। যথার্থ অন্বর্থ। ঐক্য একার্থ সমার্থক। নিহিত অন্তর্নিহিত গূঢ়। পরোক্ষ। অকথিত অপ্রকাশ্য। সার্থক। আক্ষরিক। ব্যাখ্যেয়।

অব্য. অর্থাৎ। মানে।

৫৩৭। অর্থহীনতা

বি. অর্থ-হীনতা,-শূন্যতা। অযাথার্থ্য নিরর্থকতা আনর্থ অনর্থকতা। অর্থসংকট। মানেবিভ্রাট। গিডিমিডি আগড়ম-বাগড়ম অগড়বগড় আবোল -তাবোল। ধানাইপানাই আলতুফালতু। প্রলাপ। দ্ব্যর্থতা। অসংগতি। অস্পষ্টতা (৫১২)। ধূম্রজাল বাকজাল। হিংটিংছট। পণ্ডিতিপনা। কেতাবিবাত। বাজেকথা। মূর্খতা।

ক্রি. কোন অর্থ বা মানে না হওয়া। তাৎপর্য না থাকা। প্রলাপ বকা। হেঁয়ালি করা। আঁচড় টানা। হিজিবিজি লেখা। ভুল বোঝা। ভুল বোঝানো। তেলে না ভাজা।

বিণ. অর্থ,-হীন,-শূন্য। নিরর্থক অনর্থক। নিরর্থ অনর্থ। বাজে যা-তা অসার। মর্ম,সার,অন্তঃসার, -হীন তাৎপর্যহীন। সংগতিহীন অপ্রকাশিতব্য অপাঙ্‌ক্তেয়। অবোধ্য অস্পষ্ট (৫৩৯)।

৫৩৮। বোধগম্যতা

বি. বোধগম্যতা সু,সহজ,-বোধগম্যতা। অধিগম্যতা স্পষ্টতা স্বচ্ছতা পরিস্ফুটতা প্রাঞ্জলতা বিশদতা। যথাযথতা যথার্থতা সহজতা। সংগতি সামঞ্জস্য।

ক্রি. বোধগম্য করা। পরিষ্কার করা। ভাবপ্রকাশ করা। সহজ করা। জল বা পানি করা বা হওয়া। খুলে বলা। বাংলা করে বলা। ব্যাখ্যা করা। সম্প্রসারিত করা। উদাহরণ দেওয়া। বোঝা। বুঝতে পারা। অধিগম করা। ধারণা করা। আয়ত্ত করা। মর্ম গ্রহণ করা। হৃদয়ংগম করা। মাথায় ঢোকা।

বিণ. বোধগম্য জ্ঞানগম্য হৃদয়ংগম। অধিগম্য। বোধ্য সুবোধ্য। লঘুবোধ্য। স্বচ্ছ স্পষ্ট পরিস্ফুট বিশদ প্রাঞ্জল। পরিষ্কার সাফ। সহজ সোজা সরল। চাঁচাছোলা। বোধক বাচক।

৫৩৯। অবোধগম্যতা

বি. অবোধগম্যতা অবোধ্যতা। দুর্বোধ্যতা দুরধিগম্যতা দুজ্ঞেয়তা। কঠিনতা। কটমটি। কূটার্থ। গুপ্তঅর্থ। অর্থসংকট। মানেবিভ্রাট। ব্যসকূট। হিজিবিজি। অস্পষ্টতা অপরিস্ফুটতা। অস্বচ্ছতা। অসম্বদ্ধতা অসংলগ্নতা সংগতিশূন্যতা পারম্পর্যহীনতা। দ্ব্যর্থতা। জট জটিলতা। ধূম্রিমা। সমস্যা। অনুত্তর প্রশ্ন। রহস্য। প্রহেলিকা হেঁয়ালি ধাঁধা। কদক্ষর।

ক্রি. অবোধ্য বা অবোধগম্যতা হওয়া বা করা। জটিল বা কঠিন করা। তালগোল পাকানো। গোপন করা।

বিণ. অবোধগম্য। অনধিগম্য। অবোধ্য। অজ্ঞেয়। দুরভিগ্রহ দুরবগাহ দুরধিগম দুরধিগম্য দুর্বোধ্য দুর্জ্ঞেয় দুরূহ। কূট কূটকচালে প্যাঁচালো। ঘোরপ্যাঁচওয়ালা। দুষ্পাঠ্য অপাঠ্য দুরধ্যয়। বিদঘুটে অনুত্তর। অস্পষ্ট অপরিস্ফুট অস্বচ্ছ। দ্ব্যর্থ। অনির্দিষ্ট। জটিল কঠিন। নীরস। খটোমটো কটমট। অসম্বদ্ধ অসংলগ্ন। অসংগতিপূর্ণ। পারম্পর্যহীন। নিগূঢ়। অপ্রকাশিতব্য অবাচ্য অনুচ্চার্য।

৫৪০। দ্ব্যর্থতা

বি. দ্ব্যর্থতা। বাকছল বাকচাতুরি। ব্যঙ্গ শ্লেষ। বক্রোক্তি। কটাক্ষ। ছলনা (৫৫৬)। বিভ্রান্তি। ধাঁধা। ফুসমন্তর। স্ফিংস। গূঢ়বাণী।

ক্রি. এক মুখে দুই কথা বলা। হেঁয়ালি করা। ছলনা করা (৫৫৬)।

বিণ. দ্ব্যর্থ,-ক। নানার্থক বহ্বর্থ বিবিধার্থক। ব্যঙ্গ। শ্লিষ্ট নিগূঢ় প্রচ্ছন্ন। বিভ্রান্তিকর। সন্দেহজনক। কপট।

৫৪১। ব্যাখ্যা

বি. ব্যাখ্যা। সংজ্ঞার্থ। টীকা ভাষ্য টীকাভাষ্য। পাদটীকা। তাৎপর্য। অর্থ,-বোধ,-নির্ধারণ, -নিরূপণ,-গ্রহ। বিশ্লেষণ বিশ্লেষ। সারোদ্ধার মর্মোদ্ধার মর্মোদ্ভেদ মর্মোদ্‌ঘাটন। নিরুক্তি নির্বচন। বিশদবিবরণ ভাবসম্প্রসারণ ব্যাখ্যান সূত্রবিবৃতি। নিদানবর্ণন। সমাধান উত্তর কৈফিয়ত অর্থ (৫৩৬)। সূত্র। অনুবাদ আক্ষরিক-অনুবাদ স্বচ্ছন্দ-অনুবাদ। নিবন্ধ। মন্তব্য টিপ্পনী। দৃষ্টান্ত উদাহরণ। অভিধান (৫৭৪)। ভবিষ্যদ্‌বাণী (৫৩৪)।

ব্যাখ্যাতা ব্যাখ্যা,-কার,-কারী। বর্ণনাকারী। প্রদর্শনকারী। ভাষ্য,টিকা,নিবন্ধ,-কার। সূত্রার্থপ্রকাশক। প্রকাশক। অনুবাদক। দৈবজ্ঞ (৫৩৪)। দোভাষ। বক্তা মুখপাত্র। ফোরম্যান। সর্দার। উকিল। প্রতিনিধি দূত। প্রদর্শক। পথপ্রদর্শক পাইলট। ঘোষক।

ক্রি. ব্যাখ্যা করা। সংজ্ঞা দেওয়া। মানে করা। অনুবাদ করা। টীকা লেখা। বয়ান করা। ভাবসম্প্রসারণ করা। উদাহরণ বা দৃষ্টান্ত দেওয়া। বোঝানো। সহজ করা। মন্তব্য করা।

বিণ. ব্যাখ্যাত বিবৃত বিশ্লেষিত। ব্যাখ্যামূলক। উদাহরণমূলক। দৃষ্টান্তস্বরূপ। সমার্থক। পরস্পরপরিবর্তনীয়। আক্ষরিক। রূপক। ব্যাখ্যেয়। বর্ণনীয়।

৫৪২। দুর্ব্যাখ্যা

বি. দুর্ব্যাখ্যা কুব্যাখ্যা ভুল,ভ্রান্ত,-ব্যাখ্যা। ভুলঅর্থ। অর্থভ্রম (৫০৯)। কদর্থ। অর্থ,-বিরোধ, -বৈকল্প। কথার ফাঁকি। বিতথ্য অসত্যবর্ণনা। মিথ্যাবর্ণনা। ভুজুংভাজাং। বিকৃতকরণ। অতিরঞ্জন। অপলাপ। অপপ্রয়োগ। বাকছল। শ্লেষ লালিকা।

ক্রি. দুর্ব্যাখ্যা বা কদর্থ করা। ভুল অর্থ করা। বিকৃত করা। ভুল বোঝানো। অশুদ্ধ ব্যাখ্যা দেওয়া। ভুজুংভোজাং দেওয়া। ধূম্রজাল রচনা করা। কথার অযথা জের টানা। ভেংচানো। কথার জোড়াতালি দেওয়া। তালগোল পাকানো। গুলিয়ে দেওয়া।

বিণ. কদর্থীয়। ভ্রমাত্মক। অশুদ্ধ। বিভ্রান্তিকর। অগোছালো। ধোঁয়াটে।

৫৪৩। প্রকটন

বি. প্রকটন প্রকাশন বিকাশ উদ্ভাস উদ্ভাসন। বিস্তার প্রসার প্রস্ফুটন উন্মেষ উন্মীলন উন্মোচন। অভিব্যক্তি ক্রমবিকাশ। আভাস ইশারা ইঙ্গিত। ব্যঞ্জনা দ্যোতনা। রূপায়ণ। প্রদর্শন। প্রদর্শনীঅনুষ্ঠান। প্রচার (৫৪৮)। উদ্‌ঘাটন (৫৪৭)। উন্মুক্ততা। অকপটতা। বৈশিষ্ট্য লক্ষণীয়তা।

ক্রি. প্রকটিত বিকশিত বা প্রকাশিত হওয়া। উন্মোচিত বা প্রস্ফুটিত হওয়া। উদ্‌ঘাটিত হওয়া। প্রকাশ করা। দেখানো। প্রদর্শন করা। উন্মোচন করা। প্রচার করা। উদ্‌ঘাটন করা। আভাস দেওয়া। আবিষ্কার করা। মর্মোদ্ধার করা। আলোকপাত করা। বিকশিত হওয়া। দৃষ্টিগোচর হওয়া (৪৩৭)। চোখে পড়া। কানে আসা।

বিণ. প্রকটিত বিকশিত প্রকাশিত উন্মীলিত উন্মোচিত প্রস্ফুটিত উদ্‌ঘাটিত উন্মেষিত উদ্ভিন্ন উদ্ব্যক্ত। মূর্ত। অভিব্যক্ত। প্রতীয়মান আকর্ষণীয়। স্পষ্ট। পরিস্ফুট। বিশদ প্রাঞ্জল। প্রকট। সহজ সরল। প্রকাশ্য জাহির। উন্মুক্ত। খোলা নগ্ন। খোলাখুলি নিঃসঙ্কোচ অকুণ্ঠিত প্রগল্‌ভ নির্ভীক। চূড়ান্ত অভ্রান্ত। স্বতঃসিদ্ধ প্রমাণিত। স্বতঃস্ফূর্ত স্বাভাবিক।

ক্রি-বিণ. প্রকাশ্যদিবালোকে। অসংকোচে। মুক্তকণ্ঠে।

৫৪৪। প্রচ্ছন্নতা

বি. প্রচ্ছন্নতা অস্ফুটতা। অস্পষ্টতা। অব্যক্ততা। সুপ্তি। লীনতা। গূঢ়তা নিগূঢ়তা। দ্ব্যর্থতা। গোপনতা। রহস্য। প্রহেলিকা। গূঢ়ার্থ গূঢ়মর্ম মর্মার্থ। মর্মবাদ সুফিবাদ। অতীন্দ্রিয়বাদ। প্রতীকবাদ। পরোক্ষোক্তি। ব্যঙ্গোক্তি বক্রোক্তি। অবভাষণ। অদৃশ্যহস্ত। আসললোক। তলস্রোত।

ক্রি. প্রচ্ছন্ন লীন বা নিহিত থাকা। দৃষ্টিগোচর না হওয়া। চোখে না পড়া। লুকিয়ে থাকা। ওত পাতা। গোপন করা (৫৪৬)। জড়িত থাকা। মিশে থাকা। প্রতীক হিসাবে প্রকাশ করা। আভাস বা ইঙ্গিত দেওয়া। অনুমিত হওয়া। সূচিত হওয়া।

বিণ. প্রচ্ছন্ন অপ্রচ্ছন্ন। নিহিত অন্তর্নিহিত। অন্তঃশীল। সুপ্ত শায়িত। লীন অন্তর্লীন। বাতেন। গূঢ় নিগূঢ়। গুহ্য লুক্কায়িত গুপ্ত অজ্ঞাত দুর্জ্ঞেয়। অনুদিত অনুদাত্ত অনুক্ত অব্যক্ত উহ্য। অপ্রকট অপ্রকাশ অপ্রতীয়মান। অবিকশিত অপ্রকাশিত অপ্রদর্শিত অভাষিত অনুচ্চারিত অনুদ্‌ঘাটিত। চাপা। ঘুষঘুষে। গোপন। রহস্যজনক। অভ্যন্তরীণ। অতীন্দ্রিয়। অগোচর অদৃশ্য। (৪৩৮)। প্রতীকমূলক সাংকেতিক। অপ্রত্যক্ষ। বিমূর্ত। অনতিপরিচিত। বাঁকা বক্র। চোরা।

৫৪৫। জ্ঞাপন

বি. জ্ঞাপন জ্ঞাতকরণ প্রজ্ঞাপন বিবোধন সূচন। আলোকপাত। পরিচয় জানাশোনা। অভিজ্ঞতা। প্রচার (৫৪৮)। ধর্মপ্রচার তবলিগ। প্রখ্যাতি কীর্তি। উল্লেখ বলাকহা বলাবলি জানাজানি আদানপ্রদান বাতচিত। বিজ্ঞাপন বিজ্ঞাপনী জ্ঞাপনী বিখ্যাপন সংজ্ঞাপন সংজ্ঞপ্তি অ্যাডভারটাইজমেন্ট। বিজ্ঞপ্তি প্রজ্ঞপ্তি পরিপত্র সার্কুলার শোহরত নোটিশ এত্তেলা হুঁশিয়ারি। বিজ্ঞাপনী ইশতিহার। এলান ঘোষণা ঘোষণ বিঘোষণ প্রখ্যাপন উৎকীর্তন। বার্তা বারতা বিবৃতি বর্ণন বিবরণ। প্রতিবেদ প্রতিবেদন রিপোর্টিং। ব্যাখ্যান। ভাষ্য কমেন্টারি। ধারা,-ভাষণ,-বিবরণী রানিংকমেন্টারি। বেতার-বিবরণী। উপদেশ নির্দেশ। খবর সংবাদ সমাচার। বিবরণী হিসাব বর্ণনা। প্রাক্কলন মূল্যানুমান। নিদর্শন। প্রদর্শন জাহির স্বপ্রচার। উল্লেখ উল্লেখন। দৃষ্টি আকর্ষণ। সূচিপত্র নির্ঘণ্ট নির্দেশিকা। সূচনাপত্র। মুখ,-পত্র,-পাত। নোটিশবোর্ড। মানচিত্র নকশা। ভ্রমণসূচি। সংকেত ইঙ্গিত আভাস ইশারা। সূত্র। অভিভাবন। উসকানি। বক্রোক্তি কানাকানি কর্ণান্তর। জন,লোক,-শ্রুতি কিংবদন্তি। রটনা।

জ্ঞাপক জ্ঞাপয়িতা প্রত্যায়ক সূচক বোধক। প্রচারক। বিজ্ঞাপক বিজ্ঞাপনদাতা। প্রখ্যাপক খ্যাপক। ঘোষক ঘোষণাকারী প্রঘোষক নকিব। প্রতিবেদক প্রতিবেদনকারী সংবাদদাতা রিপোর্টার। ভাষ্য,ধারাভাষ্য,-কার কমেন্টেটার কম্পিয়ার। স্পোকস্‌ম্যান মুখপাত্র (৭৫৪)। পথ,প্রদর্শক,-নির্দেশক। দিশারী পাইলট। রটনাকারী।

ক্রি. জানানো। জ্ঞাপন করা। অবগত করা। অবহিত করা। জ্ঞাত করা বা করানো। বলাকহা। খবর দেওয়া। বলাবলি করা। চেনানো। পরিচয় করানো। প্রকাশ বা প্রচার করা। ঘোষণা করা বা দেওয়া। এলান করা। দেখানো। জাহির করা। কানে,-তোলা,-লাগানো। উল্লেখ করা। দৃষ্টি আকর্ষণ করা। নির্দেশ উপদেশ বা শিক্ষা দেওয়া। রিপোর্ট করা। সংবাদ দেওয়া। টেলিফোন করা। টেলিগ্রাম বা তার পাঠানো। বিবৃতি দেওয়া। বর্ণনা করা। প্রতিবেদন করা। সত্যতা উদ্ধার করা। ফাঁস করা (৫৪৭)। ব্যাখ্যা করা। ঠিক করা। জানাজানি হওয়া। আভাস ইঙ্গিত বা ইশারা করা। চোখ ঠারা। উসকানি দেওয়া। রটনা করা।

বিণ. জ্ঞাত পরিজ্ঞাত অবগত বিদিত সুবিদিত। সূচিত। বিজ্ঞাপিত জ্ঞাপিত রটিত। প্রচারিত। প্রতিবেদিত। ঘোষিত বিঘোষিত আঘোষিত প্রখ্যাপিত উৎকীর্তিত অভিশব্দিত। বিবৃত উল্লিখিত। জ্ঞাতব্য জ্ঞেয় জ্ঞানগোচর জ্ঞাপনীয় বিজ্ঞাপনীয় প্রখ্যাপনীয় সূচনীয় সূচ্য সূচয়িতব্য। উল্লেখ্য উল্লেখনীয়। ব্যাখ্যাত। জ্ঞাপক দ্যোতক ব্যঞ্জক প্রকাশক। নির্দেশক। তথ্য,-মূলক, -সংক্রান্ত। স্পষ্ট বিশদ। অভিভাব্য। ঘোষণামূলক। বর্ণনামূলক। পরিচায়ক।

৫৪৬। গোপন

বি. গোপন গোপনতা গোপনীয়তা। সংগোপন গুপ্তি সংগুপ্তি। সংবরণ। অপলাপ। চাপাচাপি। ছাপাছাপি ঢাকাঢাকি ঢাকঢাক-গুড়গুড় লুকোচুরি। স্বগতোক্তি। আড়ি আড়াল আড় আবডাল অন্তরাল। আবরণ পর্দা ঘোমটা। যবনিকা। ছায়া। সিন্দুক। চোরাকুঠরি। ভোল মুখোশ ছদ্মবেশ। অপলাপ নামগোপন। আত্মগোপন। আন্ডারগ্রাউন্ড। অজ্ঞাত,ভূতল,-বাস। গুমি। চাতুর্য। সাট ইঙ্গিত ইশারা হাতছানি। টিপুনি অন্তরটিপুনি। গুজগুজানি। ফুসমন্তর। সাঁট সড় ষড়যন্ত্র চক্রান্ত। নীরবতা চুপি। মৌন। রহস্য সন্ধান। গুপ্তকথা ঘরের,পেটের,-কথা। হাঁড়ির খবর। অজ্ঞাত কাহিনী। মন্ত্রগুপ্তি। গুপ্তধন। কানাকানি কানাঘুষা।

ক্রি. গোপন করা। লুকানো ছাপানো বা ঢাকা। গুপ্ত বা লুক্কায়িত রাখা। উহ্য রাখা। লুকিয়ে থাকা। আত্মগোপন করা। নাম বা পরিচয় গোপন করা। নাম ভাঁড়ানো। ডুব মারা। গা ঢাকা দেওয়া। গায়েব বা গাপ হওয়া। ওত পাতা। গুঁড়ি বা গুঁড়িগুঁড়ি মারা। ঘুপটি বা ঘাপ্টি মারা। ফাঁদ পাতা (৬৭৬)। আড়ি পাতা বা মারা। ফিসফিস করা। গুজগুজ করা। টিপে দেওয়া। চোখ টেপা। গায়েব বা গুম করা। চোখে ধুলো দেওয়া। ধোঁকা দেওয়া। ডুবে ডুবে জল খাওয়া। চাপা মারা। চেপে দেওয়া। চেপে যাওয়া। ধামাচাপা দেওয়া।

বিণ. গোপন গুপ্ত সংগুপ্ত সংগোপিত সুগুপ্ত। লুকানো লুক্কায়িত। ছাপানো চাপা ঢাকা সংবৃত। ধামাচাপা। অদৃশ্য। অজানা অজ্ঞাত বেমালুম। দুর্জ্ঞেয় নির্জ্ঞেয়। রহস্য,-জনক,-ময়,-পূর্ণ। গায়েবি। গূঢ় নিগূঢ় গুহ্য। প্রচ্ছন্ন। নিভৃত অন্তরস্থ। ব্যক্তিগত বৈয়ক্তিক। গোপনীয় অপ্রকাশিতব্য অপ্রচারণ্য। অপ্রচারণীয়। গোপ্তব্য গোপ্য। মুখচাপা। গুজগুজে। নির্বাক নীরব স্বল্পভাষী। চোরা চোরাগোপ্তা। গাপ গায়েব পুশিদা। আবৃত অনাবিষ্কৃত অবোধ্য।

ক্রি-বিণ. গোপনে লুকিসারে চুপিসারে চুপেচাপে। অগোচরে অপ্রকাশ্যে। অসাক্ষাতে অসমক্ষে। আড়ালে আবডালে। অজ্ঞান্তে। নেপথ্যে। তলে তলে। ফাঁকে ফাঁকে।

৫৪৭। প্রকাশ

বি. প্রকাশ বিকচ প্রকটন (৫৪৩)। প্রকাশন স্ফুটন প্রস্ফুটন ফুটন স্ফুরণ স্ফূর্তি স্ফার স্ফারণ বিস্ফার। উদ্‌ঘাটন উন্মোচন উদ্ভাসন উদ্‌গিরণ উদ্ব্যক্তি। জ্ঞাপন কথন। উদ্ভাবন। প্রচার ঘোষণা রটনা। প্রদর্শন। বিকাশ প্রতিভাস অভিদ্যোতনা ক্রমপ্রকাশ অভিব্যক্তি বিবর্তন। উদয়। উদ্ভেদ। বাহির অনিভৃতি। বহিরাগমন। জানাজানি। টিটি। প্রাপ্তিস্বীকার কৃতজ্ঞতাস্বীকার। স্বীকৃতি স্বীকারোক্তি কবুলজবাব অপরাধস্বীকার। চিচিংফাঁক। প্রকাশক প্রকাশকারী। উদ্‌ঘাটক উদ্‌ঘাটনকারী। উদ্ভাসক উদ্ভাসনকারী। অভিদ্যোতক।

ক্রি. প্রকাশ করা। অনাবৃত উন্মুক্ত উদ্‌ঘাটন বা উন্মোচন করা। খোলা। চোখ খোলা। রহস্য উদ্‌ঘাটন করা। বলা (৫৪৫)। উচ্চারণ করা। মুখ খোলা। খোলসা করা। হাটে হাঁড়ি ভাঙা। ফাঁস করা। বার করা। গোপন না করা। মুখ ফুটে বলা। কথা ভাঙা। খবর দেওয়া। বিশ্বাসঘাতকতা করা। ফোটা। ফুটে ওঠা। মেলা। মেলে দেওয়া। বার হওয়া। বাইরে আসা। জাহির বা রটনা করা। কানাকানি বা কানাঘুষা করা। স্বীকার বা কবুল করা। সত্যতা স্বীকার করা। বুকে হাত দিয়ে বলা। শপথ করা। মন খোলা। জাহির হওয়া। প্রকাশ পাওয়া। জানাজানি হওয়া। ফাঁস হওয়া। টিটি পড়া। কানে আসা। চোখে পড়া। দিবালোকের মত পরিষ্কার হওয়া।

বিণ. প্রকাশিত প্রকটিত। স্ফুট স্ফুটিত প্রস্ফুট পরিস্ফুট প্রস্ফুটিত বিকচ। স্ফুরিত। স্পষ্ট সুস্পষ্ট। মূর্ত প্রমূর্ত অনাবৃত অভিব্যক্ত। উন্মুক্ত উদ্‌ঘাটিত উন্মোচিত উদ্ব্যক্ত উদ্ভিন্ন। অগোপন অগুপ্ত অগুহ্য অগূঢ় অগোপনীয় বেফাঁস। উদিত সমুদিত। প্রচারিত প্রদর্শিত ব্যক্ত। উদ্ভাবিত। অনিবারিত। প্রকাশ্য প্রতীয়মান প্রকট। দৃশ্য। বিকাশ,প্রকাশ,-মান উদয়মান স্ফুটনোন্মুখ স্ফুটনোদ্যত বিকচোন্মুখ। প্রকাশিতব্য প্রকাশনীয় স্ফুটনীয়। স্ফূর্তিমান। স্বীকৃত কবুল। ফাঁস।

ক্রি-বিণ. প্রকাশ্যে প্রকাশ্যদিবালোকে। খোলাখুলি ভাবে। চোখের সামনে। সবারসামনে সর্বসমক্ষে হাটের মধ্যে। মুক্তকণ্ঠে অসংকোচে।

৫৪৮। প্রকাশন

বি. প্রকাশ,-ন,-না। বিকাশন। ঘোষণা এলান বিবৃতি বিজ্ঞপ্তি ইশতিহার। শোহরত। ঢোলশোহরত ঢেঁড়া ঢ্যাবাডোবা ধমল। উদ্‌ঘাটন ফাঁস। শোর আওয়াজ শোরগোল। হুকুমজারি। আইনপ্রবর্তনা। ডিক্রিজারি। হুলিয়া। প্রচার,-ণ, -ণা প্রচারকরণ। অনুকীর্তন পাবলিসিটি। সম্প্রচার সম্প্রসারণ ব্রডকাস্ট টেলিকাস্ট। সংবাদ (৫৪৯)। রটনা রটন চাউড় জানাজানি কানাকানি কর্ণান্তর কানাঘুষা কর্ণোপকর্ণিতা বলাবলি কথাচালাচালি লোকজানাজানি। টিটিক্কার। কথন খ্যাতি। চল প্রচলন। জনরব গুঞ্জন গুজব। হুজুগ। হৈচৈ। বৃত্তান্ত। প্রেস। সংবাদপত্র খবরেরকাগজ (৫৪৯)। পত্রিকা গেজেট। বিজ্ঞাপন। প্রচারপত্র ঘোষণাপত্র বুলেটিন। পুস্তিকা বুকলেট প্রচারপুস্তিকা। বিল হ্যান্ডবিল লিফলেট। পোস্টার প্ল্যাকার্ড ব্যানার হোর্ডিং সাইনবোর্ড। নামফলক নেমপ্লেট লেটারহেড। ভিজিটিং কার্ড। পরিচয়,প্রমাণ,-পত্র আইডেন্টিটি কার্ড। প্রাচীরপত্র দেয়াল,-পত্র, -লিপি,-লিখন। নোটিশ। প্রোগ্রাম। বিবরণ কর্মসূচি। ম্যানিফেস্টো কর্মপন্থা। প্রচার,গণ,জন, -মাধ্যম প্রচারযন্ত্র মিডিয়া। প্রকাশক প্রচারক প্রচার,-কারী,-বিদ,-বিশেষজ্ঞ। সম্প্রচারক। রটনাকারী।

ক্রি. প্রকাশ করা। প্রচার করা। ঘোষণা বা এলান করা। জারী করা। রাষ্ট্র করা। রটানো। রটা। ঢোলশোহরত করা। ঢোল দেওয়া। ঢেঁড়া বা ঢাক পিটানো। প্রকাশ হয়ে যাওয়া। শোর আওয়াজ শোরগোল বা রব তোলা। হৈচৈ বাধানো। প্রবর্তন বা প্রচলন করা। হাটে হাঁড়ি ফাটানো বা ভাঙা। বেরিয়ে পড়া। গুজব ছড়ানো। টিটি পড়া। নিন্দা রটা। পাঁচ কান করা। বলে বেড়ানো। রব ওঠা। মুখে মুখে ফেরা। হাওয়ায় রটা। ছড়ানো। জানানো। জানাজানি হওয়া। কানাকানি কানাঘুষা বা কথাচালাচালি করা। লোকজানাজানি হওয়া। টেলিগ্রাফ কেব্‌ল্ বা তার করা। পৃথিবীকে জানানো।

বিণ. প্রকাশিত প্রচারিত সম্প্রচারিত। প্রচলিত। সর্বজনবিদিত। জলজ্যান্ত। খ্যাত কুখ্যাত।

ক্রি-বিণ. লোকমুখে মুখেমুখে লোকপরম্পরায়। সর্বসমক্ষে দিবালোকে।

৫৪৯। সংবাদ

বি. সংবাদ খবর নিউজ খবরাখবর বার্তা উদ্দেশ সমাচার সন্দেশ। বৃত্তান্ত বিবরণ। কাগজের,পেপারের,-খবর। বেতারবার্তা রেডিওরখবর টিভিনিউজ টিভিরখবর। তথ্য। ঠিকঠিকানা সন্ধান পাত্তা। খোঁজ,-খবর তত্ত্বতালাশ। তথ্যসন্ধান। হাট,হাড়,-হদ্দ নাড়ীনক্ষত্র হাঁড়িরখবর গুহ্যসংবাদ ভেতরেরকথা। গোপনসংবাদ স্কুপ। স্থানীয়সংবাদ। মফস্বলসমাচার। বাত কথা। বিবৃতি বাণী। প্রতিবেদন। নির্দেশ উপদেশ। বুলেটিন। তার টেলিগ্রাম কেব্‌ল্। রেডিওগ্রাম অয়্যারলেস। টেলিফোন ফোন দূরালাপনী। বিবরণ রিপোর্ট। জনরব জনশ্রুতি শোনাকথা গুজব আওয়াজ গোলযোগ হৈচৈ। আলোচনা খ্যাতি। ঢিঢি,-ক্কার, -রব,-কার। আড্ডা বকবকানি। সু,-সংবাদ, -খবর,-বৃত্তান্ত। শুভসংবাদ খোশ,ভালো,-খবর। কুশল,-সংবাদ,-বার্তা মঙ্গলবার্তা। তাজা,টাটকা, -খবর লেটেস্টনিউজ। ঠিক,পাকা,-খবর। ঘোড়ার মুখের খবর। বাজে,উড়ো,-খবর। মিথ্যেখবর। ভুল,-তথ্য,-খবর। দুঃখজনক,আতঙ্কজনক, -সংবাদ। খারাপখবর। অপরাধজগতের খবর। দুর্ঘটনা সংবাদ। কেলেঙ্কারি।

সংবাদপত্র খবরেরকাগজ পত্রিকা আখবার নিউজপেপার গেজেট গেজেটিয়ার। কাগজ পেপার। মুখপত্র। দৈনিক,-সংবাদপত্র,-কাগজ, -পত্রিকা ডেলি। প্রভাতীসংবাদপত্র। সান্ধ্যদৈনিক। সাময়িকপত্রিকা সাময়িকী বারত্রয়িক সাপ্তাহিক পাক্ষিক মাসিক দ্বিমাসিক ত্রৈমাসিক ষান্মাসিক বার্ষিক বাৎসরিক। ঈদ,পূজা,বিশেষ,-সংখ্যা। জয়ন্তীসংখ্যা। ক্রোড়পত্র কোলপাতি। পত্রপত্রিকা ম্যাগাজিন জার্নাল। মনোগ্রাফ। লিটলম্যাগাজিন অপেশাদারিকাগজ। ব্রুসিওর। স্মরণিকা স্মারকপত্র স্যুভেনির। প্রেস,-বিজ্ঞপ্তি,-রিলিজ। সম্পাদকীয় এডিটোরিয়াল।

সাংবাদিকতা জার্নালিজম। সংবাদজগৎ সংবাদ, -সংস্থা প্রতিষ্ঠান নিউজ,-এজেন্সি,-ব্যুরো। সংবাদ,প্রচার,-মাধ্যম মিডিয়া। সম্পাদন সম্পাদনা সম্পাদকতা। সাংবাদিকসম্মেলন প্রেস,-বৈঠক, -কনফারেন্স। সম্পাদক এডিটর। সাবএডিটর সহসম্পাদক। বার্তাসম্পাদক নিউজএডিটর। ক্রীড়াসম্পাদক। সাংবাদিক জার্নালিস্ট। রিপোর্টার প্রতিবেদক। সংবাদদাতা নিজস্ব,বিশেষ, -সংবাদদাতা প্রতিনিধি স্টাফ রিপোর্টার। ক্রীড়াসাংবাদিক। সংবাদ,-বহ,-বাহী,-বাহক বার্তাবহ খবরগির হরকরা। খবর,সমাচার,-দাতা। কলমচি কলামনিস্ট। ভাষ্যকার। ঐতিহাসিক কথক বয়াতী। রটনাকারী। নিন্দুক। আড্ডাবাজ বাচাল পাড়ারগেজেট। ফোঁপরদালাল। চর,-দূত বার্তন বার্তায়ন বরাতি। স্পাই গুপ্ত,-চর,-দূত। দূতী কূটনী। গোয়েন্দা ডিটেকটিভ। ভগ্নদূত। দৌত্য,-গিরি দূতিয়ালি। গুপ্তচরবৃত্তি।

ক্রি. সংবাদ বা খবর পাওয়া দেওয়া বা সংগ্রহ করা। নাড়ীনক্ষত্র টেনে বের করা। খবর বের করা। স্কুপ করা। ফাঁস বা প্রকাশ করা। রটনা করা। মুখে মুখে খবর ছড়িয়ে পড়া। জানাজানি হওয়া। কাকের মুখে খবর পাওয়া। বাতাসের আগে খবর ছোটা।

বিণ. সংবাদে প্রকাশিত। কথিত। প্রচারিত। প্রচলিত। তথাকথিত। তথ্য,-মূলক,-সংক্রান্ত চাঞ্চল্যকর লোমহর্ষক মুখরোচক কলঙ্কময়।

৫৫০। যোগাযোগ

বি যোগাযোগ,-ব্যবস্থা কমিউনিকেশন। খবর, -আদানপ্রদান,-দেওয়ানেওয়া,-লেনদেন। সংযোগ। যাতায়াত পরিবহন (২৮৫)। সরাসরি,প্রত্যক্ষ,-যোগাযোগ। পরোক্ষ,-সংযোগ, -যোগাযোগ। ডাক,-ব্যবস্থা,-যোগাযোগ পোস্টালসার্ভিস। ডাকঘর পোস্টঅফিস। ডাক, -টিকিট,-মাশুল,-খরচ। খাম লেফাপা এনভেলাপ। পোস্টকার্ড। অন্তর্দেশীয়পত্র ইনল্যান্ডলেটার। বিদেশের চিঠি ফরেনলেটার। সিল ছাপ মোহর ফ্র্যাঙ্কিং। মনিঅর্ডার। রেজিস্ট্রেশন। প্রাপ্তিস্বীকার। ভিপি। ডাকবাক্স। ডাকমেইল। ডাকগাড়ি। ডাক,-পিওন,-ওয়ালা পোস্টম্যান। ডাকহরকরা রানার। পোস্টমাস্টার ডাকবাবু। বিমানডাক এয়ার-মেইল। সি-মেইল। সারফেস-মেইল। চিঠি (৫৯৪)। পত্র লিপি লেটার। পত্রবিনিময় চিঠিচাপাটি। পত্রোত্তর চিঠির উত্তর। পত্রবন্ধু পেনফ্রেন্ড।

টেলি,-গ্রাফ,-গ্রাম তার কেবল। টেলি,-প্রিন্টার, -টাইপরাইটার। টেলেক্স। মর্সকোড টরেটক্কা। টেলিগ্রাফ অফিস তারঘর। টেলিগ্রাফের,-তার, -পোস্ট,-খুঁটি। টেলিফোন ফোন দূরালাপনী। রিসিভার গ্রাহকযন্ত্র। টেলিফোন,-ফোন,-কেন্দ্র, -এক্সচেঞ্জ। অটোমেটিক,স্বয়ংক্রিয়,-টেলিফোন। ডায়াল,-টোন। বিজি,ব্যস্ত,-টোন। রিং-ব্যাক -টোন। ক্রস-কানেকশন। কল। ট্রাঙ্ক,-কল, -টেলিফোন। টেলি,-যোগাযোগ,-কমিউনিকেশন। রেডিও (৩৩৫)। রেডিও টেলিফোন। টেলিভিশন (৩৩৬)। যোগাযোগ উপগ্রহ কমিউনিকেশন -স্যাটেলাইট। মাইক্রোওয়েভ অনুতরঙ্গ। বেতার। আলোকতরঙ্গপ্রকৌশল। অপটিক্যালফাইবর গ্লাসফাইবর।

ক্রি. যোগাযোগ স্থাপন করা বা রাখা। সংযোগ রক্ষা করা। চিঠি লেখা। টেলিফোন করা। ডায়াল বা রিং করা। কথা বলা।

বিণ. যোগাযোগ,-সংক্রান্ত,-বিষয়ক। সডাক। ডাকমাশুলসহ।

৫৫১। শিক্ষা

বি. শিক্ষা শিক্ষাদীক্ষা এডুকেশন শিক্ষণ শিক্ষাগ্রহণ শিক্ষাদান তালিম টিচিং প্রশিক্ষণ কোচিং ট্রেনিং। দীক্ষা,-দান। বিদ্যা,জ্ঞান,-দান জ্ঞানসঞ্চার। পাঠন বিনয়ন। শিক্ষকতা মাস্টারি গুরুগিরি অধ্যাপন অধ্যাপনা পণ্ডিতি অধ্যক্ষ,-তা,-ত্ব। গৃহশিক্ষকতা টিউশনি। শাসন অনুশাসন। নির্দেশ আদেশ উপদেশ সবক হিতোপদেশ নীতিকথা। শিক্ষা, -লাভ,-প্রাপ্তি। বিদ্যা,-লাভ,-অর্জন,-চর্চা,-শিক্ষা বিদ্যোপার্জন বিদ্যাভ্যাস বিদ্যানুশীলন। জ্ঞান, -লাভ,-চর্চা,-পিপাসা জ্ঞানার্জন জ্ঞানানুশীলন। প্রস্তুতি যোগ্যতা।

অনুশীলন চর্চা অভ্যাস। পাঠ পঠন আবৃত্তি। ব্যায়াম। বক্তৃতা তকরির। আলোচনা। বাহাস। শিক্ষা,-প্রণালী,-বিধি। পাঠনরীতি পড়ানোর ধরন। শিক্ষা,-বিস্তার,-প্রসার বিদ্যা,জ্ঞান,-বিস্তার। প্রাথমিক,বুনিয়াদি,মাধ্যমিক,কলেজি,উচ্চ, সাধারণ, বৃত্তিমূলক,-শিক্ষা। হাতেকলমে শিক্ষা। প্রত্যক্ষজ্ঞান। পরোক্ষজ্ঞান। শিক্ষাবিভাগ। শিক্ষার,-অধিকার,-সুযোগ। জনশিক্ষা বয়স্কশিক্ষা। নিরক্ষরতাদূরীকরণ। শিক্ষাকেন্দ্র (৫৫৪)। শিক্ষামাধ্যম। পাঠ্য,-গ্রন্থ,-পুস্তক

টেক্সটবই। পাঠ্য,-সূচী,-ক্রম,-তালিকা পাঠক্রম সিলেবাস শিক্ষাক্রম। বিজ্ঞান সায়ান্স। মানবিক বিদ্যা হিউম্যানিটিজ। পরীক্ষা (৪৮০)।

শিক্ষক শিক্ষা,-গুরু,-দাতা দীক্ষক দীক্ষাদাতা মাস্টার,-মশাই টিচার। শিক্ষয়িতা শিক্ষয়িত্রী শিক্ষিকা মাস্টারনী। গুরু,-মশাই আচার্য মহাগুরু। আচার্যা। গুর্বী গুরুপত্নী গুরুমা। বিদ্যাদাতা বিনেতা জ্ঞান,-দা,-দাতা। শিক্ষা,-বিদ,-বেত্তা,-ব্রতী। গুণী জ্ঞানী। উপদেষ্টা। সাঁই পির। পণ্ডিত ভট্টারক উপাধ্যায় হেডপণ্ডিত টুলোপণ্ডিত। অধ্যাপক অধ্যাপিকা অধ্যাপয়িতা লেকচারার রিডার প্রফেসর। অধ্যক্ষ অধ্যক্ষা প্রিন্সিপাল। উপাধ্যক্ষ ভাইসপ্রিন্সিপাল। রেক্টর। উপাচার্য ভাইসচ্যান্সেলর। আচার্য চ্যান্সেলর। ফেলো। মখদুম মৌলভি মওলানা আলেম মুনশি। স্কুলমাস্টার স্কুলমিস্ট্রেস। প্রধানশিক্ষক হেডমাস্টার। প্রধানা,-শিক্ষিকা,-শিক্ষয়িত্রী হেডমিস্ট্রেস। সহ,-শিক্ষক,-শিক্ষিকা। গৃহশিক্ষক টিউটর প্রাইভেটটিউটর। কোচ। ছাত্র (৫৫৩)।

ক্রি. শেখা। শেখানো। শিক্ষা জ্ঞান উপদেশ সবক বা নির্দেশ দেওয়া বা দান করা। শেখানোপড়ানো। তালিম প্রশিক্ষণ বা ট্রেনিং দেওয়া। পড়ানো। শিক্ষকতা বা অধ্যাপনা করা। টিউশনি করা। বাড়িতে পড়ানো। গৃহশিক্ষকের কাজ করা। পড়া ধরা। পড়া লওয়া। মুখস্থ করানো। গুলে খাওয়ানো। বাতলানো। জানানো। ধারণা করানো। মাথায় ঢোকানো। মনে সঞ্চারিত করা। ব্যাখ্যা করা। বক্তৃতা দেওয়া। তকরির করা। প্রচার করা। গড়ে তোলা। কোচ করা। প্রস্তুত করানো। অভ্যাস করানো। উপযুক্ত করা। শিক্ষিত করা। মানুষ করা। পথ প্রদর্শন করা। পথ দেখানো। মন্ত্রণা দেওয়া। শিক্ষাগ্রহণ করা। চোখ খুলে যাওয়া। ঠেকে শেখা। দেখে শেখা।

বিণ. শিক্ষা,-মূলক,-প্রদ,-দায়ক। শিক্ষা,-সম্বন্ধীয়,-সংক্রান্ত। শিক্ষাগত। জ্ঞান,-দ,-দায়ক,-পূর্ণ,-গর্ভ। অ্যাকাডেমিক। সাংস্কৃতিক। মানবিক। বৈজ্ঞানিক। কারিগরি বাস্তবোপযোগী ব্যবহারমূলক। নীতিমূলক। পাণ্ডিত্য,-পূর্ণ,-মূলক। শিক্ষণীয় শিক্ষ্য। দীক্ষণীয়।

তালিমপ্রাপ্ত তালিমি ট্রেইন্‌ড্‌। শিক্ষিত শিক্ষাপ্রাপ্ত। দীক্ষিত দীক্ষাপ্রাপ্ত। উচ্চশিক্ষিত। স্নাতক। স্নাতকোত্তর।

৫৫২। অশিক্ষা

বি. অশিক্ষা শিক্ষাভাব জ্ঞানাভাব। অধ্যয়নাভাব পাঠাভাব। অজ্ঞ,-তা,-ত্ব অজ্ঞানতা। মূর্খ,-তা,-ত্ব মূর্খামি। অবিজ্ঞতা ব্যামোহ নির্বুদ্ধিতা মূঢ়তা। নিরক্ষরতা অসাক্ষরতা অক্ষর,-জ্ঞানহীনতা,-পরিচয়শূন্যতা। জাহেলিয়া অজ্ঞানতিমির অজ্ঞানের অন্ধকার। অল্প,অগভীর,-বিদ্যা। অদক্ষতা অনভিজ্ঞতা। অপ,অসৎ,কু, মন্দ,ভুল,ভ্রান্ত,-শিক্ষা। ভ্রান্তোপদেশ। ভ্রান্তবিবরণ। বিকৃতি। দুর্ব্যাখ্যা কুব্যাখ্যা। হেত্বাভ্যাস তর্কাভ্যাস।

ক্রি. শিক্ষা না পাওয়া। শিক্ষার আলো না দেখা। শিক্ষা না দেওয়া। কুশিক্ষা অশিক্ষা বা ভুল শিক্ষা দেওয়া। বিপথে বা ভুলপথে চালনা করা। ভুল উপদেশ বা বুদ্ধি দেওয়া। ভুল বোঝানো। গুলিয়ে দেওয়া। কুপরামর্শ দেওয়া। প্রবঞ্চনা করা। ঠকানো। মিথ্যা বলা। অবোধ্য বা দুর্বোধ্য করা। দুর্ব্যাখ্যা বা কুব্যাখ্যা করা। ধূম্রজাল রচনা করা। অযথা পাণ্ডিত্য দেখানো। বিদ্যা ফলানো। তালগোল পাকানো।

বিণ. অশিক্ষা,অজ্ঞতা,অবিজ্ঞতা,-প্রসূত। অজ্ঞতা, নির্বুদ্ধিতা,কুশিক্ষা,-মূলক।

অশিক্ষিত গোলা অজ্ঞ অপ্রাপ্তশিক্ষা অজ্ঞান অজ্ঞানী জ্ঞান,-হীন,-শূন্য বিদ্যাহীন জাহেল। মূর্খ আকাট,গন্ড,-মূর্খ আকাট নির্বোধ মূঢ়। অবিজ্ঞ অপণ্ডিত অব্যুৎপন্ন অকোবিদ অবিদ্বান অবিদগ্ধ অপ্রাজ্ঞ। নিরক্ষর অনক্ষর উম্মি অসাক্ষর বর্ণপরিচয়হীন অক্ষর,-জ্ঞানহীন,-পরিচয়হীন। ক অক্ষর-বরাহমাংস। অনুপদিষ্ট। অজ্ঞান, তিমিরাচ্ছন্ন,-তিমিরান্ধ। পণ্ডিত,-মন্য,-মানী। অবোদ্ধা। পণ্ডিতমূর্খ। অল্প,-বিদ্যা,-শিক্ষিত অল্পজ্ঞ অর্ধশিক্ষিত।

৫৫৩। অধ্যয়ন

বি. অধ্যয়ন অধীতী এডুকেশন। শিক্ষা শিক্ষণ শিক্ষাগ্রহণ। বিদ্যাশিক্ষা জ্ঞানার্জন (৫৫১)। পাঠ পাঠাভ্যাস পঠন পঠনপাঠন প্রাধ্যয়ন পড়াশোনা লেখাপড়া। অধি,-গম,-গমন। মানসচর্চা। অভ্যাস চর্চা অনুশীলন তালিম (৫৫১)। অধ্যায়। অনুধ্যান। বিদ্যা বিদ্যাবত্তা এলেম জ্ঞান পাণ্ডিত্য। পরীক্ষা ইমতেহান। গবেষণা (৪৮০)। শিক্ষারম্ভ বিদ্যারম্ভ হাতে খড়ি। নবিশি শিক্ষানবিশি। ছাত্রত্ব শিষ্যত্ব শাগরেদি চেলাগিরি।

ছাত্র ছাত্রী শিক্ষার্থী শিক্ষার্থিনী অধীয়ান অধ্যয়নকারী অধ্যায়ী অধীতী অধ্যেতা পাঠার্থী পড়ুয়া পোড়ো বিদ্যার্থী বিদ্যার্থিনী বিদ্যাভ্যাসী। জ্ঞানার্থী শিশিক্ষু। তালেবেএলেম। মুদাররেস। হাফেজ। শিষ্য শিষ্যা চেলা শাগরেদ শাহারিদ উত্তরসাধক অন্তেবাসী। প্র,উপ,অনু,-শিষ্য। অনুগামী পন্থী। শিক্ষানবিশ অ্যাপ্রেন্টিস নবিশ ট্রেনি। সহ,এক,সম,-পাঠী সহাধ্যায়ী সমাধ্যায়ী সমানধ্যায় ক্লাস,-ফ্রেন্ড,-মেট সতীর্থ এক,-তীর্থ, তীর্থী,-গুরু। ভাল,-ছাত্র,-ছেলে মেধাবী ছাত্র। খারাপ,-ছাত্র,-ছেলে অশিষ্য কুশিষ্য। স্কুলের ছেলে স্কুলছাত্র। কলেজছাত্র। ছাত্র,-জীবন,-দশা ছাত্রাবস্থা পাঠ্যাবস্থা পঠদ্দশা পাঠ্যজীবন। স্কুল,কলেজ,-জীবন। ছাত্রাবাস।

ক্রি. অধ্যয়ন করা। শেখা। শিক্ষা করা। পড়া। জ্ঞানার্জন করা। তালিম বা ট্রেনিং নেওয়া। লেখাপড়া করা। আয়ত্ত করা। মুখস্থ কণ্ঠস্থ বা হেফজ করা। নাড়া বাঁধা। হৃদয়ংগম করা। বোঝা। পাঠ করা। পড়া পারা। পড়া করা। পড়া দেওয়া। বইয়ের মধ্যে ডুবে থাকা। পাতা উল্টানো। চোখ বুলানো।

বিণ. অধীত কৃতপাঠ পঠিত অধিগত আয়ত্ত জ্ঞাত। মুখস্থ কণ্ঠস্থ। পাঠ্য পঠনীয় পঠিতব্য অনুধেয় অনুধ্যেয় অধিগম্য অভিগম্য অনুধাবনযোগ্য ধ্যেয়। জ্ঞাতব্য জ্ঞেয়। সু,সুখ,-পাঠ্য পাঠসুখকর। শিক্ষণীয়। শিক্ষা,-মূলক,-গত। অধ্যবসায়ী। মনোযোগী। অধ্যয়ন,-রত,-শীল,-নিরত অধ্যয়নার্থী অধীয়মান পাঠ্যমান পাঠ,-রত,-শীল। পাঠক। শিক্ষিত বিদ্বান।

৫৫৪। বিদ্যালয়

বি. বিদ্যালয় বিদ্যায়তন বিদ্যা,-পীঠ,-মন্দির,-নিকেতন,-স্থান,-কেন্দ্র,-ভবন। পাঠ,-মন্দির,-ভবন,-শালা,-শাল শিক্ষালয় শিক্ষাগার শিক্ষায়তন শিক্ষা,-কেন্দ্র,-নিকেতন। বাণীমন্দির। শিক্ষণকেন্দ্র। স্কুল ইনস্টিটিউট। গুরুগৃহ চতুষ্পাঠী চৌ,-পাড়,-পাঠি,-বাটী,-বাড়ি টোল। মাদ্রাসা মক্তব। নার্সারি মন্টেসারি কিন্ডারগার্টেন। প্রাথমিকবিদ্যালয় প্রাইমারিস্কুল। নিম্ন প্রাথমিক বিদ্যালয়। বুনিয়াদি বিদ্যালয়। বেসিক স্কুল। মাধ্যমিকবিদ্যালয় সেকেন্ডারি স্কুল। উচ্চমাধ্যমিক বিদ্যালয় হায়ারসেকেন্ডারি স্কুল। উচ্চ,-বিদ্যালয়,-শিক্ষালয়। বিদ্যাশ্রম আবাসিকবিদ্যালয়

বোর্ডিংস্কুল। পাবলিকস্কুল। ডিপ্লোমাস্কুল। কলেজ মহাবিদ্যালয়। ডিগ্রিকলেজ। কারিগরিবিদ্যালয় টেকনিক্যাল,-স্কুল,-কলেজ পলিটেকনিক। বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি। ইঞ্জিনিয়ারিং,-কলেজ,-ইউনিভার্সিটি। মেডিক্যালকলেজ চিকিৎসা মহাবিদ্যালয় ডাক্তারিকলেজ। কৃষিবিশ্ববিদ্যালয়। শিল্পবিদ্যালয় আর্টকলেজ চারুকলামহাবিদ্যালয় কারুশিক্ষালয়। ক্লাস শ্রেণী। উঁচুক্লাস উচ্চশ্রেণী। নিচুক্লাস নিম্নশ্রেণী। ক্লাস,-রুম,-ঘর শ্রেণীকক্ষ। লেকচার,-রুম,-থিয়েটার। মিলনায়তন। কমনরুম। ডেস্ক বেঞ্চি মঞ্চ। পাঠ্যপুস্তক। প্রাথমিক পাঠ। ব্যাকরণ। পরীক্ষা পরীক্ষার্থী পরীক্ষক পাশ ফেল (৪৮০)। ডিগ্রি ডিপ্লোমা। ডক্টরেট। সার্টিফিকেট সনদপত্র। উপাধি,অভিধা,-ধারী। সমাবর্তন,-উৎসব কনভোকেশন উপাধিবিতরণসভা বিদ্যোদ্বোধনসভা। শিক্ষক (৫৫১)। ছাত্র (৫৫৩)।

৫৫৫। সত্যবাদিতা

বি. সত্যবাদি,-তা,-ত্ব। সত্য,-কথন,-কথা,-ভাষণ। স্পষ্ট,-কথা,-বাদিতা। প্রকৃত ভাষণ। সত্য,-পথ,-পন্থা। সত্যতা(৫০৭)। সরলতা ঋজুতা। অকপটতা। উন্মুক্ততা। অমায়িকতা। বিশ্বস্ততা। সত্য,-পরায়ণতা,-নিষ্ঠতা সত্য,-প্রীতি,-নিষ্ঠা। সত্যানুরাগ সত্যাচারণ সত্যাবলম্বন সত্যাশ্রয়িতা। সত্য,-পালন,-সাধন,-প্রতিষ্ঠা,-রক্ষা। সততা (৯৪২)।

ক্রি. সত্য বলা। সোজা বলা। খুলে বলা। মনে কিছু না রেখে বলা। বলে ফেলা। মনের কথা বলা। মন বা দিল খোলাসা করা। শপথ হলফ বা কিরা করে বলা। ফাঁস করা (৫৪৭)।

বিণ. সত্য,-বাদী,-বাক্,-ভাষী। যথার্থবাদী। সত্য,-শীল,-পরায়ণ,-নিষ্ঠ,-প্রিয়। সত্য,-ব্রত,-সংকল্প,-প্রতিজ্ঞ। সত্যাশ্রয়ী সত্যাভিলাষী সত্যানুরাগী সত্যানুরক্ত। সত্যান্বেষী সত্যসন্ধানী। ঋত,-বান,-ম্ভর। সত্য,-দ্রষ্টা,-দর্শী। সত্যসন্ধ। সাধু সদাত্মা। সত্য,-পালক,-পালনকারী। সরল সোজা। অকপট নির্ব্যাজ ছলনাহীন। সাদা। অমায়িক খোলা,-মন। দিলখোলা।

৫৫৬। মিথ্যাবাদিতা

বি. মিথ্যাবাদিতা। মিথ্যা,-কথা,-বাদ,-ভাষণ,-চার,-চারণ,-চারিতা অসত্যবাদিতা। অসত্য,-কথন,-ভাষণ। কৈতব,-অনৃত,-বাদ। অনৃত,-ভাষণ,-ভাষিতা। মিছা কথা। অপলাপ অপহ্নব অপহ্নুতি। বিতথ্য। প্রবঞ্চনা (৫৫৭)। অসত্য (৫০৮)। কৈতব কপটতা অসরলতা। ব্যাজস্তুতি। মিথ্যাসাক্ষ্য কপট,কূট,-সাক্ষ্য। যোগসাজশ। অসাধুতা (৯৪৩)। কূটজাল ঘোরপ্যাঁচ মারপ্যাঁচ। বিকৃতি। অতিরঞ্জন। চাণক্যবুদ্ধি। মৌখিকতা। বিশ্বাসঘাতকতা। ছল ছলনা ভান ন্যাকামি। দমবাজি ফেরেববাজি ধড়িবাজি ধাপ্পা, ধোঁকা,ফাঁকি,-বাজি। বুজরুকি (৭১১)।

ক্রি. মিথ্যা বলা। মিছাকথা বলা। মিথ্যা শপথ করা। মিথ্যা সাক্ষ্য দেওয়া। মিথ্যাভাষণ দেওয়া। কদর্থ করা (৫৪২)। বিকৃত করা। রং লাগানো বা দেওয়া। সাজানো। বানানো। অতিরঞ্জন করা। ফাঁকি দেওয়া বা মারা। ভুজুং দেওয়া। ধাপ্পা দেওয়া। গুল দেওয়া বা মারা। গ্যাস দেওয়া বা মারা। ধোঁকা দেওয়া। এক মুখে দ'কথা বলা। এলোপাতাড়ি বলা। ভান করা। ছলনা করা। ন্যাকামি করা। ছিনালি করা। মুখে মধু ঢালা। সাধু সাজা (৫৪৭)।

বিণ. মিথ্যাবাদী মিথ্যুক। অসত্য। ঝুট ঝুটা ভুয়া ভুয়ো। অনৃত কৈতব অযথা অযথার্থ। বিতথ অতথ অতথোচিত অতথ্য বিতথ্য। অবাস্তব অলীক অলৌকিক। আষাঢ়ে গাঁজাখুরি। বানোয়াট। সাজানো। জাল মেকি। ভেজাল ভেল। কুটিল প্যাঁচাল। চাতুর্যপূর্ণ বুজরুকিপূর্ণ। বিশ্বাসঘাতকতাপূর্ণ। ভান কৃত্রিম। কপট। লোকদেখানো। মৌখিক। উপরউপর ভাসাভাসা। দ'মুখো। মিষ্টিমুখো। অসৎ অসাধু। উদ্দেশ্যমূলক।

৫৫৭। প্রতারণা

বি. প্রতারণ,-া। প্রবঞ্চনা প্রপঞ্চ ঠকামি শঠতা। বঞ্চন তঞ্চকতা বিপ্রলম্ভ প্রলম্ভ কুহনা তঞ্চ ত্বঞ্চ। মিথ্যা অসত্য (৫০৮)। ভাঁওতা ধাপ্পা গুল,-পট্টি। ধোঁকা ভোগা ফাঁকি ফক্কিকা। ধাপ্পা,ধোঁকা,ফাঁকি, -বাজি। ফাঁকিজুখি। ফক্কিকারী। ফেরেববাজি। ভণ্ডামি ছল ছুতা ছলা ছলনা ছলচাতুরী। চাতুর্য চাতুরী চালাকি। জোচ্চুরি জালিয়াতি কারচুপি। ধূর্ততা ধূর্তামি। ধড়িবাজি চোট্টামি। ওজর অছিলা। ফাঁদ জাল। কুনকী। কৌশল মারপ্যাঁচ চক্রান্ত ষড়যন্ত্র যোগসাজশ। চার টোপ। ওত ঘুপটি। খপ্পর কবল। ছদ্মবেশ ভোল মুখোশ। ব্যপদেশ ভাঁড়ামি। মায়া,-কান্না। কুম্ভিরাশ্রু। কুমিরের কান্না। কপটকান্না। অতিভক্তি। অতিভক্তি চোরের লক্ষণ। বিশ্বাসঘাতকতা। আত্ম,-প্রতারণা, -প্রবঞ্চনা,-বঞ্চনা। দমবাজি। মরীচিকা (৪৩৩)। ভাবের ঘরে চুরি।

প্রতারক প্রতারণাকারী প্রবঞ্চক তঞ্চক বঞ্চক। বঞ্চনাকারী শঠ বিট ধূর্ত খল। ভণ্ড। ফাঁকি,ধোঁকা, ধাপ্পা,পট্টি,ভাঁওতা,ফেরেব,গুল, গাপ্পি,-বাজ। মিথ্যাবাদী। মিথ্যা,বানোয়াট, পেশাদার,-সাক্ষী। ধড়িবাজ বুজরুক চোট্টা জোচ্চোর। স্থগ প্রতিহারক বঞ্চুক। চিট ফোরটুয়েন্টি। ঠক ঠগ ঠগী। জালকারী জালক জালিক জালিয়াত। বাটপাড় নেপো। পাজি। নকলদাবিদার। ভণ্ডউমেদার দমবাজ দাম্ভিক নিন্দুক। দাঁওবাজ। ফাটকাবাজ। বিশ্বাসঘাতক। বাজিগর জাদুকর মায়াবী ডাইনী। ছদ্ম,-বেশী,-বেশধারী ভেকধারী। আত্ম, -প্রতারক,-প্রবঞ্চক। জ্ঞানপাপী। হাতুড়ে। ভণ্ডফকির বকধার্মিক। শিয়ালপণ্ডিত।

ক্রি. প্রতারণা বা প্রবঞ্চনা করা। ঠকানো। বিপথে চালনা করা। পথে বসানো। ধোঁকা ধাপ্পা বা ভাঁওতা দেওয়া। মিথ্যা বলা (৫৫৬)। ফাঁকি দেওয়া। চোখে ধুলো দেওয়া। ফাঁদে ফেলা। ফাঁসানো। বিশ্বাস প্রতিশ্রুতি বা চুক্তি ভঙ্গ করা। কথা না রাখা। ভুলানো। মোহিত করা। বোকা বানানো। চালাকি করা। টোপ ফেলা। কলা দেখানো। লবডঙ্কা দেখানো। টুপি পরানো। মাথায় কাঁঠাল ভাঙা। মাথায় হাত বুলানো। মনকে চোখ ঠারা। দেখেও না দেখা।

বিণ. প্রতারণা প্রবঞ্চনা,-মূলক। বঞ্চনীয় বঞ্চনযোগ্য। বঞ্চনামূলক। ছলনাময়। প্রতারিত প্রবঞ্চিত বঞ্চিত ছলিত বিপ্রলব্ধ। অসত্য (৫০৮)। বানোয়াট। নকল ঝুটা। ভণ্ডামিপূর্ণ। জাল জালিয়াতিপূর্ণ। অবৈধ। নিষিদ্ধ চোরাই। ভেজাল। ঠুনকো ভঙ্গুর।

৫৫৮। অতিরঞ্জন

বি. অতিরঞ্জন অত্যুক্তি অতিশায়ন অতিশয়োক্তি অত্যুদব্যক্তি অতিরঞ্জনপ্রিয়তা। মাত্রাতিরিক্ততা অতিমান (৪৮৭)। বিস্তার বাখান সম্প্রসারণ। অলংকার (৮৭১)। কারুকার্য। মিডিয়া-হ্যা। চটক ভড়ং আড়ম্বর বাড়াবাড়ি আস্ফালন (৮৭৯)। ভোটের বচন।

ক্রি. অতিরঞ্জন করা। বাড়িয়ে বলা। ফলাও করে বলা। সোনার চোখে দেখা। ফাঁপানো। ফুলানো। ফেনানো। রং চড়ানো। বাখান করা। ইনিয়ে বিনিয়ে বলা। পুঁথি বাড়ানো। তিলকে তাল করা। আকাশে তোলা। তুঙ্গে তোলা। তুফান তোলা। মাত্রা বা সীমা ছাড়ানো।

বিণ. অতিরঞ্জিত অতিঅঙ্কিত অতিকৃত। অত্যুদব্যক্ত। আড়ম্বরপূর্ণ। চটকদার ভড়ংদার। অস্বাভাবিক অবিশ্বাস্য। চূড়ান্ত।

ক্রি-বি. বাড়িয়ে। ফুলিয়ে ফাঁপিয়ে। ফেনিয়ে। রং চড়িয়ে। বিস্তারিতভাবে সবিস্তারে।

৫৫৯। ইঙ্গিত

বি. ইঙ্গিত ইশারা সংকেত আভাস আকারইঙ্গিত সাইন। নিদর্শন উদাহরণ দৃষ্টান্তপ্রদর্শন। চিহ্ন প্রতীক সুপ্রতীক। সূচনা লক্ষণ। সুলক্ষণ উপলক্ষণ উপসর্গ। নিদান। সু,শুভ,-লক্ষণ পয়। অ,কু, -লক্ষণ। অশুভচিহ্ন। পূর্বলক্ষণ পূর্বাভাস। সামান্যাভাস ঘুণাক্ষর। আদল। আদরা নমুনা। আকৃতি প্রকৃতি বৈশিষ্ট্য চরিত্র। হাবভাব ভঙ্গি অঙ্গভঙ্গি। ঠারঠোর ঠমক ছলাকলা। চোখঠারা কটাক্ষ। অঙ্গুলি,-ঠার,-নির্দেশ,-চালন,-সংজ্ঞা, -সংকেত,-সন্দেশ,-হেলন। ভ্রূসংকেত। শিরহেলন মাথাঝাঁকুনি। হাতছানি চিমটি কনুয়েরঠেস। সাঁট। পদচিহ্ন দাগ আঁক ছাপ। পদচিহ্ন। গন্ধ। সূত্র সুবুক। বিপদসংকেত। সিগনাল। কোড। আলোক,অগ্নি,-সংকেত। ঘণ্টা শঙ্খ। সন্ধানীবাতি। বাতিঘর। আলোকস্তম্ভ। রেখা সীমারেখা আঁচড় দাগ মার্কা। টিক।

যতি,বিরাম,-চিহ্ন: দাঁড়ি পূর্ণচ্ছেদ কমা কোলন কোলনড্যাস সেমিকোলন সীমিকা ড্যাশ হাইফেন ফুলস্টপ। ঊর্ধ্বকমা অ্যাপোস্ট্রফি। বিস্ময়, আশ্চর্যবোধক,-চিহ্ন। প্রশ্ন,প্রশ্নবোধক,-চিহ্ন। উদ্ধৃতিচিহ্ন। তলরেখা আন্ডারলাইন। তোলালেখা। বন্ধনী ব্র্যাকেট। ইলেক। বিন্দু ফুটকি পয়েন্ট নোখতা। মানচিত্র ম্যাপ। দ্রাঘিমা অক্ষাংশ অক্ষরেখা বিষুবরেখা।

নিদর্শনচিহ্ন: চাপরাস আঁক ব্যাজ লেবেল। লোগো। এমব্লেম। কোট অব আর্মস। শীল্ড। লিভার ইউনিফর্ম উর্দি। জার্সি। রেখা টিপ আঙুলের ছাপ। বাম বৃদ্ধাঙ্গুলির ছাপ। অটোগ্রাফ দস্তখত হস্তাক্ষর। অভিজ্ঞান। সিলমোহর পাঞ্জা। তিলক। পৈতা উপবীত শিখা টিকি চৈতন। টিপ ফোঁটা। সিঁদুর। অঙ্গুরীয় আংটি।

পতাকা নিশান জয়ন্তী ধ্বজ ধ্বজা কেতন কেতু লাঞ্ছন ঝাণ্ডা ফ্ল্যাগ। জাতীয়,রাষ্ট্রীয়,-পতাকা। কালো,কৃষ্ণ,-পতাকা। সাদা,শ্বেত,-পতাকা। লাল,-ঝাণ্ডা,-পতাকা রক্তনিশান। বৈজয়ন্তী জয়পতাকা। ধ্বজ,-স্তম্ভ,-দণ্ড ফ্ল্যাগমাস্ট। অর্ধনমিত পতাকা। ভবিষ্যদ্‌বাণী। দেয়ালের লিখন। অতীতের,-সাক্ষ্য,-নজীর। রাজ,-দণ্ড, -চিহ্ন প্রভুত্বচিহ্ন সিংহাসন মসনদ তক্ত চেয়ার গদি পদ অফিস। মুকুট তাজ কিরীট। মিম্বর মঞ্চ। জয়,-চিহ্ন,-স্মৃতি,-স্তম্ভ। মানচিহ্ন। দূরত্বচিহ্ন। দাসত্বচিহ্ন।

ক্রি. নির্দেশ করা। প্রদর্শন করা। দেখানো। বোঝানো। চিহ্নিত করা। ভাব প্রকাশ করা। সূচনা করা। ইশারা ইঙ্গিত বা সংকেত করা বা দেওয়া। আভাস দেওয়া। কটাক্ষ করা। মাথা নাড়ানো। মাথা ঝাঁকানো। চোখ ঠারা। চোখ টেপা। চোখ মটকানো। মাথা হেলানো। অঙ্গুলিনির্দেশ করা। হাতছানি দেওয়া। আকারে প্রকারে জানানো। অঙ্গভঙ্গি করা। সই বা স্বাক্ষর করা। সিল দেওয়া। সাক্ষী বা ইসাদি হওয়া। দাগানো। শব্দের নীচে কষি বা দাগ টানা।

বিণ. নিদর্শক নিদর্শনমূলক। সূচনামূলক। লক্ষণীয় লক্ষণমূলক। লক্ষণযুক্ত উপলক্ষিত সূচিত ঔপসর্গিক। বৈশিষ্ট্যমূলক চারিত্রিক। প্রতীকমূলক প্রতিকী। নিদানমূলক। ইঙ্গিত,-পূর্ণ,-ময়। সংকেত,-মূলক,-পূর্ণ। সাংকেতিক। অঙ্কিত চিহ্নিত লাঞ্ছিত নামাঙ্কিত স্বাক্ষরিত। অংশাঙ্কিত। দাগি। মার্কামারা। স্মারক।

ক্রি-বিণ. ইঙ্গিতে সংকেতে ইশারায় আভাসে। আভাসে,আকারে,-ইঙ্গিতে। হাবেভাবে ঠারে, ঠোরে। ঘুণাক্ষরে।

৫৬০। নিদর্শন

বি. নিদর্শন চিন চিহ্ন অঙ্ক আঁক মার্কা নিশানা। দাগ ছাপ লেখা রেখা। রেখাপাত। পুরাচিহ্ন ধ্বংসাবশেষ। নাম নিশানা ক্ষতচিহ্ন। কিণ কড়া। পদচিহ্ন পদাঙ্ক। পথ,-চিহ্ন,-রেখা। লিক গাড়িরদাগ। গন্ধ। অভিজ্ঞান। পরিচায়ক প্রতীক। স্মারক স্ট্যাম্প সিল মোহর সিলমোহর মুদ্রা। স্মৃতিচিহ্ন: স্মৃতি,-ফলক,-স্তম্ভ,-সৌধ,-পদক। স্মৃতিবার্ষিকী (৫২৮)। স্মারকলিপি। শিলা, মুদ্রা,তাম্র,-লিপি। স্মরণিকা। দৃষ্টান্ত উদাহরণ উল্লেখ। প্রমাণ। অভিলেখ রেকর্ড বিবরণী। লেখ্য দলিলদস্তাবেজ। দলিলের ফিরিস্তি। জব্দতালিকা। নকল জাবেদা-নকল। সহিমোহর-নকল। জবানবন্দী সাক্ষ্য। নজির। শপথনামা হলফনামা সত্যপাঠ তহকিক তসদিক। অভিজ্ঞানপত্র। প্রশংসাপত্র সার্টিফিকেট। সূচি। নির্ঘণ্ট। লিস্টি তালিকা। সংবাদপত্র খবরেরকাগজ কাগজ ম্যাগাজিন পত্রিকা পত্র। গেজেট। দিন,-বর্ষ, -পঞ্জী। ক্যালেন্ডার। রোজনামচা। ডায়েরি। লেজার খতিয়ান। ক্যাশবুক রোকড়। রসিদবহি। নোটবুক খাতা। রেকর্ড অফিস। গেজেটিয়ার। স্থানীয় ইতিহাস। পুরাণ রাজনামা ইতিহাস জীবনী। আদমশুমারি। নিবন্ধন (৫৬২)। সাংবাদিকতা (৫৪৯)। স্বনলেখ। দ্রুতিলেখ। কাললিখ্।

ক্রি. নিদর্শন দৃষ্টান্ত বা উদাহরণ স্থাপন করা। প্রদর্শন করানো। নিদর্শন উল্লেখ করা। রেকর্ড করা। নাম লেখা। বইয়ে বা খাতায় ওঠানো। স্মরণ করা (৫২৮)। চিহ্ন আঁকা বা দেওয়া। দাগ দেওয়া। দাগ কাটা। ছাপ মারা বা দেওয়া। সাক্ষ্য নিশানা দাগ ছাপ চিহ্ন বা নিদর্শন রাখা। সই স্বাক্ষর বা দস্তখত করা বা দেওয়া।

বিণ. নিদর্শনযোগ্য। নিদর্শন,দৃষ্টান্ত,উদাহরণ, -স্বরূপ। উল্লেখযোগ্য।

৫৬১। বিলোপন

বি. বিলোপন বিলোপসাধন অবলোপন নিশ্চিহ্নকরণ ধ্বংসন(১৬০)। বিলুপ্তি অবলুপ্তি। বাদ বাতিল। ধ্বংস ক্ষয়।

ক্রি. বিলোপ করা। নিশ্চিহ্ন করা। মুছে ফেলা। বাদ দেওয়া। রদ বা বাতিল করা। নিশ্চিহ্ন লুপ্ত বিলুপ্ত বিলীন বা শেষ হওয়া। মুছে যাওয়া। ধ্বংস বা ক্ষয় পাওয়া। নিশান বা নামনিশানা না রাখা। আমূল উৎপাটন করা। বিনাশ বা ধ্বংস সাধন করা। উঠে যাওয়া। উঠিয়ে দেওয়া। নিকাশ করা। ভেঙে ফেলা। গুঁড়িয়ে ফেলা। ধুয়ে মুছে যাওয়া। কালগ্রাসে পড়া। কালসমুদ্রে ভেসে যাওয়া। কালসমুদ্রে হারিয়ে যাওয়া। দফা সারা। দফা শেষ হওয়া।

বিণ. নিশ্চিহ্ন নির্মূল অবলুপ্ত বিলুপ্ত লোপপ্রাপ্ত প্রলুপ্ত লুপ্ত বিলীন লীন আলীন। নাশ,লয়,ধ্বংস,ক্ষয়,-প্রাপ্ত। নষ্ট বিনষ্ট জীর্ণ। খতম সাবাড়। অলিখিত। অচিহ্নিত অচিহ্ন। বেদাগ।

৫৬২। নিবন্ধন

বি. নিবন্ধন নিবন্ধীকরণ রেজিস্ট্রিকরণ নথি, -নিবন্ধন,-ভুক্তি,-ভুক্তিকরণ। নিবেশন। তালিকাভুক্তি। তালিকা ফর্দ লিস্ট নির্ঘন্ট ফিরিস্তি। দলিল রেকর্ড ফাইল। নকল কপি। সই সহি। সিল মোহর স্ট্যাম্প। প্রমাণপত্র ডকুমেন্ট। সার্টিফিকেট। শপথ,হলফ,-নামা এফিডেবিট। আয়করবিমুক্তি-সার্টিফিকেট। জাতীয়তা সার্টিফিকেট। ইন্‌স্ট্রুমেন্ট সংলেখ। রেজিস্ট্রিঅফিস মহাফেজখানা রেকর্ড,-অফিস,-রুম আর্কাইভস। নিবেশক রেকর্ডার। নিয়ামক রেজিস্ট্রার। নথিরক্ষক মহাফেজ। নোটারি লেখ্যপ্রমাণক। করণাধ্যক্ষ। নিবন্ধক রেজিস্ট্রার। করণিক কেরানি ক্লার্ক। সচিব সেক্রেটারি। স্টেনোগ্রাফার লঘুলিপিক সাঁটলেখক। মুনশি মুহুরি। হিসাবরক্ষক তুমারনবিশ। ঐতিহাসিক পুরাণলেখক। পুরাতত্ত্ববিদ প্রত্নতত্ত্ববিদ। জীবনী, -কার,-লেখক,-রচয়িতা। সাংবাদিক রিপোর্টার। প্রকাশক লেখক গ্রন্থকার সম্পাদক।

ক্রি. নিবদ্ধ করা। নিবেশন করা। নথিভুক্ত করা। রেকর্ডভুক্ত করা। ফাইল করা। রেজিস্ট্রি করা। তালিকাভুক্ত করা। সই সহি বা স্বাক্ষর করা। টিপসই বা ঢেরাসই দেওয়া। সিল দেওয়া। মোহর করা। মুদ্রাঙ্কিত করা। স্ট্যাম্প দেওয়া। স্ট্যাম্প মারা। এফিডেবিট করা বা দেওয়া।

বিণ. নথি,-বন্দী,-ভুক্ত,-নিবদ্ধ। নিবেশিত তালিকাভুক্ত তফসিলি। নিবন্ধিত রেজিস্ট্রিকৃত।

৫৬৩। বর্ণন

বি. বর্ণন রূপণ চিত্রণ অঙ্কন (৫৬৮)। রূপায়ণ রূপদান নরাত্মারোপ। অনুকরণ। কল্পচিত্র প্রতিরূপ। আলেখ্য প্রতিকৃতি প্রতিমূর্তি প্রতিকায়। অনুকৃতি। বর্ণনা বয়ান বিবরণ। প্রদর্শন। কলা শিল্প চারুকলা চিত্রাঙ্কন (৫৬৭)। চিত্র। ছবি তসবির। খোদাই মূর্তিতত্ত্ব আইকনগ্রাফি ভাস্কর্য (৫৬৯)। প্রতিমা মূর্তি পুতুল বিগ্রহ। আলোকচিত্রবিদ্যা ফটোগ্রাফি এক্স-রে ফটোগ্রাফি। ফটো,-গ্রাফ আলোকচিত্র রঞ্জন-রশ্মি-চিত্র (৫৬৫)। প্রিন্ট ছাপ। ট্রেসিং প্রতিলিপি। ভান অভিনয় চরিত্রায়ন চরিত্রাভিনয় অঙ্গাভিনয় মূকাভিনয়। নাটক (৬০১)। চলচ্চিত্র (৬০২)। রূপসজ্জা। নৃত্য (৮৪৫)। প্রতীক প্রতীকবাদ। নিদর্শন। দৃষ্টান্ত উদাহরণ। নমুনা টাইপ মডেল আদরা ছাঁচ। ডিজাইন নকশা প্যাটার্ন। স্থাপত্য (৫৭০)। চার্ট। মানচিত্র ম্যাপ। মনসুবা পরিলেখ পরিণাহ। রূপকার শিল্পী চিত্রকর। বিশ্বকর্মা। প্রতিনিধি মুখপাত্র। প্রবক্তা।

ক্রি. রূপদান করা। অনুকরণ করা। প্রতিলিপি বের করা। বর্ণনা বা বিবৃত করা। বিবরণ দেওয়া। বয়ান করা। ছাঁচে তোলা। আঁকা। মূর্তি নির্মাণ করা। খোদাই করা।

বিণ. বর্ণিত রূপিত চিত্রিত। শিল্পিত। নিদর্শনস্বরূপ। আদর্শস্বরূপ। প্রতীক,-মূলক, -স্বরূপ। দৃষ্টান্তমূলক। অনুকরণমূলক। প্রতিনিধিত্বমূলক। সদৃশ। বর্ণনামূলক।

৫৬৪। বিবর্ণন

বি. বিবর্ণন বিরূপণ বিতথ্য অপলাপ অসত্যভাষণ। অতিরঞ্জন (৫৫৮)। অত্যুক্তি। ঊনোক্তি। বিকৃতকরণ। অপ্রকৃতসাদৃশ্য। আঁচড়। ছোপ। ব্যঙ্গ লালিকা। ক্যারিকেচার ভাঁড়ামি।

ক্রি. মিথ্যা বা ভুল বর্ণনা দেওয়া বা করা। বিকৃত করা। অতিরঞ্জন করা। রং চড়ানো। ফাঁপানো। বাড়ানো। বাড়িয়ে বলা। কমিয়ে বলা। ব্যঙ্গ করা। ভেংচানো। নাম গোপন করা। ভাঁড়ানো।

বিণ. বিবর্ণিত বিকৃত। অপ্রকৃত। অসত্য (৫০৮)।

৫৬৫। আলোকচিত্র

বি. আলোকচিত্র ছবি ফটো ফটোগ্রাফ। ফটোগ্রাফি। আলোকচিত্রণ। আলোকচিত্রশিল্প। আলোকচিত্রবিদ্যা। স্টুডিও-ফটোগ্রাফি। ক্যান্ডিড -ফটোগ্রাফি। ক্যামেরা ছবিতোলার যন্ত্র। বক্স,ফোল্ডিং,রিফ্লেক্স,-ক্যামেরা। ফিল্ম নেগেটিভ প্রিন্ট পজিটিভ ট্রান্সপ্যারেন্সি। ডেভেলপ পরিস্ফুটন। এনলার্জমেন্ট বিবর্ধন। ডার্করুম। ব্রোমাইড-পেপার ফটোগ্রাফিক-পেপার ফটোর -কাগজ। লেন্স নরমাল-লেন্স। টেলিফটো, ওয়াইড অ্যাঙ্গেল,জুম,ফিশ আই,-লেন্স। শার্টার এক্সপোজার এক্সপোজারমিটার ফোকাস অ্যাপারচার। ক্যামেরা-স্ট্যান্ড ট্রাইপড। সিল্যুয়েট ছবি। স্টুডিও। ফটোর-দোকান। ভিডিও -ফটোগ্রাফি। ভিডিও-ক্যামেরা। ভিডিও,-টেপ -রেকর্ডার,-ক্যাসেট-রেকর্ডার। মুভি ক্যামেরা। আলোক,-চিত্রী,-চিত্রশিল্পী,-চিত্রগ্রাহক ফটোগ্রাফার চিত্রগ্রাহক ক্যামেরাম্যান। অ্যামেচার -ফটোগ্রাফার। প্রেস-ফটোগ্রাফার।

ক্রি. ছবি তোলা। ফটো তোলা। বিবর্ধন করা। ডেভেলপ করা।

৫৬৬। চারুকলা

বি. চারু,-কলা,-শিল্প। সুকুমার,-কলা,-শিল্প, -বিদ্যা। ললিতকলা। কারু,-কলা,-শিল্প। শিল্প শিল্পকলা আর্ট ফাইনআর্টস। কলাবিদ্যা সুকুমারবিদ্যা শিল্প,-বিদ্যা,-শাস্ত্র। চিত্তরঞ্জিনী, -বিদ্যা,-শাস্ত্র। শিল্পকর্ম কারু,-কর্ম,-কৃতি। হুনুরিকাজ। কারু,-কাজ,-কার্য। শিল্পনৈপুণ্য শিল্পোৎকর্ষ শিল্পকৌশল কারিগরি। শিল্পরূপায়ণ শিল্পায়ন। শিল্পীমন শিল্পীচেতনা। চৌষট্টিকলা। চিত্রকলা (৫৬৭)। ভাস্কর্য (৫৬৯)। সংগীত (৪৫৭)। নৃত্য (৮৪৫)। যন্ত্রসংগীত (৪৫৯)। স্টুডিও। শিল্পশালা শিল্পাগার শিল্পালয় কলাভবন। শিল্পসংগ্রহালয়। শিল্পসংগ্রহ আর্টকালেকশন। চারুকলা,শিল্প,-বিদ্যালয় আর্ট,-স্কুল,-কলেজ। শিল্পী আর্টিস্ট চারু,কারু,-শিল্পী শিল্পকার। কলাকার কলা,-বিদ,-কুশল,-কুশলী। শিল্প, -বিদ,-কুশল,-দক্ষ। রূপ,-কার,-দক্ষ। কলাভৃৎ। কারুকর্মী কারিগর কারিকর। হুনুরি।

বিণ. শৈল্পিক শিল্পিত। চারু। শিল্প,-সম্মত, -শোভিত,-মণ্ডিত।

৫৬৭। চিত্রকলা

বি. চিত্র,-কলা,-শিল্প,-বিদ্যা। চিত্রণ অঙ্কন (৫৬৮)। চিত্র আলেখ্য ছবি পট,-চিত্র পেইন্টিং। চিত্রকর্ম। প্রতি,-কৃতি,-মূর্তি তসবির পোরট্রেইট পোরট্রেচার। পার্শ্বচিত্র প্রোফাইল। দৃশ্যচিত্র নিসর্গ,-চিত্র,-দৃশ্য। ভূ,-চিত্র,-দৃশ্য ল্যান্ডস্কেপ সিনারি সিনসিনারি। সমুদ্রদৃশ্য। রেখাচিত্র চিত্ররেখা স্কেচ। নকশা ছক ডিজাইন। লোকচিত্র মানচিত্র ম্যাপ। ইলাস্ট্রেশন চিত্রশোভন। স্টাডি। বিমূর্তছবি অ্যাবস্ট্রাক্ট,-পেইন্টিং,-আর্ট। আল্পনা আলিম্পন। ফ্রেসকো ম্যুরাল দেয়ালচিত্র ওয়ালপেইন্টিং প্রাচীরচিত্র। গুহাচিত্র। কার্টুন ব্যঙ্গচিত্র। চিত্রপট ক্যানভাস (৫৬৮)।

রঞ্জক। রং জল তেল পেইন্ট বার্নিশ। ডিস্টেম্পার রঞ্জন প্রলেপ। কলাই এনামেল। মোজাইক। টেকনিক কলাকৌশল কারিকুরি কারুকার্য। চিত্রানুপাত অনুপাত। চয়ন রচনা বিন্যাস। ভঙ্গি ভাব। দৃষ্টিভঙ্গি। মূল্যবোধ। বৈশিষ্ট্য। তুলি (৫৬৮)। রংপেন্সিল। জলরং ওয়াটারকালার জলচিত্র। তেলরং অয়েল-কালার অয়েলপেইন্টিং। টেম্পেরা। গুয়াশ। কালি মসি ভুসোকালি চাইনিজইঙ্ক ইন্ডিয়ান ইঙ্ক কাঠকয়লা চারকোল। ক্রেয়ন। প্যাস্টেল। ওয়াশ কালারওয়াশ।

গ্র্যাফিকস। ছাপাই প্রিন্ট। এনগ্রেভিং লিথোগ্রাফ উডকাট লিনোকাট খোদাই এচিং অ্যাকোয়াটিন্ট ড্রাইপয়েন্ট মেজোটিন্ট। জলছবি। চিত্রলক্ষণ। ষড়ঙ্গ: রূপভেদ প্রমাণ ভাব লাবণ্যযোজন সাদৃশ্য বর্ণিকাভঙ্গ।

ভারতীয় চিত্রকলা। অজন্তা। বাঘ। মিনিয়েচার পেইন্টিং। মোগল। রাজপুত কাংড়া কিষণগড় বাসুলি। জৈনস্কুল। বেঙ্গলস্কুল শান্তিনিকেতন মধুবনি কালীঘাটের পট। লোকচিত্র। ইউরোপীয় চিত্রকলা। রেনেসাঁস। বারোক। অ্যাবস্ট্রাক্ট অ্যাবস্ট্রাকসনিজম ননফিগারেটিভ ইম্প্রেশনিজম এক্সপ্রেশনিজম। কিউবিজম। সুররিয়ালিজম অতিবাস্তববাদ। দাদাইজম। মডার্নিজম। পয়েন্টিলিজম। রিয়ালিজম। সিম্বলিজম। ফবিজ্‌ম। ফিউচারিজম। কনস্ট্রাক্টিভজম। পপ-আর্ট। অপ-আর্ট।

চিত্র,-শালা,-শালিকা গ্যালারি আর্টগ্যালারি। স্টুডিও চিত্রপুরী। চিত্র,-সমালোচনা,-পর্যালোচনা আর্টক্রিটিসিজম। ছবির বই। সচিত্রপুস্তক।

চিত্র,-শিল্পী,-কর,-কার,-কৃৎ,-কর্মা,-বিৎ,-বিদ। চিত্রক বার্ণিক বর্ণিক বর্ণাট তৌলিক। শিল্পী আর্টিস্ট পেইন্টার চিত্রকলাদক্ষ। পটুয়া পোটো পট,-শিল্পী,-কার। উপরঞ্জক রঙ্গজীবক রঙ্গাজীব। আঁকিয়ে। নকশাকার। মডেল।

ক্রি. চিত্র অঙ্কন করা। ছবি আঁকা। নকশা কাটা। রূপ দেওয়া।

বিণ. চিত্রিত অঙ্কিত। সচিত্র বিচিত্র চিত্রল চিত্র,-যুক্ত,-ময় চিত্র,-শোভিত,-বিচিত্র সুচিত্রিত। ছবিতে ভরা। চিত্রগত চিত্রার্পিত চিত্র,-লিখিত,-ন্যস্ত। চিত্রায়িত। চিত্রানুগ। চিত্রবৎ। ঐতিহাসিক। ভাববাদী। বাস্তববাদী। ঘনাঙ্কচিত্রবাদী। ক্ল্যাসিক্যাল। আধুনিক।

৫৬৮। অঙ্কন

বি. অঙ্কন আঁকন চিত্রণ বর্ণন চিত্রায়ন উপরঞ্জন চিত্রীকরণ ড্রয়িং চিত্রাঙ্কন। আলেখন অলংকরণ আলেখ্যনির্মাণ। রেখাঙ্কন রেখাপাত। দাগ রেখা ডোরা লাইন। সরল,-ঋজু,-রেখা কষি। বক্র,বাঁকা,বঙ্কিম,বিসর্পিল,-রেখা। ধনুর্মার্গ। স্কেল রুলার। ফুটকি বিন্দু পয়েন্ট ডট ডিমকি। বর্ণলেপন পেইন্টিং। খোদাই উৎকিরণ। পট চিত্র,-পট,-পট্ট,-ফলক আলেখ্যপট ক্যানভাস। রং (৫৬৭)। প্যালেট। তুলি তুলিকা ঈষিকা কূচিকা কূর্চিকা কূর্চা কুঁচি চিত্র,-লেখনিকা,-লেখনী ব্রাশ অক্ষরতুলিকা। লেখনী কলম পেন পেন্সিল কয়লা খড়ি ক্রেয়ন। বোর্ড ড্রয়িংবোর্ড। অঙ্কনক্ষমতা। আঁকার হাত। চিত্রশিল্পী আঁকিয়ে (৫৬৭)।

ক্রি. আঁকা। অঙ্কন করা। অলংকরণ করা। চিত্রাঙ্কন করা। আলেখ্য নির্মাণ করা। দাগ টানা বা কাটা। লাইন টানা। ছকা। ছক কাটা। রেখা টানা। রেখাঙ্কন করা। কষি টানা। রং দেওয়া। রাঙানো। বর্ণলেপন করা। ছোপানো। খোদানো। খোদাই করা। ডোরা কাটা।

বিণ. অঙ্কিত চিত্রিত চিত্রায়িত চিত্রীকৃত। ক্ষোদিত উৎকীর্ণ। অঙ্কনীয় অঙ্কনযোগ্য। রেখাঙ্কিত। রৈখিক।

৫৬৯। ভাস্কর্য

বি. ভাস্কর্য মূর্তি স্কালপচার। কাষ্ঠ,প্রস্তর,মর্মর, তাম্র,মৃন্ময়,মণি,-মূর্তি। প্রতিমা পুতুল। প্রতিমালেপ। শিলারূপ। চিনামাটি। এনামেল। পদক। ভাস্কর্যকলা মূর্তি,-শিল্প,-নির্মাণশিল্প। সংতরাশি। খোদাই ক্ষোদন খোদকারি উৎকিরণ নকাশি। কাঠখোদাই। খোদাইলিপি লিথোগ্রাফ। মুদ্রণ। রিলিফ। ধাতুভাস্কর্য। মৃৎশিল্প পটারি। সিরামিকের কাজ। চিনে মাটির কাজ।

পোড়ামাটির কাজ টেরাকোটা। আবক্ষমূর্তি বাস্ট। মূর্তিবৈভিন্ন্য: নর আসুর ক্রুর বালা কুমার। ভঙ্গি: সম,-ভঙ্গ,-পাদ আভঙ্গ ত্রিভঙ্গ অতিভঙ্গ। ঢালাই কাস্টিং। ছাঁচ। মোমের ছাঁচ। ভারতীয় ভাস্কর্য: ব্রাহ্মণ্য বৌদ্ধ জৈন তাম্র-অশ্মীয় মৌর্য শুঙ্গ শক কুষাণ বাহ্লীক গান্ধার মথুরা সাতবাহন গুপ্ত মথুরা সারনাথ পাল সেন চালুক্য প্রতীহার পল্লব রাষ্ট্রকূট। পশ্চিমভারতীয় শৈলী। মধ্যভারতীয়-শৈলী। ওড়িশা। চোল হৈসল ষাহি। নটরাজ মহিষাসুরমর্দিনী গজলক্ষ্মী বুদ্ধ মিথুন। ইউরোপীয় ভাস্কর্য: ম্যাডোনা ভেনাস অ্যাপোলো। মূর্তিতত্ত্ব আইকনগ্রাফি। ভাস্কর স্কাল্পটর সংতরাশ মূর্তিশিল্পী। মৃৎশিল্পী তন্টা কুমার কুমোর। খোদাই,-শিল্পী,-কর,খোদ,-কার-গার।

ক্রি. মূর্তি নির্মাণ করা। গড়া। কাটা। খোদা। খোদাই করা। পাথর কাটা। বাটালি দিয়ে কাটা। মুদ্রিত করা। উৎকিরণ করা। ঢালাই করা। ছাঁচে ফেলা।

বিণ. মূর্তিমান। জীবন্ত। ক্ষোদিত উৎকীর্ণ অঙ্কিত।

৫৭০। স্থাপত্য

বি. স্থাপত্য,-বিদ্যা,-বিজ্ঞান,-শিল্প আর্কিটেকচার। বাস্তু,-কলাবিদ্যা,-শিল্প। সৌধশিল্প। গৃহনির্মাণ। নগর,-পরিকল্পনা,-স্থাপত্য। মনসুবা প্ল্যান নকশা। কাঠামো ঠাট ফ্রেম। ইস্পাত। কংক্রিট। রিইনফোর্সড-কংক্রিট। বিন্যাস পরিবিন্যাস। ভারসাম্য। গঠন নির্মাণ সংগঠন। অলংকরণ কারুকার্য। কলাকৌশল নৈপুণ্য। থামাল। স্তম্ভ থাম খাম লাট পিলার। ডরিক,আইওনিক,করিনথি,-তাসকানি,-স্তম্ভ। লিনটেল। খিলান আর্চ। সূক্ষ্মাগ্র,বর্শাকার,মুরীয়,-খিলান। মিনার। গম্বুজ ডোম। মসজিদ স্থাপত্য। মন্দিরস্থাপত্য। মন্দির। গুহামন্দির। স্তূপ। চৈত্য। বিহার সংঘারাম। নাটমন্দির। মণ্ডপ। চণ্ডীমণ্ডপ। নাগর। রেখ। মস্তক। আমলক। শিখর। গর্ভগৃহ। পঞ্চ,নব,-রত্ন। বেশর। গোপুরম। চার,আট,-চালা। গির্জাস্থাপত্য। ভল্টিং,গ্রইনড,-রিবড,-খিলান। আইল নেইভ অ্যাট্রিয়াম ব্যাপটিস্টারি কোআইয়ার স্যাক্রিস্টি চ্যাপেল। ব্যাসিলিকা। ক্যাথিড্রাল। স্থাপত্য, -শৈলী,-রীতি। অ্যাসিরিয়,মিশরীয়,পারসিক,গ্রিক, বাইজানটাইন,গ্রেকোরোমান,রোমান,রেনেসাঁস, বারোক,গথিক,আধুনিক,-স্থাপত্য। মুসলমান, সারাসিন,মুর,মোগল,-স্থাপত্য। হিন্দুস্থাপত্য। প্রাচ্য,পাশ্চাত্ত্য,-স্থাপত্য। স্থপতি আর্কিটেক্ট বাস্তুকলাবিদ।

ক্রি. নির্মাণ বা গঠন করা। গড়া। তৈরি করা। স্থাপন করা। প্রতিষ্ঠা করা।

বিণ. স্থাপত্যবিদ্যাসংক্রান্ত।

৫৭১। লোকশিল্প

বি. লোকশিল্প গ্রামীণশিল্প ফোকআর্ট। হস্তশিল্প হাতের-কাজ হ্যান্ডিক্র্যাফটস। কুটিরশিল্প। সূচী,সীবন, সূচীবায়,-শিল্প সূচীকর্ম সূচের কাজ সেলাই সেলাই-এর কাজ। বুনন বুননি। রিফু, -কর্ম,-গরি,-গিরি। কামদানি কশিদা এমব্রয়ডারি ফুলকাটা বখেয়া বুটা সলমা। সলমাচুমকির কাজ চিকনশিল্প ফুলকারি লেস লেসের কাজ ক্রুশের কাজ। রেশমশিল্প। পশমশিল্প। বাটিকের কাজ। কাঁথা কাঁথাশিল্প নকশিকাঁথা। সুই সুঁই সূচ সুচী বেধনী সংযান সীবন সাধনী। কুরুশকাঁটা ক্রুশকাঠি ক্রুশেট। উলবোনার কাঁটা। পশমকাঠি।

বয়নশিল্প তাঁত তন্তুবায়,-শিল্প টেক্সটাইল -ইন্ডাস্ট্রি। তাঁত তন্ত্রী তন্ত্র আবাপন বস্ত্রবয়ন,বয়ন,-যন্ত্র হ্যান্ডলুম। তাঁত,-ঘর,-শালা

গর্তিকা তাঁতগাড় তন্তুগর্ভ। সতা সুতো তন্তু তানা। সরুখিল বানা। শানা সানা লব্দদ মাকু ত্রসর মেড়া ঝাঁপ ফুলকি দপ্তি। লাটাই নাটাই নরাজ। কোলনরাজ মশরা জড়া। বায়,বাণ, বাপ,-দণ্ড বেমা। টানা-পোড়েন। চরকা। তকলি। তাঁত,তন্তুজাত,-বস্ত্র তাঁতের-কাপড়। টাঙ্গাইল ধনেখালি শান্তিপুরি ফরাসডাঙা বেগমপুরি। খাদি খদ্দর। সুতী সিল্ক রেশম মুগা তসর এন্ডি বাফতা মটকা গরদ মুর্শিদাবাদসিল্ক বেনারসি কাঞ্জিভরম।

মাদুরশিল্প। বেতের কাজ। মাদুর পাটি শপ কিলিঞ্জক চাটাই শীতলপাটি মসলন্দ।

মৃৎশিল্প মাটির কাজ। পোড়ামাটির কাজ। টেরাকোটা। একমেটে দোমেটে দোমাটি। কুম্ভ,-শালা,-শাল পাকাপুটী মৃৎশিল্পালয়। চাক কুমোরের চাক কুলালচক্র। প্রতিমাশিল্প।

দারুশিল্প তক্ষণশিল্প কাঠেরকাজ। তক্ষণী তক্ষণাস্ত্র। কাষ্ঠপুত্তলিকা কাঠেরপুতুল দারুপুত্রিকা শালভঞ্জিকা দারুকা।

শঙ্খশিল্প শঙ্খেরকাজ গজগিরি। শঙ্খশিল্প শাঁখের,-কাজ,-অলঙ্কার। গালা,লাক্ষা,-শিল্প।

চর্মশিল্প ট্যানারি চামড়ার,-কাজ,-ব্যাগ,-জুতো,-আসন।

কাংস্যশিল্প ঢোকরাশিল্প বিদ্রিশিল্প। কাঁসার,-কাজ,-বাসনকোসন।

শোলাশিল্প শোলারকাজ। ডাক ডাকের,-সাজ,-গহনা চাঁদমালা।

গজদন্তশিল্প বিদরি। হাতির দাঁতের কাজ। অলংকারশিল্প গহনা গয়না। স্বর্ণালংকার সোনারগয়না। রৌপ্যালংকার রুপোর গয়না। জড়োয়া। ফিলিগ্রি। মিনা মিনাকারি।

লোকশিল্পী। হস্তশিল্পী। সূচীশিল্পী সূচীজীবী সৌচি সৌচিক দরজি ওস্তাগর খলিফা কামদার রিফুগর। বয়নশিল্পী তন্তু,-বায়,-বাপ তাঁতি। কুবিন্দ কাওলি খুঁয়ে-তাঁতি। জোলা। কুমার কুমোর কুম্ভকার কুলাল মৃৎ,-শিল্পী,-কর ঘট,-কার,-কৃত চক্রজীবক। প্রতিমাশিল্পী। কুমোর, পোটো,-পাড়া। সূত্রধর ছুতার তক্ষক দারুশিল্পী তক্ষণশিল্পী খরাদি কুন্দার। শঙ্খশিল্পী। শাঁখারি শঙ্খকার শঙ্খবণিক। গালা,লাক্ষা,-শিল্পী। চর্ম,-কার,-কারক চামার মুচি। কাঁসারি কাংস্যবণিক কাংস্যকার। শোলাশিল্পী। গজদন্তশিল্পী ভাস্কর। গহনাশিল্পী স্বর্ণকার সেকরা সুবর্ণ,-স্বর্ণ,-বণিক সোনারবেনে। জহুরি। মিনা,-কার,-শিল্পী।

ক্রি. হাতে করা। হাতে কাজ করা। বোনা। বুনন করা। সেলাই করা। টাকা। রিফু করা। ক্রুশ বোনা। উল বোনা। শানা গাঁথা। চরকা কাটা। তকলি কাটা। কুঁদা। খোদাই করা। মিনা করা। কলাই করা।

৫৭২। ভাষা

বি. ভাষা জবান লফজ কথা বুলি বোল বচন (৫৮৪)। বাগ্বিধি (৫৭৯)। টান গৎ। মাতৃ,জন্ম, স্বজাতীয়,জাতীয়,স্বদেশী,রাষ্ট্র,-ভাষা। চলিত,প্রচলিত, কথিত,কথ্য,-ভাষা। মুখের ভাষা। অপ্রচলিত, অচলিত,মৃত,প্রাচীন,-ভাষা। লিখিত,লেখ্য,-ভাষা। সাধু ভাষা। মার্জিত,শিষ্ট,-ভাষা। অশিষ্ট,অপ,ম্লেচ্ছ,-ভাষা। আঞ্চলিক, স্থানীয়,উপ,-ভাষা। ডায়ালেক্ট। প্রাদেশিক ভাষা। গুরুচণ্ডালি। বিদেশীভাষা বিভাষা। আন্তর্জাতিকভাষা। বিশ্বভাষা। ভোলাপ্যুক। এসপেরান্তো। সংকেতভাষা। সন্ধ্যা,-বচন,-ভাষ। অপ,-ভ্রংশ,-ভ্রষ্ট।

মুণ্ডা সংস্কৃত পালি প্রাকৃত মাগধী অবহট্‌ঠ বাংলা। ভাষা,-জ্ঞান,-তত্ত্ব,-বিজ্ঞান,-বোধ ফিললজি লিংগুইস্টিকস। ভাষার ওপর দখল। ভাষাবিদ বহুভাষাবিদ। ভাষী ভাষক। ভাষা,

-তাত্ত্বিক,-তত্ত্ববিদ,-তত্ত্ব,-বিজ্ঞানী,-বিশারদ। বহুভাষাভিজ্ঞ। ভাষান্তরিক। ইন্টারপ্রেটার। দোভাষী। অনুবাদক।

ক্রি. ভাষায় প্রকাশ করা। বলা। কহা। লেখা।

বিণ. ভাষা,-গত,-সংক্রান্ত,-তাত্ত্বিক। সাধু মার্জিত লেখ্য। কথ্য চলতি। অশিষ্ট। অপ্রচলিত। প্রাচীন মৃত। আধুনিক। মানবিক। ধর্মীয়।

৫৭৩। বর্ণমালা

বি. বর্ণ,-মালা,-বিন্যাস। লিপি,-মালা। অক্ষর, -বিন্যাস,-শ্রেণী,-মালা। অ্যালফাবিট। লিখনপ্রণালী। চিত্র,-বর্ণ,-লিপি। বর্ণ অক্ষর আখর হরফ। সিলেবল। অ-আ-ক-খ। ব্যঞ্জনবর্ণ। স্বরবর্ণ। অক্ষরণু। বর্গ। ঘোষবর্ণ অঘোষবর্ণ অল্পপ্রাণবর্ণ মহাপ্রাণবর্ণ স্পর্শবর্ণ ওষ্ঠ্যবর্ণ দন্ত্যবর্ণ তালব্যবর্ণ কণ্ঠ্যবর্ণ মূর্ধন্যবর্ণ নাসিক্যবর্ণ আনুনাসিকবর্ণ উষ্মবর্ণ। যুক্তাক্ষর যুক্ত,সংযুক্ত, -বর্ণ। মাত্রাহীন-অক্ষর। মহাজনি-লিপি। মুড়িয়াঅক্ষর কাইতি। বর্ণসংস্থাপন। অক্ষরসংস্থান। হস্ হল্। প্রাচীনলিপি টাইপ ছাপারহরফ। বর্ণানুক্রম। প্রত্যয় বিভক্তি। বর্ণন বানান। ভাষান্তর। লিপ্যন্তর। শুদ্ধাশুদ্ধিপ্রকরণ। ধ্বনি। ধ্বনি,-তত্ত্ব,-বিজ্ঞান। গুপ্তলিখন সংকেত সাঁট।

ক্রি. বানান করা। বর্ণান্তর বা লিপ্যন্তর করা। পাঠোদ্ধার বা অর্থোদ্ধার করা।

বিণ. আক্ষরিক ধ্বনিগত শব্দগত উচ্চারণগত। ঘোষ। অঘোষ। অল্পপ্রাণ। মহাপ্রাণ। ওষ্ঠ্য মূর্ধন্য। হসন্ত হলন্ত।

ক্রি.বিণ. অকারাদিক্রমে বর্ণানুক্রমে।

৫৭৪। শব্দ

বি. শব্দ পদ কথা লফজ ওয়ার্ড। মৌলিক শব্দ। যৌগিক শব্দ। সাধিত শব্দ। রূঢ়ি,রূঢ়,যোগরূঢ়, -শব্দ। তৎসম,অর্ধতৎসম,তদ্ভব,দেশী,বিদেশী, -শব্দ। ধ্বন্যাত্মক,ধ্বনিমূলক,অনুকার,-শব্দ। শব্দরূপ। শব্দ,-সম্পদ,-সম্ভার,-ভাণ্ডার। ভোকাবুলারি। শব্দসমুদ্র। সম,প্রতি, সমার্থ,সমার্থক,সমানার্থক,পর্যায়,-শব্দ। বিপরীতার্থক,ভিন্নার্থক, ভিন্নার্থবোধক,-শব্দ। সংশ্লিষ্ট,প্রাসঙ্গিক, আনুষঙ্গিক,সমীপ,-শব্দ। নানার্থক শব্দ। বিশিষ্টার্থবোধক শব্দ। যথাশব্দ। নাম (৫৭৫)। উক্তি বাক্য (৫৭৭)। শব্দমূল প্রত্যয় পদপ্রকরণ। অভিধান শব্দকোষ পরিভাষা নির্ঘণ্ট। ধাতুরূপ। শব্দদ্বৈত। যুগ্ম,জোড়া,-শব্দ। শব্দালংকার। শব্দ,-রচনা,-যোজন নিরুক্তি। ব্যুৎপত্তি। পারিভাষিক শব্দ। শব্দবিদ্যা ভাষাতত্ত্ব ধ্বনিতত্ত্ব।

অভিধানরচনা। নবশব্দ,-প্রবর্তনা,-চয়ন,-যোজন। শব্দোদ্ভটতা। অপ,-ভাষা,-শব্দ। অপভ্রংশ। উপভাষা। চলতি,কথ্য,-ভাষা। খিচুড়ি,মিশ্র, -ভাষা। লিঙ্গুয়াফ্রাংকা এসপেরান্তো। বাগাড়ম্বর বাচালতা (৫৮৬)।

ক্রি. স্বরসংযোগ করা। উচ্চারণ করা। ধাতুরূপ করা। অর্থ করা। নতুন শব্দ প্রবর্তন চয়ন বা যোজন করা। উদ্ভট শব্দ বানানো।

বিণ. শব্দ শাব্দ শাব্দিক আক্ষরিক। কথ্য মৌখিক। পারিভাষিক নবশব্দসংক্রান্ত। উদ্ভট। অশুদ্ধ। শব্দাড়ম্বরপূর্ণ (৫৮১)। বাচাল (৫৮৬)।

৫৭৫। নাম

বি. নাম নামধেয় সংজ্ঞা আখ্যা অভিধা অভিধেয় প্রাতিপদিক। উপাধি পদ পদবি বংশনাম খেতাব টাইটেল। ডাকনাম। ভালোনাম পোশাকিনাম। আদরের নাম। উপনাম(৫৭৬)। নামকরণ নামাঙ্কন আখ্যান। নামমালা নামোল্লেখ নামাবলি। নামোচ্চারণ। নাম,-ধাম,-ঠিকানা। নামাঙ্ক নাম,

-চিহ্ন,-গন্ধ। পরিচয়। শিরোনাম শিরোনামা শীর্ষনাম হেডিং হেডলাইন সংক্ষিপ্ত-শিরোনাম। লেটারহেড। নাম,সংজ্ঞা,উপাধি,-পত্র। নামফলক নেমপ্লেট।

ক্রি. নাম রাখা বা দেওয়া। নাম ডাকা। নাম করা। নাম লেখা। উপাধি দেওয়া।

বিণ. নামক নামা নামী নাম্নী। নাম,-ধারী,-ধেয়, -যুক্ত,-বিশিষ্ট,-ধারক। নামাঙ্কিত। অভি,-ধেয়, -হিত সংজ্ঞা,-ত,-প্রাপ্ত আখ্যাত আখ্যেয় উক্ত কথিত। সংজ্ঞক জ্ঞাপক। উপাধি,-ধারী,-প্রাপ্ত, -বিশিষ্ট। খেতাবি খেতাবযুক্ত। একনামা সমনামধেয়। সার্থকনামা স্বনামধন্য নামজাদা। নামের উপযুক্ত। নামানুযায়ী নামিক।

ক্রি-বিণ. নামেনামে।

৫৭৬। অপনাম

বি. অপনাম অপ্রকৃতনাম মিথ্যানাম। ছদ্মনাম তখাল্লুস। উপনাম ডাকনাম। বকলম। নামে কি যায় আসে। নাম কি। নামজারি। নাম,-হীনতা, -বিহীনতা।

ক্রি. ভুল নাম দেওয়া। ছদ্মনাম নেওয়া।

বিণ. ভ্রান্তনামা। অজ্ঞাত,অনির্দিষ্ট,-নামা। নাম না জানা। অ,-নামা,-নাম্নী,-নামক,-নামিকা। বেনামা বেনামি নাম,-হীন,-বিহীন। অমুক। ছদ্ম। অপ্রকাশিত অপরিচিত অপ্রসিদ্ধ অস্বীকৃত। নামগোত্রহীন।

অব্য. ওরফে। বনাম। নামান্তর।

৫৭৭। ব্যাকরণ

বি. ব্যাকরণ গ্রামার। পদ,-প্রকরণ,-যোজনা, -বিন্যাস,-পরিচয়,-বিশ্লেষণ।

পদ: বিশেষ্য বিশেষণ সর্বনাম ক্রিয়া অব্যয়। প্রাতিপদিক। কর্তৃপদ কর্ত। কর্মপদ কর্ম। নামপদ।

বিশেষ্য: ব্যক্তি,স্থান,গুণ,ভাব, জাতি,ক্রিয়া, সমষ্টি,অবস্থা,-বাচক।

বিশেষণ: গুণ,সংখ্যা,পূরণ,উপাদান,-বাচক। ক্রিয়াবিশেষণ সর্বনামীয়বিশেষণ বিশেষণীয়বিশেষণ।

ক্রিয়া: সকর্মক অকর্মক দ্বিকর্মক সমাপিকা অসমাপিকা।

সর্বনাম: পুরুষ,সাকল্য,আত্ম,-বাচক নির্দেশসূচক সাপেক্ষ প্রশ্নাত্মক অনিশ্চয়তাত্মক ব্যতিহারিক।

অব্যয়: সমুচ্চয়ী পদান্বয়ী অনুকার ধ্বন্যাত্মক। উপসর্গ। কর্মপ্রবচনীয়। ণত্ব,-বিধান,-বিধি। ষত্ববিধান। উদ্দেশ্য বিধেয়। স্বরসংগতি অপিনিহিতি অভিশ্রুতি সমীকরণ অপশ্রুতি। অভিঘাত।

বচন: এক,বহু,-বচন।

লিঙ্গ: পুং,স্ত্রী,ক্লীব,উভয়,-লিঙ্গ। অজহল্লিঙ্গ।

পুরুষ: উত্তম মধ্যম প্রথম। বিভক্তি। অনুসর্গ।

প্রত্যয়: কৃৎ তদ্ধিত কৃদন্ত তদ্ধিতান্ত। প্রকৃতি। ধাতু নামধাতু। সন্ধি: স্বর,ব্যঞ্জন,বিসর্গ,-সন্ধি।

কাল: অতীত,বর্তমান, ভবিষ্যৎ,-কাল। কালরূপ। অনুজ্ঞা। ণিজন্ত।

সমাস: দ্বন্দ্ব দ্বিগু তৎপুরুষ কর্মধারা বহুব্রীহি অব্যয়ীভাব অলুক। ব্যাসবাক্য।

ধাতুরূপ। ক্রিয়ারূপ। শব্দরূপ। শব্দান্তর। বাক্য কথা বচন উক্তি পদগুচ্ছ লফজ কথন। সরল,যৌগিক,জটিল,-বাক্য। বাক্যগঠন বাক্যবিশ্লেষণ।

বাচ্য: কর্তৃ কর্মভাব কর্মকর্তৃ। অনুচ্ছেদ। শব্দ, -যোজনা,-বিন্যাস। অন্বয়,-যোজনা পদান্বয়।

কারক: কর্তৃ কর্ম করণ সম্প্রদান অপাদান অধিকরণ। তিঙ্ তিঙন্ত। প্রবাদ প্রবচন। বাগ্বিধি বাগধারা ইডিয়ম। শব্দালংকার। শব্দশাস্ত্র।

ভাষাতত্ত্ব। বৈয়াকরণ ব্যাকরণবিদ পণ্ডিত। পাণিনি। পতঞ্জলি। যাস্ক।

ক্রি. শব্দ-বিশ্লেষণ বা পদ পরিচয় করা। ধাতুরূপ করা।

বিণ. ব্যাকরণ,-গত,-সম্মত,-সংক্রান্ত,-সিদ্ধ। পদবিন্যাস বিষয়ক।

৫৭৮। ব্যাকরণদুষ্টি

বি. ব্যাকরণদুষ্টি অশুদ্ধি বিকৃতি। স্খলন। অপ, -শব্দ,-ভ্রংশ,-প্রয়োগ। হাস্যকর-অপপ্রয়োগ। অশুদ্ধ উচ্চারণ। দুষ্টরীতি। কথার,জিহ্বার, কলমের,-ভুল। জগাখিচুড়ি। গুরুচণ্ডালি। বকুনি। শবপোড়ামরাদাহের দল। অশিষ্টতা।

বিণ. ব্যাকরণদুষ্ট। অশুদ্ধ বিকৃত। ভাঙাভাঙা। অপ্রযুক্ত। সংকর। অশিষ্ট। রীতিবিরুদ্ধ। মেঠো।

৫৭৯। রচনাশৈলী

বি. রচনাশৈলী। অক্ষর,-বিন্যাস,-বৃত্ত। বর্ণস্থাপন। বিন্যাস কৌশল চাতুর্য। কলাকৌশল টেকনিক। আঙ্গিক। গঠনশৈলী। বাচনভঙ্গি। বাগ,-রীতি, -ভঙ্গি। বাগ্বিধি। শব্দ,-নির্বাচন,-চয়ন। লিখনভঙ্গি। লিপি,-চাতুর্য,-কৌশল। মুনশিয়ানা কারিকুরি। ভাষার দখল। সৃজনীশক্তি। লেখার হাত।

ছন্দ ছাঁদ শ্রীভঙ্গি। পদ্যবন্ধ। তাল রিদ্‌ম। ছন্দ, -স্পন্দন,-স্পন্দ,-স্ফূরণ। ছন্দোবন্ধ। ছন্দানুগমন ছন্দানুবর্তন ছন্দানুসরণ। ছন্দোবোধ ছন্দোজ্ঞান। ছন্দঃশাস্ত্র। মাত্রা। মাত্রাজ্ঞান। যতি। ছেদ। পর্ব। পদ। চরণ। স্তবক। দ্বিপদী ত্রিপদী চৌপদী। ছন্দবৈভিন্ন্য: পয়ার তানপ্রধান অক্ষরবৃত্ত অক্ষরমাত্রিক বর্ণমাত্রিক গুরুছন্দ যৌগিক সংকোচপ্রধান মিত্রাক্ষর অমিত্রাক্ষর মুক্তবন্ধ মুক্তছন্দ গদ্যছন্দ মাত্রাবৃত্ত গৈরিশছন্দ ধ্বনিপ্রধান ধ্বনিমাত্রিক। স্বর,-বৃত্ত,-মাত্রিক। শ্বাসাঘাতপ্রধান বলপ্রধান দ্রুতছন্দ মালিনী অষ্টি ত্রিষ্টুভ অনুষ্টুপ তোটক নাচাড়ী লাচাড়ী মন্দাক্রান্তা বসন্ততিলক ভুজঙ্গপ্রয়াত শার্দূলবিক্রীড়িত শার্দূলললিত। লৌকিকছন্দ ছড়ারছন্দ দলবৃত্ত কলাবৃত্ত মিশ্রকলাবৃত্ত। ছন্দঃ,-পতন,-পাত ছন্দোভঙ্গ। ছান্দসিক ছন্দরসিক।

অলংকার অলংকরণ অলংকৃতি। কাব্যালংকার শব্দালংকার অর্থালংকার চিত্রালংকার। অলংকার শাস্ত্র। শব্দালংকার: অনুপ্রাস শ্রুত্যনুপ্রাস অন্ত্যানুপ্রাস বৃত্ত্যনুপ্রাস ছেকানুপ্রাস। শ্লেষ সভঙ্গশ্লেষ অভঙ্গশ্লেষ। যমক। বক্রোক্তি শ্লেষবক্রোক্তি কাকুবক্রোক্তি। পুনরুক্তবদভ্যাস। সাদৃশ্যমূলক। অর্থালংকার: রূপক উপমা পূর্ণোপমা লক্ষণা উৎপ্রেক্ষা ভ্রান্তিমান সন্দেহ উল্লেখ অপহ্নুতি নিশ্চয় দৃষ্টান্ত সমাসোক্তি অতিশয়োক্তি ব্যতিরেক প্রতীপ। বিরোধমূলক অর্থালংকার: বিরোধাভাস বিভাবনা বিশেষোক্তি অসংগতি বিষম। শৃঙ্খলামূলক অর্থালংকার: কারণমালা একাবলী সার। ন্যায়মূলক অর্থালংকার: কাব্যলিঙ্গ অর্থাপত্তি। গূঢ়ার্থপ্রতীতিমূলক অর্থালংকার: অপ্রস্তুতপ্রশংসা অর্থান্তরন্যাস ব্যাজস্তুতি স্বভাবোক্তি আক্ষেপ। অলংকার,-শাস্ত্রজ্ঞ, -শাস্ত্রকার।

বিণ. ছন্দোবদ্ধ ছন্দোগ্রথিত ছন্দানুবর্তী ছন্দানুসারী। অলংকৃত আলংকারিক অলংকার,-পূর্ণ, -শোভিত।

৫৮০। রচনাসৌষ্ঠব

বি. রচনাসৌষ্ঠব। সুষ্ঠুতা সৌকুমার্য উৎকর্ষ সৌকর্য। সুচারুতা লালিত্য। সুস্বন। ভাবমাধুর্য। কবিত্ব। সংযম। সুরুচি। চমৎকারিত্ব। অলংকার সৌন্দর্য মাধুর্য মাধুরী। ঐশ্বর্য। সুভাষণ। সারল্য

ঋজুতা সহজতা। সজীবতা সবলতা বলিষ্ঠতা। প্রাণ। দুঃসাহসিকতা। ঔজ্জ্বল্য। দরদ। ওজন ভার। দখল নৈপুণ্য মুনশিয়ানা চাতুর্য। স্পষ্টতা স্বচ্ছতা পরিস্ফুটতা। প্রাঞ্জলতা। সুগমতা। অকষ্টকল্পনা। নির্দিষ্টতা। যথার্থতা। সংক্ষিপ্ততা। ইঙ্গিত ইশারা। সাঁট। চুম্বক। উপমা। রূপক। অনুপ্রাস। প্রতীক। চিত্রকল্প। কারুকাজ। সমাস।

ক্রি. সংক্ষেপ করা। সারমর্ম করা। কম বা অল্প কথায় বলা বা লেখা। সোজা বক্তব্যে আসা। ধানাইপানাই না করা। চয়ন করা। বাদসাদ দেওয়া। বাঁধুনি থাকা।

বিণ. সুষ্ঠু সুকুমার চারু সুচারু ললিত সুললিত। সুলিখিত সুরচিত সুছাঁদ। সুখ,-কর,-পাঠ্য। সুন্দর মনোজ্ঞ। অনবদ্য অপ্রতিম অতুলনীয়। জবর। পরিশীলিত মার্জিত। সংস্কৃত সংযত সুসংযত। সুরুচিসম্পন্ন। সার্থক সফল। রসোত্তীর্ণ। অলংকৃত। বলিষ্ঠ সবল সতেজ সজীব প্রাণবন্ত। দুঃসাহসিক। ঐশ্বর্যময়। ভাবগম্ভীর। জ্বলন্ত উজ্জ্বল। সোজা ঋজু। স্বাভাবিক সহজাত। শুদ্ধ পবিত্র। সহজ সরল। সাবলীল সুগম। স্বচ্ছন্দ। অনায়াস,-সাধ্য,-লব্ধ। সহজবোধ্য। বোধগম্য। স্পষ্ট সুস্পষ্ট। পরিস্ফুট পরিষ্কার পরিচ্ছন্ন স্বচ্ছ প্রাঞ্জল। যথাযথ যথার্থ। চিত্রানুগ। সংক্ষিপ্ত। বাহুল্য,-বর্জিত,-বিমুখ। মেদহীন। সুষম। সুসংবদ্ধ। আসল মোট মোক্তাসার। সুখোচ্চার্য। ঝকমকে চকচকে। ঝরঝরে তরতরে।

৫৮১। রচনাদুষ্টি

বি. রচনাদুষ্টি। অসৌষ্ঠব অশোভনতা অসৌন্দর্য। অসাম্য। অশুদ্ধতা অশিষ্টতা। অশ্লীলতা। বিকৃতি মুদ্রাদোষ দোষ। টান। ব্যাকরণদুষ্টি। অপশব্দ। ছন্দপতন। থোড়বড়িখাড়া খাড়াবড়িথোড়। কাঁচা লেখা। দুর্বলতা নিষ্প্রাণতা নির্জীবতা প্রাণহীনতা। ম্লানতা ভীরুতা। রসহীনতা শুষ্কতা নীরসতা। দারিদ্র্য। দুর্বোধ্যতা অবোধগম্যতা অবোধ্যতা। অস্পষ্টতা অস্বচ্ছতা। দ্ব্যর্থতা। ব্যাসকূট। হিজিবিজি ধূম্রজাল। অযথার্থতা। প্রক্ষিপ্ততা। প্রক্ষেপণ। সম্প্রসারণ। বিস্তার। বায়নাক্কা। বাকছল বাগাড়ম্বর অক্ষরডম্বর। শৈথিল্য। বাড়াবাড়ি আতিশয্য বাহুল্য। কচকচানি। কথার কথা। অর্থহীনতা। চাকচিক্য। বটতলার লেখক।

ক্রি. বাড়ানো। বিস্তার বা সম্প্রসারণ করা। ফাঁপানো। ফুলানো। ইনানো বিনানো। পাতা বা পৃষ্ঠা বাড়ানো। লম্বা করা। অযথা টানা। পুঁথি বাড়ানো। ফলাও করা।

বিণ. অসুষ্ঠু অশোভন অসুন্দর। অমার্জিত অসংস্কৃত অশুদ্ধ। রুচিহীন অশিষ্ট অশ্লীল। খটোমটো। কৃত্রিম অস্বাভাবিক। প্রয়াসলব্ধ। দুষ্ট উদ্ভট। চর্বিতচর্বণ। গালভরা। শূন্যগর্ভ। কাঁচা। দুর্বল নিষ্প্রাণ নির্জীব। নিস্তেজ নিষ্প্রভ ম্লান। ভীরু। ক্ষীণ। বিস্বাদ বিরস রসহীন পানসে শুষ্ক। বর্ণহীন বিবর্ণ। দুর্বোধ দুর্বোধ্য অস্পষ্ট অস্বচ্ছ। অবোধ্য অবোধগম্য অনধিগম্য দুর্ভেদ্য। দুষ্পাঠ্য অপাঠ্য। জটিল কূট কুটিল। ঘোরালো। বিভ্রান্তিকর। অজ্ঞেয়। গূঢ়। আদালতি। প্রক্ষিপ্ত। বিস্তারিত সম্প্রসারিত। বিশৃঙ্খল অগোছালো এলোমেলো এলোপাতাড়ি। আলগা। শিথিল। অবাস্তব। অপ্রাসঙ্গিক। দীর্ঘ। মেদ,শব্দ, সমাস,অলংকার,-বহুল। শ্লথ।

৫৮২। কণ্ঠস্বর

বি. কণ্ঠস্বর স্বর। বাক্‌শক্তি (৫৮৪)। বচন বোল বুলি। সাড়া রা। ধ্বনি ঘোষধ্বনি। আওয়াজ শব্দ। চিৎকার কোলাহল। হর্ষধ্বনি। ঘোষণা।

বাক্যস্ফূর্তি। মৌনত্যাগ। বাঙ্‌নিষ্পত্তি। উচ্চারণ উচ্চারণভঙ্গি। ধার টান জের। সুর সুস্বন (৪৫৫)।
ক্রি. উচ্চারণ করা। কথা বলা। মুখ বা কথা ফোটা। রা করা। বাতলানো। চিৎকার করা (৪৫৩)। ঘোষণা করা। ফিসফিস করা। কানাকানি করা।
বিণ. স্বরযুক্ত। সবাক। কণ্ঠ। উচ্চারিত ঘোষিত ব্যক্ত। মৌখিক। মুখস্থ কণ্ঠস্থ। স্পষ্ট। উদাত্ত। মন্দ্র দরাজ ভরাট গম্ভীর গভীর গুরুগম্ভীর গমগমে। বাজখাঁই। কর্কশ হেঁড়ে। মোটা রূঢ়। পাতলা। ক্যানক্যানে। কটকটে। বাজেগলা বদকণ্ঠ। নাকী নাকা খোনা আনুনাসিক সানুনাসিক। গলাভাঙা খ্যানখ্যানে। ক্যাঁককেকে। কর্ণকটু কড়রা। ধীর অনুচ্চ মৃদু কোমল। অস্ফুট অনুদাত্ত চাপা মিহি ক্ষীণ। আধোআধো অর্ধস্ফুট। তীক্ষ্ণ কড়া। উচ্চকণ্ঠ। সুকণ্ঠ মধুকণ্ঠ। সুরেলা।

৫৮৩। মূকতা

বি. মূকতা স্বরহীনতা বাকশক্তিহীনতা। বাগ্‌রোধ। দুরুচ্চার ওষ্ঠভাষা। নীরবতা (৫৮৭)।
ক্রি. কথা হারানো। লাজওয়াব হওয়া। কথা বলতে না পারা। আমতা আমতা করা। ফ্যালফ্যাল করে তাকানো। চুপ থাকা। চুপ করানো। থামানো। কণ্ঠরোধ করা। টুঁটি টেপা।
বিণ. মূক বোবা কালা অবোলা। হাবা গোঙা। বাকশক্তিহীন বাক্যরহিত স্বরহীন আড়ষ্টজিহ্বা। নীরব নির্বাক নিশ্চুপ। ভগ্নস্বর। জড়িত। স্খলিত। অঘোষিত। অব্যক্ত অনভিব্যক্ত অনুক্ত অকথিত অঘোষ। অবক্তব্য। দুরাচ্চার্য চাপা। অস্ফুট। আধোআধো ভাঙাভাঙা। গদগদ।

৫৮৪। বাক্‌শক্তি

বি. বাক্‌শক্তি বাচনশক্তি। বাক বাক্য গীঃ ভাষা। কথা বাত জবান লফজ বচন বুলি শব্দ। জিহ্বা কণ্ঠ গলা। কথন বলন কহন উচ্চারণ উদীরণ বাক্যস্ফুরণ বাখান। বাক্যালাপ। মুখরতা বাঙ্‌ময়তা। বিবক্ষা। বাচন। উল্লেখ। কথকতা। উক্তি নিগদ বাণী। বক্তৃতা তাকরির লেকচার খোতবা ভাষণ অভিভাষণ। সম্ভাষ সম্ভাষণ সম্বোধন (৫৮৮)। বিবৃতি। ওয়াজ। গলাবাজি। শত্রুর,অবলার,–মুখ। স্বগতোক্তি (৫৯১)। পাঠ পঠন আবৃত্তি তেলাওয়াত। বাগ্মিতা বাচস্পত্য বাক্যবাগীশতা বাচনক্ষমতা বাক,–পটুতা,–পটুত্ব, –চাতুর্য,–চাতুরি,–বৈদগ্ধ্য। বাক,–ভঙ্গি,–রীতি, –প্রণালী,–শৈলী। বাচন,–ভঙ্গি,–রীতি। উচ্চারণভঙ্গি। কথার,–বাঁধুনি,–টান–সুর,–রেশ। স্পষ্টোচ্চারণ শুদ্ধোচ্চারণ। সু,–বচন,–ভাষ পরিষ্কার কথা। অস্পষ্টোচ্চারণ। বাগ,–জাল, –ছল। বাগ্মী বক্তা বাচক বলিয়ে কইয়ে বাচস্পতি। কথক। কবিয়াল। আবৃত্তিকার। বক্তৃতা,বর্ণনা, –কারী। ভাষক ঘোষক ভাষ্যকার ধারাভাষ্যকার। প্রবক্তা প্রবাচক সম্ভাষী। লেকচারার স্পিকার। কথকঠাকুর পাঠক। বাক,–চতুর,–বিদগ্ধ,–পটু, –সিদ্ধ,–পতি। বাক্য,–বচন,–বাগীশ। উচিতবক্তা স্পষ্ট,–বাদী,–ভাষী,–বক্তা। মুখসর্বস্ব। ঠোঁটকাটা। বহুভাষী। বাগ্‌দেবী গীর্দেবী সরস্বতী বাণী বীণাপাণি ভারতী মহাশ্বেতা সারদা। স্পিকার লাউডস্পীকার অ্যামপ্লিফায়ার মাইক।
ক্রি. বলা। পড়া। কহা। কথা বলা। উচ্চারণ করা। উল্লেখ করা। বাতলানো। বিবৃত বা বর্ণনা করা। প্রকাশ করা (৫৪৭)। বলে দেওয়া বা ফেলা। বলাবলি বা বলাকহা করা। রা কাড়া। কথা সরা। বোল ফোটা। আওড়ানো। মুখে খই ফোটা। মুখ নিশপিশ করা। মুখে আসা। মুখ ছোটা। মুখ ফসকানো। মুখ খোলা। মুখ চলা। বক্তৃতা করা বা দেওয়া। ভাষণ বা বিবৃতি দেওয়া। খোতবা দেওয়া। ব্যাখ্যা করা। বয়ান করা। ওয়াজ করা।

বিণ. মৌখিক বাচনিক জবানি। বাচ্য কথ্য। উচ্চার্য কহতব্য। বাঙ্‌ময়। বর্ণনীয় বর্ণিতব্য। ভাষণ, –কথন,–যোগ্য। অলিখিত। উদাত্ত মুখর। বিবক্ষু। গীত কথিত বর্ণিত উদীরিত বিবৃত উক্ত উচ্চারিত কীর্তিত জল্পিত। ওজস্বী উদ্দীপক।

৫৮৫। বাক্‌জড়তা

বি. বাক্‌জড়তা। জড়তা অস্ফুটতা অনুচ্চতা। তোতলামি উচ্চারণবিভ্রাট। খোনামি নাকীসুর। ইতস্ততভাব। টান।

ক্রি. সহজে কথা বলতে না পারা। তোতলানো। তোতো করা। আধোআধো কথা বলা। বিড়বিড় করা। ইতস্তত করা। গলা বসে যাওয়া। গলা বুজে আসা।

বিণ. তোতলা। আড়ষ্টজিহ্বা। খোনা নাকী আনুনাসিক। আধোআধো অস্পষ্ট অনুচ্চ।

৫৮৬। বাচালতা

বি. বাচালতা। বাগ্‌জাল বাগাড়ম্বর। বাক্যস্ফূর্তি। অতি,–কথা,–কথন। বাগ্‌,–বাহুল্য,–বহুলতা। অমিত,–ভাষণ,–ভাষিতা। বাগ্‌বিস্তার। বকুনি বকবকানি বকবক ভ্যাজরভ্যাজর। কথার শ্রাদ্ধ। প্রগল্‌ভতা প্রাগল্‌ভ্য। লঘুভাষণ। বাক্‌,ছল, –চাতুর্য,–চাতুরি। বৈদর্ভ। বাক্যবাজ অক্ষরডম্বর। ফাজলামি জ্যাঠামি পাকামি ফক্কড়ি ফচকেমি ছ্যাবলামি। মুখ। মুখের তোড়। ধানাইপানাই অগড়বগড় আগড়মবাগড়ম। অত্যুক্তি। আবোলতাবোল। বিপ্রলাপ। ঘ্যানঘ্যানানি ঘ্যানরঘ্যানর প্যাচাল প্যাচালি প্যানপ্যান প্যানপ্যানানি। ছেঁদো কথা। খেজুরে আলাপ। কথার কথা। এলোমেলো কথা। আজেবাজে কথা। বিকার। প্রলাপ। পুনরুক্তি। আমড়াগাছি। ভণিতা ভ্যানতারা গৌরচন্দ্রিকা। কপচানি। জল্পনা। গল্প,–গুজব,–সল্প। আড্ডাবাজি। মুখ,বাক, –সর্বস্বতা। বায়নাক্কা। বাগীশ বাগীশ্বর বাচস্পতি। বাক্য,–বাগীশ–বিশারদ,–নবাব। কথার ভট্‌চাজ। জল্পক। গল্পবাজ আড্ডাবাজ। ফক্কড় ফাজিল ফিচেল ফচকে জ্যাঠা টেটন ছ্যাবলা।

ক্রি. বকা। বকবক করা। বকবকানো। বাজে বকা। বেশি কথা বলা। মুখে খৈ ফোটা। মুখ ছোটা বা ফসকানো। কথার তুবড়ি ছোটানো। কপচানো। বাজেকথা বলা। আজে বাজে বকা। উলটাপালটা কথা বলা। প্যাচাল পাড়া। অনর্গল কথা বলা। মুখের আগল না থাকা। শতমুখে কথা বলা। চোখে মুখে কথা বলা। হড়বড়ানো। গল্প করা। আড্ডা মারা। বাত ঝাড়া। বাড়িয়ে বলা। ইনিয়ে বিনিয়ে বলা। রং চড়ানো বা ফলানো। বড় বড় কথা বলা। লম্বা চওড়া কথা বলা। ফিরে বলা।

বিণ. বাচাল। মুখর,–া। মুখে দড়। মুখসর্বস্ব। অমিতভাষী। বাক,কথা,–সর্বস্ব। বাকপটু। শতমুখ। প্রগল্‌ভ রাশপাতলা। হড়বড়ে। প্রলাপকারী। প্রলপিত। জল্পিত।

৫৮৭। মৌন

বি. মৌন তূষ্ণীম্ভাব খামোশিয়া। নীরবতা বাক্‌সংযম বাগ্‌বিমুখতা। মৌনাবলম্বন মৌনব্রত। কম কথার–লোক। স্বল্পভাষিতা মিত,–ভাষণ, –ভাষিতা অল্প,–বাদিতা,–বাদিত্ব,–ভাষিতা।

ক্রি. মৌন থাকা। চুপচাপ বা নিশ্চুপ থাকা। মুখ বন্ধ করা বা বোজা। মুখে সাড়া না থাকা। কথা না বলা। রা না কাড়া। সাড়াশব্দ না দেওয়া। উচ্চবাচ্য না করা। চুপ করা। চুপ মেরে যাওয়া। মুখে কুলুপ আঁটা। মুখ সেলাই করা।

বিণ. মৌনী মৌনব্রতী মৌনাবলম্বী। তূষ্ণী বোবা মূক। নির্বাক বাক্য,–হারা,–হীন,–রহিত।

সাড়াশব্দহীন। বাকরুদ্ধ। নীরব। অনুত্তর। অব্যক্ত। তূষ্ণীভূত নিস্তব্ধিত। নিরুত্তর লাজওয়াব। থ অধোবদন। অবাক। মুখচোরা। বাকবিমুখ গুম। অল্প,স্বল্প,মিত,-ভাষী মিত,-ভাষ,-বাক্।

৫৮৮। সম্বোধন

বি. সম্বোধন। আহ্বান ডাক হূতি আহূতি আহ্বায়। আবাহন। আজান। অভিভাষণ সম্ভাষ সম্ভাষণ আভাষ আভাষণ। ভাষণ (৫৮৪)। আবেদন নিবেদন। আমন্ত্রণ। অনুরোধ। অভিবাদন। অভিবন্দনা।

ক্রি. সম্বোধন করা। সম্ভাষণ করা। আবেদন করা। নিবেদন করা। ডাক দেওয়া। ডাকা। ডাকাডাকি করা। হাঁকা। হাঁকাহাঁকি করা। আহ্বান করা। ভাষণ বা বক্তৃতা দেওয়া। উত্তেজিত করা। সাড়া জাগানো। অভিবাদন করা। বন্দনা করা।

বিণ. সম্বোধনীয় সম্বোধনযোগ্য। সম্ভাষণীয়। হূত আহূত। হূয়মান।

৫৮৯। সাড়া

বি. সাড়া। প্রতিক্রিয়া। উত্তর জবাব (৪৭৭)। চাঞ্চল্য শোরগোল। উচ্চবাচ্য।

ক্রি. সাড়া দেওয়া। রা কাড়া। আওয়াজ দেওয়া। সাড়া পড়া। চাঞ্চল্যের সৃষ্টি করা।

বিণ. উত্তরদানপ্রবণ। উত্তরদায়ক। জবাবি।

৫৯০। কথোপকথন

বি. কথোপকথন। কথা,-বার্তা,-প্রসঙ্গ। বাক্যব্যয়। বাক্যালাপ। বাক্যবিনিময়। লঘুভাষণ। আলাপ আলাপন অনুলাপ আলাপসালাপ আলাপআলোচনা। জল্পনা। গল্প গপ্প খোশগল্প। গল্প,-সল্প,-গাছা,-গুজব। রসালাপ। গুলতানি আড্ডা জটলা বৈঠক। গুল গুজব। জন,-রব, -শ্রুতি। পর,-নিন্দা,-চর্চা। কেচ্ছা। সংলাপ। মতবিনিময়। মতামতবিচার। কথার কথা। বাজে কথা। কথার,-ঝোঁক,-তোড়। গল্পের ঝোঁক। মজলিস মহফিল আসর সভা কনফারেন্স অধিবেশন। মিলনী। দাওয়া রোয়াক বৈঠকখানা ড্রয়িংরুম। আলোচ্যবিষয় কর্মসূচি অ্যাজেন্ডা। সাক্ষাৎকার। সংবর্ধনা। আমন্ত্রণ। আহ্বান। পরিষদ (৭২৭)। তর্ক তর্কবিতর্ক আলোচনা বাক,-যুদ্ধ, -বিতণ্ডা। তর্কাতর্কি বাদানুবাদ বচসা। কথক গপ্পবাজ বাচাল (৫৮৬)। গল্প,-প্রিয়,-বাজ। আড্ডা,-প্রিয়,-বাজ,-ধারী বক্তা বাগ্মী। আলোচক আলোচনাকারী। সদালাপী আলাপকারী।

ক্রি. কথাবার্তা চালানো। আলাপ-আলোচনা করা। গল্প করা। মজলিস বসা। আসর জমানো। আসর গরম করা। আসর জাঁকানো। আসর গুলজার করা। গুলতানি বা আড্ডা মারা। বকা (৫৮৬)। বাজেবকা। কথা বাড়ানো।

বিণ. কথোপকথনরত। গল্পরত। আলোচ্য আলোচনীয় আলোচিত। বৈঠকি মজলিসি। আলাপী। আলোচনামূলক।

ক্রি. বিণ. কথাপ্রসঙ্গে। কথায়কথায়। কথার ঝোঁকে। কথার পিঠে।

৫৯১। স্বগতোক্তি

বি. স্বগতোক্তি। জনান্তিক। আত্মমগ্ন সংলাপ। একোক্তি মনোলোগ।

ক্রি. আপন মনে বা নিজে নিজে বলা। আপন খেয়ালে বলা। নিজের সাথে কথা বলা। জোরেজোরে বা চেঁচিয়ে চিন্তা করা।

বিণ. স্বগত আত্মগত।

৫৯২। লিখন

বি. লিখন লেখন লেখা লিখা। লিপি। লেখালেখি লেখাজোখা। কলমবাজি। কলমের খোঁচা।

অক্ষরলিখন। অক্ষর,-বিন্যাস,-ন্যাস,-শিল্প লেটারিং ক্যালিগ্রাফি টাইপোগ্রাফি। চিত্রণ অঙ্কন। হস্তলিপি পাণ্ডুলিপি খসড়া মুসাবিদা। টাইপরাইটিং মুদ্রালিখন। শ্রুতিলিখন শ্রুতিলিপি। স্বাক্ষর সই সহি দস্তখত সাইন সিগনেচার টিপসই ঢেরাসহি। স্বহস্তলেখ অটোগ্রাফ। লঘুলিপি। আদর্শলিপি। লিপি,-কৌশল,-কুশলতা। সাঁটলিখন স্টেনোগ্রাফি সংকেত,-লিপি,-লিখন। হস্তাক্ষর হস্ত,-লিপি, -লিখন,-লেখ হাতের লেখা স্বহস্তলেখ। উৎকীরণ খোদাই।

পুনর্লিখন নকল কপি অনু,-লিখন,-লিপি প্রতিলিপি। কারবনকপি। ডুপ্লিকেট। সাইক্লোস্টাইল। মুদ্রণ (৫৯৩)। নোট রচনা বিরচন প্রণয়ন। উৎকিরণ খোদাই। ভালো-লেখা মুক্তাক্ষর খুশখত। বাজে,খারাপ,কাঁচা,-লেখা কদক্ষর হিজিবিজি আঁকিবুকি। কাটাকুটি। দেওয়াল লিখন। শিলা, প্রস্তর,পাষাণ,তাম্র,-লিপি। তাম্রশাসন। প্রবন্ধ (৫৯৭)। কবিতা (৫৯৮)। সাহিত্য (৬০০)। কাব্য কবিতা কাব্যসঞ্চয়ন। পাঠ্যপুস্তক টেক্সটবুক। তরজমা অনুবাদ ভাষান্তর। লিপ্যন্তর প্রতিবর্ণীকরণ। গ্রন্থ বই (৫৯৫)।

লিপি,-কার,-কর আখরিয়া কলমচি কলমবাজ। অক্ষর,-মসি,-জীবী। নবিশ খুশনবিশ। লিপি, -কুশল,-কৌশলী। লিখিয়ে। বার্ণিক। চিত্রকর। লেখক (৫৯৫)। সেক্রেটারি করণিক সচিব মুনশি কেরানি ক্লার্ক নকলনবিশ। টাইপিস্ট মুদ্রাক্ষরিক। শ্রুতিলেখক সাঁটলেখক।

কলম লেখনী পেন কর্ণিকা পেন্সিল। খাগের কলম। পালকের কলম। ফাউন্টেনপেন ঝরনাকলম। নিব কচ কৎ মোচ। কাঠ,উড, -পেন্সিল। লেড শিষ। রিফিল। বল,ডট,-পেন। বলপয়েন্ট। ফেল্টপেন বো-পেন লাইনিংপেন। কালি মসি সেহাই। ছাপার কালি প্রিন্টারস্ ইঙ্ক। কারবন,-পেপার। রিবন। খড়ি চক। লেখার উপকরণ লিখনসামগ্রী। খাতা বহি। একসারসাইজবুক। খেরোখাতা খেরুয়া। বাঁধানো -খাতা। প্যাড রাইটিংপ্যাড। প্যাডের কাগজ। লেটারহেড। রাফ,খসড়া,-খাতা ' ডেস্ক তক্তি। লেখার ডেস্ক। কলম,-দান,-দানি। দোয়াত মস্যাধার মসি,-কূপি,-ধান। কাগজ। সঞ্চ তালপাতা পাততাড়ি ভূর্জপত্র। তুলোট কাগজ। নিউজপ্রিন্ট।

ক্রি. লেখা। লিখে রাখা। লিখে ফেলা। লিখে যাওয়া। লিখে নেওয়া। কলম ধরা। টুকে রাখা। টোকা। লিপিবদ্ধ করা। অক্ষরবিন্যাস করা। কলম চালানো। কলম পেষা। আঁচড় কাটা। রচনা করা। খসড়া করা। খসড়া বা মুসাবিদা করা। আঁকা। ছক কাটা। নিবেশন করা। নিবদ্ধ করা। নকল বা কপি করা।

বিণ. লিখিত লিপি,-বদ্ধ,-ভুক্ত। লেখ্য লেখনীয় লিখনীয় লিখিতব্য। লৈখিক। রচিত বিরচিত। নিবেশিত নিবন্ধিত। অক্ষর,-বদ্ধ,-নিবদ্ধ। উল্লিখিত। খোদিত উৎকীর্ণ। স্বরচিত। হস্ত,স্বহস্ত,-লিখিত। হাতেলেখা। অনুলিখিত পুনর্লিখিত। স্বাক্ষরিত দস্তখতি। স্বাক্ষরহীন অস্বাক্ষরিত। অঙ্কিত। মুদ্রিত। মুদ্রণীয় মুদ্রণ,প্রকাশ,-যোগ্য।

ক্রি-বিণ. কাগজেকলমে। সাদাকালোয়। লিখিত, -ভাবে,-আকারে,-পড়িতভাবে।

৫৯৩। মুদ্রণ

বি. মুদ্রণ ছাপাই ছাপানো মুদ্রাঙ্কন মুদ্রাঙ্ক প্রিন্ট। মুদ্রাক্ষর টাইপ হরফ মুদ্রালিপি মুদ্রিকা। মনোটাইপ লাইনোটাইপ। অক্ষর,-বিন্যাস,-সংস্থান কম্পোজ কম্পোজিশান হ্যান্ডসেটিং। মেশিনসেটিং।

ফটোকম্পোজিং ফটোটাইপ-সেটিং। অক্ষরডালা সাট টাইপকেস। ছাপ মুদ্রা মোহর সিল,-মোহর। ব্লক প্লেট ম্যাট্রিকস। লাইন-ব্লক হাফটোন-ব্লক। স্ট্যাম্প রবারস্ট্যাম্প। ছাঁচ। বিষয়পাঠ। অনুলিপি। সংশোধন প্রুফ,-কপি গ্যালি,-প্রুফ। মেকআপ। ফর্মা।

ছাপাখানা প্রেস মুদ্রণালয় প্রিন্টিং প্রেস। মুদ্রণ,মুদ্রা,-যন্ত্র ছাপারকল। লেটার প্রেস। ট্রেড্‌ল মেশিন। রোটারি,-প্রেস,-মেশিন। লাডলো। অফসেট-প্রেস। ইন্টালিও প্রিন্টিং। সিল্কস্ক্রিন প্রিন্টিং। কম্পিউটারপ্রিন্টিং। লেজারপ্রিন্টিং। লিথো,-গ্রাফ,-গ্রাফি। পাষাণলেখ। টাইপরাইটার। টাইপরাইটিং। লাইন,ম্যাট্রিক্‌স,ডটম্যাট্রিক্‌স, ডেইজিহুইল,গল্‌ফবল,-প্রিন্টার। ছাপারকালি প্রিন্টারস্‌ইঙ্ক। ডুপ্লিকেটিং সাইক্লোস্টাইলিং। ডুপ্লিকেটিংমেশিন। স্টেনসিল। ইলেকট্রোফটোগ্রাফি জেরোগ্রাফি জেরক-কপি। কপিয়ার। মুদ্রণ,-শিল্প,-কলা,-বিজ্ঞান,-তত্ত্ব প্রিন্টিং-টেকনোলজি। মুদ্রণব্যবসায়। মুদ্রণযাদু। মুদ্রণ,মুদ্রাকর,-প্রমাদ ছাপারভুল প্রিন্টিংমিসটেক। মুদ্রণপ্রেত ছাপাখানারভূত প্রিন্টার্সডেভিল। মুদ্রাকর মুদ্রক ছাপাইকর প্রিন্টার। সাজনদার টাইপসেটার কম্পোজিটার। টাইপিস্ট। পাঠক সংশোধনকারী প্রুফরিডার মুদ্রণিকাসংশোধক। মুদ্রণ,-শিল্পী,-বিশারদ। মুদ্রণব্যবসায়ী।

ক্রি. ছাপা। ছাপানো। সাজানো। অক্ষর সাজানো। হাতে বোনা। যন্ত্রে বোনা। প্রকাশ করা। ছাপিয়ে বের করা। চালা। চালানো।

বিণ. মুদ্রিত মুদ্রাঙ্কিত মোহরযুক্ত ছাপযুক্ত মুদ্রাচিহ্নিত। মুদ্রাক্ষরসংক্রান্ত। মুদ্রণীয়।

ক্রি-বিণ. ছাপার অক্ষরে।

৫৯৪। চিঠিপত্র

বি. চিঠিপত্র চিঠি পত্র লিপি লিপিকা লেখ্য লিখন খত পত্রী পত্রালিকা পত্রিকা বর্ণদূত নামা কাচনকী। রোকা হাতচিঠি চিরকুট চিটা। চিঠি,-চাপাটি, -লেখালেখি। পত্রাঘাত। পত্র,-রচনা,-প্রণয়ন। লিপি,-কলা,-কৌশল,-কুশলতা,-চাতুর্য। প্রেম, -পত্র,-লিপি,-লিপিকা। নিয়োগপত্র পদত্যাগপত্র রেজিগনেশনলেটার। চরমপত্র। দাবিপত্র। পত্রসাহিত্য। পত্রাবলি পত্র,-সমূহ,-গুচ্ছ।

পোস্টকার্ড ডাকচিঠি। খাম এনভেলাপ। বুলেটিন ইশতিহার। সার্কুলার পরিপত্র। সংবাদদাতা। ডাক মেল। ডাকঘর। পত্র,-বাহক,-বাহ দূত লিপিবাহী পিওন ডাকহরকরা রানার। পত্র,-প্রাপক,-গ্রাহক। লিপি,-কুশল,-কুশলী,-নিপুণ। জনাব মহাশয় মহোদয় মহাত্মন। পাকজনাবেষু শ্রীচরণকমলেষু শ্রীচরণেষু শ্রদ্ধাস্পদেষু শ্রদ্ধাভাজনেষু মাননীয়েষু মাননীয়াসু। সুচরিতেষু সুচরিতাসু। সুহৃদ,বন্ধু, -বরেষু। কল্যাণীয় কল্যাণীয়েষু কল্যাণীয়াসু কল্যাণ,-বর,-বরেষু দোয়াবরেষু।

ক্রি. চিঠি পত্র বা চিঠিপত্র লেখালেখি করা। লিখে জানানো। পরপর চিঠি ছাড়া। উত্তর বা জবাব দেওয়া।

বিণ. ভবদীয়। আপনার বিশ্বস্ত। আশীর্বাদক আশীর্বাদিকা। স্নেহ,গুণ,-মুগ্ধ।

৫৯৫। পুস্তক

বি. পুস্তক গ্রন্থ বই বহি কেতাব বুক। পুঁথি। শাস্ত্র। পুস্তিকা চটিবই বুকলেট। প্যামফ্লেট। পুঁথিপত্র। তালপাতার পুঁথি। পাণ্ডু,-লিপি,-লেখ,-লেখ্য ম্যানাস্ক্রিপ্ট। সূচিপত্র। সারণি। নির্দেশিকা। ইনডেক্স নির্ঘণ্ট। ভূমিকা উপক্রমণিকা অনুক্রমণিকা অবতরণিকা প্রস্তাবনা মুখ, বন্ধ,

-পাত,-পত্র সূচনা আভাষ সূত্রপাত প্রাক্‌কথন গৌরচন্দ্রিকা প্রারম্ভ প্রারম্ভিকা প্রিফেস ইন্ট্রোডাকশন। প্রোলোগ। এপিলোগ। নামপত্র উৎসর্গপত্র। ইনার। মলাট প্রচ্ছদ জ্যাকেট। পুস্তানি দপ্তি। বাঁধাই: কাপড়ে,রেক্সিনে,বোর্ড,-বাঁধাই পেপারব্যাক। পূর্ব,পুরো,-ভাগ পূবার্ধ। উত্তরভাগ পরার্ধ। উপসংহার সমাপ্তি পরিশেষ পরিশিষ্ট শেষ,-ভাগ,-পরিচ্ছেদ। গ্রন্থ,-তালিকা,-পঞ্জি। পরিচ্ছেদ অধ্যায় অংশ বিভাগ ভাগ সর্গ বর্গ কাণ্ড অঙ্ক পর্ব পাঠ চ্যাপ্টার। পাদটীকা ফুটনোট পাদপূরণ। স্তবক প্যারা,-গ্রাফ অনুচ্ছেদ। স্ট্যাঞ্জা। পঙ্‌ক্তি লাইন ছত্র সারি। পাতা পৃষ্ঠা। পৃষ্ঠাঙ্ক।

পাঠ্য,-গ্রন্থ,-বই,-পুস্তক পড়ার,টেক্‌স্ট,-বই টেক্‌স্ট। অনুশীলনী ওয়ার্কবুক। মানে,-বই সহায়িকা বোধিকা বোধিনী অর্থপুস্তক নোট,-বই টীকাগ্রন্থ। সহায়ক,তথ্য,-গ্রন্থ রেফারেন্‌সবই। গল্প,কাব্য,নাট্য,-গ্রন্থ। উপন্যাস। পালা। পাঁচালি। ব্রতকথা। পঞ্জিকা পাঁজি,-পুঁথি অ্যালমানাক। তথ্যপঞ্জি হ্যান্ডবুক ম্যানুয়াল। গ্রন্থাবলি রচনাবলি রচনা,-সংগ্রহ,-সংকলনগ্রন্থ। চয়নিকা গ্রন্থ,-সংকলন,-সঞ্চয়ন। অম্‌নিবাস। গ্রন্থ,রচনা,-সমগ্র। সাহিত্য,-সংগ্রহ,-সমগ্র। অভিধান কোষ,-গ্রন্থ শব্দকোষ ডিকশনারি। শব্দার্থ,সমার্থ, সমার্থশব্দ,-কোষ। থিসরাস। নিঘণ্ট। আকরগ্রন্থ বিশ্ব,বিদ্যা,জ্ঞান,-কোষ এনসাইক্লোপিডিয়া। কনকরডেন্স শব্দনির্দেশিকা। বিষয়,-নির্দেশিকা,-অভিধান। শব্দসংগ্রহপুস্তক ওয়ার্ডবুক। বর্ষ,-নামা,-পঞ্জি ইয়ারবুক। রোজ,-নামা,-নামচা কড়চা। সময়সারণি টাইমটেব্‌ল। রেডিরেকনার। ধর্মগ্রন্থ (৯৯০)। মানচিত্র অ্যাটলাস। অ্যালবাম আলেখ্যকুঞ্জিকা। গ্রন্থরচনা পুস্তক,-রচনা,-প্রণয়ন। রচনা বিরচন প্রণয়ন। প্রবন্ধ সন্দর্ভ। থিসিস মনোগ্রাফ। পত্র,-পত্রিকা সাময়িকী ম্যাগাজিন লিটলম্যাগাজিন। গ্রন্থানুরাগ গ্রন্থ,-প্রীতি,-প্রেম পুস্তকানুরাগ পুস্তক,-প্রীতি,-প্রেম। পড়ার,-নেশা,-ঝোঁক। পাঠরুচি পাঠাভ্যাস।

গ্রন্থ,-কার,-কর্তা,-প্রণেতা,-স্রষ্টা,-রচয়িতা,-প্রণয়নকারী পুস্তকপ্রণেতা রচয়িতা রচনা,-কার,-কারী লিখিয়ে লেখক অথার। ভাড়াটে লেখক। গল্পকার নাট্যকার কবি ঔপন্যাসিক। আভিধানিক অভিধানকার। সাংবাদিক সম্পাদক। গ্রন্থানুরাগী গ্রন্থাভিমানী গ্রন্থ,-প্রেমী,-প্রেমিক,-প্রিয়,-বিলাসী পুস্তকপ্রেমী। পাঠানুরাগী পাঠাসক্ত পাঠানুরক্ত। গ্রন্থ,পুস্তক,-কীট বইয়েরপোকা বুকওয়ার্ম বই-পাগলা। পাঠক পড়ুয়া পাঠী পাঠিকা।

গ্রন্থাগার গ্রন্থালয় পাঠাগার পুস্তকাগার পুস্তকালয় পাঠগৃহ পুঁথিশালা গ্রন্থ,-গৃহ,-কুটীর লাইব্রেরি। সাধারণপাঠাগার পাবলিক লাইব্রেরি। রিডিং,-রুম,-কর্নার,-সেন্টার পাঠকক্ষ। জাতীয়,রাষ্ট্রীয়,-গ্রন্থাগার ন্যাশনাল লাইব্রেরি। বর্গীকরণ ক্লাসিফিকেশন। ডিউই-ডেসিমাল-সিস্টেম। ইউ ডি সি সিস্টেম। গ্রন্থাগার,-বিজ্ঞান,-বিদ্যা লাইব্রেরি-সায়ান্স। গ্রন্থ,-সূচি,-তালিকা পুস্তকতালিকা। গ্রন্থাগারিক লাইব্রেরিয়ান। গ্রন্থরক্ষক।

প্রকাশনা প্রকাশন প্রকাশ পাবলিশিং পাবলিকেশন। প্রকাশন,-শিল্প,-ব্যবসায়। প্রকাশন,-সংস্থা,-প্রতিষ্ঠান প্রকাশনালয় প্রকাশনী পাবলিশিংহাউস। বইয়ের-দোকান পুস্তকবিপনী। সংস্করণ এডিশন মুদ্রণ পুনর্মুদ্রণ রিপ্রিন্ট। শোভন,সুলভ,রাজ, সংশোধিত,পরিবর্ধিত,সংক্ষিপ্ত,সংক্ষেপিত,-সংস্করণ। প্রকাশক পাবলিশার। প্রকাশনব্যবসায়ী। গ্রন্থ,বই,পুস্তক,-মেলা বুকফেয়ার। বই,-বাজার,-পাড়া।

ক্রি. বই লেখা। বই বাঁধাই করা। বাঁধানো। বই পড়া। ছাপানো। বই ছাপানো। বই ছাপিয়ে বের করা। বই বের করা বা প্রকাশ করা।

বিণ. গ্রন্থ,-ভুক্ত,-গত,-বদ্ধ। পুঁথি,-গত,-নির্ভর, -ভুক্ত,-নিবদ্ধ। কেতাবি। বইপড়া। রচিত প্রণীত বিরচিত। প্রকাশিত মুদ্রিত। স্বরচিত।

৫৯৬। বর্ণনা

বি. বর্ণনা বিবরণ বিবৃতি বয়ান। ব্যাখ্যান হকিকত বর্ণনাপত্র বিবরণী রিপোর্ট প্রতিবেদন নিবন্ধ। কার্যবিবরণী। লেখাজোখা হিসাব বৃত্তান্ত নির্দেশ। বিতং বায়নাক্কা। ভাষ্য ধারাভাষ্য। কাহিনী। নক্‌শাচিত্র। পাঠ আবৃত্তি। গল্প কেচ্ছা রূপকথা। আখ্যায়িকা। উপন্যাস রমন্যাস নভেল। ছোটগল্প। উপকথা উপাখ্যান। রসরচনা রম্যরচনা। চুটকিসাহিত্য। কড়চা রোজনামচা দিনলিপি ডায়েরি। জীবনী চরিতাবলি। আত্ম, -জীবনী,-চরিত। পুরাণ পুরাকাহিনী পুরাবৃত্ত। রোজনামা। বর্ষনামা। ইতিবৃত্ত। ইতিহাস। বিশদ, -বর্ণনা,-বিবরণ। সংক্ষিপ্তবর্ণনা (৬০০)। লেখক। কথক। ঐতিহাসিক। বর্ণনাকারী।

ক্রি. বর্ণনা বিবরণ বা বয়ান করা। চরিত্র অঙ্কন করা। রেখাপাত করা। পুঙ্খানুপুঙ্খ বর্ণনা করা। খুলে বলা। রেখেঢেকে বলা। রচনা করা। আবৃত্তি বা পাঠ করা।

বিণ. বর্ণিত বিবৃত। বর্ণনীয়। বর্ণনামূলক বিবরণমূলক। পৌরাণিক ঐতিহাসিক। অবাস্তব কাল্পনিক। বাস্তব।

৫৯৭। পদ্য

বি. পদ্য কাব্য কবিতা। শ্লোক বয়াত। পদ পদবদ্ধ। মহাকাব্য এপিক ধ্রুপদীকাব্য। মহাভারত রামায়ণ ইলিয়ড ওডিসি শাহনামা। কাব্য,-নাট্য, -নাটক,-সাহিত্য। গীতিনাট্য। নাট্যকাব্য। দৃশ্য,শ্রুতি,-কাব্য। চর্যাপদ দোঁহা পদাবলি। কারিকা। মাথুর নাথ। দোহা গাথা গীত গান লিরিক। গীতিকবিতা। পালা,-গান। ছড়া। রুবাইয়াৎ। কাসিদা। শায়েরি। লিমেরিক। মন্ত্র স্তোত্র। সনেট চতুর্দশপদীকবিতা। মন্ময়কাব্য রোমান্টিককবিতা। তন্ময়কাব্য। আধুনিক কবিতা। খণ্ডকাব্য। বীরগাথা। চম্পু। লোক,-কাব্য,-গাথা। চারণ,-কাব্য,-গীতিকা। পুঁথি পাঁচালি। রাখালিয়া। ভাটগান। কবিগান। ঝুমুর। তরজা। বৈষ্ণব পদাবলি। শাক্ত পদাবলি। মঙ্গলকাব্য। মনসা,ধর্ম,চণ্ডী,অন্নদা,-মঙ্গল। শোক,-কাব্য, -গাথা,-সংগীত মর্সিয়া এলিজি। ব্যঙ্গকবিতা। প্যারোডি।

স্মৃতি,স্মরণ,-কাব্য। কাহিনী,আখ্যান,-কাব্য। কবিতাবলি কবিতা,-সংগ্রহ,-সংকলন কাব্যসংকলন। পদ পঙ্‌ক্তি চরণ। স্তবক। পয়ার ত্রিপদী। ছন্দ (৫৭৯)। মুক্তছন্দ। অমিত্রাক্ষর ছন্দ। গদ্য কবিতা। কোষকাব্য। কাব্য,-রস,-মাধুর্য। কাব্যকলা। কবিত্ব,-শক্তি,-গুণ। কাব্য,-প্রতিভা, -শক্তি,-ক্ষমতা। কবিপ্রতিভা। কবি,-ভাব, -স্বভাব,-পনা। কবিপ্রসিদ্ধি। কবিকল্পনা। কবিয়ানা কাব্যিকতা। কাব্য,-সৃষ্টি,-রচনা। কাব্যচর্চা কাব্যানুশীলন। কাব্য,-ধর্ম,-গুণ। কাব্য,কবিতা,-ধর্মিতা। কাব্যালোচনা। কবিতা,কাব্য,-পাঠ,-আবৃত্তি। কবিসম্মেলন মুসায়েরা। কাব্য,-জগৎ,-লোক,-গগন,-কানন কাব্যাকাশ।

কবি কবি,-সমাজ,-কুল। কাব্য,-কার,-স্রষ্টা, -রচয়িতা। রাজকবি সভাকবি। কবিবর। কবিশেখর কবিশ্রেষ্ঠ। কবি,-ভূষণ,-কঙ্কণ,-রত্ন

কবীন্দ্র কবিগুরু কবিসম্রাট কাব্যসম্রাট কবীশ। আদিকবি বাল্মীকি। মহাকবি। প্রতিভা। কাব্যরসিক। কবিয়াল কবিওয়ালা। পদ,-কর্তা, -কার,-রচয়িতা। দোহাকার। পুঁথিকার বয়াতি। পাঁচালিকার। কথক,-ঠাকুর। লোককবি। চারণ কবি। কীর্তনীয়া। নান্দী,-কর,-পাঠক। ভাট ভট্ট স্তুতি,-পাঠক,-গায়ক বন্দী। গীতিকার গীত রচয়িতা। ছড়া,-কার,-দার।

ক্রি. কবিতা লেখা। কাব্য করা। ছন্দ মেলানো। ছড়া কাটা।

বিণ. কাব্য,কবিতা,-ধর্মী। কাব্যিক। কবিত্বপূর্ণ। কাব্য,-ময়,-গুণসম্পন্ন। কবিসুলভ কবিজনোচিত। কবিকবি। গীতিধর্মী। সুরধর্মী। শ্লোকাত্মক।

৫৯৮। গদ্য

বি. গদ্য গদ্যভাষা গদ্যসাহিত্য কথাসাহিত্য। গদ্যরচনা। গদ্য,-রীতি,-রচনাপদ্ধতি।

কাব্যহীনতা। অকল্পনা (৫২৭) কল্পনাহীনতা। আবেগহীনতা। রসকষহীনতা। বর্ণনা (৫৯৬)। প্রবন্ধ নিবন্ধ সমালোচনা (৫৯৯)। উপন্যাস গল্প (৬০০)। গদ্যছন্দ গদ্যকবিতা। গদ্যলেখক প্রবন্ধকার ঔপন্যাসিক।

ক্রি. গদ্য বা গদ্যে লেখা। গদ্য রচনা করা।

বিণ. গদ্য গদ্য,-ময়,-বৎ,-ধর্মী। কাব্যহীন। সাধারণ মামুলি। কল্পনাহীন। অকবি। আবেগহীন ভাবাবেগবর্জিত। নীরস স্বাদহীন। একেবারে গদ্য।

৫৯৯। প্রবন্ধ

বি. প্রবন্ধ সন্দর্ভ রচনা নিবন্ধ। এসে। গবেষণা,গবেষণামূলক,-প্রবন্ধ। থিসিস। আর্টিকেল। বক্তৃতা লেকচার নসিহত উপদেশ ওয়াজ। সমালোচনা আলোচনা পর্যালোচনা ক্রিটিসিজম রিভিউ বিশ্লেষণ মূল্যায়ন মূল্যাবধারণ। টীকা তফসির টিপ্পনী ব্যাখ্যা ভাষ্য। মন্তব্য মতামত। সমীক্ষা অন্বীক্ষা সমীক্ষণ। জ্ঞানগর্ভ,মননশীল,গুরুগম্ভীর,-রচনা। গ্রন্থ, -সমালোচনা,বিচার,-বীক্ষা,-বীক্ষণ পুস্তক, -সমালোচনা,-পর্যালোচনা। সম্পাদকীয়। মসিযুদ্ধ কলমের-লড়াই। প্রবন্ধ,-কার,-লেখক,-রচয়িতা প্রাবন্ধিক সন্দর্ভ,নিবন্ধ,-কার নিবন্ধক। সমালোচক আলোচক পর্যালোচক ক্রিটিক রিভিউয়ার। বিশ্লেষক। ভাষ্যকার। সমীক্ষক। গ্রন্থ, -সমালোচক,-বীক্ষক পুস্তকসমালোচক। সম্পাদক।

ক্রি. সমালোচনা আলোচনা বা পর্যালোচনা করা। ব্যাখ্যা করা। মন্তব্য করা। মতামত দেওয়া।

বিণ. সমালোচিত আলোচিত পর্যালোচিত। সমালোচ্য সমালোচনীয় আলোচ্য পর্যালোচনীয়।

৬০০। সংক্ষিপ্তসার

বি. সংক্ষিপ্তসার সারসংক্ষেপ। সারসংগ্রহ সারসংকলন ডাইজেস্ট। সারাংশ সারমর্ম প্রেসি। তাৎপর্য। নিষ্কর্ষ নির্যাস অ্যাবস্ট্রাক্ট। চুম্বক সিনপ্‌সিস। বিষয়বস্তু। মোদ্দাকথা। সারোদ্ধার। সংক্ষেপণ (২০০)। বিশ্লেষণ। উদ্ধৃতি উদ্ধৃতাংশ। সার্ভে। সংশ্লেষ। পাঠ্যনির্ঘন্ট। সূচি সূচী। শিরোনামা। সংকলন আহরণ সংগ্রহ চয়ন চয়নিকা সঞ্চয়ন সঞ্চয়িতা সঞ্চিতা আহরণী সংহিতা। শ্রেষ্ঠরচনা সমগ্ররচনা অমনিবাস। পুনরালোচনা পুনর্বিলোকন। সংক্ষিপ্তবৃত্তি। পুনরাবৃত্তি।

ক্রি. সংক্ষিপ্ত বা সংক্ষেপ করা। সংহত করা। সারাংশ করা। সংকলন করা। সংগ্রহ করা (৭০)। মোটামুটি দেখা। ওপর ওপর দেখা।

বিণ. সংক্ষিপ্ত। মুখতসার। বিশ্লেষক। সংশ্লেষক। সংকলিত সঞ্চিত সংগৃহীত সংহৃত একত্রীভূত। হ্রস্বীকৃত। সংক্ষেপিত।

ক্রি-বিণ. সংক্ষেপে অল্পকথায়। সংক্ষিপ্তভাবে।

৬০১। সাহিত্য

বি. সাহিত্য লিটারেচার। সাহিত্যশাস্ত্র। সাহিত্য, শিল্প,-কলা। সাহিত্যতত্ত্ব। সাহিত্যরস। ছন্দ (৫৭৯)। অলংকার (৫৭৯)। সাহিত্য,-সৃষ্টি, রচনা,-প্রণয়ন। সাহিত্য,-চর্চা,-সাধনা,-সেবা সাহিত্যানুশীলন সারস্বত,-চর্চা,-সাধনা। সাহিত্যসম্পদ। সাহিত্য,-সম্ভার,-ভাণ্ডার। সাহিত্যানুরাগ সাহিত্যামোদ সাহিত্যানন্দ সাহিত্যপ্রীতি। রচনা রচন বিরচন প্রণয়ন। রচন, শৈলী,-ভঙ্গি স্টাইল। লেখার হাত। পদ্য কবিতা কাব্যসাহিত্য (৫৯৭)। গদ্য (৫৯৮)। প্রবন্ধ নিবন্ধ সমালোচনা (৫৯৯)। নাটক (৬০২)।

কথাসাহিত্য। কথাশিল্প। উপন্যাস নভেল ফিকশন। উপন্যাসিকা নভেলেট। গল্প কাহিনী কথা আখ্যান আখ্যায়িকা উপাখ্যান বৃত্তান্ত। ছোটগল্প বড়গল্প। আষাঢ়ে গল্প। উপকথা। রূপকথা। ফ্যান্টাসি ফেয়ারিটেলস্। পঞ্চতন্ত্র। নকশা। কেচ্ছা। রহস্য,-কাহিনী,-রচনা। রহস্য, -উপন্যাস,-গল্প। রোমাঞ্চিকা রোমাঞ্চকাহিনী। গোয়েন্দা-কাহিনী ডিটেকটিভ,-উপন্যাস,-গল্প। ভূতের গল্প। হালকালেখা। রসরচনা হাস্যকৌতুক কৌতুকী হাসির-গল্প। হাস্যরসাত্মক রচনা। হাস্যরসাত্মক গল্প। ব্যঙ্গ ব্যঙ্গকৌতুক ব্যঙ্গাত্মক-রচনা। হিউমার। চুটকি। রম্যরচনা। লঘুপ্রবন্ধ ব্যক্তিগতপ্রবন্ধ। বেললেতরস্। ইতিহাস ইতিবৃত্ত পুরাণকথা। পর্নোগ্রাফি অশ্লীলসাহিত্য। ভ্রমণসাহিত্য। ভ্রমণ,-কাহিনী,-বৃত্তান্ত পর্যটনকাহিনী অ্যাডভেঞ্চার। শিশুসাহিত্য। কিশোরসাহিত্য।

জীবনীসাহিত্য। জীবনী জীবনীগ্রন্থ জীবন, -চরিত,-কথা,-কাহিনী চরিত,-কথা বায়োগ্রাফি। আত্ম,-জীবনী,-কথা,-চরিত অটোবায়োগ্রাফি। আত্মস্মৃতি জীবনস্মৃতি। শৈশবস্মৃতি। আদ্যলীলা। বাল্যকথা। জন্ম,-কাহিনী,-বৃত্তান্ত। চরিতমালা চরিতাবলি। অনুবাদসাহিত্য। পত্রসাহিত্য (৫৯৪)।

লোকসাহিত্য ফোকলিটারেচার। লোকজীবন, -কথা,-সাহিত্য। পল্লী,-গ্রামীণ,-জনপদ, -সাহিত্য। লোক,-কাব্য,-গাথা,-কথা,-জীবনগাথা ফোকটেল ফোকলোর। লোকগীতিকা গাথা গীতিকা আখ্যায়িকাগীতি লোকগীতিসাহিত্য ব্যালাড নাথগীতিকা ময়মনসিংহগীতিকা পূর্ববঙ্গগীতিকা। ছড়া ছেলেভুলানো-ছড়া লৌকিকপুরাণ পুরাকাহিনী মিথ। কিংবদন্তি। ইতিকথা। কল্পকথা লিজেন্ড। প্রবাদ প্রবচন জনশ্রুতি। খনার বচন। ডাকের কথা। ব্রতকথা। লোকগীতি (৪৫৭)।

বিশ্বসাহিত্য। আধুনিক সাহিত্য। প্রাচীন সাহিত্য। ক্ল্যাসিক,ধ্রুপদী,চিরায়ত,-সাহিত্য। সমকালীন -সাহিত্য। সাহিত্যসংগ্রহ। সাহিত্যালোচনা সাহিত্য,-সমালোচনা,-বিচার। পাঠভেদ পাঠান্তর। কুম্ভিলকবৃত্তি লেখাচুরি প্ল্যাজিয়ারিজ্‌ম।

সাহিত্যিক,-ঐতিহ্য,-উত্তরাধিকার। সাহিত্য, -সভা,-সম্মেলন। সাহিত্যিক,লেখক,-সম্মেলন কবিসম্মেলন। সাহিত্য,সাহিত্যিক,লেখক, সারস্বত,-সমাজ সাহিত্যিকমণ্ডলী। সাহিত্যক্ষেত্র। সাহিত্য,-জগৎ,-মণ্ডল,-গগন সাহিত্যাকাশ।

সাহিত্যিক লেখক। সুসাহিত্যিক সুলেখক। সাহিত্যস্রষ্টা। সাহিত্য,-সাধক,-সেবক,-সেবী।

সাহিত্যাচার্য সাহিত্য,-বিশারদ,-গুরু,-রথী। সাহিত্যিক শ্রেষ্ঠ। গ্রন্থী গ্রন্থকার (৫৯৫)। কথা, -সাহিত্যিক,-শিল্পী। উপন্যাস,-লেখক,-কার ঔপন্যাসিক। গাল্পিক গল্প,-লেখক,-কার, -রচয়িতা। কথক আখ্যায়ক কাহিনীকার। রূপকথাকার। রস,-রচয়িতা,-সাহিত্যিক। কৌতুক,-স্রষ্টা,-রচয়িতা। ব্যঙ্গ,-লেখক,-শিল্পী। হিউমারিস্ট। শিশুসাহিত্যিক। জীবনী,-কার, -লেখক চরিতকার। সংকলনকারী সংকলক সংকলয়িতা সংগ্রাহক। সম্পাদক। সাহিত্য, -রসিক,-প্রেমী সাহিত্যানুরাগী সাহিত্যামোদী। কুম্ভিল কুম্ভিলক লেখাচোর লিখনতস্কর গ্রন্থতস্কর চন্দ্ররেণু প্ল্যাজিয়ারিস্ট।

ক্রি. সাহিত্য সৃষ্টি করা। সাহিত্য রচনা করা। রচনা করা। প্রণয়ন করা। লেখা। বই লেখা। সাহিত্য চর্চা অনুশীলন বা সেবা করা। গল্প উপন্যাস বা জীবনী লেখা। ব্যঙ্গ করা। লেখা চুরি করা। মেরে দেওয়া।

বিণ. সাহিত্যিক। উপন্যাসধর্মী। উপন্যাসোচিত উপন্যাসোপম। গল্পধর্মী। জীবনীমূলক। আত্মজৈবনিক আত্মজীবনীমূলক। স্মৃতি,স্মৃতিকথা,-মূলক। লিখিত রচিত বিরচিত প্রণীত। সুলিখিত সুরচিত।

৬০২। নাটক

বি. নাটক নাট্য প্লে ড্রামা। নাটিকা। যাত্রা যাত্রা, -পালা,-গান পালা পালাগান নাটগীতি। সংগীতালেখ্য সংগীতরূপক। গীতিআলেখ্য। কৃষ্ণযাত্রা। রামলীলা। নৃত্যনাট্য ব্যালে। অপেরা। কাব্য,গীতি,-নাট্য। দৃশ্যকাব্য। শ্রুতিনাট্য। বেতারনাটক রেডিও-প্লে। পরীক্ষামূলক-নাটক। থার্ড-থিয়েটার। গণ,লোক,-নাট্য। নবনাট্য। নবনাট্য-আন্দোলন। নাট্যগোষ্ঠী। শখের,শৌখিন, -থিয়েটার। গ্রুপথিয়েটার। পেশাদার থিয়েটার। চিত্রনাট্য। বিয়োগান্ত-নাটক ট্র্যাজেডি। মিলনান্ত -নাটক কমেডি। প্রহসন স্যাটায়ার ভাণিকা। নাট্য,-শাস্ত্র,-বিদ্যা। নাট্য,-অভিনয়,-কলা। নাট্য,-শৈলী,-রীতি। অঙ্ক। গর্ভাঙ্ক। নান্দী। বিষ্কম্ভ বিষ্কম্ভক। দৃশ্য সিন। দৃশ্যান্তর। একাঙ্কিকা।

নাট,নাট্য,রঙ্গ,-মঞ্চ আনর্ত। মঞ্চ স্টেজ। প্রোসিনিয়াম। মুক্তমঞ্চ। উইংস। ঘূর্ণায়মানমঞ্চ। নাট্য,-মন্দির,-শালা রঙ্গালয় রঙ্গশালা থিয়েটার নাচঘর। মঞ্চস্থাপত্য। মঞ্চসজ্জা। দৃশ্যপট পট। আলোক,-পাত,-সম্পাত। ফুটলাইট পাদপ্রদীপ। স্পটলাইট ফ্লাডলাইট। পূর্বরঙ্গ গৌরচন্দ্রিকা অবতারণা প্রস্তাবনা। পর্দা ড্রপসিন যবনিকাপতন। রূপসজ্জা মেকআপ। সাজঘর। আবহ,-সংগীত। নেপথ্য জনান্তিক ব্যাকস্টেজ। নট,-বৃত্তি,-চর্যা অভিনয় মঞ্চাভিনয় নাট্যাভিনয় অ্যাকটিং। রূপদান রূপায়ণ চরিত্রাভিনয়। অঙ্গাভিনয় উপাঙ্গাভিনয়। ভূমিকা পার্ট চরিত্র। মুখ্য,প্রধান,-ভূমিকা মূল,প্রধান,-চরিত্র শ্রেষ্ঠাংশ। নামভূমিকা। গৌণ,পার্শ্ব,-চরিত্র। নেপথ্যে মৃতসৈনিক।

অন্তর্দৃষ্টি: সাচি আলোকিত প্রলোকিত উল্লোকিত অবলোকিত নিমীলিত অনুবৃত্ত। পুরুষচরিত্র। নারীচরিত্র স্ত্রীভূমিকা। ভূমিকালিপি। মহড়া মহলা তালিম রিহার্সাল স্টেজ,-ড্রেস,-বোর্ড,-রিহার্সাল। নাটুকেপনা। নাটকীয়তা। অতিনাটকীয়তা মেলোড্রামা। রজনী অভিনয়রজনী। শেষরজনী।

অভিনেতা প্লেয়ার অ্যাকটর নট। নটবর। নাট্যশিল্পী নাট্যাভিনেতা মঞ্চাভিনেতা অভিনয়,নাট্য,-শিল্পী নাটুয়া রূপশিল্পী রঙ্গাবতার। যাত্রাভিনেতা যাত্রাশিল্পী। নায়ক মুখ্যাভিনেতা পার্শ্বাভিনেতা অভিনেত্রী অ্যাকট্রেস

নটী নায়িকা মুখ্যাভিনেত্রী কুশীলব পাত্র,-পাত্রী, মিত্র নটনটী। ধীরা ধীরাধীরা। শখের অভিনেতা। পেশাদার অভিনেতা। প্রম্পটার। বিবেক যাত্রারবিবেক। বিদূষক ভাঁড়। অধিকারী। মোশন মাস্টার। নাট্যামোদী নাট্যরসিক। দর্শক প্রেক্ষক। নাট্যকার। নাট্যাচার্য। পরিচালক। ব্যবস্থাপক।

ক্রি. মহড়া আখড়াই বা রিহর্সাল দেওয়া আখড়াই ভাঁজা। অভিনয় বা নাট্যাভিনয় করা। রূপদান করা। রূপ দেওয়া। অবতীর্ণ হওয়া। অভিনয়ে অংশ নেওয়া। মঞ্চস্থ করা। স্টেজে বাজিমাত করা।

বিণ. নাটকীয় নাটুকে। অভিনেয় অভিনয়োপযোগী। অভিনীত মঞ্চস্থ মঞ্চায়িত রূপায়িত। স্ত্রীভূমিকাবর্জিত। ঐতিহাসিক। মিলনান্ত। বিয়োগান্ত। শোকান্তিক।

৬০৩। চলচ্চিত্র

বি. চলচ্চিত্র ছায়া,-ছবি,-চিত্র সিনেমা ফিল্ম মুভি মোশনপিকচার ছবি বই। নির্বাকচিত্র সাইলেন্টমুভি। সবাকচিত্র বায়োস্কোপ টকি। ছায়াবাজি। কাহিনীচিত্র ফিচারফিল্ম। তথ্যচিত্র ডকুমেন্টারি,-ফিল্ম। কার্টুন,-ছবি। অ্যানিমেশন। রঙিন টেকনিকালার। সাদাকালো। সিনেমাস্কোপ। সিনেরামা। সিনেমা,-হল,-গৃহ প্রেক্ষাগৃহ প্রেক্ষালয় থিয়েটার। পর্দা স্ক্রিন রূপালি-পর্দা। প্রেক্ষণ প্রোজেকশন। প্রদর্শনী শো। সকাল ম্যাটিনি। দুপুর নুন। সন্ধ্যা ইভনিং। রাত্রি নাইট। শেষরজনী। প্রেক্ষণযন্ত্র প্রোজেকটার।

চলচ্চিত্রায়ণ চিত্রায়ণ। শুটিং। ইনডোর,আউটডোর, লোকেশন,-শুটিং। স্টুডিও। ফ্লোর। সেট। ক্যামেরা মুভি,সিনে,-ক্যামেরা। ভিডিও ক্যামেরা। ভিডিও,-টেপ টেপরেকর্ডার। ক্ল্যাপার-বক্স ক্ল্যাপস্টিক। আলোকসম্পাত লাইটিং।

চিত্রনাট্য ফিল্ম-স্ক্রিপ্ট স্ক্রিপ্ট সিনারিও সংলাপ। ক্লোজ,বিগক্লোজ,-আপ। শট লংশট মিডিয়াম -শট। প্যান। টিল্ট। জুম,-আউট,-ইন। ট্র্যাকিং শট। কাট। ডিজল্‌ভ। মিক্স। ফেড-আউট ফেড -ইন। ওয়াইপ। জাম্পকাট। স্লো-মোশন। সম্পাদনা এডিটিং কাটিং। মন্তাজ। শব্দসংযোজনা। ডাবিং। সংগীত-পরিচালনা স্কোরিং। শিল্পনির্দেশনা আর্টডিরেকশন। পরিচালনা ডিরেকশন। চলচ্চিত্র,-নির্মাণ,-সৃষ্টি প্রযোজনা। অভিনয় চলচ্চিত্রাভিনয় ফিল্ম -অ্যাকটিং। চিত্র,সিনেমা,-জগৎ ফিল্মিদুনিয়া। চিত্রাভিনেতা চলচ্চিত্রাভিনেতা চিত্রতারকা সিনেমা,ফিল্ম,-স্টার তারকা। চিত্রাভিনেত্রী অভিনেত্রী। নায়ক হিরো। সহনায়ক। নায়িকা হিরোয়িন। সহনায়িকা। ভিলেন খলনায়ক। পরিচালক চিত্রপরিচালক ডিরেকটার চলচ্চিত্র, -কার,-নির্মাতা। প্রযোজক প্রডিউসার। পরিবেশক ডিস্ট্রিবিউটার। শিল্পনির্দেশক। সম্পাদক। শব্দযন্ত্রী। প্রেক্ষণিক প্রোজেকশনিস্ট। পরীক্ষামূলক ফিল্ম। আর্টফিল্ম। নবচলচ্চিত্র। হরর্ মুভি। থ্রিলার। পারিবারিক-ফিল্ম। ইউ ফিল্ম। এক্স ফিল্ম। অশ্লীলছবি ব্লু,-ফিল্ম।

ক্রি. চলচ্চিত্র নির্মাণ করা। পরিচালনা করা। সম্পাদনা করা। অভিনয় করা। সিনেমায় নামা। রূপদান করা। ভূমিকায় অবতীর্ণ হওয়া। সিনেমা দেখা। সিনেমায় যাওয়া।

বিণ. চলচ্চিত্রায়িত চিত্রায়িত। চলচ্চিত্রে বিধৃত।

সপ্তম শ্রেণী

ইচ্ছা

৬০৪। ইচ্ছা

বি. ইচ্ছা স্বেচ্ছা স্বাধীনইচ্ছা। সাধ। সদিচ্ছা। স্বাধীনতা (৭৩৪)। মরজি মেজাজ খুশি। সমীহা। মানস। অভিলাষ। উদ্দেশ। প্রবণতা। পছন্দ (৬১৮)। স্বতঃস্ফূর্তি। স্বতঃপ্রণোদন। স্বচ্ছন্দ। স্বকীয়তা। ইচ্ছা স্বাতন্ত্র্য। সংকল্প একাগ্রতা (৬০৬)। স্বেচ্ছাচার যথেচ্ছাচার স্বেচ্ছাচারিতা সর্দারি। যদৃচ্ছা। ঈপ্সা বাসনা কামনা ইষ্টি বাঞ্ছন বাঞ্ছা স্পৃহা কাঙ্ক্ষা অভীপ্সা। ইচ্ছাশক্তি ইচ্ছাবৃত্তি। মনোরথ মনোভাব মনোবাঞ্ছা মনোবাসনা মনস্কামনা। নিয়ৎ। মতলব। মনের সাধ। মনোগত ইচ্ছা। হৃদয়বাসনা এষা এষণা। মন মতি। অভিরুচি রুচি। প্রবৃত্তি। ঝোঁক টান। আগ্রহ অনুরাগ আসক্তি। অন্বেষা। উৎসাহ ঔৎসুক্য। শখ। খেয়াল। ঐকান্তিকতা একাগ্রতা। চিরবাসনা চিরাকাঙ্ক্ষা চিরাভিলাষ। আশা আকাঙ্ক্ষা। উদ্দেশ্য (৬২৭)। সহৃদয়তা আন্তরিকতা। তৎপরতা প্রস্তুতি। উদ্দীপনা। ব্যগ্রতা আকুলতা ব্যাকুলতা। অভিপ্রায় (৬১৬)। সম্মতি (৫১২)। ইচ্ছাপূরণ। অন্তিম,শেষ,-ইচ্ছা। ইচ্ছাপত্র উইল অছিয়ত,- ওয়াছিয়াত,-নামা।

ইচ্ছাবৈভিন্ন্য। দেখার ইচ্ছা: দিদৃক্ষা। করবার ইচ্ছা: চিকীর্ষা। বাস করার ইচ্ছা: বিবৎসা। প্রবেশ করবার ইচ্ছা: বিবিক্ষা। পানেচ্ছা: পিপাসা তৃষ্ণা। ভোজনের ইচ্ছা: বুভুক্ষা। বমনের ইচ্ছা: বিবমিষা। বাঁচবার ইচ্ছা: জিজীবিষা। বলবার ইচ্ছা: বিবক্ষা। রমণ করার ইচ্ছা: রিরংসা। জানবার ইচ্ছা: জিজ্ঞাসা বুভুৎসা। সন্ধান করার ইচ্ছা: সন্ধিৎসা। অনুসন্ধান করার ইচ্ছা: অনুসন্ধিৎসা। সৃষ্টি করার ইচ্ছা: সিসৃক্ষা। নির্মাণ করার ইচ্ছা: নির্মিৎসা। জয় করার ইচ্ছা: জিগীষা। দান করবার ইচ্ছা: দিৎসা। বিধান দেবার ইচ্ছা: বিধিৎসা। প্রতিবিধান দেবার ইচ্ছা: প্রতিবিধিৎসা। প্রিয় কার্য করার ইচ্ছা: প্রিয়চিকীর্ষা। হিত করার ইচ্ছা: হিতৈষণা হিতৈষা হিতৈষিতা। উপকার করার ইচ্ছা: উপচিকীর্ষা। অপকার করার ইচ্ছা: অপচিকীর্ষা। যাওয়ার ইচ্ছা: জিগমিষা। লাভ করার ইচ্ছা: লিপ্সা। হত্যা করার ইচ্ছা: জিঘাংসা। বাঞ্ছাকল্পতরু।

ক্রি. ইচ্ছা বা সাধ করা। ইচ্ছা থাকা। সখ করা। সংকল্প করা (৬০৬)। পছন্দ কবা (৬১৮)। স্বেচ্ছাপ্রণোদিত হওয়া। মন করা। মন সরা। মনে করা। নিজের মতো করা। স্বীয় বুদ্ধিতে কাজ করা। সর্দারি করা। প্রবর্তন করা। আগ্রহ ঝোঁক টান বা আসক্তি থাকা। কামনা করা (৮৫০)। রাজি হওয়া। মত দেওয়া। ইচ্ছা পূরণ করা। সাধ বা শখ মেটানো। গ্রহণ বা বরণ করা। লাফিয়ে ওঠা।

ঝাঁপিয়ে পড়া। প্রস্তাব করা বা দেওয়া। স্বেচ্ছায় দিতে বা করতে চাওয়া।

বিণ. ঐচ্ছিক। ইচ্ছা,-কৃত,-প্রযুক্ত। ইচ্ছাধীন ইচ্ছানুযায়ী। স্বেচ্ছা,-কৃত-,প্রণোদিত। স্বতঃ, -স্ফূর্ত,- প্রণোদিত,-প্রবৃত্ত। স্বচ্ছন্দ মুক্ত স্বাধীন। স্বেচ্ছাচারী যথেচ্ছাচারী। ইচ্ছু ইচ্ছুক। অভিলাষী অভীপ্সু। রাজি সম্মত। অনুরাগী আসক্ত। আগ্রহী একাগ্র। সোৎসাহ সোৎসুক উৎসুক উৎসাহী। বাধ্য বশংবদ। আন্তরিকতাপূর্ণ সদিচ্ছাপূর্ণ। ঈপ্সিত আকাঙ্ক্ষিত বাঞ্ছিত কাঙ্ক্ষিত অভীপ্সিত। ইচ্ছনীয় বাঞ্ছনীয় ঈপ্সনীয়। কাম্য ইষ্ট। চির, -কাঙ্ক্ষিত,-বাঞ্ছিত। ইচ্ছায়ত্ত ইচ্ছাত্মক ইচ্ছাজনিত। ইচ্ছাবশ। ইচ্ছানুগ ইচ্ছানুসার ইচ্ছানুরূপ আশানুরূপ উদ্দেশ্যানুরূপ। অভিপ্রায়ানুযায়ী। ব্যগ্র আকুল ব্যাকুল উন্মুখ। উৎসাহব্যঞ্জক।

ইচ্ছা,-বান,-ময়। আকাঙ্ক্ষা,কামনা,বাসনা, বাঞ্ছা,প্রতিজ্ঞা,-কারী। সংকল্পক। উচ্চাভিলাষী উচ্চাকাঙ্ক্ষী। দিদৃক্ষু। চিকীর্ষু। বিবৎসু। বিবিক্ষু। বিবক্ষু বিবক্ষিত। পিপাসু তৃষ্ণু। বুভুক্ষু বুভুক্ষিত। বিবমিষু। জিজীবিষু। রিরংসু। জিজ্ঞাসু। সন্ধিৎসু। অনুসন্ধিৎসু। সিসৃক্ষু নির্মিৎসু জিগীষু। দিৎসু। বিধিৎসু। প্রতিবিধিৎসু। প্রিয়চিকীর্ষু। হিতৈষী। উপচিকীর্ষু। অপচিকীর্ষু। জিগমিষু। লিপ্সু। জিঘাংসু। রুরুদিষু রোদনেচ্ছু।

ক্রি-বিণ. ইচ্ছায় স্বেচ্ছায় ইচ্ছাতে ইচ্ছাকৃতভাবে ইচ্ছানুসারে ইচ্ছানুযায়ী। ইচ্ছা,-পূর্বক,-হেতু, -ক্রমে। বাঞ্ছাপূর্বক বাসনানুসারে। সাধে। ইচ্ছা, -খুশি,-মতো। যদৃচ্ছা যথেচ্ছ। মরজিমাফিক। যা প্রাণে চায়। সাধ মিটিয়ে। মনের সাধে। আশ মিটিয়ে। মনের সুখে। চুটিয়ে। যদৃচ্ছাক্রমে। খুশিতে সানন্দে। বিনাপ্রতিবাদে। নিজদায়িত্বে। উদ্দেশ্যে। অকুণ্ঠিতচিত্তে। বিনাদ্বিধায়। জেনেশুনে।

৬০৫। অনিচ্ছা

বি. অনিচ্ছা অনভিলাষ। অনাসক্তি নিরাসক্তি নিস্পৃহতা (৮৫২)। অনীপ্সা অনীহা। অরুচি বিতৃষ্ণা (৮৫৩)। অপ্রবৃত্তি অসাধ অস্পৃহা। অনভিপ্রায় অনাগ্রহ। উদাসীনতা নির্লিপ্ততা নির্লিপ্তি ঔদাসীন্য ঔদাস্য। অচিকীর্ষা। বিমুখতা। অবাঞ্ছনীয়তা। অপছন্দ। বেমতলব। পশ্চাদবৃত্তি। শ্লথতা। একগুঁয়েমি (৬০৯)। সংকোচ দ্বিধা কুণ্ঠা জড়তা। সংকল্প-বিকল্প। সাবধানতা। বিবেক বিবেচনা। ইতস্ততভাব। খুঁতখুঁতানি। অসম্মতি (৫১৩)। প্রত্যাখ্যান (৭৪৯)।

ক্রি. ইচ্ছা না থাকা বা না করা। অপছন্দ করা (৬১৯)। অরুচি হওয়া। সংকোচ বা দ্বিধা করা। কিন্তু কিন্তু বা আমতা আমতা করা। ঢোক গেলা। মন না সরা। পিছিয়ে বা হটে আসা। ইতস্তত করা। ঢিলেমি করা। ফাঁকি দেওয়া। এড়িয়ে যাওয়া (৬১৩)। অমত করা। অসম্মত হওয়া (৫১৩)। রাজি না হওয়া। আপত্তি করা। প্রত্যাখ্যান করা (৭৪৯)।

বিণ. অনিচ্ছু অনিচ্ছুক অনভিলাষী। ইচ্ছা, -বিরুদ্ধ,-ব্যতীত। অনাসক্ত নিরাসক্ত নিস্পৃহ। অনুৎসাহী নিরুৎসাহী। অনাসক্ত নিরাসক্ত। অনীপ্সু। বিমুখ বিরোধী। উদাস উদাসীন। অসম্মত গররাজি। নিমরাজি। অরাজি। নারাজ। অচিকীর্ষু। কুণ্ঠ। গোমড়ামুখো। কামনাশূন্য। বাসনাহীন। অনাগ্রহী। নির্লিপ্ত। অনীহ বিতৃষ্ণ। ইচ্ছাবিহীন। স্পৃহা,-হীন,-শূন্য। অনৈচ্ছিক অনভিলষিত অবাঞ্ছিত অকাম্য অনভিপ্রেত অবাঞ্ছনীয় অনীপ্সিত অসংকল্পিত। অনিচ্ছাকৃত। অস্বেচ্ছাকৃত।

ক্রি-বিণ. অনিচ্ছায়। ইচ্ছার বিরুদ্ধে। বিনাইচ্ছায়। বাধ্য হয়ে। আপত্তিসহকারে। অজান্তে।

৬০৬। সংকল্প

বি. সংকল্প। ইচ্ছাশক্তি। সিদ্ধান্ত। প্রস্তাব। পদক্ষেপ। প্রতিজ্ঞা পণ। শপথ। নিয়ৎ। জিগীষা। অঙ্গীকার। মনোবল একাগ্রতা ঐকান্তিকতা দৃঢ়তা অটলতা বলিষ্ঠতা পৌরুষ পুরুষকার সাহস(৮৬১)। উৎসাহ। অভিনিবেশ একনিষ্ঠতা। ধ্যান। আত্ম,-শক্তি,-নিয়ন্ত্রণ-সংযম,-বিশ্বাস, -প্রত্যয়,-দান,-নিবেদন,-নিষ্ঠা। অধ্যবসায় (৬০৭)। জিদ (৬০৯)। প্রাণ,জীবন,-পণ। অসাধ্যসাধন।

ক্রি. সংকল্প করা। সিদ্ধান্ত নেওয়া। নিশ্চিত হওয়া। দৃঢ় পদক্ষেপ নেওয়া। তিন সত্যি করা। মন স্থির করা। দৃঢ় হওয়া। জোর করা। কোন কিছু কেয়ার না করা। এসপার ওসপার করা। বুক বাঁধা। সংকোচ বা কুণ্ঠা না করা। সচেষ্ট হওয়া (৬০৭)।

বিণ. সংকল্পিত। কৃত,-সংকল্প,-প্রতিজ্ঞ। দৃঢ়সংকল্প। সংকল্প,শপথ,অঙ্গীকার,-বদ্ধ। মনস্থ। স্থিরনিশ্চয় বদ্ধপরিকর দৃঢ়প্রতিজ্ঞ। দৃঢ়মনা। লৌহকঠিন। দৃঢ়,-চেতা,-চিত্ত। অটল অবিচল। একাগ্র একনিষ্ঠ নিষ্ঠাবান। অভিনিবিষ্ট অধ্যবসায়ী। অনলস। অকুণ্ঠ। অনন্যমনা নির্দ্বিধ। অনমনীয় অদম্য। অম্লান অক্লান্ত।

৬০৭। অধ্যবসায়

বি. অধ্যবসায় প্রচেষ্টা প্রযত্ন প্রয়াস সমীহা চেষ্টা। অনুবৃত্তি। বিরামহীনতা। দৃঢ়তা। নির্বন্ধ জিদ(৬০৯)। ধৈর্য(৮২৭)। একাগ্রতা একনিষ্ঠা একনিষ্ঠতা একাগ্রচিত্ততা। উদ্যম চাড় পরিশ্রম। উৎসাহ উদ্যোগ। নিষ্ঠা। প্রযত্ন যত্ন। সাধনা। নিরালস্য। অনুশীলন মনোবল। মেরুদণ্ড। কষ্টসহিষ্ণুতা। সাহস। মনোনিবেশ। অভিনিবেশ।

ক্রি. চেষ্টা করা। প্রয়াস পাওয়া। পরিশ্রম করা। এঁটে টিকে বা লেগে থাকা। আদা জল খেয়ে লাগা। আকাশ পাতাল তোলপাড় করা। মাটি কামড়ে পড়ে থাকা। চলা। চালিয়ে যাওয়া।

বিণ. অধ্যবসায়ী অধ্যবসায়শীল সচেষ্ট চেষ্টিত চেষ্টমান। দৃঢ়চেতা। অনমনীয় অটল অদম্য। ধৈর্যশীল। পরিশ্রমী (৬৯০)। অক্লান্ত অশান্ত। নাছোড়বান্দা। উদ্যোগী। যত্নবান। একাগ্র একনিষ্ঠ। স্থিরব্রত। সহিষ্ণু। নিষ্ঠাবান। একাগ্রচিত্ত।

৬০৮। সংকল্পহীনতা

বি. সংকল্পহীনতা অসিদ্ধান্ত। অস্থিরচিত্ততা। অস্থিরতা। সংশয় অনিশ্চয়তা। অস্থৈর্য(৮২৮)। অনবস্থা। দীর্ঘসূত্রতা গড়িমসি গয়ংগচ্ছভাব ইতস্ততভাব দোটানা। শৈথিল্য। দায়িত্বহীনতা। খামখেয়াল (৬১১)। অনীহা নিস্পৃহতা। চাপল্য চপলতা। চঞ্চলতা। চপলচিত্ততা। সফরীচঞ্চলতা। চটুলতা। দোদুল্যমানতা দোলাচলতা দোলাচলচিত্ততা। দ্বিধা। দ্বৈধ কুণ্ঠা সংকোচ দ্বন্দ্ব। খটকা। কিংকর্তব্যবিমূঢ়তা। বিহ্বলতা। হতভম্বভাব। দুর্বলতা। ভীরুতা কাপুরুষতা (৮৬২)। সুবিধাবাদ।

ক্রি. সংকল্প না থাকা। কোন সিদ্ধান্ত না করা। মন ঠিক না করা। মাথা চুলকানো। গড়িমসি বা টালবাহানা করা। এক পা এগোনো সাত পা পিছনো। কিন্তু কিন্তু বা আমতা আমতা করা। দোটানায় পড়া। থতমত খাওয়া। মতি স্থির বা মাথার ঠিক না থাকা। তানা নানা করা। মুখ ফুটে বলতে না পারা। এগিয়ে পিছিয়ে আসা। মন পরিবর্তন করা। আপস করা। ভয় পাওয়া। সাহস না থাকা। কুঁকড়ে যাওয়া। তাল হারানো।

বিণ. অস্থির,-সংকল্প,-চিত্ত। অব্যবস্থিতচিত্ত।

সংশয়পূর্ণ। অসংকল্পিত। অনিশ্চিত। দায়িত্বহীন। অনির্ভরশীল। খেয়ালি (৬১১)। দোদুল্যমান দোলায়মান দোলাচলচিত্ত। ভীরু। দোমনা দুর্বলমনা ক্ষীণমনা। সুবিধাবাদী। নমনীয় দমনীয়। অস্থির চপল চঞ্চল চটুল। লঘু,-চেতা,-চিত্ত। দ্বিধাগ্রস্ত দ্বিধান্বিত। দোদিল দোদিলবান্দা।

৬০৯। জিদ

বি. জিদ জেদ গোঁ রোখ একগুঁয়েমি একরোখামি। গোঁয়ার্তুমি (৮৬৩)। ঝোঁক। অধ্যবসায় (৬০৭)। সংকল্প। মনের জোর। ইচ্ছাশক্তি। প্রতিজ্ঞা। আত্ম,-বিশ্বাস,-শ্লাঘা। জিগীষা। অনমনীয়তা অনড়তা অচলতা অটলতা। অবাধ্যতা। ঠেঁটামি। বেয়াড়াপনা (৮৮০)। মতান্ধতা মতবদ্ধতা গোঁড়ামি অসহিষ্ণুতা। অস্থৈর্য। অত্যুৎসাহ। পাগলামি। ছিট বাতিক। খচ্চর।

ক্রি. জিদ করা বা ধরা। জেদাজিদি করা। গোঁ ধরা। রোখ বা ঝোঁক চাপা। একগুঁয়েমি করা। অবাধ্য হওয়া। গোঁড়ামি করা। মত আঁকড়ে থাকা। এক পাও না নড়া।

বিণ. জেদি একগুঁয়ে। একবর্গা রোখা একরোখা রোখাল। ঝোঁকাল। জিগীষু। অবাধ্য অবশ্য দুর্দমনীয় দুর্দান্ত। বেয়াড়া সেরকেশ নাই-আঁকড়া বেপরোয়া (৮৬৩)। গোঁড়া অন্ধ। নাছোড়বান্দা। ঠেটা অনমনীয় অনড়। গোঁয়ার গোঁয়ারগোবিন্দ কাঠগোঁয়ার। হোঁতকা হেঁকড়া গেঁতো গেড়ে হেন্টা। আবদেরে।

৬১০। মতপরিবর্তন

বি. মতপরিবর্তন স্বমত,স্বধর্ম,স্বদল,-ত্যাগ। স্বদলদ্রোহিতা। দাবিত্যাগ নাদাবি। বাতিলকরণ। রদকরণ। অস্বীকার। পশ্চাদপসরণ। স্বধর্মত্যাগী। দলত্যাগী। দলছাড়াবাঁদর। পলাতক। সুবিধাবাদী সুযোগসন্ধানী সূর্যোপাসক। চলতি হাওয়ার পন্থী।

ক্রি. মত পরিবর্তন করা। স্বমত স্বধর্ম বা দল ত্যাগ করা। দল ছাড়া। অস্বীকার করা। রদ বা বাতিল করা। কথা ফিরিয়ে নেওয়া। কথা বা মত পালটানো। পিছলানো। এই গরম হওয়া এই নরম হওয়া। যেমন কলি তেমন চলি।

বিণ. পরিবর্তনশীল। অস্থির,-চিত্ত,-সংকল্প। অনির্ভরযোগ্য। পিচ্ছিল।

৬১১। খেয়াল

বি. খেয়াল। মরজি। মেজাজ। খুশি। খেয়ালখুশি। ছন্দানুগমন। ছন্দানুসরণ। আবেগ (৬১২)। ইচ্ছা। ঝোঁক। ছিট বাতিক বাই। শখ। খামখেয়াল। বদখেয়াল। মতপরিবর্তন।

ক্রি. খেয়াল চাপা। মাথায় ঢোকা। এই গরম হওয়া এই নরম হওয়া। স্বর চড়ানো ও নামানো।

বিণ. খেয়ালি খামখেয়ালি। বাতিকগ্রস্ত ছিটগ্রস্ত। অনির্দিষ্ট সঞ্চারী ছন্দানুগামী। অস্থিরচিত্ত(৬০৮)

৬১২। আবেগ

বি. আবেগ। প্রৈতি প্রেরণা। তাড়না। অনুপ্রেরণা। প্রত্যুৎপন্নমতিত্ব উপস্থিতবুদ্ধি। বুদ্ধির ঢেউ। উদ্ভাবনা। স্বতঃবৃত্তি। অসতর্কতা। ভাবাবেগ। ভাব,তরঙ্গ,-বিহ্বলতা। ভাবোচ্ছ্বাস ভাবান্তর। বৈলক্ষণ্য ভাবাবেশ। হৃদয়াবেগ সংবেগ। উচ্ছ্বাস উচ্ছ্বসন হৃদয়োচ্ছ্বাস উচ্ছলতা। আবেশ বিহ্বলতা। উদ্দীপনা। উত্তেজনা (৮২৫)। মাতন। আলোড়ন। রোমাঞ্চ। ভাবপ্রবণতা। আবেগ,-ময়তা,-প্রবণতা, -সর্বস্বতা। ভাবোন্মত্ততা।

ক্রি. উপস্থিতমতো কাজ করা। সাথে সাথে ঠিক করা। যা মুখে আসে তাই বলা। ফস্ করে বলে ফেলা। আবেগে বলে ফেলা বা কাজ করা। কোন

চিন্তা না করে হঠাৎ করে করা। হঠাৎ চিন্তা করা।

বিণ. আবেগ,-ময়,-বান,-পূর্ণ। আবেগ,-জড়িত, -স্পন্দিত,-মথিত। আবেগ,-সঞ্চারী, -সঞ্চারকারী। ভাবাবেগপূর্ণ। ভাবোদ্দীপক। ভাববিহ্বল। উচ্ছ্বসিত। উত্তেজিত উছল উৎবেল। বিহ্বল। উপস্থিতমতো। স্বতঃ,-স্ফূর্ত -বৃত্ত। স্বাভাবিক। অসতর্ক।

ক্রি-বিণ. হঠাৎ। সঙ্গেসঙ্গে সাথেসাথে তৎক্ষণাৎ।

৬১৩। পরিহরণ

বি. পরিহরণ পরিহার। প্রতিহার। এড়ানো। পলায়ন পশ্চাদপসরণ। প্রত্যাগতি। প্রস্থান। অগ্রহণ পরিত্যজন প্রত্যাখ্যান (৭৪৯)। সংযম। তিতিক্ষা। নিষ্ক্রিয়া। নৈরপেক্ষ নিরপেক্ষতা।

ক্রি. পরিহার করা। এড়ানো। এড়িয়ে যাওয়া। কাটিয়ে যাওয়া। কেটে পড়া। পাশ কাটানো। জড়িয়ে না পড়া। ছাড়ান দেওয়া। বিরত থাকা। ফাঁকি দেওয়া। সংযত করা। রাশ টানা। পিছু হটা। হটে আসা। পিঠ টান দেওয়া। লেজ গুটানো। পালানো (৬১৪)। ফেলে আসা। দল ছাড়া। দেশ ছাড়া। ফেরার হওয়া। ত্যাগ বা বর্জন করা (৬১৫)। না নেওয়া। গ্রহণ না করা। প্রত্যাখ্যান করা।

বিণ. পরিহার্য পরিহরণীয় পরিহর্তব্য প্রত্যাখ্যেয়। পরিহৃত প্রত্যাখ্যাত। পরিহারক। ফাঁকিবাজ। ছলনাময়ী। পলাতক ফেরারি। ভীতু।

৬১৪। পরিত্রাণ

বি. পরিত্রাণ নিস্তার বাঁচন বাঁচোয়া। পলায়ন প্রস্থান (২৮৮)। পরিহরণ (৬১৩)। গোপন পথ। খিড়কির দরজা। শরণ (৬৭৫)। রেহাই অব্যাহতি। বিমোচন মুক্তি উদ্ধার (৬৭৯)। মুশকিল আসান। তিতীর্ষু। পলাতক ফেরারি।

ক্রি. পরিত্রাণ বা নিস্তার পাওয়া। তরে উতরে বা সামলে যাওয়া। থই পাওয়া। অকূলে কূল পাওয়া। দিশা পাওয়া। আলো দেখা। ফাঁড়া কাটা। পলায়ন করা। পালানো। সটকানো। ভাগা। পিঠটান দেওয়া। ফসকানো। এড়ানো। পরিহার করা (৬১৩)। হটে আসা। পিছু হটা। পিছলে যাওয়া। দরজা বা ফটক ভাঙ্গা। ছিটকানি খোলা। জেল ভাঙা। জেল থেকে পালানো। হাঁপ ছেড়ে বাঁচা। ঘাম দিয়ে জ্বর ছাড়া। আসান হওয়া। রেহাই বা অব্যাহতি পাওয়া।

বিণ. পরিত্রাণ,নিস্তার,অব্যাহতি,মুক্তি,উদ্ধার, -প্রাপ্ত।

৬১৫। পরিত্যজন

বি. পরিত্যজন ত্যজন পরিত্যাগ ত্যাগ। পরিবর্জন বর্জন বিবর্জন। বিসর্জন জলাঞ্জলি। বাদ অগ্রহণ প্রত্যাখ্যান। ছাড়ন ছাড়ান ছাড়াছাড়ি ছাড় ছোড়। দলত্যাগ। দেশত্যাগ প্রবসন প্রবাসন। পলায়ন। বিচ্ছিন্নতা বিচ্ছেদ। তালাক ইস্তফা। রদ প্রত্যাহার(৭৫২)। প্রতিহার। পদত্যাগ(৭৫৫)। অবসর গ্রহণ। নাদাবি দস্তবরদারি স্বত্বত্যাগ (৭৮২)। হস্তান্তর (৭৮৫)। উৎসর্গ।

ক্রি. পরিত্যাগ করা। ত্যাগ বর্জন বা বাদ করা। বাদ দেওয়া। ছেড়ে দেওয়া। ছাড়ান দেওয়া। ফেলে দেওয়া। ছুঁড়ে ফেলা। দাবি ছেড়ে দেওয়া। স্বত্বত্যাগ করা। পদত্যাগ করা। চাকরি ছেড়ে দেওয়া। ইস্তফা বা তালাক দেওয়া।

বিণ. পরিত্যক্ত ত্যক্ত। বর্জিত পরিবর্জিত বিবর্জিত বিসর্জিত। ত্যাজ্য পরিত্যাজ্য বর্জ্য বর্জনীয় প্রতিহার্য। অগ্রহণীয়। প্রত্যাখ্যাত। খারিজ রদ বাতিল।

৬১৬। অভিপ্রায়

বি. অভিপ্রায়। অভিলাষ। মনোভাব মনোরথ মনস্কাম মনস্কামনা মনোবাঞ্ছা সাধ ইষ্টি ইচ্ছা(৬০৪)। বাসনা কামনা (৮৫০)। আশা (৮৫৭)। উচ্চাশা। আগ্রহ উৎসাহ উদ্দীপনা উদ্যোগ উদ্যম প্রয়াস। পরিকল্পনা নক্শা। কল্প প্রকল্প উদ্দেশ্য মতলব (৬২৭)। আদর্শ। সখ সাধ প্রবৃত্তি ঝোঁক। লক্ষ্য দৃষ্টি নজর। তাক নিশানা। সংকল্প প্রস্তাব প্রতিজ্ঞা। চরমপত্র। ইচ্ছাপত্র উইল ওয়াসিয়াতনামা।

ক্রি. মনস্থ করা। অভিপ্রায় বা উদ্দেশ্য করা। লক্ষ্য করা। দৃষ্টি বা নজর দেওয়া। চিন্তা করা। বিবেচনা করা। স্বপ্ন দেখা। পরিকল্পনা করা (৬৩২)। কামনা করা(৮৫০)। অনুধাবন করা (৬৩৩)।

বিণ. অভিপ্রেত ইচ্ছাকৃত। সংকল্পিত মনস্থ। ঈপ্সিত প্রার্থিত অন্বিষ্ট উদ্দিষ্ট অভীষ্ট। আগ্রহী। ঝোঁকাল। অনুরক্ত। প্রকাশ্য।

৬১৭। অনভিপ্রায়

বি. অনভিপ্রায়। দৈব (১৫৪)। ভাগ্য (৬২৩)। অপ্রত্যাশা (৫৩১)। সৌভাগ্য। ভাগ্যচক্র। কুসংস্কার। ফাটকাবাজি। জুয়াখেলা। পণ বাজি। ভাগ্যপরীক্ষা। লটারি ঝুঁকি। ফাটকাবাজ জুয়াড়ি রেসুরে।

ক্রি. সুযোগ নেওয়া। ঝুঁকি নেওয়া। ভাগ্য পরীক্ষা করা। কপাল ঠোকা। পণ রাখা। বাজি ধরা। জুয়া খেলা। রেস খেলা (৫০৬)।

বিণ. দৈব (১৫৪)। কাকতালীয়। আকস্মিক। অনভিপ্রেত। অনীপ্সিত। অভাবনীয়। অপ্রত্যাশিত। অযাচিত। অপরিকল্পিত। অনুদ্দিষ্ট। অসম্ভাবিত। অপ্রার্থিত।

৬১৮। পছন্দ

বি. পছন্দ পসন্দ। বাছাই বাছন চুনন। স্বেচ্ছা। রুচি অভিরুচি। বাছবিচার। বিবেচনা। উপায়ান্তর গত্যন্তর। পক্ষপাত। ঝোঁক আসক্তি প্রবণতা প্রবৃত্তি স্পৃহা। মতামত। মনোনয়ন। নির্বাচন ইলেকশন। গণভোট রেফারেন্ডাম। ভোট। ধ্বনিভোট বাক্ভোট। গুপ্তভোট। টিকেট। ব্যালট,ভোট,-পত্র। ব্যালটবাক্স। ভোটার নির্বাচক। নির্বাচক,-কেন্দ্র,-মণ্ডলী। রুচিভেদ। সুরুচি মার্জিতরুচি। কুরুচি।

ক্রি. পছন্দ করা। বাছা বা বাছাই করা। চুনা। বাছবিচার বা বিবেচনা করা। মন স্থির করা। পোষণ বা প্রতিপোষণ করা। ভোট দেওয়া। নির্বাচন করা। মনোনয়ন করা। মনে ধরা। মনে লাগা। মনঃপূত হওয়া। মন কাড়া। মন টানা। মন যোগানো। মন ভোলানো। মনে দাগ কাটা। ভালো লাগা। মনগলা। চোখে ধরা। নজর কাড়া বা টানা। রোচা। খেয়াল চরিতার্থ করা। পক্ষ নেওয়া। পক্ষপাতিত্ব করা। আলাদা করা।

বিণ. পছন্দ,-সই,-মাফিক,-অনুযায়ী। ইচ্ছানুরূপ ঐচ্ছিক। মুনাসিব। মনের মতো মনোমতো। মনোনীত নির্বাচিত।

৬১৯। অপছন্দ

বি. অপছন্দ অপসন্দ। নাপছন্দ নাপসন্দ। অমনোনয়ন অনির্বাচন অনপেক্ষতা। অনুপায় (৬০৪)। অপ্রবৃত্তি অস্পৃহা। অরুচি। বিতৃষ্ণা। খুঁতখুঁতানি।

ক্রি. পছন্দের অভাব থাকা। পছন্দ বাছাই বা নির্বাচন করার সুযোগ সুবিধা বা উপায় না থাকা। কোন পক্ষ না নিতে পারা। ভালো না লাগা। মন না ওঠা। না রোচা। নাক সিঁটকানো।

বিণ. অপছন্দের অমনোনীত অনির্বাচিত। অমনঃপূত অনপেক্ষ নিরপেক্ষ। উদাসীন। অসংকল্পিত (৬০৮)।

৬২০। আবশ্যকতা

বি. আবশ্যক,-তা আবশ্যিকতা দরকার জরুরাত প্রয়োজন প্রয়োজনীয়তা সমাযোগ। ঠেকা দায় গরজ ঠেলা চাপ তাড়না প্রেষণা খাতির হেতু নিমিত্ত। জীবনোপকরণ অপরিহার্যবস্তু একান্তপ্রয়োজন লওয়াজিমা। উপযোগিতা উপকারতা। চাহিদা দাবি। অভাব দারিদ্র্য মস্তঅভাব অপরিহার্যতা বাধ্যবাধকতা। জীবনমরণ ব্যাপার। গরজ বড় বালাই। আবেগ স্বতঃস্ফূর্ততা। সহজাত প্রবৃত্তি। বাসনা কামনা খাঁকতি খাঁই। বাছবিচারহীনতা। উপায়হীনতা। অবশ্যম্ভাবিতা। পূর্বনির্ধারণ (৬২২)।

ক্রি. আবশ্যক প্রয়োজন বা দরকার হওয়া। প্রয়োজন পড়া। ঠেকায় পড়া। গরজ পড়া। গরজ করা। চাওয়া। উপায়ান্তর বা গত্যন্তর না থাকা। কাঁড়া আকাঁড়া বাছবিচার না করা।

বিণ. আবশ্যক আবশ্যিক আবশ্যকীয় দরকারি প্রয়োজনীয় প্রয়োজনার্হ প্রয়োজনার্থক নৈমিত্তিক। অত্যাবশ্যক অবশ্যপ্রয়োজনীয় জরুরি বিশেষ জরুরি। না হলেই নয়। অপরিহার্য অপরিহরণীয় অহেয়। বাধ্যতামূলক। প্রয়োগযোগ্য প্রযোজ্য। নিত্য,-প্রয়োজনীয়,-নৈমিত্তিক।

ক্রি-বিণ. আবশ্যকবোধে প্রয়োজন,-বশে,-বোধে দরকারে। গরজে ঠেকায়। বাধ্য হয়ে। বাবদে কারণে। অপরিহার্যভাবে। অগত্যা অনিচ্ছাসত্ত্বেও। প্রয়োজনানুরূপ দরকারমতো।

৬২১। অনাবশ্যকতা

বি. অনাবশ্যকতা অপ্রয়োজন বিনাপ্রয়োজন প্রয়োজন,-হীনতা,-রাহিত্য অদরকার বিনাদরকার। তাৎপর্য,মূল্য,গুরুত্ব,-হীনতা। তুচ্ছবস্তু বাজেজিনিষ অকাজের জিনিস। পরিহার্যবস্তু। বাহুল্য।

ক্রি. আবশ্যক প্রয়োজন বা দরকার না হওয়া বা না লাগা। প্রয়োজন বা দরকার না পড়া। অভাব বোধ না করা। কোন কাজে না আসা।

বিণ. অনাবশ্যক অপ্রয়োজনীয় অদরকারি বেদরকারি অপ্রয়োজন নিষ্প্রয়োজন নির্নিমিত্ত। অবান্তর। তাৎপর্য,মূল্য,গুরুত্ব,-হীন। অকিঞ্চিতকর। ফালতু প্রয়োজনাতীত প্রয়োজনাতিরিক্ত অধিকন্তু।

৬২২। পূর্বনির্ধারণ

বি. পূর্ব,-নির্ধারণ,-নিরূপণ,-স্থিরীকরণ,-নির্দেশ, -সিদ্ধান্ত। পূর্বব্যবস্থা অগ্রনিরূপণ। পরিকল্পনা(৬৩২)। প্রস্তাব সংকল্প মানস নিয়ৎ। প্রকল্প প্রোগ্রাম কর্ম,-সূচি,-পরিকল্পনা,-পরম্পর নীলনকশা। বাজেট। শেডুল অনুসূচি সময়তালিকা তফসিল। কর্মপঞ্জি। দিনের কাজ অ্যাজেন্ডা কৃত্যসূচি। রেজিস্টার তালিকা। রোস্টার পর্যায়তালিকা। নামসূচি প্যানেল। সংস্থান কাঠামো ক্যাডার। সম্মানপর্যায় প্রোটোকোল খাদ্যতালিকা মেনু। সাজানো,পাতানো,-খেলা। নিয়তি (৬২৩)।

ক্রি. আগে থেকে ঠিক করা বা করে রাখা। সংকল্প করা। প্রস্তাব নেওয়া। কর্মসূচী নির্ধারণ করা। পূর্বাহ্ণে নির্ধারণ বা স্থির করা। ধার্য বা সাব্যস্ত করা বা ক'রে দেওয়া। হিসাব করা। কষা। গণা। সাজানো। পাতানো।

বিণ. পূর্ব,-নির্ধারিত,-নিরূপিত,-স্থিরীকৃত, নির্দিষ্ট,-পরিকল্পিত। বরাদ্দ। সাজানো। পাতানো। সংকল্পিত অভিপ্রেত।

ক্রি-বিণ. পূর্বাহ্নে পূর্বে আগেভাগে আগেই। জেনেশুনে। ঠাণ্ডা মাথায়। চোখ খুলে। ইচ্ছাকৃতভাবে।

৬২৩। নিয়তি

বি. নিয়তি প্রাক্তন পূর্বনির্ধারণ নসিব কিসমত ভাগ্য অদৃষ্ট বিধি দৈব দিষ্ট কপাল ললাট বরাত তকদির ভবিতব্য ভবনীয়। ভাগ্য,লিপি,-লিখন। ললাট,-লিপি,-লিখন। অদৃষ্ট,বিধি,-লিপি। কপালের, ভাগ্যের,-লেখা। ভাগ্যের,বিধির, বিধান। ভাগ্য,অদৃষ্ট,দৈব,-চক্র। দৈব,যোগ, গতি। সুরগতি। আল্লাহ্‌র,ভগবানের,কর্তার, ওপরওয়ালার,তাঁর,-ইচ্ছা। ভগবানের লীলা। কর্ম,-ফল,-ভোগ,-বন্ধ,-বন্ধন,-পাশ। ক্রিয়াফল। প্রাক্তন,শুভাশুভ,-কর্ম। ভাগ্যপরিবর্তন। লটারি। দৈবক্ষণ। ভাগ্য,-দেবতা,-বিধাতা,-নিয়ন্তা। অদৃষ্ট,বিধাতা,-পুরুষ। ভাগ্য,-দেবী,-বিধাত্রী, লক্ষ্মী। ভাগ্য,-পরীক্ষা,-গণনা,-নির্ণয়,-নিরূপণ। অদৃষ্ট,-পরীক্ষা,-গণনা,-বিচার। হস্তরেখাবিদ্যা। কোষ্ঠী(৫৩৪)। দৈব,-বাণী,-বাক্য। দেব,-বাণী, ভাষিত। আকাশ,-বাণী,-ভাষিত,-বচন, ভারতী। অশরীরী,-বাণী,-বাক। দেবাদেশ প্রত্যাদেশ। ভাগ্য,-নির্ভরতা,-বিশ্বাস। অদৃষ্টবাদ। ঈশ্বরাদেশ ঈশ্বরাজ্ঞা। সুখসৌভাগ্য।

সৌভাগ্য। ভাগ্য,-গুণ,-বল। কপাল,-গুণ,-জোর। পয়। শুভাদৃষ্ট। সৌভাগ্যলক্ষ্মী। সৌভাগ্য,-চিহ্ন, লক্ষণ। সৌভাগ্যসূর্য। সুখসৌভাগ্য।

দুর্ভাগ্য অভাগ্য দুরদৃষ্ট দুর্দৈব বদনসিব। মন্দ, ভাগ্য,-কপাল। ভাগ্য,-হীনতা,-দোষ। ভাঙা,ছাইচাপা,পাথরচাপা,-কপাল। ভাগ্যের, অদৃষ্টের,-ফের। ভাগ্য,বিধি,-বিড়ম্বনা। শনি অলক্ষ্মী শনির,-দৃষ্টি,-দশা। অলক্ষ্মীর,দৃষ্টি,-দশা। কুগ্রহ দুর্গ্রহ। গ্রহের ফের। ভাগ্যবিপর্যয়। অদৃষ্টের বন্ধন। কর্মের ফের। কর্ম,-দোষ,-বিপাক। পাপের,-ফল,-শাস্তি। অশুভ,অমঙ্গল,-কামনা। অশুভ,-চিহ্ন,-সংকেত,-ইঙ্গিত। জন্ম,চির, -দুঃখ।

ক্রি. ভাগ্যে নসিবে কপালে বা বরাতে থাকা। ভাগ্য পরীক্ষা করা। কপাল ফেরা। কপাল ভাঙা। নজর লাগা। নজর দেওয়া। কু ডাকা।

বিণ. নিয়তিনির্ধারিত পূর্বনির্ধারিত। নিয়তি, ভাগ্য,-নির্ভর। নিয়তি,ভাগ্য,অদৃষ্ট,দৈব,-চালিত। ভাগ্য,দৈব,-শাসিত। বিধিনির্দিষ্ট। ভাগ্যায়ত্ত ভাগ্যাধীন দৈবায়ত্ত। দৈবাধীন কর্মাধীন। ভাগী দৈষ্টিক। কাকতালীয় আপতিক। সৌভাগ্য, -জনক,-কর। দুর্ভাগ্য,-পীড়িত,-লাঞ্ছিত, -জনিত। ভাগ্য,-বিশ্বাসী,-বাদী। নিয়তি,প্রাক্তন, -বাদী। অদৃষ্টকারী। ভাগ্য,-বান,-বন্ত,-মন্ত। সৌভাগ্য,-বান,-শালী। সুভগ সুভদ্র অদৃষ্টবান ভাগ্যজয়ী। লক্ষ্মী,পয়,-মন্ত। পয়া কপালে। ক্ষণজন্মা।

দুর্ভাগা অভাগা দুর্ভগ। ভাগ্য,-হীন,-চ্যুত, -বিড়ম্বিত। হত,-ভাগা,-ভাগ্য। অল্পভাগ্য। বদ,কম,-বখ্‌ত। উনপাঁজুরে। বেচারা। আবাগি। জন্ম,জনম,চির,-দুঃখী। দুর্গত। দুঃখ,অনর্থ, -বাদী। অনর্থদর্শী।

ক্রি-বিণ. ভাগ্য,-ক্রমে,-বশত,-গুণে। ভাগ্যে ভাগ্যিস। অদৃষ্ট,দৈব,-ক্রমে। কপাল,-গুণে, -জোরে,-ক্রমে। ভাগ্যের জোরে। অদৃষ্টবশত। দৈব,-গুণে,-যোগে,-বশত,-বশে,-গতিকে। দৈবাৎ। সৌভাগ্য,-ক্রমে,-বশত। বরাতজোরে। কপাল ঠুকে। দুর্ভাগ্য,দুরদৃষ্ট,-বশত। ভাগ্য, কপাল,কর্ম,-দোষে। দুর্গ্রহবশত। ভাগ্যবিড়ম্বনায়।

কর্মবিপাকে। গ্রহের, অদৃষ্টের, ভাগ্যের,কপালের, -ফেরে।

৬২৪। অভ্যাস

বি. অভ্যাস অভ্যস্ততা। প্রয়োগ ব্যবহার। অনুশীলন শীলন চল চর্চা। অনুশীলনী। সাধন সাধনা। রেওয়াজ তালিম প্র্যাকটিস। আদত স্বভাব প্রকৃতি ধাত প্রবৃত্তি। নেশা আসক্তি টান। আচার আচরণ রীতি ধারা। দেশাচার রেওয়াজ চলন। কালধর্ম যুগধর্ম। ফ্যাশন। নিয়ম। নজির। রুটিন। গতানুগতিকতা। প্রাত্যহিকতা। বাতিক ছিট মুদ্রাদোষ।

ক্রি. অভ্যাস হওয়া বা করা বা জন্মানো। অভ্যস্ত বা ধাতস্থ হওয়া। পরিচিত হওয়া। প্রচলিত হওয়া। বদ্ধমূল হওয়া। গা সহা বা সওয়া। মক্‌শ এস্তেমাল বা চর্চা করা। সাধা। আখড়া দেওয়া। অনুশীলন করা। রপ্ত বা আয়ত্ত করা। ব্যবহার বা প্রয়োগ করা। ভাঁজা। হাত পাকানো বা ঠিক করা। ঝালিয়ে নেওয়া। ঝালানো। সড়গড় হওয়া।

বিণ. অভ্যস্ত। শীলিত অনুশীলিত চর্চিত রপ্ত আয়ত্ত। সাধিত পরিশীলিত। অভ্যাসী। ধাতস্থ। সহজাত স্বাভাবিক। অভ্যাসমাফিক। রীতিমতো রেওয়াজমাফিক। চলনসই সাদামাটা সাধারণ। নিত্যকার প্রচলিত নিয়মিত। পরিচিত। স্থায়ী বদ্ধমূল শক্ত। ভুক্তভোগী। ঘাগি। ঘাগু।

৬২৫। অনভ্যাস

বি. অনভ্যাস। অপ্রয়োগ অপ্রচল। অব্যবহার। অননুশীলন অচর্চা অপরিশীলন।

ক্রি. অভ্যাস না করা। অনভ্যস্ত হয়ে পড়া। অভ্যাস ছাড়ানো। ব্যবহার বা প্রয়োগ না করা। চল না থাকা।

বিণ. অনভ্যস্ত অনভ্যাসী। অপ্রচলিত অব্যবহৃত। অচর্চিত। অপরিশীলিত। অননুশীলিত। আনাড়ি। আনকোরা নবিশ। অশিক্ষাপ্রাপ্ত অদক্ষ। রেওয়াজহীন। অস্বাভাবিক। মরচে-পড়া। অকেজো।

৬২৬। রীতি

বি. রীতি রীত প্রথা ধারা চল প্রচলন রেওয়াজ দস্তুর দাঁড়া তরিকা তরতিব। আচার শাস্ত্রীয়,সামাজিক,-আচার। সুন্নত। বিচার আচারবিচার বাছাবাছি। বিধি বিধান আইন অনুশাসন নির্বন্ধ। অনুষ্ঠান আচার-অনুষ্ঠান। রীতিনীতি আচার,-আচরণ,-ব্যবহার চালচলন হালচাল ব্যবহার আদবকায়দা রীতিচরিত্র।

কেতা কায়দা ধরন রকম শৈলী ভঙ্গি ঢং প্রকৃতি রকমসকম প্রক্রিয়া প্রণালী পদ্ধতি।

সু,-প্রথা,-প্রণালী,-নীতি। সংস্কার ধারণা জন্মগত,সহজাত,-সংস্কার। জন্মগত,আজন্ম, -বিশ্বাস।

কু,-সংস্কার,-প্রথা,-রীতি,-নীতি। লোকাচার দেশাচার দেশ,-ধর্ম,-বিধান ধর্মাচার স্ত্রী-আচার। যুগ,কাল,-ধর্ম।

ফ্যাশন স্টাইল হালফ্যাশন হিড়িক হুজুগ। সাহেবিয়ানা বিলিতিয়ানা। বাঙালি সাহেব। ঘোরতর সাহেব। বিবিয়ানা। বাবুয়ানা।

রীত্যনুসারিতা প্রথানুগত্য প্রথাপালন আচারনিষ্ঠতা। আনুষ্ঠানিকতা। সামাজিকতা। রীতি,নিয়ম,সংস্কার,-বদ্ধতা।

ক্রি. রীতিনীতি মেনে চলা। প্রথাপালন করা। পালন করা। আমল দেওয়া।

বিণ. রীত্যনুসারী প্রথানুসারী বিধি-অনুসারী। বিহিত যথাবিহিত প্রথানুগত প্রথাগত। রীতিসিদ্ধ।

আনুষ্ঠানিক। রেওয়াজি। চিরাচরিত প্রচলিত চলিত চলতি। বিধি,প্রথা,-সম্মত। শাস্ত্রবিহিত শাস্ত্রানুগ। আচার,প্রথা,-নিষ্ঠ আচারী। সংস্কারাবদ্ধ।

ক্রি-বিণ. রীতি,দস্তুর,রেওয়াজ,প্রথা,বিধি,নিয়ম, অনুসারে,-অনুযায়ী,-মতো,-মাফিক। বিধি, শাস্ত্র,-মতো। ধারা-অনুযায়ী নিয়মানুযায়ী। শাস্ত্রানুযায়ী। ধারাক্রমে পুরাদস্তুর। যথা,-রীতি, বিধি।

৬২৭। উদ্দেশ্য

বি. উদ্দেশ্য নিয়ৎ। মতলব ইন্টি ইষ্ট উদ্দেশ মনোভাব মনোবাঞ্ছা। অভিপ্রায় (৬১৬)। অভিসন্ধি অভিসন্ধান। ফন্দি ফিকির। মনসুবা। পরিকল্পন পরিকল্পনা। কারণ হেতু নিমিত্ত ওজর। সূত্র। লক্ষ্য উপলক্ষ। তাৎপর্য। প্রভাব তাড়না। প্রেরণা প্রেষণা চাপ। প্রণোদন। অনুপ্রেরণ। আদর্শ। মত মতামত অভিমত। মতাশ্রয় মতাবলম্বন। মতানুসরণ। সাধু,-সংকল্প, অভিপ্রায় সদিচ্ছা সদভিপ্রায় সদুদ্দেশ্য সাধু উদ্দেশ্য।

অসৎ-উদ্দেশ্য বদ,কু,-মতলব কুবুদ্ধি দুরভিসন্ধি দুর্বাসনা। উৎসাহ উপদেশ মন্ত্রণা। আহ্বান। উত্তেজন। প্ররোচনা। উসকানি। ফুসমন্তর। জাদু। ফুসলানি। সম্মোহন। মোহ আকর্ষণ। লোভ প্রলোভন। উৎকোচ বখশিস। চার টোপ। অপচার দুর্নীতি। মার। মারের ভয়।

ক্রি. প্রবৃত্ত বা নিযুক্ত করা। প্রবুদ্ধ করা। প্রেরণা বা অনুপ্রেরণা দেওয়া। উৎসাহ বা উপদেশ দেওয়া। প্রভাবান্বিত করা। প্রভাব বিস্তার করা। চাপ দেওয়া। বোঝানো। উত্তেজিত করা। উসকানো। প্ররোচনা দেওয়া। পিছনে থাকা বা লাগা। আহ্বান বা আমন্ত্রণ করা। লুব্ধ করা। লোভ বা প্রলোভন দেখানো। ফুসলানো মোহ বিস্তার করা। আকর্ষণ করা। সম্মোহন বা যাদু করা। কানে ফুসমন্তর ঢালা। ঘুষ উৎকোচ বা টোপ দেওয়া। তেল ঢালা। তেলানো। জোর করা। বাধ্য করা। চাবুক মারা। খোঁচা দেওয়া।

বিণ. উদ্দেশক উদ্দেশকারী। প্রবর্তক প্ররোচক। উদ্দিষ্ট অন্বিষ্ট অভীষ্ট লক্ষ্য। অভিপ্রেত ঈপ্সিত অভিলষিত বাঞ্ছিত অভিসংহিত লক্ষ্যীকৃত। অভিলাষী ইচ্ছুক (৬০৪)। মতাবলম্বী। উত্তেজক উদ্দীপক। উদ্দেশ্যমূলক। আকর্ষণীয়। লোভজনক সম্মোহক প্রলোভক।

অব্য. যেহেতু সেহেতু। বিধায়।

৬২৮। উদ্দেশ্যহীনতা

বি. উদ্দেশ্যহীনতা। খেয়াল (৬১১)। অনভিপ্রায় (৬১৭)।

ক্রি. উদ্দেশ্য বা অভিপ্রায় না থাকা। ইচ্ছা না থাকা (৬০৫)।

বিণ. উদ্দেশ্য,-হীন,-বিহীন। লক্ষ্য,-শূন্য,-হীন। অনুদ্দিষ্ট। খেয়ালি।

ক্রি-বিণ. অকারণে। বিনা,-উদ্দেশ্যে,-কারণে। খামোকা মিছিমিছি শুধুশুধু। উদ্দেশ্যহীনভাবে।

৬২৯। অজুহাত

বি. অজুহাত ওজর অছিলা বাহানা বায়নাক্কা দোহাই ব্যপদেশ নিমিত্ত। উপলক্ষ আপত্তি। হেতুবাদ। খণ্ডন। যুক্তিপ্রদর্শন। আত্মপক্ষসমর্থন। ওকালতি। ছদ্মবেশ আবরণ। ছল ছুতা ছলছুতা ছুতানাতা। চাতুরী কৌশল। ফিকির ফন্দি। ভান ভণিতা। দাবি।

ক্রি. অজুহাত দেখানো। ছল বা ছুতা দেখানো বা করা। ওজর বা আপত্তি করা। ওকালতি করা।

কারণ দর্শানো। দাবি করা। ভান করা। চোখে ধুলো দেওয়ার চেষ্টা করা। রং দেওয়া বা চাপানো।
বিণ. কথিত। তথাকথিত। ব্যপদিষ্ট।
ক্রি-বিণ. আপাতদৃষ্টিতে।

৬৩০। প্রলোভন

বি. প্রলোভন লোভন বিলোভন। সম্মোহন বশীকরণ। প্রণোদন প্ররোচনা। আকর্ষণ গ্ল্যামার। যৌন,-আবেদন,-আকর্ষণ। নারীর হাসি। আসক্তি টান মোহ (৫১০)। ঘুষ উৎকোচ রিশওয়াত। বখশিশ টিপস্। জাদু তুক তাক (৯৯৮)। ডাইনী ডাকিনী মায়াবী মায়াবিনী বিদ্যাধরী কুনকী।
ক্রি. লুব্ধ বা প্রলুব্ধ করা। লোভ বা প্রলোভন দেখানো। কানে মধু ঢালা। কানে মন্ত্র বা ফুসমন্তর দেওয়া। ফুসলানো। মোহ বিস্তার করা। সম্মোহন করা। তুক তাক জাদু টোনা বা বশ করা। ভেড়া বানানো। পথে আনা। মাত করা। মাতানো। ঘুষ দেওয়া। টোপ দেওয়া বা ফেলা। রুপোর জুতো মারা। আকর্ষণ করা। ডাকা। হাতছানি দেওয়া। আমন্ত্রণ করা। ঘর থেকে বের করে নিয়ে যাওয়া। মন মজানো। ঘর মজানো। যৌন আবেদনে আকৃষ্ট করা। মোহিনী হাসি হাসা। লোভে পড়া। লোভ দেখিয়ে অসৎকর্ম করানো। লোভ দেখিয়ে উত্ত্যক্ত করা। উরু দেখানো। ইন্ধন যোগানো। সুড়সুড়ি দেওয়া।
বিণ. প্রলুব্ধ লোভিত প্রলোভিত। লুব্ধ। মোহমুগ্ধ (৫১০)। মোহিনী লাস্যময়ী চটকদার সেক্সি মদালসা। মদির। সম্মোহিত সংবিষ্ট।

৬৩১। নিবর্তন

বি. নিবর্তন নিরস্তকরণ। নিয়ন্ত্রণ। প্রতিবাদ আপত্তিদান। ভর্ৎসনা তিরস্কার ধমক হুমকি। বাধা নিষেধ বারণ। স্তোকবাক্য। নিরুৎসাহ ভগ্নোদ্যম নৈরাশ্য।
ক্রি. নিবৃত্ত নিরস্ত বা বিরত করা। হাঁ হাঁ করা। হাত ওঠানো। হাত গুটানো। আপত্তি করা। ধমক দেওয়া। তিরস্কার করা। ভয় দেখানো। জুজুর ভয় দেখানো। হুমকি দেওয়া। ঠেকানো। থামানো। সামলানো। থাবাথুবি দিয়ে রাখা। স্তোক দিয়ে রাখা। ভুলিয়ে রাখা। রাখা। আগলানো। ফেরানো। বাহুড়ানো। বোঝানো। নিরুৎসাহ করা। ঠাণ্ডা বা শান্ত করা। জিদ ভাঙানো। ভাংচি দেওয়া।
বিণ. নিবর্তক নিবর্তনমূলক। নিবৃত্ত প্রতিনিবৃত্ত ক্ষান্ত নিরস্ত। অনিচ্ছুক (৬০৫)। অবাঞ্ছিত অপ্রীতিকর। একগুঁয়ে (৬০৯)।

৬৩২। পরিকল্পনা

বি. পরিকল্পনা প্ল্যান যোজনা পরিকল্প। প্রকল্প প্রজেক্ট। পরিকল্পন পরিচিন্তন জল্পনা-কল্পনা কর্মপরিকল্পনা। অভিভাবনা বিবেচনা। প্রস্তাবনা নকশা নীলনকশা। মুসাবিদা। কাঠামো আদরা ছক। পূর্বাভাস। উদ্দেশ্য লক্ষ্য লক্ষ্যমাত্রা অভীষ্টলক্ষ্য। বিন্যাস সংস্থান সংস্থিতি সন্নিবেশ সংগঠন। কম্পোজিশন। সংহতি ভারসাম্য সামঞ্জস্য ব্যালান্স। কর্ম,কার্য,-ক্রম,-ধারা, -পদ্ধতি,-পন্থা। স্কিম প্রোগ্রাম কর্ম,কার্য,-সূচি। দফা। মাধ্যম। নীতি। উদ্ভাবন আবিষ্কার। সুযোগ সুবিধা। ব্যবস্থা বিধান বিধি কার্যবিধি। পদক্ষেপ বাস্তবায়ন। অনুগামী-কর্মসূচি ফলো-আপ -প্রোগ্রাম। আঘাত শক্তিপ্রদান। ফন্দি ফিকির মতলব। কৌশল ছল চাতুরী। টেক্কা তুরুপ। ষড়যন্ত্র চক্রান্ত সাঁট। উদ্যোক্তা সংগঠক প্রবর্তক ব্যবস্থাপক রচয়িতা। পরিকল্পক উদ্ভাবক আবিষ্কারক পৃষ্ঠপোষক সাহায্যকারী

সাহায্যদাতাদেশ। বার্ষিকী,পঞ্চবার্ষিকী,পাঁচসালা,
-পরিকল্পনা।

ক্রি. পরিকল্পনা বা প্ল্যান করা। বিন্যাস করা। সাজানো। নকশা করা। মুসাবিদা করা। ছক কাটা উদ্ভাবন বা আবিষ্কার করা। প্রস্তুত করা। প্রণয়ন করা। বাস্তবায়ন করা। ব্যবস্থা নেওয়া। ফাঁদা। ফন্দি আঁটা। কৌশল বা নীতি নির্ধারণ করা। প্যাঁচ কষা। চাপ দেওয়া। ষড়যন্ত্র বা চক্রান্ত করা।

বিণ. পরিকল্পিত। প্রস্তাবিত। উদ্দিষ্ট। পরিকল্পনা,প্ল্যান,-মাফিক। নীতিনির্ধারক। বিবেচনাধীন। কৌশলগত। বাস্তবায়িত।

৬৩৩। অনুধাবন

বি. অনুধাবন পশ্চাদ্ধাবন ধাবন অনুসরণ (২৭৬)। পদাঙ্ক-অনুসরণ। মনোনিবেশ অনুসন্ধান। উদ্যোগ উদ্যম প্রয়াস। সংগ্রাম কাড়াকাড়ি ঠেলাঠেলি। বৃত্তি ব্যবসায় (৬৩৪)। উদ্দেশ্য অভিলাষ। দুঃসাহসিকতা অ্যাডভেঞ্চার অভিযান। শখ খেয়াল। শিকার মৃগয়া গেম হান্টিং। চোরাশিকার পোচিং। বাঘশিকার বিগগেম। পশু,-হত্যা,-হনন। শিকারি ব্যাধ অক্ষটী তীবর তীরন্দাজ নিষাদ। খেদা। বিট। ফেউ। শিকারী কুকুর। মাছধরা অ্যাঙলিং। ছিপ বঁড়শি হুইল টোপ চার।

ক্রি. অনুধাবন করা। ধাওয়া করা। ধেয়ে যাওয়া। অনুসরণ করা। ছোটা। পিছু লাগা বা নেওয়া। দৌড় দেওয়া। কাড়াকাড়ি করা। লেগে থাকা। প্রয়াস পাওয়া। তাড়া করা বা দেওয়া। তেড়ে যাওয়া। ফেউ লাগা। অনুসন্ধান করা। খুঁজে বের করা। শিকার করা। ঢ্যাঁড়া পেটানো। মাছ মারা। মাছ খেলানো।

বিণ. অনুধাবিত পশ্চাদ্ধাবিত অবধাবিত। ধাবিত তাড়িত। অনুসৃত অনুবর্তিত অনুসরিত। পদাঙ্ক -অনুসারী। ধাবমান।

৬৩৪। ব্যবসায়

বি. ব্যবসায় পেশা জীবিকা জীবনোপায় উপ, -জীবক,-জীবন,-জীবিকা আজীব্য অবলম্বন। বৃত্তি বর্তন কাজকর্ম চাকরি চাকরি,-বাকরি নোকরি। কৃত্যক। সরকারি চাকুরি। সার্ভিস। বেসরকারি চাকরি। বদলির চাকরি। বদলি ট্রান্সফার। উপসেবা। নিযুক্তি। ক্রিয়া কর্ম কার্য কাজ। কর্তব্য ডিউটি চার্জ ভার দায়িত্ব বরাত। পদ ভূমিকা। অধিকার এলাকা বিভাগ রুটিন। সেরেস্তা দপ্তর।

কর্ম,-ক্ষেত্র,-স্থান,-স্থল (৬৯৪)। কর্ম,কার্য, -কাল। কর্মসংস্থান। নিয়োগপত্র অ্যাপয়েন্টমেন্ট -লেটার। কর্মসংস্থান-কেন্দ্র এমপ্লয়মেন্ট -এক্সচেঞ্জ। স্বনিযুক্তি। আয় রুজি রোজগার। গ্রাসাচ্ছাদন। ব্যবসাবাণিজ্য (৭৯৪)। জাতি, জাত,-ব্যবসায়। পেশাদারি। ব্যবসায়ী চাকুরিজীবী চাকুরে চাকরিয়া। পেশাজীবী পেশাদার। বৃত্তিজীবী।

ক্রি. ব্যবসায় লিপ্ত থাকা। জীবিকা অর্জন বা নির্বাহ করা। সংসার বা ঘর চালানো। অন্নসংস্থান করা। পেট চালানো। খাওয়া পরা। খেয়ে পরে থাকা। চাকরি খোঁজা। চাকরি পাওয়া। চাকরিতে ঢোকা। চাকরি করা। কাজ করা। কাজ কারবার করা। নিযুক্ত থাকা। নিজেকে নিয়োগ করা। কর্তব্য বা দায়িত্ব পালন করা। কার্যভার গ্রহণ করা। পদাসীন বা পদস্থ থাকা।

বিণ. ব্যবসায়সুলভ পেশাদার। আপিসি। কর্তব্যমূলক। ক্রিয়ামূলক। ন্যস্ত ভারপ্রাপ্ত একটিনি। ব্যস্ত নিরত চাকরিরত। চাকুরিপ্রার্থী। বেতন,বৃত্তি,-ভোগী।

৬৩৫। পথ

বি. পথ রাস্তা সড়ক রাহা নিগম মার্গ সম্মার্গ বর্ত্ম সরণি সরাণ সরণ সংসরণ সৃতি অধ্ব অয়ন।

পথ,রাস্তা,-ঘাট বাট। রোড স্ট্রিট অ্যাভিনিউ রাজ,-পথ,-মার্গ,-বর্ত্ম নাছ। বড়,সদর,-রাস্তা মেইনরোড। হাই,-ওয়ে,-রোড। ন্যাশনাল -হাইওয়ে জাতীয়-মহাসড়ক। পাকা,বাঁধানো, পিচের,-রাস্তা। পায়ে চলার রাস্তা। ফুটপাথ পেভমেন্ট সাইডওয়াক। গলি,-পথ। অলিগলি গলিঘুঁজি চোরাগলি ঘুঁজি সুঁড়ি লেন। সরু রাস্তা। কানাগলি ব্লাইণ্ড-লেন। গ্যাংওয়ে অ্যালি। কাঁচা, -রাস্তা,-পথ। সুরকির রাস্তা। রাঙা মাটির রাস্তা। ধূলিপথ গ্রামপথ মেঠোপথ। আলপথ। গোপথ। বন,মরু,গিরি,-পথ। গিরিখাত পাস। পার্বত্যপথ পাহাড়িরাস্তা। সোজা,সিধা,-রাস্তা। রাস্তার ধার। পথ,-পাশ,-পার্শ্ব। পথের ধার। চৌ,-পথ,-রাস্তা, -মাথা,-মোহনা। তেমাথা। পাঁচমাথা। চক। ক্রসিং জংশন। মোড়। সেতু ব্রিজ সাঁকো পুল কালভার্ট বাঁধ।

স্থল,জল,আকাশ,-পথ। রেল,-পথ,-লাইন। নৌ,সমুদ্র,জল,-পথ। বিমান,আকাশ,গগন,বোম, -পথ। গতিপথ (২৭৩)। মধ্যপথ (৬৩৬)। ঘুরপথ (৬৩৭)।

পথ পন্থা উপায় (৬৩৮)। কৌশল। পাথেয়। পান্থশালা সরাইখানা (১৮৭)।

ক্রি. পথ ধরা। পথ মাড়ানো। পথ চলা। পথ দেখা। পথ দেখানো। পথ দেওয়া। মোড় ফেরা।

বিণ. পথিক পথচারী পান্থ মার্গী রাহি রাহগির মুসাফির

৬৩৬। মধ্যপন্থা

বি. মধ্যপন্থা মাঝ,-পথ,-রাস্তা মধ্যপথ। মাধ্যমিকা। ওয়াসাত। উম্মাতে ওয়াসাত। গড় (৩০)। পরিমিততা (১৭২)। মধ্যমাবস্থা (৭০৫)। মধ্যস্থতা (৭৭৩)।

নিরপেক্ষতা। আপস সোলে।

ক্রি. মধ্যপন্থা অবলম্বন করা। মাঝ পথে চলা। সিধা চলা। আপস করা। অর্ধেক ছেড়ে দেওয়া।

বিণ. মধ্যপন্থানুগ মধ্যপন্থী। মধ্য। পরিমিত। নিরপেক্ষ। সোজা সিধা।

৬৩৭। ঘুরপথ

বি. ঘুরপথ উপপথ। ঘুর ঘোর ঘূর্ণি। ঘোর,-ফের, -প্যাঁচ। মারপ্যাঁচ ফন্দি ফিকির ফের অন্ধিসন্ধি। চক্র বর্তনী কুণ্ডলী। গোলকধাঁধা ভুলভুলাইয়া। পথান্তর। ঘুরপাক পাক বাঁক মোচড় বক্রতা। বিপথ (২৭৪)।

ক্রি. ঘুরা। ঘোরা। ঘুরেফিরে যাওয়া। পাক খাওয়া। মোচড় দেওয়া। প্যাঁচ কষা। হাত মোচড়ানো। ফাঁদ পাতা। কান ঘুরিয়ে নাক দেখানো। আঙুল ঘুরিয়ে পাঁচিল দেওয়া। গলায় আঙুল দিয়ে কাশ তোলা। জট পাকানো।

বিণ. ঘোরা ঘোরানো ঘোরপ্যাঁচওয়ালা প্যাঁচালো। বক্র,কুটিল,-গামী। সর্পিল আঁকাবাঁকা বাঁকা। চক্রাকার। জটিল কুটিল।

৬৩৮। উপায়

বি. উপায় পথ (৬৩৫)। পন্থা মার্গ সন্মার্গ তরিকা। কায়দা,-কানুন পদ্ধতি প্রণালী প্রক্রিয়া নিয়ম রীতি বিধান বিধি নির্বন্ধ নীতিতত্ত্ব। কৌশল টেকনিক প্রকরণ। গতি গতিক গতিবিধি। জুত জোত জো। চার চারা। দিশা হদিস। সুরাহা সমাধান মীমাংসা প্রতিবিধান প্রতিকার। যোগ সহায় প্রভাব মধ্যস্থতা। ধরন ধারণ অন্ধিসন্ধি। সংগতি সংস্থান অবলম্বন। রসদ পাথেয়। পুঁজি,-পাট্টা মূলধন। কারণ সাধিত্র অস্ত্র। যন্ত্রপাতি (৩৩৯)। প্রযুক্তি প্রকৌশল চাবি,কল,-কাঠি। হিকমত কেরামতি কেরদানি জারিজুরি কসরত। সাধন যোগতন্ত্র

মতবাদ। ধর্ম,জ্ঞান,ভক্তি,-মার্গ। জ্ঞান,কর্ম,ভক্তি,-যোগ। ন্যায়পন্থা মধ্যপন্থা। কর্ম,-পন্থা,-পদ্ধতি। কৃৎ,কর্ম,শিল্প,-কৌশল প্রযুক্তি নো-হাউ।

কূটকৌশল কলাকৌশল ফন্দি ফিকির ফন্দিফিকির ফন্দি,-বাজ,-বাজি। ধান্দা,-বাজ,-বাজি। প্যাঁচ ছল,-চাতুরি ছলাকলা চাল কপটতা কারসাজি কারচুপি তাগবাগ ঘাঁতঘোঁত সুলুকসন্ধান ব্যাপারস্যাপার।

উপায়ান্তর প্রকারান্তর। মাধ্যম এজেন্ট নিযুক্তক। দালাল মুৎসুদ্দি আমলা দাস ভৃত্য। ক্রীড়নক হাতেরপুতুল। পৃষ্ঠপোষক মুরুব্বি। মামার জোর।

ক্রি. উপায় করা। পথ বাতলানো। উপায় সহায় বা সম্বল থাকা। নির্ভর করা। উপায় বের করা। মুরুব্বি ধরা।

বিণ. প্রাকরণিক প্রকরণগত কৌশলগত। প্রণালীবদ্ধ প্রথা,-মতো,-সিদ্ধ। সহায়ক। নির্ভর,-যোগ্য,-শীল। জুতসই। যান্ত্রিক।

ক্রি-বিণ. কী উপায়ে। কী প্রকারে। কেমন করে। কেমনে। যেন তেন প্রকারেণ। যে ভাবেই হোক। যেমন করেই হোক। ছলেবলে কৌশলে। কৌশলে সুকৌশলে। কায়দা করে।

৬৩৯। যোগাড়যন্ত্র

বি. যোগাড়যন্ত্র যোগাড় আয়োজন এন্তেজাম সংগ্রহ আহরণ চয়ন তোড়জোড়। সাজ,-সরঞ্জাম,-সজ্জা। সরঞ্জাম উপকরণ উপাদান (৩৬৯)। উপাচার জিনিসপত্র সামান সামগ্রী বস্তু,দ্রব্য,-সামগ্রী। নির্মাণ সামগ্রী। আসবাবপত্র। জীবনোপকরণ। বাসস্থান আবাসসংস্থান। কাঁচামাল র-মেটেরিয়াল মালমশলা কাঠখড় তেলনুনলাকড়ি লোকজন সাজেরলাঠি ডেরাডাণ্ডা দড়িকলসি যন্ত্রপাতি (৩৩৯)। কলকবজা। লোটাকম্বল। চতুর্দশীর চৌদ্দশাক। কালি কলম মন। পাত। খাদ্য রসদ সম্ভার। বরাদ্দ রেশন। সরবরাহ যোগান তদবির। উদ্যোগ। বেনে মুদি জেলে। যোগানদার সরবরাহকারী পরিবেশক যোগাড়ে।

ক্রি. যোগাড় বা যোগাড়যন্ত্র করা। সংগ্রহ করা। জোটানো। পাওয়ানো। সরবরাহ করা। যোগান দেওয়া। সাপ্লাই দেওয়া বা করা। মেটানো। এন্তেজাম বন্দোবস্ত বা ব্যবস্থা করা। মজুদ বা উপস্থিত করা। জমা করা (৬৪০)। বোঝাই করা।

বিণ. যোগাড়কৃত। সরবরাহকৃত সংগৃহীত সংহিত। সংস্থিত সাজানো সজ্জিত সুসজ্জিত। সশস্ত্র। যোগাড়ে। চেয় বিচেয় প্রচেয় চয়নীয়।

৬৪০। সঞ্চয়

বি. সঞ্চয় জমা সঞ্চয়ন সঞ্চয়করণ অবচয়। সংগ্রহ যোগাড় সংহৃতি সংগ্রহণ সংগ্রহণী। আহরণ আহৃতি চয়ন বিচয়ন আচয় বিচয়। সংস্থান। সমাহার সমাহরণ সমাহৃতি সংকলন। পুঁজি মূলধন তহবিল। মজুত। মজুতদারি। পুঁজিকরণ। আনয়ন। আমদানি। আদায়। উশুল। গোলা মায়ামঘর মরাই। খামার। ফসল। আড়ত। আড়ং। গাদা স্তূপ ডাঁই ভুর। পুকুর। সরবরাহ। ভাণ্ডার আধার কুঠি নিধি। গুদাম মালখানা। হামার। সংগ্রহশালা সংগ্রহালয় যাদুঘর মিউজিয়াম। সঞ্চয়ব্যবস্থা। সঞ্চয়সংস্থা। ব্যাঙ্ক। সেভিংস ব্যাঙ্ক। বিমা। জীবনবিমা। ভবিষ্য,-নিধি,-তহবিল। প্রভিডেন্ট ফান্ড।

ক্রি. সঞ্চয় করা। আহরণ করা। জমানো। জমা করা। জমিয়ে তোলা। জমে ওঠা। জমিয়ে রাখা। জমা দেওয়া। মজুত করা। তোলা। তুলে রাখা।

ঘরে তোলা। জড়ো করা। বাঁচানো। আনানো। আনা। আদায় করা।
বিণ. সঞ্চিত অবচয়িত। সংগৃহীত সংহৃত। চয়িত। আহরিত আহৃত সমাহৃত। সংস্থিত। সংকেলিত। পুঞ্জিত পুঞ্জীকৃত স্তূপীকৃত রাশীকৃত। সিন্দুকজাত। বাক্সবন্দী। গোলাজাত। মজুদ। তোলা। নীত আনীত। আমদানিকৃত। সঞ্চেয়। সঞ্চীয়মান। সংগ্রহণীয়। আহরণীয় চয়নীয়। চেয় প্রচেয়। সঞ্চয়ী সঞ্চয়কারী। সংগ্রহ,-কর্তা,-কার,-কারী সংগ্রাহক সংগ্রহীতা। যোগাড়ে। আহরণকারী। সংকেলনকারী সংকলক সংকলয়িতা। আমদানিকারক। আনয়নকারী। মজুত,-দার,-কারী। আড়তদার। গোলদার।

৬৪১। পর্যাপ্ততা

বি. পর্যাপ্ততা পর্যাপ্তি সংকুলান পরিমিততা। পূর্ণতা পরিপূর্ণতা। সুসার সচ্ছলতা। প্রাচুর্য প্রতুল আধিক্য। সমৃদ্ধি শ্রীবৃদ্ধি। উর্বরতা (১৬৬)। সম্পদ (৭৭৬)।
ক্রি. সংকুলান হওয়া। কুলানো। কুলিয়ে যাওয়া। পর্যাপ্ত হওয়া। যথেষ্ট হওয়া বা থাকা। সন্তুষ্ট করা। কানায় কানায় ভরা। ঢালা। ভরা। পরিপূর্ণ হওয়া। থই থই করা। চলা। চালানো। আঁটানো। পোষানো।
বিণ. পর্যাপ্ত যথেষ্ট। পরিমিত। বরাদ্দ। প্রচুর প্রতুল ঢের অনেক খুব বেশ ঢালাও (৯৬)। অঢেল রাশিরাশি গাদাগাদি স্তূপাকার পূর্ণ পরিপূর্ণ ভরা পুরু। সংকুল সমাকীর্ণ। সন্তোষজনক। ধনবান (৮০৪)। উর্বর (১৬৬)।
ক্রি-বিণ. অকাতরে। মুক্তহস্তে। পুরাদস্তুর। পুরাপুরি।

৬৪২। অপর্যাপ্ততা

বি. অপর্যাপ্ততা অপর্যাপ্তি অসংকুলান অকুলন অকুলান অসংস্থান। অভাব ন্যূন,-তা,-ত্ব অপূরণ ঘাটতি কমতি পড়তি। অসচ্ছলতা অনটন টান টানাটানি। ঈষত্ত্ব অল্পত্ব অল্পতা (৯৭)। রিক্ততা নগণ্যতা অপ্রতুল অবাহুল্য অনাড়ম্বর পরিমিততা। অজন্মা। দুর্ভিক্ষ আকাল। অনশন উপবাস। দুঃসময় দুরবস্থা। দারিদ্র্য দৈন্য (৮০৫)। ভিক্ষা দান খয়রাত। মাগ্‌গি ভাতা। রাহিত্য রিক্ততা। ভাটা। কর্মখালী। দেউলিয়া দেউলিয়াত্ব। অনাদায় (৮০৯)।
ক্রি. সংকুলান না হওয়া। পর্যাপ্ত বা যথেষ্ট না হওয়া। কম কমতি বা ঘাটতি পড়া। কমা। অভাব পড়া বা হওয়া। টায়েটায়ে চলা। কোন প্রকারে চলা। দিন আনা দিন খাওয়া। ডানে আনতে বাঁয়ে না কুলানো। নুন আনতে পান্তা ফুরানো। কার্পণ্য করা (৮২০)।
বিণ. অপর্যাপ্ত অপ্রতুল অনধিক অপ্রচুর কম অল্প (৯৭)। অপূর্ণ (৫৩)। চারটিখানি সামান্য ঈষৎ যৎকিঞ্চিৎ যৎসামান্য। গনাগাঁথা। সীমিত পরিমিত। বিরল। অভাব,অনটন,-গ্রস্ত অসচ্ছল। উপবাসী অর্ধোপবাসী। দুর্ভিক্ষপীড়িত। দরিদ্র। রিক্তহস্ত হাতখালি। সংস্থানহীন (৮০৯)। হাতটান কৃপণ (৮২০)।
ক্রি-বিণ. টায়েটায়ে টেনেটুনে।

৬৪৩। বাহুল্য

বি. বাহুল্য বহুলতা (৯৬)। বেশিবেশি। বেশি। জাস্তি জেয়াদা আধিক্য অতিরেক মাত্রাতিরেক অতিরিক্ততা আতিশয্য আত্যন্তিকিতা অপরিমিততা। প্রাচুর্য ধুম। বাড়তি উদ্বৃত্তি। উপচয় উপচিতি। বাড়াবাড়ি। আড়ম্বর (৮৭৪)।
ক্রি. খুব বেশি হওয়া। ভেসে যাওয়া। ছেয়ে যাওয়া। ভরে যাওয়া। উপচানো। বাড়তি বা উদ্বৃত্ত হওয়া। বোঝাই করা। তেলে মাথায় তেল দেওয়া।

বিণ. বহুল অতিরিক্ত অত্যধিক অপরিমিত অপরিমাণ অপরিমেয় অতিশয় সাতিশয় নিরতিশয়। দেদার অঢেল। অফুরন্ত অফুরান আমযদা। বাড়তি একস্ট্রা ফালতু। উদ্বৃত্ত উদ্বর্ত বাড়ন্ত উপরি। বিস্তর ঢের। একশেষ এন্তার। এলাহি। ভূয়িষ্ঠ ভূয়সী বেজায় নিপট বেধড়ক তুমুল। যৎপরোনাস্তি যারপরনাই। কত। কত না। কতশত। অপর্যাপ্ত প্রয়োজনাতীত। অনাবশ্যকীয় অধিকন্তু ফাও।

ক্রি-বিণ. আকণ্ঠ আকর্ণ।

৬৪৪। ব্যবহার

বি. ব্যবহার প্রয়োগ নিয়োগ। অনুশীলন চর্চা। বিনিয়োগ। গ্রহণ। খাদন। ভোগ (৬৪৫)। কারিত্ব। উপযোগ উপযোগিতা। প্রয়োজনীয়তা (৬২০)। উপকার সুফল। সুযোগ। অবলম্বন। উপযুক্তি। কার্যকরতা। প্রযুক্তি প্রযুজ্যতা অ্যাপ্লিকেশন। ব্যবহার,প্রয়োগ,-বিধি। প্রয়োগবাদ। প্রযুক্তি, -বিদ্যা,-বিজ্ঞান অ্যাপ্লায়েড-সায়ান্স। প্রয়োগবিন্দু। সেবা। প্রচলন। রেওয়াজ চলন চল। ব্যবহারকারী ব্যবহর্তা প্রযোক্তা প্রয়োগ,-কর্তা,-কারী। নিয়োগকারী। খাদক ভোক্তা। বাজার। চাহিদা।

ক্রি. ব্যবহার করা। প্রয়োগ করা। কাজে লাগানো। চর্চা করা। আমল করা। অনুশীলন করা। নিয়োগ করা। খাটানো। উপকার বা সুফল পাওয়া। নির্ভর করা। অবলম্বন করা। প্রয়াস পাওয়া। চেষ্টা করা। সুবিধা বা সুযোগের ব্যবহার করা। নিয়োজিত করা। উৎসর্গ করা। গ্রহণ করা। নেওয়া। খাওয়া (২৯৩)। গেলা। পরা। ক্ষয় করা।

বিণ. ব্যবহার্য ব্যবহর্তব্য ব্যবহারযোগ্য। ব্যবহারিক প্রায়োগিক। কার্যকর কার্যোপযোগী উপযোগী কর্মোপযোগী। প্রয়োজনীয় প্রয়োজনসাধক কেজো কাজের। প্রযোজ্য। প্রযুজ্যমান। প্রযুক্ত প্রযুজ্য নিয়োজিত ব্যবহৃত গ্রহিত।

৬৪৫। ভোগ

বি. ভোগ খাদন ব্যবহার সম্ভোগ উপভোগ। ভোগ,-প্রবণতা,-তৃষ্ণা,-পিপাসা,-বাসনা, -স্পৃহা,-লালসা। ভোগাসক্তি ভোগাকাঙ্ক্ষা ভোগাভিলাষ। ভোগবিলাস। সুখভোগ। সেবা উপ,-সেবা,-সেবন। পরি,আধি,-ভোগ। বিলাস বিলাসব্যসন। বিলাসবাহুল্য। অপচয় (৮১৯)। বিষয়াসক্তি বিষয়ানুরাগ। ভোগ্যপণ্য ভোগ,-দ্রব্য, -সামগ্রী। ভোক্তা উপভোক্তা খাদক। ভোক্তার, -চাহিদা,-মূল্যসূচি,-ভারসাম্য,-উদ্বৃত্ত। আমোদ -প্রমোদ (৮৪৪)। আরামপ্রিয়তা।

ক্রি. ভোগ বা উপভোগ করা। আরামভোগ করা। সুখভোগ করা। খাওয়া (২৯৩)। পান করা। অপচয় করা।

বিণ. ভোগ্য উপভোগ্য। উপ,-সেব্য,-সেবনীয়। ভোগার্হ। সুখ,-ভোগ্য,-সেব্য। বিলাসবহুল বিলাসিতাপূর্ণ। আরামপ্রদ। সুখদ সুখাবহ। ভোগবিলাসময়। ভোক্তা ভোগী সম্ভোগী ভোগবান। খোর ভোগাসক্ত ভোগান্বেষী। উপ,-ভোক্তা, -সেবী,-সেবক। উপভুক্ত পরিভুক্ত। ভোগাভিলাষী ভোগাকাঙ্ক্ষী। বিলাস,-প্রিয়, -পরায়ণ বিলাসাসক্ত। বিলাসব্যসনপ্রিয়। আরামপ্রিয়। বিষয়াসক্ত বিষয়ানুরক্ত। বিষয়ী।

৬৪৬। অব্যবহার

বি. অব্যবহার অপ্রয়োগ অনিযুক্তি। অপ্রযুক্ততা। অপ্রযোজ্যতা। অপ্রচলন পরিহার পরিত্যাগ ত্যাগ ত্যজন বাদ। অনুপযোগিতা অপ্রয়োজন অপ্রয়োজনীয়তা।

ক্রি. ব্যবহার না করা। না খাটানো। না লাগানো। রাখা। বাঁচানো। আলাদা করে বা তুলে রাখা। বাদ দেওয়া। ফেলে দেওয়া। পরিত্যাগ করা। ভেঙে ফেলা।

বিণ. অব্যবহৃত অপ্রযুক্ত অনিযুক্ত। অচল অচলিত অপ্রচলিত। অপ্রয়োজনীয়। অব্যবহার্য। অকেজো। অকার্যকর। অনুপযোগী। অপ্রযোজ্য। বৃথা।

৬৪৭। অপব্যবহার

বি. অপব্যবহার কুব্যবহার অসদ্ব্যবহার। অপপ্রয়োগ ব্যবহারাসংগতি। অসংগতি। অক্রিয়া অকর্ম কুকর্ম কুকাজ। অপক্রিয়া অপকর্ম অপকীর্তি। অপচয় অপব্যয় অমিতব্যয় (৮১৮)।

ক্রি. অপব্যবহার বা অসদ্ব্যবহার করা। অপপ্রয়োগ করা। অশুদ্ধ বা অন্যায় প্রয়োগ করা। ভুল প্রয়োগ করা। আত্মসাৎ করা। অপবিত্র করা। অপচয় বা অপব্যয় করা। ছয়কে নয় নয়কে ছয় করা। অত্যধিক ব্যবহার করা বা খাটানো। খেয়ে বা গিলে ফেলা। নষ্ট করা। শ্রাদ্ধ করা। ভস্মে ঘি ঢালা। বেনা বনে মুক্তো ছড়ানো। জলে ফেলা। জলে দেওয়া। জলাঞ্জলি দেওয়া।

বিণ. অপব্যবহৃত। অপচিত অপচায়িত অপব্যয়িত।

৬৪৮। উপযোগ

বি. উপযোগ। উপযোগিতা। উপযুক্তি (৬৫০)। প্রয়োজনীয়তা। উপকারিতা কার্যকারিতা কার্যকরতা ফলপ্রদতা পর্যাপ্তি। দরকার কাজ ব্যবহার (৬৪৪)। কাজের জিনিস। কাজের লোক। সহায়তা (৭৫৭)। মূল্য মুনাফা লাভ ফায়দা সুফল উপকার। কল্যাণ মঙ্গল। উপযোগবাদ।

ক্রি. কাজে লাগা বা দেওয়া। ফল দেওয়া। সুফল ফায়দা বা উপকার হওয়া। কাজ করা। কাজে লাগানো। সম্পাদন করা। সাহায্য করা (৭৫৭)।

বিণ. উপযোগী প্রয়োজনীয় কার্যকর মূল্যবান। উপকারী। ফল,-দ,-দায়ক,-প্রসূ। উপযুক্ত যোগ্য যথাযোগ্য। ঠিক জুতসই লাগসই। অনুকূল। সুবিধাজনক। লাভজনক। সার্থক।

৬৪৯। অনুপযোগ

বি. অনুপযোগ। অনুপযোগিতা। অপ্রয়োজনীয়তা। অনুপকারিতা। অকার্যকরতা। অপ্রযোজ্যতা। অভাব। অযোগ্যতা অদক্ষতা অনুপযুক্ততা। মূল্যহীনতা নিরর্থকতা। তুচ্ছতা (৬৫৩)। আবর্জনা জঞ্জাল। রাবিশ। ছাই ভস্ম পাঁশ। গর্দা গাদ শিটা তলানি। খোসা ছোবড়া। অস্থান কুস্থান। অঘাট আঘাটা। কদন্ন কুখাদ্য। আগাছা।

ক্রি. কোন কাজে না লাগা বা আসা। অযথা পরিশ্রম করা। নিষ্ফল চেষ্টা করা। বাতাসে বাড়ি মারা। চালুনিতে পানি ঢালা। বেনাবনে মুক্তো ছড়ানো। অপ্রয়োজনীয় হওয়া। বিগড়ানো। বিকলাঙ্গ হওয়া। অকেজো হওয়া।

বিণ. অনুপযোগী। অপ্রয়োজনীয়। অকেজো। অব্যবহার্য। অচল বিকল। খারাপ। অনুপকারী অকার্যকর। নিরর্থক বৃথা অসার্থক। অযোগ্য অদক্ষ অক্ষম। মূল্যহীন লাভহীন। অনুর্বর নিষ্ফল। অখাদ্য অপথ্য। অভোজ্য। উচ্ছিষ্ট। ওঁছা। অপদার্থ। কাজের বাহির।

৬৫০। উপযুক্তি

বি. উপযুক্তি উপযুক্ততা। বাঞ্ছনীয়তা যথাযথতা যথাযোগ্যতা। উপযোজন। কার্যোপযোগিতা। কারিকাশক্তি। ঔচিত্য। যথার্থতা যুক্তিযুক্ততা

শোভনতা বিবেচনা। উপযোগ (৬৪৮)। সুযোগ সুবিধা। সময়। জুত বাগ। ফাঁকতাল। সুবিধাবাদ। প্রয়োগবাদ। প্রযুক্তিবাদ। কৌশল পরিহারকৌশল। অবস্থা পরিবর্তন। সাময়িক-ব্যবস্থা। স্টপগ্যাপ। শেষ চেষ্টা। প্রযুক্তি।

ক্রি. উপযুক্ত হওয়া। যথাযোগ্য হওয়া। ঠিক সংগত মানান বা শোভন হওয়া।

বিণ. উপযুক্ত যথাযোগ্য যথাযথ যথোচিত যথাযুক্ত যথার্হ। বাঞ্ছিত অভীষ্ট কাম্য। কার্যোপযোগী। যুক্তিযুক্ত। বিধেয়। গ্রহণযোগ্য গ্রহণীয়। শোভন মানান ভালো সংগত ঠিক। উচিত ন্যায্য। ধর্তব্য বিবেচ্য। যোগ্য সুযোগ্য। সুবিধাজনক। কায়দামাফিক। উপযোগী (৬৪৮)। ব্যবহারিক ফলিত প্রয়োগীয়। কার্যকর। প্রায়োগিক। প্রযোজ্য। প্রযুক্ত।

ক্রি-বিণ. যথা,-কালে,-সময়ে,-স্থানে।

৬৫১। অনুপযুক্তি

বি. অনুপযুক্তি অনুপযুক্ততা। অবাঞ্ছনীয়তা। অযথাযথতা অসংগতি। অনুপযোগ। অশোভনতা অবিবেচনা অনৌচিত্য। অন্তরায় প্রতিবন্ধকতা। ভুলপথ। ঘুরপথ(৬৩৭)। অসুবিধা। বজ্র আঁটুনি ফস্কা গেরো।

ক্রি. উপযুক্ত না হওয়া। ঠিক সংগত মানান বা শোভন না হওয়া। না মেলা। অসুবিধায় পড়া। বিব্রত বোধ করা।

বিণ. অনুপযুক্ত অযথাযথ। অবাঞ্ছিত অকাম্য। অবিধেয় অনুচিত অকর্তব্য অন্যায্য। বেঠিক বেমানান অশোভন। অগ্রহণযোগ্য অগ্রহণীয়। বেকায়দা অসুবিধাজনক। অস্বস্তিকর। অসন্তোষজনক। অলাভজনক। এলোমেলো জাবড়াধাবড়া জটপাকানো।

৬৫২। গুরুত্ব

বি. গুরু,-তা,-ত্ব। ভার ওজন। মূল্য মান। প্রভাব জাঁক প্রতিপত্তি। গুণ গরিমা মরতবা। মহত্ত্ব মাহাত্ম্য বৃহত্ত্ব। (৩২)। প্রাধান্য আধিপত্য (৩৪)। বৈশিষ্ট্য বিশিষ্টতা। আসল,মোট,মোদ্দা,-কথা। সারমর্ম মজ্জা শাঁস। অর্থ তাৎপর্য ভাবার্থ। উদ্দেশ্য। কেন্দ্র হৃৎকেন্দ্র। চাবিকাঠি। আসল -লোক। মাথা খুঁটি। পাত্তা গুরুত্বারোপ। গাম্ভীর্য। প্রয়োজনীয়তা। জরুরাত। চাপ তাড়না। উদ্যুক্তি।

ক্রি. গুরুত্ব ওজন। ভার বা মূল্য থাকা। গুরুত্ব ওজন বা মূল্য দেওয়া। আমল বা পাত্তা দেওয়া। ভ্রূক্ষেপ করা। গ্রাহ্য করা। গা করা। গায়ে মাখা। কানে নেওয়া। বিবেচনা করা। জোর বা ঝোঁক দেওয়া। গুরুত্ব আরোপ করা। দৃষ্টি আকর্ষণ করা। কেউকেটা হওয়া। নেতৃত্ব দেওয়া।

বিণ. গুরুত্বপূর্ণ। আসল মোদ্দা। প্রভাবশালী। বিশিষ্ট লক্ষণীয়। উদ্যুক্ত। মূল্যবান বৈশিষ্ট্যপূর্ণ। ঘটনাবহুল। চাঞ্চল্যকর। গুরু মহান। গম্ভীর গুরুগম্ভীর। কর্তৃত্বব্যঞ্জক। জরুরী আবশ্যকীয়। কঠিন সংকটময় সমস্যাসঙ্কুল। সর্বপ্রধান। প্রধান মুখ্য অগৌণ। প্রাথমিক। পরম। শ্রেষ্ঠ (৩৪)। মৌলিক। অপরিহার্য। তাৎপর্যপূর্ণ সারগর্ভ। বলিষ্ঠ (১৫৭)। তীক্ষ্ণ মর্মভেদী। স্মরণীয়। গণনীয় বিবেচ্য ধর্তব্য।

৬৫৩। গুরুত্বহীনতা

বি. গুরুত্বহীনতা তাৎপর্যহীনতা মূল্যহীনতা অকিঞ্চন,-তা,-ত্ব। গৌণতা। শূন্যতা। দীনতা দৈন্য। সামান্যতা তুচ্ছতা নগণ্যতা। ক্ষুদ্রতা (৩৩)। হীনতা (৩৫)। খেলনা পুতুল ক্রীড়নক। খড়কুটা হাবিজাবি। খোলামকুচি ঘটকর্পর। একদিনকা সুলতান। গোষ্পদে তুফান। অর্থহীনতা

অসংগতি বাজে কথা (৫৩৭)। খুঁটিনাটি টুকিটাকি। ভাঙচুর। কানাকড়ি ফুটোপয়সা পচাডিম। চুনোপুঁটি। মাকাল ফল। আমড়াকাঠের ঢেঁকি। গোবরগণেশ।

ক্রি. গুরুত্ব মূল্য ভার বা ওজন না থাকা। হালকা হওয়া। পাত্তা না পাওয়া। ঠুনকা হওয়া। ছোট করা। (৪৮৮)।

বিণ. গুরুত্ব,মূল্য,ওজন,তাৎপর্য,-হীন। নগণ্য তুচ্ছ। গৌণ পরোক্ষ। নির্গুণ। ফালতু বাজে আজেবাজে। অকিঞ্চিতকর। অনাবশ্যক অপ্রয়োজনীয়। অপ্রয়োজন নিষ্প্রয়োজন অ,বে,-দরকারি নির্নিমিত্ত। অবান্তর। সাধারণ চলনসই। মাঝারি মামুলি গতানুগতিক চিরাচরিত অতিসাধারণ। খেলো হালকা ঠুনকো লজ্ঝড়। কাগুজে। অকেজো। সস্তা। ভাক্ত গৌণ অপ্রধান। হেঁজিপেঁজি। অখাদ্য অখদ্যে,-অবদ্যে। অবগণিত অপরিগণিত। প্রয়োজনাতীত বাড়তি অতিরিক্ত ফাউ। অধিকন্তু। খুঁটিনাটি বাড়তিপড়তি ছুটকোছাটকা। লেজুড়। দরিদ্র (৮০৫)। দুর্বল (১৫৮)। শক্তিহীন (১৫৬)। হাস্যাস্পদ। অবজ্ঞেয় (৯৩৪)।

ক্রি-বিণ. অনর্থক খামোকা। বিনাপ্রয়োজন।

৬৫৪। ভালো

বি. ভালো,-ত্ব শুভ শিব হিত কল্যাণ সু। উৎকর্ষ (৬৫৯)। শ্রেষ্ঠ,-তা,-ত্ব। শ্রেয়,-তা,-ত্ব। শ্রেষ্ঠাংশ সার সারবত্তা। সারাৎসার। সুবিধা। উন্নতি (৬৬৯)। উপকার সুফল লাভ। মুনাফা। ফসল ফল। দান। প্রতিদান। আশীর্বাদ। পুরস্কার। সৌভাগ্য। সুখ শান্তি (৮২৯)। ভালাই কুশল মঙ্গল (৬৫৭)। সুবিধা (৭০৮)।

ক্রি. ভালো হওয়া বা করা। শুভ হিত বা কল্যাণ হওয়া। সুবিধা হওয়া। সুফল হওয়া বা পাওয়া। সাহায্য করা। লাভ উন্নতি বা শ্রীবৃদ্ধি হওয়া।

বিণ. ভালো উত্তম শুভ হিতকর কল্যাণকর। মঙ্গল,-কর,-জনক। ইষ্ট। সু। সাচ্চা খাঁটি। প্রয়োজনীয় (৬৪৮)। উপকারী। বেশ। সুষ্ঠু।

অব্য. সু।

৬৫৫। মন্দ

বি. মন্দ,-তা,-ত্ব। খারাপত্ব। মান্দ্য। অশুভ অশিব অহিত অকল্যাণ। অপকর্ষ (৬৬০)। অসুবিধা ক্ষয় ক্ষতি লোকসান। অনিষ্ট অনর্থ অপকার খারাবি। দোষ (৬৫৮)। কুফল। অকুশল অমঙ্গল। অভিশাপ। আপদ (৬৭৩)। বিঘ্ন বাধা মুশকিল মুসিবত। দুর্যোগ দুর্ঘটনা। সর্বনাশ (৭০৪)। আঘাত জখম ঘা আঁচড়। বিকৃতি। অঙ্গহানি। বেদনা দুঃখ (৮৩০)। দুর্ভাগ্য। ট্রাজেডি। অন্যায় দৌরাত্ম্য বলাৎকার পীড়ন। অসাধুতা। বদমায়েশি অহিতসাধন ক্ষতিসাধন। অপসংস্কৃতি। কুচক্র চক্রান্ত ষড়যন্ত্র।

ক্রি. মন্দ ক্ষতি বা অনিষ্ট করা। দুঃখ পীড়া বা বেদনা দেওয়া। ক্ষতিসাধন করা। মন্দ ঘটা। খারাপ হওয়া।

বিণ. কু মন্দ খারাপ বাজে ওঁছা জঘন্য রাবিশ। যাতা যাচ্ছেতাই। নীচ। অমঙ্গলকর। অশুভ অপ্রশস্ত। অনিষ্ট অধম। অহিতকর অকল্যাণকর ক্ষতিকারক (৬৫৮)। অসুবিধাজনক।

অব্য. কু। দুঃ। খোদা না খাস্তা। আল্লাহ্ না করুন।

৬৫৬। বিষ

বি. বিষ গরল গরদ গর গদ জহর হলাহল কালকূট। আহেয়। বিষবৃক্ষ বিষাক্তগাছ বিষকাঁটা বিষফল। বিষ,-দন্ত,-দাঁত। সর্পদন্ত সাপের দাঁত আশী। সর্প,সাপের,-বিষ। হুল কাঁটা কণ্টক নখ নখর থাবা চক্কর ফণা ফটা। অধিবিষ উপবিষ।

কৃত্রিম-বিষ। সেঁকো,শঙ্খ,-বিষ আর্সেনিক। সায়নাইড পটাশিয়াম-সায়নাইড। ফলিডল। মারকিউরিক-ক্লোরাইড। আফিম আফিং। কীটঘ্ন কীটনাশকদ্রব্য ইনসেকটিসাইড। ডি ডি টি। ফিনাইল। বিষাক্ত গ্যাস। বিষের ধোঁয়া। বিষকন্যা। বিষকুম্ভ।

বিষণ বিষসঞ্চার বিষক্রিয়া বিষার্তি। বিষের জ্বালা। কাটিঘা। দূষণ দূষিতকরণ। পাংশন তেজস্ক্রিয়তা রেডিও-অ্যাক্টিভিটি। বিষপ্রয়োগ। বিষপান। জহরব্রত। বিষ,-বিজ্ঞান,-বিদ্যা অগদতন্ত্র। বিষচিকিৎসা। বিষ,বৈদ্য,-চিকিৎসক ওঝা রোজা গুণিন জাঙ্গুলিক সর্পগুরু মালবৈদ্য গারুড়ি।

ক্রি. বিষপান করা। বিষ খাওয়া। বিষ দেওয়া। বিষ প্রয়োগ করা বা মেশানো। বিষানো। বিষিয়ে যাওয়া। সাপে কাটা। ছোবল মারা। ছোবলানো। বিষ ঝাড়া। বিষ নামানো।

বিণ. বিষাক্ত বিষদ বিষদুষ্ট বিষ,-মাখা,-ময়, -মিশ্রিত,-দিগ্ধ। বিষিত। বিষধর। স,-বিষ, -গরল,-গর। দূষিত দুষ্ট। দূষক দূষয়িতা।

৬৫৭। গুণ

বি. গুণ। গুণ,-বত্তা,-পণা,-শালিতা,-গ্রাম, -ভূষণ। গুণাবলি গুণালঙ্কার। ভালোগুণ সদ্‌গুণ (৯৪৬)। হিত মঙ্গল কল্যাণ শুভ। উৎকর্ষ (৬৫৯)। ভালোত্ব। যোগ্যতা গুণপনা দক্ষতা। ফজিলত উপকার (৯০৩)। মূল্য অর্ঘ দাম। দ্রব্যগুণ ধর্ম। মহিমা মাহাত্ম্য মণিমা। বিভব বিভূতি বিভু,-ত্ব,-তা। উৎকৃষ্টতা। বিশুদ্ধতা। শ্রেষ্ঠতা (৩৪)। অলোকসামান্যতা। বিস্ময়। অমূল্যধন। সজ্জন (৯৫০)।

ক্রি. গুণ থাকা। ফল দেওয়া। সুফল উপকার মঙ্গল বা লাভ হওয়া। উন্নতি বা ভালো হওয়া। ভালো করা। পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। টেক্কা দেওয়া। প্রতিদ্বন্দ্বিতা করা। তুলনা করা। পদাঙ্ক অনুসরণ করা।

বিণ. গুণী গুণান্বিত সগুণ। গুণ,-বান,-পূর্ণ, -ময়,-ধর,-ধাম,-নিধি,-মণি,-শালী,-কর,-রত্ন, -সিন্ধু। গুণাধার গুণার্ণব গুণাকর। গুণকারক উপকারক উপকারী। হিত,মঙ্গল,কল্যাণ,-কর। শুভংকর। কাম্য বাঞ্ছিত সন্তোষজনক। প্রয়োজনীয়। সুবিধাজনক। নির্দোষ নিষ্কলুষ নিষ্পাপ। অনিন্দনীয়। অনাপত্তিকর। প্রিয়। আশাব্যঞ্জক (৮৫৭)। শুভ ভালো (৬৫৪)। সৎ। সুন্দর শ্রেষ্ঠ (৩৪)। প্রকৃষ্ট প্রশস্ত। অপূর্ব। অলোক,-সামান্য,-সাধারণ,-সুন্দর। অনবদ্য। অনুপম নিরুপম অতুল অতুলনীয় অদ্বিতীয়। অননুকরণীয়। মূল্যবান দুর্মূল্য অমূল্য। স্বাস্থ্যকর। শুদ্ধ বিশুদ্ধ খাঁটি সাচ্চা নৈকষ্য। পরীক্ষিত। প্রশংসনীয়।

৬৫৮। দোষ

বি. দোষ। বদগুণ অপগুণ অবগুণ বিগুণ অগুণ (৯৪৭)। নৈর্গুণ্য। তমোগুণ তম। সঙ্গ,স্পর্শ, -দোষ। চরিত্র,স্বভাব,-দোষ। বংশদোষ। নৈতিক দোষ (৯৪৭)। অহিত অশুভ অমঙ্গল খারাবি অনিষ্ট অকল্যাণ। ক্ষয়ক্ষতি হানি। আঘাত জখম চোট। অপকর্ষ (৬৬০)। অযোগ্যতা। অনুপকার। অপরাধ। অভিশাপ। আপদ সর্বনাশ। দুষ্টগ্রহ দুর্গ্রহ দুর্দৈব দুর্ঘটনা দুর্যোগ দুর্দশা। দুর্ভোগ দুর্গতি। কুসুমে কণ্টক। কেঁচো খুঁড়তে সাপ। দুর্ব্যবহার অসদ্ব্যবহার। নিপীড়ন লাঞ্ছনা অত্যাচার বলাৎকার। অপব্যবহার।

ক্রি. ক্ষতি করা। যন্ত্রণা দেওয়া (৮৩১)। অন্যায় করা। অত্যাচার বা নিপীড়ন করা। পদদলিত

করা। জগদ্দল পাথর চাপানো। গুরুভার চাপিয়ে দেওয়া। দুর্ব্যবহার করা। অপব্যবহার করা। আঘাত বা জখম করা। কামড়ানো। আঁচড়ানো। গায়ের জোর করা। বলাৎকার করা। ছুরিকাঘাত করা। অযথা আক্রমণ করা।

বিণ. দোষজনক দোষাবহ দোষযুক্ত দোষাশ্রিত দোষময়। ক্ষতি,হানি,অনিষ্ট,অহিত,অকল্যাণ, অমঙ্গল,অশুভ,-কর। অমঙ্গল,-জনক,-সূচক। অশুভ,-সূচক,-দ্যোতক। অশুভংকর। অমঙ্গলময়। অশুভ। অপকারক ক্ষতিকারক। দুষ্ট দূষিত। বিষাক্ত। তামসিক তমোগুণান্বিত। ধ্বংসাত্মক। নির্গুণ মন্দ খারাপ (৬৫৫)। দোষী বদ(৯৫১)। লজ্জা,-কর,-জনক। ঘৃণার্হ নিন্দনীয় দূষণীয় জঘন্য ঘৃণ্য। অভিশপ্ত। রাক্ষুসে। পাশবিক। দুর্বিষহ দুঃসহ অসহ্য।

৬৫৯। উৎকর্ষ

বি. উৎকর্ষ উৎকৃষ্টতা ঔৎকর্ষ্য। প্রকর্ষ প্রকৃষ্ট, -তা,-ত্ব। পূর্ণাঙ্গতা পূর্ণতা সম্পূর্ণতা। পক্বতা পরিপক্বতা। আদর্শ। মান। উপমান। চরমোৎকর্ষ পরমোৎকর্ষ। অতুলনীয়তা অতুলতা অনন্যতা অনবদ্যতা অসামান্যতা। পাকা হাত। গুণ কুশলতা বাহাদুরি নিপুণতা নৈপুণ্য। যোগ্যতা। পুরস্কার।

ক্রি. সর্বাঙ্গ সুন্দর করা। কাজ পাকা করা। পূর্ণ করা। সম্পূর্ণ করা। উৎকর্ষ সাধন করা।

বিণ. উৎকৃষ্ট অত্যুৎকৃষ্ট সর্বোৎকৃষ্ট প্রকৃষ্ট পরাৎপর। উত্তম সর্বোত্তম শ্রেষ্ঠ সর্বশ্রেষ্ঠ। অনন্য অদ্বিতীয় অপূর্ব। এক,পয়লা,-নম্বর প্রথমশ্রেণীর আউওল ফার্স্টক্লাস এক্লাস হাইক্লাস। পূর্ণাঙ্গ। সম্পূর্ণ। সর্বাঙ্গসুন্দর। নিষ্কলঙ্ক নির্দোষ। নিটোল নিখুঁত। নির্ভুল। আদর্শ সেরা। জবর। বাছা। ছাঁকা। তোফা। চমৎকার। অনবদ্য। অনুপম অতুলনীয় অতুল তুলনাহীন নিরুপম। উন্নত। প্রশস্ত। পাকা পক্ব পরিপক্ব। পূর্ণপক্ব গাছপাকা। নৈকষ্য পরীক্ষিত। বিশুদ্ধ শোধিত খাঁটি। লাখে এক।

৬৬০। অপকর্ষ

বি. অপকর্ষ অপকৃষ্টতা। নিকৃষ্টতা অনুৎকর্ষ। কমতি ঘাটতি অভাব। গলদ ত্রুটি ভুল। খুঁত কলঙ্ক দাগ। অঙ্গহীনতা অঙ্গহানি। দুর্বলতা। কাঁচা হাত। দোষ (৬৫৮)। অপূর্ণতা অসম্পূর্ণতা।

ক্রি. অসম্পূর্ণ থাকা। অভাব থাকা। গলদ বা ভুল হওয়া বা থাকা। কাঁচা কাজ করা। ত্রুটি বা খুঁত থাকা।

বিণ. অপকৃষ্ট নিকৃষ্ট নিরেস। নীচ নীচুমানের। দুনম্বরি। অশ্রেষ্ঠ। অধম। অবম। অপূর্ণ। অসম্পূর্ণ। আধাখেঁচড়া অপুষ্ট দরকাঁচা কাঁচা অপক্ব অপরিপক্ব ডাঁসা। আমগন্ধি। অসিদ্ধ অর্ধসিদ্ধ। অবিশুদ্ধ অশোধিত। দুর্বল। ত্রুটিপূর্ণ গলদপূর্ণ। বদখদ উচ্ছিষ্ট। অতিসাধারণ। অপাঙ্‌ক্তেয়।

৬৬১। পরিষ্কার

বি. পরিষ্কার অমলতা বিমলতা নির্মলতা অমলিনতা অমালিন্য অনাবিলতা স্বচ্ছতা। পরিচ্ছন্নতা পরিষ্কারপরিচ্ছন্নতা সংশুদ্ধি পরিশুদ্ধি পারিপাট্য। চকচকানি ঝক,-ঝকানি,-মকানি। ফুটফুটে ভাব।

পরিষ্করণ সাফাই নির্মলীকরণ পরিষ্কৃতি। মঞ্জন মাজন মার্জন মার্জনা সম্মার্জন,-া। পরিমার্জন,-া। নিকষণ ঘষামাজা। ঝাড়পোঁছ। ঝাঁট। ধোয়া মোছা পোঁছা। ফরাস সম্মার্জক সাফাইওয়ালা ঝাড়ু, -দার,-বরদার,-ওয়ালা সুইপার। মেথর ধাঙড়

মলাকর্ষী। সম্মার্জনী ঝাড়ু ঝাঁটা উহনী খেংরো শলারঝাঁটা ফুলঝাড়ু বাড়ন ব্রাশ বুরুশ। ভ্যাকুয়াম ক্লিনার। ন্যাতা।

প্রক্ষালণ ক্ষালণ ধাবন ধৌতকরণ ধৌতি ধাতি বিধৌত নির্ণেজন কাচা ধোপ ধোলাই আড়ংধোলাই। নির্মন্থ,-ন নিংড়ানি। ক্ষার সর্জি সর্জিকা সাজি,-মাটি ক্ষার,-জল,-মৃত্তিকা। সোডা সাবান কাপড়কাচা-সাবান বার-সাবান গুঁড়োসাবান ডিটারজেন্ট-পাউডার। রিঠা। ধোপা রজক রজোহর বস্ত্রধাবক ক্ষারক। সম্মার্জক। ইস্ত্রিওয়ালা। ধোপারবাড়ি ধোবিখানা ধোপারপাট। ড্রাইক্লিনিং পেট্রোলওয়াশ। লন্ড্রি।

স্নান গোসল অবগাহন। ধারাস্নান। সূর্যস্নান। বাষ্পস্নান স্টিমবাথ। অঙ্গমার্জনা গাত্রধাবন উদ্বর্তন উচ্ছাদন। অভিষেক অভিসিঞ্চন। ওজু তায়াম্মুম। আচমন আচমনী আচমনীয় উপস্পর্শ। কুলি কুল্লি কুল,কুচা,-কুচো। দন্ত,-ধাবন,-মঞ্জন দাঁতমাজা দাঁতন মিশওয়াক দন্তমার্জনী টুথব্রাশ। দাঁতের, মাজন,-গুঁড়ো টুথপাউডার টুথপেস্ট। খড়কে, কাঠি দাঁতখিলাল। জলশৌচ। গামছা তোয়ালে। গোসলখানা স্নানঘর হামাম বাথরুম। ওজুখানা। টয়লেট সেতখানা পায়খানা পেসাবখানা।

শোধন পরিশোধন বিশোধন প্রস্রবণশোধনপ্রক্রিয়া। সংস্কার সংস্কৃতি সংস্ক্রিয়া সংস্করণ সংশোধন মেরামত। বাছাই ঝাড়াইবাছাই কাঁড়ানো ছাঁটাই ভানা। জাঁতা ঢেঁকি। কুলা শূর্প। ঝাঁঝরি চালুনি চালনী। ছাঁকন ছাঁকনি। গালন। পরি,-স্রুতি, স্রবণ,-স্রাবণ ফিল্টার। পাতন চোলাই অধঃক্ষেপণ অন্তর্ধূমপাতন। বীজবারণ নির্বীজন নির্বীজিকরণ স্টেরিলাইজেশন। অটোক্লেভ। সেন্ট্রিফিউজার। শোধনাগার শোধনালয় রিফাইনারি।

শুদ্ধ,-তা,-ত্ব বিশুদ্ধি বিশুদ্ধতা পরি,-শুদ্ধি, -শুদ্ধতা। বিশুদ্ধতাযাচাই কষণ নিকষণ। গোবরজল গোবরছড়া। শৌচ শুচিতা শুচি,-বাই, -বায়ু। ছুত,-মার্গ,-ধর্ম,-পন্থ।

ক্রি. পরিষ্কার বা সাফ করা। ধোয়া। কাচা। ধৌত করা। পাখলানো। ধোয়াপাখলা করা। ভাটি দেওয়া। সিদ্ধ করা। চেপা। নিংড়ানো। জলঝরানো। ধোপার বাড়ি দেওয়া। ধোয়ানো। কাচানো। কাপড় কাচা। সাবান কাচা। নাওয়া। স্নান বা গোসল করা। গা ধোওয়া। সাবান মাখা। আঁচানো। আচমন করা। হাত মুখ ধোওয়া। জলশৌচ করা। ছোঁচা। ছোঁচানো। ঝাড়া। ঝাড়ানো। মোছা। পোঁছা। মুছে নেওয়া। পুঁছে নেওয়া। ঝাড়পোঁছ করা। ঝাঁট দেওয়া। ঝাঁটানো। নিকানো। লেপা। রগড়ানো। ডলা। ঘষা। কচলানো। মাজা। পালিশ করা। চুনকাম করা। কলি ফেরানো।

ধোনা। কাঁড়া। ছাঁটা। ভানা। চালা। চেলে নেওয়া। বাছা। ছাঁকা। ছেঁকে নেওয়া।

চুয়ানো। শোধিত বা পরিশোধিত করা। শুদ্ধ বা বিশুদ্ধ করা। দোষ কাটানো। শোধরানো। শুধরে নেওয়া। ঠিক করা। নির্বীজ করা। পরিচ্ছন্ন বা পরিপাটি করা বা রাখা।

বিণ. পরিষ্কার সাফ। নির্মল অমল বিমল সুবিমল। অমলিন অম্লান মলিনতাশূন্য মালিন্য,-শূন্য,-হীন। অকলঙ্ক নিষ্কলঙ্ক কলঙ্কহীন। অনাবিল। শুচি। শুদ্ধ বিশুদ্ধ পরিশুদ্ধ। শুদ্ধীকৃত। মার্জিত পরিমার্জিত সম্মার্জিত। প্রক্ষালিত ক্ষালিত। ধৌত ধাবিত বিধৌত পরিষ্কৃত নির্মলীকৃত। পরিচ্ছন্ন পরিপাটি। সাফসুতরো। পরিষ্কারপরিচ্ছন্ন। ধোপদুরস্ত। আবর্জনাহীন নিষ্পঙ্ক অক্লিন্ন নিরঞ্জন। মৃষ্ট অভিমৃষ্ট সম্মৃষ্ট প্রমৃষ্ট। খাঁটি আসল।

স্নাত। পবিত্র পাকপাকিজ্জা পূত। পরিস্রুত অভিষুত নিষ্যন্দিত ক্ষরিত। বীজাণু,-মুক্ত,-শূন্য। নির্বীজিত। স্বচ্ছ শুভ্র সাদা সফেদ ফর্সা। ফটিক। স্ফটিকবৎ কাকচক্ষু। নিরবদ্য অনবদ্য। ঝকঝকে তকতকে চকচকে ঝকমকে ফটফটে ফুটফুটে ফকফকে ধবধবে টলটলে। চাঁচাছোলা। চালা। বাছা। ছাঁটা। ছাঁকা। মাজা। উপসৃষ্ট। শোধিত পরিশোধিত বিশোধিত পাতিত। কষিত নিকষিত। সংস্কৃত। সংশোধিত। শোধনযোগ্য শোধনীয় শোধ্য। শোধনকারী শোধক সংশোধক। সংস্কারক সংস্কর্তা সংস্কারকারী। মার্জক সম্মার্জক। প্রক্ষালনকারী প্রক্ষালক। শুচিবাইগ্রস্ত পিটপিটে।

৬৬২। অপরিস্কার

বি. অপরিস্কার। অপরিচ্ছন্নতা মলিনতা মালিন্য আবিল্য আবিলতা কলুষ কলুষতা। পঙ্কিলতা। অশুচি অশুচিতা। অশুদ্ধি অবিশুদ্ধি অবিশুদ্ধতা অশুদ্ধতা অপরিশুদ্ধি। অশোধন অপরিশোধন। অশোধনীয়তা। অপবিত্রতা। অখাঁটিত্ব। অসংশোধন। অপরিমার্জন অপরিস্কৃতি। খবিসি। নোংরামি। কলঙ্ক,-ময়তা কালিমা দাগ ছাপ ধাবড়া। অপরিস্রুতি। অক্ষালন। অসংস্কার অসংস্কৃতি অসংস্ক্রিয়া। অস্বচ্ছতা বিবর্ণতা বৈবর্ণ্য নিস্প্রভতা। ইল্লত ময়লা মল মলা নোংরো জঞ্জাল আবর্জনা গর্দা ওঁচলা,-মাটি। কালচিটা। ধূলাবালি। ভস্ম ছাই ছার পাংশু পাঁশ ছাই,-পাঁশ, -ভস্ম। অঙ্গার। কালি মসি। ঝুল কালিঝুলি ঝুলকালি পরিস্তোম। গদড়া হাবজা। খুস্কি। ক্লেদ ঘাম ঘর্ম। বিষ্ঠা পুরীষ গু মল বাহ্য। শ্লেষ্মা কফ সর্দি পোঁটা শিকনি গয়ের। কর্দম কাদা পঙ্ক পাঁক দক। গাদ কাইট শিটা তলানি। জং মরিচা ধাতুমল। আঁস্তাকুড় পাঁদাড় আঁদাড় ভাগাড় আঁদাড়-পাঁদাড় আঁচড়াকুড় পাঁশকুড়। ডাস্টবিন। গোবরগাদা। ছাইগাদা। ডাবর। পিক,-দান,-দানি। থুকদান কটকোল পূগপাত্র। ওয়েস্ট-পেপার -বাসকেট। অ্যাসট্রে। ধাপার মাঠ ধাপা। নর্দমা নালা নালি ড্রেন। দুর্গন্ধ পূতিগন্ধ। ঘৃণা ঘেন্না নাসিকাকুঞ্চন। গলন শটন পচন।

ক্রি. অপরিস্কার করা বা নোংরা রাখা। ময়লা বা নোংরা করা বা হওয়া। ধুলাবালি ধুঁয়া দাগ বা ময়লা লাগা। ধাবড়ানো। নষ্ট হওয়া বা করা। পচা শড়া বা টকা। গলা। হাজা। অশুদ্ধ বা অপবিত্র হওয়া। নাপাক করা বা হওয়া। অপরিচ্ছন্ন রাখা। গা ঘিন ঘিন করা। বমি আসা। নাক সিঁটকানো।

বিণ. অপরিস্কার অপরিচ্ছন্ন নোংরা সমল ময়লা মলিন কলুষিত কলুষযুক্ত আবিল অপরিস্কৃত। আবর্জনাপূর্ণ জঞ্জালপরিপূর্ণ। অশুদ্ধ অবিশুদ্ধ অপরিশুদ্ধ। অপবিত্র(৯৮৭)। অখাঁটি। অশোধিত। অবিশোধিত। অসংশোধিত। অশুদ্ধীকৃত। অমার্জিত অপরিমার্জিত অসংস্কৃত। ঘোলা অস্বচ্ছ গদলা ঘোলাটে ময়লাটে। পঙ্কিল কর্দমাক্ত ক্লেদাক্ত ক্লেদিত ক্লিন্ন গলিজ। কলঙ্ক,-ময়,-পূর্ণ কলঙ্কিত। নিস্প্রভ বিবর্ণ পাংশু। অক্ষালিত আধোয়া আকাচা আধৌত। অশুচি অমেধ্য। দূষিত। অপরিস্রুত আছাঁকা। কোরা। আচালা অচালিত। আবাছা আবাছাই। আছাঁটা। আকাঁড়া অকণ্ডিত। সতুষ। আঝাড়া। আছোলা। আউলা। বাসি পচা শড়া শটিত টক। গলিত বিকৃত। আদাড়ে। ভস্মাবৃত ভস্মাচ্ছন্ন ভস্মাচ্ছাদিত ছাইমাখা। খাস্তা কালাকিষ্টি। মরচে-পড়া। ছাই -পড়া। ম্যাড়মেড়ে ম্যাটমেটে। ঘিনঘিনে থিকথিকে। অশোধনীয় অশোধ্য শোধন-অযোগ্য। অপরিস্রাব্য।

৬৬৩। স্বাস্থ্য

বি. স্বাস্থ্য তবিয়ত সুস্থতা তন্দুরস্তি সহিসালামত সুস্থভাব। শরীর দেহ ধাত মেজাজ। বল তেজ বীর্য

শক্তি। সুস্থ,-দেহ,-শরীর,-কায়। রোগব্যাধি, শূন্যতা নির্ব্যাধি নিরাধি রোগাভাব অনাময়।

স্বাচ্ছন্দ্য স্বচ্ছন্দতা স্বস্তি সোয়াস্তি স্ফূর্তি। ক্লান্তি,ক্লেশ,-হীনতা অকষ্ট অক্লিষ্টতা অক্লান্তি অশ্রান্তি অশ্রম শ্রমাভাব। নির্ব্যথন নির্বেদন। আরাম। বিশ্রাম (৬৮৬)। সুখ সুখানুভাব সুখানুভূতি (৮২৯) সুখাসন।

নিরাময় শেফা রোগ,-মোচন,-মুক্তি,-শান্তি। উপশম কল্যত্ব। চিকিৎসা (৬৬৫)।

স্বাস্থ্য,-রক্ষা,-বিধি,-বিজ্ঞান। তাকতম্বি। স্বাস্থ্যসম্পদ। স্বাস্থ্য,দেহ,-চর্চা। স্বাস্থ্যকরতা (৬৬৭)।

ক্রি. স্বাস্থ্য ভালো থাকা। ভালো থাকা। সুস্থ থাকা। আরাম পাওয়া। আরাম হওয়া। গা জুড়ানো। জিরানো। জিরিয়ে নেওয়া। দম নেওয়া। স্বস্তিলাভ করা। স্বাচ্ছন্দ্য বোধ করা। স্বাস্থ্য উদ্ধার করা। আরোগ্য লাভ করা। রোগমুক্ত হওয়া। সারা। সেরে যাওয়া। সেরে ওঠা। ভালো হওয়া। গায়ে মাস লাগা। মরতে মরতে বাঁচা। জীবন ফিরে পাওয়া। নবজীবন পুনর্জীবন বা পুনর্জন্ম পাওয়া।

বিণ. স্বাস্থ্যবান। সুস্থ স্বস্ত স্বচ্ছন্দ ভালো নীরোগ রোগ,-হীন,-শূন্য অরোগ অজ্বর নীরোগী নীরুজ অরুগ্ণ। বহাল চাঙ্গা তাজা সতেজ তরতাজা চনমনে ঝরঝরে প্রফুল্ল সুখাসীন। অনবসন্ন নিরবসাদ অক্লান্ত অশ্রান্ত অপরিশ্রান্ত অপরিক্লিষ্ট অক্লিষ্ট অক্লম ক্লান্তিহীন। রোগমুক্ত নিরাময় অনাময়। প্রকৃতিস্থ। উপশমক উপশমকারী। উপশমনীয়। স্বাস্থ্যকর (৬৬৭)।

৬৬৪। ব্যাধি

বি. ব্যাধি আধি ব্যাধি রোগ অসুখ আময় আর্তি ব্যামো পীড়া অসুখবিসুখ গদ বেমার। রোগ,-ভোগ,-বালাই। অসুস্থতা অপুষ্টি অস্বস্তি অস্বাচ্ছন্দ্য। স্বাস্থ্য,-ক্ষয়,-ভঙ্গ,-হানি,-নাশ। মহা-রোগ,-ব্যামো,-ব্যাধি। রুগ্নদশা রোগ,-গ্রস্ততা,-জীর্ণতা। ক্ষয়। দেহ,-ক্ষয়,-পাত। রোগ,-কষ্ট,-ক্লেশ,-যন্ত্রণা,-যাতনা ব্যাধিযন্ত্রণা। বিকার। অবনতি। রোগাক্রমণ। রোগলক্ষণ লক্ষণ উপলক্ষণ উপসর্গ রোগচিহ্ন সিম্পটম নিদান। রোগজীবাণু বীজ জীবাণু অণুজীব। উদ্ভিজ্জাণু উদ্ভিদণু। ভাইরাস ব্যাকটেরিয়া। দূষণ। বীজদূষণ। ছোঁয়া ছোঁয়াচ স্পর্শ সংক্রমণ রোগসংক্রমণ স্পর্শক্রমণ। ছোঁয়াচে,সংক্রামক,-রোগ। পুরানোরোগ। বংশগত,বংশানুক্রমিক, পুরুষাণুক্রমিক,-ব্যাধি। রোগশয্যা রোগীরবিছানা। মারী মড়ক মহামারী এপিডেমিক মারীভয়। জন,হানি,-ক্ষয় লোকক্ষয়। রোগবিদ্যা: নিদান,-তত্ত্ব,-বিদ্যা,-শাস্ত্র। বিকারতত্ত্ব। ভৈষজবিদ্যা। চিকিৎসা,-বিজ্ঞান,-শাস্ত্র (৬৬৬)।

মস্তিষ্ক,-বিকৃতি,-বিকার। মানসিক,-ব্যাধি,-ভারসাম্যহীনতা। মনের রোগ মনো,-ব্যাধি,-বিকলন,-বিকার। অপ্রকৃতিস্থতা। পাগলামি বায়ুরোগ উন্মত্ততা ক্ষ্যাপামি। স্মৃতি,-ভ্রংশ,-বিভ্রম অপস্মার। মাথা,-ধরা,-ব্যথা শিরঃপীড়া। আধকপালি। জ্বর গা-গরম জ্বর,-জারি,-জ্বালা। পালাজ্বর ম্যালেরিয়া কম্পজ্বর পীতজ্বর সর্দিগর্মি হিট,-স্ট্রোক,-ফিভার। কালাজ্বর। ইনফ্লুয়েঞ্জা ফ্লু। ডেঙ্গু। টাইফয়েড সন্নিপাত। সান্নিপাতিক জ্বর। এন্টেরিক-ফিভার জ্বরাতিসার। বিকলাই। একজ্বরি। মেনিনজাইটিস। সর্দি কফ কাশি শ্লেষ্মা। সর্দি,কাঠ,ঘুংরি,হুপিং,হুপো,-কাশি। স্বরভঙ্গ। ডিপথিরিয়া। টনসিল।

ব্রঙ্কাইটিস নিউমোনিয়া। যক্ষা ক্ষয়রোগ টিউবারকিউলোসিস টিবি থাইসিস রাজরোগ

কাশরোগ ক্ষয়কাশ। প্লুরিসি ঝিল্লিপ্রদাহ। প্লেগ। কর্কটরোগ ক্যান্সার। ম্যালিগন্যানসি ম্যালিগনেন্ট। হৃদরোগ করোনারি-থ্রম্বসিস কারডিয়াক-অ্যারেস্ট হার্টব্লক ইস্কিমিয়া সন্ন্যাসরোগ। হাঁপানি অ্যাজমা টান শোষ,হাঁফ,-টান শোষ শ্বাসকষ্ট হাঁপের রোগ। পেটের অসুখ পেটখারাপ উদরভঙ্গ উদরাময়। অতিসার। ডায়রিয়া। ডিসেন্ট্রি আমাশা আমাশয় আমরক্ত রক্তআমাশয়। কলেরা ওলাওঠা বিসূচিকা দাস্ত,ভেদ,-বমি ভেদবমন। আন্ত্রিকরোগ গ্যাসট্রো -এন্ট্রাইটিস। পিত্ত,-বিকার,-রক্ত পিত্তের দোষ পিত্তাতিসার। উদরী উদরস্ফীতিরোগ শোথ ফোলারোগ ড্রপসি। বেরিবেরি। অম্বল অম্বলের ব্যারাম অম্লপিত্ত অম্লাধিক্য অম্লশূল অ্যাসিডিটি। চোঁয়াঢেকুর। অগ্নিমান্দ্য ক্ষুধামান্দ্য মন্দাগ্নি অরুচি। অজীর্ণ অজীর্ণতা অপাক বদহজম অপরিপাক হজমের গোলমাল নাড়ীমরা পেটগরম ডিসপেপসিয়া। পিলে,-প্লীহা,-রোগ। জন্ডিস পাণ্ডুরোগ পাণ্ডুক ন্যাবা কামলা। আলসার অন্ত্র,আন্ত্রিক,-ক্ষত গ্যাসট্রিক-আলসার ডুয়োডুনাম-আলসার। পাথুরি পাথুরিয়া-রোগ অশ্মরী পিত্ত,-পাথুরি,-শিলা গলস্টোন। বমি বমন উদ্‌গিরণ কাঠ,রক্ত,-বমি বমিবমিভাব বমনেচ্ছা বিবমিষা। ঢেকুর উদ্‌গার হেঁচকি হিক্কা।

চক্ষু,নেত্র,-রোগ চোখখারাপ আঞ্জনি আঁজনাই অঞ্জনিকা জেটি। নীলিকা। গ্লুকোমা। কনজাংটিভাইটিস। দন্ত,-শূল,-রোগ,-ক্ষয় দাঁতব্যথা দাঁতের পোকা কেরিস দন্তবেষ্ট। পূতিকর্ণ কর্ণ,-পাক,-কণ্ডু,-কৃমি,-শূল কানচুলকানি। ঘ্যাগ গলগণ্ড।

বসন্ত মায়ের-দয়া মসুরি মারীগুটিকা গুটিরোগ পক্স স্মলপক্স জল,পানি,-বসন্ত চিকেনপক্স। চর্মরোগ ত্বগদোষ। ফুসকুড়ি গোটা গুটি ফোসকা ফুরকনা। পিড়ক। ব্রণ জ্বরঠুটো। ঘামাচি। ফোড়া স্ফোটক বাগি বিষফোঁড়া। স্ফোট লোমফোড়া। কাঁকবেড়ালি কক্ষস্ফোটক। পাঁচড়া ঘা খোস খুজলি খোসপাঁচড়া পাঁকুই বিচর্চিকা পামা। চুলকানি কণ্ডু কণ্ডুয়ন। দাদ দদ্রু। হাজা পাঁকুই। একজিমা বিখাযুজ বিসর্প। হারপিস। নালিঘা কাউর। সেপটিক। ক্ষত ঘা। পুজ পুঁজ দূষিত-রক্ত। কলতানি। মামড়ি। বরণ্ড ইরিসিপ্লিস। আঙুলহাড়া। শয্যাকন্টক বেডসোর। আমবাত হাম হামজ্বর মিলমিলে মিনমিনা মিজল্‌স। আঁচিল। আব টিউমার গোঁড় গেঁজ। ছুলি মেচেতা। কুষ্ঠ ধসা গলিতকুষ্ঠ লেপ্রসি। শ্বেতী শ্বেতকুষ্ঠ ধবল। কুনখ কুনি নখ-কুনি,-ক্ষত, -ব্রণ,-শূল,-ঘাত। খুশকি বৃসী মরামাস।

মৃগী অপস্মার ফিটের-ব্যারাম মূর্ছা রোগ হিস্টিরিয়া। পক্ষাঘাত অঙ্গঅবশ প্যারালিসিস। পোলিও। ঝিনঝিনি ঝিনঝিন। রক্তাল্পতা রক্ত, -হীনতা,-স্বল্পতা অ্যানিমিয়া। রিকেটস।

বাত বাতরক্ত গেঁটেবাত অনিলাময় গ্রন্থিপ্রদাহ গাউট। সায়টিকা। সন্ধিবাত। পেশিবাত। আর্থারাইটিস কটিবাত আমবাত। লাম্বাগো কটিশূল কোমরেরব্যথা। গোদ ফাইলেরিয়া শ্লী,শিলা,-পদ। ধনুষ্টংকার টিটেনাস। জলাতঙ্ক হাইড্রোফোবিয়া র‍্যাবি। এনকেফেলাইটিস। শকুনিগ্রহ তড়কা কনভালসন। কলিক-পেইন কলিক রেনাল কলিক। একশিরা হাইড্রসিল কোষবৃদ্ধি। হার্নিয়া। অর্শ পাইলস ভগন্দর ফিসচুলা।

কোষ্ঠ,-কাঠিন্য,-বদ্ধতা কনস্টিপেশন কবজ মল,-বদ্ধতা,-রোধ। মূত্র,-দোষ,-মেহ বহুমূত্র মেহ প্রমেহ মূত্রাধিক্যরোগ। মধুমেহ ডায়াবিটিস। মূত্র, -কৃচ্ছ্র,-নিরোধ,-বন্ধ। মূত্রাঘাত বালীশ পাথুরি। প্রস্টেটের-অসুখ।

স্ত্রীরোগ: প্রদর রক্তপ্রদর। ঋতুরোগ স্নায়ুরোগ স্নায়ুশূল নিউরালজিয়া।। বাধক শ্বেতপ্রদর।

সূতিকা। ঠুনকো। শিশুরোগ: বালসানো। তড়কা। রিকেটস। যৌনরোগ (৪১৫): সিফিলিস উপদংশ গনোরিয়া এডস্।

ক্রি. রোগ হওয়া। রোগে ধরা বা পড়া। অসুখ বা অসুস্থ হওয়া। অসুখে পড়া। পীড়িত হওয়া। ভোগা। অসুখে ভোগা। শরীর ভাঙা বা ভেঙে পড়া। শরীর খারাপ করা বা হওয়া। শুকানো। শুকিয়ে যাওয়া। শক্তি বা স্বাস্থ্য হারানো। বিছানায় পড়া। শয্যা নেওয়া। জ্বর হওয়া। গা ভারি হওয়া। কম্প দিয়ে জ্বর আসা। ঠাণ্ডা লাগা। কাশা। গলাবসা। বুকে কফ জমা। খক খক করা। পেটমরা। বমি বা বমন করা। উগলানো। উগরানো। গা গুলানো। গা বমি বমি করা। পেটখারাপ হওয়া। পেট ফাঁপা। পিত্ত পড়া। ঢেকুর তোলা। ছানি পড়া। চোখ ওঠা। কান পাকা। কান কটকট ভোঁভোঁ বা ঝাঁ ঝাঁ করা। পুঁইয়ে পাওয়া। দেশ উজাড় হয়ে যাওয়া।

বিণ. রোগ,-গ্রস্ত,-ক্লিষ্ট,-জীর্ণ,-শীর্ণ,-দুর্বল, -কাতর। রোগাক্রান্ত রোগার্ত। রুগ্ন রুগী। অসুস্থ পীড়িত ব্যাধিগ্রস্ত। শয্যা,-গত,-শায়ী। স্বাস্থ্যহীন। হৃত,ভগ্ন,নষ্ট,-স্বাস্থ্য। অকল্য বেতর। রোগা রোগী রোগাটে রোগাপটকা। আর্ত আতুর। অস্বচ্ছন্দ অশক্ত অপটু দুর্বল তেজহীন ম্লান শীর্ণ বিশীর্ণ। বিকলাঙ্গ। ক্ষত বিক্ষত। অস্বাস্থ্যকর স্বাস্থ্যহানিকর। ছোঁয়াচে সংক্রামক। দুরারোগ্য। বিকারগ্রস্ত। বিকৃতমস্তিষ্ক। মাথা,খারাপ,-পাগল, পাগলা। উন্মাদ ক্ষিপ্ত ক্ষ্যাপা ন্যালাক্ষ্যাপা পাগলাটে। বাই,বাতিক,বায়ুরোগ,-গ্রস্ত। জ্বরিত জ্বরগ্রস্ত জ্বরাক্রান্ত। শ্লৈষ্মিক শ্লেষ্মাবাহী। হেঁপো। পেটরোগা। ঘেয়ো। খোসো। বেতো বাত,-রোগী, -গ্রস্ত,-রোগগ্রস্ত।

৬৬৫। প্রতিকার

বি. প্রতিকার প্রতিবিধান বিহিত বিধান ব্যবস্থা প্রতিসমাধান। প্রতিবিধিৎসা প্রতিবিধানেচ্ছা। নিবারণ অপনোদন দূরীকরণ। চিকিৎসা। রোগ, -নাশন,-নিবারণ,-দমন,-প্রতিশোধ। রোগ, -নিবৃত্তি,-মুক্তি। আরোগ্যলাভ। নিরাময়। আরোগ্যস্নান। আরোগ্যকামনা।

চিকিৎসাবিজ্ঞান (৬৬৬)। রোগনিদানতত্ত্ব প্যাথোলজি। রোগনির্ণয় ডায়াগনসিস। পরীক্ষা প্যাথলজিক্যাল-টেস্ট। রক্তপরীক্ষা। মল,মূত্র, থুথু,-পরীক্ষা। এক্সরে স্কায়াগ্রাম ছবি। ব্যবস্থাপত্র প্রেসক্রিপসন বিধান। চিকিৎসা ব্যবস্থা। ইলেকট্রোকার্ডিওগ্রাম ইসিজি। স্ক্যানার বডিস্ক্যানার।

ঔষধ ওষুধ ঔষধি তিব দাওয়া দাওয়াই ভৈষজ ভেষজ মেডিসিন ড্রাগ। ঔষধপ্রস্তুতবিজ্ঞান। মেটেরিয়ামেডিকা ভৈষজবিজ্ঞান। গাছগাছড়া। বিশল্যকরণী। অ্যান্টিবায়োটিক: পেনিসিলিন টেরামাইসিন স্ট্রেপটোমাইসিন। জোলাপ। হজমি। পাচন। আফিম কোকেন মরফিয়া। ট্রাঙ্কুইলাইজার। মকরধ্বজ মৃতসঞ্জীবনী। ভিটামিন খাদ্যপ্রাণ। বটিকা বটী বড়ি গুলি ট্যাবলেট পিল ক্যাপসুল। পাঁচন মিক্সচার অরিষ্ট। সালসা টনিক পেটেন্ট। প্রলেপ প্রদেহ পালো মালিশ মালাই। পুলটিস অয়েন্টমেন্ট মলম পেস্ট। লোশন। তোকমারি। সেক গরমসেক।

মাত্রা ডোজ দাগ পুরিয়া। অবলেহ অনুপান। খলনুড়ি। ব্যান্ডেজ পট্টি পটি ফেট্টি ফেটি। প্লাস্টার। গজ। টিকা। সিরাম। টক্সোইড। অ্যান্টিবডি।

ঔষধালয় দাওয়াখানা ডাক্তারখানা ফার্মাসি ডিসপেনসারি। কেমিস্টস্-শপ। দাতব্য

চিকিৎসালয় চ্যারিটেবল ডিসপেনসারি। ঔষধব্যবসায়ী ফার্মাসিস্ট। কম্পাউন্ডার। চিকিৎসালয় হাসপাতাল (৬৬৬)।

টোটকা মুষ্টিযোগ জড়ি বটি। জল,পানি,-পড়া তেলপড়া। ঝাড়ফুঁক ছুমন্তর তুকতাক। মাদুলি কবচ তাবিজ।

সেবা শুশ্রূষা শুশ্রূষণ সেবি,-তা,-ত্ব পরিচরণ পরিচারণ পরিচর্যা পরিষেবা নিষেবণ সেবন। সেবা,-কার্য,-কর্ম,-ধর্ম,-ব্রত সেবাযত্ন। আর্তসেবা। দেখভাল। সেবিকা পরিসেবিকা শুশ্রূষা,-কারী,-কারিণী নার্স সিস্টার। মেল নার্স। দাই ধাই ধাত্রী।

ক্রি. ডাক্তার দেখানো। চিকিৎসা করানো। রোগ ধরা। রোগ নির্ণয় করা। রোগ পরীক্ষা করা। চিকিৎসা করা। ইলাজ করা। ওষুধ দেওয়া। প্রেসক্রিপশন করা। ইঞ্জেকশন দেওয়া। সুঁই দেওয়া। অস্ত্র অস্ত্রোপচার বা অপারেশন করা। অবেদন করা। ঘুম পাড়ানো। অজ্ঞান করা। রোগ সারানো বা দূর করা। আরোগ্য বা আরোগ্যসাধন করা। রোগ প্রতিকার করা। ভালো করা। সেবা শুশ্রূষা বা সেবা যত্ন করা। দেহ ভালো করা। উপশম হওয়া। আরাম হওয়া। ভালো হওয়া। আরোগ্য লাভ করা। সারা। সেরে যাওয়া। পথ্য করা।

বিণ. প্রতিকারক নিরাময়কর। আময়িক। উপকারক। উপশমক। নিবারক প্রতিষেধক। নিদ্রাকারক। যাতনানিবারক। বীজবারক বীজঘ্ন বিষঘ্ন। নির্বীজ নির্বিষ অগদ। জ্বরঘ্ন। জ্বরান্তক। জ্বরনাশক। দাহঘ্ন। সর্বরোগহর। পথ্য। পুষ্টিকর। হজমি জারক পাচক। রেচক। আরোগ্য,-কর, -প্রদ,-জনক গুণকারক। বল,শক্তি,-বর্ধক। ঔষধীয় ঔষধঘটিত। চিকিৎসিত। সেবিত। উপচরিত উপশসিত উপশান্ত। প্রতিকার্য চিকিৎস্য চিকিৎসনীয়। চিকিৎসাধীন।

৬৬৬। চিকিৎসাবিজ্ঞান

বি. চিকিৎসা,-বিজ্ঞান,-শাস্ত্র,-বিদ্যা। ডাক্তারি মেডিক্যালসায়ান্স তিব্বিয়া। চরকসংহিতা। সুশ্রুতসংহিতা। শরীর,দেহ,-বিজ্ঞান। শরীর, -শারীর,-বৃত্ত অঙ্গসংস্থান ফিজিঅলজি। শারীরস্থান অ্যানাটমি। আদালতি-চিকিৎসাবিজ্ঞান মেডিক্যাল-জুরিস্প্রুডেন্স। হিপোক্র্যাটিস। গ্যালেন। ইবনেসিনা। সুশ্রুত জীবক চরক। চিকিৎসাবিজ্ঞানী চিকিৎসক ডাক্তার ডক্টর। ফিজিশিয়ান। সার্জন। গৃহচিকিৎসক ফ্যামিলিফিজিশিয়ান। ভিষক বৈদ্য কবিরাজ। হাকিম। লোকমান হাকিম। ধন্বন্তরি।

হৃদরোগ,-বিদ্যা,-বিশেষজ্ঞ কারডিওলজি কারডিওলজিস্ট। বক্ষব্যাধি,-বিদ্যা,-বিশেষজ্ঞ চেস্ট-স্পেশ্যালিস্ট। চক্ষুরোগ,-বিদ্যা,-বিশেষজ্ঞ চোখের-ডাক্তার অপথ্যালমলজিস্ট। দন্তশাস্ত্র ডেনটিসট্রি দাঁতেরডাক্তার ডেনটিস্ট। চর্মরোগ, -বিদ্যা,-বিশেষজ্ঞ। ডারমাটোলজি ডারমাটোলজিস্ট যৌনরোগবিশেষজ্ঞ। অস্থিরোগবিদ্যা অর্থপিডিক্স। অস্টিওপ্যাথ অস্থিরোগ চিকিৎসক। কান-নাক-গলার-ডাক্তার ই-এন-টি-স্পেশালিস্ট। স্নায়ুরোগ-বিশেষজ্ঞ নিউরোলজিস্ট। মনোরোগবিজ্ঞান সাইকাইঅ্যাট্রি মনোরোগবিজ্ঞানী সাইকাইঅ্যাট্রিস্ট। প্যাথগ্নমি অনুভূতিবিদ্যা। স্ত্রীরোগবিজ্ঞান গাইনোকলজি। ধাত্রীবিদ্যা প্রসূতিতত্ত্ব। শিশুস্বাস্থ্যবিজ্ঞান পিডিয়াট্রিকস। শিশুরোগবিশেষজ্ঞ পিডিয়াট্রিস্ট। রোগনিদানতত্ত্ববিদ প্যাথোলজিস্ট।

অ্যালোপ্যাথি। কবিরাজি আয়ুর্বেদ বৈদ্যশাস্ত্র। হাকিমি ইউনানি। বায়োকেমিক। হোমিওপ্যাথি সদৃশবিধান। শল্য,অস্ত্র,-চিকিৎসা সূচচিকিৎসা। সার্জারি। প্লাসটিক সার্জারি।
রশ্মিচিকিৎসা রেডিওথেরাপি। বৈদ্যুতিকচিকিৎসা ইলেকট্রোথেরাপি। অভিঘাতচিকিৎসা শকথেরাপি। ভৌতচিকিৎসা ফিজিঅথেরাপি প্রাকৃতচিকিৎসা। জল,তাপ,-চিকিৎসা। চাঁদসি। টোটকা মুষ্টিযোগ। দৈবচিকিৎসা। স্বপ্নাদ্যচিকিৎসা।
চিকিৎসালয় হাসপাতাল হসপিট্যাল শেফাখানা আরোগ্য,-নিকেতন,-শালা আতুরনিবাস। স্বাস্থ্যকেন্দ্র হেলথ্সেন্টার। ক্লিনিক পলিক্লিনিক। নার্সিংহোম। বৃদ্ধাশ্রম ওল্ডএজহোম। স্বাস্থ্যনিবাস স্বাস্থ্যালয় স্যানাটোরিয়াম।
প্রসূতি,মাতৃ,-সদন মেটারনিটিহোম। প্রসবগৃহ সূতিকাগার লেবাররুম। চক্ষুহাসপাতাল। পশু হাসপাতাল। মানসিকহাসপাতাল মেন্টাল, লুন্যাটিক,-অ্যাসাইলাম। কুষ্ঠহাসপাতাল। ঔষধ ঔষধালয় (৬৬৫)।

৬৬৭। স্বাস্থ্যকরতা

বি. স্বাস্থ্য,-করতা,-প্রদতা। সুস্থতা রোগ, শূন্যতা,-হীনতা। অনাক্রম্যতা। স্বাস্থ্য,-বিধি, বিজ্ঞান। আলো বাতাস ওজোন। পুষ্টি (২৯৫)। পোষ্টাই টনিক সালসা সুধা মৃতসঞ্জীবনী সুধা। প্রতিষেধ চিকিৎসা স্বাস্থ্যনিবাস স্যানাটোরিয়াম। স্বাস্থ্যোদ্ধার।
স্বাস্থ্য,শরীর,দেহ,-চর্চা ব্যায়াম খুরলি একসারসাইজ। অঙ্গ,-চালন,-সঞ্চালন। অঙ্গ, মর্দন,-সংবাহন। হাঁটা। দৌড়ানো জগিং। ড্রিল কুচকাওয়াজ। ডন বুকডন ওঠবোস বৈঠক। রিং। বার প্যারালালবার প্রেস বেঞ্চপ্রেস। মুগুর ডাম্বেল। ব্যায়ামাগার জিমনাশিয়াম আখড়া। ব্যায়ামশিক্ষক। ব্যায়াম,-বিদ,-বীর। বুক্তম হারকিউলিস স্যামসন টারজান স্যান্ডো ভীমভবানী। বিশ্বশ্রী মিঃইউনিভার্স।
যোগব্যায়াম যোগ আসন। যোগাসন: পদ্মাসন উত্থিত,উত্থান,-পদ্মাসন বকাসন কুক্কুটাসন গোমুখাসন গরুড়াসন শলভাসন বৃশ্চিকাসন মৎস্যাসন মৎস্যেন্দ্রাসন কূর্মাসন অর্ধকূর্মাসন ময়ূরাসন ব্যাঘ্রাসন উষ্ট্রাসন খঞ্জনাসন ভুজঙ্গাসন শীর্ষাসন জানুশিরাসন পদহস্তাসন তোলাংগুলাসন চক্রাসন হলাসন ধনুরাসন আকর্ণধনুরাসন অর্ধচন্দ্রাসন পর্বতাসন বীরাসন সিদ্ধাসন বজ্রাসন পবনমুক্তাসন পশ্চিমোত্তানাসন শবাসন যোগনিদ্রা।
ক্রি. স্বাস্থ্যের পক্ষে ভালো হওয়া। স্বাস্থ্যের পরিচর্যা করা। ব্যায়াম বা একসারসাইজ করা। হাঁটা। দৌড়ানো। জগিং করা। ওঠবোস করা। মুগুর বা ডাম্বেল ভাঁজা। দলাইমলাই করা। গা টেপা ডলা বা ম্যাসেজ করা। ফাল দেওয়া। শরীরে ধরা। রোগ থেকে সামলে ওঠা। হাওয়া বদল করা।
বিণ. স্বাস্থ্য,-কর,-প্রদ,-দায়ক,-প্রদায়ক। পুষ্টি, -কর,-বর্ধক (২৯৫)। বল,-কারক,-দায়ক, -বর্ধক। তেজস্কর। সুপাচ্য লঘু,সহজ,-পাচ্য। লঘুপাক। রোগবারক প্রতিষেধক। অগদ নির্বিষ নির্দোষ। নির্বীজ। অনাক্রম্য।

৬৬৮। অস্বাস্থ্যকরতা

বি. অস্বাস্থ্যকরতা। অসুস্থতা। সংক্রমণ। বিষ। বীজাণু জীবাণু (৬৬৪)। মড়ক। মারী মহামারী। অচিকিৎসা বিনাচিকিৎসা ভুলচিকিৎসা কুচিকিৎসা। চিকিৎসা,-বিভ্রাট,-সংকট বৈদ্যসংকট। স্বাস্থ্য,-ভঙ্গ,-হানি। কুফল। হাতুড়ে

কুচিকিৎসক কুবৈদ্য নাড়ীটেপাডাক্তার। কোয়াক।
ক্রি. স্বাস্থ্যের ক্ষতি করা। স্বাস্থ্য ভেঙে যাওয়া। চিকিৎসা না করা। ভুল চিকিৎসা করা।
বিণ. অস্বাস্থ্যকর অসুখকর ক্ষতিকারক। পীড়াদায়ক। বিষাক্ত। বিদাহী। ক্লেদাক্ত কলুষিত নোংরা। বদ্ধ। ভয়ানক খারাপ সাংঘাতিক মারাত্মক কঠিন। সান্নিপাতিক। সংক্রামক সংক্রামী ছোঁয়াচে স্পর্শক্রামী। অনারোগ্য আরোগ্যাতীত। দুরারোগ্য দুশ্চিকিৎস্য অচিকিৎস্য। ডাক্তারের -অসাধ্য। শিবের অসাধ্য। দুর্নিবার্য। দুষ্পাচ্য অপাচ্য। অপথ্য কুপথ্য।

৬৬৯। উন্নতি

বি. উন্নতি উত্থান উঠ্‌তি চড়তি নবোদয় অভ্যুদয়। বৃদ্ধি ঋদ্ধি (৩৬)। শ্রীবৃদ্ধি সমৃদ্ধি। পরিবর্ধন সংযোগ। যোগ। জোয়ার। উন্নয়ন উত্তোলন উন্নমন (৩০৫) উন্নতিসাধন উত্তরণ। সমুন্নতি সমুৎসেধ সমুন্নয় সমুন্নয়ন ক্রমোন্নতি সুভৃতি। পদোন্নতি। মহোন্নতি। সুবিন্দু। অগ্রগতি (২৭৫) প্রগতি। উৎকর্ষ প্রকর্ষ পরিকর্ষ উচ্ছ্রায় উচ্ছ্রয় উপচয় উদ্বর্তন। ক্রমোৎকর্ষ। বিকাশ ক্রমবিকাশ। সংস্কার উপস্কার। শোধন সংশোধন। শুদ্ধি। মেরামত। পুনর্গঠন। উদ্ধার পুনরুদ্ধার (৬৭১)। আর্থিক, অর্থনৈতিক,আর্থনীতিক,-উন্নতি। দেশের, জাতির,জাতীয়,-উন্নতি। জাতীয় আয়বৃদ্ধি। সমাজ,সমষ্টি,-উন্নয়ন সামাজিক উন্নতি।
পুনরুন্নয়ন পুনরুজ্জীবন নব,-জাগরণ,-জাগৃতি রেনেসাঁস। কৃষ্টি সংস্কৃতি তমুদ্দন সভ্যতা। সংস্কারক। উন্নয়ন,শ্রীবৃদ্ধি,-কারী। উন্নতিকারক উন্নেতা প্রগ্রেসিভ প্রগতিবাদী। আমূলপরিবর্তনবাদী র‍্যাডিক্যাল। বিপ্লবী।
ক্রি. উন্নত করা। উন্নতিবিধান করা। উন্নতিসাধন করা। অবস্থার উন্নতি করা। শ্রীবৃদ্ধি সাধন করা। সংস্কার বা সংস্কার সাধন করা। সংশোধন করা। শোধরানো। শুদ্ধ করা। সারা। সামলানো। শক্তিবৃদ্ধি করা। স্বাস্থ্যোদ্ধার করা। চাঙ্গা করা। পরিবর্ধন করা। পুনর্গঠন করা। পুনরুদ্ধার করা। অনুপ্রাণিত করা।
বিণ. উন্নত সমুন্নত ঋদ্ধ সমৃদ্ধ সমৃদ্ধিশালী। উন্নীত উন্নতিপ্রাপ্ত উন্নম্র। ক্রমোন্নত অগ্রসর প্রাগ্রসর। উনয়নশীল উঠতি উঠন্ত উদীয়মান। উত্তিষ্ঠমান উন্নতিমুখ উন্নয়ন,-উন্নতি,-কামী উচ্ছ্রায়ী। ক্রমোন্নত। উৎকৃষ্ট। সংস্কৃত সংশোধিত। পুনর্গঠিত। উন্নয়ন,সংশোধন,পুনর্গঠন,-সাধ্য। আরোগ্য, প্রতিকার,-সাধ্য। উন্নতি,উন্নয়ন, শ্রীবৃদ্ধি,-মূলক।

৬৭০। অবনতি

বি. অবনতি। অব,-নয়ন,-নমন। পতন বিনিপাত। স্খলন স্রংসন। চ্যুতি বিচ্যুতি। অধঃ, -পতন,-পাত। পাতিত্য। অধো,-গতি,-গমন (৩০৬)। অনুন্নতি অসমৃদ্ধি। অনগ্রসরতা অনগ্রগতি। অর্থনৈতিক বিপর্যয়। ভাঙন। হ্রাস (৩৭)। ভাটা পড়তি মন্দা। বিয়োগ। বিকার বিকৃতি পচন শটন। ক্ষয়ক্ষতি অবক্ষয় অবক্ষতি ক্ষয়িষ্ণুতা। দোষণ সংক্রামণ। দুর্নীতি নৈতিক অবনতি (৯৪৭)। ভেজাল খাদ মেশাল। পদাবনতি পদচ্যুতি। জরা ভীমরতি। উৎপাত। সর্বনাশ ছারখার ধ্বংস। কুবিন্দু।
ক্রি. অবনতি পতন বা অধঃপতন হওয়া বা ঘটা। পড়ে যাওয়া। অবস্থা পড়ে যাওয়া। পিছিয়ে পড়া বা পিছানো। পিছু হটা। পিছিয়ে থাকা। অলক্ষ্মীর দশা প্রাপ্ত হওয়া।
উৎসন্নে উচ্ছন্নে বা গোল্লায় যাওয়া। রসাতলে

যাওয়া। চাটি করা। নাশ বা ধ্বংস হওয়া। ছারখার হওয়া। ক্ষয় বা ক্ষতি হওয়া। ভাঙা চুরা বা টুটা। ক্ষতবিক্ষত হওয়া। ছিন্নভিন্ন হওয়া। খারাপ বা বিকৃত হওয়া। বিগড়ানো। পচা। গলা। বিষাক্ত ক্লেদাক্ত বা কলুষিত হওয়া। পোকা লাগা। ঘুণে ধরা। ময়লা বা মরচে পড়া। খাদ বা ভেজাল দেওয়া। নিচে নামা।

বিণ. অবনত অবনমিত অনুন্নত। পতিত অধঃপতিত। পশ্চাৎপদ। পশ্চাদ্‌বর্তী। অনুন্নত। অনগ্রসর। অসমৃদ্ধ সমৃদ্ধি,-হীন। অবনতিপ্রাপ্ত। অপজাত। নিকৃষ্ট অপকৃষ্ট। বিকৃত বিনষ্ট উৎসন্ন। দুষ্ট কীটদষ্ট পোকায়-কাটা ঘুণে-ধরা। শুষ্ক। বিবর্ণ। ছাতাপড়া। জীর্ণ শীর্ণ। চটা ফাটা টুটা ভগ্ন ভাঙা। পঙ্গু বিকলাঙ্গ। ক্ষতবিক্ষত ছিন্নভিন্ন। খারাপ খানেখারাপ ছারখার। শ্রী,-ভ্রষ্ট,-হীন।

৬৭১। পুনরুদ্ধার

বি. পুনরুদ্ধার প্রত্যুদ্ধার। পুনঃ,-স্থাপন,-প্রতিষ্ঠা। প্রত্যানয়ন। পুনরধিকার পুনর্গঠন পুনর্বিন্যাস। নবীকরণ। পুনর্নবীকরণ। নবীভবন। নব,-জন্ম, -জীবন। পুনর্জন্ম পুনর্জীবন রেনেসাঁস পুনরুদ্ভব পুনরুৎপত্তি। পুনরুত্থান সমুত্থান। নবজাগরণ। রোগমুক্তি আরোগ্য। শ্রমবিনোদন। বলাধান বলোদ্ধার। উপশম নিবৃত্তি। ক্ষতিপূরণ প্রত্যর্পণ পুনর্দখল। ত্রাণ সাহায্য। পুনর্বাসন পুনর্বসতি। উদ্ধার জীর্ণোদ্ধার নষ্টোদ্ধার লুপ্তোদ্ধার। দাগরাজি। সংস্কার মেরামত জোড়াতালি।

ক্রি. পুনরুদ্ধার করা। টেনে ওঠানো। তোলা। উদ্ধার করা। দাঁড় করানো। খাড়া করা। জাগানো। ভালো করা। চিকিৎসা করা। উপশম হওয়া। আরোগ্য লাভ করা। সারা। স্বাস্থ্যোদ্ধার করা। বলাধান করা। চাঙ্গা করা বা হওয়া। শক্তি ফিরে পাওয়া। ক্ষতিপূরণ করা। পুনর্দখল দেওয়া। ফিরিয়ে দেওয়া। পুনর্গঠন করা। ত্রাণ বা সাহায্য করা। পুনর্বাসন করা। ভাঙা কপাল জোড়া দেওয়া। জোড়া দেওয়া। সেলাই করা। তালি বা তাপ্পি দেওয়া। মেরামত বা সংস্কার করা। সারানো। ঠিক করা। ঝালা। ঝালানো।

বিণ. পুনরুদ্ধারকৃত। পুনরুৎপন্ন পুনরুদ্ভূত পুনর্জাত পুনরুজ্জীবিত। নবীকৃত নবীভূত। সংস্কারসাধিত। প্রতিকারক। প্রতিকার, আরোগ্য,-সাধ্য। বৃংহণ। বৃংহিত।

৬৭২। পুনঃপতন

বি. পুনঃপতন। পুনরাক্রমণ পুনঃপ্রকোপ পুনরাবৃত্তি পুনরাবির্ভাব পুনঃপ্রকাশ। অপরাধপ্রবণতা। স্বধর্ম,স্বদল,-ত্যাগ। পশ্চাদগতি প্রতীপগতি। অবনতি পতন (৬৭০)।

ক্রি. পূর্বাবস্থায় পুনঃপতিত হওয়া। আবার বিছানা নেওয়া। পুনরায় রোগে ভোগা। পুনরায় খারাপ বা মন্দ হওয়া। পুনরায় কুকর্ম বা অভ্যাসে লিপ্ত হওয়া। জেলে ফিরে আসা।

বিণ. পুনঃপতিত। পুনরাক্রান্ত। পুনঃপ্রকোপিত পুনঃপ্রকাশিত।

৬৭৩। বিপদ

বি. বিপদ বিপৎ আপদ বিপদাপদ আপদবিপদ আপত্তি বিপত্তি খতরা ফের আলাই অভ্যাপাত। ধকল তাল বাধা বিঘ্ন। ঝক্কি ঝকমারি ঝঞ্ঝাট ঝামেলা ধাবকা হ্যাপা হাঙ্গামা। বালা বালাই মুসিবত বিপাক দুর্বিপাক উপদ্রব। প্রমাদ অনিশ্চয়তা। অস্থায়িত্ব। সম্বাধ সংকট মুশকিল। সর্বনাশ। দফারফা। শনির দশা বা দৃষ্টি। দুরাশা। দুর্দশা। দুরবস্থা (৭০৪)। বিপদ,-পাত,-সংঘটন।

বিপদ,বিপৎ,বিপত্তি,–কাল। সংকট,–কাল,–সময় আসন্নকাল দুঃসময় অসময়। বিপদ্দশা বিপন্নঅবস্থা বিপন্নতা আপদ্দশা অসহায়তা। মহাসংকট সংকটসমুদ্র বিপৎসাগর অকূলপাথার আথান্তর অথান্তর আতান্তর। সমূহ,আসন্ন, –বিপদ। শিরে সংক্রান্তি। শিয়রে শমন। শাঁখের করাত। উভয়সংকট মাচকাফের। দুর্ঘটনা অকু অঘটন অ্যাকসিডেন্ট অনর্থ,–পাত অনিষ্টপাত। দুর্ঘটনাস্থল অকু,–স্থল,–স্থান ঘটনাস্থল সরজমিন। নৈসর্গিক ঘটনা। প্রাকৃতিক,–বিপর্যয়,–প্রলয়। সংবর্ত। ধ্বংসে প্রলয়।

আশঙ্কা বিপদাশঙ্কা। বিপদের সম্ভাবনা। বিপদসংকুলতা সংকটময়তা সমস্যাসংকুলতা। বিপদসংকেত (৬৭৭)। বিপদ একা আসেনা। যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়। মরণকালে হরিনাম। আপদধর্ম।

ক্রি. বিপদে পড়া। বিপদের সম্মুখীন হওয়া। মারা যাওয়া বা পড়া। উভয়সংকটে পড়া। সাপের ছুঁচো গেলা। সাপের মাথায় পা দেওয়া। অন্ধকার দেখা। ঝুঁকি নেওয়া। বিপদ ডেকে আনা। সর্বনাশ হওয়া। পথে বসা। ফেঁসে যাওয়া। ফাঁদে পড়া (৬৭৬)। কাদায় বা পানিতে পড়া। প্যাঁচে পড়া। ঠেকায় পড়া। কারে পড়া বা আটকানো। প্রাণ ওষ্ঠাগত হওয়া। প্রাণ বার হবার উপক্রম হওয়া বা করা। লেজে-গোবরে হওয়া। অকূলে ভাসা পড়া বা ডোবা। ঘোল খাওয়া। মজা টের পাওয়া।

বিণ. বিপজ্জনক বিপদাত্মক। বিপদ,–গর্ভ,–পূর্ণ, –বহুল। বিপত্তি,–বহুল,–কর। সংকট,–জনক, –পূর্ণ,–ময়। বিঘ্ন,–ময়,–সংকুল,–বহুল। মারাত্মক আত্যয়িক সাংঘাতিক। কঠিন গুরুতর সঙ্গিন সর্বনাশা। বিপদ,আপদ,–কালীন। আপতিক দুর্ঘটনাজাত। বিপদ,আপদ,–গ্রস্ত। আপন্ন বিপন্ন বিপদাপন্ন বিপদবিহ্বল। বিপর্যস্ত দুরবস্থ ব্যতিব্যস্ত। ওষ্ঠাগত কণ্ঠা,–গত,–প্রাণ। লবেজান। বেগতিক উপায়হীন নিরাশ্রয়। কম্পমান টলটলায়মান পতনোন্মুখ। ভয়ঙ্কর ভয়াল ভয়াবহ ভয়দ। আধিদৈবিক।

অব্য. লা হাওলা।

৬৭৪। নিরাপত্তা

বি. নিরাপত্তা নির্বিঘ্নতা সুরক্ষা। নিশ্চয়তা। অভেদ্যতা দুর্ভেদ্যতা। রক্ষা রক্ষণ। মুক্তি। পরিত্রাণ নিষ্কৃতি নিস্তার বাঁচোয়া। ভরসা নির্ভর। অবলম্বন হিল্লা আশ্রয় (৬৭৫)। নির্ভরযোগ্যতা। বিশ্বাসযোগ্যতা। সর্তকতা সাবধানতা (৬৭৭)। রক্ষণাবেক্ষণ রক্ষণ তত্ত্বাবধান অভিভাবকত্ব। প্রহরা পাহারা নজরদারি চৌকিদারি। আমানত। রক্ষক অভিভাবক তত্ত্বাবধায়ক ওয়ালি মুরব্বি। আমানতদার জিম্মাদার হাওলাদার। ধাত্রী। ছাড়পত্র পাঞ্জা দস্তক অভয়পত্র। মঙ্গলসূত্র। রাখি। রক্ষা,–কবচ,–মন্ত্র,–গুরু,–দেবী। অস্ত্র। বর্ম। প্রতিরক্ষা। রক্ষী রক্ষক প্রহরী দ্বারী দ্বার,–পাল, –বান,–রক্ষক দারোয়ান সান্ত্রী। সেন্ট্রি গার্ড। বডিগার্ড দেহরক্ষী। নাইটগার্ড। চৌকিদার। পাহারা,–দার,–ওয়ালা। থানা ফাঁড়ি চৌকি। পিকেট। হাজত। কারাগার। হাতকড়া হ্যান্ডকাফ বেড়ি। পুলিশ আরক্ষা কোতোয়াল কন্সটবল সিপাই সিপাহি। দারোগা। হাবিলদার সুবেদার জমাদার দফাদার। বিশ্বপুলিশ ইন্টারপোল। বিচারক কাজি। বিচারবিভাগ। শাসক ম্যাজিস্ট্রেট। গোয়েন্দা সৈন্য রক্ষীসৈন্য রক্ষীবাহিনী মিলিশ্যা আনসার সীমান্তপ্রহরী নৌসেনা। (৭৭০)। যুদ্ধজাহাজ (৭৭১)। বিমানবিধ্বংসী–কামান। দুর্গ কেল্লা গড় ফোর্ট। প্রাকার প্রাচীর দেয়াল। বেড়া। কাঁটাতারের বেড়া। ব্যারিকেড। পরিখা খাদ

গড়খাই। ট্রেঞ্চ বাংকার। পিলবক্স। ব্যূহ। সিন্দুক। লকার ভল্ট স্ট্রংরুম। কুলুপ তালা লক ল্যাচ। তালাচাবি। চাবি।

ক্রি. রক্ষা করা। সংরক্ষণ করা। অনুরক্ষণ করা। ঢেকে রাখা। আশ্রয় দেওয়া। সামলানো। আগলানো। বাঁচানো। সাবধান হওয়া। আক্রমণ প্রতিহত করা। তত্ত্বাবধান করা। সাথে থাকা। এগিয়ে দেওয়া। দৃষ্টি চোখ লক্ষ্য বা নজর রাখা। খবরদারি করা। গোপনে লক্ষ্য করা। গোয়েন্দাগিরি করা। সন্ধান বা খোঁজ রাখা। পাহারা দেওয়া। পাহারায় মোতায়েন থাকা।

বিণ. নিরাপদ নির্বিঘ্ন নিরুপদ্রব নিরত্যয়। বিপদুত্তীর্ণ বিপদমুক্ত। অভেদ্য দুর্ভেদ্য অজেয় অনাক্রম্য। রক্ষিত সুরক্ষিত সংরক্ষিত (৬৭৮)। রক্ষণীয় রক্ষ্য। প্রহরাধীন নজরবন্দী। তালাবন্ধ বাক্সবন্দী। নোঙরবদ্ধ। জলাভেদ্য। জলরোধক। অগ্নি,-সহ,-রোধী। জলবায়ুসহ। সমুদ্রোপযোগী। নির্ভরযোগ্য। নির্ঝঞ্ঝাট।

ক্রি-বিণ. নিরাপদে নির্বিঘ্নে। ভালোয়ভালোয়। প্রহরায়। পুলিশ প্রহরায়।

৬৭৫। আশ্রয়

বি. আশ্রয় শরণ সহায়। সহায়সম্বল অবলম্বন সংশ্রয়। ভরসা নির্ভর। আশ্রম। অনাথাশ্রম। দুর্গ গড় কেল্লা। থাকার জায়গা। মাথা গোঁজার ঠাঁই। ঠাঁই ঘর আলয় বাসা। নিভৃতাবাস গুপ্তাবাস। বন্দর পোতাশ্রয় জেটি। বাঁধ। নোঙর শিকল কাছি। লাইফবেল্ট। রাজনৈতিক আশ্রয়। আশ্রয়, শরণার্থী,-শিবির। আশ্রয়দাতা।

ক্রি. আশ্রয় নেওয়া বা দেওয়া। থাকতে দেওয়া। রাখা। হিল্লা করা। আশ্রয় প্রার্থনা করা। লুকিয়ে থাকা। পালিয়ে থাকা। ঘরে ফিরা বা ফেরা। ঘাটে ভিড়া বা ভেড়া। নোঙর করা বা ফেলা।

বিণ. আশ্রয়প্রার্থী শরণার্থী তিতীর্ষু। শরণাপন্ন শরণাগত। আশ্রিত।

৬৭৬। ফাঁদ

বি. ফাঁদ জাল আনায় বিতংস ফাঁস ল্যাসো বাগুড়া ফন্দ। খেদা। কূট,-যন্ত্র,-বন্ধ। চাতর চক্র ট্র্যাপ। গেঁড়াকল। জাঁতিকল ইঁদুরেরকল। ফাটাবাঁশ। চোরা,-গর্ত,-বালি। খাদ দক গর্ত। চড়া পলি। ঘূর্ণী আবর্ত তলস্রোত। জলোচ্ছ্বাস গোর্কি সর। কবল খপ্পর। টোপ। পোকামাকড় পঙ্গপাল। ভিমরুলের চাক। কুসুমেকন্টক। গৃহশত্রু। শিকারী কিরাত তীবর ব্যাধ শবর আনায়ী বাগুরিক। পক্ষীমার জালিক। ফন্দিবাজ।

ক্রি. ফাঁদ পাতা। জাল পাতা বা ফেলা। টোপ ফেলা। ওত পাতা। ঘাপটি মারা। ওতকানো। কবলে বা খপ্পরে পড়া। পাল্লায় পড়া। ফাঁদে পা দেওয়া। ফাঁদে বা জালে পড়া। ফাঁসানো।

৬৭৭। হুঁশিয়ারি

বি. হুঁশিয়ারি সতর্কীকরণ সাবধানকরণ। শিক্ষা। সাধু সাবধান। বিজ্ঞপ্তি নোটিশ। পূর্বাভাস লক্ষণ সূচনা। নিষেধ। ওয়ার্নিং। বিপদসংকেত বিপদ, -বার্তা,-ধ্বনি চেতাবনি অ্যালার্ম অ্যালার্মসিগন্যাল ডেঞ্জারসিগন্যাল। ঢোলশোহরত। সংকেত, -ধ্বনি,-ঘন্টা,-বাণী। পুলিশের বাঁশি। সাইরেন ভেঁপু। সিগন্যাল। আলোকসংকেত। লাল, -বাতি,-আলো,-পতাকা। বিপদ,সাবধান,-চিহ্ন খুলিচিহ্ন। আলোকস্তম্ভ (৫৫৯)। আল্লাহুআকবর। উলুধ্বনি। ত্রাহি ডাক। বাঁচাও ডাক। অশনিসংকেত। কু-ডাক। কাক। প্যাঁচা। সিঁদুরে মেঘ। রক্ষী সান্ত্রী প্রহরী। চর গুপ্তচর গোয়েন্দা।

ক্রি. হুঁশিয়ার সাবধান বা সতর্ক করা। চেতানো।

নিষেধ করা। বিপদের আভাস দেওয়া। বিপদসংকেত দেওয়া। ঘন্টা বা বাঁশি বাজানো। সাইরেন দেওয়া। লাল আলো বা পতাকা দেখানো। বিপদচিহ্ন প্রদর্শন করা। ত্রাহি ত্রাহি করা। ত্রাহি মধুসূদন ডাক ছাড়া। ডাক দেওয়া। জরুরিবার্তা বা এস-ও-এস পাঠানো। সতর্ক সাবধান বা হুঁশিয়ার থাকা। চোখ রাখা। কান খাড়া রাখা।

বিণ. হুঁশিয়ারি সতর্কতামূলক। বিপদসংকুল। অশুভ। অমঙ্গলসূচক।

অব্য. হুঁশিয়ার! সাবধান! সামাল।

৬৭৮। সংরক্ষণ

বি. সংরক্ষণ রক্ষণ পরিরক্ষণ অনুরক্ষণ। লালনপালন প্রতিপালন দেখভাল রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধান। নিরাপত্তাবিধান (৬৭৪)। জিম্মা। হেফাজত। উদ্ধার (৬৭৯)। সংরক্ষক। রক্ষণ,সংরক্ষণ,-শীলতা। রক্ষণাগার। সংরক্ষণাগার। আর্কাইভ মহাফেজখানা। মিউজিয়াম যাদুঘর। তোশাখানা। গুদাম। সিন্দুক লকার ভল্ট। স্বাস্থ্যবিজ্ঞান। নিরুদন জলবিয়োজন। শীতন হিমায়ন (৩২১)। শুষ্ককরণ। আচার। লবণ। মশলা।

ক্রি. সংরক্ষণ করা। রাখা। আগলে রাখা। সামলে রাখা। চোখে চোখে রাখা। সামলানো। আগলানো। টিকিয়ে রাখা। টেকানো। বজায় রাখা। জিইয়ে রাখা। জিয়নো। বাঁচানো। ভালো করে দেখা। তদারকি করা। জিম্মায় রাখা। হেফাজত করা। সঞ্চয় করা। সংগ্রহ করা। জমা করা। জমানো। যক্ষের ধন আগলানো। ওষুধ বা মশলা দিয়ে তাজা রাখা। লোনা দেওয়া। শুঁটকি করা। আচার দেওয়া। পানি শুকানো। বয়াম বা টিন বন্দী করা। গোপন করা।

বিণ. সংরক্ষিত সুরক্ষিত রক্ষিত অক্ষুণ্ন বজায়। অক্ষত নিটোল। নিরাপদ সুস্থ। লালিতপালিত প্রতিপালিত। লুক্কায়িত গুপ্ত। গুদামজাত সঞ্চিত। স্থায়ী (১০৪)। দুরপনেয় দুরবগ্রহ।

৬৭৯। উদ্ধার

বি. উদ্ধার উদ্ধরণ উদ্ধারণ সমুদ্ধার তর তারণ ত্রাণ পরিত্রাণ (৬১৪) রক্ষা রক্ষণ বাঁচন বাঁচোয়া। মোচন। মুক্তি (৭৩৬) খালাস নিস্তার নিস্তরণ নিষ্কৃতি রেহাই। মকুব অব্যাহতি রেয়াত ছাড়। ছুটি নিবৃত্তি। লাঘব আসান। মুশকিল-আসান। মোক্ষ নির্বাণ নাজাত। উদ্ধার,ত্রাণ,-কার্য রিলিফ। বন্যাত্রাণ ফ্লাডরিলিফ। দুর্ভিক্ষত্রাণ ফেমিনরিলিফ। ত্রাণসামগ্রী ত্রাণপুনর্বাসন। কূলকিনারা মুক্তির পথ গতি প্রতিকার। আত্ম,-ত্রাণ,-রক্ষা। পুনরুদ্ধার (৬৭১) প্রত্যুদ্ধার নষ্টোদ্ধার জীর্ণোদ্ধার। পুনরাবিষ্কার।

উদ্ধার,-কারী,-কর্তা উদ্ধরণকারী উদ্ধর্তা উদ্ধারক। ত্রাণ,-কারী,-কর্তা ত্রাতা তারণ তারিণী পরিত্রাতা পরিত্রাণ,-কারী,-কর্তা। রক্ষক রক্ষা,-কর্তা। রক্ষী। নিস্তারক প্রপায়ী পাবন পতিতপাবন। অকূলের,-কূল,-কাণ্ডারী। অন্ধের যষ্টি। অগতির -গতি। মুক্তি,-দ,-দাতা,-দায়ক। গতিদায়ী মোক্ষ, -দ,-দাতা। শরণ্য বিপদবারণ বিপত্তারণ। মুক্তি, পরিত্রাণ,-প্রার্থী,-কামী,-লাভেচ্ছু। মোক্ষপ্রার্থী। উদ্ধারপ্রার্থী।

ক্রি. উদ্ধার ত্রাণ বা রক্ষা করা। বাঁচানো। যমের দুয়ার থেকে টেনে আনা। পার করা। তরানো। উপায় বার করা বা দেখানো। মুক্ত বা খালাস করা। পুনরুদ্ধার করা (৬৭১)। নিস্তার নিষ্কৃতি বা ছাড় দেওয়া। রেহাই বা অব্যাহতি দেওয়া। প্রতিকার প্রতিবিধান বা কিনারা করা। দিশা দেওয়া। আলো দেখানো। পথ করে দেওয়া। রাস্তা বাতলানো।

চৌদ্দ পুরুষ উদ্ধার করা। উদ্ধার পাওয়া (৬১৪)।
বিণ. উদ্ধার,ত্রাণ,রক্ষা,-প্রাপ্ত। উদ্ধারকৃত ত্রাত পরিত্রাত। মুক্ত খালাস দায়মুক্ত। নিস্তার,নিষ্কৃতি,-প্রাপ্ত নিষ্কৃত নির্বৃত বিনির্মুক্ত। পুনরুদ্ধৃত প্রত্যুদ্ধৃত। উদ্ধারযোগ্য উদ্ধরণীয়। রক্ষ্য রক্ষণীয় রক্ষণযোগ্য। মোচ্য মোচনযোগ্য মোচনার্হ। ত্রায়মান। ঔদ্ধারিক। শরণাপন্ন। দৈবপ্রেরিত দৈবাগত।

৬৮০। ক্রিয়া

বি. ক্রিয়া করণ কৃতি কর্ম কার্য কাজ কাম ক্রিয়া,-কর্ম,-কাণ্ড,-কলাপ। আদান-প্রদান। বৃত্তি পেশা চাকুরি ব্যবসায় কারবার কারিত্ব। কার্যবিধি (৭২১)। প্রক্রিয়া। পরিশ্রম। প্রয়োগ। ব্যাপৃতি। সংঘটন (১৬৮)। কর্ম,কার্য,-ক্ষমতা,-শক্তি (১৬৯)। কর্ম,কার্য,-দক্ষতা (৭০৯)। সম্পাদন (৬৯৭)। সক্রিয়তা (৬৮২)। কৃতিত্ব। নির্বাহ সমাধা সাধন রচন গড়ন গঠন। অনুশীলন চর্চা আচরণ। অভ্যাস। গতি (২৬০)। প্রগতি ক্রমবিকাশ অভিব্যক্তি। কর্মেন্দ্রিয়: বাক্ পাণি পাদ পায়ু উপস্থ।
ক্রি. করা। কার্য কাজ কর্ম বা কাম করা। উৎপাদন নির্মাণ তৈরি বা রচনা করা। গড়া। প্রয়োগ করা। ঘটানো। চালনা বা পরিচালনা করা। সাধন সম্পাদন নিষ্পাদন বা অনুষ্ঠান করা। সমাধা করা। অনুশীলন সাধনা চর্চা বা অভ্যাস করা। সাধা। পরিশ্রম করা। খাটা। নিজের চরকায় তেল দেওয়া।
বিণ. ক্রিয়া,-শীল,-রত। কর্মরত। ব্যাপৃত নিয়োজিত। স্থলাভিষিক্ত। চালু। কারিত। কৃত। করিষ্ণু। কর্মাহ কর্মক্ষম কর্মিষ্ঠ কর্মঠ কর্মপর কর্মী কর্মবীর। করিতকর্মা।

৬৮১। অক্রিয়া

বি. অক্রিয়া অকর্ম অকাম অকার্য অকাজ নিষ্কর্ম নৈষ্কর্ম। নিষ্ক্রিয়তা (৬৮৩)। অনায়াস। অনধ্যায় অনভ্যাস অননুশীলন। উদাসীনতা। অবহেলা (৫২৫)। অবসর। বিশ্রাম (৬৮৬)। বেকারত্ব। নিশ্চলতা (২৬১)। সুখের চাকুরি। হরিঘোষের গোয়াল।
ক্রি. কোন কিছু না করা। কাজ বা কাম না করা। নিষ্ক্রিয় থাকা। কাজে ফাঁকি দেওয়া। নড়াচড়া না করা। হাত না লাগানো। বসে থাকা। পায়ের ওপর পা দিয়ে থাকা। বসে বসে খাওয়া। আরাম বা আয়েশ করা। সময় নষ্ট করা। অকাম কুকাম অকাজ বা কুকাম করা। ক্ষতি করা (১৬০)।
বিণ. নিষ্ক্রিয়। বেকার। অনিয়োজিত। অকর্ষিত পতিত।

৬৮২। সক্রিয়তা

বি. সক্রিয়তা। আলোড়ন। প্রাণ জীবন। গতি স্পন্দন। তৎপরতা ক্ষিপ্রতা ব্যস্ততা (৬৮৪)। নিয়মানুবর্তিতা। আগ্রহ ব্যগ্রতা। উদ্যম। উৎসাহ সমুৎসাহ উদ্দীপনা। অধ্যবসায় (৬০৭)। নিযুক্তি নিয়োজন। উন্নিদ্রা (৬৮৮) একাগ্রতা ঐকাগ্র্য (৫২১)। ভক্তি। শশব্যস্ততা ছোটাছুটি অনবসর অনবকাশ। ফোঁপরদালালি। অনধিকারচর্চা। কাজের লোক। কর্মী। উৎসাহী।
ক্রি. সক্রিয় থাকা বা হওয়া। ব্যস্ত হওয়া বা রাখা। দৌড় ঝাঁপ ছুটোছুটি বা হৈ-চৈ করা। নড়াচড়া করা। মেহনত করা (৬৯১)। সচেষ্ট হওয়া। চেষ্টা করা। প্রয়াস পাওয়া। উঠেপড়ে বা আড়ে হাতে লাগা। হাত লাগানো। অংশ নেয়া। কাজের ভার নেয়া। চৌ চাপটে বা চুটিয়ে কাজ করা। সময়ের সদ্ব্যবহার করা। সময় নষ্ট না করা। ঘড়ি ধরে কাজ

করা। পরের কাজে নাক গলানো। কাজের নেশায় পাওয়া। নিজের চরকায় তেল দেওয়া। হাত জোড়া থাকা। ব্যস্ত থাকা।

বিণ. সক্রিয়। কর্ম,-শীল,-কুশল,-ঠ,-ণ্য,-যোগী, -বীর। কার্যক্ষম। করিষ্ণু। করিতকর্মা। কর্ম, -পরায়ণ,-নিষ্ঠ। কেজো। কাজি। ক্রিয়াসক্ত কাজপাগল কর্মবিভোর। তটস্থ ব্যস্তসমস্ত (৬৮৪)। তৎপর চট্পটে। সতর্ক জাগরূক। বিনিদ্র অতন্দ্র। জীবন্ত প্রাণবান। উদ্যোগী উৎসাহী। আগ্রহশীল। অধ্যবসায়ী। দৃঢ়সঙ্কল্প। পরিশ্রমী। তুখড়। নিরলস অনলস অক্লান্ত অশ্রান্ত। বিরামহীন নিরবকাশ। উৎসুক সমুৎসুক উন্মুখ। নিযুক্ত নিরত রত ব্যাপৃত মোতায়েন।

৬৮৩। নিষ্ক্রিয়তা

বি. নিষ্ক্রিয়তা। নিষ্ক্রিয় অক্রিয়া (৬৮১)। অক্রিয়,-তা,-ত্ব নিষ্কর্ম নৈষ্কর্ম। অকার্যকরতা। অপ্রয়াস অচেষ্টা। কর্ম,-হীনতা,-শূন্যতা। কর্ম,কর্তব্য,-বিমুখতা। জড়তা। নিস্পন্দতা। অজগরব্রত শৈথিল্য আলস্য অলসতা কুঁড়েমি। ঢিলেমি দীর্ঘসূত্রতা গয়ংগচ্ছভাব। টালবাহানা বায়নাক্কা। মুহ্যমানতা ঘুম (৬৮৭)। শয়ন সুপ্তি। আবেশ তন্দ্রাবেশ চটকা। অবসাদ জড়িমা। অসংঘট।

কর্মবিরতি কামাই। গণছুটি। হরতাল ধর্মঘট স্ট্রাইক বন্‌ধ্। সাধারণ,লাগাতার,অবস্থান,অনশন, -ধর্মঘট। আমরণ,রিলে,-অনশন। চাকাবন্ধ। ধীরে-চলা। কলমবন্ধ। তালাবন্ধ। লকআউট।

মোমের পুতুল। অকম্মার ঢেঁকি। ঠুঁটো জগন্নাথ। সাক্ষীগোপাল। কাজের বার।

ক্রি. নিষ্ক্রিয় হওয়া বা থাকা। কিছু না করা। কাজ না করা। এড়ানো। এড়িয়ে যাওয়া বা চলা। পিছিয়ে পড়া। পিছপা হওয়া। কাজে ফাঁকি দেওয়া। কামাই করা। ধর্মঘট করা। পিকেটিং করা। গেট বন্ধ করা। তালা বন্ধ করা। তালা ঝোলানো। লক আউট করা। আলসেমি করা। অলস থাকা। ঢিলেমি করা। টালবাহানা করা। হাত গুটানো। বেকার বসে থাকা। ভেরেণ্ডা ভাজা। টো টো করে ঘোরা। ফ্যাঁ ফ্যাঁ করা। ঘোড়ার ঘাস কাটা। ঘোড়া দেখে খোঁড়া হওয়া। ঝিমানো। ঢুলা। হাই তোলা। ঘুমানো। নাক ডাকা। নাকে তেল দিয়ে শুয়ে থাকা। শুয়ে বসে থাকা। চুপটি মারা। চুপচাপ থাকা। গা না করা। হালকা দেওয়া। গতর পোষা। গা বাঁচানো। সময় নষ্ট করা।

বিণ. নিষ্ক্রিয় অক্রিয় নিষ্কর্ম অচল নিশ্চল অচিকীর্ষু। বেকার। নিস্পৃহ। নিরুদ্যম। নিশ্চেষ্ট বিচেষ্ট অচেষ্ট। বিচেষ্টিত। শ্রম,-বিমুখ,-কাতর। অকর্মণ্য অকর্মা নিষ্কর্মা অকর্মঠ অকেজো। অপদার্থ গতর,-খাকী,-খেকো। অলস আলসে লজ্‌ঝড় লেদাড়ু ঢিমা ঢিলা। শ্লথ গড়ে গেঁতো গোঁফখেজুড়ে ঢিপেশোক শোঠ।

৬৮৪। ত্বরা

বি. ত্বরা ত্বরণ ত্বরায়ণ তরা তাড়া তাড়াহুড়ো তাগাদা। ব্যস্ততা। গতি বেগ দ্রুততা ক্ষিপ্রতা (২৬৯)। ছুটাছুটি দৌড়াদৌড়ি লাফালাফি হাঁকাহাঁকি। ছটফটানি। তড়বড়ানি অস্থিরতা ব্যগ্রতা। হাঁকুপাকু আঁকুপাঁকু। শীঘ্রতা (১৩০)। তূর্ণপত্র এক্সপ্রেস-লেটার।

ক্রি. তাড়াতাড়ি করা। তাড়া তাগিদ বা তাগাদা দেওয়া। দৌড়ে করা বা যাওয়া। চার হাত লাগানো। ঝপাঝপ্ কাজ সারা। দাঁড় বাওয়া। নাকে মুখে গোঁজা। হড়্‌বড়ানো।

বিণ. ব্যস্ত,-সমস্ত। আস্ত,শশ,-ব্যস্ত। তটস্থ ত্রস্থ। ব্যস্তবাগীশ তড়বড়ে হড়্‌বড়ে। অস্থির। ত্বরান্বিত। তূর্ণ।

ক্রি-বিণ. তাড়াতাড়ি তড়িঘড়ি তৎক্ষণাৎ অবিলম্বে। চটপট ত্বরাত্বরি তুরন্ত তূর্ণ ঝট ঝটিতি। ঝট করে। বিদ্যুদ্বেগে তড়িদ্‌গতিতে রুদ্ধ,-শ্বাসে,-শ্বাসগতিতে। লঘু,-পদে,-পায়ে। এক,-দৌড়ে,-ছুটে। ত্বরিত,-পদে,-গমনে। জোরকদমে। পা চালিয়ে। হনহনিয়ে। হনহন করে। ধাঁবা সাঁ করে। টপ করে। টগবগিয়ে। লাফিয়ে হুড়মুড় করে। সত্বর জলদি। আথিবিথি। **অব্য.** হন্তদন্ত।

৬৮৫। অবকাশ

বি. অবকাশ ফুরসত ফারাকাত মহলত। সময় সুযোগ। নৈষ্কর্ম নিষ্ক্রিয়া। গুঞ্জাইস ফাঁক ছুটি। আয়েশ আরাম। অবসর অখণ্ড,-অবকাশ, -অবসর।

ক্রি. অবকাশ ফুরসত ফারাকাত সময় বা অবসর পাওয়া। সময় হাতে থাকা। ফুরসত থাকা। বিশ্রাম করা। ছুটি থাকা বা পাওয়া।

ক্রি-বিণ. সাবকাশ সাবসর। অবরে সবরে।

৬৮৬। বিশ্রাম

বি. বিশ্রাম বিশ্রামাবকাশ বিশ্রান্তি। বিরতি বিরাম কামাই নিবৃত্তি (১৪০) শ্লথন। আরাম। ঘুম। শম উপশম ব্রেক। কফিব্রেক। চা,-নাস্তার,-টিফিনের সময়। শ্রমবিনোদন শ্রান্তিনিবারণ শ্রমাপহরণ। ক্লান্তি,-হরণ,-নিবারণ। শান্তি প্রশান্তি। অবকাশ বন্ধ। ছুটি লিভ রোকসত। ছুটির,-ঘন্টা,-বাঁশি। কর্মাবসান কর্মচ্ছেদ কর্মবিরতি। বিশ্রামদিবস রবিবার শুক্রবার। লালতারিখ। গ্রীষ্মাবকাশ লম্বাছুটি। ছুটিছাটা। অর্ধদিবস হাফডে হাফহলিডে। নৈমিত্তিকছুটি ক্যাজুয়ালিলিভ। অর্জিতছুটি আর্নডলিভ। মেডিক্যাললিভ। মেটারনিটি লিভ। বিশেষ সুবিধালব্ধ ছুটি প্রিভিলেজলিভ। স্টাডিলিভ। স্যাবাটিক্যাল। ফারলো। অবসরজীবন রিটায়ারমেন্ট। সুপার -অ্যানুয়েশন বার্ধক।

ক্রি. বিশ্রাম নেওয়া বা পাওয়া। জিরানো। জিরিয়ে নেওয়া। নিঃশ্বাস নেওয়া বা নিশ্বাস ফেলা। দম লওয়া। অবকাশ বা ফুরসত পাওয়া। অবসর নেওয়া। হালকা হওয়া। ঢিলে দেওয়া। শুয়ে পড়া। ঘুমানো (৬৮৭)। ক্ষান্তি দেওয়া। থামা (১৪০)। হাত গুটানো। ছুটি নেওয়া। কাজ বন্ধ করা। গা ছেড়ে দেওয়া। হাল বন্ধ করা।

বিণ. বিশ্রান্ত বিগতশ্রম গতক্লম। শ্রান্তি,-ক্লান্তি, -হর। শ্রান্তিনিবারক। শ্রমাপহরক।

৬৮৭। নিদ্রা

বি. নিদ্রা নিদ ঘুম নিদ্রাগমন নিদ্রাকর্ষণ সুপ্তি সুষুপ্তি প্রসুপ্তি সাধিকা নিত্যপ্রলয়। ঘুমঘোর। প্রস্বাপ গাঢ়ঘুম ঘোর,গভীর,গাঢ়,-নিদ্রা। সুখ,-সুপ্তি, -নিদ্রা। সুখ,-শয়ন,-শয্যা। কুম্ভকর্ণের ঘুম। তন্দ্রা ঢুলুনি ঝিমুনি চটকা প্রমীলা আধোঘুম আধোজাগরণ ঘুমঘুমভাব। পাতলা ঘুম। সজাগ ঘুম। কাঁচাঘুম। কপটঘুম। কাক,-নিদ্রা,-তন্দ্রা। দিবানিদ্রা। ভাতঘুম। তন্দ্রাবেশ নিদ্রাবেশ। ঘুমের, -ঘোর,-রেশ,-ঝোঁক। শোয়া শয়ন। শয়ন,-নিদ্রা, -কাল। বাসক। শোয়ারঘর শয্যাগার শয্যা, -শয়ন,-গৃহ শয়নাগার শয়ন,-কক্ষ,-কুটীর, -মন্দির। শয্যা বিছানা। নিদ্রা,তন্দ্রা,-সুখ। নিদ্রাবস্থা। ঢুলুঢুলুচোখ তন্দ্রালুনেত্র ঘুম,ঘুমজড়িত,-চোখ প্রমীলন। হাই হামি হর্ম হাম্ভি জৃম্ভণ বিজৃম্ভণ জৃম্ভা জৃম্ভিকা। মুখব্যাদান। ঘুমের,-ওষুধ,-বড়ি। জৃম্ভকাস্ত্র। ঘুমপাড়ানি গান। স্বপ্ন স্বপন খোয়াব স্বপ্নদর্শন। স্বপ্নঘোর স্বপ্নাবস্থা।

সুপ্তজ্ঞান। স্বপ্নজড়িমা স্বপ্নজাল। স্বপ্নোদয় স্বপ্নাবির্ভাব। স্বপ্ন,-জগৎ,-লোক,-রাজ্য। সুখস্বপ্ন। সু,-স্বপন,-স্বপ্ন। অনুকূলস্বপ্ন। কুস্বপ্ন দুঃস্বপ্ন। খারাপ স্বপ্ন। স্বপ্নাদেশ। স্বপ্নচারিতা।

ক্রি. ঘুম আসা পাওয়া বা লাগা। হাইতোলা। ঢোলা। ঝিমানো। চোখ এঁটে আসা। ঘুম বা নিদ্রা যাওয়া বা দেওয়া। ঘুমানো। ঘুম লাগানো। শোয়া। চোখ বোঁজা। চোখের পাতা এক করা। বেঘোরে ঘুমানো। ঘুমিয়ে থাকা। নাকে তেল দিয়ে ঘুমানো। নাক ডাকা। ঘুম পাড়ানো। শোয়ানো। স্বপ্ন দেখা। স্বপ্নাদেশ পাওয়া।

বিণ. ঘুমন্ত নিদ্রিত সুপ্ত সুষুপ্ত নিষুপ্ত। নিদ্রাগত। নিদ্রাভিভূত নিদ্রাতুর নিদ্রাবিষ্ট সংবিষ্ট। নিদ্রা,-মগন,-মগ্ন। নিদ্রায়মাণ। নিদ্রালু নিদ্রাশীল। নিদ্রাচ্ছন্ন নিদ্রাক্লিষ্ট। নিদ্রালস। তন্দ্রালু তন্দ্রাবিষ্ট তন্দ্রিত। নিদ্রা,তন্দ্রা,-জড়িত,-স্তম্ভ। ঘুমমাখা ঘুমজড়ানো ঘুমেভরা ঢুলুঢুলু। অজাগর। অর্ধনিদ্রিত। শায়িত শয্যাগত শয়ান নিষণ্ণ। ঘুমকাতুরে। নিদ্রাপ্রিয়। নিদ্রাপ্রবণ। অতিনিদ্র। ঘুমানিয়া ঘুমুনে। দিবাশয় দিবানিদ্রাকারী। ঘুম,-পাড়ানিয়া,-পাড়া। নিদ্রা,-কর্ষণকারী,-জনক। প্রস্বাপন। জৃম্ভমাণ জৃম্ভিত। জৃম্ভক জৃম্ভণকারী। স্বপ্নময় স্বপ্নবৎ। স্বাপ্ন স্বপ্নিল। স্বপ্নাভ। স্বপ্নাবিষ্ট। স্বপ্নলব্ধ স্বপ্নাদ্য। স্বপ্নোদিত। স্বপ্নাদিষ্ট স্বপ্নাদেশপ্রাপ্ত। স্বপ্নচারী।

৬৮৮। অনিদ্রা

বি. অনিদ্রা নিদ্রাহীনতা ইনসমনিয়া। জাগরণ জাগর্তি উন্নিদ্রা। শয়ন,-ভঙ্গ,-ভঞ্জন।

ক্রি. ঘুম না হওয়া বা না আসা। জাগা। জেগে থাকা। ঘুম ভাঙা। নিদ্রা ভঙ্গ হওয়া। ঘুম চটে যাওয়া। গা তোলা। ঘুম ভাঙানো। ঘুম থেকে তোলা। তোলা। জাগানো।

বিণ. অনিদ্র বিনিদ্র নিদ্রা,-হীন,-বিহীন,-বিরহিত,-হারা,-রহিত ঘুম,-হীন,-হারা। উন্নিদ্র। গতনিদ্র। বীতনিদ্র বিপ্রবুদ্ধ। জাগ্রত জাগন্ত জাগর জাগরূক জাগ্রৎ জাগরী জাগরিত উজ্জাগর প্রজাগর সজাগ অসুপ্ত অতন্দ্র অতন্দ্রিত নিস্তন্দ্র তন্দ্রা,-শূন্য,-হীন। ঘুমভাঙানিয়া ঘুমভাঙানি নিদ্রাভঙ্গকারী জাগরণী। সুপ্তোত্থিত নিদ্রোত্থিত। স্বপ্নোত্থিত।

৬৮৯। প্রয়াস

বি. প্রয়াস প্রচেষ্টা চেষ্টন চেষ্টা চেষ্টাবেষ্টা চেষ্টাচরিত্র কোশেশ। মেহনত আয়াস পরিশ্রম (৬৯১)। বিশেষচেষ্টা আটুপাটু তদ্বি। সাধনা অধ্যবসায় নিয়োজন তৎপরতা তাগিদ চাড় চাড়া তাড়। উদ্যোগ উদ্যম উদ্যতি (৬৯০)। ব্রত উদ্দেশ্য লক্ষ্য। দুশ্চেষ্টা জিদ সাহস সাহসিকতা অসমসাহসিকতা সংগ্রাম অভিযান। ঝুঁকি। পরিদর্শন। পরীক্ষা।

ক্রি. প্রয়াস পাওয়া। চেষ্টা করা। উঠে পড়ে লাগা। কোমর বেঁধে লাগা। জান লড়িয়ে দেওয়া। আপ্রাণ বা মরণপণ চেষ্টা করা। যথাসাধ্য চেষ্টা করা। কাঠখড় পোড়ানো। গা লাগানো। মাথা ঘামানো। নড়ে বসা। নড়ে চড়ে বসা। নিয়োজিত করা। ব্রতী হওয়া। পরীক্ষা করা (৪৮০)। অনুসন্ধান করা (৪৭৬)। চেষ্টা করে দেখা। সাহস করা। ঝুঁকি নেওয়া। ভাগ্য পরীক্ষা করা।

বিণ. প্রয়াসী আয়াসী চেষ্টক চেষ্টমান সচেষ্ট। উদ্যমশীল উদ্যমী কর্মোদ্যমী উদ্যোগী (৬৯০)। সোপক্রম। ব্রতী সংগ্রামী দুঃসাহসিক। চেষ্টাযুক্ত চেষ্টিত। চেষ্টনীয় চেষ্টিতব্য। প্রয়াসলব্ধ। পরীক্ষামূলক পরীক্ষার্থক। প্রায়োগিক। সমস্যামূলক। অবেক্ষাধীন।

ক্রি-বিণ. মরণ,প্রাণ,-পণ আপ্রাণ প্রাণপণে। মহোদ্যমে (৬৯০)। যথাসাধ্য।

৬৯০। উদ্যোগ

বি. উদ্যোগ উদ্যতি উদ্যম সমুদ্যম উৎসাহ প্রোৎসাহ অদম্যউৎসাহ উদ্দীপনা আগ্রহ। উদ্যমশীলতা। নবোদ্যম মহোদ্যম। আয়োজন। নিয়োজন নিয়োগ। বিনিয়োগ। প্রবর্তন প্রচলন চালুকরণ। প্রচার। হিম্মত সাহস। প্রতিজ্ঞা পণ ব্রত অঙ্গীকার (৭৪৩)। চুক্তি (৭৪৪)। অভিযান। যাত্রা।

ক্রি. উদ্যোগী হওয়া। নিজেকে নিয়োজিত করা। নিযুক্ত করা। প্রবৃত্ত বা রত হওয়া। দায়িত্ব নেওয়া। কাজে নামা। আসরে নামা। কর্মভার গ্রহণ করা। স্বেচ্ছায় দায়িত্ব নেওয়া। হাতে নেওয়া। আরম্ভ বা শুরু করা। মাতা। মেতে ওঠা। মাতামাতি করা। ব্রতী হওয়া। নিজেকে সমর্পণ করা। উৎসর্গ করা। প্রতিজ্ঞা বা পণ করা। চুক্তি করা। হিম্মত বা সাহস করা।

বিণ. উদ্যোগী উৎসাহী। উদ্যত সমুদ্যত উদ্যুক্ত উদ্‌যুক্ত। উৎসুক সোৎসুক প্রোৎসুক সোৎসাহ। অভিযাত্রিক। সাহসী। অসমসাহসী।

ক্রি-বিণ. উদ্যোগে। উৎসাহে। সোৎসাহে মহোৎসাহে মহোদ্যমে। নবোদ্যমে। দ্বিগুণ উৎসাহে।

৬৯১। পরিশ্রম

বি. পরিশ্রম শ্রম মেহনত খাটুনি খাটাখাটনি লেবার। শ্রমসাধ্যতা। ব্যায়াম (৬৬৭)। কাজের,-চাপ,-ধাক্কা। কায়িক,দৈহিক,শারীরিক,-পরিশ্রম। কায়ক্লেশ। দেহের,গতরের,-খাটুনি। মানসিক শ্রম। মাথার খাটুনি। কৃচ্ছ্র ক্লম কষ্ট। কৃচ্ছ্রসাধনা। হাড়ভাঙা,-খাটুনি,-পরিশ্রম। দাসত্ব দাস্য,-বৃত্তি গোলামি চরণসেবা। খিদমত বান্দাগিরি খিদমতগিরি চাকরিগিরি। ঝিগিরি। দাসী,-গিরি,-বৃত্তি। গোলামখানা। দাস,ক্রীতদাস,-প্রথা। দাসব্যবসায়। প্রচেষ্টা প্রয়াস (৬৮৯)। জোর টান। চাড়া তাড়া তাগিদ। সংগ্রাম লড়াই। দুঃখ কষ্ট তকলিফ মুশকিল ঝঞ্ঝাট। কর্তব্য। উৎসাহ উদ্যম (৬৯০)। শ্রমিক মজুর মজদুর। দাস চাকর ঝি। কর্মবীর। চিনির বলদ। কলুর বলদ।

ক্রি. শ্রম পরিশ্রম মেহনত বা কষ্ট করা। খাটা। উদয়াস্ত খাটা। গাধার খাটুনি খাটা। গলদঘর্ম হয়ে খাটা। কষ্ট করা। প্রাণপাত করা। জান লড়িয়ে দেওয়া। গা ঘামানো। কালঘাম ছোটা। জিব বের হয়ে যাওয়া। মাথার ঘাম পায়ে ফেলা। শরীর মাটি করা। সাধ্যমত কাজ করা। চেষ্টাচরিত্র করা। কাঠখড় পোড়ানো। মাথা ঘামানো। মস্তিষ্ক চালনা করা। নিজেকে নিয়োজিত করা (৬৮২)। শক্তি প্রয়োগ করা। ঘাড়ে বা মাথায় নেওয়া। কাঁধ দেওয়া। জন খাটা। ভার বহা। দাঁড় টানা। গুণ টানা। ঘানি টানা। সর্বশক্তি প্রয়োগ করা। নিঃশ্বাস ফেলার সময় না থাকা। খাটানো। খাটিয়ে নেওয়া। কাজ বাজিয়ে নেওয়া। দাসখত দেওয়া। মাথা বিকানো বা বাঁধা দেওয়া। ভূতের বেগার খাটা। ভূতের বোঝা বহা।

বিণ. পরিশ্রমী শ্রমশীল শ্রমী খাটিয়ে কর্মঠ। গলদঘর্ম। অক্লান্ত অশ্রান্ত অক্লিষ্ট। হাড়ভাঙা ক্লান্তিকর শ্রান্তিকর। গুরুভার। শ্রান্তিহীন অবিশ্রাম। অবিরাম। কায়িক শারীরিক। পরিশ্রমকারী খাটনেওয়ালা মেহনতি মেহনতকারী। শ্রম,-জীবী,-সহিষ্ণু। কষ্ট,-সহিষ্ণু,-জীবী। গতরিয়া গতুরে। অক্লিষ্ট,অক্লান্ত,-কর্মী। অনলস আলস্যহীন নিরলস। শ্রম,পরিশ্রম,আয়াস, কষ্ট,

–সাধ্য,–সাপেক্ষ। শ্রম,–পূর্ণ,–সহ সশ্রম। অতিকৃচ্ছ্র। কঠিন দুরূহ অসহজ অসহ্য। কষ্ট,–কর,–জনক,–সহ। শ্রমলব্ধ কষ্টার্জিত।

৬৯২। শ্রান্তি

বি. শ্রান্তি পরিশ্রান্তি। অবসাদ। ভার। ক্লান্তি। ক্লম গ্লানি। হয়রানি। হাই জৃম্ভণ। ঢুলুনি। তন্দ্রা। আলস্য। ঘাম। হাঁপ। মূর্ছা। প্রাণান্ত।

ক্রি. শ্রান্ত পরিশ্রান্ত ক্লান্ত বা হয়রান হওয়া। ঘামা। হাঁপানো। হাঁপ ধরা। হাঁপিয়ে পড়া। হাঁসফাস করা। আইঢাই করা। হাঁপিয়ে যাওয়া। সারা হওয়া। দম ফুরানো। ধুঁকা। বেদম হওয়া। থকা। থকে যাওয়া। ঝিমিয়ে পড়া। ঝিমানো। হাই তোলা। ঢুলা। ঘুম পাওয়া। ঢলে পড়া। নেতানো। নেতিয়ে পড়া। মিয়ানো। জ্ঞান হারানো। মূর্ছা পাওয়া। ফিট হওয়া।

বিণ. শ্রান্ত পরিশ্রান্ত ক্লান্ত আক্লান্ত। ক্লিষ্ট কাতর কাহিল। গ্লান। অবসন্ন। ভার। হয়রান হালাক সারা। ক্লিশ্যমান। নির্দম বেদম। পেরেশান গলদঘর্ম। জাতশ্রম। ক্লান্তি,শ্রান্তি,কষ্ট,–কর।

৬৯৩। কর্মী

বি. কর্মী। কর্ম,–কর,–কারী,–কর্তা কর্তা কারক সাধক নির্বাহক নির্বাহী ঘটক সংঘটক সম্পাদক অনুষ্ঠাতা অনুষ্ঠানকারী প্রযোজক নিবর্তক নিষ্পাদক নিষ্পাদনকারী সমাপনকারী। মাঠকর্মী। সহকর্মী সহযোগী সহকারী। প্রতিনিধি এজেন্ট মুৎসুদ্দি দালাল। আমলা কর্মচারী। পেশাজীবী। অ্যামেচার অপেশাদার। শিক্ষানবিশ অ্যাপ্রেন্টিস। হস্তশিল্পী।

শ্রমিক শ্রমজীবী। মজদুর অজুরদার খেটেল কামলা লেবার। জন মজুর দিনমজুর কুলি মুটে বাহক বাহী (২৬৪)। মিস্তি কামিন। কাহার দুলিয়া বেহারা বাঙ্গীদার। পিয়াদা বেয়ারা আরদালি চাপরাশি।

চালক (২৬৩)। নাবিক নেয়ে নাইয়া মাঝি মাল্লা মাঝিমাল্লা দাঁড়ী হালী পাটনি খেয়ামাঝি। ড্রাইভার শোফার। কন্ডাক্টর।

লোহার কর্মকার কামার। কাঁসারী। স্বর্ণকার সেকরা। মিনাকার। কুমার। ছুতার সূত্রধর। ভাস্কর। মুচি চামার চর্মার চর্মকার। দরজি খলিফা। তাঁতি জোলা। জেলে ধীবর মাছুয়া জালিয়া। কৃষক চাষী। বাড়ই ঘরামি মিস্ত্রি। কাঠুরে। করাতি। নাপিত নরসুন্দর পরামানিক। ধোপা রজক। মেথর ধাঙ্গড় ঝাড়ুদার সুইপার।

নির্মাতা নির্মাণ,গঠন,প্রস্তুত,–কারী। স্থপতি স্থাপক স্থাপয়িতা প্রতিষ্ঠাতা। প্রকৌশলী ইঞ্জিনিয়ার। রাজ রাজমিস্ত্রি। ঠিকাদার কন্ট্রাক্টর। অপারেটর মেশিনম্যান মেকানিক মিস্ত্রি। কারি,–কর,–গর আর্টিজান। দপ্তরি জিল্দগার বইবাইন্ডার।

পরিচালক (৭২০)। অধিকর্তা ম্যানেজার কর্মাধ্যক্ষ তত্ত্বাবধায়ক। উচ্চপদস্থ কর্মচারী। নিম্নপদস্থ কর্মচারী। সাধারণ কর্মচারী। কেরানি করণিক ক্লার্ক বাবু মুনশি। বড়বাবু। সেরেস্তাদার। হেড ক্লার্ক।

৬৯৪। কর্মক্ষেত্র

বি. কর্ম,–ক্ষেত্র,–স্থল,–স্থান,–ভূমি। কার্যালয় করণ অফিস আপিস দপ্তর,–খানা সেরেস্তা কাছারি। সেক্রেটারিয়েট সচিবালয় মহাকরণ। রেজিস্টার্ড –অফিস। হেড অফিস। সাব,ব্রাঞ্চ,–অফিস। শাখা ব্রাঞ্চ। দূতালয় এমব্যাসি চান্সরি। কনসুলেট বাণিজ্যিক–দূতাবাস।

শিল্প,–সংস্থা,–প্রতিষ্ঠান ইন্ডাস্ট্রি। কারখানা কলকারখানা মিল কল ফ্যাক্টরি ওয়ার্কস,–শপ। কর্ম,শিল্প,যন্ত্র,কারু,–শালা কারুভবন প্রাবেশন। ভারিশিল্প হেভিইন্ডাস্ট্রি। বৃহৎশিল্প।

স্বয়ংক্রিয়শিল্প(৩৪০)। ক্ষুদ্রশিল্প স্মলস্কেলইন্ডাস্ট্রি। কুটিরশিল্প কটেজইন্ডাস্ট্রি গৃহশিল্প। হস্তশিল্প (৫৭১)। বিদ্যুৎসরবরাহকেন্দ্র পাওয়ারপ্ল্যান্ট। পানিসরবরাহকেন্দ্র ওয়াটারওয়ার্কস। ডকইয়ার্ড জেটি ডক জাহাজঘাটা পোতাঙ্গন। বিমানবন্দর। রেলওয়ে। কামারশালা ঢালাইখানা ফাউন্ড্রি। অস্ত্রকারখানা অর্ডন্যান্স-ফ্যাক্টরি। রসায়নাগার পরীক্ষাগার গবেষণাগার ল্যাবরেটরি। টাঁকশাল। মুদ্রণালয় প্রেস। বাঁধাই বুকবাইন্ডিং প্যাকিং। স্টুডিও।

কল। করাতকল স-মিল। ময়দারকল ফ্লাওয়ারমিল। বেকারি রুটিবিস্কুটের কারখানা। কৃষিখামার। মৎস্যখামার হ্যাচারি। ডেইরিফার্ম গব্যশালা। হাঁসমুরগির খামার। কসাইখানা। ট্যানারি।

দোকান (৭৯৯)। হাটবাজার। নাপিতের দোকান। বিউটি-পারলার। দরজির দোকান টেলারিংশপ। গার্মেন্টিস-ফ্যাক্টরি।

৬৯৫। প্রস্তুতি

বি. প্রস্তুতি আয়োজন উদ্যোগআয়োজন ইন্তেজাম আঞ্জাম। সাজ সাজ,-গোজ,-সজ্জা,-সরঞ্জাম। যোগাড়যন্ত্র উদ্যোগ উদ্যম (৬৯০)। বন্দোবস্ত বন্দেজ ব্যবস্থা। সু,-ব্যবস্থা,-বন্দোবস্ত,-বিহিত। পূর্ব,-ব্যবস্থা,-সাবধানতা। প্রস্তুতিপর্ব। পদক্ষেপ। প্রস্তাব। জল্পনাকল্পনা। সংগঠন সংস্থাপন মহরত। আখড়া মহড়া। রণ,সমর,-সজ্জা। নীরাজন। পাঁয়তারা। কুচকাওয়াজ। জানান প্রচার। বুনিয়াদ ভিত্তি। কাঠামো। বিন্যাস। অনুশীলন ট্রেনিং। শিক্ষা প্রশিক্ষণ। শিক্ষানবিশি (৫৫১)। রন্ধন রান্না পাক। তাপন। কর্ষণ চাষ মই বপন বোনা। শিক্ষক ওস্তাদ গুরু। অগ্রণী (৬৩)। পথপ্রদর্শক পথিকৃৎ সংস্থাপক আয়োজক আয়োজনকারী।

ক্রি. প্রস্তুত বা তৈরি করা। বানানো। প্রস্তুতি নেওয়া। আয়োজন বা ইন্তেজাম করা। ঠিকঠাক করা। ভিত দেওয়া। মাটি ঠিক করা। কাঠামো দাঁড় করানো। ব্যবস্থা নেওয়া। বন্দোবস্ত করা। প্ল্যান করা। মালমশলা যোগাড় করা। সজ্জিত করা। সাজানো গোছানো। প্রস্তুত হওয়া। প্রস্তুত বা রেডি থাকা। রেডি হয়ে থাকা। বাঁধা ছাঁদা। আখড়া বা মহড়া দেওয়া। উঠে পড়ে লাগা। আদা জল খেয়ে লাগা। কোমর বেঁধে লাগা। আগে থেকে ঠিক থাকা। পূর্ব ব্যবস্থা গ্রহণ করা। জরুরি অবস্থার জন্য ব্যবস্থা নেওয়া। শিখানো। তৈয়ার করা। শিখিয়ে নেওয়া। উপযোগী করা।

বিণ. প্রস্তুতিমূলক প্রাথমিক প্রারম্ভিক। সাবধানতামূলক। প্রস্তুত আয়োজিত ব্যবস্থিত সংস্থাপিত তৈরী ঠিকঠাক। প্রবৃত্ত উদ্যত উপযোগী। পাকা দক্ষ যোগ্য উপযুক্ত অভিজ্ঞ। বিশদ।

৬৯৬। অপ্রস্তুতি

বি. অপ্রস্তুতি অনায়োজন অবন্দোবস্ত অব্যবস্থা অপ্রযত্ন। অনুপস্থিতি। আলস্য অলসতা দীর্ঘসূত্রতা। অনুৎসাহ গাছাড়াভাব। অসম্পাদন। অদূরদর্শিতা। অপক্কতা অযোগ্যতা অনুপযুক্ততা অদক্ষতা। অকর্ষণ অননুশীলন। আবেগ প্রত্যুৎপন্নমতিত্ব উপস্থিতবুদ্ধি (৪৬৩)।

ক্রি. অপ্রস্তুত থাকা বা রাখা। ফেলে রাখা। কাঁচা রাখা। আয়োজন না করা। ব্যবস্থা বা বন্দোবস্ত না নেওয়া। যেমন তেমন করে করা। উপস্থিত বুদ্ধিতে কাজ সারা। স্টেজে মারা। হঠাৎ চাপে পড়া। আশ্চর্য হওয়া।

বিণ. অপ্রস্তুত। অসম্পূর্ণ। অসম্পাদিত। কাঁচা

অপক্ব। অদক্ষ। অনুপযুক্ত অনুপযোগী। অনভিজ্ঞ অশিক্ষিত অশিক্ষাপ্রাপ্ত। আনকোরা। অকর্ষিত পতিত। অসিদ্ধ। অচেষ্ট নিশ্চেষ্ট বিচেষ্ট। প্রত্যুৎপন্নমতি।

৬৯৭। সম্পাদন

বি. সম্পাদন নিষ্পাদন নির্বাহ। সাধন প্রতিপাদন আসাদন। সংঘটন (১৬৮)। আঞ্জাম। সংবৃত্তি। অনুষ্ঠান উদ্‌যাপন। পালন। আনয়ন। পূরণ সম্পূরণ। পূর্ণতা। সম্পূর্ণতা। (৫২)। সমাধা সমাপনী। নিকাশ। সমাধান নিষ্পত্তি। শেষ সমাপ্তি (৬৬)। কৃতি করণ। কার্যোদ্ধার কার্যনিষ্পত্তি কার্যসিদ্ধি। সুসমাপন। কৃতিত্ব কীর্তি। সু,-কৃতি, -কীর্তি।

ক্রি. সম্পাদন সম্পন্ন নিষ্পাদন বা নির্বাহ করা। পূরণ সম্পূরণ বা হাসিল করা। পালন করা। কাজ করা। কাজ শেষ করা। কাজ মেটানো বা চুকানো। চুকানো। চুকিয়ে দেওয়া বা ফেলা। তোলা। সারা। শেষ বা সমাধা করা। ফুরানো। সাঙ্গ করা। কার্যোদ্ধার করা। সম্পূর্ণ করা। সুসম্পন্ন করা। কেঁচে গণ্ডুষ করা। আবার শুরু করা। গন্তব্যস্থলে বা লক্ষ্যস্থলে পৌঁছানো। ফতে করা।

বিণ. সম্পন্ন নিষ্পন্ন নির্বাহিত সংবৃত্ত। কৃত সাধিত। পালিত। হাসিল সিদ্ধ পূর্ণ সম্পূর্ণ। সুসিদ্ধ সুসম্পন্ন। চূড়ান্ত শেষ সমাপ্ত সাঙ্গ। ভূত নির্বৃত্ত। সমাপিত সম্পাদিত সমাহিত। সাধক সম্পাদক নির্বাহক। সম্পাদ্য সম্পাদনীয়।

৬৯৮। অসম্পাদন

বি. অসম্পাদন অনিষ্পাদন অনির্বাহ। অপালন অকরণ অসমাপণ অপূরণ অসংঘটন অসমাপ্তি অসম্পূর্ণতা (৫৩)। ঘাটতি অভাব ত্রুটি গলতি (৩০২)। অবহেলা অমনোযোগ (৫২২)। অমীমাংসা।

ক্রি. সম্পাদন না করা। অসম্পন্ন রাখা। না হওয়া। পাকা ঘুঁটি কেঁচে যাওয়া। অসম্পূর্ণ রাখা। ফেলে রাখা। জুগিয়ে রাখা। কাজ শেষ না করা। অর্ধেক করা। হাঁপিয়ে ওঠা। অবহেলা করা।

বিণ. অসম্পন্ন অপালিত অনিষ্পন্ন। অসমাপ্ত অসমাপিত অসাধিত অকৃত। স্থগিত। বাকি। গররাজি। অরক্ষিত। আধাখেঁচড়া। অসিদ্ধ অপূর্ণ অসম্পূর্ণ। স্থূল। ভাসাভাসা। নিষ্ফল। অসার্থক।

৬৯৯। সাফল্য

বি. সাফল্য সফলতা সার্থকতা কৃত,-কার্যতা, -কর্মতা সিদ্ধি চরিতার্থতা। অগ্রগতি প্রগতি (২৭৫)। উত্তরণ উন্নতি (৬৬৯)। সু,-দিন,-সময়। সমৃদ্ধি (৭০২)। ফায়দা লাভ। সিদ্ধিলাভ ইষ্টসিদ্ধি কার্যোদ্ধার। কার্য,কর্ম,-সিদ্ধি। অর্থসিদ্ধি। অভীষ্ট,-সিদ্ধি,-লাভ। হাসিল। ফল,-প্রাপ্তি, -লাভ। সুফল। কৃতিত্ব কীর্তি। পাশ। জয় (৭০০)। পারদর্শিতা নৈপুণ্য (৭০৮)। পূর্ণতা। সুসমাপ্তি সুসমাপন অচ্ছিদ্রাবধারণ। নিশ্চিত সাফল্য। চ্যাম্পিয়ান। পুরস্কার প্রাইজ।

ক্রি. সাফল্য বা সফলতা অর্জন করা। সফল বা কৃতকার্য হওয়া। মেরে দেওয়া। অর্জন করা। লাভ করা। উতরানো। উতরে যাওয়া। কাজ হাসিল করা। ফল পাওয়া। পারা। করতে পারা। সমাধান করা। সুসম্পাদন করা। সুপরিচালনা করা। এগিয়ে যাওয়া। অগ্রসর হওয়া। গন্তব্যস্থানে বা লক্ষ্যস্থলে পৌঁছাতে সক্ষম হওয়া। সিদ্ধিলাভ করা। পাশ করা। উত্তীর্ণ হওয়া। সুপ্রতিষ্ঠিত হওয়া। দাঁড়িয়ে যাওয়া। হারানো। তুড়ি মেরে ওড়ানো। কান কাটা। কান মলা। নাকাল করা। থোঁতা মুখ ভোঁতা করা। উত্তর দেওয়া। সমুচিত জবাব দেওয়া। দেখিয়ে

দেওয়া। ঘোল খাওয়ানো। হাতে পাওয়া।

বিণ. সফল সার্থক অমোঘ কৃত,-কার্য,-কর্ম। সফল,-কাম,-মনোরথ। সিদ্ধ চরিতার্থ। অগ্রসর। উত্তীর্ণ। উন্নত। সিদ্ধ,-কাম,-মনোরথ। সুসিদ্ধ আপ্ত,-লব্ধ,-কাম। কৃত,-কাম,-কর্মা,-কীর্তি, -ক্রিয়,-মুখ,-সিদ্ধ। কৃতকৃত্য কৃতার্থ কৃতী। কৃত। সাফল্যমণ্ডিত গতার্থ সিদ্ধিযুক্ত পূর্ণমনোরথ। জয়ী। সুসমাপ্ত সুসম্পন্ন। সিদ্ধিদায়ক পয়মন্ত। নিশ্চিত ফলদায়ক। সাফল্য,-দানকারী,-দায়ী। সিদ্ধিদাতা।

৭০০। ব্যর্থতা

বি. ব্যর্থতা বিফলতা নিষ্ফলতা অসফলতা অসাফল্য। অসার্থকতা অসিদ্ধি অচরিতার্থতা। অকৃত,-কার্যতা,-কর্মতা। অকৃতার্থতা অকৃতিত্ব। অসম্পাদন (৬৮৮)। পণ্ডশ্রম। ব্যর্থ,বৃথা,-চেষ্টা। পরাজয় (৭০২)। ফেল। ভুল ত্রুটি (৫০৯)। নিরর্থকতা অনর্থকতা। অপারগতা (৩০২)। অবনতি (৬৭০)। লোকসান (৭৭৮)। দুর্ভোগ (৭০৪)। ক্ষয় ক্ষতি ধ্বংস (১৬০)। পণ্ড বানচাল। হতাশা (৫৩২)। অভিভব। ভগ্নদূত।

ক্রি. ব্যর্থ বিফল বা অকৃতকার্য হওয়া। ফেল করা বা মারা। পণ্ড ভণ্ড লণ্ডভণ্ড বা ভণ্ডুল হওয়া। বানচাল হওয়া। ভেস্তে যাওয়া। ভেস্তানো। ভেস্তে দেওয়া। নষ্ট করা। মাটি করা। ফাঁসা। হারা। হার মানা। ডোবানো। জব্দানো। কাঁচানো। ঘায়েল হওয়া। কাবু বা জব্দ হওয়া। নাকাল হয়রান বা নাস্তানাবুদ হওয়া। জেরবার বা উচ্ছন্নে যাওয়া। লেজ গুটানো। পিঠটান দেওয়া। পিছিয়ে বা হটে আসা। গোল্লায় চুলোয় বা জাহান্নামে যাওয়া। কলা পোড়া খাওয়া। থোঁতা মুখ ভোঁতা হওয়া। কান কাটা যাওয়া। ঘাস কাটা।

বিণ. ব্যর্থ বিফল নিষ্ফল অসফল। অসার্থক অসিদ্ধ অচরিতার্থ। অকৃত,-কার্য,-কর্ম। বিফলমনোরথ। ব্যর্থ,-মনোরথ,-মনস্কাম। অসিদ্ধকাম। অকৃতি অকৃতার্থ অকৃত,-কৃত্য, -কীর্তি। অনুত্তীর্ণ। নিরর্থক অনর্থক অর্থহীন বৃথা। অপারগ। পরাজিত। পণ্ড ভণ্ড লণ্ডভণ্ড ভণ্ডুল নষ্ট। পণ্ডকারী কর্ম,-পণ্ডকারী,-নাশা। বেফায়দা। ঘায়েল জব্দ কাবু কুপোকাৎ। নিরস্ত। নাকাল নাজেহাল হয়রান নাস্তানাবুদ। জেরবার। হতাশ নিরাশ আশাভঙ্গ ভগ্নমনোরথ। বিফলাত্মা অকৃতাত্মা বিফল,ব্যর্থ,-জীবন। দেউলিয়া।

৭০১। জয়

বি. জয় বিজয় জিত জয়লাভ জিন জিনা। দিগ্বিজয়। যুদ্ধ,রণ,-জয়। সমরসাফল্য। বিশ্ব, -জয়,-বিজয় জগজ্জয় ভুবনজয়। ফতে মাত কেল্লাফতে। কিস্তিমাত। বাজিমাত। অপরাজয় অনভিভবন। শত্রু,-জয়,-নাশ,-বিনাশ,-দমন, -মর্দন। বৈরী,-দমন,-সংহার। অরাতিদমন কণ্টকোদ্ধার। দমন প্রশমন। বশীকরণ। বিদলন। শায়েস্তা টিট। কব্জা। নিবারণ পরাক্রম। অজেয়তা অদম্যতা অধৃষ্যতা। সাফল্য (৬৯৯)। জয়শ্রী। জয়,বিজয়,-লক্ষ্মী। জয়,-মালা,-মাল্য বিজয়মাল্য। জয়শঙ্খ। জয়,-ঢাক,-ভেরি বিজয়দুন্দুভি। জয়,-ধ্বনি,-কার,-জয়কার জয়োল্লাস। জয়,-গর্ব,-দর্প বিজয়গর্ব। জয়স্মৃতি। জয়,বিজয়,-স্তম্ভ। রণস্তম্ভ। জয়,-লেখা,-পত্র। জয়,-পতাকা,-ধ্বজ,-ধ্বজা,-জয়ন্তী বিজয়কেতন। জয়োৎসব বিজয়োৎসব। জিগীষা বিজিগীষা।

ক্রি. জয় বা জয়লাভ করা। জেতা। জিত হওয়া। জিতে নেওয়া। মাত করা। কিস্তিমাত করা। কেল্লাফতে করা। ঘায়েল করা। জেতানো। জিতিয়ে দেওয়া। পরাজিত পরাভূত পরাস্ত

পর্যুদস্ত বা বিজিত করা। বিপর্যস্ত বা বিধ্বস্ত করা। হারানো। হারিয়ে দেওয়া। গো হারান হারানো। কাবু করা। কব্জা করা। আয়ত্তে বা বশে আনা। বশ বা বশীভূত করা। বাধ্য করা। অধীনে আনা। হাত করা। হাতে আনা। দমানো। বাগানো। বাগ মানানো। বাগে আনা। দাবিয়ে রাখা। দাবানো। কোণঠাসা করা। আঁটা। এঁটে ওঠা। পারা। পেরে ওঠা।

বিণ. জয়,-যুক্ত,-শীল। জয়ী বিজয়ী বিজেতা জিষ্ণু। জয়,বিজয়,-কারী জয়লাভকারী গালিব। বিশ্ব,-জয়ী,-বিজয়ী,-বিজেতা জগজ্জয়ী দিগ্বিজয়ী। যুদ্ধ,সমর,-জয়ী জিতাহব। অজিত অপরাজিত অপরাস্ত অপরাভূত অপরাহত অদমিত। অদম্য অদমনীয় অনভিভবনীয়। অজেয় অপরাজেয় অধৃষ্য। পরাক্রান্ত অবশীভূত অনায়ত্ত। বিজয়োন্মত্ত জয়োল্লোসিত। শত্রু,-ঘ্ন, -জয়ী,-জিৎ,-নাশকারী। জিতারি অরিন্দম অরি, -জিৎ,-মর্দ,-মর্দন শত্রুজয় শত্রুন্তপ পরঞ্জয়। অরাতিদমন জিতামিত্র। দমনকারী বশকারী। বিপদনাশক। দুর্জয় দুর্দান্ত দুর্ধর্ষ দুর্বার দুর্নিবার্য দুর্দম দুর্দমনীয় অপ্রতিরোধ্য দুরাধর্ষ দোর্দণ্ড। সফল। জয়দাতা জয়দ। জিগীষু জয়েচ্ছু বিজিগীষু বিজিগ্রাহয়িষু।

৭০২। পরাজয়

বি. পরাজয় পরাভব পর্যুদাস হার হারি অজয়। অভি,-ভব,-ভাব,-ভূতি পরিভব অনুগতি। অপজয় অব,-জয়,-জিতি। বশ্যতা। বশীভবন। আত্মসমর্পণ সারেন্ডার। বশ্যতা,নতি, অধীনতা, আনুগত্য,-স্বীকার। পরাজয়,হার,-স্বীকার। অস্ত্রসংবরণ প্রত্যবহার। পশ্চাদপসরণ। পরাধীনতা। ব্যর্থতা (৭০০)।

ক্রি. পরাজিত পরাভূত পর্যুদস্ত বা পরাস্ত হওয়া। হারা। হেরে যাওয়া। নাকাল বা নাস্তানাবুদ হওয়া। পদানত হওয়া। ধরা দেওয়া। পিঠটান দেওয়া। পিছিয়ে আসা। পিছনে বা পিছু হটা। হটে যাওয়া। লেজ গুটানো। মোচ নামানো। রণে ভঙ্গ দেওয়া। হার মানা। দমে যাওয়া। দমা। হাতিয়ার নামানো। অস্ত্র সংবরণ করা। আত্মসমর্পণ করা। উৎসাহে ভাটা পড়া।

বিণ. পরাজিত বিজিত পরাভূত পরাস্ত পর্যুদস্ত পরাহত পদানত। বিদলিত নির্জিত বিনির্জিত। বশীভূত অবদমিত দমিত। কুপোকাৎ। হারু হেরো। দমনশীল দমনীয় দম্য দমন সাধ্য। বশ্য। ধৃষ্য অভিভাব্য জেয় বিজেয় পরাজেয়। সুজেয় সুজয়। জয়সাধ্য। কাহিল হয়রান নাজেহাল নাস্তানাবুদ নাকাল। কোণঠাসা। হেঁট। জেরবার। রাজ্য,-চ্যুত,-ভ্রষ্ট।

৭০৩। সমৃদ্ধি

বি. সমৃদ্ধি ঋদ্ধি শ্রীবৃদ্ধি উন্নতি। সচ্ছলতা স্বাচ্ছন্দ্য। ঐশ্বর্য (৮০৪)। সাফল্য (৬৯৯)। সু,-দিন,-সময়। সৌভাগ্য। সুখ,-রবি,-সূর্য। পয়। বরকত। জোর,-কপাল,-বরাত। বরাতজোর। ভাগ্যোদয় পুণ্যোদয় সৌভাগ্যসঞ্চার। সুখ স্বাচ্ছন্দ্য(৮২৯)। আশীর্বাদ দান। কল্যাণ শুভ (৬৫৪)। নতুন বড়লোক। ভুঁইফোড়। হঠাৎবাবু। পোয়াবারো। সোনায়সোহাগা। মনিকাঞ্চনযোগ। একাদশে বৃহস্পতি। সুখের সংসার। লক্ষ্মীর ভাণ্ডার। চাঁদের হাট।

ক্রি. সম্যক্ উন্নতি হওয়া। সমৃদ্ধি বা শ্রীবৃদ্ধি হওয়া বা লাভ করা। উন্নতি করা। সোনা ফলানো। সফলকাম হওয়া। লাভ করা। ফল লাভ করা। হঠাৎ বড়লোক হওয়া। ভাগ্য বা কপাল খোলা ফেরা বা ফাটা। দিন ফেরা। সুদিনের মুখ দেখা। ভালো দিন আসা। সময় ভালো যাওয়া। আকাশ

হাতে পাওয়া। হাতে চাঁদ পাওয়া। ফোলা। ফাঁপা। ফেঁপে ওঠা।

বিণ. সমৃদ্ধ ঋদ্ধ ঋদ্ধিমান। শ্রীবৃদ্ধিসম্পন্ন। উন্নত। সচ্ছল। বিত্তবান (৮০৪)। ভাগ্য,সৌভাগ্য,-বান। পয়া পয়মন্ত। লক্ষ্মীমন্ত। নেকবখৎ। খুশনসিব। কপালে। সুলক্ষণে শুভ। ভগবদ্‌দত্ত।

৭০৪। দুরবস্থা

বি. দুরবস্থা দুর্দশা খোয়ারি বিদশা দুর্গতি দুর্ভোগ দুর্দিন দুর্যোগ। অন্তরাবর্তন দুর্বিপাক বিপর্যয় বিপর্যস বিপর্যাস। মন্দ (৬৫৫)। ব্যর্থতা (৭০০)। কুসময় আপদকাল। আতান্তর। দুর্ভাগ্য। পোড়াকপাল দগ্ধভাগ্য বদবখতি গরদিশ। কপালের,-ফের,-দোষ। বিধি বাম। অদৃষ্টের পরিহাস। অলক্ষ্মীর দশা। কপাল মন্দ। দুর্দৈব। দৈব,-দুর্বিপাক,-বিড়ম্বনা বিধিবিড়ম্বনা রাহুর, -গ্রাস,-দশা। শাপ অভিশাপ গজব। বিপত্তি বিপাক ফ্যাসাদ ফেকড়া ফেচাং মুশকিল। বিড়ম্বনা অসুবিধা (৭০৮)। দুরূহতা দুঃসাধ্যতা। নৌকা,ভরা,-ডুবি। কলির সন্ধ্যা। অপমান। গুরুভার। চাপ তাড়না দায়। দুঃখ (৮৩০)। কষ্ট। দুঃখকষ্ট। কষ্টভোগ। অবস্থার ফের। দুঃখের দিন। অবস্থাবিপর্যয়। ফাঁড়া। বিপদ। অমঙ্গল। নিগ্রহ নাকানিচুবানি। সর্বনাশ। দুর্ঘটনা। ক্ষয়ক্ষতি (৭৭৮)। পতন অবনতি (৬৭০)। পুনঃপতন (৬৭২)।

ক্রি. দুরবস্থায় পড়া। পতন হওয়া। খইয়ের বন্ধনে পড়া। পোড় খাওয়া। খারাপ দিন হওয়া। দিনগত পাপক্ষয় করা। দিনাতিপাত করা। মাস কাটা। বছর কাটা। মন্দ কপাল হওয়া। কপাল ভাঙা। দুঃখে পড়া। কষ্ট পাওয়া। সময় খারাপ যাওয়া। দুঃখকষ্ট পাওয়া। অলক্ষ্মীতে পাওয়া। ভিটেমাটি চাটি হওয়া বা উৎসন্নে যাওয়া। হাড় পেকে যাওয়া। পথে বসা। চড়ে ঠেকা। পাত ওঠা। নাকাল হওয়া। নাকানিচোবানি খাওয়া। চোখের জলে নাকের জলে হওয়া। ছারখার হওয়া। সোনা ফেলে আঁচলে গিরো দেওয়া।

বিণ. দুরবস্থা। দুর্দশাগ্রস্ত। দুর্গত বেহাল। দুর্ভাগা হতভাগ্য কমবখত। কপালপোড়া পোড়া,আট, -কপালে। হত,নষ্ট,-শ্রী। হতচ্ছাড়া লক্ষ্মীছাড়া ছন্নছাড়া। দুর্বিপাক,বিপদ,-গ্রস্ত। অভিশপ্ত শাপগ্রস্ত রাহুগ্রস্ত। দুঃখী দুঃস্থ অভাগা বেচারা। শ্রী, -হীন,-ভ্রষ্ট। দরিদ্র (৮০৫)। অসচ্ছল অসহায় নাচার অবলম্বনহীন নিরাশ্রয় সংগতিহীন চালচুলোহীন অগতি নিরুপায় হাতপাবাঁধা। সমৃদ্ধিহীন। ছারখার। খানেখারাপ দুঃখাবহ শোকাবহ। ধ্বংসাবহ।

৭০৫। মধ্যমাবস্থা

বি. মধ্যমাবস্থা মাঝারি,চলনসই,সাধারণ,মামুলি, -অবস্থা। গড়পড়তা। ভালও না-মন্দও না। দ্বিতীয়,তৃতীয়,-শ্রেণী। মধ্যবিত্ত নিম্নমধ্যবিত্ত উচ্চমধ্যবিত্ত। মধ্যপন্থা (৩৩৬) মাঝপথ। পরিমিততা।

অবাহুল্য। বাহুল্যহীনতা। আড়ম্বর,-হীনতা, -বিহীনতা। অবিলাস অবিলাসিতা বিলাসবিহীনতা বিলাসব্যসনহীনতা।

গতানুগতিকতা বৈচিত্র্যহীনতা একঘেয়েমি। থোড়বড়ি খাড়া খাড়াবড়ি থোড়। মোটাভাত মোটাকাপড়। যত্রআয় তত্রব্যয়। কৃচ্ছ্রসাধন (৯৫৭)।

ক্রি. সাধারণ বা অনাড়ম্বর জীবন যাপন করা। চলে যাওয়া। মোটের ওপর চলে যাওয়া। কোন প্রকারে চালানো। কষ্টেসৃষ্টে চালানো। কাটানো। গোঁয়ানো। দিন গুজরানো। পেট চলা। মানইজ্জত রক্ষা করা।

বিণ. মধ্যম মাঝারি মাঝামাঝি মোটমাট মোটামুটি সাধারণ মামুলি চলনসই।

৭০৬। বাধা

বি. বাধা হরকত বিঘ্ন প্রতিবন্ধ প্রতিবন্ধক প্রতিবন্ধকতা প্রতিকূলতা প্রতিঘ ব্যাঘাত বখেড়া বাগড়া। প্রতিষ্টম্ভ বিষ্টম্ভ। বিঘাত ব্যাহতি বিঘটন প্রত্যূহ বিষ্কুম্ভ বিষ্কম্ভ বাধন ফের ঘাত পর্যবস্থান পর্যবস্থা খলল। বাঁধ। বাধাবিঘ্ন বাধাবন্ধ রোকটোক। পথের বাধা। পথের কাঁটা। ফেচাং। বাড়া ভাতে ছাই। অন্তরায় বাদ। সম্বাধ। বিপত্তি। ঠেকা লেঠা গেরো হ্যাপা তাল। আটক অবরোধ (৭৩৩)। নিষেধ বারণ (৭৫১)। রোধ রোধন। নিরোধ সংরোধ। প্রাচীর প্রাকার দেয়াল। বন্ধন (৪৫)। অর্গল আগল। লাগাম বল্গা। নোঙর জিঞ্জির। হোঁচট উচট। ধাক্কা ঠোক্কর গুঁতা। খটকা সংশয়। কন্টক কাঁটা। যাত্রা-নাস্তি। ত্র্যহস্পর্শ। পিছুটান। আপত্তি। অসুবিধা (৭০৮) গতিরোধ প্রতিরোধ (৭৬৮) অবরোধ। বিরোধিতা (৭৬০)। অগ্নিপরীক্ষা। শত্রুতা (৮৯২)।

ক্রি. বাধা দেওয়া বা হওয়া। বিঘ্ন ঘটা। বাদ সাধা। বাগড়া দেওয়া। ঠেকা। লেঠা লাগা। আটকানো। থামানো। বন্ধ করা। রোধ করা। গতিরোধ করা। প্রতিবন্ধকতা সৃষ্টি করা। বাড়া ভাতে ছাই দেওয়া। প্রতিরোধ করা। বিরোধিতা করা। আপত্তি করা। নিষেধ বা বারণ করা। ঠেকা দেওয়া বা পড়া। আটকে যাওয়া বা পড়া। পথে কাঁটা দেওয়া। প্রাচীর তোলা। সীমান্ত বন্ধ করা।

বিণ. বাধাযুক্ত বাধাপূর্ণ প্রতিবন্ধক প্রতিবন্ধী। বিষ্টব্ধ প্রতিষ্টম্ভ। ব্যাঘাত,বাধা,-প্রাপ্ত প্রতিহত। ব্যাহত প্রত্যাহত পরাহত। অন্তরিত নিবারিত। রুদ্ধ নিরুদ্ধ প্রতিরুদ্ধ অবরুদ্ধ সংরুদ্ধ প্রতিবদ্ধ বিঘটিত। বদ্ধ। আবদ্ধ। বিঘ্নিত। বিঘ্নময়। রোধক বাধক। বিরুদ্ধ পরিপন্থী। দুর্ভেদ্য। দুর্গম দুরধিগম্য অগম্য। দুরতিক্রম্য দুর্লঙ্ঘ্য দুরারোহ। দুরাক্রম্য দুর্জয় দুর্ধর্ষ। দুর্নিবার দুর্নিবার্য। দুরাপ দুষ্প্রাপ্য দুর্লভ।

৭০৭। সুবিধা

বি. সুবিধা সহজতা সহজসাধ্যতা সাধ্যতা (৫০০)। সুসাধ্যতা সুগমতা সুসার সাবলীলতা স্বচ্ছন্দতা। সুকরতা। নমনীয়তা (৩৪৬)। অনায়াসলভ্যতা। সহজবোধ্যতা প্রাঞ্জলতা। মসৃণতা (২৫৪)। সুযোগ। বাগ। জুত জো যোত্র দান মওকা দাঁও। সুবর্ণ,স্বর্ণ,-মহা,-সুযোগ। অবলীলা অনায়াস অক্লেশ। ছেলেখেলা। ছেলের হাতের মোয়া। স্বাধীনতা। (৭৩৪)। অনুমতি (৭৫০)।

ক্রি. সুবিধা হওয়া। সহজ হওয়া। স্রোতে ভাসা। গা ভাসানো। হালকা হওয়া। জল ভাত হওয়া। সিধা-রাস্তা। সুবিধা সহজ বা হালকা করা। রাস্তা পরিষ্কার করা। জট ছাড়ানো। মসৃণ করা। তেলানো। বাঁকানো। সুযোগ নেওয়া। সুযোগ পাওয়া। বাগে পাওয়া। যোগাযোগ হওয়া। গাছেরও খাওয়া তলারও কুড়ানো।

বিণ. সুবিধাজনক। জুতসই লাগসই সিধা। সহজ,-সাধ্য,-লভ্য। অনায়াস,-সাধ্য,-সিদ্ধ, -লভ্য। সুকর। সুজ্ঞেয়। সাবলীল অনায়াস স্বচ্ছন্দ প্রাঞ্জল। অবাধ নিরঙ্কুশ নির্ব্যূঢ় অনিরুদ্ধ নির্বিঘ্ন নিষ্কণ্টক অবারিত। লীলায়িত। মুক্ত বাধাহীন অসম্বাধ। সোজা সহজগম্য সুগম সুগম্য। সুলভ সুসাধ্য সুখসাধ্য সুসহ। অকঠিন অজটিল। অনিবারিত অবলীলাকৃত অনায়াসকৃত অক্লেশ অক্লেশপ্রাপ্ত সহজসাধিত। অনুকূল সানুকূল।

ক্রি-বিণ. অবলীলাক্রমে হেলায়। সহজে অনায়াসে অক্লেশে অবলীলায় অবাধে স্বচ্ছন্দে। বিনা আয়াসে। ফুঁয়ে। তুড়িতে। চোখ বন্ধ করে। হাসতে হাসতে।

৭০৮। অসুবিধা

বি. অসুবিধা। দুরূহতা অসহজতা। কাঠিন্য কঠোরতা কঠিন,-তা,-ত্ব। অসাধ্যতা (৫০১)। দুর্বোধ্যতা দুর্জ্ঞেয়তা। মুশকিল কার সংকট। উভয়সংকট। শাঁখের করাত। পাকচক্র নটখটি হ্যাপা। ধান্দা(৫০৫)। বিপাক বিপত্তি ঝঞ্ঝাট ঝামেলা ঝকমারি দিকদারি বিভ্রাট (৫৮)। ভজকট ফ্যাসাদ ফ্যাঁকড়া। ফাঁপর। ঠেলা ঠেকা লেঠা বাধা ব্যাঘাত বিঘ্ন (৭০৬)। জট জটিলতা সমস্যা। কুবিধা অবিধা অসুসার।

ক্রি. অসুবিধা হওয়া। কঠিন বা শক্ত হওয়া। ধান্দায় পড়া। দায়ে ঠেকা। হতভম্ব হওয়া। বুদ্ধি হারানো। আটকে যাওয়া। জট পাকানো। তালগোল পাকানো। ফ্যাসাদে পড়া। ফ্যাঁকড়া বার করা। কাদায় পড়া। দকে পড়া। দয়ে মজানো। অসুবিধা করা। ঝামেলা বা ঝঞ্ঝাট করা। ঠেলায় পড়া। লেঠা লাগা।

বিণ. অসুবিধাজনক। অসহজ। বেকায়দা বেজুত বেগোছ। কঠিন সুকঠিন কঠোর শক্ত। সংকট,-ময়,-জনক,-পূর্ণ। অসাধ্য দুঃসাধ্য সাধ্যাতীত দুরূহ। কষ্ট,-কর,-সাধ্য। শ্রমসাধ্য। দুষ্কর সুদুষ্কর। অস্বচ্ছন্দ আড়ষ্ট। দুর্বোধ্য দুর্জ্ঞেয়। জটিল। সমস্যা,-সংকুল,-জর্জরিত,-কণ্টকিত,-জর্জর। ব্যাঘাতময় বিঘ্নময়। বিব্রতকর। দুর্বিষহ। বিভ্রান্তিকর। বিপজ্জনক কণ্টকাকীর্ণ। সুদূরপরাহত। অসুকর। গোলমেলে।

৭০৯। দক্ষতা

বি. দক্ষতা দাক্ষ্য পটু,-তা,-ত্ব পটিমা পাটব নৈপুণ্য নিপুণতা। পারদর্শিতা সামর্থ্য সমর্থতা সক্ষমতা পারগতা পারংগমতা পারক্য পারতা। কুশলতা কৌশল কায়দা কসরত কাওয়াজ বাগ। যোগ্যতা। কারদানি কারচুপি কেরামতি কারবরাই কারকিত কারিকুরি। ওস্তাদি মাস্টারি মুনশিয়ানা দখল। বাহাদুরি। দৌড়। কারসাজি হাতসাফাই (৫৫৭)। হিকমত বিজ্ঞতা অভিজ্ঞতা জ্ঞান (৪৬৭)। এলেম বিদ্যা মেধা বুদ্ধি,-মত্তা। অভ্যস্ততা পূর্বজ্ঞান। পরিচালনা। চাতুর্য (৭১১)। প্রযুক্তি। প্রত্যুৎপন্নমতিত্ব। কৃতিত্ব কৃতকার্যতা কর্ম,-দক্ষতা,-কুশলতা কর্মণ্যতা ক্ষমতা আয়ত্তি দখল অধিকার মনীষা প্রতিভা। হাতযশ। বিশেষ নৈপুণ্য। বিশেষ জ্ঞান। উপযোগিতা উপযোজন উপযুক্ততা কার্যোপযোগিতা। কারিকাশক্তি। যথাযোগ্যতা। স্বাভাবিক,সহজাত,-দক্ষতা। অশিক্ষিতপটুত্ব। বংশগত,কুল,কুলক্রমাগত,-বিদ্যা। অবদান কীর্তি। ওস্তাদ মাস্টার খলিফা। পাকাহাত। বাহাদুর। চাণক্য। রাজনীতিবিদ।

ক্রি. দক্ষতা বা নৈপুণ্য অর্জন করা। দখল থাকা। সুযোগ বা সুবিধার সদ্ব্যবহার করা। লাভ করা।

বিণ. দক্ষ পটু নিপুণ দড় সুদক্ষ। প্রগুণ পারগ পারংগম পারক পারৎ। পাকা চাঁই ঝানু চালু দুঁদে চতুর বুদ্ধিমান। বাহাদুর ওস্তাদ পারদর্শী বিশারদ। বিজ্ঞ বিশেষজ্ঞ। অভিজ্ঞ। কর্মজ্ঞ। বিচক্ষণ ধুরন্ধর। অধিকারী। করিতকর্মা কর্মণ্য। কর্মঠ পরিশ্রমী। চৌকস চোখল তুখড় চোখা,-ল। এলেম,-দার,-বাজ। কামেল হিকমতে পণ্ডিত মেধাবী সুশিক্ষিত। লায়েক সমর্থ যোগ্য সক্ষম ক্ষম সুযোগ্য উপযুক্ত ক্ষমতাবান। গুণী। হুনরি জহুরি। সব্যসাচী। জাঁদরেল। ক্ষিপ্রহস্ত। অভ্যস্ত। হস্তলাঘব। আটপিঠে। সুচতুর ধূর্ত কূটনীতিজ্ঞ। কুশল কুশলী কৌশলী কর্ম,-কার্যকুশল কলাকুশল কায়দাবাজ। কর্মনিপুণ পটীয়ান কার্য,-দক্ষ,-পটু পটিষ্ঠ ধুরীয়। কলাবতী দক্ষা পট্বী পটীয়সী। ক্ষেত্রজ্ঞ। সিদ্ধ পাকাহাত সিদ্ধহস্ত কৃতহস্ত। উপযোগী যথাযোগ্য যথাযুক্ত কার্যোপযোগী।

ক্রি-বিণ. দক্ষ,পাকা,অভ্যস্ত,-হাতে। অনায়াসে সহজে অবহেলে।

৭১০। অদক্ষতা

বি. অদক্ষতা অপটু,-ত্ব,-তা। অনিপুণতা। অকৌশল অপারদর্শিতা। অনভিজ্ঞতা কাঁচাহাত অনভ্যস্তহাত। অজ্ঞতা মূর্খতা বোকামি। অসামর্থ্য অপারগতা অযোগ্যতা অক্ষমতা অপারংগমতা অনৈপুণ্য অশক্তি অশক্ততা। অচাতুর্য (৭১২)। অনুপযোগ নাতোয়ান অনুপযুক্ততা অনুপযোগিতা। আনাড়িপনা হাতুড়েপনা অকর্মণ্যতা। আড়ষ্ট,-তা,-ত্ব অনভ্যাস অনভ্যস্ততা অচর্চা অনধিকার। অব্যবসায়। কুপরিচালনা অসদাচারণ কুনীতি দুর্নীতি কুশাসন। মহাভুল ভুল ভ্রান্তি গলদ।

ক্রি. তালগোল পাকানো। ভুল করা। নষ্ট বা খারাপ করা। ধেড়ানো। গণ্ডগোল বা গোলমাল করা। থতমত খাওয়া। হোঁচট খাওয়া। মিসমার করা। ভুল পরিচালনা করা। বিপথে বা ভুল পথে চলা। পথ হারানো। ফাঁদে পড়া। অপপ্রয়োগ করা। অপব্যবহার করা।

বিণ. অদক্ষ অপটু অনিপুণ অসমর্থ অপারগ অপারংগম অপারক অশক্ত অকৃতকর্মা অকৌশলী। নভিস। অকর্মণ্য। অনভিজ্ঞ অশিক্ষিত অশিক্ষাপ্রাপ্ত অপরিপক্ব অভিজ্ঞতাহীন। মূর্খ (৪৬৮)। বোকা। অযোগ্য অক্ষম অনুপযুক্ত অপদার্থ। নালায়েক। আনাড়ি অনভ্যস্ত আনকোরা কাঁচা। ষাঁড়ের গোবর। মাকাল ফল। গোবর গণেশ। অকালকুষ্মাণ্ড। কাজের নয় কর্মের নয়। হাতুড়ে হাতড়িয়ে। অখাদ্য। গর্দভ। অগোছালো আলুথালু। আড়ষ্ট। অভাজন। অনধিকারী অব্যবসায়ী। অপাত্র কুপাত্র। অক্ষেত্র। অচল। অনভিজ্ঞতাপ্রসূত অযোগ্যতাপ্রসূত।

ক্রি-বিণ. অক্ষমতাবশত। অপার্যমানে। কোনও মতে। যেন তেন প্রকারে। যে কোনও ভাবে। যেমন করে হোক।

৭১১। চাতুর্য

বি. চাতুর্য চাতুরী চতুরতা চালাকি ধূর্তামি ভণ্ডামি চালবাজি ওপরচালাকি। কপটতা কাপট্য কপটাচরণ কপটাচার কপটচারিতা। কারসাজি কারচুপি জারিজুরি। খলতা শঠতা। বৈড়ালব্রত। বকবৃত্তি। কৈতব। ধড়ি,ফেরেব,ধোকা,ধাপ্পা, ফন্দি,-বাজি। বুজরুকি। ক্রূরতা খলামি। প্রতারণা (৫৫৭)। ছল ব্যাজ ভেল্কি ধাপ্পা পট্টি ফেরেব ধোঁকা। ফন্দি। চক্রান্ত সাট ষড়যন্ত্র (৬৩২)। কুটিলতা কৌটিল্য। অসরলতা অসারল্য সারল্যহীনতা। কূটজাল ঘোরপ্যাঁচ মারপ্যাঁচ (৫৫৬)। কূটনীতি রাজনীতি চাণক্যবুদ্ধি। দু'কথা। লুকোচুরি (৫৪৬)। ফাঁদ (৬৭৬)।

ক্রি. চালাকি করা। কারসাজি বা কারচুপি করা। বুদ্ধি দিয়ে কাজ সারা। ভুলানো। তোষামোদ করা। মাথায় হাত বুলানো। হাত সাফাই করা। মাথায় কাঁঠাল ভাঙা। ধোঁকা বা ধাপ্পা দেওয়া। পেটে পেটে বুদ্ধি রাখা। মনে এক কথা আর মুখে আর এক কথা বলা।

বিণ. চতুর চালাক। চালবাজ ওপরচালাক অতিচালাক জাঁহাবাজ ঘোড়েল ধূর্ত শঠ ক্রূর খল। অসৎ কপট কপটচারী কপটী স্থগ কুটিল। প্রতারক বুজরুক। ভণ্ড ছলনাকারী ছেঁদো। ধড়ি,ফেরেব, ধোঁকা,ধাপ্পা, ফন্দি,ফিকির,-বাজ। প্যাঁচালো। দু'মুখো। কুচক্রী চক্রী চক্রান্তকারী বৈড়ালব্রতিক। বকব্রতী।

৭১২। অচাতুর্য

বি. অচাতুর্য অচাতুরী অকপটতা অকাপট্য অকুটিলতা অশঠতা অকৌটিল্য। অকৃত্রিমতা।

ছলনাহীনতা। সাফ,সাদা,-কথা। সারল্য সরলতা। সহজতা ঋজুতা। সততা (৯৪২)। সহৃদয়তা আন্তরিকতা অকপটচিত্ততা অমায়িকতা সরলচিত্ততা ঐকান্তিকতা সংকোচহীনতা অখলতা ঔদার্য অসংকুচিতচিত্ততা। অপরাধশূন্যতা। (৯৪৮)।

ক্রি. ছলাকলা না করা। সত্য বলা। সোজা কথা বলা।

বিণ. অকপট। অকৃত্রিম স্বাভাবিক ছলনাহীন ছলাকলাহীন। কপটতা,-হীন,-শূন্য। ভানহীন। কাপট্য,-হীন,-বর্জিত নিষ্কপট। ছল,-শূন্য, -রহিত। অচ্ছল অচ্ছদ্ম। অব্যাজ নির্ব্যাজ ব্যাজহীন সোজা। অকপটচিত্ত অশঠ অকুটিল অখল অকূর্চ অচক্রী। দিল,-খোলা,-দরিয়া। সজ্জন ভালোলোক ভালোমানুষ। সরল,-মনা, -স্বভাব,-চিত্ত,-মতি,-বুদ্ধি,-হৃদয়,-প্রাণ, -প্রকৃতি। সাদামন। মুক্ত,-মনা,-চিত্ত। ঋজু, -প্রকৃতি,-স্বভাব। সাদাসিধা মুগ্ধস্বভাব। খোলসা মন,-প্রাণ,-খোলা। সরলবিশ্বাসী বিশ্বাসপ্রবণ। সাধু সৎ পবিত্র। সহজ সরল অমায়িক সাদা সাদাসিধে। শিশুসুলভ। মাসুম অপরাধহীন। চাতুর্যহীন। অপটু। আকাট ভোঁতা। বেচারা বেচারি। গোবেচারা হাঁদারাম। স্পষ্ট,-ভাষী,-বক্তা। ঠোঁটকাটা।

ক্রি-বিণ. খোলাখুলি সোজাসুজি। অকপটে অকপট,-ভাবে,-চিত্তে,-মনে। সরল,-ভাবে, -অন্তরে। মনখুলে। স্পষ্টাস্পষ্টি অসংকোচ নিঃসংকোচ। স্পষ্টকথায়। ভণিতা না করে।

৭১৩। কর্তৃত্ব

বি. কর্তৃত্ব বিশেষাধিকার প্রাধিকার অধিকার আধিপত্য আধিরাজ্য অধিকর্ম প্রভুত্ব। পদাধিকার কর্তৃত্বব্যঞ্জকতা ক্ষমতাশালিতা প্রভাবশালিতা প্রভবিষ্ণুতা। এখতিয়ার অধিক্ষেত্র জুরিসডিকশন এলাকা হদ্দ হুদ্দো অধিকরণ আমল।

ক্ষমতা শক্তি কেরামত প্রতিষ্ঠা প্রভাব (১৭৩)। প্রতিপত্তি প্রতাপ দোর্দণ্ডপ্রতাপ পরাক্রম রোয়াব রবরবা গুরুত্ব গরিমা মহিমা চোটপাট দাপট হাঁকডাক। অগ্রাধিকার প্রাধান্য অগ্রগণ্যতা নেতৃত্ব অধিনায়কত্ব। স্বর্গীয় অধিকার। রাজগি। বাহুবল জোর গায়ের জোর।

কর্তৃ,-পক্ষ,-বর্গ। হুকুম আদেশ নির্দেশ। নিয়ন্ত্রণ দমন বাধ্যকরণ নিষেধাজ্ঞা। হাত মুষ্টি মুঠ কবল কবজা তাঁব। সরকার (৭১৫)। শাসন প্রশাসন। বিচারবিভাগ (৯৬৬)।

সার্ব,-ভৌমতা,-ভৌমত্ব একাধিপত্য একাধিকার ঐকপত্য ঐকরাজ্য চক্রবর্তিত্ব অখণ্ডদণ্ড। রাজত্ব রাজতন্ত্র রাজ্য রিয়াসত সুলতানিয়াত খেলাফত বাদশাহি পাদশাহি। রাজা সম্রাট। তদীয় মহিমা। রাষ্ট্র,-পতি,-প্রধান। প্রধান মন্ত্রী।

আদেশকর্তা (৭২২)। শাসক শাসনকর্তা শাসিতা শাস্তা। দণ্ড,-বিধাতা,-বিধানকর্তা দণ্ডমুণ্ডের -কর্তা। হর্তাকর্তা সর্বেসর্বা একাধিপতি সার্বভৌম। প্রভু স্বামী। হুজুর। কর্তা বড়কর্তা। মালিক মনিব। অধিনায়ক ক্যাপ্টেন দল,-নেতা,-পতি। প্রধান সর্দার মুরব্বি। রাষ্ট্র রাজ্য দেশ অঙ্গরাজ্য ডোমিনিয়ন কমনওয়েলথ। শক্তি বৃহৎশক্তি। জাতিসংঘ (৭১৭)।

প্রভুত্বচিহ্ন রাজ,-দণ্ড,-ছত্র,-পট্ট,-পাট,-বেশ। তাজ মুকুট কিরীট। ছত্র। পতাকা নিশান। মোহর পাঞ্জা সিল। সিংহাসন রাজাসন নৃপাসন তখত মসনদ। আরশ। চেয়ার গদি। পদ অফিস। মঞ্চ মিম্বর। রাজধানী। রাজভবন। বঙ্গভবন। গণভবন।

সিংহাসন আরোহণ। অভিষেক। নির্বাচন। শপথগ্রহণ ক্ষমতাদখল। কু-দে-তা। সামরিক অভ্যুত্থান।

ক্রি. কর্তৃত্ব থাকা। কর্তৃত্ব করা বা দেখানো। কর্তৃত্ব বিস্তার বা প্রতিষ্ঠিত করা। ক্ষমতা বা এখতিয়ার থাকা। শাসন করা। নিয়ন্ত্রণ করা। পরিচালনা করা। শাসনভার হাতে নেওয়া। নেতৃত্ব দেওয়া। প্রভুত্ব করা সর্দারি করা। হুকুমদারি করা। রাজত্ব করা।

বিণ. কর্তৃত্ব,-ময়,-পূর্ণ,-ব্যঞ্জক। আধিপত্যমূলক। বলবৎ। কর্তৃত্বকারী। প্রভাব,-প্রতিপত্তি,-ক্ষমতা, -শীল প্রভবিষ্ণু ক্ষমতা,-সম্পন্ন,-বান,-পন্ন। প্রতাপী। প্রভাবযুক্ত প্রভাবান্বিত। ক্ষমতাসীন পদস্থ। সার্বভৌম স্বাধীন। রাজকীয়। রাজসিক। স্বেচ্ছাচারী স্বৈরাচারী। একচেটিয়া একচ্ছত্র। নিরঙ্কুশ নির্ব্যূঢ়। আমলাতান্ত্রিক আপিসি। সরকারি। মসনদি। বিভাগীয়। প্রাতিষ্ঠানিক অগণতান্ত্রিক। সাম্রাজ্যবাদী। সামন্ততান্ত্রিক। বুর্জোয়া।

ক্রি-বিণ. পদাধিকারবলে।

৭১৪। অরাজকতা

বি. অরাজকতা অরাজকঅবস্থা নৈরাজ্য অশাসন মাৎস্যন্যায় বিশৃঙ্খলা বেহাল-অবস্থা। অনিয়ন্ত্রণ দায়িত্বহীনতা। জবাবদিহির অভাব। নৈরাজ্যবাদ নিহিলিজিম। সন্ত্রাসবাদ বিভীষিকাতন্ত্র টেররিজম। মগের মুলুক। তুঘলকি রাজত্ব। জঙ্গলের, -আইন,-রাজত্ব। পশুশক্তি বাহুবল গায়ের জোর লাঠির জোর। গণপিটুনি। স্বৈরতন্ত্র স্বৈরিতা। জারজতন্ত্র। অবৈধতা (৯৬৪)। অপশাসন কুশাসন দুঃশাসন অন্যায়শাসন। ফিৎনা।

ক্রি.আইন কানুনের বালাই না থাকা। কেউ কারো কাছে দায়ী না থাকা। নিজের হাতে আইন তুলে নেওয়া। যার যা খুশি তাই করা।

বিণ. অরাজক উচ্ছৃঙ্খল বিশৃঙ্খল। নিয়ম, -বিরুদ্ধ,-বহির্ভূত। আইন,বিধি,রীতি,-বিরুদ্ধ। অবৈধ অবিহিত অবিধেয় রীতিবিগর্হিত উৎসূত্র। কালাপাহাড়ি।

ক্রি-বিণ. বেআইনিভাবে। আইনভেঙে। নির্বিচারে। অবৈধভাবে।

৭১৫। সরকার

বি. সরকার গভর্নমেন্ট হুকুমত রাজ রাজক। প্রশাসন অ্যাডমিনিস্ট্রেশন শাসনকার্য সিয়াসত নিজামত। শিষ্টি শাসন নিয়মন পরিচালন ব্যবস্থাপন পরিদর্শন। নিয়ন্ত্রণ হুকুম আদেশ ক্ষমতা এখতিয়ার আধিপত্য দখল। রাশ লাগাম শাসনরজ্জু। কব্জা তাঁব অধিকার। সুশাসন। দুষ্টের দমন শিষ্টের পালন। জনকল্যাণ। প্রজানুরঞ্জন। নির্বাহীবিভাগ প্রশাসনযন্ত্র আমলাতন্ত্র। সেক্রেটারিয়েট সচিবালয় সরকারি,-দপ্তর, -অফিস। সচিব আমলা নির্বাহী এক্সিকিউটিভ। রাজকর্মচারী। সরকারি চাকুরে।

কর্তৃপক্ষ। শাসক শাসন,-কর্তা,-কারী। শাস্তা শাসিতা প্রশাসক প্রশাস্তা প্রশাসিতা অ্যাডমিনিস্ট্রেটর। কর্তা কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বঙ্গভবন। রাষ্ট্রপতি। রাষ্ট্রপতির সচিবালয়। প্রধান মন্ত্রী। মন্ত্রী মন্ত্রিত্ব। প্রধান মন্ত্রীর সচিবালয়। মন্ত্রিসভা। মন্ত্রক মন্ত্রণালয়: অর্থ আইন বিচার কৃষি খাদ্য ডাক টেলিযোগাযোগ তথ্য ত্রাণ পুনর্বাসন ধর্ম নৌপরিবহন পররাষ্ট্র পরিকল্পনা পাট পূর্ত প্রতিরক্ষা বস্ত্র বাণিজ্য বিদ্যুৎ জ্বালানি খনিজসম্পদ বেসামরিক-বিমানচলাচল-পর্যটন ভূমি মৎস্য পশু যুব ক্রীড়া যোগাযোগ শিক্ষা শিল্প শ্রম জনশক্তি সংস্থাপন সমাজকল্যাণ মহিলা সংস্কৃতি সেচ পানি উন্নয়ন-বন্যা স্বরাষ্ট্র স্বাস্থ্য পরিবার-পরিকল্পনা স্থানীয়সরকার পল্লীউন্নয়ন সমবায়।

সরকারবৈভিন্ন্য: রাজ,রাজক,-তন্ত্র অবাধ, সীমিত, নিয়মতান্ত্রিক,-রাজতন্ত্র। অভিজাততন্ত্র অ্যারিসটোক্র্যাসি। ধনিকতন্ত্র প্লুটোক্র্যাসি। মুখ্যতন্ত্র অলিগার্কি। খেলাফত। সুলতানিয়াত। বাদশাহি পাদশাহি। পোপতন্ত্র প্যাপেসি। দিব্যতন্ত্র থিওক্র্যাসি ধর্মরাজ্য। রামরাজ্য। গণ,-তন্ত্র, -প্রজাতন্ত্র প্রজাতন্ত্র সাধারণতন্ত্র রিপাব্লিক। জনগণের জন্য জনগণের দ্বারা জনগণেরসরকার। সংসদীয়,-সরকার পার্লামেন্টারি সরকার। ক্যাবিনেট সরকার মন্ত্রিসভা। রাষ্ট্রপরিচালিত -সরকার। প্রেসিডেন্সি। এককেন্দ্রিক-সরকার ইউনিটারি-গভর্নমেন্ট। যুক্তরাষ্ট্রীয়-সরকার ফেডারেল-গভর্নমেন্ট। রাষ্ট্রসমবায় আমেল কনফেডারেশন। একদলীয়,-সরকার,-গণতন্ত্র। দ্বৈতশাসন। কোয়ালিশন সরকার। অন্তবর্তীকালীন সরকার। বেসামরিক সরকার। অতিজাতীয় সরকার। বিশ্বসরকার। জাতিসংঘ (৭১৭)। একনায়কত্ব স্বৈরতন্ত্র। সামরিক,ফৌজি,-সরকার। ঔপনিবেশিক সরকার। পুলিশি সরকার। পিতৃশাসিততন্ত্র। মাতৃশাসিততন্ত্র। রাজ,-কার্য, -কর্ম সরকারি কাজ। রাজ,রাষ্ট্র, সরকারি,-ভাষা। সরকারি চাকুরি।

ক্রি. সরকার চালানো। সরকারের নেতৃত্ব দেওয়া। রাষ্ট্রীয় কর্ম নির্বাহ করা। শাসন করা। শাসা। দেশশাসন বা রাজ্যশাসন করা। নেতৃত্ব দেওয়া। পরিচালনা করা। নিয়ন্ত্রণ করা। রাশ টানা। টেনে ধরা। শক্তহাতে ধরে রাখা। দমন করা। কড়াকড়ি করা। প্রাধান্য বিস্তার করা। তাঁবে বা কব্জায় রাখা।

বিণ. সরকারি। প্রশাসনিক নির্বাহী। রাজকীয়। গণতান্ত্রিক প্রজাতান্ত্রিক। সংসদীয়। দলভিত্তিক। আমলাতান্ত্রিক। স্বৈরতান্ত্রিক। পুলিশি ফৌজি সামরিক। অন্তবর্তীকালীন। ক্ষমতাসীন শাসিত শাসনাধীন। শাসনীয় শাস্য। সুশাসিত।

৭১৬। আইনসভা

বি. আইন,-সভা,-পরিষদ। বিধান,-সভা, -পরিষদ। সংসদ পার্লামেন্ট। লোকসভা রাজ্যসভা। জনপ্রতিনিধিসভা অ্যাসেম্বলি ন্যাশন্যাল-অ্যাসেম্বলি। কংগ্রেস সিনেট। হাউস -অব রিপ্রেজেন্টেটিভ। হাউস অব কমন্স। হাউস অব লর্ডস। কুইন-ইন-পার্লামেন্ট। ডাইএট রাইখস্তাক। সুপ্রীম সভিয়েট। নেসেট। এস্টেট জেনারেল। মজলিস মজলিসেশুরা। জির্গা। পঞ্চায়েত। এক,দ্বি,-সদনবিশিষ্ট সংসদ।

সংসদের,-আসন,-নির্বাচন,-সদস্য। সদস্যের, -যোগ্যতা,-অযোগ্যতা,-বিশেষাধিকার, -দায়মুক্তি। সংসদসদস্য সাংসদ এমপি ব্যবস্থাপক। বিশেষাধিকার কমিটি। সিটিং। সংসদের প্রথম অধিবেশন। কোরাম। কার্যপ্রণালী বিধি। স্থায়ী কমিটি। স্পিকার ডেপুটি-স্পিকার। মার্শাল। হুইপ চিফ-হুইপ। সংসদনেতা। বিরোধী দলের নেতা। আইন-প্রণয়ন পদ্ধতি। বিল। সরকারি বিল। স্বতন্ত্র সদস্যের বিল। অর্থবিল। আর্থিক ব্যবস্থাবলীর সুপারিশ। সংযুক্ত তহবিল। সরকারি অর্থের নিয়ন্ত্রণ। বার্ষিক আর্থিক বিবৃতি। বাজেট অনুমোদন। অধ্যাদেশ-অনুমোদন। রাষ্ট্রপতির,-ভাষণ,-বাণী। মন্ত্রীর অধিকার। সংসদের,-আহ্বান,-স্থগন,-ভঙ্গকরণ। সংসদের মেয়াদ। সংবিধান-সংশোধন। গণভোট। প্রশ্ন। সম্পূরক প্রশ্ন। স্বল্পকালীন নোটিশের প্রশ্ন। মুলতুবি প্রস্তাব। অনাস্থা প্রস্তাব। সংসদ অবমাননার প্রশ্ন। সংসদের কার্যবিবরণী।

ক্রি. সংসদ আহ্বান স্থগিত বা ভঙ্গ করা। আইন প্রণয়ন করা। বিল আনা। বিলের ওপর আলোচনা করা। বিল ভোটে দেওয়া। বিল পাশ করা। আলোচনা সংক্ষেপ করার নির্দেশ দেওয়া বা গিলোটিন করা। সংসদের কাজ ব্যাহত করার জন্য বাগাড়ম্বর বা ফিলিবাস্টারিং করা। কাট মোশন আনা। মুলতুবি প্রস্তাব উত্থাপন করা।

বিণ. সংসদীয়। পার্লামেন্টারী। আইনবিষয়ক। সংশোধনী।

৭১৭। জাতিসংঘ

বি. জাতিসংঘ। জাতিসংঘ সনদ। জাতিসংঘের কাঠামো: সাধারণ পরিষদ। নিরাপত্তা পরিষদ। অর্থনৈতিক ও সামাজিক পরিষদ। অছি -পরিষদ। আন্তর্জাতিক আদালত। সেক্রেটারি জেনারেল।

জাতিসংঘের সঙ্গে সম্পর্কিত আন্তঃসরকার প্রতিষ্ঠানসমূহ: আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা। আন্তর্জাতিক শ্রম সংস্থা। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা। জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংগঠন। বিশ্ব স্বাস্থ্য সংস্থা। বিশ্ব ব্যাংক। পুনর্গঠন ও উন্নয়নের জন্য আন্তর্জাতিক ব্যাংক। আন্তর্জাতিক উন্নয়ন সমিতি। আন্তর্জাতিক পুঁজি বিনিয়োগ সংস্থা। আন্তর্জাতিক মুদ্রা তহবিল। আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংস্থা। বিশ্ব ডাক ইউনিয়ন। আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন। বিশ্ব আবহাওয়া সংস্থা। আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থা। বিশ্ব বুদ্ধিবৃত্তি সম্পদ সংস্থা। কৃষি উন্নয়নের আন্তর্জাতিক তহবিল। শুল্ক বাণিজ্য বিষয়ক সাধারণ চুক্তি।

৭১৮। রাজনীতি

বি. রাজনীতি পলিটিকস রাষ্ট্রনীতি সিয়াসত। রাজনৈতিকচেতনা রাজনৈতিকতা। রাজনীতি, -জ্ঞান,-সচেতনতা। রাজনৈতিক,-মঞ্চ,-ফোরাম। রাজনৈতিক তৎপরতা। রাজনৈতিক ব্যক্তিত্ব। পেশাদার রাজনীতিক। নেতা। তাত্ত্বিক নেতা। রাজনৈতিক কর্মী। ক্যাডার। জনগণ জনতা পাবলিক। জনমত সমাজ ব্যবস্থা। সামাজিক ন্যায়বিচার। শ্রেণীহীন সমাজ। রাষ্ট্রবিজ্ঞান (৭১৯)। পলিটিক্যাল সায়ান্স। রাজনৈতিক,-পথ,-নীতি। স্বদেশ,অভ্যন্তরীণ,-নীতি। বৈদেশিক,বিদেশ, -নীতি। কূটনীতি কূটনৈতিকতা ডিপ্লোম্যাসি কূটনৈতিক-তৎপরতা। কূটনৈতিক-মিশন। এমব্যাসি দূতাবাস। হাইকমিশন। কনসুলেট বাণিজ্য-দূতাবাস। রাজদূত রাষ্ট্রদূত অ্যাম্বাস্যাডার। হাইকমিশনার। বাণিজ্যদূত কনসাল।

রাজনীতিবিদ রাজনীতিজ্ঞ পলিটিশিয়ান। কূটনীতিবিদ কূটনীতিক কূটনীতিজ্ঞ ডিপ্লোম্যাট। দলগত সংহতি। দলীয়,-মত,-স্বার্থ,-কোন্দল। অন্তর্দলীয় সংগঠন। হাইকমান্ড। পলিটব্যুরো।

নির্বাচন ইলেকশন ভোট,-যুদ্ধ। প্রত্যক্ষ,পরোক্ষ, -নির্বাচন। সাধারণ নির্বাচন। রেফারেন্ডাম গণভোট। উপনির্বাচন। ভোটাধিকার। সার্বিক ভোটাধিকার। নির্ণায়ক ভোট। প্রাপ্তবয়স্কের ভোটাধিকার। নির্বাচকমণ্ডলী ইলেকটরেট। নির্বাচকগোষ্ঠী ইলেকটরাল-কলেজ। নির্বাচনী এলাকা। নির্বাচনী এলাকার সীমানির্ধারণ। আসন -বণ্টন। ভোটার,-তালিকা,-লিস্টি। ব্যালট, -পেপার ভোটপত্র। নির্বাচন,-ভোট,-প্রার্থী। মনোনয়নপত্র। জামানত। নির্বাচনী,দলীয়, -প্রতীক। প্রতীকচিহ্ন। অনপনেয় কালি। ভোটগ্রহণ কেন্দ্র পোলিংবুথ। পোলিং,প্রিসাইডিং, -অফিসার। রিটার্নিং অফিসার। ভোটগণনা। প্রধান নির্বাচন কমিশনার। নির্বাচন কমিশনার। নির্বাচনী আইন। নির্বাচনের বৈধতা। নির্বাচনী অপরাধ।

ভোটার আপ্যায়ন। ভোট-ডাকাতি। নির্বাচন -ট্রাইব্যুনাল। নির্বাচনী,-প্রচার,-ক্যানভাস, -ক্যাম্পেন। ভোট,-ভিক্ষা,-প্রার্থনা। ভোটাভুটি। গুপ্তভোট। ধ্বনি,-বাক্,-ভোট নির্বাচনী ইশতেহার। নির্বাচনী,-আঁতাত,-সমঝোতা। মোর্চা। যুক্তফ্রন্ট।

ক্রি. রাজনীতি করা। রাজনীতিতে নামা। নির্বাচনে অংশ গ্রহণ করা। নির্বাচনে নামা বা প্রার্থী হওয়া। ইলেকশন করা। ভোট চাওয়া। ভোট দেওয়া। ফলাফল ঘোষণা করা।

বিণ. রাজনৈতিক পলিটিক্যাল। কূটনৈতিক ডিপ্লোম্যাটিক। নির্বাচনী। নির্বাচন সংক্রান্ত।

৭১৯। রাষ্ট্রবিজ্ঞান

বি. রাষ্ট্রবিজ্ঞান পলিটিক্যাল-সায়ান্স। সিয়াসত। রাষ্ট্রসত্তা। সমাজচুক্তি। রাজনৈতিক,-মত, -মতবাদ,-দর্শন,-আদর্শ,-মতাদর্শ। রাষ্ট্র পরিচালনার মূলনীতি। সরকার বৈভিন্ন্য (৭১৫)। রাজতন্ত্র। নগররাষ্ট্র। ঈশ্বরের রাজত্ব। বিধিদত্ত অধিকার। দিব্যতন্ত্র। চার্চ। প্যাপেসি। ধনতন্ত্র পুঁজিবাদ ক্যাপিটালিজম। ধনিকশ্রেণী বুর্জোয়া পাতিবুর্জোয়া। শোষকশ্রেণী। অভিজাততন্ত্র। অভিজাতসম্প্রদায়। সামন্ততন্ত্র ফিউডালিজম। জমিদারি প্রথা। সামন্ত সামন্তপ্রভু ফিউডাল জমিদার জোতদার। সামন্তরাজ। ভূমিদাস সার্ফ। সামাজিক শোষণ। ভাববাদ আদর্শবাদ। কালেক্টিভিজম। সিন্ডিক্যালিজম। সার্বভৌমিকতা বহুত্ববাদ। একত্ববাদ। ব্যক্তি,-তন্ত্র,-বাদ। ধ্রুববাদ পজিটিভিজম। জাতীয়তাবাদ (৪১২)। উগ্রজাতীয়তাবাদ। রাষ্ট্রীয়তাবাদ। ফ্যাসিবাদ। নাত্‌সিবাদ জাতীয় সমাজতন্ত্র। টোটালিটেরিয়ানিজম সর্বাত্মকতাবাদ। স্বৈরতন্ত্র। দক্ষিণপন্থা প্রতিক্রিয়াশীলতা। রক্ষণশীলতা। প্রতিবিপ্লব। অহিংসা অহিংসাবাদ। গান্ধীবাদ। সর্বোদয়। অন্ত্যোদয়। অহিংসা-আন্দোলন সত্যাগ্রহ। অসহযোগ-আন্দোলন। নিরস্ত্র প্রতিরোধ। মানবতাবাদ হিউম্যানিজম র‍্যাডিক্যাল -হিউম্যানিজম। কৌটিল্যদর্শন। মেকিয়াভেল্লিবাদ। উদারনৈতিকতা উদারপন্থা। হিতবাদ ইউটিলিটেরিয়ানিজম। বেন্থামিজম। র‍্যাডিক্যালিজম আমূলপরিবর্তনবাদ। জড়বাদ চার্বাকদর্শন। প্রগতিশীলতা। বামপন্থা। লোকতন্ত্রবাদ গণতন্ত্র। সাংবিধানিকতাবাদ। সমাজতন্ত্র সোসালিজম। সাম্যবাদ বলশেভিজম কমিউনিজম।

মার্কসবাদ। মার্কসীয় দর্শন। লেনিনবাদ। মাওবাদ। নকশালপন্থা। পেরেসত্রোইকা। গ্লাস্‌নস্ত। রাষ্ট্রীয় -সমাজতন্ত্র। ফেবিয়ান-সোসলিজম। সর্বোদয় -সমাজতন্ত্র। ইউটোপিয়ান-সোসলিজম। শ্রেণীচরিত্র। শ্রেণী,-সংঘাত,-দ্বন্দ্ব,-সংগ্রাম। সর্বহারা শোষিতশ্রেণী মেহনতিজনতা প্রোলেতারিয়েত। বুর্জোয়া শ্রেণী। শ্রেণীসমাজ। শ্রেণীহীনসমাজ। উগ্র,চরম,অতিশয়,-পন্থা। বিপ্লব রাষ্ট্রবিপ্লব। রাজদ্রোহ। গণ,-আন্দোলন,-জাগরণ, -বিক্ষোভ। অভ্যুত্থান সামরিক-অভ্যুত্থান ক্যু ক্যু -দে-তা। বিপ্লববাদ। বিপ্লবী,-চেতনা,-সত্তা। যুদ্ধবাদ জঙ্গিবাদ। সাম্রাজ্যবাদ। ঔপনিবেশিকতাবাদ। নয়া,-সাম্রাজ্যবাদ, -ঔপনিবেশিকতাবাদ। সম্প্রসারণবাদ নৈরাজ্যবাদ মাৎস্যন্যায়। নাইহিলিজম নিহিলিজম। বিচ্ছিন্নতাবাদ বিভেদপন্থা। আঞ্চলিকতা। দ্বৈরাজ্য ডায়ার্কি। সাম্প্রদায়িকতা। মৌলবাদ ফান্ডামেন্টালিজম। জাইঅ্যানিজম। ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ। লেইসেফেয়ার। নিরপেক্ষতা

জোট,গোষ্ঠী,–নিরপেক্ষতা। আন্তর্জাতিকতাবাদ ইন্টারন্যাশনালিজম। ফুরিয়ারিজম। সঁ্যা –সিমনিয়ানিজম। বিশ্ব,–শান্তি,–মৈত্রী। শান্তির, –দূত,–প্রতীক। প্যানইসলামিজম বিশ্বমুসলিমবাদ উম্মা।

রাষ্ট্রবিজ্ঞানী: প্লেটো। অ্যারিস্টটল। অগাসটিন। আকুইনাস। আবু ইউসুফ। ইবনে খলদুন। হব্‌স। লক। রুসো। হেগেল। গ্রীন। মার্কস। জামালুদ্দীন আফগানী।

বিণ. রাজনৈতিক। মতাদর্শীয়। মতাবলম্বী। আদর্শবাদী ভাববাদী। বস্তু,জড়,–বাদী। রাজকীয়। রাজতান্ত্রিক। নাগরিক। ধনতান্ত্রিক ক্যাপিটালিস্ট পুঁজিবাদী। অভিজাততান্ত্রিক। সামন্ততান্ত্রিক ফিউডাল। বুর্জোয়া। দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল। রক্ষণশীল গোঁড়া। সার্বভৌমিক। স্বৈরতান্ত্রিক স্বৈরাচারী ব্যক্তিকেন্দ্রিক। অগণতান্ত্রিক। অসাংবিধানিক। প্রতিবিপ্লবী। অহিংসাবাদী গান্ধীবাদী সত্যাগ্রহী। মানবতাবাদী হিউম্যানিস্ট। উদারনৈতিক। র‍্যাডিক্যাল। আমূল পরিবর্তনবাদী। মৌলবাদী ফাণ্ডামেন্টালিস্ট। জাইঅ্যানিস্ট। সাম্প্রদায়িক। বিচ্ছিন্নবাদী। বিভেদপন্থী। বামপন্থী প্রগতিশীল। সাম্যবাদী সোসালিস্ট। কমিউনিস্ট। বলশেভিক। মার্কসবাদী। লেনিনবাদী। মাওবাদী। নকশালপন্থী। উগ্র,চরম,–পন্থী। নৈরাজ্যবাদী। নিহিলিস্ট। বিপ্লবী বিপ্লব,–বাদী,–পন্থী। যুদ্ধ, –বাজ,–বাদী জঙ্গি জিঙ্গোইস্ট। সাম্রাজ্য,–বাদী, –লোভী সম্প্রসারণবাদী। আগ্রাসনবাদী। ঔপনিবেশিক। রাজ্যলোলুপ। শান্তি,–প্রিয়, –প্রয়াসী। জোট,গোষ্ঠী,–নিরপেক্ষ। নির্দলীয়।

৭২০। পরিচালন

বি. পরিচালন পরিচালনা পরিচালকতা চালন চালনা। নিয়ন্ত্রণ কন্ট্রোল। নিয়মন। রাষ্ট্রপরিচালনা। সিয়াসত সরকার প্রশাসন হুকুমত (৭১৫)। শাসন রাজ্যশাসন। আইনপ্রণয়ন। ব্যবস্থাপনা নির্বাহ। বিধিৎসা। সংস্থাপন আয়োজন। প্রয়োজন। তদবির। তত্ত্বাবধান খবরদারি তদারক দেখাশোনা দেখভাল রক্ষণাবেক্ষণ। অভিভাবক,–তা,–ত্ব। অবধায়ন অভিভাবন নিগাবানি দায়িত্বভার। লাগাম বলগা। কর্ণ হাল। রেডার কম্পাস দিক্‌যন্ত্র। শুকতারা। ধ্রুবতারা। কর্তৃ,–পক্ষ,–বর্গ। মন্ত্রিসভা। অছিপরিষদ ন্যাসসমিতি ট্রাস্টিবোর্ড। অধ্যক্ষতা পৌরহিত্য সভাপতিত্ব। পৃষ্ঠপোষকতা। মুরব্বিয়ানা। মাতব্বরি সর্দারি। পরিদর্শন ইনসপেকশন অধিকর্ম উপদর্শন। চোখ নজর দৃষ্টি। কর্তৃত্ব (৭১৩)। আজ্ঞা নির্দেশ (৭২৪)। রাষ্ট্রনীতি রাজনীতি (৭১৮)। রাজনৈতিকতা রাজনীতিজ্ঞান। পদ গদি আসন। কার্যভার ভার দায়িত্ব। সংসার, –যাত্রা,–নির্বাহ গৃহস্থালি গেরস্থালি।

বিণ. পরিচালক অধ্যক্ষ অধিকর্তা অধিষ্ঠাতা। ম্যানেজার কর্মাধ্যক্ষ কার্যাধ্যক্ষ। ব্যবস্থাপক বিধায়ক বিধানকর্তা নিয়ামক নিয়ন্তা নিয়ন্ত্রক নির্ণেতা। নির্দেশক নিরূপক। সঞ্চালক। আয়োজক সংস্থাপক প্রযোজক সম্পাদক। নির্বাহক নিষ্পাদক। অনুষ্ঠাতা। তত্ত্বাবধায়ক। পরিদর্শক সুপারভাইজার। উপদর্শক ওভারশিয়ার। আবেক্ষক ইনস্‌পেকটার অধিকর্মিক পর্যবেক্ষক। ফোরম্যান সর্দার। সার্ভেয়ার জরিপকার। পথপ্রদর্শক চালক(২৬৩)। সারথি রথী। গাড়োয়ান ড্রাইভার। পাইলট। অপারেটর নেভিগেটর গার্ড। নাবিক হালী। নেতা দলপতি অধিনায়ক। জন, –নেতা,–নায়ক। প্রধান সর্দার চাঁই মোড়ল। মুরব্বি মাতব্বর। অভিভাবক গার্জিয়ান অবধায়ক প্রতিপালক রক্ষক নিগাবান হাফেজ অছি জিম্মাদার হাওলাদার। শিক্ষক গুরু পীর। হোতা পুরোধা পুরোহিত ইমাম। অধ্যক্ষ সভাপতি।

স্পিকার চেয়ার,-ম্যান,-পারসন। আধিকারিক অফিসার আমলা। ডিরেকটার একনায়ক ম্যানেজিং ডিরেকটার। রাষ্ট্র,-পতি,-প্রধান, -নায়ক,-নেতা। প্রধানমন্ত্রী। মুখ্যমন্ত্রী। মন্ত্রিসভা। সরকার নায়েব গোমস্তা মুৎসদ্দি। কারকুন খাজাঞ্চি। গোপাল রাখাল। গৃহ,-স্বামী,-কর্তা গৃহকর্ত্রী। গৃহিণী গিন্নি,-বান্নি।

ক্রি. পরিচালনা করা। অধ্যক্ষতা করা। নিয়ন্ত্রণ বা কন্ট্রোল করা। আদেশ বা নির্দেশ দেওয়া (৭২৪)। বশে বা আয়ত্তে রাখা। হাল বা লাগাম ধরা। ব্যবস্থা করা। তত্ত্বাবধান করা। প্রযোজনা করা। চালানো। দেশ চালানো। শাসন করা। নিয়ন্ত্রণ করা। পথপ্রদর্শন করা। চালিত করা। নেতৃত্ব দেওয়া। দেখাশোনা বা খবরদারি করা। সামলানো। হেফাজত করা। পরিদর্শন করা। চোখ নজর বা দৃষ্টি রাখা বা দেওয়া। কার্যভার ভার বা দায়িত্ব নেওয়া। ঘাড়ে করা বা নেওয়া। দায়িত্বে থাকা। পদে আসীন হওয়া। সংসার করা। সংসার চালানো বা দেখা।

বিণ. নির্দেশক। নির্বাহিক। নির্বাহী।

ক্রি-বিণ. ব্যবস্থামতে ব্যবস্থানুযায়ী।

৭২১। কার্যবিধি

বি. কার্যবিধি কর্ম,কার্য,-ধারা। কার্যপ্রণালী কর্মপদ্ধতি। বিধান নিয়ম ব্যবস্থা। নীতিমালা অনুশাসন। শরিয়তশাস্ত্র। অধিনিয়মন। সংবিধি স্ট্যাটিউট। প্রনিয়ম প্রবিধান রুলস রেগুলেশন বাইরুল। রুলস-অব-বিজনেস কর্মসূত্র/ সংঘের,সমিতির,-স্মারক.-বিধি আর্টিকলস্-অব -অ্যাসোসিয়েশন মেমোরেন্ডাম-অব -অ্যাসোসিয়েশন। প্রচল রেওয়াজ দস্তুর কনভেনশন। কর্মাকর্ম কার্যাকার্য কর্তব্যাকর্তব্য বিধেয়-অবিধেয়। মধ্যপন্থা (৬৩৬)। মডেল আদর্শ। বিধানপত্র ফরম। সূত্র ফরমুলা। নির্দেশ আদেশ (৭২৪)। কর্মসূচি কার্য,-কর্ম,-ক্রম প্রোগ্রাম। কার্যবাহ প্রসিডিংস।

৭২২। আদেশকর্তা

বি. আদেশকর্তা আদেশক আদেষ্টা আদেশী আদেশ,হুকুম,আজ্ঞা,-দাতা আজ্ঞা,-কারী,-কারক ফরমানদার নির্দেষ্টা নির্দেশক। পরিচালক (৭২০)। অনুশাসক বিধায়ক বিচারক (১৬৭)।

কর্তা প্রভু স্বামী নাথ। কর্মকর্তা অধিকর্তা বড়,সর্বময়,-কর্তা। হর্তাকর্তা,-বিধাতা। দণ্ডমুণ্ডের-কর্তা। উপরওয়ালা বস্। মনিব মালিক হুজুর হজরত। প্রধান চিফ সদর মাথা শিরোমণি। সরপঞ্চ পঞ্চায়েতপ্রধান। সর্দার মণ্ডল মোড়ল মাতব্বর মুরব্বি চাঁই। নেতা লিডার নায়ক ফুয়েরার দুচে। জন,-নেতা,-নায়ক,-প্রধান। সমাজ, -নেতা,-পতি। রাজনৈতিক,-নেতা,-দাদা। অধিনায়ক ক্যাপ্টেন কাপ্তান দল,-নায়ক,-পতি। মস্তান। চোরচূড়ামণি। হুকুমের আসামি। নাটের গুরু।

সার্বভৌম সম্রাট রাজ,-চক্রবর্তী,-শেখর,-রাজেশ্বর রাজাধিরাজ মহারাজ শাহিনশাহ জাঁহাপনা জার কাইজার এম্পেরার মিকাডো। রাজা নৃ,-প, -পতি,-পাল নরপতি নরেশ নরেন্দ্র নরাধিপ। অধিপ অধি,-পতি,-রাজ অধীশ্বর ভূপতি ভূপাল দেশ,-পতি,-মুখ লোক,-পাল,-পালক রায় রাও রাইকর রাণা মহা,-রাণা,-রাজা রাজা,মহারাজা, -বাহাদুর গাইকোয়াড় রাজন্য রাজড়া রাজগি। খলিফা সুলতান শাহ্ পাদশাহ্ বাদশাহ্ কায়েদ শেখ ইমাম সৈয়দ ওয়ালি আমির। নিজাম নওয়াব নবাব জাম মির্জা দেওয়ান খেদিব বে পাশা। পোপ। দালাইলামা।

সম্রাজ্ঞী এম্প্রেস জারিনা সুলতানা রাজরাজেশ্বরী রাজ,পাট,-রানী মহারানী মহিষী রানী রাজ্ঞী বেগম। সুয়োরানী। দুয়োরানী।

রাজ,-পুত্র,-কুমার,-নন্দন। বাদশাহ,শাহ,নবাব, -জাদা। যুবরাজ। যৌবরাজ্য। রাজ,-কন্যা, -কুমারী,-নন্দিনী,-বালা। বাদশাহ,শাহ,নবাব, -জাদা,-জাদি। রাষ্ট্রপ্রধান। সম্রাট রাজা। রাষ্ট্রপতি প্রেসিডেন্ট চ্যান্সেলর। প্রধান মন্ত্রী। উপরাজ ভাইসরয় গভর্নরজেনারেল বড়লাট,লাট,-সাহেব। উপরাষ্ট্রপতি। উপপ্রধানমন্ত্রী গভর্নর ছোটলাট রাজ্যপাল সুবাদার। উজির অমাত্য। কর্তৃপক্ষ অথরিটি। পরিচালকমণ্ডলী। সরকার (৭১৫)।

পুলিশ কর্তৃপক্ষ: প্রধান পরিদর্শক। ইনস্‌পেক্টার জেনারেল। পুলিশ কমিশনার। ডেপুটি কমিশনার। পুলিশ সুপারিন্‌টেন্ডেন্ট। ইনস্‌পেকটার। সাবইনস্‌পেকটার। দারোগা। অফিসার-ইন-চার্জ। সারজেন্ট। হাবিলদার। কন্সটবল। সিপাহি সিপাই। জেল সুপারিনটেনডেন্ট। কারাধ্যক্ষ। জেলার।

সামরিক কর্তৃপক্ষ: সর্বাধিনায়ক কম্যান্ডার-ইন -চিফ সেনাধ্যক্ষ সেনাপতি চিফ-অব-স্টাফ। মার্শাল ফিল্ডমার্শাল জেনারালিসিমো। জাঁদরেল জেনারেল লেফ্‌টেন্যান্ট-জেনারেল ব্রিগেডিয়ার -জেনারেল মেজর-জেনারেল ব্রিগেডিয়ার কর্নেল মেজর ক্যাপ্টেন লেফটেন্যান্ট কর্পোরাল নায়েক সুবেদার মনসবদার জমাদার। কমান্ডার কমান্ডিংঅফিসার কোয়ার্টারমাস্টার। নৌবাহিনী: অ্যাডমিরাল ভাইস-অ্যাডমিরাল কমোডর ক্যাপ্টেন কমান্ডার ওয়ারেন্ট-অফিসার।

বিমানবাহিনী: এয়ারমার্শাল এয়ারভাইসমার্শাল উইংকমান্ডার ফ্লাইট-লেফ্‌টেন্যান্ট।

পৌর কর্তৃপক্ষ: মেয়র প্রধাননাগরিক পৌর, -প্রধান,-পিতা চেয়ারম্যান। ভাইসচেয়ারম্যান। শেরিফ অল্ডারম্যান কমিশনার।

শিক্ষায়তন: আচার্য উপাচার্য। অধ্যক্ষ রেক্টর প্রিন্সিপ্যাল। প্রধানশিক্ষক হেডমাস্টার। প্রিফেক্ট প্রভোস্ট। ডিন। টিউটর হাউসটিউটর। মনিটর।

৭২৩। আদেশপালক

বি. আদেশ,-পালক,-পালনকারী আজ্ঞা,হুকুম, -বরদার আজ্ঞা,-বহ,-বন্দী আজ্ঞানুসারী আজ্ঞাধীন আজ্ঞানুগত আজ্ঞানুবর্তী। রাজ,-কর্মচারী,-ভৃত্য, -সেবক। রাজপুরুষ। কর্মচারী,-বৃন্দ স্টাফ। কর্ম চাকরি কৃত্যক সেবা সার্ভিস। আমলা। একান্ত সচিব। সেক্রেটারি সচিব। কমিশনার। ডেপুটি কমিশনার। নির্বাহী অফিসার। করণিক কেরানি। আরদালি অর্ডারলি পিওন বেয়ারা বেহারা।

ভৃত্য চাকর নকর নফর খাদেম খিদমদগার সেবক সেবিকা সেবাদাস সেবাদাসী পরিচারক পরিচারিকা গোলাম চাকরবাকর দাসদাসী চেট চেটী চেড় চেড়ী বান্দা বান্দী বাঁদী কিংকর কিংকরী। ঝি চাকরানি। আমিনী প্রেষ্যা প্রেষিণী। ঠিকে ঝি। ধাত্রী ধাই দাই আয়া। পাচক রসুই রাঁধুনি বামুন বাবুর্চি খানসামা। বাজারসরকার। রাখাল মুনিশ মাইন্দার গাড়োয়ান। অনুচর পরিচর পরিকর্মী তল্পিবাহক। পার্শ্বচর। কাজের-লোক। কমবাইন্ড-হ্যান্ড। সহকারি সহযোগী অ্যাসিস্ট্যান্ট। লোকলশকর। মাঝিমাল্লা। দেহরক্ষী বরকন্দাজ। পারিষদ। পরগাছা গলগ্রহ আশ্রিত। ক্রীত,-দাস,-দাসী। চিরদাস চিরক্রীত কেনাগোলাম খানেজাদ খানাজাদ। ঋণদাস। সেবাদাস ভূমিদাস অন্নদাস ভাতুয়া। বেঠবেগার বন্ডেডলেবার কামিয়া বাঁধা শ্রমিক। প্রজা রায়ত কোর্ফা বর্গাদার চাকরান।

ক্রি. আদেশ বা হুকুম পালন করা। খিদমত করা। সেবা বা পরিচর্যা করা। সাহায্য বা সহায়তা করা।

বিণ. অধীন অধস্তন অধঃ,-স্থ,-স্থিত নিম্ন,-স্থ, --স্থিত অধরিক অবর সাব-অরডিনেট। অনুগ

অনুগত। সহায়ক। পর,-জীবী,-ভৃত,-মুখাপেক্ষী। পরাশ্রয়ী। পরান্ন,-জীবী,-ভোজী। পরোপজীবী। পর,-নির্ভর,-বশ পরায়ত্ত পরাধীন।

৭২৪। আদেশ

বি. আদেশ আজ্ঞা হুকুম অনুজ্ঞা অর্ডার নির্দেশ নিদেশ নির্দেশন নির্দেশনা অনুসূচন আজ্ঞাপন। নির্দেশক নীতি। বিধান অনুশাসন প্রবিধান। বার্তা সংবাদ। উপদেশ। আহ্বান ডাক তলব তকাজা তাগাদা জোরতলব। ইঙ্গিত। নিষেধাজ্ঞা ইনজাংশান। দাবি আদায়। ফরমায়েশ। আরোপ। নিয়োগ। হুকুমদখল। হুমকি চরমপত্র। ফতোয়া। রায় ডিক্রি বিচারফল নিষ্পত্তিবাক্য। আজ্ঞপ্তি বিজ্ঞপ্তি প্রজ্ঞাপন। বিধি অর্ডার আদেশ। অর্ডিন্যান্স অধ্যাদেশ। অ্যাক্ট বিহিতক। সপিনা সমন ওয়ারেন্ট পরোয়ানা। গ্রেপ্তারিপরোয়ানা। রিট রুল। রাজাজ্ঞা রাজাদেশ। আদেশপত্র আদেশ,নির্দেশ,হুকুম,-নামা ফরমান ফতোয়া আজ্ঞা,-পত্র,-লিপি। আমলনামা দখলনামা। সনদ সরখত। দস্তক ছাড়পত্র। আদেশ। দৈবাদেশ প্রত্যাদেশ দৈব,আকাশ,-বাণী। আদেশকর্তা (৭২২)। আদেশপালনকারী (৭২৩)।

ক্রি. আদেশ আজ্ঞা হুকুম বা অর্ডার করা। আদেশ বা অধ্যাদেশ প্রবর্তন বা জারি করা। নির্দেশ দেওয়া। ব্যবস্থা করা। নিযুক্ত বা নিয়োগ করা। কর আদায় করা। আরোপ করা। সমন ওয়ারেন্ট বা রুল জারি করা। তলব করা। ডাকা। ডেকে পাঠানো। ডাকানো। ডাকিয়ে আনা। জোরতলব করা।

বিণ. আদিষ্ট নির্দিষ্ট উপদিষ্ট। আদেশ, আজ্ঞা,অনুজ্ঞা,-প্রাপ্ত। সন্দিষ্ট আজ্ঞাপিত আজ্ঞপ্ত অনুজ্ঞাত। অর্ডারি ফরমায়েশি। আদেশ,-প্রমাণ, -সম্মত। আদেশাত্মক নির্দেশাত্মক। প্রত্যাদিষ্ট।

ক্রি-বিণ. আদেশে আদেশবলে। আদেশ, -মাফিক,-মতো আদেশানুরূপ আজ্ঞানুরূপ অর্ডারমাফিক। আদেশানুযায়ী আজ্ঞানুযায়ী আজ্ঞানুসারে নির্দেশানুসারে। আজ্ঞাক্রমে। অনুমত্যনুসারে।

৭২৫। দাবি

বি. দাবি চাওয়া দাওয়া দাবিদাওয়া। ফরমাশ ফরমায়েশ আদেশ হুকুম ডাক। জোরদাবি। তাগাদা। ধরনা সাধাসাধি যাচন যাচ্ঞা। মাগন প্রার্থন প্রার্থনা মার্গন অর্থি,-তা,-ত্ব অধ্যেষণ বাঞ্ছন। কামনা (৮৫২)। আকাঙ্ক্ষা। অনুরোধ (৭৪৭)। আবেদন নিবেদন কাকুতি মিনতি। ভিক্ষা। অভিযোগ নালিশ। চরমপত্র আল্টিমেটাম। চাহিদা প্রয়োজন জরুরাত টান তাড়না। প্রয়োজনীয় শর্ত। শর্তারোপ। চুক্তি। দাবি,-পত্র, -সনদ চাহিদাপত্র। হুকুমদখল অধিগ্রহণ। সরকারি প্রাপ্য। চাহিবামাত্র দেয়। হক অধিকার (৯২৬)। দাবিদার।

ক্রি. দাবি করা জানানো বা রাখা। চাওয়া। আকাঙ্ক্ষা করা। আদেশ হুকুম বা ফরমায়েশ করা। ডাক দেওয়া। ডাকানো। ডাকিয়ে আনা। যাচা। মাগা। বাঞ্ছা। আবেদন করা। ভিক্ষা করা। অনুরোধ করা। ধরনা দেওয়া। হত্যা দেওয়া। সন্ধান করা। প্রশ্ন করা। জিজ্ঞাসাবাদ বা সওয়াল জবাব করা। জোর দিয়ে বলা। জেদাজেদি বা ঝুলোঝুলি করা। কড়াকড়ি করা।

বিণ. দাবিকৃত। যাচিত প্রার্থিত অভিযাচিত উপযাচিত আকাঙ্ক্ষিত কাঙ্ক্ষিত অভিপ্রেত। যাচ্য যাচনীয় যাচিতব্য প্রার্থনীয় আকাঙ্ক্ষণীয় বাঞ্ছনীয় গ্রহণীয়। আবশ্যকীয় প্রয়োজনীয়। আবেদনীয়।

ক্রি-বিণ. দাবিতে। চাহিবামাত্র।

৭২৬। উপদেশ

বি. উপদেশ পরামর্শ মন্ত্রণ মন্ত্রণা মন্ত্র সলা। সলা-পরামর্শ। সাজেশন ধারণাসঞ্চার অভিভাব অভিভাবন। সদুপদেশ দেশনা সু,-পরামর্শ,-বুদ্ধি,-মন্ত্রণা,-যুক্তি। প্রত্যুপদেশ। হিতোপদেশ নীতি,-কথা,-বাক্য। শিক্ষা শিক্ষণ দীক্ষা। অনুমোদন অনুসমর্থন। আলাপ-আলোচনা। ওকালতি সুপারিশ উমেদারি। অনুপ্রেরণা অনুপ্রেরণ অনুপ্রাণনা প্রেরণা প্রণোদন প্রোৎসাহন। উৎসাহদান। বারণ নিষেধ হুঁশিয়ার। নিরস্তকরণ। অসদুপদেশ কু,-পরামর্শ,-মন্ত্রণা,-বুদ্ধি,-মতলব। বদবুদ্ধি দুর্বুদ্ধি অপরামর্শ কুশিক্ষা। গোপনউপদেশ সাট ফুসমন্তর। ইন্ধন উসকানি। পথপ্রদর্শন। অনুশাসন শাসন আজ্ঞা নিষেধাজ্ঞা সাবধানবাণী। পরামর্শদাতা মন্ত্রণাদাতা। গুরু শিক্ষক উপাধ্যায়(৫৫১)। উপদেষ্টা উপদেশক উপদেশ পরামর্শ,মন্ত্রণা, সুবুদ্ধি,-দাতা। অমাত্য উজির। বুজুর্গ বিজ্ঞ। যুক্তিদাতা। সুপারিশকারী উমেদার। উকিল। চিকিৎসক। সালিশ। রেফারি। বিচারক। কুচক্রী কুবুদ্ধিদাতা।

ক্রি. পরামর্শ মন্ত্রণা উপদেশ বুদ্ধি বা যুক্তি দেওয়া। সুবুদ্ধি বা সুযুক্তি দেওয়া। ভালোর জন্য বলা। ওকালতি করা। উৎসাহ দেওয়া। তাড়া দেওয়া। আদেশ করা। জোর দেওয়া। অনুরোধ করা। চাপিয়ে দেওয়া। নিরস্ত করা। মানা করা। সাবধান করা। ভয় দেখানো। আলাপ-আলোচনা করা। সলাপরামর্শ করা। উপদেশ দেওয়া। উপদেশ মানা। উসকানি বা প্ররোচনা দেওয়া। ইন্ধন যোগানো। খোঁচানো। চেতানো। কানে মন্ত্র দেওয়া। কল টেপা। কলকাঠি নাড়া। ভাংচি দেওয়া। ফুসমন্তর দেওয়া।

বিণ. উপদেশাত্মক উপদেশ,পরামর্শ-মূলক। উপদেশ,-পূর্ণ,-গর্ভ,। ঔপদেশিক আনুশাসনিক। উপদেশ্য উপদেষ্টব্য উপদেশনীয় উপদেশ,মন্ত্রণা,-যোগ্য। মন্ত্রণীয়। উপদিষ্ট উপদেশপ্রাপ্ত দত্তোপদেশ গৃহীতোপদেশ। প্রত্যুপদিষ্ট। অনুশিষ্ট। প্ররোচিত। প্রণোদিত প্রাণিত অনুপ্রাণিত। উপদেশ্যমান। সুপারিশমূলক। সতর্কতামূলক। মন্ত্রণা,-পটু,-কুশল।

৭২৭। পরিষদ

বি. পরিষদ পরিষৎ কাউন্সিল উপদেষ্টাপরিষদ মন্ত্রণা,পরামর্শ,-সভা। কার্যনির্বাহক,কার্যকরী,-সমিতি এক্সিকিউটিভ,-কাউন্সিল,-কমিটি। পরিচালকসভা বোর্ড-অব-ডিরেক্টরস। গভর্নিংবডি। ম্যানেজিং কমিটি। উপ,-সমিতি,-সভা,-সংসদ। সাবকমিটি। কমিশন। তদন্ত,-কমিটি,-কমিশন। সমিতি (৭৫৮)। কমিটি। মজলিস দরবার। খাস,আম,-দরবার। আঞ্জুমান বোর্ড পর্ষ,-ৎ,-দ্। চিকিৎসাপর্ষদ্। সিন্ডিকেট সংঘ। সভা সংস্থা সমাজ মণ্ডলী ক্লাব। সোসাইটি ইউনিয়ন অ্যাসোসিয়েশন মোরচা। চেম্বার। ফোরাম মঞ্চ। জোট ব্লক গোষ্ঠী ঘোঁট দল। সংসদ (৭১৬)। পার্লামেন্ট সিনেট কংগ্রেস আইন,বিধান,-পরিষদ। জাতীয়পরিষদ ন্যাশনাল অ্যাসেমব্লি। গণপরিষদ। জাতিসংঘ সাধারণপরিষদ। স্বস্তিপরিষদ নিরাপত্তাপরিষদ (৭১৭)।

পার্ষদ পরিষদসদস্য সভা,-সদ,-জন মেম্বর। সদস্যভুক্তি। আজীবনসদস্য লাইফমেম্বর। অধিবেশন সেসন সত্র বৈঠক। কোরাম গণপূর্তি। শুনানি।

বিণ. পরিষদীয় সংসদীয়। মজলিসি। প্রাতিষ্ঠানিক সাংস্থিক সাংগঠনিক। সদস্যভুক্ত।

৭২৮। বাধ্যবাধকতা

বি. বাধ্যবাধকতা বাধ্যকরণ। অবশ্যপালনীয়তা আবশ্যিকতা। চাপসৃষ্টি বাঁধাবাঁধি। বলপ্রয়োগ

জবরদস্তি জোরাজুরি। বলাৎকার। শক্তি জোর ক্ষমতা। রাজশক্তি। রাষ্ট্রীয়শক্তি। বাহুবল। গায়ের জোর। পশুশক্তি পাশবিকতা। সামরিক আইন। দমন (৭৩২)। প্রয়োজন তাড়া গরজ (৬২০)।

ক্রি. বাধ্য করা। মানানো। জোর জবরদস্তি বা জোরাজুরি করা। চাপ সৃষ্টি করা। চাপ রাখা। চেপে ধরা। ঠেলা মারা। বলপ্রয়োগ করা। চালানো। টানা। হেঁচড়ানো। আদায় করা। জোর করে নেওয়া। ছিনানো। বাধা দেওয়া। দমন করা (৭৩২)। তাড়ানো। খেদানো। উচ্ছেদ করা।

বিণ. বাধ্যতামূলক। জবরদস্তি। বাধ্য। আবদ্ধ। আটক। শর্তাবদ্ধ। মুচলেকাবদ্ধ।

ক্রি-বিণ. হুকুমমোতাবেক। অগত্যা। অনিচ্ছায়। ঠেলায় পড়ে। দায়ে পড়ে। দায়ে ঠেকে।

৭২৯। শৈথিল্য

বি. শৈথিল্য শিথিলতা। অশাসন অবিবেচনা। অকটকিনা কর্তৃত্ব,প্রভাব,ক্ষমতা,-হীনতা, -শূন্যতা। দুর্বলতা নম্রতা নমনীয়তা (৭৩১)। কড়াকড়ি হ্রাস। অরাজকতা (৭১৪)। বিশৃঙ্খলা। অবাধ্যতা। অনধিকার। অভিযোগ। মহাঅভিযোগ অভিশংসন। অপসারণ। ক্ষমতা,পদ,-গদি, -চ্যুতি।

ক্রি শিথিল করা। শৈথিল্য প্রকাশ করা। রাশ লাগাম বা বল্‌গা ছাড়া। ঢিল দেওয়া। কড়াকড়ি হ্রাস করা। খামখেয়ালের ওপর শাসন করা। মরজিমাফিক শাসন করা। ক্ষমতা হারানো। সিংহাসন হারানো। অপসারিত হওয়া। ক্ষমতা পদ বা গদি ছাড়তে বাধ্য হওয়া।

বিণ. শিথিল আলগা ঢিলা। লাগামছাড়া। দুর্বল অক্ষম। অমনোযোগী (৫২২)। উচ্ছৃঙ্খল অরাজক। অননুমোদিত।

৭৩০। কঠোরতা

বি. কঠোরতা কাঠিন্য কটকিনা দৃঢ়তা অনমনীয়তা কড়াকড়ি। রূঢ়তা নির্দয়তা। দৌরাত্ম্য উপদ্রব উৎপাত। জুলুম,-বাজি। বলপ্রয়োগ জবরদস্তি। কঠোরশাসন দণ্ডপারুষ্য লাঠ্যৌষধি। জোর, -জবর,-জবরদস্তি,-জুলুম। হম্বিতম্বি চোটপাট বকুনিঝকুনি। তাড়না অত্যাচার অভিচার উচ্চাটন। গজব। পীড়ন নিপীড়ন উৎপীড়ন লাঞ্ছনা নির্যাতন নিগ্রহ দলন মর্দন দমন নিষ্পেষণ বিদলন। বাঁধাবাঁধি আটকাআটকি। ধরপাকড় গ্রেপ্তার পাকড়াও। ত্রাসসঞ্চার। সামরিক শাসন। গণহত্যা জনসংহার কাতলে-আম। আমলাতন্ত্র আপিসিচাল। স্বৈরাচার স্বেচ্ছাচার দমননীতি চণ্ডনীতি প্রজাপীড়ন। প্রজাবিদ্রোহ। জগদ্দলপাথর জাঁতিকল শক্তঘানি।

ক্রি. কঠোর হওয়া। শক্তির বা ক্ষমতার অপব্যবহার করা। অত্যাচার বা জুলুম করা। জোরজবরদস্তি করা। ডাণ্ডাবাজি করা। উৎপীড়ন করা। পদদলিত বা নিষ্পেষিত করা। বাঁশ ডলা। দেখমার করা। জগদ্দল পাথর বা গুরুভার চাপিয়ে দেওয়া। পেটে মারা ভাতে মারা। ভিটায় ঘুঘু চরানো। ভিটেমাটি চাটি করা। দেঁড়েমুষে আদায় করা। রক্ত চোষা। ঘেঁটিয়ে বিষ নামানো। গলায় গামছা বা আঁকশি দেওয়া। গায়ের বা পিঠের চামড়া তোলা। পিণ্ডি বের করা। কাঠেখড়ে করা। পিটিয়ে লম্বা করা। ধোলাই দেওয়া। রামধোলাই দেওয়া। উত্তমমধ্যম দেওয়া। তুলো ধোনা। হাড় গুঁড়ো করা। হাড়মাস আলাদা করা। ঠ্যাঙানো। আচ্ছাসে ঠেঙিয়ে দেওয়া। জুতানো। জুতো মারা। জুতো পেটা করা। জুতিয়ে লম্বা করা।

বিণ. কঠোর কঠিন শক্ত কড়া অনমনীয় লৌহকঠিন। জালিম জুলুমবাজ জবরদার

অত্যাচারী উৎপীড়ক নিপীড়ক তাড়ক নিগ্রাহক নির্যাতক স্বেচ্ছাচারী। ক্রূর রূঢ় নির্দয়। দুর্দান্ত দুরন্ত। শৃঙ্খলাবাগীশ। অত্যাচারিত উৎপীড়িত নিপীড়িত নিগৃহীত।

৭৩১। মৃদুতা

বি. মৃদুতা কোমলতা নমনীয়তা নম্রতা। সহিষ্ণুতা ক্ষমা দাক্ষিণ্য। নাই আশকারা প্রশ্রয়। দয়া মায়া সহানুভূতি অনুকম্পা (৯১৩)। রাজক্ষমা। ঔদার্য উদারনীতি। ভালোমানুষি ভদ্রতা। মিঠা কথা। মৃদু,-ভাষ,-ভাষিতা। আলগা বেত। ঢিলা বাঁধন। নিচু বেড়া। নরম মাটি।

ক্রি. কোমল হওয়া। নরম হওয়া। সহ্য করা। ক্ষমা করা। দণ্ডের মার্জনা বিলম্বন বা বিরাম মঞ্জুর করা। দণ্ড মওকুফ স্থগিত বা হ্রাস করা। নাই আশকারা বা প্রশ্রয় দেওয়া। বাঁধন ছাড়া। ঢিলে দেওয়া। দড়ি আলগা করা। লাঠি বাদ দেওয়া। আদর দিয়ে মাথায় তোলা বা নষ্ট করা।

বিণ. মৃদু কোমল নম্র নমনীয়। অনুগ্র অরুদ্র। হালকা। সহজ। সহৃদয় সহানুভূতিশীল দয়ালু কৃপালু। সহিষ্ণু ধৈর্যশীল। ক্ষমাশীল। মৃদু,-ভাষী, -ভাষিণী।

৭৩২। দমন

বি. দমন সংযমন শাসন নিয়ন্ত্রণ। শায়েস্তা শাস্তি (৯৭৪)। বলপ্রয়োগ। বাধ্যকরণ। বাঁধাবাঁধি আটকাআটকি। শৃংখলা নিয়মন। সীমা গণ্ডি। নিষেধ বারণ। রোধ রোধন সংরোধ। প্রশমন। সংবরণ। অবদমন নিবারণ। চাপ প্রচাপ। আটক কয়েদ অন্তরণ অন্তরায়ণ (৭৩৩)। নিগ্রহ দলন তাড়না নিপীড়ন। প্রতিবন্ধকতা বাধা (৭০৬)। অর্থনৈতিক চাপ। সংরক্ষণবাদ। একচেটিয়া ভোগ। সংরক্ষণবাদী। দমননীতি। কঠোরতা (৭২৯)। ভার তত্ত্বাবধান অভিভাবকত্ব।

ক্রি. দমন করা। দুরস্ত করা। দাবানো। দাবিয়ে রাখা। দমানো। নিয়ন্ত্রণ করা। সংযমন করা। বাধা দেওয়া। সংযত করা। রোধ করা। প্রতিরোধ করা। রাশ টানা। বলপ্রয়োগ করা। বাধ্য করানো। বাগ মানানো। আয়ত্তে আনা। বিদ্রোহ দমন করা। কণ্ঠরোধ করা। টুঁটিচেপা। বিধিনিষেধ আরোপ করা। সেন্সর করা। আগলানো। সামলানো। রাখা। আটকানো। ঘেরাও করা। ধরা। ধরে রাখা। বেঁধে রাখা। বন্ধ আটক বা গ্রেপ্তার করা (৭৩৩)।

বিণ. দময়িতা দমনকারী দমক দমী। দমিত শাসিত দুরস্ত নিয়ন্ত্রিত শৃংখলিত। কারারুদ্ধ। গ্রেপ্তার আটক। অন্তরীণ। রুদ্ধ সংরুদ্ধ রোধিত। দমনমূলক দমনীয় দম্য দমনসাধ্য বশ্য। দলিত নিপীড়িত। শময়িতা।

৭৩৩। আটক

বি. আটক অবরোধ অবরোধন অন্তরণ অন্তরায়ণ রোধ রোক বাধা নিস্কুট। বিদ্বেষমূলক আটক। নিবর্তনমূলক আটক। ঘেরাও পরিবেষ্টন। পাকড়াও গ্রেপ্তার অ্যারেস্ট ধরপাকড়। গ্রেপ্তারিপরোয়ানা ওয়ারেন্ট হুলিয়া। ক্রোক মালক্রোক।

হাজত থানাহাজত জেলহাজত লকআপ গারদ ফাটক গুমটি সেল।

কারা কারাগার কয়েদ,হাবুজ,জেল,জিন্দান,-খানা বন্দীশালা। হরিণবাড়ি শ্রীঘর শ্বশুরবাড়ি (ব্যঙ্গে)। দুর্গ গড়। দেয়াল প্রাচীর পাঁচিল। বেড়া কাঁটাতার কাঁটাতারের-বেড়া। বাধা। ব্যূহ। শৃঙ্খল শিকল জিঞ্জির চেইন নিগড় বেড়ি বন্ধন। হাত,-কড়া, -বেড়ি। পায়ে বেড়ি। রশি দড়ি। রাশ বল্গা

লাগাম। গরাদ শিক। তালা চাবি। হাজত, জেল,কারা,–বাস। কারাদণ্ড। কারাবরণ। বন্দী। যুদ্ধবন্দী। বৈতালিক বন্দী। গৃহবন্দী নজরবন্দী। পণবন্দী।

জেলার ওয়ার্ডার জমাদার পাহারাদার প্রহরী রক্ষী সান্ত্রী। দেহরক্ষী। রক্ষক। জিম্মাদার। হাওলাদার জামিনদার।

পিঁজরাপোল খোঁয়াড়। খাঁচা পিঞ্জর পিঁজরা। কোআরন্‌টিন সঙ্গরোধ নিরোধন।

ক্রি. আটক করা। আটকানো। আটকে রাখা। ধরা। পাকড়ানো। পাকড়াও গ্রেপ্তার বা অ্যারেস্ট করা। হাতেনাতে ধরা। বমাল গ্রেপ্তার করা। ধরা পড়া। ঘেরাও করা। ঘিরে ফেলা। চারদিক থেকে ঘেরা। পালাবার পথ বন্ধ করা। আগলে রাখা। তালা দেওয়া। বন্ধ রাখা। হাজতে বা জেলে পোরা। গারদে ঢোকানো। সেলে রাখা। পায়ে বেড়ি দেওয়া। জেলে যাওয়া। কারাবরণ করা। জেলের ভাত খাওয়া। জেল খাটা।

বিণ. আটক,–বন্দী অবরুদ্ধ অন্তরাবদ্ধ অন্তরায়িত অন্তরীণ আবদ্ধ অমুক্ত সংরুদ্ধ নিরুদ্ধ। প্রতিরুদ্ধ। ধৃত। সঙ্গরুদ্ধ। শৃঙ্খলিত। নিবর্তনমূলক।

৭৩৪। স্বাধীনতা

বি. স্বাধীনতা আজাদি স্বাধিকার স্বাতন্ত্র্য স্বতন্ত্রতা। স্বাচ্ছন্দ্য স্বচ্ছন্দতা। স্বেচ্ছা। স্বেচ্ছাচার স্বৈর,–তা স্বৈরিতা স্বৈরাচার স্বেচ্ছাচারিতা। আশকারা প্রশ্রয় নাই। সুযোগ। পরিসর দৌড়। ভোটাধিকার বিশেষাধিকার। অধিকার স্বত্ব দাবি হক। অনবরোধ অবরোধহীনতা অপ্রতিবন্ধকতা অব্যাঘাত। সার্বভৌমত্ব স্বাধিকার স্বরাজ স্বায়ত্তশাসন স্ববশতা আত্মাশ্রয়িতা আত্মনিয়ন্ত্রণ। অবাধবাণিজ্য। সহ–অবস্থান। অব্যাহতি রেহাই। মুক্তি (৭৩৬)। অনবলম্বন স্বাবলম্বন স্বাবলম্বিতা আত্মনির্ভর,–তা,–শীলতা। আত্মসহায়তা আত্মাশ্রয় আত্মাশ্রয়িতা। স্বাশ্রয় স্বনির্ভরতা। স্বয়ংসম্পূর্ণতা স্বয়ম্ভরতা। স্বয়ংক্রিয়তা। অনন্য,–পরতা,–নির্ভরতা, –মুখাপেক্ষিতা আত্মনির্ভরতা। আত্ম,–শক্তি, –ক্ষমতা। ব্যক্তি স্বাধীনতা। নিরপেক্ষতা অনপেক্ষতা। স্বাধীনতা,মুক্তি,–যুদ্ধ,–সংগ্রাম। স্বাধীনতা, স্বরাজ,স্বদেশী,–আন্দোলন। স্বাধীন, –দেশ,–জাতি। স্বাধীনতা দিবস।

ক্রি. স্বাধীন থাকা। স্বাধীনতা থাকা। নিজের ইচ্ছা বা মরজি মতো থাকা বা করা। স্বাধীনভাবে চলাফেরা করা। নিজের পায়ে দাঁড়ানো। নিজেরটা নিজে সামলানো। স্বাধীন করা। স্বাধীনতা দেওয়া। অধিকার দেওয়া।

বিণ. স্বাধীন আত্মাধীন আজাদ সার্বভৌম। স্বায়ত্ত স্ববশ স্বয়ংবশ স্বতন্ত্র। স্বমতাবলম্বী স্বেচ্ছাধীন স্বাধীনচেতা। মুক্ত অবাধ অপ্রতিহত অব্যাহত অনবরুদ্ধ নিরবগ্রহ অনিয়ন্ত্রিত। সার্বভৌমিক। সীমাহীন শর্তহীন বিনাশর্ত। অনপেক্ষ নিরপেক্ষ পক্ষপাতহীন। অপ্রভাবিত। স্বতঃস্ফূর্ত স্বচ্ছন্দ সহজ স্বাভাবিক। স্বাবলম্বী স্বয়ম্ভর স্বনির্ভর স্বয়ংসম্পূর্ণ। আত্মাশ্রয়ী। আত্ম,–নির্ভর,–নির্ভরশীল। অনন্য,–পর,–সাপেক্ষ,–নির্ভর,–সহায়,–মুখাপেক্ষী। একছত্র স্বরাট। অনির্ভর আত্মবিশ্বাসী।

৭৩৫। অধীনতা

বি. অধীনতা পরাধীনতা স্বাধীনতাহীনতা। পরনির্ভরতা পরপ্রেষ্যতা পরতন্ত্রতা পারতন্ত্র্য পরবশতা পারবশ্য পদাশ্রয়। বশি,–তা,–ত্ব বশবর্তিতা। দাসত্ব গোলামি। দাসখত। নাকে-খত। পরাজয় (৭০২)। চাকুরি নোকরি। জোয়াল।

পোষ। আনুগত্য বাধ্যতা (৭৩৭)। পরাধিকার। পর,-নির্ভরতা,-নির্ভরশীলতা,-মুখাপেক্ষিতা। নির্ভরশীলতা। মুখাপেক্ষিতা। পরাধীন জাতি। পরাধীনতার,-কলঙ্ক,-শৃঙ্খল। উপনিবেশ কলোনি।

ক্রি. অধীন বা পরাধীন হওয়া। নির্ভর করা। গ্রাহ্য অপেক্ষা তোয়াক্কা বা পরোয়া করা। ধারধারা। হাতের পুতুল বা ক্রীড়নক হওয়া। তাঁবে থাকা। তাঁবেদারি করা। বন্দী হওয়া। ফাঁদে পড়া। মেনে চলা (৭৪১)। পরাজয় বরণ করা (৭০২)। বশ্যতা স্বীকার করা। দাসত্ব বা গোলামি করা (৭৩৭)। বশ করা। পোষ মানানো।। পরাজিত করা। কব্জা কাবু বা জব্দ করা। তাঁবে বাগে বা আয়ত্তে আনা। হাত করা। বাগানো। কাঁধে জোয়াল চাপানো। কায়দায় পাওয়া। কর্তৃত্ব করা (৭১৩)। দমন করা।

বিণ. অধীন পরাধীন অন্যাধীন তাঁবেদার পরবশ পরতন্ত্র পরপ্রেষ্য পরায়ত্ত পরশাসিত। পরাশ্রিত পরাশ্রয়ী আশ্রিত। হাততোলা। হাতের,-পুতুল, -লোক। পর,-নির্ভর,-নির্ভরশীল,-মুখাপেক্ষী। এঁটোখেকো। বশীভূত বশবর্তী বশংবদ বশী বশ্য বশানুগ বশগ। আজ্ঞাবহ বাধ্য। ক্রীড়নক পোঁধরা লেজধরা ধামাধরা হাতধরা। পদাশ্রয়ী পদলেহী। অনুগত পেটোয়া। পরাজিত (৭০১)। অধিকৃত করতলগত করায়ত্ত হস্তগত। দাস দাসানুদাস দাসসুলভ। স্ত্রৈণ ভেড়ুয়া। বাধিত দায়গ্রস্ত দায়ী। বন্দী। দলিত মর্দিত পিষ্ট দমিত শাসিত নিপীড়িত লাঞ্ছিত অত্যাচারিত। উপনিবেশিত। ঔপনিবেশিক।

৭৩৬। মুক্তি

বি. মুক্তি,-দান। স্বাধীনতাদান। আজাদি। মোচন বিমোচন অবমোচন। খোলাসা ছাড়ান। অবন্ধন। অনবরোধ। মুক্তি,-পত্র,-নামা ইনফসলি ছাড়পত্র। জামিন। নিস্তার নিষ্কৃতি পরিত্রাণ বাঁচোয়া। রেহাই অব্যাহতি রেয়াত। বন্দীমুক্তি শৃঙ্খল,কারা,-মুক্তি মাপ মাফ ক্ষমা। উদ্ধার ত্রাণ (৬১৪)। নির্বাণ নাজাত মোক্ষ। কৈবল্য। জীবন্মুক্তি সংসারমুক্তি। নির্বাণ,মোক্ষ,মুক্তি,-মার্গ।

ক্রি. মুক্তি দেওয়া। মুক্ত স্বাধীন বা আজাদ করা। স্বাধীনতা দেওয়া। অধীনতার নাগপাশ ছিন্ন করা। ছেড়ে দেওয়া। ছাড়ান দেওয়া। অব্যাহতি দেওয়া। খুলা বা তালাক দেওয়া। হাঁপছাড়া। হাঁপছেড়ে বাঁচা। শিকল ছেঁড়া। জেলভাঙা। জেল থেকে পালানো। ছাড়া পাওয়া। খালাস পাওয়া। জামিনে খালাস দেওয়া। শৃঙ্খলমুক্ত করা। ত্রাণ বা উদ্ধার করা। পরিত্রাণ করা। নিষ্কৃতি দেওয়া। খালাস করা। দায়মুক্ত করা। কাটান দেওয়া। বরখাস্ত করা। ছাঁটাই করা।

বিণ. মুক্ত বিমুক্ত নির্মুক্ত। অবদ্ধ। মোচিত বিমোচিত। মোচ্য মোচনযোগ্য। ছেড়ে দেওয়ার মতো। খালাস,মুক্তি,নিস্তার,অব্যাহতি,উদ্ধার, -প্রাপ্ত। স্বাধীন (৭৩৪)। মুক্তি,-দাতা,-দানকারী। নিস্তারক নিস্তারকারী।

৭৩৭। বশ্যতা

বি. বশ্যতা বশি,-তা,-ত্ব বশবর্তিতা পারবশ্য পরবশতা। বশীভবন। দাসখত দাস্য। অধীনতা (৭৩৫)। বশ্যতা,নতি,অধীনতা,-স্বীকার। বাধ্যতা (৭৩৯)। অপ্রতিরোধ। আত্মসমর্পণ। পশ্চাদ্‌পসরণ। নতি প্রণতি পদচুম্বন সেজদা। আত্মবিক্রয়। দাবি-ত্যাগ। বশীকরণ বাধ্যকরণ (৭২৮)।

ক্রি. বশ্যতা নতি বা অধীনতা স্বীকার করা। দমা। দমে যাওয়া। ধরা দেওয়া। আত্মসমর্পণ করা। বশ

মানা। বশে আসা। হাঁটু গাড়া। নতজানু হওয়া। হাত ধরা। পা ধরা। হাতে পায়ে ধরা। হেঁট হওয়া। মাথা হেঁট করা। সেজদা করা। দাবি ত্যাগ করা। হার মানা (৭০২)। পথে আসা। বশ করা। বশীভূত করা। বশে আনা বা রাখা। দাবানো। দমানো। দাবিয়ে রাখা। পদানত করা। হার মানানো (৭০২)।
বিণ. বশকারী বশী দময়িতা দমক। বশ বশীভূত বশংবদ বশী বিনীত। বশানুগ বশগ বশ্য প্রণেয় পরবশ করায়ত্ত কুক্ষিগত পরায়ত্ত। মুগ্ধ। আঁচলধরা স্ত্রৈণ। অনুগত। পরাজিত (৭০১)।

৭৩৮। অবাধ্যতা

বি. অবাধ্যতা অনধীনতা। অবশীভাব অবশ্যতা ঢেঁটামি ঔদ্ধত্য। অগ্রাহ্যকরণ অমাননা। লঙ্ঘন ভঙ্গ। আইন,-অমান্য,-ভঙ্গ,-লঙ্ঘন। বিদ্রোহ। রাজ,-দ্রোহ,-দ্রোহিতা। বিপ্লব ইনকিলাব। উপপ্লব বিক্ষোভ গোলযোগ গণ্ডগোল দাঙ্গাহাঙ্গামা। অভ্যুত্থান। ধর্মঘট। দলত্যাগ। বিচ্ছিন্নতা। বিশ্বাসঘাতকতা।
ক্রি. অবাধ্য হওয়া। অধীনতা অস্বীকার করা। অমান্য অগ্রাহ্য অবজ্ঞা বা উপেক্ষা করা। ভ্রূক্ষেপ পরোয়া বা গ্রাহ্য না করা। বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো। কলা দেখানো। লঙ্ঘন করা। ভাঙা। ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া। আইন অমান্য লঙ্ঘন বা ভঙ্গ করা। সত্যভঙ্গ করা। কথা না রাখা। কথার অবমাননা করা। কথার খেলাপ করা। এড়ানো। শর্ত প্রতিজ্ঞা বা প্রতিশ্রুতি ভঙ্গ করা। ধর্মঘট করা। প্রতিরোধ বা প্রতিহত করা। বিদ্রোহ করা। হাতিয়ার তুলে নেওয়া। অস্ত্রধারণ করা।
বিণ. অবাধ্য অমান্যকারী অন্যথাকারী লঙ্ঘন,আজ্ঞালঙ্ঘন,-কারী। আদেশ অমান্যকারী। অগ্রাহ্যকারী অনববাদক। অবশ অবশীভূত। অজিত অজেয় অধৃষ্য (৭০১)। অনায়ত্ত দুর্দম উদ্ধত বেপরোয়া। বিক্ষুব্ধ উন্মত্ত। বিদ্রোহী বিপ্লবী। মুক্তিকামী। বিচ্ছিন্নতাবাদী। নৈরাজ্যবাদী। বিশ্বাসঘাতক। দলত্যাগী।

৭৩৯। বাধ্যতা

বি. বাধ্যতা। আদেশপালন। হুকুমতামিল। আজ্ঞানুবর্তন আজ্ঞানুবর্তিতা মান্যকরণ। অনুসরণ অনুবর্তন। অপ্রতিরোধ। খিদমত। তাঁবেদারি। বশ্যতা আনুগত্য ভক্তি শ্রদ্ধা বিশ্বাস। রাজ,-ভক্তি,-সেবা,-ভয়। প্রভুভক্তি। পাতিব্রত্য। স্ত্রৈণতা অঞ্চলপ্রভাব।
ক্রি. আদেশ পালন করা। হুকুম তামিল করা। মানা। মেনে চলা। অনুসরণ করা। পালন করা (৭৪১)। অক্ষরে অক্ষরে পালন করা। মাথা পেতে নেওয়া। শিরোধার্য করা। ভক্তি করা। খিদমত করা। বশ্যতা স্বীকার করা (৭৩৭)। গ্রাহ্য করা। পরোয়া করা। আমলে আনা।
বিণ. বাধ্য আজ্ঞাবহ আজ্ঞাধীন আজ্ঞানুবর্তী আজ্ঞা,আদেশ,-পালক। মতানুবর্তী অনুগত ভক্ত। নিয়মানুসারী। অনুসরণকারী। বিশ্বাসী বিশ্বস্ত। বশংবদ বশ্য বশীভূত। শ্রদ্ধাশীল। নির্বিবাদী নিরীহ। বাধ্যতামূলক আবশ্যিক ধরাবাঁধা। অবশ্য,-কর্তব্য,-পালনীয়। পালনীয় প্রতিপাল্য মান্য পাল্য। শিরোধার্য অলঙ্ঘ্য অলঙ্ঘনীয়। কৃত পালিত প্রতিপালিত। অলঙ্ঘিত। যে-আজ্ঞে। যো-হুকুম। স্ত্রৈণ।
ক্রি-বিণ. আজ্ঞানুসারে আদেশানুযায়ী। মোতাবেক বাবদ অনুসারে।

৭৪০। প্রতিবাদ

বি. তিবাদ আপত্তি ঝাগড়া। অভিযোগ। তিরস্কার ভর্ৎসনা ধমক। ক্ষোভ বিক্ষোভ

প্রতিরোধ ধর্মঘট বিরোধিতা বিরুদ্ধাচারণ প্রতিকূলতা বিপক্ষতা অসহযোগ। প্রত্যাখ্যান। অসম্মতি। আজ্ঞা,-ভঙ্গ,-লঙ্ঘন অমান্যকরণ। বিদ্রোহ। অবরোধ ঘেরাও। মৃদুপ্রতিবাদ উচ্চবাচ্য ট্যাফোঁ। প্রতিবাদমিছিল বিক্ষোভ,-মিছিল, -সমাবেশ। গণসমাবেশ গণঅবস্থান অবস্থানধর্মঘট। মধ্যস্থতা। হস্তক্ষেপ। অচলনামা সালিশি।

ক্রি. প্রতিবাদ করা বা জানানো। আপত্তি করা বা জানানো। বাদ সাধা। বাধা দেওয়া। নিষেধ করা। তিরস্কার বা ভর্ৎসনা করা। কান ভাঙানো। নিন্দা করা। কালোপতাকা দেখানো। কুশপুত্তলিকা দাহ করা। তুলারাম খেলারাম করা।

বিণ. প্রতিবাদমূলক। আপত্তিমূলক। আপত্তি, -কর,-জনক। প্রতিবাদী প্রতিবাদকারী বিরোধী বিরুদ্ধবাদী প্রতিকূলাচারী। বিপক্ষ বিপক্ষীয় প্রতিপক্ষ। অসহযোগী। বিদ্রোহী। বিক্ষোভকারী। আন্দোলনকারী। দুঃখপ্রকাশক।

৭৪১। পালন

বি. পালন তামিল নির্বাহ। প্রতিজ্ঞাপালন। আদেশ-পালন। হুকুমতামিল। আজ্ঞানুবর্তন আজ্ঞানুবর্তিতা। সম্পাদন নিষ্পাদন সমাপন। হাসিল। আনুগত্য মান্যকরণ বশ্যতা অনুবর্তন অনুবর্তিতা। অলঙ্ঘন। নীরববশ্যতা। সম্মতি। বাধ্যতা (৭৩৯)। পূরণ। সন্তুষ্টি। মুক্তি নিষ্কৃতি। প্রাপ্তিস্বীকার। স্বীকার। বিশ্বস্ততা সততা ঈমানদারি নৈতিকতা (৯৪২)। যথাযথতা।

ক্রি. পালন বা তামিল করা। মানা। মেনে চলা। মান্য করা। শ্রদ্ধা করা। এঁটে থাকা। কথা বা জবান রাখা। অক্ষরে অক্ষরে পালন করা। মেনে নেওয়া। মাথা পেতে নেওয়া। কথামতো চলা। শিরোধার্য করা। মাথায় করে নেওয়া। সম্পাদন করা। পূরণ করা। নির্বাহ বা নিষ্পাদন করা। পারা। আত্মসম্মান বজায় রাখা। পালন করানো। মানানো।

বিণ. পালিত পালনীয় পাল্য। অবশ্যপালনীয়। বাধ্যতামূলক। অলঙ্ঘিত অলঙ্ঘ্য অলঙ্ঘনীয়। পালক। পালনকারী। বিশ্বস্ত। অনুগত। বাধ্য। আদেশ পালক। আজ্ঞা,হুকুম,-বরদার। নিয়মানুগ। যথাযথ। বশংবদ। বশ্য। যে-আজ্ঞে। যো-হুকুম।

৭৪২। অপালন

বি. অপালন। অকরণ অমাননা অবজ্ঞা। গাফিলতি। অন্যথাচরণ। শৈথিল্য। খেলাফ। হেরফের। অবাধ্যতা (৭৩৮)। ত্রুটি বিচ্যুতি ব্যত্যয়। বিশ্বাস,-ভঙ্গ,-হীনতা (৯৪৩)। অনাচার। আইন,-ভঙ্গ,-অমান্য। সত্য,-ভঙ্গ,-লঙ্ঘন। চুক্তি,শর্ত, প্রতিশ্রুতি,প্রতিজ্ঞা,-ভঙ্গ। অপলাপ। অস্বীকার। অপহ্নব অপহ্নুতি। লঙ্ঘন। ব্যর্থতা।

ক্রি. পালন বা তামিল না করা। না মানা। অমান্য করা। নিষেধ বা হুকুম না মানা। কথা না শোনা। কথা নড়ানো বা পালটানো। এড়ানো। এড়িয়ে যাওয়া। ফাঁকি দেওয়া। কাজ ফেলে রাখা। শিকায় তোলা। গাফিলতি করা। উপেক্ষা করা। আইন ভাঙা। নিয়ম না মেনে চলা। আইন বাঁকানো। কথার নড়চড় হওয়া। কথা না রাখা। খেলাফ করা। বাদ দেওয়া। অস্বীকার করা। প্রতিবাদ করা। নাকচ করা। অবৈধ ঘোষণা করা। বাজেয়াপ্ত করা।

বিণ. অপালিত। লঙ্ঘিত। বরখেলাফ। পরিহারকারী। অমান্যকারী। লঙ্ঘন,আজ্ঞালঙ্ঘন, -কারী। অন্যথাকারী। শিথিল। ঢিলা। বিশৃঙ্খল।

ক্রি-বিণ. অপার্যমানে।

৭৪৩। অঙ্গীকার

বি. অঙ্গীকার। অঙ্গীকরণ একরার প্রতিগ্রহ প্রতিশ্রুতি ওয়াদা বাগদান। স্বীকার একরারনামা

প্রতিজ্ঞাপত্র। কথা মুখের-কথা জবান। এককথা পাকাকথা। শপথ দিব্যি কিরা কসম তিনসত্য তামাতুলসি। হলফ দৃঢ়-উক্তি সত্যপাঠ। সত্য সত্যাপন সত্যাগ্রহ সত্যার্পণ। সত্য,পণ,-রক্ষা। সংকল্প প্রতিজ্ঞা পণ। ধনুকভাঙাপণ। মাথার দিব্যি। দোহাই। মানত। মানসিক। মুচলেকা। নিশ্চয়তা। গ্যারান্টি জামিন প্রত্যাভূতি। ওয়ারান্টি নির্ভরপত্র। বিমা। দায়। চুক্তি (৭৪৪)। শর্ত কড়ার। এফিডেভিট।

ক্রি. অঙ্গীকার একরার বা ওয়াদা করা। প্রতিশ্রুতি কথা বা জবান দেওয়া। প্রতিজ্ঞা করা। শপথ করা। লিখে দেওয়া। কবুল করা। দিব্যি গেলা। কিরা খাওয়া। মানত করা। মুচলেকা বা চুক্তিবদ্ধ হওয়া। নিশ্চয়তা দান করা। জামিন হওয়া। সাক্ষী হওয়া।

বিণ. অঙ্গীকৃত প্রতিশ্রুত। অঙ্গীকারবদ্ধ প্রতিশ্রুতিবদ্ধ। প্রতিজ্ঞাত। প্রতিজ্ঞেয়। পণবদ্ধ। প্রতিজ্ঞাবদ্ধ শপথবদ্ধ। চুক্তিবদ্ধ। মুচলেকাবদ্ধ। দায়,-বদ্ধ,-গ্রস্ত। সংকল্পবদ্ধ দৃঢ়প্রতিজ্ঞ সত্যপ্রতিজ্ঞ। অঙ্গীকারকারী। প্রতিজ্ঞাকারী। জামিনদার। কথার মানুষ। কড়ারি।

ক্রি-বিণ. প্রাণ,জীবন,-পণ। জানকবুল।

৭৪৪। চুক্তি

বি. চুক্তি চুক্তি,-পত্র,-নামা। একরার একরারনামা। ঠিকা কন্ট্র্যাক্ট। সংবিদা। অঙ্গীকার (৭৪৩)। ওয়াদা। ফুরন মুচলেকা। কবুলিয়ত। সোলে আপস রফা মীমাংসা। সমঝোতা। কনভেনশান সম্মেলন। আলাপ-আলোচনা। নিরূপণপত্র। নিয়মপত্র নিয়মাবলি। সন্ধি। স্মারকলিপি প্রোটোকোল। অগ্রিমচুক্তি। মুসাবিদা খসড়া। সনদ। অনুমোদন সম্পাদন চূড়ান্তকরণ। সহি সিলমোহর। নিকানামা। দেনমোহর। নিম,উপ,আধা,-চুক্তি। শর্ত প্রতিবন্ধ কড়ার। জাঁকড়। দরদস্তুর। নিয়ম দফা ধারা অনুচ্ছেদ বিধান অনুবিধি। দায়। শেষপ্রস্তাব চরমপত্র।

ক্রি. চুক্তি করা। রাজি হওয়া। কবুল করা। স্বীকার করা। আলাপ আলোচনা করা বা চালানো। শর্তারোপ করা। কড়ার করা। জাঁকড়ে কেনা। বেঁধে দেওয়া। ঠিক বা নির্ধারণ করা। দরকষাকষি করা। নিষ্পত্তি হওয়া বা করা। চুকানো। মীমাংসা হওয়া বা করা। অনুমোদন করা। সই দস্তখত বা স্বাক্ষর করা। সিল দেওয়া। পাকাপোক্ত করা।

বিণ. চুক্তি,-সংক্রান্ত,-গত। চুক্তিমাফিক। চুক্তিবদ্ধ। মীমাংসিত। স্বীকৃত। স্বাক্ষরিত। সিলমোহরসম্বলিত। পাকাপোক্ত। ঠিকা। ঠিকাদার। শর্তাধীন শর্তসাপেক্ষ। কট। মুওঅজ্জিল। মুওজ্জল।

৭৪৫। জামানত

বি. জামানত জমানত। সিকিউরিটি। প্রত্যাভূতি গ্যারান্টি। বন্ড মুচলেকা। রেহান বন্ধক মর্টগেজ। পণ। ডিবেঞ্চার ঋণপত্র তমসুক। লিয়েন পূর্বস্বত্ব। জামানত জমা। অগ্রিমমূল্য। সত্যঙ্কার। বায়না দাদন। হুন্ডি মুদ্দতিহুন্ডি দর্শনিহুন্ডি উপযোজকহুন্ডি। বিল শুদ্ধবিল মিশ্রবিল। গ্রহণ পৃষ্ঠাঙ্কন স্বীকার। দস্তখত সহি সই স্বাক্ষর। স্ট্যাম্প সিল। প্রতিভূ। পণবন্দী। জামিন বেল। প্রমাণীকরণ সত্যাখ্যান। প্রতিপাদন। নির্ভরপত্র ওয়ারান্টি। সার্টিফিকেট প্রশংসাপত্র। ভাউচার প্রমাণক। রসিদ। দলিল দস্তাবেজ কাগজ। সেটেল্‌মেন্ট। উইল চরমপত্র ওয়াসিয়াতনামা।

ক্রি. জামানত দেওয়া। জমা দেওয়া। রেহান বা বন্ধক দেওয়া। বাঁধা দেওয়া। জামিন হওয়া। নিশ্চয়তা দেওয়া। গ্রহণ করা। স্বীকার করা। পৃষ্ঠাঙ্কিত করা।

বিণ. বদ্ধ আবদ্ধ বাঁধা। জমা।

৭৪৬। প্রস্তাব

বি. প্রস্তাব। প্রস্তাবনা উত্থাপনা উপস্থাপন অবতারণা পেশ নিবেদন। দান প্রদান দিৎসা। অর্পণ উৎসর্গ। ডাক আহ্বান আমন্ত্রণ নিমন্ত্রণ দাওয়াত জিয়াফত। টেন্ডার মূল্যবেদন প্রস্তাবক উত্থাপক উপস্থাপক। পত্র (৮১৩)।

ক্রি. প্রস্তাব করা। উপস্থাপন বা উত্থাপন করা। দায়ের পেশ রুজু বা দাখিল করা। নিবেদন করা। হাজির করা। অর্পণ করা। ডাক দেওয়া। আমন্ত্রণ করা। স্বেচ্ছায় এগিয়ে আসা। রাজি থাকা। প্রার্থী হওয়া। নিজেকে উৎসর্গ করা। নিলাম ডাকা। দর দেওয়া। বিক্রয় করতে বা ভাড়া দিতে রাজি থাকা। গ্রহণ করা। গ্রাহ্য করা। গ্রাহ্য হওয়া।

বিণ. প্রস্তাবিত। প্রদত্ত। বিক্রয়ার্থ। ভাড়া।

৭৪৭। অনুরোধ

বি. অনুরোধ উপরোধ অনুনয়,-বিনয় মিনতি বিনতি অনুরোধউপরোধ। সনির্বন্ধ অনুরোধ। বিনীত অনুরোধ। সাধাসাধি সাধনা সাধ্যসাধনা। সুপারিশ। অনুবন্ধ। নির্বন্ধ। যাচঞা যাচনা ভিক্ষা মাগন প্রার্থনা। আবদার বায়না আখুটি। কাকুতি আকুতি আকুত আকুলতা কাকুবাদ। ককানি প্যানপ্যানানি ঘ্যানঘ্যানানি কাকুতিমিনতি। তোষামোদ খোশামোদ তদবির দেনদরবার। ফোঁপড়দালালি। উমেদারি। পীড়াপীড়ি ধরাধরি ধরপাকড় ঝুলোঝুলি জেদাজেদি কষাকষি। আরজ আবেদন। পিটিশন আবেদন নিবেদন আরজি দরখাস্ত। আপিল। প্রস্তাবনা পেশ নিবেদন প্রতিবেদন। আমন্ত্রণ নিমন্ত্রণ দাওয়াত। দাবি আহ্লাদ। উপার্থন ক্যানভাস। পিকেটিং।

অনুরোধকারী উপরোধক অনুনয়কারী অনুনয়ী। আবেদক নিবেদক আবেদন,নিবেদন,দরখাস্ত,-কারী। আবেদ্যমান। আরজগোজার। মুদ্দই বাদী। সায়েল। ফরিয়াদি। আসন্নবন্ধু। দাবিদার। তদবিরকারক। নির্বাচনপ্রার্থী। প্রতিদ্বন্দ্বী। উমেদার। অর্থী প্রত্যর্থী প্রার্থক প্রার্থী প্রার্থনাকারী। যাচক উপযাচক। রবাহূত। ভিক্ষু ভিক্ষুক ভিখারী ফকির মিশ্‌কিন। বিক্রেতা সেলস্‌ম্যান। ক্যানভাসার। প্রচারক। দালাল। টাউট। মুৎসুদ্দি (৭৫৪)। দাস বান্দা গোলাম। ধামা-ধরা পা-ধরা তোষামোদকারী (৯৩৭)। আখুটে আবদেরে।

ক্রি. অনুরোধ বা অনুনয় করা। দেনদরবার করা। সাধা। সাধাসাধি করা। বলা। বলাকহা করা। ধরা। ধরাধরি করা। ধরে বসা। হাতে,পায়ে,-ধরা। হাতেপায়ে ধরা। হাত কচলানো। মুখ চাওয়া। ভিক্ষা চাওয়া। আবেদন বা আরজ করা। নিবেদন বা পেশ করা। ধরনা বা হত্যা দেওয়া। মাথা খোঁড়া। ঘ্যানঘ্যান বা প্যানপ্যান করা। দাবি করা। দাবি দাওয়া পেশ করা। তেল দেওয়া। তেলানো। করজোড়ে বলা। গলবস্ত্র হওয়া। এত করে বলা। বুঝিয়ে বলা। সোচ্চার হওয়া। শোরগোল করা। চাপ দেওয়া। অনুরোধে বা উপরোধে ঢেঁকি গেলা।

বিণ. সানুবন্ধ সনির্বন্ধ সানুনয়। সানুগ্রহ সোপকার সাগ্রহ একান্ত। আবেদিত আবেদ্য অনুনেয়। অনুরুদ্ধ উপরুদ্ধ। আহূত আমন্ত্রিত।

ক্রি-বিণ. অনুরোধে। উপরোধে। কৃতাঞ্জলিপুটে করজোড়ে।

৭৪৮। প্রস্তাবগ্রহণ

বি. প্রস্তাবগ্রহণ মতদান সম্মতি (৫১২)। অনুমতিদান অনুমোদন সায় সমর্থন নীরবসমর্থন। গ্রহণ বরণ। একরার কবুল ইজন স্বীকার স্বীকৃতি। কথা পাকাকথা। কবুলিয়ত রাজিনামা সম্মতিপত্র। অঙ্গীকার (৭৪৩)। সাব্যস্তকরণ নির্ধারণ। সম্পাদন (৬৯৭)। পালন(৭৪১)।

ক্রি. প্রস্তাব গ্রহণ করা। সমর্থন করা। সায় দেওয়া। ঘাড় নাড়া। হাত তোলা। প্রস্তাব অনুমোদন করা। ভোট দেওয়া। হ্যাঁ করা। কবুল স্বীকার বা স্বাক্ষর করা। কথা বা পাকাকথা দেওয়া। ইজন দেওয়া। রাজি হওয়া। কথা পাকা করা। গ্রহণ বা বরণ করা। সাব্যস্ত বা নির্ধারণ করা।

বিণ. গৃহীত স্বীকৃত কবুল। সম্মত রাজি। আগ্রহশীল। নিমরাজি।

৭৪৯। প্রত্যাখ্যান

বি. প্রত্যাখ্যান অগ্রহণ অপরিগ্রহ ইনকার অস্বীকার নারাজি অমত অসম্মতি (৫১৩)। ব্যপনয়ন। অগ্রাহ্যকরণ। উপেক্ষা। আপত্তি প্রতিবাদ। প্রত্যর্পণ ফেরত। বিমুখকরণ। রদ বাতিল। অননুমোদন। অপছন্দ অমনঃপূতি। প্রত্যাহার।

ক্রি. প্রত্যাখ্যান করা। গ্রহণ না করা। না লওয়া। অস্বীকার বা ইনকার করা। রাজি না হওয়া। মত না দেওয়া। অসম্মতি প্রকাশ করা। না শোনা। কান ঢোল করা। মুখ ফেরানো। অগ্রাহ্য করা। আপত্তি বা প্রতিবাদ করা। উপেক্ষা করা। ফেরত বা ফিরিয়ে দেওয়া। ফেরত পাঠানো। বিমুখ বা নিরাশ করা। রদ বা বাতিল করা। প্রত্যাহার করা। অনুমোদন না দেওয়া। নামঞ্জুর করা।

বিণ. প্রত্যাখ্যাত। অগ্রাহ্য। অগ্রহণীয়। প্রত্যর্পিত। অসম্মত। অস্বীকৃত। অননুমোদিত নামঞ্জুর। বিমুখ। প্রতিকূল। অপ্রসন্ন। অমনঃপূত। প্রত্যাখ্যেয় অগ্রহণযোগ্য।

৭৫০। অনুমতি

বি. অনুমতি আজ্ঞা অনুজ্ঞা আদেশ হুকুম পারমিশন। মত (৫১২)। মৌনসম্মতি। সমর্থন। নীরবসমর্থন। বরদাস্ত সহিষ্ণুতা পরমতসহিষ্ণুতা। কবুল স্বীকার স্বীকৃতি একরার। স্বাধীনতা। রেয়াত। বিশেষ অধিকার। সুবিধাদান। আশকারা প্রশ্রয়। অনুগ্রহ। অব্যাহতি রেহাই নিষ্কৃতি ছুটি। অনুমোদন মঞ্জুর মঞ্জুরি। গ্রহণ ভুক্তি। আজ্ঞা, –পত্র,–লিপি। অনুমতিপত্র। পারমিট। লাইসেন্স। অনুজ্ঞাপত্র। ছাড়পত্র। নিষ্ক্রমণপত্র। পাসপোর্ট। ভিসা। টিকিট। সনদ। সম্মতিপত্র রাজিনামা। সাব্যস্তকরণ নির্ধারণ। অনুদান দান সমর্পণ। গ্রহণ বরণ। সম্পাদন পালন। অঙ্গীকার (৭৪৩)। সত্যতাস্বীকার। মীমাংসা রফা। পেটেন্ট মানচিহ্ন। উপার্থন।

ক্রি. অনুমতি দেওয়া। আজ্ঞা করা। সমর্থন করা। নীরবে সমর্থন করা। কোন কিছু না বলা। চোখ ঠারা। দেখেও না দেখা। সহ্য করা। বরদাস্ত করা। অনুমোদন বা মঞ্জুর করা। গ্রহণ বা বরণ করা। সম্মত বা রাজি হওয়া। মত বা সম্মতি দেওয়া (৫১২)। কবুল স্বীকার বা একরার করা। দান বা সমর্পণ করা। ক্ষমতা বা অধিকার দেওয়া। বিশেষ সুবিধা দেওয়া। নিয়োগ করা (৭৫৩)। ছাড় নিষ্কৃতি বা অব্যাহতি দেওয়া। বিধিনিষেধ হ্রাস করা। মাফ বা ক্ষমা করা। সাব্যস্ত বা নির্ধারণ করা। পালন করা। মানা। অঙ্গীকার করা।

বিণ. অনুমতি,–দত্ত,–প্রাপ্ত। আজ্ঞাপিত আদিষ্ট অনুজ্ঞাত। অনুমোদিত। সমর্থিত। আইনানুযায়ী। সম্মত। বিধিসম্মত। রাজি। বিধিকৃত। সনদি। অনিষিদ্ধ। হালাল। মকবুহ। ইচ্ছুক। কবুল স্বীকৃত। আগ্রহশীল। নিমরাজি। আজ্ঞা,–কর্তা, –দানকারী। অনুমতিদাতা। অনুমোদক। অনুমোদনকারী।

৭৫১। নিষেধ

বি. নিষেধাজ্ঞা নিষেধ বারণ মানা। নামঞ্জুর। বিধিনিষেধ। বাধানিষেধ। নিষিদ্ধবস্তু। হারাম।

নিবার নিবারণ। প্রতিষেধ। নিবৃত্তি সংরোধ নিরোধ। বাধা বন্ধ প্রতিবন্ধকতা। হুকুম। ভিটো। হুকুমনামা। ইনজাংশান। রোধ রোধন। নিষিদ্ধকরণ। বহিষ্করণ। নির্বাসন। অন্তরণ।

ক্রি. নিষেধ বারণ বা মানা করা। না করা। না বলা। বাধা দেওয়া। বন্ধ করা। আটকানো। ঠেকানো। নিবৃত্ত করা। নিরস্ত করা। থামানো। রোখা। হারাম করা। নিয়ন্ত্রণ করা (৭৩২)। দমন করা। নিষেধাজ্ঞা জারি বা আরোপ করা। বিধিনিষেধ আরোপ করা। বাজেয়াপ্ত করা। বহিষ্কারাদেশ দেওয়া। একঘরে করা।

বিণ. নিষিদ্ধ। বিধিবহির্ভূত। বেআইনি। অননুমোদিত। চোরা। চোরাগোপ্তা। হারাম। প্রতিষিদ্ধ। নিবারিত। নিবার্য। নিবৃত্ত প্রতিনিবৃত্ত নিরস্ত। বাজেয়াপ্ত। আটক। অন্তরীণাবদ্ধ। নিষেধক। নিবারক। প্রতিষেধক। সংরোধক। নিষেধকারী। নিবারণকারী নিবৃত্তিকারক।

৭৫২। প্রত্যাহার

বি. প্রত্যাহার সংহরণ প্রতিসংহরণ নিরাকরণ প্রত্যাদেশ নিরসন রহিতকরণ। বাতিল রদ। নাকচ। কর্তন। বর্জন। বাদ পরিহার। মোচন লোপ বিলোপন। বিগঠন। আইন রদ। নিলাম রদ। রদের হুকুম। খারিজ ডিশমিশ।

ক্রি. প্রত্যাহার বা সংহরণ করা। নিরাকৃত করা। নিরসন বা রহিত করা। বাতিল রদ বা নাকচ করা। রদ বা রহিত করা। কেটে বাদ দেওয়া। বাদ বর্জন বা পরিহার করা। ওঠানো। উঠিয়ে নেওয়া। তোলা। তুলে নেওয়া। মুছে ফেলা। ভেঙে দেওয়া। পরিত্যাগ করা। অবৈধ ঘোষণা করা। খারিজ বা ডিশমিশ করা। বরখাস্ত করা।

বিণ. রহিত নিরসিত নিরাকৃত প্রত্যাহৃত সংহৃত। বাতিল রদ নাকচ। বাদ বর্জিত। লুপ্ত বিলুপ্ত। পরিত্যক্ত। খারিজ ডিশমিশ। বরখাস্ত বরতরফ।

৭৫৩। আয়োগ

বি. আয়োগ কমিশন নিয়োগ নিয়োজন। প্রবৃত্ত,ব্যাপৃত,-করণ। অর্পণ। ভারার্পণ দায়িত্বদান। ডেলিগেশান ক্ষমতাভিযোজন প্রত্যভিযোজন। ডেপুটেশান প্রাতিনিধ্য প্রেষণ। প্রক্সি বদলি। ক্ষমতান্যাস ওকালতনামা। আমমোক্তারনামা। প্রতিনিযুক্তি। এজেন্সি প্রতিনিধিত্ব। বরাত ভার দায়িত্ব। হেফাজত রক্ষণাবেক্ষণ। ন্যাস।

নিয়োগ নিযুক্তি সংযুক্তি অ্যাপয়েন্টমেন্ট। মনোনয়ন নমিনেশন। বহাল,নিয়াগ,-পত্র। মনোনয়নপত্র। পাবলিক সার্ভিস কমিশন। সরকারি কমিশন। সরকারি,প্রজাতন্ত্রের,-কর্ম। বরণ। সনদ। অভিষেক সমাবর্তন। রাজ্যাভিষেক সিংহাসনারোহণ।

জিম্মাদার আমিন। ওয়াকিফ। মুতওয়াল্লি। মোহান্ত। ট্রাস্টি ন্যাস,-পালক,-রক্ষক। সাজোয়াল। অছি অভিভাবক মুরব্বি ওয়ালি। নিগাবান। অধ্যক্ষ আচার্য উপাচার্য। পরিচালক। আমমোক্তার অ্যাটর্নি উকিল। কার্যকারক তদবিরকারক। সেক্রেটারি। দালাল মুৎসুদ্দি এজেন্ট। প্রতিনিধি। প্রতিভূ জামিনদার। বদলি। দূত রাজ,রাষ্ট্র,-দূত। ঘটক সংঘটক। নিযোক্তা নিয়োগকর্তা নিয়োজক নিয়োজনকারী। প্রয়োগকর্তা প্রয়োগকারী কারয়িতা প্রযোজক। নিয়োগ,চাকুরি,-প্রার্থী। কর্মান্বেষী।

ক্রি. নিয়োগ করা। ভার বা দায়িত্ব দেওয়া। দায়িত্ব বা ভার চাপানো। ক্ষমতা দান করা। ক্ষমতার্পণ

করা। ক্ষমতান্যাস করা। বরাত দেওয়া। গচ্ছিত করা। গছানো। ঘাড়ে বা কাঁধে চাপানো। জোতা। লাগানো। কাজে লাগানো। নিযুক্ত করা। বহাল করা। চাকরি দেওয়া হওয়া বা পাওয়া। মনোনীত করা। মনোনয়ন দান করা। প্রতিষ্ঠিত করা। অভিষিক্ত করা। তালিকাভুক্ত করা। যোগদান করা। কাজে লাগা। লাগা। লেগে পড়া। লিপ্ত যুক্ত বা শামিল হওয়া। অংশগ্রহণ করা। হাত লাগানো।

বিণ. আযুক্ত নিযুক্ত। নিয়োজিত প্রযুক্ত বহাল প্রবৃত্ত রত নিয়ত লিপ্ত যুক্ত সংযুক্ত ব্রতী প্রবর্তী প্রবর্ত প্রহিত বিনিযুক্ত। ভার,দায়িত্ব,ক্ষমতা, প্রাপ্ত। নিয়োজ্য নিযোজ্য প্রযোজ্য। প্রযুজ্যমানা। মনোনীত। অর্পিত ন্যস্ত আহিত। নিসৃষ্ট গচ্ছিত উপনিহিত। প্রেরিত।

৭৫৪। প্রতিনিধি

বি. প্রতিনিধি প্রতিভূ অনুকল্প এজেন্ট ডেপুটি। বদলি পরিবর্ত প্রক্সি। বকলম। বেনামদার। নায়েব উকিল মোক্তার অ্যাটর্নি গোমস্তা মুৎসদ্দি কারিন্দা কারকুন ম্যানেজার। ঘটক। আবেদক আবেদনকারী আরজগোজার। নিবেদক। দরখাস্তকারী। মুদ্দই বাদী। সায়েল। ফরিয়াদি। আসন্নবন্ধু। দাবিদার। উমেদার। দূত চর প্রণিধি। রাজ,-দূত,-প্রতিনিধি রাষ্ট্রদূত অ্যাম্বাস্যাডর। বাণিজ্যদূত কনসাল। দূতী। কুটনী। মুখপাত্র প্রবক্তা সমর্থক ধ্বজাধারী। ডেলিগেট সদস্য। ভারপ্রাপ্তসদস্য। ক্যাপ্টেন দল,-নেতা,-পতি, -নায়ক। জনপ্রতিনিধি নির্বাচিত,-প্রতিনিধি, -সদস্য। প্রতিনিধিসভা (৭১৬)। প্রতিনিধি সংস্থা। প্রতীক,-চিহ্ন।

প্রতিনিধিত্ব। ওকালতি। দৌত্য,-গিরি দূত্য দূতিয়ালি দূতালি। ওকালতনামা আমমোক্তারনামা পাওয়ার-অব-অ্যাটর্নি।

ক্রি. প্রতিনিধিত্ব করা। পক্ষ নেওয়া। পক্ষে দাঁড়ানো। পক্ষ সমর্থন করা। ওকালতি করা। অপরের হয়ে জবাব দেওয়া বা জবাবদিহি করা। অপরকে ক্ষমতা দায়িত্ব বা ভার অর্পণ করা।

বিণ. প্রতিনিধিত্বমূলক। ভারপ্রাপ্ত। স্থলাভিষিক্ত। কায়েমমোকাম। অর্পিত। ন্যস্ত।

ক্রি-বিণ. পরিবর্তে বদলে বিকল্পে। স্থানে। জায়গায়।

৭৫৫। পদত্যাগ

বি. পদ,কর্ম,দায়িত্ব,-ত্যাগ। ইস্তফা রেজিগনেশান। দাবিত্যাগ। সিংহাসনত্যাগ। ছাড় বাদ। ছুটি। অবসর। রিটায়ারমেন্ট। বিদায়। খেলাফ অস্বীকার ইনকার। পদত্যাগ,ইস্তফা,-পত্র রেজিগনেশন-লেটার ফারখতি। পদচ্যুতি (৭৫৬)।

ক্রি. পদত্যাগ করা। ইস্তফা বা রেজিগনেশান দেওয়া। রিজাইন করা। ভার বা দায়িত্ব ত্যাগ করা। বাদ দেওয়া। চাকুরি ছাড়া বা ছেড়ে দেওয়া। ছেড়ে দেওয়া। দাবি ছেড়ে দেওয়া। পদ খালি করা। সিংহাসন ত্যাগ করা। অবসর নেওয়া বা পাওয়া। রেহাই অব্যাহতি নিষ্কৃতি বা পরিত্রাণ চাওয়া। পদচ্যুত হওয়া (৭৫৬)।

৭৫৬। পদচ্যুতি

বি. পদ,কর্ম,-চ্যুতি বরতরফি। সাময়িক বরখাস্তি সাসপেনশান। বরখাস্তি ডিশমিশ্যাল। অপসারণ রিমুভ্যাল। খারিজ ডিসচার্জ। পদাবনতি ডিমোশন। বাধ্যতামূলক অবসর। ছাঁটাই।

ক্রি. পদচ্যুত বা কর্মচ্যুত হওয়া। সাময়িকভাবে বরখাস্ত করা বা হওয়া। বরখাস্ত হওয়া বা করা। অপসারণ করা। খারিজ করা। কাজ যাওয়া। চাকরি যাওয়া বা চলে যাওয়া। কাজ ছাড়ানো।

ছাড়িয়ে দেওয়া। জবাব দেওয়া। কারণ দর্শানোর নোটিশ দেওয়া। হটানো। তাড়ানো। তাড়িয়ে দেওয়া। ভাগিয়ে দেওয়া। ছাঁটাই বা স্যাক করা।
বিণ. পদ,কর্ম,-চ্যুত। বরখাস্ত অপসারিত। খারিজ। মাজুর খালাসপ্রাপ্ত। সাময়িকভাবে বরখাস্ত।

৭৫৭। সহায়তা

বি. সহায়তা সাহায্য সহযোগ সহকার সহকারিতা সাহায্যশীলতা মদদ। সহায় অবলম্বন সংশ্রয়। অনুকূলতা আনুকূল্য। সমর্থন পোষকতা পোষণ পৃষ্ঠপোষণ পৃষ্ঠপোষকতা। ওকালতি। সুনজর সুদৃষ্টি অনুকম্পা অনুগ্রহ। সহানুভূতি দাক্ষিণ্য দান অনুদান। সহযোগিতা (৭৫৯)। প্রতিবিধান উপায় (৬৩৮)। লালনপালন প্রতি,-পালন,-পোষণ। ভরণপোষণ। পরিপোষণ। আশ্বাস ভরসা নির্ভরতা। বলভরসা আশাভরসা। রসদ খাবার। ধনজন। সংস্থান। যোগান সরবরাহ। সাহচর্য সঙ্গ।
ক্রি. সহায়তা। সাহায্য বা মদদ করা। সহায় হওয়া। সমর্থন করা। অনুগ্রহ করা। দান বা অনুদান দেওয়া। প্রতিবিধান করা। উপায় করা। লালন বা পালন করা। পোষা। ভাত-কাপড়ের বন্দোবস্ত করা। সংস্থান করা। যোগান দেওয়া। সরবরাহ করা। সাহচর্য দেওয়া। সেবা করা। সহযোগিতা করা (৭৫৯)। হাত মেলানো বা বাড়ানো বা বাড়িয়ে দেওয়া। কাঁধে কাঁধ মেলানো। সাহায্যের হাত বাড়ানো।
বিণ. সহায়ক। সাহায্য,-কর,-পূর্ণ। সহায়তা, সহযোগিতা,-পূর্ণ। সহানুভূতিপূর্ণ। মদদগার সাহায্য,সহায়তা,-কারী সহকারী সহযোগী সহযোগিতাকারী সাহায্যশীল সহানুভূতিশীল। সহায় অনুকূল। পরিপূরক। অবিরুদ্ধ পোষক পরিপোষক প্রতিপোষক। পৃষ্ঠপোষক। নেওয়াজ। আশ্বাসিত আশ্বস্ত নির্ভরযোগ্য। ভরসা,-জনক, -পূর্ণ। বন্ধুত্বপূর্ণ মৈত্রীপূর্ণ। সাহায্য,সহায়তা, -প্রাপ্ত। উপকৃত উপকারপ্রাপ্ত সাহায্য,-প্রার্থী, -প্রার্থনাকারী। দ্বারস্থ। আশ্রিত পোষ্য পরাশ্রয়ী। অব্যাহত নিরবগ্রহ।

৭৫৮। সমিতি

বি. সমিতি সংসদ পরিষদ পরিমেল অ্যাসোসিয়েশন সোসাইটি ইউনিয়ন ফেডারেশন জোট লীগ মোরচা। পার্টি দল গোষ্ঠী ব্লক। আঞ্জুমান মজলিস। চেম্বার। ফোরাম মঞ্চ। সমাজ রাষ্ট্র সম্প্রদায় কুল বর্গ পরিবার। সৌভ্রাতৃত্ব কওমি বেরাদরি। ক্লাব সংঘ। রাজনৈতিক দল। পলিটিক্যাল পার্টি। সভা মিটিং জমায়েত সমাবেশ সম্মেলন সম্মেলনী বৈঠক অধিবেশন কনফারেন্স। সেশন চক্র। সেমিনার সিম্পোজিয়াম আলোচনাচক্র। আসর। সভা,-কক্ষ,-গৃহ,-স্থল, -মণ্ডপ। মিলনী মিলনোৎসব পুনর্মিলনী রিইউনিয়ন। স্মরণ,শোক,ধর্ম,সাহিত্য,-সভা। গুপ্তসমিতি। দঙ্গল ক্লিক কোটারি ক্যাবাল উপদল। দলবাজি দলাদলি। দলীয়তা দলীয়স্বার্থ। দলীয়শক্তি। দলগতসংহতি। গোপন,রুদ্ধদ্বার, -বৈঠক। পক্ষ দিক তরফ সাইড। পক্ষ,-পাতিত্ব, -পাতিতা,-পাত। একদেশদর্শিতা পক্ষানুরাগ একচোখামি অসমদর্শিতা সপক্ষতা সাম্প্রদায়িকতা। স্বদল। সপক্ষ। এক,-পক্ষ,-দল। মিত্র,-পক্ষ,-দল।
সংগঠন সংস্থা প্রতিষ্ঠান অরগানাইজেশন ফাউন্ডেশন ইনস্টিটিউশন ইনস্টিটিউট বিদ্যালয় স্কুল কলেজ মহাবিদ্যালয় বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি।। কোম্পানি ফার্ম ব্যবসা উদ্যোগ

বাণিজ্য শিল্প জয়েন্ট-স্টক মার্জার সিন্ডিকেট কার্টেল কনসোর্টিয়াম এন্টারপ্রাইজ কর্পোরেশন পুল। বণিক সংঘ। নিগম গিল্ড। শাখা বিভাগ ব্রাঞ্চ ডিভিশন। কমিটি কাউন্সিল বোর্ড সিনেট। কার্যনির্বাহক,কার্যকরী, -সমিতি এক্সিকিউটিভ, -কমিটি,-কাউন্সিল। পরিচালকসভা বোর্ড-অব -ডিরেক্টরস। গভর্নিংবডি। ম্যানেজিং কমিটি। মন্ত্রণাসভা। উপ,-সমিতি,-সংসদ,-সভা সাবকমিটি। কমিটি। তদন্ত,-কমিটি,-কমিশন। মন্ত্রিসভা ক্যাবিনেট। ইউনিয়ন,উপজেলা,জেলা, -পরিষদ। নির্বাচকমণ্ডলী নির্বাচনকেন্দ্র (৭১৮)। সদস্য সভ্য পরিষদ সভাসদ সভাজন মেম্বার কার্ডহোল্ডার। সদস্য,সভ্য,-পদ মেম্বারশিপ। সদস্য,-ভুক্তি,-তালিকাভুক্তি। অবৈতনিক সদস্য অনারারি-মেম্বার। আজীবনসদস্য লাইফমেম্বার। সভাপতি চেয়ারম্যান চেয়ারপারসন সভানেত্রী। সভা,-নেতৃত্ব,-পতিত্ব। সহযোগী। সংগঠক সংগঠনকারী অরগানাইজার। পরিচালক ডিরেক্টর। কাউন্সিলার। সমর্থক সমর্থনকারী সাপোর্টার। পক্ষপাতী একদেশদর্শী একচোখা। দলনেতা নেতা।

ক্রি. যোগদান করা। সদস্য হওয়া। সদস্যপদ লাভ করা। পার্টি বা দল করা। সভাসমিতি করে বেড়ানো। দল পাকানো। আসর জমানো বা জাঁকানো। আসর গরম করা। দলে ভেড়া। ভিড়ে যাওয়া। পক্ষ বা সাইড নেওয়া। হাত করা। দলে টানা বা আনা। দল বাঁধা। ঘোঁট পাকানো। সমিতিতে বা দলে যোগ দেওয়া।

বিণ. সাংগঠনিক। সামাজিক। সংসদীয় পরিষদীয় মজলিসি। সাম্প্রদায়িক। দলীয় দল,গোষ্ঠী,-গত। পক্ষীয়। উভয়পক্ষীয় দোতরফা। এক,-পেশে, -তরফা। পক্ষপাত,-পূর্ণ,-মূলক,-যুক্ত,-দুষ্ট।

৭৫৯। সহযোগিতা

বি. সহযোগিতা সহযোগ সহকার সহকারিতা সহায়তা সাহায্যশীলতা। সাহচর্য সমভিব্যাহার। অংশগ্রহণ। সমাবদ্ধ (৪৮)। সংযোগ (৪৩)। সমিতি (৭৫৮)। সংঘ পরিমেল সম্মিলন। সমবায় কোঅপারেটিভ সম্ভূয়সমুত্থান। যৌথসংঘ জয়েন্ট -স্টক-কোম্পানি পার্টনারশিপ ফেডারেশন কনফেডারেশন। কোয়ালিশান। সম্মতি (৫১২)। সমন্বয় (৭৬৩)। যোগসাজশ সাজশ বন্দোবস্তি। পরার্থপরতা। জন,সমাজ,-সেবা। সমাজ, সামাজিক,সমষ্টি,-উন্নয়ন। সহযোগিতা,সাহায্য সহায়তা,-কারী সহযোগী সহকর্মী সহায়ক হাতনুড়কুৎ ডানহস্ত দক্ষিণহস্ত অংশীদার পার্টনার। সঙ্গী সাথী অনুষঙ্গী অনুচর পার্শ্বচর। দালাল। বন্ধু (৮৯১)। প্রাণের দোস্ত। হাতের লোক। ক্রীড়নক পুতুল। পরগাছা। অগতির গতি। অসময়ের বন্ধু। জন,সমাজ,-সেবক।

ক্রি. সহযোগিতা করা। এক সাথে কাজ করা। একমত হওয়া। দশে মিলে কাজ করা। হাতে হাত মিলিয়ে বা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করা। হাত মেলানো। হাত বাড়ানো। হাত বাড়িয়ে দেওয়া। সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া। সকল শক্তি একত্র করা। এক সূত্রে বাঁধা। সমঝোতার সৃষ্টি করা। যোগসাজশ করা। ষড়যন্ত্র করা। পক্ষ নেওয়া। দল পাকানো বা জড় করা। অংশ নেওয়া। সমর্থন করা। ওকালতি করা।

বিণ. সহযোগিতামূলক। সহযোগিতাপূর্ণ। সম্মিলিত একত্র। অবিরুদ্ধ।

৭৬০। বিরোধিতা

বি. বিরোধিতা বিরুদ্ধাচরণ। বিপক্ষতা প্রতিপক্ষতা। প্রাতিকূল্য প্রতিকূলতা। বৈপরীত্য।

বিপ্রতিযোগ আপত্তি প্রতিবাদ। প্রতিরোধ (৭৬৮)। অসহযোগ। বাধা (৭০৬)। নিষেধ (৭৫১)। প্রতিক্রিয়া (১৭৭)। সংঘর্ষ সংঘাত। প্রতিদ্বন্দ্বিতা (৭৬১)। বিরোধ বিবাদ বিসংবাদ। অমিল অনৈক্য দ্বৈধ ভেদ দ্বন্দ্ব (৭৬২)। বিচ্ছেদ। মতানৈক্য। মত,ভেদ,দ্বৈধ,-বিরোধ। মতান্তর। মনান্তর। মনো,-মালিন্য,-বিবাদ। তফাৎ ফারাকাত। দলাদলি তিক্ততা খিটিমিটি খিচ খেঁচাখেঁচি। বিতণ্ডা বচসা বাদ প্রতিবাদ। বিক্ষোভ। যুদ্ধ (৭৬৯) শত্রুতা (৮৯২) বিদ্বেষ (৯১৯)।

ক্রি. বিরোধিতা করা। বিপক্ষে যাওয়া। আপত্তি বা প্রতিবাদ করা। বাধা দেওয়া। প্রতিরোধ করা। পথ আটকানো বা বন্ধ করা। বাদ সাধা। সমর্থন না করা। একমত না হওয়া। আলাদামত পোষণ করা। ঝগড়া কাজিয়া বা বিবাদ করা। কথা কাটাকাটি করা। সম্পর্ক ভাঙা বা ছেদ করা। ছাড়াছাড়ি আলাদা বা পৃথক হওয়া। পরস্পরের মুখ না দেখা। মোকাবিলা করা। সম্মুখীন হওয়া। প্রতিদ্বন্দ্বিতা করা। টেক্কা মারা বা দেওয়া। পাল্লা দেওয়া। বিদ্বেষ পোষণ করা। শত্রুতা করা। যুদ্ধ ঘোষণা করা।

বিণ. বিরোধী বিপক্ষ প্রতিপক্ষ বেদল। বিবাদী প্রতিবাদী প্রতিদ্বন্দ্বী। প্রতিক্রিয়াশীল। বিমুখ। প্রতিকূল। বিপরীত প্রতীপ বিরুদ্ধ পরিপন্থী। পরস্পরবিরোধী। বিরুদ্ধভাবাপন্ন। শত্রুতামূলক। দ্বন্দ্বমূলক। উত্তপ্ত।

অব্য. বনাম।

৭৬১। প্রতিযোগিতা

বি. প্রতিযোগিতা প্রতিদ্বন্দ্বিতা কম্পিটিশন প্রতি,-দ্বন্দ্ব,-যোগ,-স্পর্ধা। প্রতিপক্ষতা বিপক্ষতা রেষারেষি (৮৪৬)। রেস। বিরোধিতা (৭৬০)। দ্বন্দ্ব (৭৬২)। ক্রীড়াপ্রতিযোগিতা। সমানে সমানে লড়াই। সেয়ানে সেয়ানে কোলাকুলি। সুস্থ প্রতিযোগিতা। খেলোয়াড়ি মনোভাব। জয়পরাজয় হারজিত। অসম,বিষম,অসুস্থ,-প্রতিযোগিতা। দেখাদেখি। হাড্ডাহাড্ডির লড়াই। র‍্যাটরেস। সামাজিক প্রতিযোগিতা। প্রতি,-যোগী,-দ্বন্দ্বী,-স্পর্ধী। প্রবল,চির,-প্রতিদ্বন্দ্বী। সমানে সমান। প্রতিপক্ষ বিপক্ষ। পক্ষান্তর। শত্রু (৮৯২)।

ক্রি. প্রতিযোগিতা করা। পাল্লা দেওয়া। টক্কর দেওয়া। টেক্কা দেওয়া। পাঞ্জা কষা বা লড়া। জুঝা। আঁটা। এঁটে ওঠা। জুঝে ওঠা। রেস বা দৌড় দেওয়া। জাতে ওঠার চেষ্টা করা। লড়াই করা। মাঠে নামা। রেসে নামা।

বিণ. প্রতিযোগিতামূলক প্রতিদ্বন্দ্বিতামূলক।

৭৬২। দ্বন্দ্ব

বি. দ্বন্দ্ব সংঘাত সংঘর্ষ সংঘর্ষণ ঠোকাঠুকি সম্বাধ প্রতিদ্বন্দ্বিতা দ্বন্দ্বপ্রিয়তা দলাদলি তানাজা রেষারেষি বিদ্বেষ শত্রুতা (৮৯২)। বিপক্ষতা প্রতিপক্ষতা বিরোধিতা (৭৬০)। মামলামকদ্দমা। বাদ বিবাদ বিসংবাদ বিবাদবিসংবাদ। কলহ কাজিয়া ঝগড়া বখেড়া কোন্দল ডমর আখোটি কচাল আত্ম,-কলহ,-বিরোধ। কলহপরায়ণতা ঝগড়াটেপনা কুঁদুলেপনা কুঁজড়াপনা কুঁজড়ামি। তুমুলঝগড়া তুলকালাম। লণ্ডকাকাণ্ড ধুন্ধুমার। খেয়োখেয়ি খণ্ডাখণ্ডি আকুণ্ডকুণ্ড। দ্বন্দ্ব,-যুদ্ধ,-যোদ্ধা। হাতাহাতি ঘুষোঘুষি চুলোচুলি কামড়াকামড়ি কিলোকিলি ধস্তাধস্তি লাঠালাঠি মারামারি। খুনখারাবি খুনাখুনি দাঙ্গাহাঙ্গামা। যুদ্ধ (৭৬৯)। অহিনকুল-সম্বন্ধ। রামরাবণের যুদ্ধ। সুন্দ উপসুন্দের লড়াই। গজকচ্ছপের যুদ্ধ। ভাইয়ে ভাইয়ে লড়াই। গৃহযুদ্ধ। গেরিলা যুদ্ধ। বিগ্রহ অন্তর্বিগ্রহ। মল্লযুদ্ধ কুস্তি জুজুৎসু।

বচসা বাদানুবাদ বাদপ্রতিবাদ তর্কাতর্কি তকরার বিতর্ক বিতণ্ডা বাগ্,বাদ,-বিতণ্ডা বাককলহ হুজ্জত বাগযুদ্ধ। কাগজিযুদ্ধ। কূট,-কচাল, কচালি কচকচি কচকচানি। কথার মারপ্যাঁচ। পাঁচাপাঁচি।

মতান্তর মতানৈক্য। মত,-ভেদ,-বিভেদ, পার্থক্য,-দ্বৈধ। বিরোধ নানামত। মনান্তর মনকষাকষি মনোবিবাদ মনোমালিন্য মনোবিচ্ছেদ। আড়াআড়ি আড়ি অবনিবনা অসদ্ভাব অসাম্য।

ক্রি. দ্বন্দ্ব করা। দ্বন্দ্বে অবতীর্ণ বা লিপ্ত হওয়া। প্রতিদ্বন্দ্বিতা করা। ঝগড়া বা কলহ করা। মুখ না দেখা। ছায়া না মাড়ানো। মুখ দেখাদেখি বন্ধ হওয়া। দেখলে গা জ্বালা করা। সহ্য করতে না পারা। মামলা করা। ঘরে মামলা ঢোকানো। খ্যাঁচখ্যাঁচ খেঁচাখেঁচি খিটমিট বা খিটিমিটি করা। কচকচালি করা। তেড়ে আসা। তেড়েফুঁড়ে আসা। জ্বলে ওঠা। চুলোচুলি হাতাহাতি বা মারামারি করা। পাঞ্জা কষা। বিরোধিতা করা (৭৬০)।

বিণ. দ্বন্দ্বমূলক। প্রতিদ্বন্দ্বিতামূলক। দ্বন্দ্বী দ্বন্দ্বপ্রিয় জঙ্গি মারমুখো (৭৬৪)। কলহপরায়ণ কলহ,বিবাদ,-প্রিয় ঝগড়াটে কোন্দলিয়া কুঁদুলে কল্লা কচালে কুঁচুলে কুঁজড়া কেঁয়ে। কুটিল,-মনা কূটকচালে। জাহাঁবাজ বিবদমান কলহরত। তকরারি বিরোধিত বিতর্কিত বিবাদিত বিসংবাদিত। বিবাদ,কলহ,-পূর্ণ। সংঘর্ষপূর্ণ। বাম বিমুখ বিরোধী প্রতিবাদী। সাম্প্রদায়িক।

৭৬৩। সমন্বয়

বি. সমন্বয় সামঞ্জস্য অন্বয় মিল মেল মিলন মিলমিশ (২৪)। ঐকমত্য। ঐকতান। এক,-মন, প্রাণ,-বাক্য। এক,-ত্ব,-তা। সম্মতি মতৈক্য সমস্বর সর্বসম্মতি। অবিরোধ অবিবাদ অবিগ্রহ বিরোধ,-হীনতা,-শূন্যতা বিরোধাভাব অবিসংবাদ। অপ্রতিদ্বন্দ্ব। অনাক্রমণ অদ্রোহ। সদ্ভাব সৌহার্দ্য বনিবনা। সহযোগিতা (৭৫৯)। সমঝোতা আপস বোঝাপড়া সন্ধি (৭৭২)। মৈত্রী (৮৯১)। সমন্বয়ন সমন্বয়বিধান সমন্বয়সাধন শান্তিস্থাপন ঐক্যস্থাপন।

ক্রি. এক একমত একমন-একপ্রাণ বা ঐক্যবদ্ধ হওয়া। একসূত্রে বাঁধা। সমস্বরে বলা। পক্ষ নেওয়া। সাথে থাকা। দল ভারি করা। হাতে হাত বা কাঁধে কাঁধ মিলানো। সমঝোতার সৃষ্টি করা। সমন্বয় করা। সমন্বয় সাধন করা। শান্তি স্থাপন করা।

বিণ. সমন্বিত। সমন্বয়সাধিত। নির্বিরোধ নির্বিবাদ নির্দ্বন্দ্ব। বিরোধ,-হীন,-শূন্য,-রহিত। অবিসংবোদিত সর্বসম্মত। ঐক্যবদ্ধ সম্মিলিত সম্মেলিত মিলিত। বন্ধুভাবাপন্ন। ভ্রাতৃপ্রতিম। সমঝোতামূলক। শান্তিপূর্ণ।

ক্রি-বিণ. একবাক্যে সমস্বরে সমবেতকণ্ঠে। সম্মতিক্রমে। সর্বসম্মতিক্রমে। আপস। নির্বিবাদে। ভালোয় ভালোয়। শুভে শুভে।

৭৬৪। যুযুৎসা

বি. যুযুৎসা যোদ্ধৃত্ব যুদ্ধাভিলাষ সমরেচ্ছা রণোৎসাহ রণোদ্যম যুদ্ধোদ্যম যুদ্ধোদ্যোগ প্রত্যুৎক্রম যুদ্ধোন্মাদনা রণোন্মাদনা রণোন্মত্ততা। রণ,সমর,-সজ্জা। যুদ্ধের আয়োজন। সৈন্যসমাবেশ সেনানিবেশ। যুদ্ধংদেহি। রণহুঙ্কার আস্ফালন গলাবাজি দুঃসাহস। চ্যালেঞ্জ হুমকি (৯৪১)। মুখামুখি চোখাচোখি। অমাননা অবমাননা উপেক্ষা। বেপরোয়াভাব আস্পর্ধা।

ক্রি. যুদ্ধার্থে আহ্বান করা। যুদ্ধংদেহি ভাব দেখানো। হুংকার দেওয়া। স্পর্ধা দেখানো। তাল ঠোকা। বুক ঠোকা। মালকোঁচা বা মালসাট মারা। আস্তিন গুটানো। মুখানো। মুখোমুখি বা সম্মুখীন হওয়া। মোকাবিলা করা। মুখের ওপর জবাব

দেওয়া। অগ্রাহ্য অমান্য বা উপেক্ষা করা (৯৩৩)। গ্রাহ্য বা পরোয়া না করা। আমল না দেওয়া। হুমকি দেওয়া।

বিণ. যুযুৎসু যুদ্ধাভিলাষী রণেচ্ছু সমরেচ্ছু বিজিগীষু যুদ্ধোন্মাদ জঙ্গি যুদ্ধবাজ দাঙ্গাবাজ মারমুখো। বেপরোয়া। অমান্যকারী অবাধ্য উচ্ছৃঙ্খল। বিদ্রোহী। ভয়ডরহীন দুঃসাহসী।

৭৬৫। আক্রমণ

বি. আক্রমণ আগ্রাসন। অভিগ্রহ অভিক্রম অধিক্রম অভ্যাঘাত অভিনির্যাণ অভিমর্দ উদ্দেষ্ট। অভিযান যুদ্ধাভিযান যুদ্ধ,রণ,দণ্ড,-যাত্রা। লড়ালড়ি। মারমার কাটকাট হামলা হানা চড়াও। তাড়া ধাওয়া। আটক অবরোধ। ঘেরাও বেষ্টন পরিবেষ্টন। অনুপ্রবেশ। ধাক্কা গুঁতা খোঁচা। আঘাত ঘা চোট কোপ। ছোঁবল খাবল থাবা। ছেদন কর্তন। প্রহার মার (২৭১)। বোমাবর্ষণ। শেল,কামান, -দাগা। পূর্বপক্ষ। আক্রমণকারী। হামলাকারী হানাদার। অনুপ্রবেশকারী। আততায়ী।

ক্রি. আক্রমণ হামলা বা চড়াও করা। হানা দেওয়া। তাড়া করা। ধাওয়া। আঘাত করা। ঘা চোট বা কোপ দেওয়া। কাটা। কামড় দেওয়া। ছোবল খাবল বা ছোঁ মারা। ধস্তাধস্তি পিটাপিটি মারামারি হানাহানি কাটাকাটি হাতাহাতি কিলোকিলি ঘুষোঘুষি বা লাঠালাঠি করা। গুলি করা বা ছোঁড়া। শেল মারা। কামান দাগা। বোমা ফেলা বা বর্ষণ করা। সঙ্গিন খোঁচানো। গুঁতা বা খোঁচা দেওয়া। সাঁড়াশি আক্রমণ করা। অবরোধ বা ঘেরাও করা। ফটক বা দরজা ভাঙা। সীমান্ত অতিক্রম করা! প্রাচীর টপকানো। মাইন বসানো। উড়িয়ে দেওয়া। লেলানো। লেলিয়ে দেওয়া।

বিণ. আক্রমণাত্মক। আগ্রাসী যুযুৎসু (৭৬৪)। ওপর-চড়া। হিংসাত্মক। জিঘাংসামূলক। ক্ষিপ্ত উন্মত্ত।

৭৬৬। প্রতিরক্ষা

বি. প্রতিরক্ষা। প্রতিরক্ষণ দেশরক্ষা ডিফেন্স। প্রতিরক্ষা বিভাগ। সেনাবাহিনী (৭৭০)। সামরিক কর্তৃপক্ষ। আরক্ষা পুলিশকর্তৃপক্ষ (৭২২)। রক্ষা রক্ষণ সংরক্ষণ (৬৭৮)। রক্ষণাবেক্ষণ উপরক্ষণ। প্রহরা পাহারা। সতর্কতা সাবধানতা। অভিভাবকত্ব। আত্মরক্ষা। প্রতিরোধ (৭৬৮)। নিরাপত্তা (৬৭৪)। দুর্ভেদ্যতা। অভেদ্যতা। প্রাকার প্রাচীর বেড়া দেয়াল। খাত পরিখা। কাঁটাতার। ব্যূহ। দুর্গ কেল্লা গড় ফোর্ট কোট কুঠি। বুরুজ কঙ্গুরা। গুমটি,-ঘর। ঢাল খেটক। কবচ বর্ম সাঁজোয়া সন্নাহ শানা। থানা ফাঁড়ি চৌকি ঘাঁটি ছাউনি। আরক্ষ রক্ষীসেনা। প্রহরী সান্ত্রী। কোটাল কোতোয়াল পুলিশ কনস্টবল পাহারাদার। দেহরক্ষী। বরকন্দাজ।

ক্রি. প্রতিরক্ষা গড়া। রক্ষা করা। পাহারা দেওয়া। চৌকি দেওয়া। আগলানো। বাঁচানো। ঘাঁটি সামলানো বা আগলানো। আটঘাঁট বাধা। আড়াল করা। আক্রমণ প্রতিহত বা ব্যাহত করা। ঠেকা দেওয়া। ঠেকানো। থামানো। বাধা দেওয়া। প্রতিরোধ করা। আটকানো। হটানো। মাটি কামড়ে থাকা। জমি নেওয়া। না হটা বা সরা। পথ বা জায়গা না ছাড়া বা না দেওয়া।

বিণ. প্রতিরক্ষামূলক। সশস্ত্র। সাঁজোয়া। বুলেট, বোমা,-সহ। সংরক্ষণমূলক। নিরাপত্তামূলক।

৭৬৭। পালটা আক্রমণ

বি. পালটাআক্রমণ প্রত্যাক্রমণ প্রতিঘাত প্রত্যাঘাত। পালটাহামলা। প্রতিহনন। প্রতিহিংসা। প্রতিদান। পালটাজবাব। প্রত্যাধিকার। পরিশোধ। প্রতিশোধ। রক্তের বদলে রক্ত। ইটের বদলে পাটকেল। বুমেরাং।

ক্রি. পালটা আক্রমণ করা। পালটা জবাব দেওয়া। প্রতিশোধ নেওয়া। দাদ তোলা। সমুচিত শিক্ষা দেওয়া। শোধ নেওয়া বা দেওয়া।

বিণ. পালটা প্রতিশোধমূলক। শাস্তিমূলক। পিটুনি। প্রতিহিংসামূলক।

৭৬৮। প্রতিরোধ

বি. প্রতিরোধ নিরোধ সংরোধ অবরোধ বিরোধ রোধ। বাধা বাধাদান। নিবারণ। পরিবেষ্টন। মোকাবিলা। প্রতিপক্ষতা বিরুদ্ধতা বিরুদ্ধবাদিতা প্রাতিলোম্য। প্রতিবাদ। বিরোধিতা (৭৬০)। নিষ্ক্রিয় প্রতিরোধ সত্যাগ্রহ অহিংস-অসহযোগ আইনঅমান্য-আন্দোলন। বর্জন বয়কট। হরতাল ধর্মঘট চাকাবন্ধ তালাবন্ধ। দাঙ্গা রায়ট দ্রোহ বিদ্রোহ। যুদ্ধংদেহিভাব। যুদ্ধ (৭৬৯)। বিক্ষোভ। অবাধ্যতা। প্রতিবন্ধকতা প্রতিবন্ধ অন্তরায়। প্রহরা পাহারা। আরক্ষা আরক্ষ প্রতিরক্ষা।

ক্রি. প্রতিরোধ করা বা গড়ে তোলা। রোধা। প্রতিহত করা। ঠেকানো। থামানো। আটকানো। মহড়া ফেরানো। রুখা। রুখে দাঁড়ানো। মোকাবিলা করা। সম্মুখীন বা মুখোমুখি হওয়া। বিরোধিতা করা (৭৬০)। বিক্ষোভ প্রদর্শন করা। বিদ্রোহ করা। সশস্ত্র বিদ্রোহ করা। হাতিয়ার হাতে নেওয়া। হরতাল বা ধর্মঘট করা। অসহযোগ বা বর্জন করা। আইন অমান্য করা।

বিণ. প্রতিরোধমূলক। প্রতিবুদ্ধ প্রতিরোধিত নিবারিত। অবরুদ্ধ সংরুদ্ধ বাধাপ্রাপ্ত ব্যাহত প্রতিবদ্ধ। প্রতিহত প্রতিস্খলিত। পরিবেষ্টিত। প্রতিবন্ধক। প্রতিরোধনীয় নিবারণীয় নিবার্য। প্রতিরোধী প্রতিরোধকারী প্রতিবাদী। রোধকারী রোদ্ধা রোধক রোধী। অবরোধক অবরোধকারী অবরোধী। বিরোধী বিরুদ্ধবাদী বিরুদ্ধাচারী। নিবারণকারী নিবারক নিরোধক। প্রহরী। বিদ্রোহাত্মক। বিরুদ্ধ বিপরীত। অবাধ্য বেপরোয়া। সশস্ত্র। অজেয় অদম্য অনমনীয়।

৭৬৯। যুদ্ধ

বি. যুদ্ধ জঙ্গ যোধ যোধন সংগ্রাম লড়াই আহব রণ সমর সমীক বিগ্রহ যুদ্ধবিগ্রহ লড়ালড়ি। সংঘর্ষ সংঘাত দ্বন্দ্ব (৭৬২)। অস্ত্রের সংঘাত। অস্ত্রধারণ। শক্তিপরীক্ষা। লড়ালড়ি হাতাহাতি লাঠালাঠি ধস্তাধস্তি। রক্তক্ষয় রক্তপাত রক্তারক্তি রক্তগঙ্গা। তীব্রলড়াই। হাড্ডাহাড্ডি লড়াই। সম্মুখ,-যুদ্ধ,-সমর,-সংগ্রাম। সামনাসামনি লড়াই। অভিযান যুদ্ধযাত্রা।

স্থলযুদ্ধ। জল,নৌ,-যুদ্ধ। বিমান,আকাশ,-যুদ্ধ। মহাকাশ,তারকা,নক্ষত্র,-যুদ্ধ স্টারওয়ার। পরমাণুযুদ্ধ নিউক্লিয়ার-ওয়ার।

গৃহ,-যুদ্ধ,-বিবাদ। আত্ম,-বিরোধ,-বিগ্রহ,-কলহ। অন্ত,-বিরোধ,-কলহ,-বিগ্রহ,-বিপ্লব। আত্মঘাতী লড়াই। গেরিলাযুদ্ধ। দ্বন্দ্বযুদ্ধ। মল্লযুদ্ধ। দ্বৈরথ। দ্বৈরথ,-যুদ্ধ,-সমর।

ধর্মযুদ্ধ জিহাদ জেহাদ ন্যায়যুদ্ধ ক্রুসেড হোলিওয়ার। মুক্তি,-যুদ্ধ,-সংগ্রাম। সীমানা,-সংঘর্ষ,-বিরোধ। নৈশযুদ্ধ নিশারণ সৌপ্তিক। অন্যায়,-কূট,-যুদ্ধ। মহাযুদ্ধ বিশ্বযুদ্ধ। স্নায়ু,ঠাণ্ডা,কাগজি,-যুদ্ধ।

রণ,-স্থল,-ভূমি,-ক্ষেত্র। সংগ্রামক্ষেত্র সমর,-ভূমি,-ক্ষেত্র রণাঙ্গন সমরাঙ্গন। রণ,-বাদ্য,-শিঙা,-ভেরি,-ডঙ্কা। দামামা দুন্দুভি দগড় রণঢাক তূর্য তূরী। রণ,-সাজ,-বেশ সমরসাজ যোদ্ধবেশ উর্দি য়ুনিফর্ম। রণনৈপুণ্য সমরদক্ষতা সংগ্রামপটুতা।

সামরিক-আইন মার্শাল-ল। ফৌজি-আইন মিলিটারি-ল। সামরিক কায়দা। সামরিক সম্মান।

সামরিক বাহিনী। সৈন্য (৭৭০)। ক্ষত্রবিদ্যা। সমর,যুদ্ধ,রণ,-বিদ্যা,-কৌশল,-রীতি,-নীতি। শস্ত্রবিদ্যা অস্ত্রবিদ্যা (৭৭১)। যুদ্ধ,রণ,-লিপ্সা, -পিপাসা। রণ,-হুঙ্কার,-ধ্বনি।

ক্রি. যুদ্ধ করা। যুঝা। যুদ্ধ ঘোষণা করা। সংগ্রাম করা। অস্ত্র ধারণ বা গ্রহণ করা। হাতিয়ার তুলে নেওয়া। যুদ্ধার্থে আহ্বান করা। অস্ত্রপরীক্ষা করা। শক্তি পরীক্ষা করা। লড়াই করা। রণে বা সমরে লিপ্ত হওয়া।

বিণ. যুদ্ধার্থী যুদ্ধ,-কারী,-কর্তা যোদ্ধা। যুদ্ধবাজ জঙ্গি যুদ্ধোন্মাদ রণোন্মাদ। যুযুৎসু (৭৬৪)। যুদ্ধ,সমর,সংগ্রাম,-রত। যুধ্যমান যুযুধান। যুদ্ধ, -বিশারদ,-নিপুণ,-কুশল। রণ,-নিপুণ,-কুশল, -দক্ষ,-পটু,-পণ্ডিত। যুদ্ধকালীন। সামরিক সাংগ্রামিক সংগ্রামী। যুদ্ধে নিহত। সমরশায়ী। সশস্ত্র সাঁজোয়া।

৭৭০। যোদ্ধা

বি. যোদ্ধা যোধ যুদ্ধার্থী যুযুধান লড়িয়ে লড়াকু। প্রতিদ্বন্দ্বী প্রতিপক্ষ। পালোয়ান কুস্তিগীর মাল মল্লবীর। ধর্মযোদ্ধা গাজি মুজাহিদ। অস্ত্র,-ধারী, -জীবী। অস্ত্র,-জ্ঞ,-বিদ্। লাঠিয়াল গদাধরী গদী খড়্গহস্ত কৃপাণধারী। তরোয়ালধারী। তীরন্দাজ। ধনুর্ধর ধানুকী বন্দুকচি। বন্দুক,-বাজ,-ধারী তবকধারী তবকি তোপচি গোলন্দাজ। অস্ত্রবাহক। সেলাবরদার। আসাবরদার দণ্ড, -ধারী,-পাণি।

সেনা সৈন্য সৈনিক সিপাহি কটক স্কন্ধ জওয়ান। বল সৈন্য সামরিক,-বল। মিলিটারি। সেনা,সৈন্য,-দল সেনানী সেনাবাহিনী বাহিনী সামরিকবাহিনী। ফোর্স। ফৌজ পল্টন লশকর সশস্ত্রবাহিনী। অগ্রগামীসৈন্য কেরবাল। স্থল,সেনা,-বাহিনী আর্মি। পদাতিক পদাতি পত্তি পাইক ইনফ্যান্ট্রি। অশ্বারোহীবাহিনী রিসালা। গোলন্দাজ,সাঁজোয়া,-বাহিনী। নৌবাহিনী নেভি। নৌসেনা মেরিন। বিমান,-বাহিনী,-সেনা এয়ারফোর্স। ছত্রীসেনা প্যারাট্রুপার প্যারাসুটবাহিনী। গেরিলা,-বাহিনী। কমান্ডো, -বাহিনী। রিক্রুট রংরুট। ভাড়াটে সৈন্য। ফ্যালাঙ্কস। অক্ষৌহিণী। চতুরঙ্গসেনা: পদাতি অশ্ব হস্তী রথ। সংশপ্তক মরিয়াবাহিনী সুইসাইড -কম্যান্ডো। অনিয়মিত বাহিনী রাজাকার আল, - বদর,-শামস।

ডিভিশন ব্রিগেড রেজিমেন্ট গ্যারিসন কোম্পানি স্কোয়াড্রন স্কোয়াড প্লাটুন পল্টন।

সেনাপতি সেনাধ্যক্ষ সৈনাধ্যক্ষ বলাধ্যক্ষ সেনানায়ক ফৌজদার সিপাহসালার। জেনারেল জাঁদরেল। নৌসেনাধ্যক্ষ। রিসালদার কমান্ডার সমরাধিনায়ক। সেনাপ্রধান (৭২২)।

সেনানিবাস কটক স্কন্ধাবার ব্যারাক ক্যান্টনমেন্ট লাইনস ছাউনি ক্যাম্প। উর্দি যোদ্ধৃবেশ। দুর্গ কেল্লা গড় কোট গুমটি।

বিণ. যুযুধান যুধ্যমান। যুযুৎসু (৭৬৪)। সসৈন্য সবল। মিলিটারি ফৌজি সামরিক।

ক্রি-বিণ. সবলে সসৈন্যে।

৭৭১। অস্ত্র

বি. অস্ত্র শস্ত্র অস্ত্রশস্ত্র হাতিয়ার আয়ুধ প্রহরণ যুদ্ধাস্ত্র সমরাস্ত্র মারণাস্ত্র যোধন। অস্ত্র,সমর, -সম্ভার। অস্ত্র,সমর,রণ,-সজ্জা। যুদ্ধসামগ্রী যুদ্ধোপকরণ। অস্ত্র,যুদ্ধ,-বিদ্যা। ব্রহ্মাস্ত্র। ইন্দ্রাস্ত্র ইন্দ্রায়ুধ দিব্যাস্ত্র বজ্র বজ্রাস্ত্র পাশ নাগপাশ চক্র। সুদর্শনচক্র। ঢেলা ঢিল চাঁই চাঙ্গর ডেলা লোষ্ট্র পাথর ইট থানইট পাটকেল ইটপাটকেল আধলা খোলামকুচি। গুলতি। লাঠি ছড়ি যষ্টি লগুড় জাঠা কোঁতকা সোঁটা ডাণ্ডা দণ্ড

আসা নড়ি বাড়ি বেটন স্টিক কাঠি রড ঠেঙা। ছড়। নাদনবাড়ি নাদনা। পাঁচনবাড়ি। চাবুক বেত বেত্র,-দণ্ড কশা কোড়া সাট ছিপটি হুইপ। লাঠিসোঁটা। লাঠ্যৌষধি বেত্রাঘাত। মুগুর গদা মুষল ডাণ্ডশ কোঁতকা মুদগর খেটে ফাউড়া। শামা শাঁপি। ডামেল। তীর বাণ শর ইষু কাণ্ড কলম্ব সিত শায়ক বিশিখ শরগাছ তোমরাস্ত্র। চিয়াড়। ধনুক ধনু শরাসন বাণাসন রোপ চাপ ধনুর্গুণ জ্যা ছিলা গুণ মৌর্বী। তীরধনুক ধনুর্বাণ ধনুঃশর ধনুষ্কাণ্ড। তূণ তূণীর তরকচ শরাশ্রয় শরাধার বাণাধার নিষঙ্গ। শর,-ক্ষেপ,-ক্ষেপণ,-নিক্ষেপ,-ত্যাগ,-বর্ষণ।

বেধনাস্ত্র: বর্শা বল্লম সড়কি ভল্ল ঝকড়া। কোঁচ ট্যাটা টেটা। ত্রিশূল। জ্যাভেলিন। তরোয়াল তলোয়ার তরবারি অসি কিরিচ তেগ শমশের। জুলফিকার। যুদ্ধকুঠার। খড়্গ খাঁড়া সায়ক। অসিফলক ফলা ফালা খড়্গপত্র। ছোরা ছুরি চাকু ভোজালি কৃপাণ। দা রামদা কাটারি। কুঠার পরশু। টাঙ্গি। গুপ্তি কূটায়ুধ। বাইস। সঙ্গিন বেয়নেট। শূল শূলি। কেঁচা। বিষাক্তছোরা ধারাবিষ।

আগ্নেয়াস্ত্র অগ্ন্যস্ত্র অগ্নিযন্ত্র: বন্দুক তবক শটগান পাইপগান এয়ারগান রাইফেল পিস্তল রিভলবার মেশিনগান সাবমেশিনগান ব্রেনগান স্টেনগান কারবাইন মাস্কেট। ঘোড়া ট্রিগার। নল। বাঁট। কামান তোপ কর্ণি। মর্টার বাজুকা। বিমানবিধ্বংসী কামান। কার্তুজ কার্ট্রিজ টোটা গুলি বুলেট শট ছর্‌রা ছটরা। গোলা খণ্ডর শেল। গোলাবারুদ অ্যামুনিশন। ম্যাগাজিন তোসদান। সেলখানা অস্ত্রাগার।

বন্দুকচি বন্দুকবাজ। বন্দুকধারী তবকধারী তাবকি তবকি। গোলন্দাজ তোপচি আর্টিলারি।

বোমা বোম। পেটো হাতবোমা গ্রেনেড। পেট্রোলবোম। নাপামবোম। মলোটভ-ককটেল। বোমাবিস্ফোরণ। টর্পেডো মাইন। তোড়বোম। আণবিকবোমা অ্যাটমবোমা পরমাণুবোমা নিউক্লিয়ারবোমা। জোড়বোমা হাইড্রোজেনবোমা প্লুটোনিয়ামবোমা নিউট্রনবোমা। বম্বার। ক্ষেপণাস্ত্র মিসাইল রকেট। আন্তর্দেশীয় ক্ষেপণাস্ত্র।

যুদ্ধজাহাজ রণ,-তরী,-পোত। নৌবল নৌবাট নৌবিতান নেভি মানোয়ার জঙ্গডিঙা। বিমানবাহী জাহাজ ক্রুজার। ডেসট্রয়ার। ফ্ল্যাগশিপ পতাকাবাহীজাহাজ। ফ্রিগেট গানবোট। টর্পেডোবোট ডুবোজাহাজ সাবমেরিন।

যুদ্ধবিমান জঙ্গি-বিমান। বোমারুবিমান। ফাইটার প্লেন। হান্টার। ইন্টারসেপটার। জেটবম্বার। জেটফাইটার।

ক্রি. অস্ত্র ধরা বা চালানো। ঢিল ছোঁড়া। গুলতি মারা। তীর ছোঁড়া বা মারা। বাণ মারা। জ্যারোপ করা। বর্শা বা বল্লম ছোঁড়া। ছুরি বা ছোরা মারা। ছুরিকাঘাত করা। কোপ বা চোপ মারা। তলোয়ার চালানো। বন্দুক চালানো। গুলি মারা। বোমা ফেলা।

বিণ. সশস্ত্র অস্ত্রসজ্জিত সন্নদ্ধ। অস্ত্রী অস্ত্রধারী (৭৭০)। কোষমুক্ত খোলা উন্মুক্ত। শর,তীর,গুলি,-বিদ্ধ। আনলা। দোনলা একনলা।

৭৭২। শান্তি

বি. শান্তি সালাম সালামত। শমগুণ শম শমতা উপশম। সাকিনা প্রশান্তি। উদ্বেগ,-রাহিত্য, -শূন্যতা,-হীনতা। স্থিতি সুস্থিতি স্থিরতা। অবিরোধ অবিবাদ অবিগ্রহ বিরোধ,-হীনতা, -শূন্যতা বিরোধাভাব অবিসংবাদ। মিলন মিলমিশ সমন্বয় (৭৬৩)। যুদ্ধবিরতি অবহার। যুদ্ধবিরতিরেখা। অস্ত্র,-ত্যাগ,-নিবারণ,-সংবরণ প্রত্যবহার। যুদ্ধাবসান যুদ্ধশেষ সংগ্রামসমাপ্তি। অদ্রোহ অহিংসা শান্তিবাদ। শান্তি,-প্রতিষ্ঠা, -স্থাপন,-সংস্থাপন। ঐক্যস্থাপন। সমঝোতা

বোঝাপড়া সন্ধি রফা আপস (৭৭৫)। সন্ধি,-প্রস্তাব,-পত্র,-চুক্তি। শান্তিচুক্তি। অনাক্রমণচুক্তি। বন্ধুত্ব। মৈত্রীচুক্তি। নিরপেক্ষতা (৭৭৪)। পুনর্মিলন মিলন ভাব। মানভঞ্জন। রাজ,রাষ্ট্রীয়,-ক্ষমা। নিরস্ত্রীকরণ আন্দোলন। সাদাপতাকা শ্বেতপতাকা। শান্তির,-দূত,-প্রতীক,-পায়রা। শান্তরস। শান্তিকর্তা (৭৭৩)। বিশ্বশান্তি। জাতিসংঘের শান্তিরক্ষা বাহিনী।

ক্রি. শান্তিতে থাকা। শান্তি রক্ষা করা বা বজায় রাখা। শান্তি স্থাপন বা প্রতিষ্ঠা করা। শান্ত করা। ঠাণ্ডা করা। বিবাদ মেটানো মিটানো বা মিটিয়ে ফেলা। ঐক্যস্থাপন করা। সৌহার্দ্য ফিরিয়ে আনা। যুদ্ধবিরতি ঘোষণা করা। অস্ত্রসংবরণ করা। অসি কোষবদ্ধ করা। হাতিয়ার নামানো। হাত না তোলা। না মারা। সাত চড়ে রা না করা।

বিণ. শান্ত শান্তি,-বাদী,-কামী,-প্রিয়। অবিরোধী অবিসংবাদী। শান্তি,-পূর্ণ,-ময়। প্রশান্ত নিরুপদ্রব। নির্বিরোধ বিরোধ,-হীন,-শূন্য,-রহিত। অবিসংবাদিত। নির্ঝঞ্ঝাট ঝামেলাহীন শান্তি,সমঝোতা, আপস,-মূলক। অনাক্রম্য অনাক্রমণীয় পণবদ্ধ সন্ধিবদ্ধ। রক্তপাতহীন।

ক্রি-বিণ. শান্তিতে নির্বিবাদে অবিসংবাদে অবিবাদে নির্বিরোধে অবিরোধে। আপসে। বিনা,-যুদ্ধে,-রক্তপাতে।

৭৭৩। মধ্যস্থতা

বি. মধ্যস্থতা মাধ্যস্থ্য মধ্যবর্তিতা মধ্যস্থালি। সালিশি আরবিট্রেশন। হস্তক্ষেপ। দৌত্য। সুপারিশ। আলাপআলোচনা বোঝাপড়া সমঝোতা মিটমাট মীমাংসা আপস রফা। মুখপাত্র প্রতিনিধি। আরবিট্রেটর দূত ঘটক দালাল মধ্যস্থ সালিশ। আম্পায়ার। নিরপেক্ষপর্যবেক্ষক। শান্তিকর্তা। শান্তির দূত। জাতি সংঘের শান্তিরক্ষাবাহিনী।

ক্রি. মধ্যস্থতা করা। সালিশি করা। হস্তক্ষেপ করা। বোঝানো। মিটানো মেটানো বা মিটিয়ে ফেলা। থামানো। শান্ত করানো। ঠাণ্ডা করানো।

বিণ. মধ্যস্থতাসম্বন্ধীয় সালিশি। মধ্যস্থতাকর। কূটনৈতিক।

৭৭৪। নিরপেক্ষতা

বি. নিরপেক্ষতা নৈরপেক্ষ নৈর্ব্যক্তিকতা ব্যক্তিনিরপেক্ষতা অপক্ষ,-পাত,-পাতিতা,-পাতিত্ব। সম,-দর্শন,-দর্শিতা,-দৃষ্টি। মধ্যপন্থা (৬৩৬)। রফা (৭৭৫)। ন্যায়কারিতা ন্যায়বিচার সুবিচার যথার্থবাদ।

ক্রি. নিরপেক্ষ থাকা। দলমতের উর্ধ্বেথাকা। কিছুর মধ্যে না থাকা। সাতে পাঁচে না থাকা। টান না টানা। সূক্ষ্মবিচার করা।

বিণ. নিরপেক্ষ পক্ষ,-পাত,-হীন,-শূন্য অপক্ষপাতী ভেদজ্ঞানরহিত দলাদলিহীন নির্দলীয়। নৈর্ব্যক্তিক ব্যক্তিনিরপেক্ষ ব্যক্তিসম্পর্কহীন। স্বাধীন,-স্বভাব,-চেতা। সম,-দর্শী,-দর্শনকারী,-দৃষ্টিসম্পন্ন। যথার্থবাদী ন্যায়দর্শী। ন্যায় যথার্থ। মধ্যপন্থী।

ক্রি-বিণ. নিরপেক্ষে অপক্ষপাতে। দলমত,জাতিধর্ম,-নির্বিশেষে। নিরপেক্ষ,স্বাধীন,-ভাবে। অসংকোচে অশঙ্কচিত্তে। মুক্তমনে। খোলাচোখে।

৭৭৫। আপস

বি. আপস সোলে রফা মিটমাট মীমাংসা নিষ্পত্তি। বোঝাপড়া সমঝোতা সমন্বয় (৭৬৩)। মাঝামাঝি মধ্যপন্থা (৬৩৬)। হেস্তনেস্ত। এসপার ওসপার। খুলা। খেসারত ক্ষতিপূরণ। মধ্যস্থতা (৭৭৩)। সালিশ। আপস,রফা,সুরাহা,-নামা।

ক্রি. আপস সোলে রফা মীমাংসা বা নিষ্পত্তি করা। বোঝাপড়া করা। সমঝোতায় আসা। মিটমাট করা। মাঝামাঝি করা। দিয়ে থুয়ে ঠিক করা। মেটানো। মিটিয়ে ফেলা। চুকিয়ে দেওয়া। চুকিয়ে ফেলা। বিহিত করা। সালিশে রাজি হওয়া। অগত্যা রাজি হওয়া। আপস মেটানো বা রাজি হওয়া।

বিণ. আপসমূলক। শান্তিপ্রিয়। সালিশি।

৭৭৬। সম্পত্তি

বি. সম্পত্তি বিষয়। বিষয়,-সম্পত্তি,-বৈভব, -আশয়। মাল আমওয়াল মালামাল মালিয়াত। মালিকানা মালিকিয়াত স্বত্ব (৭৭৯)। অধিকার দাবি স্বত্ব টাইটেল। বর্তিত অধিকার। ভাবীস্বত্ব। মুশা অবিভক্তঅংশ। অংশ দায় উত্তরাধিকার। শেষাধিকার। জ্যেষ্ঠাধিকার। জায়দাদ দখল দখলীস্বত্ব। ভোগদখল আমল। যৌতুক মহরানা। স্ত্রীধন। বিধবার সম্পত্তি। ওয়াকফ। দেবোত্তর ব্রহ্মোত্তর বিষ্ণুত্তর। ফকিরান পীরোত্তর চেরাগি। ট্রাস্ট। ইজারা পত্তনি লিজ সেটেলমেন্ট বন্দোবস্ত হাওলা প্রজাবিলি। ঠিকা বর্গা আধি ভাওয়ালি। জমিদারি জোতদারি। জায়গির। জায়গিরদারি তালুকদারি পত্তনি। দরপত্তনি। তালুক ওসাততালুক। মহাল মহল। লাট। খাস,-মহাল, -মহল খাস,-তালুক,-জমি। খাসখামার। লাখেরাজ নানকার আলতাম্‌গা নিষ্কর আয়মা। ভূসম্পত্তি স্থাবরসম্পত্তি জমি,-জমা,-জায়গা, -জিরাত জোতজমা জায়গা,-জমি। জোত ক্ষেত ক্ষেত্র। আওল,দোয়ম,সোয়ম, চাহরাম,-জমি। খামারজমি। উঁচুজমি আজ্জার। নাবাল,নীচু, -জমি। খিল,পতিত,-জমি। পয়স্তি। লপ্তপয়স্তি। চরজমি। ধন দৌলত (৮০৪)। টাকাপয়সা (৮০০)। পরিসম্পৎ। সহায়সম্বল সংগতি সংস্থান। অস্থাবর সম্পত্তি মাল,-পত্র,-মাত্তা। জিনিসপত্র আসবাবপত্র তল্পিতল্পা। ঝোলাঝুলি ঘটিবাটি লোটাকম্বল। পুঁজিপাট্টা মূলধন। সঞ্চয়। আয় রুজি রোজগার (৮১১)। রাজ্য সাম্রাজ্য। স্বরাজ্য। করদরাজ্য। রাষ্ট্রীয়, রাষ্ট্রায়ত্ত,জাতীয়,-সম্পত্তি। অনিবাসী,পরিত্যক্ত, অর্পিত,ন্যস্ত,শত্রু,-সম্পত্তি। রাজগামিতা। সম্পত্তিশালী সম্পত্তিওয়ালা। বাড়িওয়ালা ল্যান্ডলর্ড মালিক। ভূস্বামী ভূম্যাধিকারী জমিদার সামন্ত। তালুকদার জায়গিরদার। ভূঁইয়া ভৌমিক। তরফদার। চাকলাদার জিলাদার জোতদার মালগুজার। ক্ষেত্রী। পত্তনিদার। পাট্টাদার। ফরমানবরদার। রাইয়ত রায়ত প্রজা (৭৭৯)।

ক্রি. সম্পত্তি করা। অর্জন করা। মালিক হওয়া। জন্মানো। দখল করা।

বিণ. স্থাবর অস্থাবর। ব্যক্তিগত। যৌথ এজমালি। রাষ্ট্রীয় রাষ্ট্রায়ত্ত জাতীয়। সরকারি বেসরকারি। সাধারণ। নিষ্কর লাখেরাজ।

৭৭৭। অর্জন

বি. অর্জন উপার্জন। ধনার্জন অর্থোপার্জন স্বোপার্জন। আহরণ সংগ্রহ জোগাড় সংস্থান। অর্থ,-সংস্থান,-সংস্থিতি,-সংগ্রহ। আয় (৮১০)। টাকা রোজগার অর্থলাভ অর্থাগম অর্থপ্রাপ্তি বিত্তলাভ। লাভ প্রতিলম্ভ সুফল ইষ্টাপত্তি পণায় পণফাজিল ফায়দা মুনাফা নাফা কিফায়াত আসাদন।

ক্রয়(৭৯৬)। উত্তরাধিকার। প্রাপ্তি দান উপায়ন উপহার। আদায় উদ্ধার। পুনরুদ্ধার হারান-প্রাপ্তি। ঋণমুক্তি। উপায় রুজি রোজগার কামাই। বেতন পারিশ্রমিক। অধিবৃত্তি বোনাস। উপরি। উপস্বত্ব। আগম আমদানি উৎপত্তি উৎপাদন ফল ফসল। পুরস্কার পারিতোষিক। সম্পত্তি।

ক্রি. অর্জন করা। আয় রোজগার উপায় বা উপার্জন করা। কামানো। কামাই করা। লাভ বা মুনাফা করা। ফায়দা ওঠানো। পড়তা পড়া। পোষানো। পুষিয়ে যাওয়া। উশুল হওয়া। টাকা করা বা বানানো। সম্পত্তি করা বা বানানো। টাকার মুখ দেখা। টাকা খাওয়া। দু'হাতে কামানো। ঘুষ খাওয়া। উৎপাদন করা। ফল বা ফসল পাওয়া। অংশ পাওয়া। উপস্বত্ব লাভ করা। হাতে আসা। ফিরে পাওয়া। পুনরুদ্ধার করা। ঋণমুক্ত করা। সুযোগ নেওয়া। দাঁও মারা।

বিণ. অর্জক অর্জনকারী উপার্জনকারী। অর্জিত লব্ধ উপাত্ত প্রাপ্ত। লাভ,-জনক,-দায়ক। ধন,-দ, -দায়ক,-দায়ী। অর্থ,-কর,-জনক,-প্রদ,-করী। উৎপাদনশীল। ফল,-দায়ক,-প্রসূ। সুবিধাজনক। রোজ,-গারি,-গেরে। উপার্জন,উপায়,-ক্ষম। সৈরিন্ধ্রী।

৭৭৮। ক্ষতি

বি. ক্ষতি ক্ষয় হানি অনিষ্ট খারাবি ক্ষয়ক্ষতি ন্যয় খিয়ানত হরজা বাদ বরবাদ বিনষ্টি। লোকসান লোকসানি অর্থ,-হানি,-নাশ ধন,-ক্ষয়,-নাশ। অপকার। স্বত্ব,-হানি,-লোপ বেদখল বঞ্চনা। বাজেয়াপ্তি। খেসারত খেসারতি ক্ষতিপূরণ গুনাহগার গচ্চা আক্কেলসেলামি। অপচয় জলাঞ্জলি। ভরাডুবি।

ক্রি. ক্ষতি হওয়া। লোকসান নষ্ট বাদ বা বরবাদ হওয়া বা যাওয়া। গচ্চা দেওয়া। মারা যাওয়া বা পড়া। হস্তচ্যুত হাতছাড়া বা বেহাত হওয়া। হাতের বাইরে চলে যাওয়া। বাজেয়াপ্ত হওয়া। ক্ষতিগ্রস্ত হওয়া। বঞ্চিত হওয়া। ঠকা। ঠকে যাওয়া। ডোবা। যজা। ডোবানো। যজানো। ঝোলানো। পথে বসা। ঘা চোট বা মার খাওয়া। মার যাওয়া। দেউলিয়া হওয়া। ফতুর ফৌত বা সর্বস্বান্ত হওয়া। নষ্ট বা অপচয় হওয়া। অর্থনাশ বা ধনক্ষয় হওয়া। ক্ষতিপূরণ দেওয়া। আক্কেল সেলামি দেওয়া। পুষিয়ে দেওয়া। জলাঞ্জলি দেওয়া। লোকসান করা। ক্ষতি করা। অনিষ্টাচরণ বা ক্ষতিসাধন করা। শ্রাদ্ধ করা। উড়ানো। ফুঁকা। ফুঁকে দেওয়া। আয় বা উপার্জন না করা। হারানো। হারিয়ে ফেলা। হারিয়ে যাওয়া। খুইয়ে বসা। খুইয়ে ফেলা। খোয়া যাওয়া।

বিণ. ক্ষতিগ্রস্ত। বঞ্চিত। বেদখল বেহাত হাতছাড়া। ফতুর ফৌত সর্বস্বান্ত। নষ্ট উৎসন্ন বরবাদ। ক্ষতি,-কর,-কারক। হানি,-কর,-কারক। অনিষ্ট,-কর,-জনক। অহিতকর অনুপকারী অনুপকারক। অলাভজনক লোকসানি। অবিক্রীত। বেফায়দা। অর্থনাশা। ধন,-নাশকারী,-ক্ষয়কারী অর্থঘ্ন। হৃত অপহৃত।

৭৭৯। স্বত্ব

বি. স্বত্ব হক অধিকার। স্বত্বাধিকার স্বত্বস্বামিত্ব স্বামিত্ব মালিকানা মালিকত্ব মালিকি মালিকানাস্বত্ব মালিকিয়ত। আয়ত্তি দখলাতি একতিয়ার। প্রভুত্ব কর্তৃত্ব। দাবি দাওয়া। মোজাহেম। জায়দাদ। দখল দখলিস্বত্ব। ভোগদখল। ভোগাধিকার। খাসদখল। ষোলআনা দখল। একচেটিয়া অধিকার। একাধিকার। নির্ব্যূঢ় স্বত্ব। যৌথস্বত্ব (৭৮৩)। তুল্যস্বত্ব। উপরিস্বত্ব। মধ্যস্বত্ব আওসাত ওসাত। প্রজাস্বত্ব রায়তি। মিরাস রিক্‌থ দায় উত্তরাধিকার জন্মাধিকার ওয়ারিশি দায়াদিস্বত্ব। জ্যেষ্ঠাধিকার। লভ্যাংশ। রয়ালটি। ভাবীস্বত্ব। শেষাধিকার। ইজারা লিজ। ভাড়া। অংশ শেয়ার সাহান। বিশেষাধিকার। পুনর্দখল পুনরধিকার। স্বত্বপত্র। স্বত্বের মামলা। স্বত্বসাব্যস্ত। দলিল দস্তাবেজ নথি,-পত্র। পাট্টা। জমির পাট্টা। কবালা ডিড।

কাগজপত্র। দখলনামা। স্বত্বরক্ষা (৭৮১)। স্বত্বত্যাগ (৭৮২)।

স্বত্ব,-বান,-ভোগী স্বত্বাধিকারী স্বত্বার্থী। অধিকারী হকদার মালিক স্বামী মনিব খোদাবন্দ। প্রভু। দাবিদার। ভূস্বামী ভূম্যাধিকারী। জমিদার। তরফদার। প্রজা রাইয়ত রায়ত। ফরমানবরদার। কটকিনা প্রজা। কোর্ফা প্রজা। কোলকর্ষা। কোলজমা। অধীন-প্রজা। দখলি-প্রজা। শিরকস্তা। কাস্তকারদেহী। কাস্তকারপাহি। দরপ্রজা। উঠবন্দী,-প্রজা,-রায়ত। খুদকস্তা। পাইকস্তা। শিকমি। মোকররির স্থিতিবান,কায়েমি,-প্রজা। বাড়িওয়ালা। ভাড়াটে ভাড়াটিয়া। ইজারা,ইজার,-দার। দর ইজারাদার। দখল,-কার,-দার,-কারী। উত্তরাধিকারী ওয়ারিশ ওয়ারিশান হকদার। রিক্থ,-ভাগী,-গ্রাহী। শরিক (৭৮৩)। অর্ধাংশভাগী অর্ধী।

ক্রি. স্বত্ব থাকা। ভোগ বা উপভোগ করা। রাখা। পাওয়া। দখল করা বা রাখা। দখলে থাকা। আয়ত্তে বা হাতে থাকা। হাতে আসা। অর্শানো। বর্তানো। উত্তরাধিকারী হওয়া। একচেটিয়া অধিকার করা বা ভোগ করা। যৌথস্বত্ব বা অধিকার থাকা বা ভোগ করা (৭৮২)।

বিণ. স্বত্বজনক। দখলি। অধিকারগত আয়ত্ত। মালিকি দায়াদী। পৈত্রিক পিতৃদত্ত। মৌরুসি। ইস্তিমরারি। আয়মা নিষ্কর। অধীন। শিকস্তী। পাইওয়াস্তি। যৌথ যুক্ত এজমালি। একান্নবর্তী। নিজস্ব সোপার্জিত। দলিলীকৃত দলিলভুক্ত।

৭৮০। স্বত্বশূন্যতা

বি. স্বত্ব,-শূন্যতা,-হীনতা স্বত্বাভাব। অনধিকার। অদখল। উত্তরাধিকারলোপ। মজনুমিরাস। ত্যাজ্যপুত্র। স্বত্বত্যাগ (৭৮২)। বিনষ্টি অতিপত্তি তামাদি। স্বত্ব,-নিরসন,-লোপ।

ক্রি. স্বত্ব অধিকার বা মালিকানা না থাকা। দখল না থাকা। অংশ বা স্বত্ব হারানো। হস্তচ্যুত বা হাতছাড়া হওয়া। বেহাত হওয়া। ত্যাজ্য করা। দাবি ছাড়া।

বিণ. স্বত্ব,-হীন,-বিহীন,-শূন্য নিঃস্বত্ব। অধিকার,-হীন,-শূন্য। মালিকহীন। দাবিহীন। অস্বামিক। অনায়ত্ত অকব্জ অনধিকৃত হস্তচ্যুত বেহাত বেদখল। বেওয়ারিশ রিক্থহীন। বাজেয়াপ্ত। জব্দ। গ্রস্ত অভিগ্রস্ত গ্রসিত। গ্রসমান। ক্রোকি। সর্বস্বান্ত।

৭৮১। স্বত্বরক্ষা

বি. স্বত্বরক্ষা সম্পত্তি,-রক্ষণ,-রক্ষা। ধারণ। গ্রহণ রাখন। আটক। কব্জা খপ্পর মুঠি হাত। জিম্মা আমানত ন্যাস। হেফাজত সংরক্ষণ। দখল। বাঁশগাড়ি পুনর্দখল পুনরুদ্ধার পুনরধিকার।

ক্রি. সম্পত্তি রক্ষা করা বা রাখা। সংরক্ষণ করা। অধিকার করা। অধিকারে রাখা। ধরে রাখা। আঁকড়ে রাখা। বুকে করে রাখা। মাটি কামড়ে পড়ে থাকা। লেগে থাকা। দখল রাখা। কব্জায় বা মুঠোর মধ্যে রাখা। বজায় বাঁচিয়ে বা টিকিয়ে রাখা। বেঁধে রাখা। আটকে রাখা। দেখাশোনা বা হেফাজত করা। ঘটিবাটি সামলানো।

বিণ. হস্তগত করতলগত আয়ত্তাধীন। কবলীকৃত অহস্তান্তরযোগ্য অবিভাজ্য। একাট্টা। সাফ।

৭৮২। স্বত্বত্যাগ

বি. স্বত্বত্যাগ সম্পত্তিত্যাগ। দাবি,অধিকার,-ত্যাগ। নাদাবি। ইবরা ইস্তফা। দখলত্যাগ। দস্তবরদারি বাদ ছাড় রেয়াত। বর্জন (৬১৫)। দান সম্প্রদান (৭৮৬)। উৎসর্গ বিসর্জন জলাঞ্জলি। পরকীকরণ। হস্তান্তর (৭৮৫)। খারিজদাখিল।

ক্রি. সম্পত্তি দাবি স্বত্ব অধিকার বা দখল ত্যাগ করা। ছেড়ে দেওয়া। বাদ বা ছাড় দেওয়া। উড়িয়ে ফুঁকে বা ফেলে দেওয়া। বিলিয়ে দেওয়া। অপচয় করা। হস্তান্তর করা। নাম খারিজ করা। সম্পর্ক শেষ করা। হাত ধুয়ে খালাস হওয়া। ঘটিবাটি বেচে দেওয়া।

বিণ. ত্যক্ত পরিত্যক্ত। উৎসর্গীকৃত। হস্তান্তরিত।

৭৮৩। যৌথস্বত্ব

বি. যৌথ,-স্বত্ব,-মালিকানা,-অধিকার। যুক্ত, এজমালি,-স্বত্ব। অংশিত্ব অংশ অংশীদারি ভাগীদারি শরাকাত শরিকানা। যৌথকারবার। পার্টনারশিপ সম্মিলিতমূলধন জয়েন্টস্টক। সমস্বামিত্ব সমানাধিকার তুল্যস্বত্ব। কমিউনিজম সাম্যবাদ সোসলিজম সমাজতন্ত্র সম্মিলনবাদ। কোঅপারেটিভ সমবায় সম্ভূয়সমুত্থান। জাতীয়, রাষ্ট্রীয়,-করণ। অংশীদার ভাগীদার শরিক। পার্টনার। শেয়ারহোল্ডার।

ক্রি. যৌথ স্বত্ব বা অধিকার থাকা বা ভোগ করা। অংশ নেওয়া বা গ্রহণ করা। শরিক হওয়া। যোগ দেওয়া। শামিল করা বা হওয়া। এজমালি থাকা। সহযোগিতা করা। লাভ ভাগ করা। জাতীয়করণ করা।

বিণ. যৌথ যুক্ত এজমালি। একান্নবর্তী। সমান-সমান। আটআনা-আটআনা। রাষ্ট্রীয়কৃত। জাতীয়কৃত। সমাজতান্ত্রিক। সাম্যবাদী।

৭৮৪। অংশবিভাজন

বি. অংশ-বিভাজন অংশাংশি। ফারাজ। ভাগাভাগি। ভাগ বিভাগ বিভাজন বিভক্তি। বন্টন বাঁটন বাঁটোয়ারা। বিলি বিতরণ। তকসিম। অংশ ভাগ হিস্যা সাহাম। বখরা। ভাগা হক। হকের ধন। পাওনাগণ্ডা। দেনাপাওনা। রিক্‌থ,-ভাগ উত্তরাধিকার। শেয়ার। ডিভিডেন্ড লভ্যাংশ। লট এলটমেন্ট। মাত্রা। অনুপাত। হার। কোটা। আনুপাতিক বা নির্ধারিত অংশ। রেশন সংবিভাগ। ভাতা। অধিদেয়। অংশ,-ভাক্,-ভাগী,-গ্রাহী, -দার। অংশী অংশহর অংশমান। শরিক। উত্তরাধিকারী।

ক্রি. অংশানো। ভাগ বন্টন বা বিতরণ করা। অংশ বা সাহাম নির্ধারণ করা। বাঁটা। বখরা বা লাভের ভাগ দেওয়া। অর্শানো। অর্শা। বর্তানো। বর্তা। ভাগ পাওয়া। অনুপাত বা হার নির্ধারণ করা। লভ্যাংশ নির্ধারণ করা।

বিণ. অংশিত বিভক্ত। পৃথককৃত। অংশ্যমান।

ক্রি-বিণ. অংশানুক্রমে অংশাংশি ভাগ। অংশ, -অনুযায়ী। আনুপাতিক। হারাহারি। ভাগে। ভাগ্যে।

৭৮৫। হস্তান্তরণ

বি. হস্তান্তর,-ণ হাতবদল। হাতফিরি। স্বত্বান্তর, -ণ। স্বত্বনিয়োজন। পরকীকরণ স্বত্বত্যাগ। দলিল দস্তাবেজ কাগজ ডিড ডকুমেন্ট। পাট্টা কবালা সাফকবালা খোশকবালা। বয়নামা বিক্রি। নামজারি। খাইখালাসি ফেরতকবালা। আমলনামা। ইজারা পত্তন পত্তনি লিজ সেটেলমেন্ট। ভাড়া ঠিকা কটকিনা কেরায়া রেন্ট। বিনিময়। দান হেবা। সম্প্রদান উৎসর্গ। হেবা-বিল-এওজ প্রত্যর্পণ। প্রদান। বন্ধক।

ক্রি. হস্তান্তর বা হাত বদল করা। হাতফিরি করা। বিক্রি করা। কবালা দেওয়া। বায়নামা করা। আমলনামা বা পাট্টা দেওয়া। স্বত্বনিয়োগ বা আরোপ করা। ইজারা বা পত্তন দেওয়া। ভাড়া দেওয়া। বিনিময় করা। দখল দেওয়া। ফিরিয়ে দেওয়া। সম্পত্তি ফিরে যাওয়া। সম্পত্তি ফিরে

পাওয়া। অংশ বা সাহাম দেওয়া। বেদখল করা (৭৮৯)।

বিণ. হস্তান্তরযোগ্য। সম্প্রদেয়। বিনিমেয়। বিক্রিতব্য। হস্তান্তরিত। দত্ত প্রদত্ত অর্পিত ন্যস্ত উৎসর্গীকৃত।

৭৮৬। প্রদান

বিণ. বিষণ্ন বিষাদাচ্ছন্ন। বিষাদ,-ক্লিষ্ট,-গ্রস্ত, -ময়,-পূর্ণ। বিষাদিত। বিমর্ষ। অপ্রসন্ন। আনন্দহীন নিরানন্দ স্ফূর্তিহীন। নিষ্প্রাণ নির্জীব। কাতর কাহিল নিস্তেজ ম্লান মলিন ম্রিয়মাণ। করুণ ক্লান্ত অবসন্ন। অসুখী দুঃখী (৮৩০)। ব্যথিত। ক্ষুব্ধ ক্ষুণ্ণ। ক্লিষ্ট। বিরক্ত বীতশ্রদ্ধ। অতৃপ্ত (৮৩৪)। বেজার। নারাজ। হতাশ। ভগ্ন,হৃদয়, -চিত্ত মনোভঙ্গ নিরুৎসাহ নিরুদ্যম ভগ্নোৎসাহ ভগ্নোদ্যম। মনমরা আধমরা। মুহ্যমান মোহ্যমান। ভারাক্রান্ত চিন্তাগ্রস্ত। শুষ্ক পাংশুমুখ। গম্ভীর। গোমড়া। খিটখিটে।

৮৪০। উল্লাস

বি. উল্লাস উচ্ছ্বাস উচ্ছলতা উচ্ছ্বসন সমুচ্ছ্বাস। পরমানন্দ খুশি রভস। কুতূহল জয়োল্লাস। ধুমধাম আনন্দোৎসব। আনন্দোচ্ছ্বাস আনন্দস্রোত। খুশির জোয়ার। সুখোৎসব। পরব। উৎসব (৮৪৩)। খানাপিনা ভোজ। কীর্তন। সংবর্ধনা। আমোদপ্রমোদ (৮৪৪)। অট্টহাস্য। শীৎকার। পুলক শিহরণ। কল্লোল হিল্লোল। জয়,উলু,হুলু, -ধ্বনি। জিগির। জিন্দাবাদধ্বনি। হাসি,-ঠাট্টা, -তামাশা। মজা রগড় (৮৪৮)। কর,হাত,-তালি। হৈ হল্লা।

ক্রি. উল্লসিত হওয়া। ফূর্তি করা। আনন্দে ফেটে পড়া। জড়িয়ে ধরা। কোলাকুলি করা। গলা জড়িয়ে ধরা। নাচা। নেচে ওঠা। আটখানা হওয়া। আনন্দে ভাসা। গায়ে পুলক লাগা। তাইরে নাইরে না করা। পেখম ধরা বা ফুলানো। লাফানো। গান করা। চেঁচানো। হল্লা করা। কেঁদে ফেলা। ঠাট্টা তামাশা মজা বা রগড় করা (৮৪৮)। হাসা

(৮৩৬)। অট্টহাসি হাসা। পেট ফাটা। হাততালি দেওয়া। বগল বাজানো।

বিণ. উল্লসিত উচ্ছ্বসিত পুলকিত বাগবাগ মাতোয়ারা বিগলিত মশগুল মহাখুশি উচ্ছল। আকর্ণবিস্তৃত। গালভরা।

৮৪১। বিলাপ

বি. বিলাপ বিলপন মাতম। শোক শোকাবেগ শোকোচ্ছ্বাস। আপশোস শোচনা আক্ষেপ খেদোক্তি। পরিবেদনা। কাতরোক্তি। শোক,বিলাপ,-ধ্বনি। কাকুতি গুমরানি। অভিযোগ। গোঙানি ফুসফুসানি কোঁকানি কাতরানি। আর্তনাদ ক্রন্দন (৮৩৭)। রোদন। ক্রন্দনরোল আহাজারি। হাহুতাশ হাহাকার। শোক,-গাথা,-গীতি,-সঙ্গীত এলিজি মর্সিয়া। সমবেদনা। শোক,-জ্ঞাপন,-প্রকাশ (৯১৩)।

ক্রি. বিলাপ মাতম বা শোক করা। হাহুতোস্মি হায়হায় বা হাহাকার করা। আক্ষেপ করা। অভিযোগ করা। সাক্ষ্য মানা। গজগজ করা। গোঙানো। ফোঁসানো। ফোঁপানো। কোঁকানো। কোঁথানো। কাঁদা। (৮৩৭)। অশ্রু,-পাত,-বর্ষণ করা। চোখের জলে ভাসিয়ে দেওয়া। কেঁদে আকুল বা সারা হওয়া। কপালে বা শিরে করাঘাত করা। মাথা বুক বা কপাল চাপড়ানো। হাউমাউ বা ভেউভেউ করে কাঁদা। আর্তনাদ করা। ডুকরানো। ঘ্যানঘ্যান বা প্যানপ্যান করা। সমবেদনা জানানো। দুঃখের দুঃখী হওয়া।

বিণ. বিলাপী বিলপমান। বিলাপ,-কারী,-রত। শোকাকুল শোকার্ত শোকাতুর। কাতর আতুর। শোকসন্তপ্ত। অশ্রু,-কাতর,-পূর্ণ,-রুদ্ধ। ছলছলচোখ। বাষ্পাকুল। শোচনীয় শোচ্য। শোকাবহ। করুণ।

৮৪২। গাম্ভীর্য

বি. গাম্ভীর্য গম্ভীর,-তা,-ভাব। অ,-চাপল্য, -চপলতা,-লঘুত্ব,-চাঞ্চল্য। ভারিক্কি,রাশভারি, -ভাব। স্থৈর্য ধৈর্য (৮২৭)। প্রশান্তি। ঔদার্য। গভীরতা প্রগাঢ়তা মন্দ্রতা নিবিড়তা। ব্যাপ্তি অগাধত্ব। ব্যক্তিত্ব।

ক্রি. গাম্ভীর্য বজায় বা রক্ষা করা। গম্ভীর হওয়া। মুখ ভার করা। উচ্চবাচ্য না করা। মুখ হাঁড়ি করা। বেজার বা নিরানন্দ হওয়া। গোস্‌সা করা।

বিণ. গম্ভীর সুগম্ভীর গুরু,-গম্ভীর। বজ্র,-মন্দ্র, -গম্ভীর। রাশভারি ভারিক্কি। অ,-চপল, -চপলমতি,-তরলমতি,-লঘু। ধীরস্থির। গভীর অগাধ। মন্দ্র উদাত্ত গাঢ়। নিবিড়। প্রশান্ত সমাহিত। দুরবগাহ। বোধাতীত। ব্যক্তিত্ব,-পূর্ণ, -সম্পন্ন। গোমড়া,-মুখো হাঁড়িমুখো। বেজার অপ্রসন্ন নিরানন্দ গোমসা।

৮৪৩। উৎসব

বি. উৎসব আনন্দোৎসব সুখোৎসব উদ্ধর্ষ। মহোৎসব মোচ্ছব। ফেস্টিভ্যাল। উৎসবের, -খুশির,-দিন। ঈদ। উৎসব,-সপ্তাহ,-পক্ষ। অনুষ্ঠান সামাজিক-অনুষ্ঠান ফাংশন। সোস্যাল -ফাংশন। মজলিস মহফিল। উদ্‌যাপন পালন। শপথগ্রহণ। অধিবেশন। সমাবর্তন। উদ্বোধন উদ্‌ঘাটন প্রতিষ্ঠা। প্রতিষ্ঠাদিবস। অভিষেক রাজ্যাভিষেক। অভিনন্দন সংবর্ধনা অভ্যর্থনা আপ্যায়ন। আচার অনুষ্ঠান ক্রিয়া,-কর্ম দশকর্ম পালাপার্বন (৯৯৫)। জন্ম,-দিবস,-তিথি শালগিরা জন্মোৎসব জন্মবার্ষিকী। ওরস। বিবাহবার্ষিকী। বর্ষপূর্তি বার্ষিকী। স্মরণবার্ষিকী। স্মরণোৎসব। স্বর্ণ,রজত,হীরক,প্লাটিনাম,-জুবিলী,-জয়ন্তী। জয়োল্লাস জয়জয়কার জয়ধ্বনি। জয়,-জয়ন্তী,

-পতাকা,-ভেরী,-শঙ্খ,-মাল্য। জগঝম্প ডঙ্কা। বিজয়তোরণ। স্বাধীনতাদিবস। বিজয় উৎসব। তোপধ্বনি। কামানগর্জন। কুচকাওয়াজ প্যারেড। আলোকসজ্জা আতশবাজি অগ্ন্যুৎসব বহ্ন্যুৎসব ক্যাম্পফায়ার চাঁচর। দেওয়ালি। প্রভাতফেরি। শোভাযাত্রা মিছিল জুলুস প্রদর্শনী একজিবিশন। মেলা কার্নিভাল মিনাবাজার ফিয়েস্তা ফেট। নাট্যোৎসব। চলচ্চিত্রোৎসব। যাত্রাউৎসব। বইমেলা। সাংস্কৃতিক-অনুষ্ঠান কালচারাল -ফাংশান। সংগীতানুষ্ঠান জলসা। বিচিত্রানুষ্ঠান।

ক্রি. উৎসব করা। সম্মান বা শ্রদ্ধা দেখান। স্মরণ করা। উদ্‌যাপন করা। পালন করা। আনন্দ করা (৮৪০)। অনুষ্ঠান আয়োজিত করা। যাগযজ্ঞ করা। উদ্বোধন করা। অভিষেক করা। অভিনন্দন বা অভ্যর্থনা জানানো। খোশ আমদেদ জানানো। সাজানো। আলোকসজ্জা বা সজ্জিত করা। ডঙ্কা বাজানো।

বিণ. উৎসবমুখর। উৎসবমত্ত। সরগরম। আনুষ্ঠানিক আনুষ্ঠিক। স্মারক। স্মরণিক।

ক্রি-বিণ. সম্মানার্থে স্মৃতিকল্পে স্মরণে। জয়ন্তী।

৮৪৪। আমোদপ্রমোদ

বি. আমোদ প্রমোদ আমোদপ্রমোদ বিনোদ মোদ আমোদআহ্লাদ প্রমোদবিলাস। ফুর্তি হুল্লোড় ফুর্তিফার্তা হৈহুল্লোড় হর্ষ খুশি উল্লাস (৮৪০)। ক্রীড়াকৌতুক রংতামাশা হাসিঠাট্টা হাস্যালাপ। রস রঙ্গ রসরঙ্গ মজা কৌতুক তামাশা রগড় ফষ্টিনষ্টি ফাজলামি। বিলাস বিলসন বিশ্রম্ভ। বিহার লীলা লাস্য কেলি ভোগ উপভোগ সম্ভোগ। রতি রতি, -কর্ম,-ক্রিয়া,-ক্রীড়া মৈথুন সুরত সুরতি রমণ সঙ্গম মিলন নিধুবন জম্ভন অভিগমন দেহমিলন সহবাস (৪১৫)। নৃত্য (৮৪৫)। নর্তন কুর্দন। ক্রীড়া (৮৪৬)। নর্ম উৎসব অনুষ্ঠান পর্ব পরব (৮৪৩)। আমন্ত্রণ-নিমন্ত্রণ। পিকনিক বনভোজন চড়িভাতি চড়ুইভাতি। পৌষালী। প্রীতিভোজ। নৈশভোজ ডিনার। লাঞ্চ মধ্যাহ্নভোজ। খাওয়া-দাওয়া। খানাপিনা। পার্টি টিপার্টি ডিনারপার্টি ককটেল -পার্টি। ফিস্ট ভোজ খানা। ভ্রমণ পর্যটন প্রমোদ, -ভ্রমণ,-বিহার। ছুটি রবিবার। রঙ্গমঞ্চ থিয়েটার (৬০২)। সিনেমা (৬০৩)। বিনোদন আমোদন প্রমোদন চিত্তবিনোদন লোকচিত্তহরণ জন,লোক, -রঞ্জন। জনতোষ। আমোদ-উপকরণ প্রমোদোপকরণ প্রমোদসামগ্রী। মেলা আনন্দমেলা ফেয়ার ফেস্টিভ্যাল ফেট।

বাজি আতশবাজি। হাউই রকেট। ফানুস। তুবড়ি ফুলঝুরি তারা,-বাতি,-কাঠি রংমশাল চরকি পটকা বোমা দোদমা চটপটি। ছুঁচোবাজি।

সার্কাস। ক্লাউন জোকার। রিং এরিনা। ব্যালান্সের খেলা। ট্র্যাপিজের খেলা। অ্যাক্রোব্যাটিকস। লক্ষ্যভেদ। ড্যাগারশুটিং। জীবজন্তুর খেলা। হাতির,সিংহের,বাঁদরের,ঘোড়ার,-খেলা।

ভানুমতির খেলা। মাদারি কা খেল। হাতসাফাই জাগলিং। রোপট্রিক। ম্যাজিক। সাপখেলা। পুতুলখেলা। রান্নাবাড়িখেলা। দোলনা। নাগরদোলা। মেরি-গো-রাউন্ড। জায়ান্ট-হুইল। খেলনা। ট্রেন স্লিপ। ঢেঁকিকল। ঘুড়ি লাটাই। মাঞ্জা। ঘুড়ির-প্যাঁচ,-লড়াই। মানুষঘুড়ি ঢাউস চিলে। ভোকাট্টা ভোকাটা।

ক্রি. আমোদ করা। প্রমোদ করা। আমোদ আহ্লাদ করা। ফুর্তি বা আনন্দ করা। হাসি,-ঠাট্টা,-তামাশা করা। মজা করা বা লোটা। হৈচৈ করা। নৃত্য করা। নাচা। লাফালাফি করা। নাচগান করা। খেলাধুলা করা। আনন্দ দান করা। হাসানো। জমানো। খেলা দেখানো। খাওয়া দাওয়া বা খানাপিনা করা। আমন্ত্রণ-নিমন্ত্রণ করা। খানা বা ভোজ দেওয়া।

বিণ. আমোদিত প্রমোদিত বিনোদিত। আমুদে আমোদী আমোদপ্রিয়। বিনোদী। কৌতুকপ্রিয় রগুড়ে। ফুর্তি,-বান,-বাজ আমোদক মোদক। বিনোদী বিনোদনমূলক আনন্দ,হর্ষ,-দায়ক। মনমাতানো রসাল। মজাদার। হাস্যোদ্দীপক। খেলোয়াড়ি। জমাটি।

ক্রি-বিণ. খুশিতে। খেলতে খেলতে। হাসতে হাসতে। ক্রীড়াচ্ছলে খেলার ছলে।

৮৪৫। নৃত্য

বি. নৃত্য নৃতি নাচ নাচন নর্তন,-কুর্দন নাচনকুদন। ডান্স। অঙ্গ,-ভঙ্গ,-ভঙ্গি,-বিক্ষেপ,-বিন্যাস, -ভঙ্গিমা। মুদ্রা। ভাব। রস। অঙ্গহার। করণ। অভিনয়। নাট্য। কথাকলি। ভরতনাট্যম। কত্থক। ওড়িশী। মণিপুরী। কুচিপুড়ি।

লোক,লৌকিক,-নৃত্য। ছৌ রায়বেঁশে সাঁওতালী বার্জানা ধামালী বাউল ঝুমুর। ঢাল কাঠিনৃত্য ব্রতচারী। খেমটা। কারবা। বাইজিনাচ তয়ফা ঠুমকি। বিহু। গরবা। ভাংরা। খটক।

লাস্য,ললিত,-নৃত্য। প্রলয়নাচন তাণ্ডবনৃত্য। উদ্দণ্ড নৃত্য। উদ্ধত নৃত্য। জুড়িনৃত্য। দলনৃত্য। নৃত্যনাট্য।

বিদেশী নৃত্যঃ ওয়ালৎস পলকা মাজুর্কা ফক্সট্রট রাম্বা সাম্বা ট্যাঙ্গো চা-চা হুলাহুলা স্টেপ-ড্যান্স। কমিউনিটি ডান্স।

নৃত্য,-শালা,-গৃহ নাচঘর। রঙ্গ,-শালা,-মঞ্চ। বলরুম ডান্সহল। কাসিনো।

নৃত্য,-কলা,-বিদ্যা। নৃত্যনাট্য। নর্তক নাচিয়ে। নর্তকী নাচনেওয়ালি নর্তনী নটিনী নটীদারী। খেমটাওয়ালি। বাই বাইজি বাই,-তয়ফা,-ওয়ালি। দেবদাসী।

ধিনধিন। ধেইধেই। ধিনতাতাধিন। তাথৈ তাথৈ। তা তা থৈ থৈ। তাইরে নাইরে না।

ক্রি. নৃত্য করা। নাচা। নাচানাচি করা। যুগলে নাচা।

বিণ. নৃত্য,নর্তন,-রত,-শীল। নর্তিত আনর্তিত। লাসক লাসিকা। লাস্যময়ী। নৃত্যপর,-পটু, -পটিয়সী। নৃত্য,-বিদ,-জ্ঞ,-গুরু,-বীর।

৮৪৬। ক্রীড়া

.১ বি. ক্রীড়া ক্রীড়ন খেলা,-ধূলা স্পোর্টস গেমস প্লে। বিক্রীড়িত। লীলা কেলি নর্ম। খেলোয়াড়সুলভ, খেলোয়াড়ি,-মনোবৃত্তি। খেলার কৌশল। ক্রীড়া,নর্ম,-বিজ্ঞান। ক্রীড়াঙ্গন ক্রীড়া, -ক্ষেত্র,-ভূমি। খেলার মাঠ। ময়দান। স্টেডিয়াম। রঙ্গভূমি। কোর্ট। ট্র্যাক সিন্ডারট্র্যাক টারটানট্র্যাক। টার্ফ অ্যাস্ট্রটার্ফ। ব্যায়ামাগার ব্যায়ামকেন্দ্র জিমনাশিয়াম। মল্লভূমি খলূরিকা কুস্তির আখড়া। খেলার আসর। ক্রীড়া,নর্ম,-বিজ্ঞান।

ক্রীড়নীয় ক্রীড়াসামগ্রী খেলার-সরঞ্জাম। জার্সি ইউনিফর্ম ট্র্যাকসুট খেলার-পোশাক। বুট রেসিংশু। ক্রীড়াকন্দুক। বল। গেঁদ। ব্যাট। দল টিম। টিমস্পিরিট। খেলাঘর। পুতুলের সংসার।

ক্রীড়নক খেলনা পুতুল পুত্তলি পুত্তলিকা পাঞ্চালী পাঞ্চালিকা। কাঠের পুতুল। কলের পুতুল। দম দেয়া গাড়ি। চুষিকাঠি। গুড়িয়া। ঝুমঝুমি।

ক্রীড়াপ্রতিযোগিতা ম্যাচ টেস্টম্যাচ। টুর্নামেন্ট। চ্যাম্পিয়নশিপ। এশিয়াড। অলিম্পিক অলিম্পিয়াড। অলিম্পিক-মশাল। অলিম্পিক -রেকর্ড। অলিম্পিয়ান। বিশ্ব,ওয়ার্ল্ড,-কাপ। বিশ্ব, মহাদেশীয়,জাতীয়,রাজ্য,-রেকর্ড। খেলাধূলার, -আইনকানুন,-রুলস নিয়মাবলি। লীগ। ফাইনাল চূড়ান্তখেলা। সেমি-ফাইনাল। কোয়ার্টার ফাইনাল। রাউন্ড। রাউন্ডরবিন। নক আউট। খেলার সময়। নির্ধারিত সময়। বিরতি হাফটাইম। অতিরিক্ত

সময়। একস্ট্রা টাইম। জয় জিত। পরাজয় হার। ড্র সমানসমান। টাই। টাইব্রেকার। সাডেন ডেথ। পদক মেডেল। স্বর্ণ,রৌপ্য,ব্রোঞ্জ,-পদক। ট্রফি কাপ শিল্ড। টিকিট প্রবেশপত্র।

বহিরাঙ্গন ক্রীড়া মাঠের,বাইরের,-খেলা। আউটডোর-গেমস। এ্যাথলেটিকস।

ক্রীড়ক ক্রীড়ামোদী ক্রীড়াসক্ত। খেলোয়াড় খেলুড়ে প্লেয়ার। খেলাপাগল। স্পোর্টসম্যান। এ্যাথলেট। ব্যায়ামবীর। বডিবিল্ডার। দৌড়বীর। রানার স্প্রিন্টার। সাঁতারু সন্তরণবিদ। মল্ল,-যোদ্ধা,-বীর কুস্তি,-গির,-বাজ। মুষ্টিযোদ্ধা বক্সার। ভারোত্তোলনকারী। ফুটবলার। শিকারী।

রেফারি আম্পায়ার জাজ ট্র্যাক-জাজ লাইন-জাজ লাইনসম্যান। জুরি। স্টার্টার। সময়রক্ষক টাইমকিপার।

প্রতিযোগী প্রতিদ্বন্দ্বী। প্রতিপক্ষ অন্যপক্ষ। চ্যাম্পিয়ান। বিজয়ী বিজেতা উইনার। বিশ্ব, -বিজয়ী,-বিজেতা,-চ্যাম্পিয়ান ওয়ার্ল্ড -চ্যাম্পিয়ান। অলিম্পিক,-বিজয়ী,-চ্যাম্পিয়ান। রানার্স আপ। জাতীয়,ন্যাশনাল,রাজ্য, -চ্যাম্পিয়ান। ইন্টারন্যাশনাল,গ্র্যান্ড,-মাস্টার।

.২ দৌড় রান। ড্যাশ স্প্রিন্ট। স্বল্পপাল্লার দৌড়। দূরপাল্লার দৌড়। ফ্ল্যাট রেস। রিলেরেস। ম্যারাথন। মিনি ম্যারাথন। বাধাদৌড় হার্ডলরেস। বস্তাবন্দীদৌড় স্যাকরেস। স্পুনরেস। অন্তক, -দৌড়,-রেস সামরেস। থ্রি-লেগেড রেস। স্টিপল -চেজ। ডেকাথেলন। পেন্টাথেলন ওয়াকিংরেস হণ্টন-প্রতিযোগিতা লম্ফ লাফ জাম্প হাইজাম্প ব্রডজাম্প লংজাম্প। ট্রিপল-জাম্প হপ-স্টেপ -জাম্প। পোলভল্ট।

ঝম্প ঝাঁপ ডাইভিং। ভল্ট। সমারসল্ট। স্প্রিংবোর্ড প্ল্যাটফর্ম। সাঁতার সন্তরণ সুইমিং। ডুব সাঁতার। চিৎ সাঁতার। ফ্রি-স্টাইল। বাটারফ্লাই। ব্রেস্টস্ট্রোক। ব্যাকস্ট্রোক। মেডলি। ওয়াটার পোলো।

তীরন্দাজি আর্চারি তীরছোঁড়া। বো-হান্টিং। ক্লাউট -শুটিং। ফ্লাইট-শুটিং। পপিন্‌জে-শুটিং। ফিল্ড আর্চারি। কুডো। রোভিং। তীর ধনুক। বর্শাছোঁড়া জ্যাভোলিনথ্রো। হাতুড়িছোঁড়া হ্যামারথ্রো। ডিসকাসথ্রো। শটপুট গোলাছোঁড়া। বন্দুকছোঁড়া শুটিং। রাইফেল ফ্রি-রাইফেল,ফ্রি-পিস্তল, -শুটিং। ট্র্যাপ শুটিং। স্কিট শুটিং। ক্লে-পিজিয়ন -শুটিং। স্ট্যান্ডিং সিটিং প্রোন। লক্ষ্য নিশানা টার্গেট।

অশ্বচালনা রাইডিং। পোলো। ল্যান্সিং।

নৌকা,-চালনা,-বাইচ। রোয়িং। স্কালস। পেয়ারস। ফোরস। কক্সওয়েন। ক্যানোয়িং। কায়াক। ক্যানাডিয়ান। ইয়টিং। ড্রাগন। স্টার। ফ্লাইং ডাচম্যান। টেম্পেস্ট। সোলিং।

সাইকেল চালনা সাইক্লিং। সাইকেল-রেস। স্প্রিন্ট ট্যানডেম টাইমট্রায়াল। রোড-রেস। ভেলোড্রম।

মল্লযুদ্ধ কুস্তি দ্বন্দ্বযুদ্ধ মালাম। হাতাহাতি। কুস্তির প্যাঁচ। ফ্রিস্টাইল। গ্রেকো-রোমান। মুষ্টিযুদ্ধ বক্সিং। বক্সিং রিং। প্ল্যাটফর্ম। ফ্লোর। বাউট।

জিমন্যাস্টিকস। অ্যাক্রব্যাটিকস। ফ্লোর এক্সারসাইজ। প্যারালাল-বার। হরাইজন্টাল-বার। অসমান-বার। সাইড-হর্স। ভল্টিং-হর্স। ব্যালান্স বিম। রিং। রোপ ক্লাইম্বিং। ট্র্যাপিজ। ভারোত্তোলন ওজনতোলা ওয়েটলিফটিং। স্ন্যাচ। জার্ক।

মার্শাল আর্ট। জুডো। কুংফু। কারাতি। জুজুৎসু। অসিচালনা ফেন্সিং। ফয়েল। স্যাবার।

ফুটবল বলখেলা। বল। গোল। গোলপোস্ট। গোল,-রক্ষক,-কিপার,-। ব্যাক। স্টপার ব্যাক হাফব্যাক। লিঙ্কম্যান। লেফট-ইন লেফট

আউট। রাইট-ইন রাইট-আউট। ফরোয়ার্ড সেন্টার ফরোয়ার্ড। স্ট্রাইকার। গোল-লাইন। সাইড-লাইন। পেনালটি বক্স। অফসাইড। কর্নার। কিক-শট গোলকিক ডাইরেক্ট,ইনডাইরেক্ট,-ফ্রি-কিক,-কর্নার-কিক। থ্রো। পাস ক্রস-পাস লং-পাস শর্ট-পাস। ফাউল। হ্যান্ডবল। লব সেন্টার। হেড। জ্যাব। ডজ। ভলি ব্যাকভলি হাফভলি।

ক্রিকেট। ব্যাট। ব্যাটিং ব্যাটসম্যান। বল। পিচ উইকেট। স্টাম্প মিডলস্টাম্প লেগস্টাম্প অফস্টাম্প। প্যাড গ্লাভস। শট মার। ড্রাইভ স্ট্রেট-ড্রাইভ অন-ড্রাইভ কভার-ড্রাইভ। ফ্লিক। কাট স্কোয়ারকাট লেগকাট। হুক। সুইপ। স্লিক। পুল। গ্ল্যান্স। স্ট্রেট-ব্যাট। ক্রস-ব্যাট। রান। চার বাউন্ডারি। ছয় ছক্কা ওভার-বাউন্ডারি। হাফ-সেঞ্চুরি পঞ্চাশ। শতরান সেঞ্চুরি। বোলিং বোলার। ফাস্ট-বোলিং পেস। মিডিয়াম-পেস-বল। গুড-লেংথ-বল। শর্ট-লেংথ-বল। ফুল-পিচ-বল। নো-বল। ওয়াইড-বল। সুইং ইনসুইং আউটসুইং। কাটার। স্পিন বোলিং। লেগ,-স্পিন,-ব্রেক। অফ,-স্পিন,-ব্রেক। গুগলি। ইয়র্কার। স্পিনার। বাম্পার। ফিল্ডিং ফিল্ডসম্যান ফিল্ডার। অন-সাইড। অফ-সাইড। গালি। স্লিপ। পয়েন্ট। সিলিপয়েন্ট। কভার পয়েন্ট। লেগস্লিপ। একস্ট্রা কভার। মিড-অফ। লং-অফ। সিলি-মিড অফ। লং-লেগ। শর্ট-লেগ। স্কোয়ার-লেগ। ফাইন-লেগ। ডিপ-ফাইন-লেগ। উইকেট,-রক্ষক,-কিপার। মিড-উইকেট। ডিপ-মিড-উইকেট। লং-অন। উইকেটপতন আউট। বোল্ড। ক্যাচ। লেগ-বিফোর-উইকেট। স্টাম্পড হিটউইকেট। রান আউট। ওভার। ইনিংস। ক্রিজ পপিং-ক্রিজ। সাইট-স্ক্রিন। স্কোর স্কোরবোর্ড স্কোয়ার। ম্যাচ। টেস্টম্যাচ। একদিনের-খেলা ওয়ানডে-ম্যাচ। লিমিটেড-ওভার।

হকি। বল। হকিস্টিক। গোল। ডি। স্টিক। পেনালটি,-শর্ট,-কর্নার। পেনালটি,-পুশ,-স্ট্রোক।

টেনিস-লন টেনিস। পাওয়ার টেনিস। টেনিস বল। র‍্যাকেট। টেনিসকোর্ট। হার্ডকোর্ট। সেট। সার্ভিস। গেম।

ব্যাডমিন্টন। র‍্যাকেট। নেট। শাট্‌ল কক। ব্যাডমিন্টন কোর্ট। স্কোয়াশ। বেসবল। রাগবি। ভলি,-বল। ভলিবল কোর্ট। সার্ভিস। লিফট। রোটেশন। স্ম্যাশ। বাসকেট বল। হ্যান্ডবল। গল্‌ফ। গলফ্‌কোর্স।

হাডুডু কাবাডি। চু-কিত-কিত। লুকোচুরি। ইকড়িমিকড়ি। কানামাছি। দাঁড়িবাঁধা। হাওয়া লকি। গাদন। এক্কাদোক্কা। গোল্লাছুট। খো খো। গাব্বুখেলা। মার্বেল,গুলি,-খেলা। লাট্টু খেলা। লাট্টু লাটিম। ডাণ্ডা,ডাং,-গুলি।

মৃগয়া শিকার হান্টিং। বিগগেম বাঘশিকার। মাছধরা এ্যাঙলিং।

অভ্যন্তরীণ,অন্তর্গৃহ,-ক্রীড়া ইনডোর-গেমস। লুডো। সাপলুডো। ছক্কা পাঞ্জা। ঘুঁটি। দান। দোফাঁদ। কাটাচুটি কাটাগোল্লা। কড়িখেলা। দশ পঁচিশ। গোলোক ধাম।

ক্যারমস্‌। ক্যারমবোর্ড ঘুঁটি স্টাইকার। টেবিলটেনিস পিংপং। টেব্‌ল নেট র‍্যাকেট। বিলিয়ার্ড। স্নুকার। বিলিয়ার্ড-টেব্‌ল। কিউ। ক্যানন। ইন-অফ। পটিং। ব্রেক। সেঞ্চুরি ব্রেক। মার্কার।

তাস গঞ্জিফা। ইস্কাপন হরতন রুইতন চিড়িতন। রং। পিট। তুরুপ তুরুপের তাস। টেক্কা দুরি তিরি সাহেব বিবি গোলাম। ব্রিজ কন্ট্রাক্টব্রিজ অকশনব্রিজ। পোকার গ্রাবু। ফিস। রামি। পেশেন্স। ব্রে। ফ্ল্যাশ তিনতাস। টোয়েন্টি নাইন।

দাবা শতরঞ্চ চেস। দাবার,-ছক,-বোর্ড। রাজা কিং। মন্ত্রী কুইন। ঘোড়া নাইট। নৌকা রুক। পিল

গজ বিশপ। বোড়ে পণ। কিস্তি চেক। উঠকিস্তি। রাজাবাঁধা কাসলিং। কিস্তিমাত। গজচক্র। অশ্বচক্র। ঘোড়ার আড়াই ঘর। জোর। চাপা ঢাকা পিন। চেকার। চাইনিজ চেকার। ড্রাফট। বাঘবন্দী। শীতকালীন খেলা। বায়াথ্লন স্কিইং শুটিং-স্কি জাম্পিং। ওয়াটার স্কিইং। স্কেটিং আইস -স্কেটিং আইস-রোলার-স্কেটিং। স্কেটিং রিং। আইস-হকি।

ক্রি. খেলা। খেলা করা। খেলানো। দৌড়ানো। লাফানো। ঝাঁপানো। তীর ছোঁড়া। বর্শা হাতুড়ি বা গোলা ছোঁড়া। বন্দুক ছোঁড়া। নৌকা চালানো। অশ্ব চালানো। সাইকেল চালানো। কুস্তি করা। মুষ্টিযুদ্ধ করা। ভারোত্তোলন করা। ফুটবল খেলা। শট করা। মারা। গোল সামলানো। ক্রিকেট খেলা। ব্যাট মারা। বল করা। ফিল্ডিং করা। মাঠ সামলানো। সার্ভ করা। লাট্টু ঘোরানো।

বিণ. ক্রীড়ন ক্রীড়মান। ক্রীড়া,-শীল,-রত,-মান। লীলা,-যুক্ত,-ময়। খেলোয়াড়ি খেলোয়াড়সুলভ। প্রতিযোগিতা,প্রতিদ্বন্দ্বিতা,-মূলক।

ক্রি-বিণ. ক্রীড়াচ্ছলে খেলার ছলে। খেলতে খেলতে।

৮৪৭। রসবোধ

বি. রস,-বোধ,-বত্তা,-জ্ঞান,-গ্রাহিতা রসজ্ঞতা রসানুভাবুকতা ভাবগ্রাহিতা। রস রসাস্বাদ রসাস্বাদন রসোপলব্ধি। রসাভাস। অষ্ট,নব,-রস। আদি,আদ্য,শৃঙ্গার,-রস। হাস্যরস। শোক করুণরস। ক্রোধ রৌদ্ররস। উৎসাহ বীররস। ভয়ানকরস। জুগুপ্সা ঘৃণা বীভৎসরস। অদ্ভুতরস। শান্তরস। বাৎসল্যরস। সাহিত্যরস। বৈষ্ণবসাধনা: শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর। রসিকতা রস কৌতুক পরিহাস (৮৪৮)। রসিক সুরসিক রসজ্ঞ রস,-বেত্তা,-বান,-বন্ত,-প্রিয়,-গ্রাহী। রস,-কলাবিৎ,-কলাজ্ঞ। স্বাদজ্ঞ। রসসিদ্ধ। বিদগ্ধ বোদ্ধা সমঝদার মর্মজ্ঞ মর্মী মর্মবেদী। সারগ্রাহী। রসরাজ হাসির রাজা বৈহাসিক পরিহাস,-প্রিয়, -রসিক।

ক্রি. রসগ্রহণ করা। রস করা। রসে মাতা। রস উপলব্ধি করা। রসিকতা করা (৮৪৮)। কথা কাটা। ছড়া কাটা। ফোড়ন দেওয়া বা কাটা। টিপ্পনী কাটা।

বিণ. রস,-ময়,-যুক্ত,-গর্ভ রসাত্মক রসাল সরস রসোত্তীর্ণ চিত্তাকর্ষক ভাবগ্রাহী মনোগ্রাহী মর্মগ্রাহী।

৮৪৮। পরিহাস

বি. পরিহাস পরিহাস্য। হাস্য,পরিহাস,-কৌতুক। হাস্যালাপ রসিকতা রঙ্গ,-রস,-রসিকতা। তামাশা হাসি,-ঠাট্টা,-তামাশা হাসাহাসি। রঙ্গ রঙ্গিমা রঙ্গ, -ভঙ্গ,-বিরঙ্গ,-তামাশা,-ঢং মজা রগড় মশকরা আমোদ নর্ম কেলি,-মুখ। কৌতুকী চুটকি জোক। প্রহসন। ইয়ারকি ঠাট্টা ফাজলামি ফচকেমি ছ্যাবলামি। খুনসুটি ফষ্টি,-নষ্টি ফাটকি। বট, -খেরা,-কেরা। ব্যঙ্গ বিদ্রূপ ব্যঙ্গবিদ্রূপ উপহাস শ্লেষ কটাক্ষ ব্যঙ্গোক্তি ছোকোক্তি শ্লেষোক্তি উপহাস,বিদ্রূপ,-বাক্য। দুষ্টুমি দুষ্টামি দুষ্টতা চঙ্গতা। ডেঁপোমি বাগাড়ম্বর বাচালতা প্রগলভতা। অতিরঞ্জন অসঙ্গতি ভাবাবরোহ। ভাঁড়ামি। ব্যঙ্গচিত্র কার্টুন নকশা বিদ্রূপনকশা ক্যারিকেচার। ভাঁড় সং বিদূষক নকুলে ক্লাউন জোকার হাস্যকৌতুকশিল্পী কমেডিয়ান কৌতুককারী। ব্যঙ্গ,-চিত্রী,-চিত্রশিল্পী কার্টুনিস্ট। রসবোধ (৮৪৭)। পরিহাসবোধ। বদরসিকতা। এপ্রিলফুল।

ক্রি. হাসাহাসি করা। হাসানো। হাসিঠাট্টা বা ইয়ারকি করা। রসিকতা করা। ভাঁড়ামি করা। ভ্যাঙানো। নকল করা জব্দ করা। বোকা বানানো।

ঠকানো। দুষ্টুমি করা। বদরসিকতা করা। বোকা বা বেকুব বনা।

বিণ. পরিহাসজনক। পরিহসনীয় পরিহাসরমণীয়। কৌতুকাবহ কৌতুকী কৌতুকপূর্ণ প্রাহসনিক। হাস্যোদ্দীপক হাস্যরসাত্মক। মজার মজাদার। আমোদজনক। পরিহাসক বৈহাসিক রগুড়ে আমুদে খেলুড়ে। পরিহাস,-রসিক,-প্রিয়। রঙ্গিলা। জমাটি।

ক্রি-বিণ. সকৌতুক। সকৌতুকে। ক্রীড়াচ্ছলে। পরিহাসকল্পে।

৮৪৯। রসবোধহীনতা

বি. রসবোধহীনতা রসাভাব রসহীনতা নীরসতা শুষ্কতা নিষ্প্রাণতা নির্বুদ্ধিতা। বেরসিকতা। বদ,বাজে,স্থূল,-রসিকতা। বৈচিত্র্যহীনতা।

ক্রি. রসবোধ বা রসজ্ঞান না থাকা। কথায় রসকষ বা ধার না থাকা। মামুলি কথা বলা। আনন্দ নষ্ট করা। রসে বাগড়া দেওয়া।

বিণ. রসবোধ,রসজ্ঞান,-হীন। রস,রসকষ,-হীন। অরসিক অরসজ্ঞ নীরস,-শুষ্ক,হৃদয়। কাঠখোট্টা। অরস গতরস নীরস শুষ্ক। বোঁদা হাবা। ভোঁতা,মোটা,-বুদ্ধি। চাষা নাড়াবুনে। রংকানা। নিরামিষ। কামগন্ধহীন।

৮৫০। কামনা

বি. কামনা বাসনা সাধ অভিলাষ ইচ্ছা (৬০৪)। বাঞ্ছা কাঙ্ক্ষা আকাঙ্ক্ষা ঈপ্সা অভীপ্সা লিপ্সা স্পৃহা আসক্তি। শখ খায়েশ রুচি অভিরুচি। নেশা মৌতাত।

ক্ষুৎ ক্ষুধ ক্ষুধা ক্ষুদ্বোধ খিদা খিদে বুভুক্ষা ভুখ অগ্নি। জিঘৎসা। জঠরজ্বালা। তৃষ্ণা তৃষা তিয়াস তেষ্টা পিপাসা পিয়াসা পিয়াস উদন্যা অনুতর্ষ। ক্ষুৎপিপাসা ক্ষুধাতৃষ্ণা খিদেতেষ্টা। কাম রিরংসা। ভোগ,-বাসনা,-স্পৃহা,-তৃষ্ণা,-পিপাসা,-লালসা ভোগাকাঙ্ক্ষা ভোগবিলাস ভোগাসক্তি।

চাওন চাওয়া যাচন মাগন ভিক্ষা আবদার। খাঁই খাঁকতি নোলা। লৌল্য হ্যাংলামি হ্যাংলা,-আদেখলা,-পনা আদেখলামি লালচ ল্যালঠামি। কাঙালি,-কাঙাল,-পনা।

লোভ লোলুপতা লিপ্সা লালসা গৃধ্নুতা জিঘৃক্ষা লুব্ধতা। প্রলোভ প্রলোভন লোভন বিলোভন সম্মোহন। আকুলতা আগ্রহ ঔৎসুক্য। অভাব প্রয়োজন দরকার জরুরাত চাহিদা টান গরজ।

উৎকাঙ্ক্ষা উচ্চাভিলাষ উচ্চাকাঙ্ক্ষা অত্যাকাঙ্ক্ষা অনুকাঙ্ক্ষা দুরাকাঙ্ক্ষা দুর্বাসনা দুরাশা। অতি,-লোভ-স্পৃহা।

ক্রি. কামনা বাসনা বা খায়েশ করা। চাওয়া। সাধ করা বা থাকা। শখ করা বা থাকা। আশা করা (৮৫৭)। হাপিত্যেশ করা। কাঙাল হওয়া। ছটফট করা। খাঁইখাঁই বা ছোঁকছোঁক করা। পাওয়ার জন্য ছুটে বা দৌড়ে বেড়ানো। পিছন লাগা। হ্যাংলামি করা। অনুনয়-বিনয় করা। পদলেহন করা। অভাব প্রয়োজন বা দরকার অনুভব করা।

ক্ষুধা বা তৃষ্ণা পাওয়া। মোহ আকর্ষণ বা টান অনুভব করা। চোখে নেশা ধরা। মুখে জিবে বা নোলায় জল আসা। চোখ টাটানো। লোভ হওয়া। লালসার উদ্রেক করা। হাত বাড়ানো। হুমড়ি খেয়ে পড়া। কাড়াকাড়ি করা।

বিণ. কাম্য কামনীয় বাসনীয় বাঞ্ছনীয়। কামিত বনিত কাঙ্ক্ষিত আকাঙ্ক্ষিত অভিলাষিত ঈপ্সিত অভীপ্সিত অভিপ্রেত অর্থিত বাঞ্ছিত। কাম্য তৃষ্য। ইষ্ট অভীষ্ট। যাচিত যাচনীয় যাচিতব্য স্পৃহণীয় আকাঙ্ক্ষণীয়। আবশ্যকীয় প্রয়োজনীয়। আকুল ব্যাকুল ব্যগ্র উৎসুক।

ক্ষুধার্থ বুভুক্ষু। ক্ষুধিত ক্ষুধান্বিত বুভুক্ষিত ক্ষুৎ,-কাতর,-পীড়িত ক্ষুধাকাতর ক্ষুৎক্ষাম ভুখা।

তৃষ্ণার্ত তৃষিত তৃষাতুর তৃষ্ণা,-কাতর,-ক্লিষ্ট তৃষ্ণালু তৃষ্ণিত তৃষ্ণক সতৃষ্ণ পিপাসার্ত পিপাসু পিপাসী পিপাসিত পিপাসাকাতর পিপাসাকুল পিয়াসু উৎপিপাসু।

কামুক কম্র লোভী লোভাতুর লোলুপ লিপ্সু। বিলোল লোল। অভীক লুব্ধ প্রলুব্ধ লুব্ধ,-চিত্ত,-মতি লুব্ধাশয় লালস লালসার্ত লালসান্বিত লালায়িত স্পৃহাবান সস্পৃহ গৃধ্নু জিঘৃক্ষু লোভা লোভাপ্তি লুভিষ্টি। আদেখলা হ্যাংলা লালচি লালঠে ছোঁচা কাঙাল। হাভাতে হাড়হাভাতে।

আকাঙ্ক্ষী ঈপ্সু অভীপ্সু সাকাঙ্ক্ষ অভিলাষী। উচ্চাভিলাষী উচ্চাকাঙ্ক্ষী অত্যুৎসাহী। তীক্ষ্ণ তীব্র। সমাদৃত জন,লোক,-প্রিয়। সর্বজন,-প্রিয়,-সমাদৃত।

৮৫১। পরিতৃপ্তি

বি. পরি,-তৃপ্তি,-তুষ্টি সন্তুষ্টি তৃপ্তি। ক্ষুন্নিবৃত্তি। আত্ম,-তৃপ্তি,-তুষ্টি,-প্রসাদ। চরিতার্থতা। পর্যাপ্তি বাহুল্য। নিবৃত্তি (১৪০)। পূর্তি ঠোস।

ক্রি. পরিতৃপ্তি হওয়া। পরিতুষ্ট হওয়া। চাহিদা শখ সাধ আশা বা খায়েশ মেটা। সাধ পূর্ণ হওয়া। পেট ভরা বা ঠোস মারা। মন ভরা। আকণ্ঠ ভোজন করা। পেটে জায়গা না থাকা। মুখ মরে যাওয়া। শানা। পিপাসা মেটা। মন প্রাণ বা হৃদয় জুড়ানো। ক্লান্ত হওয়া।

বিণ. পরি,-তৃপ্ত,-তুষ্ট। তৃপ্ত। চরিতার্থ। সুচেতা।

ক্রি-বিণ. সাধ,আশ,-মিটিয়ে। মনের,-সাধে,-সুখে। চুটিয়ে। যথেচ্ছ। যার পর নাই।

৮৫২। নিস্পৃহতা

বি. নিস্পৃহতা অনীহা অনিচ্ছা (৬০৫)। অনভিলাষ অনাকাঙ্ক্ষা অযাচন অনপেক্ষতা উপেক্ষা ঔদাসীন্য উদাসীনতা। নৈরপেক্ষ। নিশ্চেষ্টতা। শূন্যদৃষ্টি বৈরাগ্য শ্মশানবৈরাগ্য। অপ্রত্যাশা। উপরতি বিতৃষ্ণা। অবদমন।

ক্রি. স্পৃহা ইচ্ছা বাসনা বা কামনা না করা। না চাওয়া। অপছন্দ করা। ভাল না লাগা। রুচি না থাকা। খিদে না থাকা। লোভ না থাকা।

বিণ. নিস্পৃহ স্পৃহা,-হীন,-শূন্য গতস্পৃহ অনীহ নিষ্কাম কামনা,-হীন,-শূন্য নিরাকাঙ্ক্ষা। বীত,-রাগ,-স্পৃহ,-কাম। বিবাগী উদাসীন নিরাসক্ত অনাসক্ত। নীরস নিস্প্রাণ ভাবলেশহীন। কামগন্ধহীন। বৈরাগী সাত্ত্বিক। নির্মোহ নির্লোভ। অকাম্য অবাঞ্ছনীয় অবাঞ্ছিত অনীপ্সিত অনভিপ্রেত অযাচিত অপ্রার্থিত অনভিলষণীয় অচিকীর্ষু। উপযাচিত। অনাদৃত অপ্রিয়। অস্পৃশ্য। অখাদ্য।

৮৫৩। বিতৃষ্ণা

বি. বিতৃষ্ণা অরুচি অপ্রবৃত্তি অনিচ্ছা। বিরাগ। বিরক্তি বিমুখতা অপ্রসন্নতা বিদ্বেষ বিরোধিতা। ঘৃণা (৮৯৪)। বমন ন্যক্কার। ভয় ভীতি। অনীহা

ক্রি. অপছন্দ করা। না রোচা। অরুচি করা। পরিহার করা। এড়িয়ে চলা। ঘৃণা করা। ঘেন্না ধরে যাওয়া। নাক সিটকানো। গা ঘিনঘিন করা। গা পাক দেওয়া। গা গুলিয়ে যাওয়া। বমি পাওয়া বা লাগা। সহ্য করতে না পারা। কষ্ট বা পীড়া দেওয়া।

বিণ. বিতৃষ্ণ বীত,-স্পৃহ,-রাগ,-শ্রদ্ধ। বিরক্ত। বিমুখ পরাঙ্মুখ বিরূপ অপ্রসন্ন। ঘৃণ্য বীভৎস বিকর্ষী নোংরা অসহ্য অসহনীয় অবিষহ্য দুর্বিষহ। ন্যক্কারজনক। অখাদ্য অপেয়। বিস্বাদ অরুচিকর অরোচক। তিক্ত। অপ্রীতিকর অপ্রিয় অকাম্য অবাঞ্ছিত।

৮৫৪। অবসাদ

বি. অবসাদ অবসন্নতা কাহিলভাব স্ফূর্তিহীনতা উৎসাহহীনতা। শ্রান্তি (৬৯২)। পরিশ্রান্তি ক্লান্তি ক্লম। ভার বোঝা দৌর্মনস্য। প্রমীলা তন্দ্রা ঢুলুনি ঝিমুনি। খোয়ারি। বিরক্তি। একঘেয়েমি। ঘ্যানঘ্যানানি। বমন বমি ন্যক্কার। পীড়া অসুখ। নিবৃত্তি।

ক্রি. অবসাদ বোধ করা। ক্লান্ত শ্রান্ত বা পরিশ্রান্ত হওয়া। থকা। থকে যাওয়া। ঘুম তন্দ্রা বা ঢুলুনি পাওয়া। ঝিমিয়ে পড়া। নেতিয়ে পড়া। টসকানো। পীড়া দেওয়া। বমি লাগা। বিরক্ত হওয়া।

বিণ. অবসন্ন অবসাদিত অবসাদগ্রস্ত। স্ফূর্তিহীন উৎসাহহীন। শ্রান্ত পরিশ্রান্ত ক্লান্ত হয়রান হালাক। ভার বিধুর ভারাক্রান্ত ভারগ্রস্ত। ম্লান শুষ্ক। শুকনো মুখ। বিরক্ত উত্ত্যক্ত। নিস্পৃহ। বেরসিক। অবসাদক ক্লান্তিকর। ক্লিশ্যমান ম্রিয়মাণ। কণ্ঠাগত ওষ্ঠাগত।

৮৫৫। প্রাবল্য

বি. প্রাবল্য প্রবলতা প্রখরতা প্রাখর্য। আধিক্য বাড়াবাড়ি। প্রকোপ দাপট প্রাদুর্ভাব। অবনতি তীব্রতা প্রচণ্ড,-ত্ব,-তা(১৭১)। দমসম। উগ্রতা। আতিশয্য দৌরাত্ম্য। হিড়িক ধুম। বাহুল্য অতিবাড়। অতিবৃষ্টি।

ক্রি. অধিকতর খারাপ বা মন্দ হওয়া। প্রকোপ বাড়া। প্রবল তীব্র বা প্রচণ্ড আকার ধারণ করা। জ্বর বাড়া বা বেড়ে যাওয়া। দম বের হওয়া। আইঢাই করা। তিক্ত বা তেতো হওয়া। সারা শরীরে ঘা ছেয়ে যাওয়া। পচা বা কাটা। পচে যাওয়া।

বিণ. প্রবল প্রখর প্রচণ্ড তীব্র গাঢ় উগ্র। অত্যন্ত অতিমাত্র অতিশয়। প্রকোপিত। বৃদ্ধিপ্রাপ্ত। অনুপশমিত অনিবৃত্ত। অসহ অসহনীয় অসহ্য দুর্বিষহ।

৮৫৬। উপশম

বি. উপশম আসান লাঘব প্রশমন হ্রাস। নিবারণ দূরীকরণ অপনোদন। মোচন অবমোচন বিমোচন। ত্রাণ সাহায্য। পরিত্রাণ উদ্ধার। মুক্তি নিষ্কৃতি। শম শান্তি নিবৃত্তি ক্ষান্তি। আরাম নিরাময়। প্রবোধ সান্ত্বনা সমবেদনা। আশ্বাসদান। উৎসাহদান।

ক্রি. উপশম আসান বা লাঘব হওয়া বা করা। নরম হওয়া। নরমানো। নামা। দমা। কমা। কমানো। জুড়ানো। ঠাণ্ডা হওয়া। হাঁপ ছেড়ে বাঁচা। ঘাম দিয়ে জ্বর ছাড়া। হাড় জুড়ানো। হাড়ে বাতাস লাগা। শান্তি পাওয়া। মলম দেওয়া। মালিশ করা। প্রতিকার করা। চিকিৎসা করা। উদ্ধার ত্রাণ বা সাহায্য করা। দূরীকরণ অপনোদন বা নিবারণ করা। সান্ত্বনা বা প্রবোধ দেওয়া।

বিণ. উপশমিত প্রশমিত। নিবৃত্ত নিবারিত দমিত। সংযত শান্ত। শময়িতা নিবারক।

৮৫৭। আশা

বি. আশা আশ। আশংসন আশংসা প্রত্যাশা। হাপিত্যেশ। ভরসা উমেদ আশ্বাস বিশ্বাস আস্থা। অভয়। বরাভয়। নিরাপত্তা। সম্ভাবনা। জীবনের,জন্মের,-সাধ। সাধ শখ কামনা বাসনা (৮৫০)। আশা,-পাশ,-বন্ধ,-বন্ধন। আশা,-তরু, -লতা। প্রতিশ্রুতি। উচ্চাশা উচ্চাকাঙ্ক্ষা। আগ্রহ উৎসাহ। দুরাশা দুরাকাঙ্ক্ষা দুর্বাসনা দুরাগ্রহ। দিবাস্বপ্ন। বোকার স্বর্গ। অবলম্বন আশ্রয়। নোঙর মাস্তুল কাছি। তীর্থের কাক।

ক্রি. আশা করা। ভরসা করা। আস্থা রাখা। কামনা করা। আকাঙ্ক্ষা থাকা। উচ্চাশা রাখা। প্রত্যাশা

করা। আশা রাখা। বুক বাঁধা। মন্দের ভাল দেখা। উৎসাহিত বা অনুপ্রাণিত করা। অভয়দান করা। আশা দেওয়া। আশা পূরণ করা। আশা পূর্ণ হওয়া। সাধ মেটা। শখ মেটা।

বিণ. আশা,-পূর্ণ,-ব্যঞ্জক,-প্রদ। আশাস্পদ। আশাস্য। আশানুরূপ আশানুযায়ী। নিশ্চিত নিঃসন্দেহ। আশান্বিত। উৎসাহিত আশাবাদী আশংসু আশংসাকারী প্রত্যাশী। উমেদার। প্রার্থী। আস্থাবান। স্বাবলম্বী। সাহসী (৮৬১)। শুভ। সুলক্ষণ। মাভৈঃ। উজ্জ্বল রঙিন। সম্ভাব্য। প্রত্যাশিত আশংসিত। কুহকিনী।

ক্রি-বিণ. আশ মিটিয়ে। আশা করে। ইনশা -আল্লাহ।

৮৫৮। নিরাশা

বি. নিরাশা নৈরাশ্য নৈরাশ নৈরাশা। হতাশা (৫৩২)। দুরাশা দুরাকাঙ্ক্ষা। নির্বেদ হাহুতাশ (৮৪১)। অপ্রত্যাশা। আশাভঙ্গ। স্বপ্নভঙ্গ। মোহ, -ভঙ্গ,-মুক্তি। মিথ্যা আশা। মায়া। মায়া,স্বর্ণ,-মৃগ সোনার হরিণ। অরণ্যেরোদন। আলেয়া মরীচিকা। আকাশকুসুম। বকাণ্ডপ্রত্যাশা। আশা,ভরসা, -হীনতা। নৈরাশ্যবাদ নৈরাশ্যবাদিতা। নিরাশ্বাস নিস্পৃহতা নিরুৎসাহিতা। প্যাঁচা। কাক।

ক্রি. আশা ভঙ্গ হওয়া। মোহ ভঙ্গ হওয়া। নিরাশ হওয়া। হতাশ হওয়া। হাল ছাড়া। বসে পড়া। পথে বসা। মুষড়ে পড়া। মন ভেঙে যাওয়া। মনোবল হারানো। দীর্ঘশ্বাস বা দীর্ঘ নিঃশ্বাস ফেলা। মাথা কোটা। মাথা ঠোকা। হাহুতাশ করা। মাথায় হাত দেওয়া।

বিণ. নৈরাশ্য,-জনক,-ব্যঞ্জক,-সূচক। নিরাশাব্যঞ্জক। হতাশা,-ব্যঞ্জক,-সূচক। নৈরাশ্যবাদী। উচ্চাশাহীন। নিরাশ আশা,-হীন, -শূন্য আশাভরসাহীন। হতাশ ভগ্নাশা হতাশাগ্রস্ত। ভগ্ন,-মনা,-হৃদয়,-চেষ্ট ভগ্নোৎসাহ উৎসাহহীন হতোদ্যম হতোৎসাহ হতাশ্বাস। নিরুৎসুক নিস্পৃহ বীত,-স্পৃহ,-রাগ স্পৃহাহীন। গত,-বিগত, -উপরত,-স্পৃহ। উদ্যমহীন নিরুদ্যম বিচেষ্টিত। কামনা,-হীন,-শূন্য বীতকাম ব্যর্থবাসনা। অশুভ অলক্ষুণে। অপ্রতিকার্য অপ্রতিবিধেয়। মরিয়া।

৮৫৯। উদ্বেগ

বি. উদ্বেগ চিন্তোদ্বেগ সংবেগ উৎকণ্ঠা উচাট বৈমনস্য দুর্ভাবনা দুশ্চিন্তা কুচিন্তা ভাবনাচিন্তা অকার্যচিন্তা অস্থিরতা উদভ্রম দৌর্মনস্য আধ্যান উৎকলিকা উদ্বেজন। আকুলতা আকুলিবিকুলি ব্যাকুলতা অধীরতা ছটফটানি ধড়ফড়ানি। বিহ্বলতা উদ্‌ভ্রম বিহ্বল। স্নায়ু,-দৌর্বল্য,-বিকার। চিত্ত,-বৈকল্য,-বৈক্লব্য,-বিকলতা,-ক্ষোভ, -চাঞ্চল্য মনশ্চাঞ্চল্য বিচল বিচলন সংক্ষোভ টেনশন। আশঙ্কা সংশয় ভয় (৮৬০)।

ক্রি. উদ্বিগ্ন আকুল বা উৎকণ্ঠা হওয়া। অস্থির লাগা। ছ্যাঁৎ করা। ছমছম করা। মন তোলপাড় করা। মন কেমন করা। ঘরবার করা। খচখচ করা। খচ করে ওঠা। কু ডাকা। থমথম করা। ছটফট করা। দুশ্চিন্তা বা দুর্ভাবনা করা। আশঙ্কা করা। চিন্তা বা ভাবনা করা। ভেবে ভেবে সারা হওয়া।

বিণ. উদ্বেগী। উদ্বিগ্ন,-চিত্ত,-মনা সংবিগ্ন বিগ্ন আবিগ্ন বিবিগ্ন উৎকণ্ঠ উৎকণ্ঠিত উদ্বেল উদ্বেলিত উদ্বেজিত উৎক উৎকলিত উতলা উতরোল উচ্চকিত আকুল ব্যাকুল ব্যাকুলিত অধীর অস্থির সোৎকণ্ঠ উদ্‌ভ্রান্ত চিন্তিত ভাবিত ভাবনাগ্রস্ত চিন্তাকুল চিন্তান্বিত চিন্তাক্লিষ্ট। দুশ্চিন্তা, -দুর্ভাবনা,-গ্রস্ত দুর্মনায়মান দুর্মনা অন্তর্মনা বিচেতাঃ উচাটন আনচান আকর্ষচিত্তক। দুশ্চিন্তাকারী।

৮৬০। ভীতি

বি. ভীতি ভয় ডর খওফ শঙ্কা আতঙ্ক চমক। ত্রাস ত্রসন তরাস আশঙ্কা অভিশঙ্কা খতরা সম্ভ্রম সাধ্বস ভীষা ঘাবড়ানি। উদ্বেগ (৮৫৯)। কাঁপুনি লোম,রোম,-হর্ষণ শিহরণ দুরুদুরুভাব হিমশিম টিপটিপানি আঁতকানি ভড়কানি অস্থিরতা। পরোয়া। ভীরু,-তা,-ত্ব কাপুরুষতা (৮৬২)। ভয়ংকর,-তা,-ত্ব ভয়ানকত্ব ভয়াবহ,-তা,-ত্ব ভয়ালতা। ভয়,ভীতি,-বিহ্বলতা ভয়াচ্ছন্নতা ভীষণতা বিভীষিকা। ত্রাসন সন্ত্রাস,-ন উৎত্রাস উৎত্রসন বিত্রাস। ভীতকরণ ভীতিপ্রদর্শন হুমকি (৯৪১)। হুংকার তর্জন গর্জন ত্রাসসঞ্চার। সন্ত্রাসবাদ ভীতিবাদ টেররিজম। চরমবাদ অতিশয়পন্থা হিংসাশ্রয়িতা। গুণ্ডামি। ডাণ্ডাবাজি। জীবনাশঙ্কা প্রাণভয় মৃত্যুভয়। শত্রুভয় প্রতিভয়। পরীক্ষার ভয়। কম্পিউটার ভীতি। ভূতের ভয়।

ক্রি. ভয় করা খাওয়া বা পাওয়া। ডরানো। ভীত ত্রস্ত বা আতঙ্কিত হওয়া। তরাস লাগা। আঁতকানো। আঁতকে ওঠা। ভড়কানো। পরোয়া করা। ঘাবড়ানো। মুখ চুন করা। মুখ শুকনো। বিবর্ণ হওয়া। অন্ধকার দেখা। সরষেফুল দেখা। গুড়িশুঁড়ি মারা। লেজ গুটানো। হিমশিম খাওয়া। চমকানো। শিউরে ওঠা। বুক কাঁপা। হৃৎকম্প হওয়া। কাঁটা দেওয়া। গা ছমছম করা। গা হিম হয়ে আসা। বুকের রক্ত হিম হওয়া। রক্ত পানি হওয়া। বুক শুকানো। বুক দুরদুর বা টিপ টিপ করা। পেটের ভেতর হাত-পা সিঁধানো। বাবাগো মাগো করা। হাউমাউ করা। আল্লাহকে ডাকা। আল্লাহু আকবর ডাক দেওয়া। দুর্গানাম জপ করা। ভয় দেখানো। ভীতিপ্রদর্শন করা। হুমকি বা হুংকার দেওয়া। ত্রাস সঞ্চার করা। তর্জনগর্জন করা।

বিণ. ভীত ভয়ার্ত ভয়াতুর। ভয়,-গ্রস্ত,-ত্রস্ত, -চকিত,-বিহ্বল,-ক্লিষ্ট। ভয়াভিভূত ভয়াকুল ভয়াচ্ছন্ন বিত্রস্ত অপত্রস্ত বিভীষিত ত্রস্ত সন্ত্রস্ত ত্রাসিত সন্ত্রাসিত ত্রাসন্বিত শিহরিত রোমাঞ্চিত আশঙ্কিত বেজিত। ভয় তরাসে ভীষিত শঙ্কিত সশঙ্কিত সশঙ্ক আতঙ্কিত আতঙ্কগ্রস্ত। চকিত সচকিত চমকিত। উদ্বিগ্ন। ভয়ঢুকসা। ভয়ে, -কাঁচুমাচু,-জড়সড়,-কেঁচো।

ভয়দ ত্রাসদ ভয়ঙ্কর ভয়াল ভয়ানক ভয়াবহ ভীষণ। ভীতি,-কর,-জনক,-প্রদ। সন্ত্রাসজনক। শঙ্কা,-পূর্ণ,-বহুল শঙ্কিল আশঙ্কণীয়। সংশয়াকুল। অশুভ অমঙ্গলসূচক। সাংঘাতিক মারাত্মক সান্নিপাতিক। গা-ছমছমে। ছমছমে। লোম,রোম, -হর্ষক। রোমাঞ্চকর। রুদ্ধশ্বাস। করাল বিকরাল বীভৎসদর্শন।

ক্রি-বিণ দুরুদুরু। থরহরি। সভয়ে ভয়ে ভয়েভয়ে। ভয়ের চোটে। সশঙ্কে তরাসে। ত্রস্তভাবে সন্তর্পণে।

৮৬১। সাহস

বি. সাহস সাহসিক,-ত্ব,-তা হিম্মত। তেজ শৌর্য বীর্য বীরত্ব বিক্রম পরাক্রম ক্ষাত্রধর্ম। পুরুষত্ব পৌরুষ পুরুষকার। সৎসাহস মনের,-বল,-জোর। বুকের পাটা। কলিজা কলিজার জোর। আত্ম, -বিশ্বাস,-প্রত্যয়,-বিশ্বাস,-নির্ভরতা। নির্ভীকতা। ভয়,-শূন্যতা,-হীনতা,-রাহিত্য নির্ভয়তা অভয় অকুতোভয়তা শঙ্কাহীনতা নিঃশঙ্কতা অশঙ্কা অবিশঙ্কা। অনিশ্চিন্তভাব নিশ্চিন্ততা নির্ভাবনা নিরুদ্বেগ। দুঃসাহস দুঃসাহসিকতা অসম,-সাহস, -সাহসিকতা। ডাকাবুকো ভাব। বেপরোয়াভাব (৮৬৩)। প্রাণপণ জানকবুল। হায়দারি হাঁক। স্পর্ধা। আস্ফালন। বরাভয় অভয়,-বাক্য,-বাণী। কর্ম কৃতিত্ব কীর্তি। অবদান। বীর শূর যোদ্ধা

নায়ক। আলী ভীম বীরবাহু। শের ব্যাঘ্র সিংহ। সিংহপুরুষ। বীরাঙ্গনা।

ক্রি. সাহস করা বা দেখানো। হিম্মত করা। সম্মুখীন হওয়া। স্পর্ধা করা। বুক বাঁধা। বুক বাড়া। বুক পাতা। বুক ঠোকা। তোয়াক্কা কেয়ার বা পরোয়া না করা। কলিজা বড় করা। ছাতি বা বুক ফুলানো। সিনা টান করা। ভয় ভাঙা। ভয় না করা। ধর্তব্যের মধ্যে না আনা বা নেওয়া। মনে স্থান না দেওয়া। আশ্বাস ভরসা বা অভয় দেওয়া। আস্থা রাখা বা দেওয়া।

বিণ. সাহসিক দুঃসাহসিক অসমসাহসিক। সাহসী। তেজী তেজীয়ান তেজোময় তেজস্বী। বীর্য,-বান,-শালী। অভী অভীক নির্ভয় অকুতোভয় অভয়। ভয়,শঙ্কা,-শূন্য,-হীন অশঙ্ক নিঃশঙ্ক নরাতঙ্ক বিশঙ্ক নির্বিশঙ্ক অশঙ্কিত অবিশঙ্কিত অভীত অভীরু অত্রস্ত অসাধ্বস বিভীত ভীতি,-শূন্য,-হীন বীতভয়। অসম, -সাহসী,-সাহসিক দুঃসাহসী। বেপরোয়া দুর্জয় দুর্ধর্ষ। পরাক্রমশালী। মরদ। ডাকাবুকো ডানপিটে। উদ্যোগী। নাছোড়বান্দা ভবী। আত্ম,-বিশ্বাসী, -প্রত্যয়ী। অভয়সূচক মাভৈঃ অভয়দ অভয়প্রদ। অভয়,-দাতা,-দাত্রী আশ্বাসক। আশ্বস্ত আশ্বাসিত

ক্রি-বিণ. নির্ভয়ে নিঃশঙ্কচিত্তে অকুতোভয়ে।

৮৬২। কাপুরুষতা

বি. কাপুরুষ,-তা,-ত্ব ভীরু,-তা,-ত্ব ক্লীব,-তা,-ত্ব ক্লৈব্য। অপৌরুষ পৌরুষহীনতা সাহসহীনতা। মেয়েলিপনা। নপুংসকতা। নামরদ। ইঁদুর ছুঁচা। কাতরতা। পলায়নি মনোবৃত্তি। ভীতি (৮৬০)। সাদাপতাকা।

ক্রি. ঘাবড়ানো। ভয় পাওয়া(৮৬০)। থতমত খাওয়া। পিছিয়ে আসা। আগে না বাড়ানো। পিঠটান দেওয়া। লেজ গুটানো। কাজে ফাঁকি দেওয়া।

বিণ. কাপুরুষ। ভীরু ভীতু (৮৬০)। বুজদিল উজবুক উনবুক। ক্লীব নপুংসক। অক্ষম অপদার্থ দুর্বল কাতর। মুখচোরা মিনিমিনে। স্ত্রৈণ ভেড়া ভেড়ে। ফাঁকিবাজ। পলাতক।

৮৬৩। হঠকারিতা

বি. হঠকারিতা হঠ হট্টতা গোঁয়ার্তুমি হোঁতকামি দুঃসাহস অপসাহস। অসমসাহসিকতা। অসাবধানতা অবিমৃশ্যকারিতা (৫২২)। একগুঁয়েমি। বাড়াবাড়ি অসংযম। গলাবাজি। ফাটকাবাজি দাঁওবাজি।

ক্রি. হঠকারিতা বা গোঁয়ার্তুমি করা। অগ্রপশ্চাৎ বিবেচনা না করা। চোখের মাথা খাওয়া। দুঃসাহস দেখানো। আগুন নিয়ে খেলা। ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলা। অন্ধকারে ঝাঁপ দেওয়া। দাঁও মারার চেষ্টা করা। জুয়া খেলা। ভাগ্য পরীক্ষা করা।

বিণ. হঠকারী হোঁতকা গোঁয়ার কাঠগোঁয়ার। মরিয়া বেপরোয়া। অসমসাহসিক। উষ্ণরক্ত। বেহুঁশ বেফিকির অনবধান অসাবধান অসতর্ক। বেহিসাবি অবিবেচক অবিমৃশ্য,-কারী অগ্রপশ্চাৎবিবেচনাহীন। দুর্বিনীত দুর্দান্ত ডানপিটে। বদ্ধপাগল মাথাখারাপ। জুয়াড়ি দাঁওবাজ।

৮৬৪। সাবধানতা

বি. সাবধানতা সতর্কতা অগ্রপশ্চাৎবিবেচনা। পরিণামদর্শিতা। দূর,-দর্শিতা,-দৃষ্টি (৫৩৩)। হিসাব মনোযোগ (৪৮৩)। অভিজ্ঞতা। উপস্থিতবুদ্ধি। আত্ম,-বিশ্বাস,-সংযম। ধৈর্য স্থিরতা। সচেতনতা হুঁশ। হুঁশিয়ারি (৬৭৭)।

শ্যেনদৃষ্টি। সিংহাবলোকনন্যায়। সাবধান,সতর্ক, -বাণী। বিপদসংকেত। ওয়ার্নিং। প্রি-কশন। ভূশণ্ডি।

ক্রি. সাবধান সতর্ক বা হুঁশিয়ার হওয়া। সাবধানতা বা সতর্কতা অবলম্বন করা। হিসাব করা। বিবেচনা করা। চিন্তা করা। সামাল দেওয়া। সামলে চলা। বুঝেসুঝে চলা। দেখে চলা। রয়েসয়ে চলা। সাতপাঁচ ভাবা। বুঝে দেখা। সজাগ থাকা। চোখকান খুলে বা খাড়া রাখা। চামড়া বাঁচানো। গা বাঁচানো। গা বাঁচিয়ে চলা। গা বাঁচিয়ে কাজ করা। সতর্ক বা সাবধান করা (৬৭৭)। সাবধানে রাখা। আগলে বা সামলে রাখা। নজর রাখা। চোখে চোখে রাখা। আগলানো। কান খাড়া রাখা। কান সারা। সাবধানের মার নেই।

বিণ. সাবধানী সতর্ক হুঁশিয়ার তীক্ষ্ণদৃষ্টি। হিসাবি বিবেচক। দূরদর্শী পরিণামদর্শী। অতন্দ্র উন্নিদ্র। ঠাণ্ডা ধীর স্থির। সুচেতা। স্থিরমস্তিষ্ক। ঠাণ্ডামাথা। অনুদ্যোগী অতিসাবধানী। আত্মসর্বস্ব।

ক্রি-বিণ. সাবধানে। সন্তর্পণে। দেখে,বুঝে,-শুনে। সামালকে সামলে। তক্কেতক্কে। রয়েসয়ে। বুঝেসুঝে।

৮৬৫। রুচি

বি. রুচি সুরুচি রুচিশীলতা মার্জিতরুচি। রুচিভেদ সৌন্দর্য,-বোধ,-জ্ঞান। অভিরুচি স্পৃহা পছন্দ শখ। স্বরুচি। রুচিবিলাস। ভোজন,পান,পোষাক, -বিলাস। বাছবিছার বায়নাক্কা খুঁতখুঁতানি যথাযথতা অতিসমালোচনা ছিদ্রান্বেষণ। ছুঁতমার্গ ছোঁয়াছুঁয়ি। শালীনতা শিষ্টতা শ্লীলতা শুচিতা। শোভনতা সৌকুমার্য লালিত্য কান্তি। ভব্যতা ভদ্রতা সভ্যতা সংস্কৃতি। কান্তি,-শাস্ত্র,-বিদ্যা। বাছবিচার বিবেচনা। কেতা স্টাইল ফ্যাশন। বাবু ফুলবাবু কার্তিকঠাকুর লক্কাপায়রা কাপ্তান। বিবি, -বউ মেম,-সাহেব। আধুনিকা।

ক্রি. রুচি থাকা। রুচির পরিচয় দেওয়া। শখ বা পছন্দ থাকা। বাছবিচার করা। মানাবাছা করা। বিবেচনা করা। মুখে না আনা। কানে আঙুল দেওয়া। খুঁত ধরা। খুঁতখুঁত করা। পান থেকে চুন না খসা। পাটের ভাঁজ না ভাঙা। নাক সিঁটকানো। ফুটানি করা। কোঁচা দুলিয়ে বেড়ানো।

বিণ. রুচিবান রুচিকর রুচিষ্য। চারু ললিত মনোহর। রুচি,-পূর্ণ,-সম্পন্ন,-স্নিগ্ধ সুরুচিসম্পন্ন। রুচ্য রুচির রোচ্য রোচক রুচিমান। শোভন শোভনীয়। শালীন শিষ্ট মার্জিত উন্নতরুচি। সভ্য ভব্য ভদ্র। কেতাদুরস্ত লেফাফাদুরস্ত। যথাযথ ঠিকঠিক। পবিত্র শুচি। শৌখিন বিলাসী ভোজনবিলাসী। রুচিবাগীশ। পিটপিটে খুঁতখুঁতে।

৮৬৬। কুরুচি

বি. কুরুচি রুচি,-বিকার,-বিকৃতি রুচি,-হীনতা, -দৈন্য। সৌন্দর্যজ্ঞান,সৌন্দর্যবোধ,-হীনতা। অশালীনতা অশিষ্টতা অশ্লীলতা অসভ্যতা অভদ্রতা বর্বরতা ছোটলোকামি। ইতরতা ইতরামি নোংরামি। কু,-কথা,-বাক্য,-বচন। অকথা। খারাপ,বাজে,-কথা। অশ্লীল,অকথ্য,অশ্রাব্য, -কথা। অশালীন,অশিষ্ট,-বাক্য। অপ,-শব্দ, -ভাষ। ইতর,অপ,-ভাষা দুরুচ্চার। কদুক্তি কটূক্তি গলাবাজি। ফুটানি চটক ভড়ং জাঁক। ভাঁড়। অপসংস্কৃতি। কেলাকার্তিক ভুঁইফোঁড় হঠাৎবাবু।

ক্রি. কুরুচির পরিচয় দেওয়া। ইতরামি নোংরামি বা অসভ্যতা করা। মুখ খারাপ করা।

বিণ. কুরুচি,-কর,-পূর্ণ,-সম্পন্ন। বিকৃতরুচি। সৌন্দর্যজ্ঞান,সৌন্দর্যবোধ,-হীন। অশালীন অশিষ্ট অশ্লীল অমার্জিত অসভ্য অভদ্র বর্বর বুনো।

রুচিবহির্ভূত। অকথ্য কুকথ্য অনুচ্চারণীয় অনুচ্চার্য অকহতব্য অকথনীয় দুরুচ্চার্য। অশ্রাব্য অশ্রবণীয়। অবাচ্য অভাষ্য অনালোচ্য। অনালোচনীয়। ইতর নোংরা। কদর্য জঘন্য কুৎসিত। অর্বাচীন। গ্রাম্য গেঁয়ো আচাভুয়া। সেকেলে। ভড়ক,ভড়ং,-দার।

৮৬৭। সৌন্দর্য

বি. সৌন্দর্য সুন্দরতা শোভা শোভনতা হুসন বাহার চারুতা চারিমা মঞ্জিমা বিভূষা। শ্রী ঠাম সুষমা সুষমতা লাবণ্য লাবণি। মাধুর্য মাধুরী মধুরিমা মধুর,-তা,-ত্ব ভগ নিছনি। রূপ অভিরূপ্য সুরূপতা রূপ,-শোভা,-লাবণ্য,-মাধুর্য,-মাধুরী,-বত্তা। সুশ্রীকতা ছিরি খুবসরতি কান্তি বর্চঃ। রূপের,-বহর,-ঘটা। সৌষ্ঠব সৌকুমার্য সুকুমারত্ব পরমাকৃতি। কমনীয়তা স্নিগ্ধতা স্নৈগ্ধ্য চেকনাই নমনীয়তা কোমলতা। রম্যতা রমণীয়তা। মনোজ্ঞতা মনোগ্রাহিতা হৃদয়গ্রাহিতা মনোহারি,-তা,-ত্ব। অনবদ্যতা চমৎকারি,-তা,-ত্ব। অপূর্ব,-তা,-ত্ব। অসামান্যতা।

দেহ,-সৌন্দর্য,-শ্রী,-কান্তি,-রুচি,-শোভা,-সৌষ্ঠব। অঙ্গ,-শোভা,-সুষমা,-সৌষ্ঠব। তনু,-শ্রী,-রুচি লক্ষ্মীশ্রী। মুখ,-ছবি,-কান্তি,-রুচি,-শোভা মুখচ্ছটা বদনকান্তি। চটক জেল্লা গ্ল্যামার। যৌন-আবেদন সেক্সঅ্যাপিল। মদন কন্দর্প কার্তিক অ্যাপোলো। উর্বশী। অপ্সরা ভেনাস। পরী হুরপরী।

সৌন্দর্য,-বোধ,-জ্ঞান। রুচি (৮৬৫)। সুরুচি। সৌন্দর্য,কান্তি,-বিদ্যা। নন্দন,-তত্ত্ব,-কলা। সুকুমারকলা। সৌন্দর্য,-সৃষ্টি,-বিধান,-বর্ধন। মণ্ডনকলা। মণ্ডন অলংকরণ (৮৭১)। প্রসাধন (৮৭০)।

ক্রি. সুন্দর করা। সৌন্দর্যমণ্ডিত করা। সৌন্দর্যবিধান করা। অলংকৃত করা (৮৭১)। কারুকার্য করা। সাজানো। গোছানো।

বিণ. সৌন্দর্য,-ময়,-পূর্ণ,-শালী। সুন্দর,শোভন,-রুচির। চারু মঞ্জু মঞ্জুল কান্ত। সুকুমার সুষম সুষমা,-ময়,-মণ্ডিত। মাধুর্যপূর্ণ। রূপময়। সু,-চারু,-ছন্দ,-রম্য,-রুচির,-ভগ,-শ্রী। শোভন সুশোভন শোভা,-কর,-জনক,-যুক্ত,-ময়,-মান। শোভিক শোভী শোভনক শোভনীয় শোভিত সুশোভিত রাজিত বিভ্রাজ। বাহারি বাহারে। রম্য রমণীয়। নান্দনিক। দৃষ্টি,-নন্দন,-শোভন। নয়ন,-রঞ্জন,-শোভন। নয়নাভিরাম নয়নানন্দ নয়নভোলানো দর্শনীয় পেশল তকল্লবি সু,দৃশ্য,-চিত্রক। কমনীয় কম্র কোমল সুকোমল নমনীয়। লাবণ্য,-চঞ্চল,-যুক্ত,-ময়,-পূর্ণ। ললিত সুললিত নাজুক বিতনু। ঢলঢল। রোচ্য রোচিষ্ণু রুচিষ্য। রুচ্য রোচক রুচি,-ক,-কর। রুচি,-স্নিগ্ধ,-সম্পন্ন সুরুচি,-পূর্ণ,-সম্পন্ন। চিত্তাকর্ষক চিত্ত,-মোহন,-তোষ,-রঞ্জন,-হারী,-প্রিয়,-গ্রাহী হৃদয়,-গ্রাহী,-হারী মনোহর মনোহারী মনোহরণ মনোগ্রাহী মনোতোষ মনোরঞ্জন অনবদ্য চমৎকার দিব্যি দিব্য। নিরূপম অনুপম অতুলনীয় অলোকসুন্দর অপূর্ব অপরূপ অভিরূপ অভিরাম। তোফা খাসা বেড়ে। লাজওয়াব। সুষ্ঠু। সর্বাঙ্গসুন্দর নিটোল নিখুঁত। টুকটুকে ফুটফুটে টুকটুক। টকটকে রং। ফর্সা উজ্জ্বলবর্ণ গৌর গৌরবর্ণ গৌরাঙ্গ গোরা শুভ্রকান্তি।

সুন্দর কান্তি,-মান,-ময়। রূপ,-বান,-বন্ত। সু,-দর্শন,-রূপ,-কান্ত,-কান্তি,-শ্রী। প্রিয়,-দর্শন,-দর্শী। চারুদর্শন। সৌম্য,-কান্তি,-দর্শন। শ্রী,-ময়,-মন্ত,-মণ্ডিত। অনিন্দ্য,কন্দর্প,-কান্তি। সৌম্য। সু,-তনু,-দেহী-ঠাম,-গঠন,-ডৌল,-ছাঁদ,

ছন্দ। সুপুরুষ বরাঙ্গ বর,-কায়া,-বপু। সু, বদন,-মুখ। উন্নত,উচ্চ,প্রশান্ত,-ললাট। সু, লোচন,-নয়ন,-নেত্র,-দৃশ,-দৃক। আয়তলোচন। টানাচোখ। পদ্মলোচন। সু,-নাস,-নাসিক উন্নতনাসা। সুকেশ। সুবাহু। কম্বু-কণ্ঠ,-গ্রীব। সু,শোভন,-গ্রীব উন্নতগ্রীব। সুমধ্যম সুমধ্যমা ক্ষীণকটি কৃশোদর। সুনাভ। সুহাস সহাস্যবদন হাসি,প্রফুল্ল,-মুখ ফুল্লাধর। পুরন্ত ফুটন্ত।

সুন্দরী রূপ,-বতী,-ময়ী রূপসী রূপিনী সুরূপা সুভগা। শ্রী,-ময়ী,-মতী,-যুক্তা রূপলাবণ্যবতী লাবণ্যময়ী। শোভনা শোভাময়ী সুদর্শন প্রিয়দর্শিনী। রমণীয়া। ললিতা খুবসুরত। চার্বী মনোজ্ঞা মনোরমা মনোলোভা মনোহারিণী মনোহরা চিত্তহারিণী। বরা বরাঙ্গনা বর্ণিনী বর,-নারী,-বর্ণিনী পরমা উত্তমা শ্রেষ্ঠা হেমা ধনি শিখরিণী রূপশ্রেষ্ঠা পরমাসুন্দরী। অপরূপা। অগম্যরূপ। ডানাকাটা পরী। ডাকসুন্দরী ডাকসাইটেসুন্দরী। তিলোত্তমা।

গৌরী উজ্জ্বলা। চিকনবরণী। কুঁচবরণী। দুধে আলতা। সু,-বদনা,-বদনী। বিধু,-বদন,-বদনা, -বদনী,-মুখী। চন্দ্র,শশী,-মুখী। চাঁদ,-বদনী, -মুখী। সু,-নয়ন,-নয়নী,-লোচনা,-নেত্রা। বামাক্ষী বামলোচনা চারুনেত্র। মৃগ,-নয়না,-নেত্রা,-লোচনা মৃগাক্ষী হরিণাক্ষী এণাক্ষী। কুরঙ্গ,হরিণ,চকিত হরিণ,-নয়না। পদ্ম,-আঁখি,-নেত্র,-চোখ,-লোচনা পদ্মপলাশলোচনা কমল,-আঁখি,-লোচনা। মীনাক্ষী মীননয়না। পটোলচেরা চোখ। কটাচোখী বিড়ালাক্ষী। মদিরাক্ষী মদিরেক্ষণা। আয়তাক্ষী আয়তলোচনা। আয়ত ডাগর। ড্যাবডেবে। সু, -কেশা,-কেশিনী কেশী কেশবতী মঞ্জুকেশিনী। অঞ্জন,-কেশিকা,-কেশী। মেঘবরণকেশ। বিম্বধরা বিম্বোষ্ঠা বিম্বোষ্ঠী পক্কবিম্বাধরোষ্ঠী। সু,শোভন, -নাসিকা সুনাসা। সু,শোভন,শিখর,-দশনা সুদন্তী সুদতী। সু,অঞ্চিত,বঙ্কিম,-ভ্রূ। সুনখী। কম্বু, -কণ্ঠ,-গ্রীবা। মৃণালভুজ। সুস্তনী। নিতম্বিনী সুনিতম্বিনী গুরু,নিবিড়,-নিতম্বা সুশ্রোণী বরারোহ। শোভন,ক্ষীণ,কৃশ,-কটি। তনুমধ্যা সুমধ্যমা ডমুরমধ্যমা। বামোরূ। কৃশোদরী নতোদরী। তন্বী একহারা ছিপছিপে স্লিম তন্বঙ্গী ক্ষীণাঙ্গী কৃশাঙ্গী। বরাঙ্গী সু,-তনুকা,-গঠন। কোমলাঙ্গী চার্বাঙ্গী কোমলিনী। যৌবন,রূপযৌবন, -বতী যৌবনমদমত্তা যৌবনোদ্ধতা। মোহিনী। লাস্য,লীলা,-ময়ী রঙ্গিনী চটকদার গ্ল্যামারাস। মদালসা। সু,-হাসা,-হাসিনী সুস্মিতা সুচিস্মিতা শুভ্রহাসিনী স্মিতাননা সহাস্যবদনা হাস্যমুখী।

৮৬৮। অসৌন্দর্য

বি. অসৌন্দর্য অসুন্দরতা সৌন্দর্যাভাব শ্রী,সৌন্দর্য,সৌষ্ঠব,-হীনতা। রূপরাহিত্য রূপাভাব, রূপের ঘাটতি। অসৌষ্ঠব অঙ্গবিকৃতি (২৪২)। কুরূপতা। বিকট,-তা,-ত্ব। জঘন্যতা বীভৎসতা কদর্যতা। কুরুচি (৮৬৬)। অশোভনতা। অশালীনতা সৌন্দর্যবোধ,সৌন্দর্যজ্ঞান,-হীনতা। কলঙ্ক (৮৬৯)। মালিন্য মলিনতা। কুরূপ কুপুরুষ। রূপের ধুচুনি। প্যাঁচা পেঁচি ডাইনী রাক্ষস। চামচিকা। ঝড়োকাক। লোহারকার্তিক কেলাকার্তিক।

বিণ. অসুন্দর শ্রী,শোভা,রূপ,সৌন্দর্য,সৌষ্ঠব, -হীন। বিশ্রী বিচ্ছিরি কুশ্রী শ্রীভ্রষ্ট। গত,বিগত, হত,ভগ্ন,-শ্রী। অরুচির। অসৌম্য। অশিব। কুৎসিত বিকট উৎকট মন্দ জঘন্য কদর্য বীভৎস। খাস্ত। কুদর্শন কদাকার কুতনু। বে,-ডৌল, -ঢপ,-ঢং। অসৌম্য,-মূর্তি,-দর্শন কুৎসিতদর্শন দেখতেখারাপ খারাপদেখতে। অদ্ভুতদর্শন কিম্ভূত,-কিমাকার বিতিকিচ্ছিরি আচাখুয়া

জবরজং বিদঘুটে বিটকেলে। বিকটাকার বীভৎসাকার। ঘোর,ভীম,ভীষণ,-দর্শন। ধুমসা ধুমসী হোঁদল কুঁৎকুঁৎ। নাদাপেটা ঢাউস। লাবণ্য,-কান্তি,-হীন। রূঢ় রুক্ষ কাঠখোট্টা কাঠকাঠ। অসুন্দরী কুরূপা রূপহীনা বিরূপিকা কুদর্শনা। খেঁদি। উঁচুকপালী টিপলি। নিস্তনী স্তনহীনা। সৌন্দর্যবোধ, সৌন্দর্যজ্ঞান,-হীন। অসুন্দরের পূজারী। কুরুচিকর (৮৬৬)। বিকলাঙ্গ (২৪২)। কলঙ্কময় (৮৬৯)।

৮৬৯। কলঙ্ক

বি. কলঙ্ক কলঙ্কময়তা কালিমা কলুষ,-তা কালি মালিন্য মলিনতা। দাগ কালির,কাটার,-দাগ কাটাচিহ্ন কালচিটা ক্ষতচিহ্ন। গুলির দাগ। অস্ত্রচিহ্ন। বসন্তের দাগ। জন্মের দাগ। চাঁদের কলঙ্ক। অঙ্গবিকৃতি (২৪২)। ছাপ ছোপ চিতি মেচেতা ছুলি। তিল। কালক জটুল জড়ুল মাসা আঁচিল। ফুসকুড়ি গোটা গুটি ফোসকা। ব্রণ বয়সফোঁড়া। ঘামাচি। আব টিউমার গোঁড় গেঁজ। ঘ্যাগ গলগণ্ড বলিরেখা বলি ত্রিবলি। লোল,শিথিল,-চর্ম।

বিণ. কলঙ্কময় কলঙ্কিত মলিন বিকৃত বিবর্ণ। বিকলাঙ্গ (২৪২)। খাঁদা খেঁদী। গলাভাঙ্গা। রংচটা। দাগপড়া। শ্রীভ্রষ্ট।

৮৭০। প্রসাধন

বি. প্রসাধন অঙ্গ,-সজ্জা,-সংস্কার,-সেবা,-রাগ মণ্ডন পরিকর্ম। বিচ্ছিত্তি। সাজ সজ্জা সাজসজ্জা বেশ বেশ,-ভূষা,-বিন্যাস ভোল। সজ্জিতকরণ চিত্রণ অলংকরণ অলংক্রিয়া (৮৭১)। সৌন্দর্য, রূপ,-চর্চা শৃঙ্গার। মুখ,-সজ্জা,-চিত্রণ। রূপসজ্জা মেকআপ। নখচর্চা ম্যানিকিওর। পদচর্চা পেডিকিওর।

কেশ,-কর্ম,-সজ্জা,-বিন্যাস,-প্রসাধন হেয়ার -ড্রেসিং। কেশ,-বেশ,-বিলাস। চুলের বাহার। হেয়ার,-স্টাইল,-ডু। কোঁকড়া,কোঁকড়ানো, ঢেউখেলানো,-চুল। কুঞ্চিত, আকুঞ্চিত,-কেশ। চূর্ণকুন্তল অলক অলকাবলি অলক,কেশ,-দাম। ঝাঁকড়া চুল। লম্বাচুল লম্বিতকেশ পুলস্তি। বাবরি। ছাঁটাচুল। ববছাঁট। বব্‌ড হেয়ার। স্টেপস। এলোচুল মুক্ত,এলো,আলুলায়িত,-কেশ। মুক্তবেণী খোলাচুল শিথিলকবরী। কবরীবন্ধন বেণীসংহার। বেণী বিনুনী। বেড়াবেণী। পনিটেইল। ববটেইল। খোঁপা কবরী যুক্তবেণী। ধুড়বুড়ি। ধুদ্ধুড়ি। এলোখোঁপা। চূড়োখোঁপা টপনট। কানড়খোঁপা। ডোনাট। ফ্রেঞ্চরোল। পাটিখোঁপা। ঝুঁটি। কেশ,-সংস্কার,-মার্জন। ব্যাকব্রাশ। সিঁথি সীমন্ত। টেরি অ্যালবার্ট। পরচুলা উইগ। চিরুনি কাঁকই কাঙ্গা। ফিতে জাদ। টাসল। গুছি। চুলের কাঁটা হেয়ারপিন চুলের ক্লিপ গুঁজিকাঠি। গন্ধ,ফুলেল,-তেল। তিল,নারকেল, আমলা, ইঙ্গুদি,-তেল। মাথার ক্রিম। পমেটম। কেশরঞ্জন কলপ খেজাব মাজুফল।

প্রসাধনী প্রসাধন,-দ্রব্য,-সামগ্রী। চার্চিক্য অঙ্গ,-প্রসাধন,-রাগ,-লেপ কসমেটিকস। চন্দন অগুরুচন্দন অগুরু। কৃষ্ণাগুরু কালাগুরু কৃষ্ণচন্দন। শ্বেতচন্দন। রক্ত,-লাল,-চন্দন। অর্কচন্দন। বরচন্দন। কুচন্দন। পীতচন্দন পীতসার হরিচন্দন শ্রীখন্ডচন্দন। দেবকর্দম। কাজল কজ্জল অঞ্জন আঁজন। কাজললতা। সুর্মা রসাঞ্জন। সুর্মাদান। নেত্র,-রঞ্জন,-লেপ চক্ষুরাগ আইলাইনার। আইশ্যাডো মাসকারা। ওষ্ঠ,-রঞ্জনী,-রাগ অধর,-রঞ্জনী,-রাগ। লিপস্টিক। লিপগ্লস। নখরঞ্জনী। নেলপালিশ। কুমকুম। রোলি। আলতা অলক্ত,-রস,-রাগ যাবক লাক্ষারস জতুরস। পাউডার ট্যালকম,বডি,ফেস,কমপ্যাক্ট,-পাউডার।

ফেসপাক। ক্রিম ভ্যানিশিং, কোল্ড,-ক্রিম। স্নো। ময়েশ্চারাইজার। রুজ। প্রলেপ। রূপটান। সিন্দুর সিন্দুর সীমন্তক। শৃঙ্গার শৃঙ্গারভূষণ। মেটে,সীস,নাগ,-সিন্দুর। মেহেদি মেহেন্দি। টিপ ফোঁটা বিন্দু টিকা। তিলক ললাটিকা। তিলকফোঁটা। পত্রলেখা। পত্রবল্লী। রসকলি। পুণ্ড্র। ত্রিপুণ্ড্র। গোদনা। উলকি সুগন্ধি সুরভি সারগন্ধ গন্ধসার গন্ধদ্রব্য। আতর। চন্দনী। কস্তুরী মৃগনাভি। কোলন ওডিকোলন। পারফিউম সেন্ট এসেন্স অটো।

প্রসাধক প্রসাধিকা প্রসাধন,-কারি,-কারিণী পরিকর্মা পরিকর্মী। অলংকের্তা অলংকরিষ্ণু। রূপ, সজ্জাকর,-সজ্জাশিল্পী। মেক-আপ-ম্যান।

কেশ,-কার,-কারী,-বিন্যাসকারী হেয়ারড্রেসার। মুণ্ডন। ক্ষৌরকর্ম ক্ষৌরি। ক্ষুর সেফটিরেজার ব্লেড ইলেকট্রিকশেভার শেভিং,-ক্রিম,-ব্রাশ। ক্ষৌরকার হাজাম। নাপিত নাই। নাপতেনি।

ক্রি. প্রসাধন করা। অঙ্গসংস্কার করা। চুল কাটা বা ছাঁটা। দাড়ি কামানো। দাড়ি কাটা বা ছাঁটা। কামানো। মাথা কামানো। চুল ফেলা। মাথা ঘষা। শ্যাম্পু করা। চুল ভেজানো। চুল শুকানো। চুল বা মাথা আঁচড়ানো। তেল দেওয়া। চুল বাঁধা। বেণী বাঁধা। বিলি কাটা। ব্রাশ করা। সিঁথি কাটা। টেরি বাগানো। স্নো বা পাউডার মাখা।

বিণ. প্রসাধিত,-া সজ্জিত,-া ভূষিত,-া শোভিত,-া। সু,-সজ্জিতা,-শোভিতা। শৃঙ্গার শৃঙ্গারিণী। সজ্জ সজ্জীভূত স,-সজ্জা,-সাজ। সুকেশী কেশবতী। কুন্তলা। এলো,মুক্ত,-কেশী। ধূম্রকেশী।

৮৭১। অলংকার

বি. অলংকার অলংকরণ অলংকৃতি ভূষণ বিভূষণ ভূষা বিভূষা মণ্ডন বুষণ আভরণ অবতংস কলাপ গহনা গয়না জেওর জেওরাত গহনা,গয়না,-গাটি। স্বর্ণালংকার সোনার গয়না। রৌপ্যালংকার রুপোর গয়না। রোকড় স্বর্ণভূষণ। রত্নালংকার রত্নভূষণ জড়োয়া। পাথর বসানো,-গয়না। পুষ্পালংকার পুষ্প,-সাজ,-ভূষণ ফুলের গয়না। ভূষণ,-ধ্বনি,-শব্দ শিঞ্জন। গয়নার বাক্স মণিমঞ্জুষা বর্মিবাক্স।

শিরোভূষণ কিরীট মৌলি মৌড় মুকুট সিঁথিমৌর। তাজ। কলগি কলগা। টোপর।

ললাটভূষণ ঝাঁপা তোরা টায়রা টিকলি।

কেশভূষণ কবরীভূষণ বেলকুঁড়ি কাঁটা গুঁজি বাগান।

কর্ণভূষণ কানতড়কা তরপত কর্ণদর্পণ কর্ণকুণ্ডল কর্ণমালা বউলি চৌদানি দুল ইয়ারিং টাব মাকড়ি ঝুমকো টেঁড়িঝুমকো পাশা কান,-বালা,-পাশা বীরবৌলি কুণ্ডল। কানের,-ফুটো,-বিঁধ। নথ টানানথ নাকছাবি। নোলক বেশর।

কণ্ঠভূষণ কণ্ঠালংকার গলার গয়না। হার কণ্ঠহার মালা মাল্য মালিকা স্রক্। চেইন পেনডেন্ট নেকলেস চিক শেলি। কণ্ঠী হাঁসুলি ললন্তিকা মফচেইন। একনরী একাবলী সীতাহার। সাত,পাঁচ,চার,-লহরী,-নরী। গোস্তন মটরমালা মণি,-হার,-মালা। ফুলোহার অর্ধহার দমাহার দড়াহার মেথিহার গোটহার সাপহার বিছেহার পাটিহার চন্দ্রহার গোপহার গুঞ্জহার গুঞ্জমালা। মণিসর। পুঁতি পুঁতিরমালা। মঙ্গলসূত্র। তাবিজ লকেট। মধ্যমণি ধুকধুকি পদক।

বাহুভূষণ বাজু,-বন্ধ তাগা অনন্ত অঙ্গদ কেয়ূর আর্মলেট।

করভূষণ চুড়ি বালা বলয় কঙ্কণ কাঁকন রুলি বাউটি চুড় জশম মানতাসা রতনচুড় খাড়ু পঁইছা ব্রেসলেট রিস্টলেট। শাঁখা লোহা নোয়া। প্রতিসর রাখি।

কটিভূষণ মেখলা চন্দ্রহার গোট কিঙ্কিণী কাঞ্চি কটি,কোমর,-বন্ধ কটিসূত্র কড়সি টোরা। সারসন রসনা ঘুনসি সপ্তকী। আংটি অঙ্গুরি অঙ্গুরীয় রিং। এনগেজমেন্টরিং বাগদান-অঙ্গুরি।

পদ,চরণ,-ভূষণ নূপুর মঞ্জীর কিঙ্কিণী কাঁকাঁ পায়েল ঝুমুর ঘুঙুর ঘাগর পাঁয়জর পাশুলি পাতামল মল বাঁকমল গুরবাঁধ গোড়বালা তোড়া গুজরি,-পঞ্চম অন্তেগাট চুটকি শিঞ্জিনী। লেসপিন ব্রুচ ব্রোচ। জহরত মণি মাণিক্য। স্বর্ণকার স্যাকরা মণিকার জহুরি জুয়েলার। মালাকার।

ক্রি. অলংকার বা গয়না পরা। গয়না পরানো। কান ফোঁড়া বা ফোঁড়ানো। কান বিঁধানো।

বিণ. অলংকৃত ভূষিত বিভূষিত বূষিত মণ্ডিত। ভূষিতা বিভূষিতা সালংকারা। স্বর্ণ,-ভূষিতা, -ভূষণা। রত্ন,-ভূষণা,-মণ্ডিতা,-শোভিতা। রত্ন,স্বর্ণ,-ময়,-মণ্ডিত,-খচিত। সোনায়,রুপোয়, -মোড়া।

৮৭২। অনলংকার

বি. অনলংকার অলংকার,-হীনতা,-শূন্যতা অলংকরাভাব। অনাড়ম্বর আড়ম্বর,-হীনতা, -বিহীনতা। বাহুল্যহীনতা অবাহুল্য। অকৃত্রিমতা। নগ্নতা। স্বাভাবিকতা। বিলাসহীনতা। সংযম শুচিতা।

ক্রি. অলংকার না করা। অলংকার না পরা। সাদাসিধা থাকা। আড়ম্বর না করা। না সাজা। সহজ থাকা। কৃত্রিমতা বর্জন করা। প্রসাধন না করা।

বিণ. অনলংকৃত নিরলংকার অলংকারহীন আভরণ,ভূষণ,-হীন নিরাভরণ। অভূষিত অমণ্ডিত প্রসাধনহীন। অনঞ্জন অসজ্জিত অশোভিত। অনাড়ম্বর আড়ম্বর,-হীন,-শূন্য। কারুকার্যহীন। আটপৌরে। সাদা,-মাটা,-সিধা, -সাপটা। বিলাসহীন অবিলাসী। সরল সহজ স্বাভাবিক অকৃত্রিম। খালি নগ্ন।

৮৭৩। ভান

বি. ভান ভাব ছলনা কাপ কপটতা (৭১১) কৃত্রিমতা ভণ্ডামি। ন্যাকামি ন্যাকাপনা। আহ্লাদেপনা আদিখ্যেতা বাড়াবাড়ি। ছলাকলা ঢং ঠার ঠাট ঠসক ঠমক। ঠেকার গুমর। ভড়ং ভড়ক চাল। লাস্য ভাবভঙ্গি। অতিবিনয়। লৌকিকতা ভদ্রতা। রিয়া। আনুষ্ঠানিকতা। বাবু,-গিরি,-য়ানা সাহেবিয়ানা। নবাবি আমিরি বড়মানুষি। বিবিয়ানা। নাটুকেপনা নভেলিয়ানা। মাস্টারি গুরুগিরি। সতী,-পনা,-গিরি। ছেনালি ছেনালপনা। সাধুগিরি। নাকে,মায়া,কপট,-কান্না কুম্ভীরাশ্রু। স্বদেশীপনা। বাঙালিয়ানা।

ক্রি. ভান করা। ভাব দেখানো। ঢং করা। চাল চালা। নবাবি আমিরি বা বড়মানুষি করা। আস্ফালন করা। ন্যাকামি করা। ন্যাকা সাজা। ছেনালি করা। সতীপনা বা সাধুগিরি দেখানো। বাইরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন।

বিণ. কৃত্রিম কপট ছলনাময়। নাটকীয় নাটুকে। অস্বাভাবিক। ভেখধারী। ভণ্ড ভানকারী ভাক্ত বক,-ধার্মিক,-ব্রতী বিড়ালতপস্বী ছদ্মতাপস কপটব্রহ্মচারী ভক্তবিটেল। ন্যাকা নেকি আহ্লাদী ভাবুনে। আত্মম্ভর। লৌকিক। মৌখিক। আনুষ্ঠানিক। জেঁকো ভড়ংদার চটকদার। চালবাজ ফাঁকিবাজ। ছলনাকারী। রিয়াকার। ফতো,-নবাব,-বাবু।

৮৭৪। আড়ম্বর

বি. আড়ম্বর জাঁকজমক সমারোহ মহাসমারোহ ঘটা,-টোপ জমজমা জাঁক জমক বাহার ডম্বর ধুম

ধুম,-ধাম,-ধাড়াক্কা। শান শওকাত চটক চাকচিক্য শোভা। ভারিজুরি ভারিভুরি ধামগুজারি রমরমা। খ্যালি। ভড়ক ভড়ং চাল ঠাস ঠসক ঠমক ভান (৮৭৩)। বহ্বাড়ম্বর বাড়াবাড়ি বাহুল্য আধিক্য। অতিরঞ্জন বাগাড়ম্বর। ইলাহি। কারবার। শাহি কারবার। শোভাযাত্রা প্রদর্শনী মিছিল জুলুস। দৃশ্য। উৎসব (৮৪৩)। কীর্তন। কুচকাওয়াজ আলোকসজ্জা। সন্-এ লুমিয়ের ধ্বনি-ও-আলো। অলংকরণ(৮৭২)।

ক্রি. আড়ম্বর করা। জাঁকানো। জমকাল হওয়া। দেখানো। প্রদর্শন করা। চমক লাগানো। ঘটা বাহার বা জেল্লা দেখানো। উজ্জ্বল করা। চটক ভড়ং বা ভড়ক দেখানো। জমজম বা গমগম করা।

বিণ. আড়ম্বরপূর্ণ জাঁকাল জমকালো জাঁকজমকপূর্ণ জবরজং ভড়কাল চটকদার ভড়ংদার। বাহারে ঘটাপূর্ণ। জমজমাট। গুলজার সরগরম। গাম্ভীর্যপূর্ণ গুরুগম্ভীর। পবিত্র। জবর বিরাট ইলাহি রাজকীয় শাহি। রাজসূয়। রাজসিক। অতিরঞ্জিত। নাটকীয়। আনুষ্ঠানিক।

ক্রি-বিণ. সাড়ম্বরে। মহাসমারোহে।

৮৭৫। গর্ব

বি. গর্ব গৌরব অহংকার। ফখর শ্লাঘা গরিমা মর্যাদা। অহং-জ্ঞান অস্মিতা অহমিকা অভিমান। মান মর্যাদা ইজ্জত আবরু আভিজাত্য (৮৮৪)। কুল,-গর্ব,-মর্যাদা। বংশ,-গৌরব,-গরিমা, কৌলিন্য। জাত্যভিমান। আত্ম,-গর্ব,-গৌরব, -গরিমা। আত্ম,-শ্লাঘা,-শ্লাঘিতা। আত্ম,-মর্যাদা, সম্মান,-সম্ভ্রম। আত্ম,-সম্মানজ্ঞান, মর্যাদাবোধ। অস্মিতাবোধ দর্প (৮৭৭)। দম্ভ (৮৭৯)। স্পর্ধা।

ক্রি. গর্ব বা অহংকার করা। গৌরব বোধ করা। আম্বা করা। অহমিকা প্রকাশ করা। ঠেকার করা। মাথা উঁচু করে চলা। ঠোঁট উল্টানো। বড় গলা করে বলা।

বিণ. গর্বিত। গরীয়ান গরীয়সী গরবী গরবিনী। মানী অভিমানী অভিমানিনী। অহঙ্কৃত। দৃপ্ত দৃপ্র। দর্পিত। স্পর্ধিত। দাম্ভিক গম্ভীর রাশভারি ভারিক্কি। আত্ম,-মর্যাদাসম্পন্ন,-গর্বী। পায়াভারি ঘাড়টান উন্নাসিক।

ক্রি-বিণ. সগর্বে সগৌরবে সাহংকারে।

৮৭৬। বিনয়

বি. বিনয় নম্রতা (৮৭৮)। বিনতি আনতি প্রণতি। গর্বহীনতা। অমায়িকতা। কুণ্ঠা দ্বিধা সম্ভ্রম সংকোচ। লজ্জা শরম শরমভরম লজ্জা,-শীলতা, -বোধ,-বত্তা। সৌজন্য ভদ্রতা শীলতা শিষ্টতা। শালীনতা আবরু।

ক্রি. বিনয় প্রদর্শন করা। বিনয়ী হওয়া। লজ্জাশরম বোধ করা। কুণ্ঠা বোধ করা। দ্বিধা করা। নম্র হওয়া। নিজেকে গোপন করা। লুকিয়ে থাকা। মুখ লুকানো।

বিণ. বিনয়ী বিনত বিনয়াবনত বিনয়ান্বিত। বিনীত,-চিত্ত বিনেতা সুবিনীত বিনয়নম্র বিনমিত আনত। বিনম্রহৃদয় বিনীতাত্মা। শিষ্ট ভদ্র সংযত শান্ত নিরীহ নম্র (৮৭৮)। মৃদু,কোমল,-স্বভাব ঠাণ্ডামেজাজ। লাজুক। আরক্তমুখ। মুখচোরা। অপ্রগলভ। অমায়িক নিরহংকার নিরভিমান গর্বহীন। সাদাসিধা। জাঁকজমকহীন। ছোট। অনুদ্ধত। বিনয়,-শীল,-কারী,-গ্রাহী। বিনেয়। সবিনয়। বিনয়,-যুক্ত,-যোগ্য।

ক্রি-বিণ. সবিনয়ে বিনীতভাবে। বিনয়সহকারে। বিনয়ের সঙ্গে।

৮৭৭। দর্প

বি. দর্প দাপ গর্ব গরব। অহংকার (৮৭৬)। অহং আমি। আমিত্ব অস্মিতা অহমিকা অহম্পূর্বিকা অহংসর্বস্বভাব। তাকাব্বুরি আত্মম্ভরিতা আত্মসর্বস্বতা স্বার্থপরতা (৯৪৫)। আত্মপ্রশংসা। আত্মস্তুতি। দম্ভ (৮৭৯)। মদ মনোমদ। বড়াই হামবড়াই হামবড়াভাব। আত্মাভিমান। বিদ্যাভিমান শিক্ষাভিমান। দাপ দাপট ডাঁট। রূপের,-গর্ব, -দেমাক। টাকার গরম। অর্থগৌরব। বাড় জাঁক। ঠেকার গুমর দেমাক ঠাট ঠমক ঠসক। মেজাজ স্পর্ধা ঔদ্ধত্য। আস্ফালন (৮৭৯)। উন্নাসিকতা। প্রগলভতা।

ক্রি. দর্প দম্ভ বা জাঁক করা। গুমর দেমাক বা ঠেকার দেখানো। ঠোঁট উল্টানো। নাক উঁচানো বা সিটকানো। ফুটানি করা। বড়াই বা জাহির করা। দাপট দেখানো। চাল মারা। নিজের ঢোল পেটা। ডঙ্কা বাজানো। বুক বা ছাতি ফুলানো। নিজেকে ফুলানো। ধরাকে সরা জ্ঞান করা। মাটিতে পা না ফেলা। মাথা উঁচু করে চলা। মাটিতে বা দেমাকে পা না পড়া। তেল হওয়া। সাপের পাঁচ পা দেখা।

বিণ. দর্পিত অহংকারী আত্মম্ভরী আত্মসর্বস্ব আত্মতুষ্ট। মদমত্ত মদোদ্ধত মদোন্মত্ত মদান্ধ গর্বান্ধ। গর্বোদ্ধত। দাম্ভিক। দেমাকি। ভড়ংদার ভড়কাল চালবাজ জেঁকো জাঁকাল প্রগলভ। উন্নাসিক। হামবড়া।

ক্রি-বিণ. সদর্পে দর্পভরে।

৮৭৮। নম্রতা

বি. নম্রতা নম্রভাব। নমনীয়তা নমনশীলতা বিনমন বিনম্র। সংকোচ সম্ভ্রম দ্বিধা কুণ্ঠা। লজ্জা লাজ ব্রীড়া শরম হায়া হ্রী ত্রপা। লাজুক,-তা,-ভাব সলজ্জভাব। লজ্জা,-শীলতা,-বোধ,-বত্তা লাজ,হায়া,-লজ্জা লজ্জাশরম শরমভরম। ভরমের টাটি। বিনয় (৮৭৬)। মৃদু,-ভাষণ,-ভাষিতা হীনতা নতি বাধ্যতা বশ্যতা হীনতাবোধ হীনমন্যতা। আত্মসমর্পণ। অপমান। আত্ম,-বিলোপ,-ধিক্কার, -গ্লানি। ভীরুতা। অতিবিনয়। ভদ্রতা ভব্যতা অমায়িকতা। লোক,-লজ্জা,-ভয়। চক্ষুলজ্জা। চোখের পাতা। লজ্জাদৃষ্টি। লজ্জার কথা।

ক্রি. নম্র বা বিনম্র হওয়া। সঙ্কোচ বা কুণ্ঠা বোধ করা। দাঁতে আঁচল কাটা। ঢোক গেলা। নত বা হেঁট হওয়া। দাঁতে কুটো নেওয়া। নতি বা বশ্যতা স্বীকার করা। নিজেকে ছোট করা। মুখ তুলতে না পারা। অপমানিত বা অপদস্থ হওয়া। লজ্জা করা বা পাওয়া। শরম করা বা পাওয়া। মুখ লাল করা। লজ্জিত হওয়া। লজ্জায় লাল বা অধোবদন হওয়া। ব্রীড়াবনত বা লজ্জাবনত হওয়া। লজ্জায় পড়া। মুখ লুকানো,জিভ কাটা। অপমানিত বা অপদস্থ করা। ছোট করা। মাথা হেঁট করা। লজ্জায় একশেষ হওয়া। লজ্জায় মাথা কাটা যাওয়া। মুখ ফুটে বলতে না পারা। কিন্তু কিন্তু করা। ধিক্কার দেওয়া। ভর্ৎসনা করা।

বিণ. নম্র বিনম্র। বিনত নমনীয়। কাঁচুমাচু জড়সড় জড়পুত্তলি মেনিমুখো। নিরীহ সুবোধ সোজা গোবেচরা। বাস্তুসাপ। নীচ হীন। বাধ্য বশ্য বশ। হৃত,-মান,-সম্ভ্রম। হতমান। লজ্জিত লজ্জা, -প্রাপ্ত,-রাঙা,-নম্র,-নত। ব্রীড়িত ত্রপিত হ্রিত। লজ্জাবনত লজ্জারুণ লজ্জালু। ব্রীড়ানত ব্রীড়াবনত ত্রপমান ত্রপিষ্ট ত্রপান্বিত অনপত্রপ। হ্রীমান হ্রীজিত। লাজুক লাজনম্র ব্রীড়াবান। লজ্জা, -শীল,-শীলা,-বতী। মৃদু,-ভাষী,-ভাষিণী চুপ চুপচাপ মুখচোরা। লজ্জাবতীলতা। সলজ্জ সলাজ সব্রীড়। লজ্জাকর। লজ্জা,ব্রীড়া,-জনক। অস্বস্তিকর। বিব্রত অপ্রতিভ অপ্রস্তুত।

ক্রি-বিণ. নম্রভাবে। লজ্জায় লাজে শরমে। সলজ্জ। লাজুকভাবে। লজ্জা,-বশত,-হেতু। নত হয়ে।

৮৭৯। দম্ভ

বি. দম্ভ ডম্ফ লম্ফঝম্ফ আস্ফালন আফসানি আস্বা ফুটানি বড়াই লম্বাকথা দম্ভোক্তি দাম্ভিকতা দর্প (৮৭৭)। বাহাদুরি। ডাঁট জাঁক তেজ গরম। সাপট মুখসাপট। তড়পানি টেগুাইমেগুাই হম্বিতম্বি হাঁকডাক। বারফট্টাই বাহ্বাস্ফোট বহ্বারম্ভ। অজাযুদ্ধ। গলাবাজি। স্পর্ধা (৮৮০)।
ক্রি. দম্ভ করা। লাফ মারা। আস্ফালন করা। ফুটানি বা বাহাদুরি করা। টেক্কা দেওয়া। চাল মারা। গলাবাজি করা। লম্বা লম্বা কথা বলা। পাণ্ডিত্য ফলানো। ফরকানো। চুমরানো। তড়পানো। দাপানো। পাঁয়তারা করা। নবাবিচাল চালা। রাজাউজির মারা। লঘুগুরু জ্ঞান না থাকা।
বিণ. দাম্ভিক দম্ভী দম্ভক ডাঁটিয়াল জাঁকাল আস্ফালনকারী আত্মম্ভরী। পণ্ডিতম্মন্য। উচ্ছ্বসিত। জয়ান্ধ।
ক্রি-বিণ. সদম্ভে সদর্পে।

৮৮০। ধৃষ্টতা

বি. ধৃষ্টতা ধার্ষ্ট্য ধার্ষ্টামি ঔদ্ধত্য উদ্ধতি উদ্ধতচারিতা স্পর্ধা আস্পর্ধা বাড়। ডেঁপোমি পাকামি জ্যাঠামি ডেকরামি ঠেঁটামি টিটপনা দুরন্তপনা বেয়াড়াপনা। চোপা চোপরা প্রগলভতা নির্লজ্জতা লজ্জা,-হীনতা,-শূন্যতা। বেহায়াপনা বেলেল্লাপনা। চালবাজি আত্মম্ভরিতা। ফাজলামি। দাপাদাপি মাতামাতি।
ক্রি. ঔদ্ধত্যপূর্ণ আচরণ করা। বেয়াড়াপনা করা। লজ্জা না করা বা না পাওয়া। লজ্জিত না হওয়া। লজ্জার মাথা খাওয়া। চোখের চামড়া না থাকা। ওয়াস্তা পরোয়া বা কেয়ার না করা। মাথায় চড়া বা ওঠা। ধরাকে সরা জ্ঞান করা। সাপের পাঁচ পা দেখা। টেক্কা দেওয়া। গলাবাজি করা। জবরদস্তি করা। গুণ্ডামি বা বদমায়েসি করা। ত্রাস সঞ্চার করা। ভয় দেখানো।
বিণ. ধৃষ্ট উদ্ধত। উদ্ধত,-মনা,-প্রকৃতি-চারী, -ভাষী,-স্বভাব। স্পর্ধিত উৎসিক্ত অবিনীত অশিষ্ট অসভ্য অভদ্র। বেয়াড়া গোঁয়ার চোয়াড়। পাজি গুণ্ডা দুর্বৃত্ত। গলাবাজ। দুর্বিনীত দুর্দান্ত দুরন্ত। ডানপিটে ত্যাঁদড় টিট। ডেঁপো। পাকা জ্যাঠা অকালপক্ব। ডেকরা ঠেঁটা ইঁচড়েপাকা। ফাজিল বখাটে। ঠোঁটকাটা প্রগলভ। ধিঙ্গি। বেআবরু নির্লজ্জ নিলাজ বেলাজ লজ্জা,-হীন,-শূন্য অলজ্জ অলজ্জিত লাজলজ্জাহীন। গতত্রপ বিত্রপ অপত্রপ নিরপত্রপ বেশরম বেহায়া। বেলেল্লা বেল্লিক কালামুখো। কানকাটা দুকানকাটা চশমখোর। চালবাজ। আত্মম্ভরী। উৎকটজাতীয়তাবাদী। সন্ত্রাসবাদী নৈরাজ্যবাদী অন্তর্ঘাতী।
ক্রি. বিণ নির্লজ্জভাবে অসংকোচে। লজ্জা না পেয়ে।

৮৮১। দাস্য

বি. দাস্য দাসমনোভাব। দাসত্ব গোলামি বান্দাগিরি চাকরি। আত্ম,আপ্ত,-বিক্রয়। চাটুকার্য (৯৩৭)। পদলেহন। নতিস্বীকার বশ্যতা (৭৩৭। স্ত্রৈণতা। হীনতা হীনতাবোধ হীনমনস্কতা। হীনমন্যতা। উঞ্ছবৃত্তি। নম্রতা (৮৭৮)। গড্ডলিকাপ্রবাহ।
ক্রি. ছোট বা নীচু হওয়া। হাঁটু গাড়া। সেজদা করা। হামাগুড়ি দেওয়া। গুড়িশুড়ি মারা। লেজ গুটানো। পা চাটা। পদলেহন করা। মাথা বিকানো বা বাঁধা দেওয়া। সাতচড়ে রা না করা। দাসত্ব বা গোলামি

করা। ভেড়ার মত অনুসরণ করা। অপরের মুখের দিকে চেয়ে থাকা।

বিণ. দাসমনোভাবাপন্ন। হীন,-মনা,-মতি নীচু,-মনা। পা-চাটা পদলেহী। সেবাদাস। আজ্ঞা,-দাস,-বহ। ভেড়া স্ত্রৈণ আঁচলধরা। সূর্যোপাসক। সুবিধাবাদী। চাটুকার। পরাশ্রয়ী। পরমুখাপেক্ষী।

৮৮২। খ্যাতি

বি. খ্যাতি সুখ্যাতি প্রখ্যাতি বিখ্যাতি। নাম সুনাম খোশনাম প্রেস্টিজ যশ সুযশ। আখ্যা প্রখ্যা অভিখ্যা নিরুপাখ্য। প্রসিদ্ধি সুপ্রসিদ্ধি সুবাদ বিশ্রুতি সম্প্রতীতি শ্লোক। প্রশংসা শংসা শংসন প্রশংসন। নাম,-যশ,-ডাক। হাঁকডাক। কীর্তি সুকীর্তি প্রকীর্তি কৃতিত্ব অবদান। প্রতিপত্তি প্রতিষ্ঠা সুপ্রতিষ্ঠা প্রচার। পসার হাতযশ। প্রতিষ্ঠাধিকার। জন,-প্রিয়তা,-সমাদর,-প্রীতি। লোক,-প্রিয়তা,-প্রীতি,-সমাদর,-যশ। হুরমুত। মান সম্মান মর্যাদা গৌরব। শ্রদ্ধা (৯৩২)। খাতির কদর আদর সমাদর সম্ভ্রম। মান,-মর্যাদা,-সম্ভ্রম। সম্মানন,-া সংবর্ধন,-া অভিনন্দন। গার্ড-অব-অনার। সাধুবাদ তারিফ বাহবা প্রশংসাবাদ। গুণ,-কীর্তন,-বর্ণন। যশঃ,-প্রচার,-কীর্তন। পদ। কোটি কুল জাত। পদমর্যাদা কৌলিন্য ইজ্জত আভিজাত্য (৮৮৪)। রাজকীয়তা। শ্রেষ্ঠত্ব মহত্ত্ব মহিমা মাহাত্ম্য। প্রাধান্য ওজন গুরুত্ব। ব্যক্তিত্ব। বীর নায়ক। জননেতা। সুধী পণ্ডিত আলেম। চূড়ামণি। অলংকার তিলক তেজস্তিলক তারকা। উপাধি শিরোপা আখ্যা খিলাত খেলাত পুরস্কার ভূষণ। টাইটেল খেতাব তকমা রাজসম্মান। রাজবেশ। পদক মেডেল চাপরাস। মালা পুষ্পমাল্য। সনদ সার্টিফিকেট। প্রশংসা,শংসা,-পত্র। অভিনন্দনবাণী। প্রশংসাবাক্য। গাথা যশোগাথা গৌরবগাথা যশোগান যশোগীতি। স্বর্ণাক্ষর। কীর্তিস্তম্ভ মনুমেন্ট। কীর্তিমন্দির কীর্তিধ্বজা কীর্তিমেখলা। অক্ষয়কীর্তি চিরকীর্তি। অমর,-ত্ব,-তা। স্মরণ,স্মৃতি,-উদ্‌যাপন,-বার্ষিকী। সিংহ। ব্যাঘ্র শের।

ক্রি. খ্যাতি অর্জন করা। খ্যাত বিখ্যাত বা প্রসিদ্ধ হওয়া। সম্মান মর্যাদা কৃতিত্ব বা গৌরব অর্জন করা। প্রশংসা পাওয়া। প্রতিষ্ঠা বা প্রতিপত্তি লাভ করা। পসার হওয়া। উন্নতি হওয়া। নাম হওয়া। মুখ উজ্জ্বল হওয়া। মুখ রাখা বা থাকা। মুখ উজ্জ্বল করা। বংশের মুখ উজ্জ্বল করা। বংশের মান বাড়ানো। মান বাঁচানো রাখা বা থাকা। সম্মান ইজ্জত বা মর্যাদা পাওয়া। কলকে পাওয়া। প্রশংসা বা পূজা করা। সমাদর করা। প্রশস্তি স্তব বা স্তুতি গাওয়া। অমরত্ব দান করা। অমর হওয়া।

বিণ. খ্যাত সুখ্যাত প্রখ্যাত বিখ্যাত সুবিখ্যাত পরিখ্যাত আখ্যাত। খ্যাতিমান প্রসিদ্ধ পরিচিত সুবিদিত বিদিত প্রথিত বিশ্রুত শ্রুত। নামী,-দামি নাম,-করা,-জাদা,-দার। খ্যাত,প্রথিত,-নামা মশহুর। ডাকসাইটে। এক ডাকে চেনা। জগদ্বিখ্যাত জগদ্বরেণ্য বিশ্ব,-বিখ্যাত,-বিশ্রুত। স্বনাম,-ধন্য,-প্রসিদ্ধ,-খ্যাত। লোকবিশ্রুত। গণ্য মান্য ভদন্ত মহামান্য মাননীয়। শ্রদ্ধাস্পদ শ্রদ্ধেয় (৯৩২)। আদৃত সমাদৃত। জন,-প্রিয়,-সমাদৃত লোক,-প্রিয়,-সমাদৃত,-প্রসিদ্ধ,-কান্ত। সর্বজন,-প্রিয়,-শ্রদ্ধেয়,-পূজিত। দেশ,-প্রিয়,-বরেণ্য,-বিখ্যাত,-বিশ্রুত। বিশ্ববন্দিত অখিলপ্রিয়। সম্মানী। প্রতিষ্ঠিত সুপ্রতিষ্ঠিত লব্ধপ্রতিষ্ঠ সুপ্রতিষ্ঠ প্রতিষ্ঠ। অভিনন্দিত সংবর্ধিত। কীর্তিমান। যশস্বী যশস্বান প্রথিতযশা যশোবন্ত যশোবান যশোধন যশোমণ্ডিত। চির,বহু,-প্রসিদ্ধ। মহান উচ্চ শ্রেষ্ঠ। অভিজাত (৮৮৪)। গরিমাদীপ্ত গরিমান্বিত গরীয়ান। গৌরব,-শালী,-দীপ্ত গৌরবান্বিত গৌরবোজ্জ্বল। রাজকীয়। বরীয়ান

বরেণ্য মহীয়ান। স্মরণীয় অবিস্মরণীয় চিরস্মরণীয় প্রাতঃস্মরণীয়। মহনীয় পূজনীয় মানী পূজ্য নমস্য প্রণম্য বন্দ্য বন্দনীয়। অর্হ অর্হনীয় সম্মানীয় সম্মানার্হ। প্রশংসনীয় প্রশংস্য প্রশস্য শংস্য প্রশংসার্হ। খ্যাতি,-জনক,-কর। মর্যাদা, -পূর্ণ,-কর। গৌরবজনক। যশস্য যশস্কর যশোদ যশোদায়ী। অনিন্দিত অনিন্দ্য অনিন্দনীয়। কীর্তি, -কর,-জনক। লব্ধ,দীপ্ত,শ্রুত,-কীর্তি। কীর্তিত পরিকীর্তিত সংকীর্তিত প্রশংসিত শংসিত। কুল, -মণি,-প্রদীপ,-ভূষণ,-তিলক,-গৌরব,-চূড়ামণি কুলের ধ্বজা।

৮৮৩।'অখ্যাতি

বি. অখ্যাতি কুখ্যাতি। দুর্নাম বদনাম কুনাম। অযশ অপযশ অপকীর্তি। অপ্রসিদ্ধি অপ্রতিষ্ঠা অপ্রশংসা অগৌরব অমর্যাদা অশ্লাঘা অপ্রতিপত্তি অসম্মান। নিন্দা অপবাদ জনাপবাদ অপ্রিয়বাদ নিন্দাবাদ লোকনিন্দা লোকাপবাদ। নটঘট কেলেঙ্কারি ঢলাঢলি চুনকালি। যশোহানি খ্যাতিনাশ মান,মর্যাদা,গৌরব,-হানি। হাসাহাসি। লজ্জার একশেষ। অপমান। অপমানের একশেষ। প্রেস্টিজ পাংচার। কানপাতা দায়। অসম্মান অসম্ভ্রম (৯৩৩)। বেইজ্জত বেআবরু। অবমাননা (৯৩৪)। হীনাবস্থা হেনস্তা লাঞ্ছনা। পতন অবনতি। কুকীর্তি অকীর্তি। মানের গুড়ে বালি। পদ,-চ্যুতি,-স্খলন। দুর্গতি। জিল্লতি ধিক্কার। খোয়ার। ফইজত। লজ্জা গ্লানি আত্মগ্লানি। কলঙ্ক অপকলঙ্ক কালি কালিমা মসি দাগ মালিন্য।

ক্রি. দুর্নাম কেনা। নাম ডোবানো। মুখ মারা। মুখ ছোট করা। মুখ দেখাতে বা তুলতে না পারা। মান যাওয়া। মাথা হেঁট হওয়া বা কাটা যাওয়া। লজ্জায় পড়া। মুখে চুনকালি পড়া বা কলঙ্ক লেপা। নাক কান কাটা যাওয়া। বেইজ্জত অপদস্থ বা অপমানিত হওয়া। নিন্দিত হওয়া। কেলেঙ্কারি করা। কুলছাড়া। কুলত্যাগ বা বংশত্যাগ করা। ঘর ভাঙা। ঘরছাড়া। বাড়িছাড়া হওয়া। ঘর নষ্ট করা। কুল মজানো। কুলে কালি বা কলঙ্ক দেওয়া। কুল ডোবানো। বংশের নাম ডোবানো। লোকের মুখে হাত রাখতে না পারা। লোক হাসানো। লোকে দূর ছাই করা। একঘরে হওয়া। জাতিচ্যুত হওয়া। পদচ্যুত হওয়া। মর্যাদাহানি বা গৌরবহানি হওয়া। ছি ছি পড়া। ঢি ঢি পড়া।

বিণ. অখ্যাত কুখ্যাত অপ্রসিদ্ধ অসম্মানিত অগৌরবান্বিত অপ্রথিত অবিশ্রুত অপ্রশংসিত। কুপ্রসিদ্ধ কুনামা দুর্নামগ্রস্ত। অখ্যাতনামা অনামা অবিদিত অজ্ঞাতপরিচয়। অপ্রতিষ্ঠিত অপ্রতিষ্ঠ। অবজ্ঞাত অবহেলিত অনাদৃত পরাকৃত। তুচ্ছ নগণ্য। কীর্তিহীন অকীর্তিমান। অধন্য। অপূজিত। নিন্দিত বিনিন্দিত ঘৃণিত।

বদনামের ভাগী। অপবাদগ্রস্ত। কলঙ্কভাগী কলঙ্কিত। কুলকলঙ্ক কুলের কলঙ্ক। কুলাঙ্গার কুলমজানে কুল,-কলঙ্কী,-কলঙ্কিনী। কুল, -পাংশন,-দূষক বেইজ্জত অপ,-মানিত,-দস্থ, -দষ্ট অপমানগ্রস্ত। হৃত,-মান,-সম্ভ্রম,-গৌরব। হত,-মান,-গৌরব,-শ্রদ্ধ। পদ,মর্যাদা,গৌরব, -চ্যুত। কুল,বংশ,জাতি,সমাজ,-চ্যুত। কুল, বংশ,জাতি,-ভ্রষ্ট। একঘরে। লাঞ্ছিত হেয় নাকাল ভর্ৎসিত ধিকৃত। গৌরবহীন যশোহীন অযশস্বী। নামহীন নামগোত্রহীন। অপাঙ্‌ক্তেয়। পতিত। নিগৃহীত। নীচ হীন ওঁছা। অকুলীন ইতর। লেজকাটা শিয়াল। খেলো। হেঁজিপেঁজি। হত, -গর্ব,-দর্প,-গৌরব। দর্পচূর্ণ।

অখ্যাতি,-কর,-কারক-জনক অযশস্য অযশস্কর অপমানাত্মক অপমান,-কর,-জনক,-সূচক।

অমর্যাদা,-কর,-সূচক অসম্মান,-অগৌরব, -জনক অবমাননাকর মানহানিকর। অপ্রসিদ্ধিমূলক। গ্লানি,-কর,-জনক। লজ্জাকর। অকীর্তি,-কর,-জনক। কলঙ্কময়। কলঙ্ক, -কর,-জনক। ন্যক্কারজনক। নিন্দার্হ নিন্দা,-কর, -জনক। অপবাদমূলক। ঘৃণ্য। অশ্রদ্ধেয় (৯৩৩)। মর্যাদাহীন। অপ্রশংসনীয়। অবজ্ঞেয় অনাদৃত। দূষ্য। অসম্মান্য অবরেণ্য অপূজ্য। অশ্লাঘনীয় অশ্লাঘ্য।

৮৮৪। অভিজন

বি. অভিজন অভি,-জন,-জাত্য। সৌজাত্য অভিজন কৌলীন্য কুলীনত্ব সম্ভ্রান্ততা শরাফত বনেদিয়ানা আবরু খানদান অ্যারিস্টোক্র্যাসি। হুরমুত। বংশ কুল বর্ণ গোষ্ঠী গোত্র ঘরানা। উচুঁ, -বংশ,-জাত। উচ্চ,-বংশ,-ঘর। সদ্বংশ বড়ঘর ভালোঘর। উচ্চ,গুরু,-বর্ণ। সাহেবান। নীলরক্ত ব্লুব্লাড। কুল,-গৌরব,-গর্ব,-মর্যাদা,-মান বংশ, -গৌরব,-মর্যাদা কুলাভিমান কৌলীন্যগর্ব জাত্যভিমান বর্ণাভিমান হসবনসব। কুল,বংশ, -পরিচয়। কুলশীল। কুল,-পতি,-প্রধান,-শ্রেষ্ঠ। বংশশ্রেষ্ঠ বংশের-মাথা বংশের-প্রধান। গোষ্ঠী, -পতি,-প্রধান। কুল,-গুরু,-পুরোহিত,-বিপ্র কুলাচার্য বংশগুরু। বড়,-লোক,-মানুষ। ভদ্রলোক। উঁচুতলার মানুষ। বাবুসমাজ অভিজাতশ্রেণী। অভিজাততন্ত্র। ব্রাহ্মণ ব্রাহ্মণ্যবাদ। ক্ষত্রিয় বৈশ্য। আমিরওমরাহ রাজরাজড়া সাহেবসুবা। খাঞ্জাখাঁ। হোমরাচোমরা কেউকেটা মাতব্বর মুরব্বি কেন্টবিষ্টু। জাঁদরেল। জাঁহাবাজ তালেবর। বড়ঘরের ছেলে। কুল,-পুত্র,-পুরুষ। বড়ঘরের মেয়ে। কুল, -কামিনী,-কন্যা,-নারী সৎকুলজাতা। সৈয়দ শেখ মোগল পাঠান। আমির নওয়াব সুলতান। সম্রাট বাদশাহ রাজা রাণা রাও মহা,-রাজা,-রাজ। লাট লর্ড। রাজকুমার শাহজাদা। সর্দার মালিক খান হুজুর মির্জা মিঞা মীর বাহাদুর সাহেব বড়সাহেব খান,-সাহেব,-বাহাদুর। পীর,নবাব,-জাদা। সম্রাজ্ঞী রানী বেগম। মেম। রাজকুমারী শাহজাদী। মনসবদার সুবেদার। পারিষদ অমাত্য উজীর মন্ত্রী। সম্রাট মহানুভব। তদীয় মহিমা। সপারিষদ। সম্রাট হজরত খুদাবন্দ মাইলর্ড। মাননীয়। স্যার মহাশয় জনাব। মৌলভি বাবু। শ্রীযুক্ত মিস্টার। শ্রীমান মাস্টার। শ্রীযুক্তা শ্রীমতী। মোসাম্মৎ বেগম।

ক্রি. কুল রাখা। কৌলীন্য বজায় রাখা। বংশের মুখ উজ্জ্বল করা বা মান বাড়ানো।

বিণ. অভিজাত সম্ভ্রান্ত আলি শরিফ আশরাফ রঈস অ্যারিস্টোক্র্যাট। কুলীন কুলজ সদ্বংশীয় সদ্বংশজাত সু,-জন্মা,-জাত বন্দ্যবংশ। বনেদি বুনিয়াদি। বনেদি ঘরানা। খানদানি আভিজাতিক কৌল কৌলিক কৌলেয় কৌল্য ভদন্ত উচ্চবংশীয়। শাহি নবাবি বাদশাহি আমিরি রাজকীয়। উচ্চপদস্থ। উচ্চকোটি। আভিজাত্য,-ময়,-পূর্ণ। অভিজাতসুলভ। জাত্যভিমানী। কুলতিলক। গণ্যমান্য। সোপাধি।

৮৮৫। জনসাধারণ

বি. জন,-সাধারণ,-গণ,-তা। সাধারণ্য সাধারণমানুষ বহুজনতা আম পাবলিক। আপামর জনসাধারণ। নীচুতলার মানুষ। সর্বহারা। পাঁচজনা। আর পাঁচজন। লোক,মানুষ,-জন। জন,-সমষ্টি,-গোষ্ঠী। জনারণ্য জনসমুদ্র। বুর্জোয়া মধ্যবিত্ত। পাতিবুর্জোয়া নিম্নবিত্ত। বিত্তহীন। গণদেবতা নরনারায়ণ জনগণেশ দরিদ্রনারায়ণ। জনসমাজ। কৃষক চাষী চাষা,-ভুষো। জনমজুর মজদুর শ্রমিক। হরিজন। তপসিলি,-জাতি,

-উপজাতি,-সম্প্রদায়। উপ,অপ,নীচু,নীচ, -জাতি। নীচ,-ঘর,-বংশ হীনবংশ। আপজাত্য। অকৌলীন্য আভিজাত্য,কৌলীন্য,-হীনতা। ভুঁইফোঁড় হঠাৎবাবু নতুনবড়লোক। যাযাবর ভবঘুরে।

বিণ. সাধারণ আম। আতরাফ আজলাফ। অকুলীন অকুল অসম্ভ্রান্ত অনভিজাত। অপাঙ্‌ক্তেয়। অজ্ঞাতকুলশীল। অন্ত্যজ অধরিক ইতর জাল্ম। অজাত অপজাত কুজাত কমজাত পামর। লোয়ারক্লাস। সিডিউল-কাস্ট। ছোটজাত। ছোটলোক। অর্বাচীন নাড়াবুনে। অচ্ছুৎ অস্পৃশ্য অশুচি ছ্যুত অস্পর্শ্য অস্পর্শনীয়। ব্রাত্য পতিত। নিম্ন নীচ হীন ওঁছা অধম অন্ত্য অন্ত্যবর্ণ নীচকুলোদ্ভব নীচাশয়। পাতি। অসভ্য বর্বর জংলী বুনো। অনার্য যবন। দেহাতি গ্রাম্য গেঁয়ো। চাষা। বাউণ্ডুলে ছন্নছাড়া চালচুলোহীন হাঘরে। নিম্ন, -শ্রেণী,-কোটি।

ক্রি-বিণ. আপামর। জাতিধর্মনির্বিশেষে। উচ্চনীচ অভেদে।

৮৮৬। বিস্ময়

বি. বিস্ময় আশ্চর্য চমক চমৎকার। সাধ্বস সম্ভ্রম। বিহ্বলতা। চোখ ছানাবড়া। চক্ষু চড়কগাছ। চক্ষুস্থির। আক্কেলগুড়ুম। অপ্রত্যাশা। অবাককাণ্ড। তাজ্জব বিচিত্র,-ব্যাপার অদ্ভুত -ঘটনা। অদ্ভুতরস বিস্মায়ন বিস্মাপন চমৎকরণ। ভোজবাজি জাদু। অলোকসামান্যতা বিস্ময়করতা চমৎকারি,-ত্ব,-তা। অসাধারণত্ব অভিনবত্ব। অলৌকিক ঘটনা। অপূর্ব দৃশ্য। মোজেজা নিশানি কুদরত লীলা। ইলাহি,-কারখানা,-কারবার। প্রকৃতির খেয়াল। কৌতূহল। দ্রষ্টব্য। লক্ষণ নিদর্শন। অতি,-মানব,-মানুষ। মহা,-পুরুষ, -মানব। রাক্ষস দৈত্য।

ক্রি. বিস্মিত হওয়া। অবাক বা আশ্চর্য হওয়া। গালে হাত দেওয়া। থ বা তাজ্জব বনা। ভেবাচেকা খাওয়া। হকচকানো। চমকানো। বিস্মিত করা। আশ্চর্য করা। ধাঁধা লাগা। ধাঁধিয়ে যাওয়া। ধাঁধানো। লাজওয়াব হওয়া। নিঃশ্বাস বন্ধ হয়ে যাওয়া। চোখ কপালে ওঠা।

বিণ. বিস্মিত বিস্ময়ান্বিত বিস্ময়াভিভূত বিস্ময়াপন্ন বিস্ময়াবিষ্ট বিস্ময়াকুল বিস্ময়বিমূঢ় জাতবিস্ময়। আবিষ্ট। আশ্চর্যান্বিত চমৎকৃত। চকিত চমকিত। স্তব্ধ স্তম্ভিত। থ তাজ্জব লাজওয়াব অবাক নির্বাক বাক্য,-হারা,-হীন। হত,-ভম্ব,-বাক। ভেবা। মুগ্ধ মূঢ় বিমূঢ় বিহ্বল। বিস্ময়াবহ বিস্ময়,-কর,-জনক। আশ্চর্য,-কর, -জনক অত্যাশ্চর্য। বলিহারি চমৎকার চমকপ্রদ। বিচিত্র,-বীর্য। অভূতপূর্ব অপূর্ব অদৃষ্টপূর্ব। অবিশ্বাস্য অস্বাভাবিক আজব আজগুবি সৃষ্টিছাড়া নজিরবিহীন বেনজির। অচিন্ত্য অদ্ভুত উদ্ভট উদ্ভুট্টি। বিকট বিটকেলে রাক্ষুসে দানবীয়। দুর্লভ দুর্ঘট। দুনিয়ার বাহির। অভাবনীয় অচিন্তনীয়। অকহতব্য অবর্ণনীয় অনির্বচনীয়। অপ্রত্যাশিত অভিনব (১১৭)। সবিস্ময় সচকিত। নাটকীয়। কৌতূহলোদ্দীপক। অলোকসামান্য অলৌকিক লোকাতীত মনুষ্যাতীত মানবাতীত। লোকোত্তর। দিব্য। অতীন্দ্রিয় অতিপ্রাকৃত। অনন্যসাধারণ অসাধারণ। অতিমানবিক মহামানবিক। ক্ষণজন্মা। অলৌকিক ক্ষমতাসম্পন্ন। দৈবশক্তির অধিকারী।

ক্রি-বিণ. বিস্ময়ে সবিস্ময়ে।

অব্য. অ্যাঁ! ওঃ! ওকি! সেকি! তাই নাকি! তাইতো! সোবহান আল্লাহ!

৮৮৭। অবিস্ময়

বি. অবিস্ময় অনাশ্চর্য। প্রত্যাশা (৫৩০)। পূর্বধারণা। অবিচলতা অচাঞ্চল্য স্নিগ্ধরক্ত শীতলতা নিরাবেগ।

ক্রি. বিস্মিত বা আশ্চর্য না হওয়া। আশা বা প্রত্যাশা করা। সহজভাবে নেওয়া। কোন চাঞ্চল্য প্রকাশ না করা।

বিণ. অবিস্ময়কর প্রত্যাশিত। সম্ভাবিত। সম্ভাব্য ভাবনীয়। সাধারণ স্বাভাবিক। পাঁচপাঁচি অতিসাধারণ মামুলি। অবিস্মিত অবিচলিত অচঞ্চল। কল্পনাহীন নীরস।

অব্য. ও। আচ্ছা।

৮৮৮। সামাজিকতা

বি. সামাজিকতা লৌকিকতা লৌকতা নৌকতা। শান্তিপুরে নৌকতা। মেলামেশা দেখা,-সাক্ষাৎ, -শোনা যাতায়াত গতায়াত লেনদেন আদানপ্রদান। মাখামাখি দহরম-মহরম সৌহার্দ্য সম্প্রীতি (৮৯১)। সাহচর্য সমভিব্যাহার অভিসার। আলাপ রসালাপ। উৎসব (৮৪৩) অনুষ্ঠান। আতিথেয়তা আতিথ্য মেহমানদারি মেজবানি অতিথি,-সেবা, -পরিচর্যা,-পরায়ণতা। নিমন্ত্রণ আমন্ত্রণ দাওয়াত জিয়াফত। মেহমান। মেজবান। সংবর্ধনা অভ্যর্থনা। আদর,-অভ্যর্থনা,-আপ্যায়ন। খাতির যত্নআত্তি সেবা। সম্মাননা (৯৩২)। সৌজন্য (৯০১)।

অভিবাদন। স্বাগত,-সাদর,-প্রীতি,-সম্ভাষণ। আদাব সালাম। আসসালামু আলায়কুম। ওয়া আলাইকুমুস্ সালাম। খোদা হাফেজ। সুপ্রভাত গুডমর্নিং। শুভদিন গুডডে। শুভসন্ধ্যা গুডইভনিং। শুভরাত্রি গুডনাইট। কুশলজিজ্ঞাসা। খোশ আলাপ। সামাজিক সম্মেলন। আসর বাসর জলসা মজলিস মহফিল মাইফেল। পার্টি চাচক্র উদ্যানচক্র। পুনর্মিলনী। সাংস্কৃতিক অনুষ্ঠান। ভোজ খানা খানাপিনা। খোশখানা প্রীতিভোজ ডিনারপার্টি ককটেলপার্টি।

ক্রি. সামাজিকতা বা লৌকিকতা করা। মেলামেশা দেখাসাক্ষাৎ বা যাতায়াত করা। খাতির সমাদর বা আপ্যায়ন করা। যত্নআত্তি সেবাযত্ন বা খাতির যত্ন করা। পার্টি দেওয়া। নিমন্ত্রণ করা। নিমন্ত্রণ রক্ষা করা। স্বাগতম বা খোশ আমদেদ জানানো। এগিয়ে নিয়ে আসা। করমর্দন বা হ্যান্ডশেক করা। হাত মেলানো বা ঝাঁকানো। মুসাফিহা বা মুসাবা করা। কোলাকুলি বা আলিঙ্গন করা।

বিণ. সামাজিক মিশুক আলাপী সদালাপী। অমায়িক সহজ সহৃদয় প্রাণখোলা বন্ধুভাবাপন্ন। ভদ্র সভ্য। আমুদে। অতিথিবৎসল। প্রতিবেশীসুলভ। উৎসবমুখর।

৮৮৯। অসামাজিকতা

বি. অসামাজিকতা অমিশুকতা সঙ্গবিমুখতা। কূপমণ্ডূকতা। অসভ্যতা অভদ্রতা অসৌজন্য (৯০২)। অনাতিথেয়তা। অন্তর্মুখিতা আত্ম, অহং,-সর্বস্বতা। স্বনির্ভরতা। নিঃসঙ্গতা (৮৯০)। অসংশ্রব অসংস্পর্শ অনভিগম্যতা। অনুষ্ণতা শীতলতা। সৌহার্দাভাব। হামবড়াভাব দেমাক। উন্নাসিকতা নাকউঁচুভাব।

ক্রি. সামাজিকতা না করা। সামাজিকতা রক্ষা না করা। দূরে দূরে থাকা। হটে থাকা। দূরত্ব বজায় রাখা। মেলামেশা না করা। মিলতে না পারা। লোকের সঙ্গে মিলতে বা খাপ খাওয়াতে না পারা। একা একা থাকা। একা থাকতে পছন্দ করা। নাক উঁচু করা।

বিণ. অসামাজিক অমিশুক ঘরকুনো একান্তবাসী। লৌকিকতাবিরোধী। বন্য। সঙ্গ,সংসার,-বিমুখ। অপ্রতিবেশীসুলভ। স্বতন্ত্রপ্রিয়। অনভিগম্য। অবন্ধুভাবাপন্ন। মুখ,-চোরা,-চাপা। দেমাকি।

৮৯০। নিঃসঙ্গতা

বি. নিঃসঙ্গতা ঐকল্য একাকিত্ব এককত্ব নিঃসঙ্গিতা সঙ্গীহীনতা। অসংস্রব অসংস্পর্শ। আত্মভোলাভাব অন্তর্মুখিতা অসামাজিকতা (৮৮৯)। লোকাভাব নির্জনতা জন,-হীনতা, -শূন্যতা,-বিরলতা। আত্মগোপন ভূতলবাস অজ্ঞাত,গুপ্ত,-বাস। একচর্যা। স্ব,স্বেচ্ছা,-নির্বাসন বিবাস বিবাসন নির্বাসন। বিতাড়ন সমাজবর্জন। অন্তরাল আড়াল অন্তঃপুর। পর্দাপ্রথা। অস্পৃশ্যতা। স্বনির্ভরতা স্বাবলম্বিতা অহংসর্বস্বতা। সন্ন্যাস,-ধর্ম বৈরাগ্য সংসার,-বৈরাগ্য, -নিস্পৃহতা,-বিরক্তি। বিষয়,-বৈরাগ্য,-বিতৃষ্ণা। গৃহ,সংসার,-ত্যাগ। সন্ন্যাসবৃত্তি। ত্যাগ,-ধর্ম, -ব্রত। তাপস্য বৈরাগ্যসাধন। ভিক্ষুধর্ম ভৈক্ষ্য প্রব্রজ্যা মাধুকরী মধুকরবৃত্তি। সন্ন্যাসী ফকির দরবেশ। কূনোব্যাঙ কূপমণ্ডূক।

ক্রি. একা থাকা। নিজের মনে থাকা। আত্মমগ্ন থাকা। নিজেকে সরিয়ে রাখা। সাতেপাঁচে না থাকা। মেলামেশা না করা। সকলকে এড়িয়ে চলা। কারও সঙ্গে সংস্রব বা সম্পর্ক না রাখা। নিজেকে লুকিয়ে রাখা। লুকানো। আত্মগোপন করা। ডুবমারা। ঢাকা দেওয়া। একঘরে করা বা হওয়া। নির্বাসন দেওয়া। খাঁখাঁ করা।

বিণ. নিঃসঙ্গ অসঙ্গ সঙ্গ,সঙ্গী,-হীন গতসঙ্গ। একা একলা একাকী একক একল একানিয়া একানে। একচর একাচোরা। স্বতন্ত্র আলাদা পৃথক নির্দলীয় নিরপেক্ষ। জাতি,যূথ,-ভ্রষ্ট। বংশ,-চ্যুত,-ভ্রষ্ট। জ্ঞাতিশূন্য অনাত্মীয়। বন্ধু,মিত্র,-হীন অবান্ধব নির্বান্ধব। অনাথ। এতিম পিতৃহীন। মাতাপিতাহীন। অনন্যসহায় নিরাশ্রয় অস্পৃশ্য অপাঙ্‌ক্তেয় একঘরে সমাজ,-বহির্ভূত,-চ্যুত। অন্তঃপুরবাসিনী পর্দানশীন। নির্বাসিত অন্তরীণ। ঘরকুনো সঙ্গবিমুখ অসামাজিক (৮৮৯)। গৃহ,সংসার,-ত্যাগী ঘরছাড়া। বিবিক্তসেবী। বিজন,নির্জনস্থান,-বাসী। নির্জনতা,নিরালা, -প্রিয়।

নির্জন বিজন নিরালা। ফাঁকা। নিভৃত নিরিবিলি বিবিক্ত। একান্ত অসম্পৃক্ত। শুনশান। উপাংশু। জন,-শূন্য,-হীন,-বিরল। জনমানব,-শূন্য-হীন।

৮৯১। বন্ধুতা

বি. বন্ধু,-তা,-ত্ব। মিত্র,-তা-ত্ব মৈত্রী মৈত্র মিতালি। দোস্তি সখ্য সখি,-ত্ব,-তা সখাত্ব। সুহৃৎ সাপ্তপদীন। সৌহার্দ্য সৌহৃদ্য হৃদ্যতা হার্দ্য। বন্ধু,মিত্র,-বাৎসল্য বন্ধুপ্রীতি। স্নেহ প্রীতি প্রেম প্রণয় (৮৯৩)। বনিবনা সাঙাতি আঁতাত মিলমিশ ভাব ভাবসাব সদ্ভাব সম্প্রীতি খাতির পোেট। মনের মিল (২৪)। সহানুভূতি সহৃদয়তা সহমর্মিতা সমমর্মিতা। ঐকাত্ম্য একাত্মতা একাত্মবোধ অভিন্নহৃদয়তা অঙ্গাঙ্গিভাব। আন্তরিকতা আনুরক্তি অন্তরঙ্গতা গলাগলি ঘনিষ্ঠতা পরমাত্মীয়তা। বাল্যবন্ধুত্ব ছোটবেলার বন্ধুত্ব শৈশব,মৈত্রী,-বন্ধন। তুইতোকারি-সম্পর্ক। যাতায়াত গতায়াত দেখাশোনা লেনদেন। সঙ্গ আসঙ্গ সাথ সমভিব্যাহার সাহচর্য সংসর্গ সংস্রব। দহরম,-মহরম মাখামাখি। পরিচয় জানাশোনা পৃষ্ঠপোষকতা হিতৈষণা সদিচ্ছা। স্বজনতোষণ পক্ষপাতিত্ব। সৌভ্রাত্র সুভ্রাতৃত্ব ভ্রাতৃত্ববোধ ভাইভাই। বন্ধুকৃত্য বন্ধুর কাজ। বন্ধুত্বের,-দাবি, -বন্ধন। পুনর্মিলন ভাব।

বন্ধু বান্ধব মিত্র মিতা সুহৃৎ সুহৃদ্বর সখা দোস্ত ওয়ালি ইয়ার। বন্ধুনী বান্ধবী সখী সই সজনী সহচরী সাঙাতনী বঁধু বঁধুয়া। গঙ্গাজল। বন্ধু,-বান্ধব,-জন মিত্রবর্গ ইয়ার,-বকসি,-দোস্ত। পরিজন পরিকর। সাঙাত সঙ্গী সাথী কমরেড সহচর দোসর স্বজন সাঙ্গোপাঙ্গো সঙ্গীসাথী সহকর্মী সহযোগী। অংশীদার পার্টনার শরিক। বয়স্য সম,-বয়সী,-বয়স্ক। সহপাঠী সতীর্থ ক্লাসফ্রেন্ড। বাল্য,-সখা,-সুহৃৎ,-বন্ধু,-সঙ্গী,-সহচর নেংটির বন্ধু। আপন স্বজন। কাছের,-লোক,-মানুষ। পেয়ারের লোক প্রিয়পাত্র। নিমন্ত্রণকারী। অতিথি অভ্যাগত নিমন্ত্রিত। মুরব্বি পৃষ্ঠপোষক। সৎমিত্র সন্মিত্র হিতৈষী দরদি সহমর্মী সমমর্মী সহানুভূতিশীল। গুরু মুর্শেদ। দলীয়ব্যক্তি পার্টিসদস্য সমর্থক কুলমিত্র পারিবারিকবন্ধু। পড়শি প্রতিবেশী পাড়াপ্রতিবেশী। দেশীভাই দেশোয়ালি। মানিকজোড় কানাইবলাই জগাইমাধাই কৃষ্ণবলরাম। চির,-সখা,-সঙ্গী,-সাথী,-মিত্র।

ক্রি. বন্ধুত্ব করা। বন্ধু বা বন্ধুত্ব পাতানো। মিত্রতা বা মৈত্রী স্থাপন করা। হৃদ্যতা করা বা থাকা। বন্ধুত্বপূর্ণ আচরণ করা। আলিঙ্গন বা গলাগলি করা। করমর্দন করা। জানাশোনা বা পরিচয় করা। ভাব হওয়া। বনা। পটা। পোষা। পোষানো। একসঙ্গে ওঠাবসা করা। অন্তরঙ্গ হওয়া। মাখামাখি করা।

বিণ. বন্ধুত্ব,-পূর্ণ,-মূলক,-সুলভ। বন্ধুভাবাপন্ন। মৈত্র মৈত্রীমূলক। সৌহার্দ্য,-পূর্ণ,-মূলক। হৃদ্যতাপূর্ণ হার্দ্য হার্দিক। একাত্মা অভিন্নহৃদয় সমপ্রাণ গলায় গলায় হরিহরআত্মা। ভ্রাতৃসুলভ। অন্তরঙ্গ ঘনিষ্ঠ গাঢ় প্রগাঢ়। ঐকান্তিক একনিষ্ঠ আন্তরিক অকৃত্রিম। সহমর্মী সহনুভূতিশীল দরদি। পরিচিত জানাশোনা। তুল্যবয়স্ক সমকালিক সমসাময়িক।

৮৯২। শত্রুতা

বি. শত্রুতা শাত্রব বৈর বৈরভাব বৈরিতা আদাওত দুশমনি গালিমি দ্রোহ দ্রোহিতা। শত্রুতাচরণ বৈরাচরণ। শত্রুতাকরণ বৈরসাধন। সাপত্ন্য। বিরোধিতা বিপক্ষতা প্রতিপক্ষতা প্রতিযোগ। প্রতিকূলতা। মনোমালিন্য মনকষাকষি মনান্তর। বিভেদ বিরোধ গরমিল বিবাদ কলহ অবনিবনা অনৈক্য ঐক্যাভাব বেমিল অমিল (২৫)। অভাব অসদ্ভাব অসৌহার্দ্য অবন্ধুত্ব অসখ্য অমৈত্রী। দ্বেষ বিদ্বেষ ঈর্ষা। পৈশুন পৈশুন্য হিংসা। মনের বিষ। তিক্ততা। বন্ধু,বন্ধুত্ব,-বিচ্ছেদ। অমঙ্গলকামনা (৯০৪)। অনাদর (৮৯৭)। অপ্রণয় অনুরাগ অপ্রীতি অসম্প্রীতি অনাসক্তি বিরাগ বিমুখতা ঘৃণা (৮৯৪)। বিশ্বাসঘাতকতা। কুচক্র চক্রান্ত ষড়যন্ত্র সাট সট সড় গুপ্ত,কু,-মন্ত্রণা দুরভিসন্ধি কুমতলব। শত্রু বৈরী অরি অরাতি অররু দ্রোহী। দুশমন গালিম মুদ্দই অমিত্র অবন্ধু। চিরশত্রু। সৎ,-মা,-ভাই,-বোন,-ছেলে,-মেয়ে। সতিন সপত্নী। সতা। সতিন,-কাঁটা,-পো,-ঝি। সপত্ন। বউকাঁটকী। বিপক্ষ প্রতিপক্ষ প্রাতিপক্ষ শত্রুপক্ষ অরি,বিপক্ষ,-দল। বিবাদী প্রতিবাদী প্রত্যর্থী। প্রতি,-যোগী,-দ্বন্দ্বী। বিরোধী প্রতিবল বেদল শত্রুপক্ষ। অনাত্মীয়। শনি। রিপু। দ্বিষৎ দ্বেষ্টা দ্বেষী বিদ্বেষ্টা বিদ্বেষী। বিদ্বেষভাজন। ঘরের,দেশের, সমাজের,-শত্রু গৃহশত্রু। বিশ্বাসঘাতক বেঈমান বিভীষণ মীরজাফর কুইসলিং দালাল। পঞ্চমবাহিনী। কুচক্রী। শত্রু,-বাহিনী,-সেনা,-সৈন্য প্রতিভট। শত্রুবল অরাতিবিক্রম। বিরোধীশক্তি। শত্রুভয়। ষড়যন্ত্রী চক্রান্তকারী।

ক্রি. শত্রুতা বা দুশমনি করা। বনিবনা না হওয়া। মুখ না দেখা। কথা না বলা। দেখতে না পারা। কুচোখে দেখা। আড়ি দেওয়া। আড়াআড়ি ঝগড়া বা বিবাদ করা। বেগ দেওয়া। জ্বালানো। জ্বালাতন করা। জ্বালিয়ে পুড়িয়ে মারা। দগ্ধানো। জীবন দুর্বিষহ করা। হাড় জ্বালানো। হাড়মাস কালি করা। পিছন থেকে ছুরি মারা। বিশ্বাসঘাতকতা করা। ঘর ভাঙানো। লেলানো। লেলিয়ে দেওয়া। পিছনে লাগা। ঘৃণা করা।

বিণ. শত্রুতা,-পূর্ণ,-মূলক,-সুলভ,-ব্যঞ্জক। শত্রুভাবাপন্ন। বৈরিভাবাপন্ন। শত্রুপক্ষীয় বিপক্ষীয়। শত্রু,-পূর্ণ,-ময়,-বহুল। শত্রু,অরি,-সংকুল। বিদ্বেষমূলক। সৎ সতীনসম্পর্কিত। প্রতিকূল বিমুখ বাম। পরিপন্থী পারিপন্থিক।

৮৯৩। প্রেম

বি. প্রেম ভালবাসা প্রণয় প্রীতি পিরিত পিরিতি প্রিয়ভাব মুহব্বত পেয়ার আশক ইশক লাভ হৃদয়ঘটিত ব্যাপার। আনুরক্তি অনু,-রাগ,-রক্তি, -রতি। টান আকর্ষণ দুর্বলতা সক্তি আসক্তি সংসক্তি প্রসক্তি অত্যাসক্তি অভিরতি আসঙ্গ সমাসঙ্গ ব্যসঙ্গ। কাম মোহ রতি। সম্মোহন বিলোভন। অনুরঞ্জন। পক্ষপাতিত্ব। দরদ মায়া মমতা বাৎসল্য স্নেহ (৮৯৫)। পূজা শ্রদ্ধা ভক্তি। সহানুভূতি সমবেদনা। দয়া দাক্ষিণ্য। আকর্ষণীয়তা লালিত্য কমনীয়তা মনোহারিত্ব লাবণ্য। হার্দ্য সৌহার্দ্য(৮৯১)। অঙ্গাঙ্গি,-ত্ব,-ভাব,-সম্বন্ধ। পূর্বরাগ প্রেমার্চন প্রেমানুরঞ্জন কোর্টশিপ। প্রেম, -বন্ধ,-বন্ধন,-ডোর,-পাশ,-বাণ প্রণয়গ্রন্থি। প্রেমাশ্রু প্রেম,-বারি,-ধারা। প্রেমদৃষ্টি। প্রেম,-পত্র, -লিপিকা। নীলচিঠি। প্রেম,প্রণয়,-সম্বোধন, -সম্ভাষণ প্রণয়াহ্বান। প্রেমালাপ প্রণয়ালাপ বিশ্রম্ভালাপ রসালাপ। প্রেমানুরাগ প্রেমানুভব প্রেমাগ্নি প্রেমানল প্রণয়ানল প্রেমাসক্তি প্রেমাকাঙ্ক্ষা। প্রণয়তৃষ্ণা প্রণয়াকাঙ্ক্ষা প্রণয়াসক্তি প্রণয়ানুরাগ হৃদয়দৌর্বল্য। প্রণয়াভিমান। আদর প্রণয়াদর সোহাগ (৮৯৬)। অবৈধ,-প্রেম,-প্রণয়। পরকীয়া,-প্রেম,-রতি। আশনাই। অনঙ্গ মদন কন্দর্প। মদনের শর। কিউপিড ইরস। ভেনাস। কলির কৃষ্ণ।

প্রেমিক,-া প্রণয়ী প্রণয়িনী নাগর,-ী প্রিয়,-া প্রিয়তম,-া প্রেয় প্রেয়সী প্রেষ্ঠ,-া মাহবুব,-া আশেক,-া মাশুক,-া। মজনু লায়লি। দয়িত,-া, কান্ত,-া বল্লভ প্রেমপাত্র,-ী প্রেমী দিলদার পিয়ারা পিয়ারি সজনী। প্রাণ,-নাথ,-কান্ত,-বল্লভ প্রাণেশ। মনের মানুষ। প্রাণেশ্বর,-ী। হৃদয়েশ্বর,-ী। বঁধু। বাগদত্ত,-া প্রণয়াস্পদ,-া প্রেমাস্পদ,-া। সঙ্গিনী প্রমোদসঙ্গিনী। নর্ম,-সখী,-সঙ্গিনী,-সহচরী অঙ্কসঙ্গী। অবৈধপ্রণয়ী লম্পট (৯৬২)। নায়ক: ধীরোদ্ধত ধীরোদাত্ত। নায়িকা: ধীরা ধীরাধীরা প্রোষিতভর্তৃকা কলহান্তরিতা খণ্ডিতা অভিসারিকা বাসসজ্জা বাসকসজ্জা বাসকসজ্জিতা বিপ্রলব্ধা।

ক্রি. প্রেম করা। প্রেম দান করা বা নিবেদন করা। ভালোবাসা। মন দেওয়া নেওয়া। হৃদয় বিনিময় করা। অনুরক্ত বা আসক্ত হওয়া। প্রেমে পড়া বা মজা। প্রেমে হাবুডুবু খাওয়া। আসক্তি বা দুর্বলতা জমানো। পটানো। মজানো। ভজানো। ভুলানো। টান বা আকর্ষণ থাকা। মনে ধরা। মন চাওয়া। মন মজা। চোখে পড়া বা লাগা। মুগ্ধ বা মোহিত বা বিলুব্ধ হওয়া। মাথা ঘোরা। দেওয়ানা বনা।

বিণ. প্রেম,প্রীতি,স্নেহ,মায়া,-ময়,-ময়ী। দরদি মমতাময়ী। অনু,-রক্ত,-রত,-রাগী। অনু,-রক্তা, -রাগিণী। আসক্ত আসক্তা সক্ত প্রসক্ত সংসক্ত সংসক্তা অনুষক্ত। প্রেমাসক্ত প্রণয়াসক্ত। আরত অভিরত। মাতোয়ারা আত্মহারা দেওয়ানা। মাতাল

মত্ত। মুগ্ধা বিমুগ্ধা বিমোহিতা বিহ্বলা। আকর্ষণীয় মোহনীয় মোহিনী মনোরমা মনোমোহিনী মনোলোভা কমনীয় কামিনী রমনীয়। মনচোরা চিত্ত,চিত,-চোর। কাম্য কামনীয়। পিতৃ,মাতৃ, ভগ্নি,ভ্রাতৃ,-সুলভ। সানুরাগ। প্ল্যাটোনিক কামগন্ধহীন।

৮৯৪। ঘৃণা

বি. ঘৃণা ঘেন্না রীঢ়া। বিরাগ অনুরাগ অপ্রেম অপ্রীতি। বিরূপ,-তা,-ত্ব। অনাদর (৮৯৬)। অশ্রদ্ধা অভক্তি অবজ্ঞা তাচ্ছিল্য অবহেলন। পরাকরণ। জুগুপ্সা। ধিক্কার গঞ্জনা নিন্দা। বিদ্বেষ তিক্ততা। শত্রুতা (৮৯২)। বিষ,-দৃষ্টি,-নয়ন। অপঘৃণা। বিতৃষ্ণা বিতুষ্টি।

ক্রি. ঘৃণা করা। অশ্রদ্ধা বা অভক্তি করা। নাক টেপা উঁচান বাঁকান বা সিটকানো। অপছন্দ করা। সহ্য করতে না পারা। দেখতে না পারা। দেখলে গা জ্বালা করা। পিত্ত জ্বালা করা। ঘেন্না ধরে যাওয়া। গা রিরি করা। গা গুলিয়ে ওঠা। গা ঘিনঘিন করা। বমি পাওয়া। পিছিয়ে আসা। ছিটকে পড়া। ছায়া না মাড়ানো।

বিণ. ঘৃণার্হ ঘৃণ্য। ঘৃণিত ঘৃণাস্পদ বিরাগভাজন অপ্রীতিভাজন। ঘৃণা,-যোগ্য,-ভাজন,-কর, -জনক। ঘৃণী ঘৃণাকারী। বীতশ্রদ্ধ। অপ্রিয়, -ভাজন। অপ্রীত। বিরূপ বিতুষ্ট। অপ্রীতিকর বিরক্তিকর। ন্যক্কারজনক। জঘন্য। নিন্দিত গর্হিত। পরাকৃত হেয়। পরিত্যক্ত। উপেক্ষিত অবজ্ঞাত অপমানিত ধিক্কৃত। বিদ্বেষমূলক (৯১৯)।

৮৯৫। স্নেহ

বি. স্নেহ স্নেহপ্রীতি মায়া মমতা মায়ামমতা। দরদ টান আকর্ষণ আত্তি অনুষঙ্গ অনুলেহ দয়ামায়া। মমত্ব,-বোধ। বাৎসল্য বৎসলতা। অপত্য,সন্তান, -স্নেহ। পিতৃ,মাতৃ,-স্নেহ। স্নেহ,-রস,-বারি। আদর স্নেহাদর পরমাদর আহ্লাদ। আশিস স্নেহাশিস আশীর্বাদ স্নেহাশীর্বাদ আশীর্বচন। স্নেহালিঙ্গন। স্নেহপারাবার। আন্তরিকতা করুণা। স্নেহ,-জাল,-ছায়া,-বন্ধন,-নীড়,-স্পর্শ। স্নেহের বন্ধন। মায়া,-ডোর,-পাশ,-জাল,-রজ্জু,-বন্ধন। মায়ার বন্ধন। অষ্টোপাশ।

ক্রি. স্নেহ বা আদর করা। টান বা আকর্ষণ থাকা। আশীর্বাদ করা। প্রশ্রয় বা লাই বা নাই বা আশকারা দেওয়া। লাই পাওয়া।

বিণ. স্নেহ,-পাত্র,-ভাজন। স্নেহাস্পদ। স্নেহের পুত্তলি। স্নেহ,-যোগ্য,-ধন্য। প্রিয়,-পাত্র,-পাত্রী, -জন,-ভাজন। প্রীতি,-পাত্র,-ভাজন। আদুরে আদুরী আদরিণী। সোহাগী সোহাগিনী। গোপাল দুলাল আহ্লাদে নন্দদুলাল দুলালি দুলারি। রাজা রানী সোনামানিক পুতুল। আদুরে গোপাল। আদরের দুলাল। আলালের ঘরের দুলাল। সুপ্রিয় প্রাণপ্রিয় পরমপ্রিয়। প্রাণাধিক জীবনাধিক। স্নেহ,নয়ন,-পুত্তলি। নয়নের মণি। চোখের মণি। কণ্ঠের মণি কণ্ঠমণি। সাতরাজার ধন। স্নেহী দরদি দরদিয়া মায়ী মরমি মায়িক। স্নেহ,-শীল,-শীলা, -ময়,-ময়ী,-প্রবণ,-বৎসল। স্নেহ,-প্রাপ্ত, -পালিত,-বদ্ধ,-সিক্ত। মমতা,-ময়,-ময়ী,-শীল। মায়া,-বান,-বতী,-ময়। মমত্বময়। বৎসল,-া। সহানুভূতিশীল। আত্তি,-শু,-শুভ,-শো। আদৃত বাৎসল্যপুষ্ট প্রশ্রিত। নেওটা। প্রশ্রয়,লাই,-প্রাপ্ত। সস্নেহ সাদর। স্নেহ,-পূর্ণ,-ভরা,-সিক্ত,-মাখা, -যুক্ত। স্নেহার্দ্র স্নৈহিক স্নেহাত্মক মায়া,-পূর্ণ, -বদ্ধ। মমতা,-পূর্ণ,-ভরা দরদমাখানো দয়ার্দ্র। প্রীতিমধুর।

ক্রি-বিণ. স্নেহে সস্নেহে পরমস্নেহে। দরদে মায়ায় মমতায়। গভীর মমতায়। স্নেহের ছায়ায়। আদরে (৮৯৬)।

৮৯৬। আদর

বি. আদর স্নেহ প্রীতি সোহাগ পেয়ার প্রণয় অনুরাগ। যত্ন খাতির কদর মর্যাদা শ্রদ্ধা ভক্তি। অভ্যর্থনা আপ্যায়ন। স্নেহাদর স্নেহালিঙ্গন স্নেহস্পর্শ স্নেহাশীর্বাদ চিবুকস্পর্শন। প্রশ্রয় আশকারা লাই পরমাদর। প্রণয়াদর সোহাগ পেয়ার। প্রণয়সম্ভাষণ প্রেমসম্বোধন প্রণয়াহ্বান। কাকলি কূহুরব কূজন। আলিঙ্গন কোলাকুলি জড়াজড়ি আশ্লেষ পরিশ্লেষ পরিরম্ভ,-ন। মিলন আসক্তি উপগূহন উপশ্লেষ অত্যাধান ক্রোড়ীকরণ। অণ্বয় নৈকট্য। ঠোকনা ঠোনা। পরশ পরশন অঙ্গস্পর্শ। চুম্বন চুমা চুমু। ওষ্ঠচুম্বন অধর,-চুম্বন, সুধাপান,-মধুপান। মুখচুম্বন চুমোচুমি চুমকুড়ি চোষণ। কাম,-কূট,-কলা,-কেলি। কেলিকলা। প্রেম,-কেলি,-লীলা। নাখরা লাস্য নাগরালি। ঢলাঢলি বিশ্রম্ভ। শৃঙ্গার সংগম সুরত রমণ মৈথুন রভস। প্রেমনিবেদন। প্রেম,প্রণয়,-প্রার্থনা,-ভিক্ষা। পাণিপ্রার্থনা। কটাক্ষ আড়চোখ অপাঙ্গদর্শন।

ক্রি. আদর বা সোহাগ করা। অঙ্গ স্পর্শ করা। গায়ে হাত বুলানো। বুকে টানা। কাছে টানা। কোলে নেওয়া। আলিঙ্গন জড়াজড়ি বা কোলাকুলি করা। চুম্বন করা। চুমু দেওয়া বা খাওয়া। কণ্ঠলগ্ন হওয়া। বুকে মাথা রাখা। ঠোকনা দেওয়া। গাল টিপা। ঠোকর দেওয়া। ঠোকরান। প্রেমনিবেদন করা (৮৯৩)। তোয়াজ করা। চোখ মারা। আঁখি ঠারা। নাখরা করা। প্রেমের অভিনয় করা।

বিণ. আদরপ্রাপ্ত আদৃত সমাদৃত। আদুরে আদুরী আদরিণী সোহাগী সোহাগিনী। আলিঙ্গিত আলিঙ্গনাবদ্ধ আশ্লিষ্ট কণ্ঠ,-লগ্ন,-বন্ধ,-বদ্ধ,-লীন কণ্ঠলগ্না উপগূঢ়। চুম্বিত। চুম্বনরত। প্রেমার্দ্র প্রেমাসক্ত প্রেমপীড়িত। প্রণয়াসক্ত। প্রণয়াকাঙ্ক্ষা।

ক্রি-বিণ. আদরে সাদরে সোহাগে। সস্নেহে (৮৯৪)।

৮৯৭। অনাদর

বি. অনাদর অস্নেহ নিস্নেহ স্নেহাভাব স্নেহ,-হীনতা,-শূন্যতা। অযত্ন অবহেলা অবহেলন অবজ্ঞা অবমতি উপেক্ষা। অমর্যাদা অশ্রদ্ধা অসম্মান। অপছন্দ। নির্দয়তা নিষ্ঠুরতা। মমত্ব, যত্ন,-হীনতা। বিরূপতা বৈরূপ্য। শত্রুতা। ধীতি যত্নাভাব মায়াভাব আদরাভাব। অনতিযত্ন। সতিনপুত্র। গলার কাঁটা। চোখের বালি। চক্ষুশূল। দুয়োরানী। চোখের বিষ। পরের ঘরে মানুষ।

ক্রি. অনাদর অযত্ন বা অবহেলা করা। দেখতে না পারা। চক্ষুশূল হওয়া। দুচোখে দেখতে না পারা। সইতে বা সহ্য করতে না পারা। অগ্রাহ্য বা উপেক্ষা করা। দুয়ো দুয়ো করা। দূর ছাই করা। ঘৃণা করা (৮৯৪)। দেখলে তেড়ে আসা।

বিণ. অনাদৃত অকৃতাদর অবহেলিত ধীত উপেক্ষিত অবজ্ঞাত অবমত। অনাদরণীয় উপেক্ষণীয় অবজ্ঞেয়। অযত্ন,-লালিত,-পালিত, -বর্ধিত। স্নেহ,মমতা,-বঞ্চিত। পরাকৃত। হৃতভাগা হৃতভাগ্য। সুখসৌভাগ্য,-হীন,-বঞ্চিত। অনাথ। এতিম পিতৃহীন। মা-মরা মাওড়া। মাতাপিতাহীন। অপ্রিয়ভাজন। বাপেখেদানো মায়েতাড়ানো। দয়া, মায়া,স্নেহ,দরদ,মমতা,মমত্ব,-হীন। নিঃস্নেহ নির্দয় বেদরদি। মায়ামমতা,দয়ামায়া,-হীন। অনাদরকারী অবৎসল। কুটিল কসাই চণ্ড চশমখোর। বিমাতৃ, বিমাতা,-সুলভ।

ক্রি-বিণ. অনাদরে অস্নেহে অবহেলায় অযত্নে।

৮৯৮। বিবাহ

বি. বিবাহ বিয়ে পরিণয় পরিণয়ন উঢ়ি উদ্বাহ উদ্বাহন উপযাম শাদি নিকাহ্ ম্যারেজ। শুভবিবাহ। পাত্রসাৎ। দার,-কর্ম,-গ্রহণ,-পরিগ্রহ,-পরিগ্রহণ। কর,পাণি,-গ্রহ,-গ্রহণ,-পীড়ন। বন্ধন গাঁটছড়া

মিলন। বিবাহ,উদ্বাহ,পরিণয়,-বন্ধন। চারিচক্ষুর মিলন। বিধির বিধান। প্রজাপতির নির্বন্ধ। কণ্ঠি,মালা,-বদল। প্রণয়,প্রেম,পাণি,-প্রার্থনা কোর্টশিপ। প্রস্তাব আলাপ পয়গাম সম্বন্ধ। ঘটক ঘটকালি। বাগদান আক্‌দ মঙ্গি এনগেজমেন্ট। পানচিনি পাটি,পান,-পত্র। পাকাকথা। দোয়া আশীর্বাদ। যোটকবিচার রাজযোটক যোটক। কুষ্ঠির মিল। সঘর সবর্ণ পালটিঘর। তত্ত্ব। থুবড়া। গায়েহলুদ। গায়েহলুদের তত্ত্ব। আইবুড়োভাত অনূঢ়ান্ন। ননদ,-পুঁটুলি,-খেমি। সেলামি প্রণামী।

বর পাত্র ছেলে নওশা দুলাহমিঞা জামাই জামাতা দামাদ বিবোঢ়া পরিণায়ক। সু,যোগ্য,-পাত্র। বর,পাত্র,-পক্ষ। বরকর্তা। বর,-যাত্রী,-যাত্রা। মিত্র,নিত,কোল,-বর। কনে বউ মেয়ে পাত্রী কনেবউ বিয়েরকনে। সুপাত্রী। কন্যা,পাত্রী,মেয়ে, -পক্ষ। নিতকনে। কন্যাকর্তা। কন্যাযাত্রী। মালা বরণমালা বরমাল্য। বিয়ের পোশাক: শেরওয়ানি পাগড়ি। চেলি বেনারসি জোড় ভেল টোপর মুকুট। কনেচন্দন। শাঁখা সৈমন্তিক সীমন্তক সিন্দূর সিঁদুর সিঁদুরদান। দর্পণ। গাছকৌটো কাজললতা। বিয়েরলগ্ন লগন শুভলগ্ন লগনসা। বিবাহবাসর। ছায়ামণ্ডপ ছাঁদনাতলা। পণ বরপণ। বরাভরণ যৌতুক। কন্যাদায়। কন্যাদান সম্প্রদান। রুসমাত। ওয়ালিমা বৌভাত পাকস্পর্শ। বধূবরণ। শুভদৃষ্টি। ফুল,বাসর,-শয্যা বাসর,-ঘর। বাসরজাগানি। বাসিবিয়ে। শয্যাতুলুনি। স্ত্রীআচার কড়িখেলা। কুশণ্ডিকা ধৃতিহোম। সপ্তপদী। কনকাঞ্জলি। মধু, -চন্দ্রিমা,-চন্দ্রিকা,-যামিনী হানিমুন। দ্বিরাগমন। অষ্টমঙ্গলা। নাইয়র। নববধূ নবোঢ়া। নবদম্পতি। বর,-বউ,-বধূ,-কনে। জায়াপতি দম্পতি জম্পতি মিঞাবিবি কর্তাগিন্নি স্বামীস্ত্রী। জোড় যুগল মিথুন একদেহ। দাম্পত্য,বিবাহিত,-জীবন। সংসার,-ধর্ম দ্বিতীয়-আশ্রম গার্হস্থ্যজীবন সংসারযাত্রা ঘর, -সংসার,-গৃহস্থালি,-কন্না গৃহকর্ম পাটি। সংসারবন্ধন।

স্বামী কর্তা পতি দয়িত শওহর খসম জওজ আর্যপুত্র ভর্তা ভাতার বল্লভ কান্ত ধর্মপতি। পাণি,-গ্রাহ,-গ্রাহক,-গ্রহণকারী। জীবন,-সঙ্গী, -সাথী। শয্যাসহচর। স্বামী,পতি,-ত্ব। স্বামীরঘর পতিগৃহ। শ্বশুরালয় শ্বশুরবাড়ী। ঘরজামাই।

স্ত্রী পত্নী পরিবার দার দারা দয়িতা জায়া কলত্র বধূ ভার্যা জওজে বিবি,বেগম,-সাহেবা কান্তা জরু ধর্মপত্নী সহধর্মিনী অর্ধাঙ্গিনী গৃহদেবী জীবনসঙ্গিনী। শয্যা,-সঙ্গিনী,-সহচরী অঙ্কলক্ষ্মী। গিন্নি ঘরণী গৃহিণী। স্বামীসোহাগিনী সুভগা সুয়া সুয়ো। পতি,-প্রাণা,-পরায়ণা,-ব্রতা,-গতপ্রাণা স্বামীগতজীবনা। সতী,-সাধ্বী,-সাবিত্রী,-লক্ষ্মী। সধবা আয়তি এয়তী এয়ো সীমন্তিনী সভর্তৃকা এয়োস্ত্রী পতিবত্নী নাথবতী সিন্দূরতিলকা। চিরসধবা। ঘরেরবউ গৃহবধূ পুরনারী কুলেরবউ কুল,-নারী,-স্ত্রী,-বধূ,-বালা,-বতী,-লক্ষ্মী। স্ত্রী,রমণী,-রত্ন বরনারী। পাতিব্রত্য সতী,-ত্ব, -ধর্ম,-পনা।

শ্বশুর শাশুড়ী শালা শ্যালক সম্বন্ধী শালী শালাজ শালাবৌ। ভাসুর দেওর দেবর ঠাকুরপো। ননদ নন্দাই ঠাকুরজামাই। বেহাই বেহান। তালুই মাউই।

মুসলমান বিবাহ: সহি বাতিল ফাসিদ মুতা। উকিল সাক্ষী ইজন কবুল। কাজি ম্যারেজরেজিস্ট্রার কাবিন,-নামা দেনমোহর নিকানামা। জেহাজ।

হিন্দু বিবাহ: ব্রাহ্ম দৈব আর্য প্রাজাপত্য আসুর গান্ধর্ব রাক্ষস পৈশাচ। একবিবাহ। বহুবিবাহ। অধিবেদন। অসবর্ণবিবাহ। বউরি বাল্যবিবাহ

গৌরীদান। বিধবাবিবাহ। দ্বিতীয়বিবাহ। পুনর্বিবাহ সাঙ্গা নিকাহ। আদালতি,ধর্মনিরপেক্ষ,-বিবাহ। লাভ,সিভিল, রেজিস্ট্রি,-ম্যারেজ। স্বয়ং,-বর, বরণ। স্বামীনির্বাচন। পাত্রপাত্রী-বিজ্ঞাপন। বিবাহ-যোগাযোগ-কেন্দ্র। প্রজাপতি অফিস।

ক্রি. বিয়ের ফুল ফোটা। বিয়ের প্রস্তাব করা বা দেওয়া। ঘটকালি করা। সম্বন্ধ করা। যৌতকবিচার করা। দিন ঠিক করা। মেয়ে বা কনে দেখা। ঘরবর দেখা। পাটিপত্র করা। পাকা দেখা। কথা দেওয়া। বাগদান করা। তত্ত্ব করা। গায়েহলুদ দেওয়া। বিয়ের পানি গায়ে লাগা। বিয়ে দেওয়া। বিয়ে পড়ানো। দুহাত এক করা। কন্যা দান করা। সম্প্রদান করা। পাত্রস্থ করা। বিবাহ বা বিয়ে করা। নিকা করা। দার পরিগ্রহণ বা পাণিগ্রহণ করা। বিয়ে বসা। বিয়ের পিঁড়িতে বসা। ছাঁদনাতলায় দাঁড়ানো। গাঁটছড়া বাঁধা। শাঁখাসিন্দুর পরা। কণ্ঠি বা মালা বদল করা। ইজন বা মত দেওয়া। কবুল করা। কলমা পড়া। ফরজ আদায় করা। সংসারজীবনে প্রবেশ করা। সংসার পাতা। গৃহী বা সংসারী হওয়া। ঘরসংসার করা। ঘর গাড়া বাঁধা বা করা। স্বামীর ঘর করা। গৃহধর্ম বা সংসারধর্ম পালন করা। সংসার চালানো।

বিণ. বিবাহসম্বন্ধীয় বৈবাহিক উদ্বাহিক ঔদ্বাহিক। দাম্পত্য। সাংসারিক পারিবারিক। সংসারসংক্রান্ত। বিবাহ,-যোগ্য,-যোগ্যা বিবাহার্হ বিবাহ্য পরিণেয়। মহরুম। গায়ের-মহরুম। অরক্ষণীয়া। বাগদত্তা। অন্য,পর,-পূর্বা অন্যপর্ব। দিধিষু অগ্রেদিধিষু। স্বয়ং,-পতি,-বরা। বিবাহিত,-া পরিণীত,-া ঊঢ়,-া ব্যূঢ় উদ্বাহিত। কৃতদার কৃতোদ্বাহ। দ্বিরূঢ়া। বিবাহকারী দারপরিগ্রাহক উদ্বাহী। বিবাহার্থী পাণিপ্রার্থী। বিয়ে,-পাগলা,-পাগলী ঘরন্তী বরাকাঙ্ক্ষিণী। দোজবরে। তেজবরে।

ক্রি-বিণ. সস্ত্রীক সপত্নীক পত্নীসমভিব্যাহারে। বিবাহসূত্রে।

৮৯৯। কৌমার্য

বি. কৌমার্য কৌমার কুমারদশা একাকিত্ব। কুমারীত্ব কন্যাকাদশা অনূঢ়াত্ব সতীত্ব। স্ত্রীদ্বেষ। বিবাহবিদ্বেষ।

বিণ. কুমার চিরকুমার ব্যাচিলর অবিবাহিত অকৃত,-বিবাহ,-দার অকৃতোদ্বাহ অনূঢ় অব্যূঢ় আইবুড়ো অস্ত্রীক অপত্নীক। কুমারী কৌমারী কুমারিকা কন্যা কন্যকা অবিবাহিতা অনূঢ়া অধবা অপাত্রস্থা অকৃত,-দারা,-বিবাহা। অরক্ষণীয়া। অক্ষতযোনি অনাঘ্রাত অদূষিত অভিজ্ঞতাহীনা।

৯০০। বিবাহবিচ্ছেদ

বি. বিবাহবিচ্ছেদ তালাক ডিভোর্স ইস্তফা। পতিত্যাগ পত্নীত্যাগ। তালাক-তালাক-বাইন -তালাক। মুবারত। খুলা। ইদ্দত। ফারখত সেপারেশন ছাড়াছাড়ি। খোরপোষ ভরণ পোষণ। পতিহীনতা বৈধব্য বালবৈধব্য। যতি যতিনী।

ক্রি. বিবাহ বিচ্ছেদ হওয়া। তালাক দেওয়া বা নেওয়া। ডিভোর্স করা। স্বামী ছাড়া। বিধবা হওয়া। স্ত্রী মরে যাওয়া।

বিণ. তালাকপ্রাপ্ত। স্বামীত্যাগিনী। দোপড়া। বিধবা বেওয়া রাঁড় রাঁড়ী মৃতভর্তৃকা যতী স্বামী,পতি, -হীনা। বালবিধবা কড়েরাঁড়। প্রোষিতভর্তৃকা। প্রোষিত,-পত্নীক,-ভার্য। গতভর্তৃকা। পত্নীহীন বিপত্নীক মৃতদার।

৯০১। সৌজন্য

বি. সৌজন্য সুজনতা দাক্ষিণ্য। আদব,-কায়দা ব্যবহার সুব্যবহার সদ্ব্যবহার। শিষ্টতা শিষ্টাচার

সদাচার সদাচরণ। সামাজিকতা (৮৮৮)। তাজিম লেহাজ তমিজ তাহজিব তরিবত আখলাক আদত স্বভাব। সহবত আচার কেতা রীতিনীতি। বিনয় নম্রতা। ভদ্রতা ভব্যতা। সাধুতা। সুশীলতা সৌশীল্য। সৌজন্য,ভদ্রতা,-বোধ ভদ্রব্যবহার। পৌরুষ যোদ্ধৃত্ব শিভলরি। শীলধর্ম শালীনতা শ্রীলতা,-বোধ। সুরুচি মার্জিতরুচি। শীলন অনুশীলন পরিশীলন। সংস্কৃতি কালচার কৃষ্টি সভ্যতা তমুদ্দুন। অমায়িকতা আন্তরিকতা। কুশলজিজ্ঞাসা স্বাগতসম্ভাষণ। মিষ্টভাষণ অভিবাদন। শ্রদ্ধা ভক্তি (৯৩২)। সালাম আদাব কুর্নিশ স্যালুট বন্দেগী কদমবুসি। প্রণাম নতি প্রণতি প্রণিপাত গড় নমস্কার কৃতাঞ্জলি। করমর্দন কোলাকুলি। অভিনন্দন (৯৩৯)। ধন্যবাদজ্ঞাপন শোকরানা।

ক্রি. সৌজন্য প্রকাশ করা। সমীহ সম্মান বা শ্রদ্ধা করা। খাতির বা সমাদর করা। ভালো বা ভদ্র ব্যবহার করা। আদব করা। স্বাগতম বা খোশআমদেদ জানানো। আদাব দেওয়া। সালাম নমস্কার বা প্রণাম করা। গড় বা দণ্ডবৎ হওয়া। পা ছোঁয়া। পদধূলি নেওয়া। কদমবুসি করা। হস্তচুম্বন করা। করমর্দন করা। মোসাফা করা। ধন্যবাদ জানানো। শুকরিয়া আদায় করা।

বিণ. সৌজন্য,-পূর্ণ,-মূলক। ভদ্র ভব্য সভ্য সুসভ্য। নম্র বিনম্র বিনয়ী। মার্জিত সাধু শ্রীল শালীন শালীনতাপূর্ণ সুশীল শিষ্ট পরিশীলিত সংস্কৃতিমান শিক্ষিত সংযত সংস্কৃত সম্ভ্রান্ত। সুভদ্র সুজন সজ্জন। সভ্যভব্য। সুবোধ ধীর শান্ত সুবিধ সুনীথ। অধৃষ্ট। শিষ্টাচারী সদাচারী সদাচারপরায়ণ। মুখমিষ্টি মিষ্টভাষী সদালাপী অমায়িক। কেতা,-সম্পন্ন,-দুরস্ত। কায়দা, -বাগীশ,-দুরস্ত। রুচি,সুরুচি,-সম্পন্ন মার্জিতরুচিসম্পন্ন। বশংবদ কৃতার্থ ধন্য। প্রতিবেশীসুলভ। ভদ্রোচিত ভদ্রজনোচিত ভদ্রতামূলক। আপসমূলক। সহৃদয়। আদবকায়দামূলক।

৯০২। অসৌজন্য

বি. অসৌজন্য অভদ্রতা অসদ্ব্যবহার অসদাচরণ দুর্ব্যবহার। অসম্ভ্রম অশ্রদ্ধা (৯৩৬)। বেয়াদবি গোস্তাকি অশিষ্টতা অসভ্যতা। অভব্যতা অশীলতা অসৌষ্ঠব। অশোভনতা অশালীনতা অশ্লীলতা। কদাচার কদাচরণ অশিষ্টাচার অশিষ্টাচরণ। নোংরামি কুচর্যা কুচাল কুরীতি। দৌর্জন্য বেয়াড়াপনা। অসামাজিকতা (৮৮৯)। গ্রাম্যতা। কুরুচি খারাপরুচি রুচি,-হীনতা,-বিকৃতি। বেলেল্লাপনা ধৃষ্টতা (৮৮০) চাপল্য চপলতা। ইতরামি ইতরতা বর্বরতা ম্লেচ্ছাচার দুরাচার। নীচতা ছোটলোকি বাঁদরামি। রীতিবিরুদ্ধতা। অপ্রিয়,কটু,-ভাষণ। পরুষ,-বচন,-ভাষণ গালাগালি তুইতোকারি মুখখিস্তি। শকার-বকার। অসংসদীয় উক্তি। বদমেজাজ রূঢ়তা (৯১৭)। কটুতা তিক্ততা। ভ্রূকুটি বিষদৃষ্টি। পশ্বাচার। জানোয়ার পশু ভল্লুক। উল্লুক।

ক্রি. অভদ্রতা করা। অশ্রদ্ধা করা। খারাপ বা রূঢ় বা রুক্ষ ব্যবহার করা। দুর্ব্যবহার করা। দৃষ্টিকটু ব্যবহার করা। অসংযত আচরণ করা। বেয়াদবি করা। মুখে মুখে তর্ক করা। কথার পটাপট জবাব দেওয়া। কথার উত্তর না দেওয়া। পেছন ফেরা। মুখের সামনে বা মুখের ওপর দরজা বন্ধ করা। ঘেঙানো। তাড়িয়ে দেওয়া। রাস্তা দেখানো। মুখ খারাপ করা। খিস্তি বকা। অসভ্যতা বা ইতরামি করা। পশুর মত ব্যবহার করা। তেরিমেরি বা গালিগালাজ করা।

বিণ. অসৌজন্য,-পূর্ণ,-মূলক। অভদ্রোচিত বর্বরোচিত ভদ্রতা,-রীতি,-বিরুদ্ধ। অভদ্র অভব্য অসভ্য ছোটলোক। বেয়াদব অশিষ্ট অশ্লীল অমার্জিত। অশীল বিশীল অমার্জিত অসংস্কৃত অসামাজিক। দুর্ব্যবহারকারী অসদাচারী কদাচারী। বেলেহাজ বেতমিজ। বেতরিবত। বেদস্তুর বেদাঁড়া অশোভন অশালীন বেমক্কা বেয়াড়া। অসংযত বেফাঁস। বেলেল্লা বেলাজ নির্লজ্জ ধৃষ্ট (৮৮০)। বজ্জাত চোয়াড়ে নীচ। রুচিহীন বিকৃতরুচি। কুৎসিত জঘন্য। কুরুচি,-কর,-সম্পন্ন। ফক্কড় ফাজিল ফচকে। ইতর বর্বর বুনো রূঢ় কর্কশ পরুষ উদ্ধত বদমেজাজী। (৯১৭)। অপ্রিয়ভাষী। কটুভাষী।

৯০৩। মঙ্গলকামনা

বি. মঙ্গল,কল্যাণ,কুশল,-কামনা। মঙ্গলাকাঙ্ক্ষা শুভেচ্ছা শুভানুধ্যান শুভকামনা শুভানুধ্যায়িতা শুভাকাঙ্ক্ষা। কল্যাণাকাঙ্ক্ষা হিতেচ্ছা হিতকামনা হিতাকাঙ্ক্ষা হিতৈষণা হিতৈষিতা হিতৈষা। মঙ্গলজিজ্ঞাসা কুশলপ্রশ্ন কৌশলিকা। মঙ্গল,ধন্য,-দৃষ্টি। আশীর্বাদ আশিস শুভাশিস শুভাশীর্বাদ। আশী,-র্বাণী,-র্বচন। বর। স্বস্তিবচন। ধানদূর্বা। হিত,-বচন,-কথা। হিতাশংসা হিতাশংসন মঙ্গলবচঃ। ইষ্টচিন্তা। প্রিয়চিকীর্ষা। উপচিকীর্ষা সদভিপ্রায়। সদিচ্ছা সদাশয়তা সহৃদয়তা। সহানুভূতি সম,-ব্যথা,-বেদনা। দয়া দরদ মায়া রহম। প্রেম (৮৯৩)। বন্ধুত্ব (৮৯১)। করুণা (৯১১)। অনুকম্পা অনুগ্রহ। বদান্যতা দাক্ষিণ্য। অস্বার্থপরতা (৯৪৪)। পরোপকারিতা ঔদার্য উদারতা। মানবিকতা। অহিংসা। অসাম্প্রদায়িকতা। সহিষ্ণুতা। ক্ষমা (৯১৪)।

ক্রি. মঙ্গল বা কুশল কামনা করা। সদিচ্ছা পোষণ করা। সহানুভূতি বা সমবেদনা জানানো। দুঃখের দুঃখী হওয়া। সান্ত্বনা দেওয়া। দয়া মায়া বা করুণা করা। অনুগ্রহ করা। ভালো বা উপকার করা। সাহায্য করা (৭৫৭)।

বিণ. মঙ্গলকামী শুভার্থী শুভানুধ্যায়ী শুভাকাঙ্ক্ষী হিতৈষী হিতার্থী হিতাকাঙ্ক্ষী। আশীর্বাদক। মহাশয় সদাশয় সহৃদয়। দয়াল দয়ালু মেহেরবান মহানুভব দরদি মরমি করুণাময়। উষ্ণ,কোমল,-হৃদয় মনস্বী উদার। দরাজ,-দিল,-হস্ত। পরার্থপর উপকারী পরোপকারী। সহানুভূতি, সমবেদনা,-শীল। পিতৃ,মাতৃ,ভ্রাতৃ,-ভগ্নি,-সুলভ। ভ্রাতৃত্ব,বন্ধুত্ব,-পূর্ণ। নিঃস্বার্থ।

৯০৪। অমঙ্গলকামনা

বি. অমঙ্গল,অশুভ,অনিষ্ট,-কামনা। অমঙ্গলেচ্ছা অশুভাকাঙ্ক্ষা অমঙ্গলাশঙ্কা অসচ্চিন্তা অনিষ্ট,-চিন্তা,-চিন্তন অপকারেচ্ছা অপচিকীর্ষা। অভিশাপ (৯০৬)। আক্রোশ শত্রুতা (৮৯২)। ঘৃণা (৮৯৪)। অবজ্ঞা। রূঢ়তা (৯১৭)। বিদ্বেষ পরহিংসা পরশ্রীকাতরতা। দুরভিসন্ধি বদনিয়ত বদমতলব কু,-মতলব,-বুদ্ধি। কু,-নজর,-দৃষ্টি। বিষ,-দৃষ্টি,-নয়ন। অভিচারঃ মারণ মোহন স্তম্ভন বিদ্বেষণ উচ্চাটন উচাটন বশীকরণ। অত্যাচার নিগ্রহ নিপীড়ন উৎপীড়ন জুলুম। বলাৎকার। পাশবিকতা বর্বরতা অমানুষিকতা গুণ্ডামি শয়তানি বদমায়েশি। অসদাচরণ অসদ্ব্যবহার ব্যবহার। পিশাচ দানব নরখাদক জল্লাদ শয়তান। শনি।

ক্রি. অমঙ্গলকামনা করা। অভিশাপ দেওয়া। কু ডাকা। কু গাওয়া। তুকতাক করা। বাণ মারা। জ্বালানো পোড়ানো। আগুন লাগানো। ঘরে মামলা ঢোকানো। সর্বনাশ করা। বাঁশ দেওয়া। লেজ কাটার পরামর্শ দেওয়া। বদমতলব থাকা।

আক্রোশ পোষণ করা। চোখ দেওয়া। ক্ষতি করা। ঘা বা আঘাত দেওয়া। লেং মারা। পথে বসানো। ফাঁসানো। বিপদে ফেলা। দুঃখ দেওয়া। জ্বালাতন করা (৮৩২)। অত্যাচার করা। বলাৎকার করা। গায়ের জোরে বাধ্য করা। দুর্ব্যবহার করা। ক্ষমা বা দয়ামায়া না করা।

বিণ. অমঙ্গলকামী অনিষ্টকারী বদমতলবি। বদমেজাজি। কোপনস্বভাব। বিষমুখ। অপচিকীর্ষু। সর্বনেশে। হিংসা,ঈর্ষা,প্রতিহিংসা,-পরায়ণ। দয়া,মায়া,ক্ষমা,অনুভূতি,হৃদয়,-হীন। কঠোর,পাষাণ,-হৃদয়। খুনে। হিংস্র। অমানবোচিত অমানুষিক। পাশবিক বর্বর। অবন্ধুসুলভ। শত্রুতা, আক্রোশ,বিদ্বেষ,-মূলক। বিশ্বাসঘাতকতাপূর্ণ। দুরভিসন্ধিপূর্ণ।

৯০৫। মানবহিতৈষণা

বি. মানব,মনুষ্য,লোক,-হিতৈষণা। মানব,-প্রেম, -প্রীতি,-দরদ। মানবতাবাদ মানবিকতাবাদ। মনুষ্যত্ব মানবধর্ম নৃধর্ম মানবিকতা ইনসানিয়াত। বিশ্ব,-মানবতা,-ভ্রাতৃত্ব,-প্রেম,-মৈত্রী। বিশ্বজনীনতা বিশ্ববোধ। পরহিতৈষণা পরহিতব্রত। পরার্থ,-পরতা,-বাদ পরার্থিতা। উপচিকীর্ষা। মহানুভবতা (৯০৩)। সর্বজনীনতা। জন,-স্বার্থ, -কল্যাণ। স্বাদেশিকতা জাতীয়তাবাদ। দেশ,স্বদেশ,জাতি,-প্রেম (৯১০)।

বিণ. মানব,-প্রেমী,-প্রেমিক,-দরদি। মানব,লোক, মনুষ্য,সমাজ,-হিতৈষী,-হিতার্থী। পরোপকারী পরহিতৈষী পরার্থপর। উপচিকীর্ষু। দেশ,স্বদেশ, -প্রেমী,-প্রেমিক। বিশ্ব,-প্রেমী,-প্রেমিক। মহান উদার বদান্য মহানুভব (৯০৩)। সার্বজনিক সর্বজনীন। লোকহিতকর জন,-হিতকর, -কল্যাণকর। জনীন। মনুষ্যত্বপূর্ণ মনুষ্যোচিত মানবধর্মানুমত।

৯০৬। মানববিদ্বেষ

বি. মানববিদ্বেষ মনুষ্যদ্বেষিতা। মানবতাবিরোধী -অপরাধ। অমনুষ্যত্ব অমানুষিকতা। বর্বরতা পাশবিকতা স্বার্থপরতা। অহমিকা আত্মকেন্দ্রিকতা। পরহিংসা অসূয়া। বিরূপতা। বিশ্বনিন্দাবাদ।

বিণ. মানববিদ্বেষী মনুষ্যদ্বেষী। মানবতাবিরোধী। অমানুষ। অমানুষিক। অমানুষোচিত অমানবোচিত। বর্বরোচিত। সমাজবিরোধী অসামাজিক। দেশ,স্বদেশ,-বিরোধী। স্ত্রীবিদ্বেষী। স্বার্থপর আত্ম,-সর্বস্ব,-কেন্দ্রিক। পরশ্রীকাতর। অসূয়ক বিশ্বনিন্দুক। বর্বর। পাশবিক পশ্বাধম। পিশাচ দানব শয়তান।

৯০৭। দেশপ্রেম

বি. দেশ,স্বদেশ,-প্রেম,-ভক্তি স্বদেশবাৎসল্য স্বদেশানুরক্তি স্বদেশানুরাগ দেশ,-হিতৈষা, -হিতৈষণা,-হিতব্রত স্বদেশহিতৈষণা। দৈশিকতা স্বদেশীয়তা স্বাদেশিকতা দেশাত্মবোধ দেশ, সমাজ,নাগরিক,-চেতনা পাবলিক-স্পিরিট। জাতীয়তাবাদ। স্বাজাত্য স্বজাতীয়তা স্বাজাত্যবোধ স্বাজাতিকতা স্বজাতি,-প্রেম,-প্রীতি। স্বদেশী আন্দোলন। স্বাধীনতা,-আন্দোলন,-সংগ্রাম,-যুদ্ধ। স্বদেশীয়ানা স্বদেশীপনা। উৎকট,মারমুখো, -স্বাদেশিকতা। সর্বাগ্রেস্বদেশনীতি। বিদেশীবর্জন। বিদেশীহটাও আন্দোলন। দেশ,-মাতা,-মাতৃকা, -জননী। দেশ,-প্রেমিক,-ভক্ত স্বদেশ,-প্রেমিক, -ভক্ত,-বৎসল। দেশ,-হিতৈষী,-হিতব্রতী। দেশ, -প্রিয়,-বন্ধু।

ক্রি. দেশকে ভালোবাসা। দেশকে জানা। দেশের জন্য নিজেকে উৎসর্গ করা। দেশের জন্য জানমাল কোরবান করা। দেশের দোহাই দেওয়া। দেশপ্রেমের ব্যবসা করা।

বিণ. স্বদেশী। স্বাদেশিক। দেশাত্মবোধক। দেশাত্মবোধী।

৯০৮। দেশদ্রোহ

বি. দেশ,-দ্রোহ,-দ্রোহিতা গাদ্দারি রাষ্ট্রদ্রোহিতা। দেশ,রাষ্ট্র,-দ্রোহী। দেশের,স্বদেশের,-শত্রু। গৃহশত্রু ঘরশত্রু ঘরভেদী ঘরসন্ধানী। বিভীষণ। মীরজাফর। কুইসলিং। গাদ্দার। দালাল। পঞ্চমবাহিনী বিভীষণবাহিনী। বিশ্বাসঘাতক বেঈমান। মোনাফেক।

ক্রি. দেশের শত্রুতা করা। দেশের বিরুদ্ধে যাওয়া। দেশের নিন্দা করা। বিদেশের দালালি করা। দেশ বিকিয়ে দেওয়া। দেশের শত্রুর সঙ্গে হাত মেলানো।

বিণ. দেশদ্রোহমূলক। জনস্বার্থবিরোধী।

৯০৯। উপকর্তা

বিণ-বি. উপ,-কর্তা,-কারক,-কারী। মঙ্গল,হিত, কল্যাণ,-কারী। উপকারেচ্ছু উপচিকীর্ষু। পরোপকারী পরহিতকারী পরার্থপর। ত্রাতা ত্রাণ, -কর্তা,-কারক পরিত্রাতা। রক্ষক রক্ষাকর্তা। খুঁটি। পীর। শুভ,-দেবতা,-গ্রহ। রক্ষাদেবী। সজ্জন (৯৫০)।

৯১০। অপকর্তা

বিণ-বি. অপ,-কর্তা,-কারক,-কারী। অপকার, অমঙ্গল,অহিত,অনিষ্ট,-কারী কৃতাপকার। অনুপকারী। অপচিকীর্ষু অপকারার্থী অপকর্মা দুষ্কর্মা দুষ্কৃতকারী (৯৫১)। জালিম অত্যাচারী উৎপীড়ক নিপীড়ক নিগ্রাহক। ধ্বংসকারী। নৈরাজ্যবাদী সন্ত্রাসবাদী। ঘরজ্বালানে অগ্নিসংযোগকারী। বর্বর গুণ্ডা বদমায়েশ। চোর ডাকাত দস্যু (৭৯২)। কুলটা ভ্রষ্ট পতিতা। বন্যপশু: ব্যাঘ্র নেকড়ে চিতা হায়না শৃগাল বন্যকুকুর শূকর বরাহ গোরিলা। সর্প সাপ বিষধর কেউটে কালকূট। বিছা বৃশ্চিক কুমির অক্টোপাস। মশা মাছি ভীমরুল বোলতা। রাক্ষস খোক্কস দৈত্য দানব পিশাচ। অপদেবতা (৯৮০)। শয়তান। নরখাদক মানুষখেকো। রক্ত,-চোষা,-পিপাসু।

৯১১। করুণা

বি. করুণা কারুণ্য অপারকরুণা রহম রহমত মেহেরবানি কৃপা। অনুকম্পা অনুগ্রহ প্রসাদ প্রসন্নতা। সহানুভূতি সম,-ব্যথা,-বেদনা (৯১৩)। সহৃদয়তা সদাশয়তা। মমতা দরদ আর্তি দয়া মায়া দয়ামায়া মায়াদয়া। পরদুঃখকাতরতা। আনুকূল্য। দাক্ষিণ্য। মানবিকতা। ক্ষমা তিতিক্ষা পরামর্ষ সহন। মার্জনা। প্রশ্রয়। কোমলতা মৃদুতা (৭৩১)। সহায়ক বন্ধু দলীয়ব্যক্তি উকিল মুরব্বি শুভাকাঙ্ক্ষী পৃষ্ঠপোষক ত্রাতা রক্ষক।

ক্রি. করুণা কৃপা দয়া মায়া বা রহম করা। দয়ামায়া বা মায়াদয়া করা। পায়ে রাখা বা স্থান দেওয়া। মন গলা বা নরম হওয়া। করুণার উদ্রেক করা। হৃদয় পর্শ করা। ক্ষমা করা। লাই আশকারা বা প্রশ্রয় দেওয়া। উদ্ধার করা। অনুগ্রহ করা। চৌদ্দপুরুষ উদ্ধার করা। ধন্য করা। সহ্য বা বরদাস্ত করা। নিবৃত্ত বা শান্ত করা।

বিণ. করুণা,-নিদান,-নিধান,-নিধি,-নিলয়,-ময়। কারুণিক। পরম,-করুণাময়,-কারণিক। রহমান। মেহেরবান। কৃপা,-ময়,-বান,-নিধি,-সিন্ধু,-লু। সহানুভূতিশীল। দয়াল দয়ালু দয়াশীল সদয়। দয়া,-বান,-নিধি,-ময়। দরদি। দরদিয়া মরমিয়া মমতা,মায়া,-ময়। সহৃদয় কোমলহৃদয়। ক্ষমাশীল। অহিংস।

৯১২। করুণাহীনতা

বি. করুণা,কৃপা,অনুকম্পা,-হীনতা,-শূন্যতা। অক্ষমা অসহিষ্ণুতা। নির্দয়তা নির্মমতা নিষ্ঠুরতা নৃশংসেতা ক্রূরতা খলতা। কঠোরতা (৭২৯)। রূঢ়তা রুক্ষতা।

ক্রি. করুণা বা কৃপা না করা। দেখেও না দেখা। কানে না শোনা। দয়া মায়া দয়ামায়া মায়াদয়া বা রহম না করা বা না থাকা। প্রশ্রয় না দেওয়া। সহ্য বা বরদাস্ত না করা। ক্ষমা না করা।

বিণ. করুণা,কৃপা,অনুকম্পা,দয়া,মায়া,মমতা, -হীন। রূঢ় রুক্ষ। কঠিন শক্ত কঠোর পরুষ কাঠখোট্টা নির্দয় নির্মম নিষ্ঠুর নৃশংস ক্রূর খল। কসাই পাষাণ-হৃদয় (৯০৪)। অকরুণ নিষ্করুণ। ক্ষমাহীন।

৯১৩। সমবেদনা

বি. সম,-বেদনা,-ব্যথা,-দুঃখতা। অনুকম্পা দরদ। সহানুভূতি সমানুভূতি সহমর্মিতা সহমর্মিতাবোধ। অন্তর্ভাব সংবেদনশীলতা। দুঃখপ্রকাশ শোক, -জ্ঞাপন,-প্রকাশ। প্রবোধদান প্রবোধন সান্ত্বন সান্ত্বনা। প্রবোধবাক্য সান্ত্ব সান্ত্বনাবাণী। সান্ত্বনার ভাষা।

ক্রি. সমবেদনা জানানো। সান্ত্বনা বোধ বা প্রবোধ দেওয়া। দরদ বা সহানুভূতি দেখানো। দুঃখের ভাগী বা দুঃখী হওয়া। শোক প্রকাশ বা জ্ঞাপন করা। সান্ত্বনা পাওয়া।

বিণ.সমবেদনামূলক সমবেদনাপূর্ণ সানুকম্প। সমব্যথী সহমর্মী দরদি মরমি। সহানুভূতি,-শীল, -প্রবণ। সংবেদনশীল। প্রবোধদায়ী সান্ত্বনাদায়ক। প্রবোধক সান্ত্বনাদানকারী। প্রবোধিত সান্ত্বনাপ্রাপ্ত।

৯১৪। কৃতজ্ঞতা

বি. কৃতজ্ঞতা কৃতজ্ঞতাবোধ শোকরানা শোকরগোজারি ধন্যবাদজ্ঞাপন। উপকার, -স্মরণ,-স্বীকার। ঋণ,দায়,-স্বীকার। স্বীকৃতি। নিমকহালালি। ঈমানদারি বিশ্বস্ততা। অকৃতঘ্ন, -তা,-ত্ব।

ক্রি. কৃতজ্ঞতা বা ধন্যবাদ জ্ঞাপন করা। ধন্যবাদ দেওয়া। শোকর আদায় করা। শোকরগোজারি করা। উপকার মনে রাখা বা স্বীকার করা। উপকারীর উপকার স্মরণ করা। দায় বা ঋণ স্বীকার করা। কৃতার্থ বোধ করা। ধন্য হওয়া বা মনে রাখা।

বিণ. কৃতজ্ঞ কৃতার্থ ধন্য। কৃতজ্ঞ,-চিত্ত,-মন সকৃতজ্ঞ কৃতজ্ঞতাবদ্ধ। অকৃতঘ্ন। কৃতজ্ঞতাপূর্ণ। ঋণী দায়ী অনুগৃহীত বাধিত। ঈমানদার বিশ্বস্ত।

ক্রি-বিণ. কৃতজ্ঞ,-চিত্তে,-মনে। কৃতজ্ঞতার সঙ্গে।

৯১৫। অকৃতজ্ঞতা

বি. অকৃতজ্ঞতা কৃতঘ্নতা নিমকহারামি বেঈমানি। মিত্রদ্রোহিতা। বিশ্বাসঘাতকতা। দায়িত্বঅস্বীকার। উপকার বিস্মরণ। শেরেকি শিরক অংশীবাদ। কাজের বেলায় কাজি কাজ ফুরালে পাজি। পার হলে পাটনি মন্দ।

ক্রি. কৃতজ্ঞতা বোধ না করা। অকৃতজ্ঞ হওয়া। নিমকহারামি করা। উপকার ভুলে যাওয়া। উপকার মনে না রাখা বা অস্বীকার করা। উপকারীর উপকার স্বীকার না করা। দায়িত্ব অস্বীকার করা। ভুলে যাওয়া। শেরেকি করা।

বিণ. অকৃতজ্ঞ নিমকহারাম কৃতঘ্ন বেঈমান মুশরিক। মিত্র,-দ্রোহী,-ঘ্ন। বিশ্বাস,-ঘাতক, -ঘাতী,-হন্তা। গৃহশত্রু ঘরভেদী।

৯১৬। বদমেজাজ

বি. বদ,তিরিক্ষি,-মেজাজ। রুক্ষতা রূঢ়তা। উগ্রতা চণ্ডতা রুদ্রভাব। পারুষ্য কর্কশতা। তাপ উত্তাপ ঝাঁঝ। ঝাল তিক্ততা। পিত্ত। উত্তেজনতা অধৈর্য। খেয়াল বদখেয়াল খামখেয়াল বাতিক। স্পর্শকাতরতা। কলহপ্রবণতা। মনের,-কালি, -ময়লা। রিষ রিষারিষি। খিচ খিচিমিচি খিটিমিটি। তর্জনগর্জন হম্বিতম্বি গজরানি বকাবকি বদজবান ব্যাক্রোশ দুরুক্তি দুরালাপ মুখখিস্তি। দুর্বচন কটু,কড়া,শক্ত,-কথা। আক্রোশ। বিষণ্নতা। দুর্বাসা মুনি। বিড়াল ভালুক বাঘিনী। রুদ্র,উগ্র, -চণ্ড,-মূর্তি(৯১৭)।

ক্রি. মেজাজ করা বা দেখানো। মেজাজ খিচড়ানো বিগড়ানো বা খারাপ হওয়া। মুখ কালো করা। মুখ ভার গোঁজ বা গোমড়া করা। মুখ হাঁড়ি করা। মুখ নাড়া দেওয়া। মুখ ঝামটা দেওয়া। মুখ খারাপ বা খিস্তি করা। খিস্তি বকা। একটুতেই চটে ওঠা। সব কিছুতেই আপত্তি করা। দোষ ধরা। গজরানো। গজগজ করা। ক্যাঁক্যাঁক্যাক করা। খিটখিট বা খিটমিট করা। খেঁকানো। খেঁক খেঁক বা খেকমেক করা। তেড়ে আসা। তাপানো। পিত্ত জ্বলা। খেপে যাওয়া।

বিণ. বদমেজাজি মেজাজি তিরিক্ষে খিটখিটে রগচটা। কোপবশ কোপন,-স্বভাব,-প্রকৃতি। স্পর্শকাতর দুর্বলস্নায়ু। উষ্ণরক্ত। মাথা,রক্ত, -গরম। অধৈর্য ধৈর্যহীন। রুক্ষ রূঢ় উগ্র চণ্ড উচ্চণ্ড। চণ্ডাল খাণ্ডার। মারমুখো তেরিয়া। ঝগড়াটে কুঁদুলে কলহ,-প্রবণ,-প্রিয়। বিরসবদন হাঁড়ি,গোমড়া, -মুখো বেজার। খেঁকি। করালদর্শন কাঠখোট্টা কর্কশ পরুষ। কটু,দুষ্ট,-ভাষী অবদ্ধমুখ মুখফোড় কট্টার দুর্মুখ দুর্বাক অপ্রিয়,-ভাষী,-বাদী। তূষ্ণীভূত।

৯১৭। ক্রোধ

বি. ক্রোধ রাগ রোষ রুষ্টি কোপ চোট অমর্ষ দ্বিতীয়রিপু। ক্রোধন রোষণ অমর্ষণ। রাগদ্বেষ রোষপরুষ সংরম্ভ ভাম মন্যু। রাগারাগি চটাচটি দাপানি চোটপাট ফোঁসানি গজরানি। গোসসা মান অভিমান। মনোভার বিরাগ বিরূপতা ঘৃণা। গাত্রদাহ গায়ের,-জ্বালা,-ঝাল আক্রোশ প্রতিহিংসা তাঁইশ। ক্ষোভ উষ্মা তাপ তেজ। বদমেজাজ ক্রোধাগ্নি ক্রোধানল রোষানল রোষাগ্নি রোষবহ্নি কোপানল কোপাগ্নি। অগ্নি,-মূর্তি,-শর্মা। রুদ্র,উগ্র,নম্র,-মূর্তি। রণ,-মূর্তি,-চণ্ডী। রক্তাক্ষ রক্ত,-নেত্র,-আঁখি,-দৃষ্টি আরক্ত,-নেত্র,-নয়ন, -চক্ষু। আলোহিতনয়ন। ক্রুদ্ধ,কোপ,-দৃষ্টি, -কটাক্ষ। দাঁতখিচুনি।

বৃথারাগ আস্ফালন স্ফাল তুজুক রোয়াবি আফসানি তড়পানি নাচাকোঁদা নর্তনকুর্দন। ক্রোধোদ্দীপন প্ররোচনা। উসকানি জ্বালাতন। ক্রোধাগার গোসাঘর অভিমানকক্ষ।

ক্রোধজ দোষ: অত্যাচার দুষ্টতা ক্ষতি প্রবঞ্চনা ঈর্ষা দ্বেষ কটূক্তি নিষ্ঠুরতা। ক্রোধজাত ব্যসন: পৈশুন্য সাহস দ্রোহ ঈর্ষা অসূয়া অর্থদোষ বাক্‌কলহ পারুষ্য।

ক্রি. রাগ করা হওয়া বা দেখানো। রাগা। রেগে আগুন হওয়া। রেগে ব্যোম হওয়া। রেগে টং হওয়া। গরম হওয়া। লাল হওয়া। চটা। চটে যাওয়া। চোট চটাচটি বা রাগারাগি করা। রোষা। ফোঁসা। ফোঁসানো। দাপানো। লাফানো। হম্বিতম্বি করা। তম্বি করা। তড়পানো। আফসানো। তর্জন গর্জন করা। তেরিমেরি করা। ক্ষেপে যাওয়া। গা জ্বালা করা। গা কশকশ করা। গা রিরি করা। ভ্রূকুটি করা। চোখ রাঙানো। চোখ পাকানো। রক্তচক্ষু দেখানো। মাথায় খুন চাপা। তেলে বেগুনে জ্বলে ওঠা। রোখা। রুখে ওঠা। দাঁতে দাঁত ঘষা।

দাঁত কিড়মিড় করা। দাঁত খিচানো খিচিয়ে ওঠা বা কড়মড়ানো। রক্ত গরম করা। মারমুখো হওয়া। রণমূর্তি ধারণ করা। গরগর করা। রাগে গর্জন করা। গজরানো। রাগানো। রাগিয়ে দেওয়া। চটানো। ক্ষেপানো। খেপানো। উসকানো। উসকানি দেওয়া। প্ররোচনা দেওয়া। খোঁচা দেওয়া। ঘাঁটানো। জ্বালাতন করা। দিক করা। চিমটি কাটা। কাটা ঘায়ে নুনের ছিটা দেওয়া। ভিমরুলের চাকে ঢিল মারা। লেজ মাড়ানো। মন বিষ বা তেতো করা। গা জ্বালানো জ্বালা ধরানো। ক্ষেপিয়ে দেওয়া। পিছু নেওয়া।

বিণ. ক্রোধোদ্দীপক রোষবর্ধক কোপবৃদ্ধিকর কোপনীয়। ক্রুদ্ধ ক্রোধী ক্রোধযুক্ত ক্রোধান্বিত ক্রোধাবিষ্ট। ক্রোধান্ধ ক্রোধোন্মত্ত ক্রোধ,-মতি, -বশ,-পরবশ। ক্রোধ,-প্রবণ,-পরায়ণ। রাগী রাগান্ধ রাগত রাগোন্মত্ত রাগান্বিত। বদরাগী কোপী কুপিত কোপিত প্রকুপিত কোপন কোপবান কোপাবিষ্ট। রোষী রোষাবিষ্ট রোষকষায়িত সরোষ রোষান্বিত। অমর্ষ,-বান,-পরায়ণ অমর্ষী। প্রকোপিত উষ্মান্বিত সমন্যু রোষদীপ্ত সংরব্ধ। খাপ্পা মহাখাপ্পা। আগুন তপ্ত উত্তপ্ত। জাত,-ক্রোধ, -কোপ। খড়গহস্ত মারমুখো। এই মারে তো সেই মারে। গোঁয়ার,-গোবিন্দ জেদি। রুক্ষ,উগ্র,চণ্ড, -মূর্তি উচ্চণ্ড দজ্জাল। মানিনী অভিমানী অভিমানিনী। বদমেজাজি।

ক্রি-বিণ. ক্রোধ,রাগ,-বশে,-বশত সক্রোধে সরোষে রাগে রোষে। রাগের মাথায়। রেগেমেগে। রেগে গিয়ে। চটে গিয়ে। তেলে বেগুনে।

৯১৮। ক্রোধহীনতা

বি. ক্রোধ,রাগ,রোষ,-হীনতা। ক্রোধাভাব অক্রোধ অরোষ অক্রুদ্ধতা। অক্রোধন মর্ষ মর্ষণ। সহিষ্ণুতা ধৈর্য তিতিক্ষা। নিরীহতা। ভালোমানুষী।

ক্রি. মাথা ঠাণ্ডা রাখা। পিত্ত কেটে ফেলা। রাগ কমানো বা থামানো। ঠাণ্ডা করা। পানি বা জল করা। মান ভঞ্জন করা।

বিণ. অক্রুদ্ধ অক্রোধিত অক্রোধী অকোপী অকোপ অকোপন অচণ্ড অরুষ্ট। শান্ত ঠাণ্ডা,-মাথা, -মেজাজ। জিতক্রোধ ধীরস্থির। নিরীহ। নির্বিরোধ। নিরুদ্বেগ নির্বিকার নির্লিপ্ত।

৯১৯। ঈর্ষা

বি. ঈর্ষা দ্বেষ বিদ্বেষ অসূয়া হিংসা। রেষ রেষারেষি আকচাআকচি নিহিংসন। মনের,-ঝাল,-বিষ গায়েরজ্বালা অন্তর্দাহ বুকজ্বালা মৎসর মাৎসর্য। বিরাগ বিরক্তি। পর,-হিংসা,-দ্বেষ প্রদ্বেষ। ঈর্ষাকরণ দ্বেষণ হিংসন। ঈর্ষানল হিংসারআগুন বিদ্বেষানল। বিদ্বেষবুদ্ধি হিংসাবৃত্তি হিংসুটেপনা। ঈর্ষা,বিদ্বেষ,-পরায়ণতা। ঈর্ষা,পরশ্রী,-কাতরতা। জিঘাংসা।

ক্রি. ঈর্ষা করা। ঈর্ষান্বিত বা ঈর্ষাকাতর হওয়া। হিংসা করা। পরশ্রীকাতর হওয়া। পরের ভালো দেখতে না পারা। সহ্য করতে না পারা। আক্রোশ থাকা। লোভ করা। চোখ টাটানো। গায়ে জ্বালা ধরা। সন্দেহ বা অবিশ্বাস করা।

বিণ. ঈর্ষী ঈর্ষালু ঈর্ষান্বিত ঈর্ষা,-পরায়ণ,-কাতর। দ্বেষকারী দ্বেষ্টা দ্বেষী দ্বেষৎ দ্বেষশীল প্রদ্বেষ্টা প্রদ্বেষী। বিদ্বেষকারী বিদ্বেষ্টা বিদ্বেষী বিদ্বেষ, -শীল,-পরায়ণ। হিংসাকারী হিংস্র হিংসক হিংসালু হিংসুক হিংসুটে হিংসাপরায়ণ হিংসাশীল। হিংসাত্মক। অসূয়ক অসূয়া,-বশ,-পরবশ। অসূয়াপরতন্ত্র। মৎসরী পর,-দ্বেষী,-শ্রীকাতর, -হিংসক। নিন্দক নিন্দুক (৯৩৮)।

দ্বেষ্য বিদ্বেষভাজন দ্বেষ্টা বিদ্বিষ্ট। বিদ্বেষের পাত্র। বৈরী শত্রু (৮৯২)।

ণীয় হিংসনীয় হিংস্য হিংসিতব্য। উদ্রেককারী। ঈর্ষামূলক। ঈর্ষা,বিদ্বেষ,-যুক্ত। া,বিদ্বেষ,-প্রসূত। হিংসিত। ঈর্ষিত। কুচুটে। কুন্ত। সন্দিগ্ধ,-চেতা।

৯২০। ঈর্ষাহীনতা

ঈর্ষা,-হীনতা,-শূন্যতা। অনসূয়া বিদ্বেষাভাব বিদ্বেষ দ্বেষহীনতা। অহিংসা অহিংসতা সাভাব।

. ঈর্ষা দ্বেষ বা হিংসা না করা।

ণ. ঈর্ষা,-হীন,-শূন্য। দ্বেষ,বিদ্বেষ,-হীন। হিংস অমৎসর অনসূয়।

৯২১। ক্ষমা

ক্ষমা মার্জন মার্জনা মাফ মাপ। ক্ষমা,-গুণ র্ম,-পরায়ণতা,-শীলতা তিতিক্ষা সহিষ্ণুতা নশীলতা। ঔদার্য। অনুকম্পা অ,-নিষ্ঠুরতা, হিংসা। ক্ষান্তি দয়া মায়া অনুগ্রহ। মহানুভবতা। া,কৃপা,-মার্জনা,-ভিক্ষা ক্ষমাপ্রার্থনা। দ্র,রাষ্ট্রীয়,-ক্ষমা। বিস্মরণ। ক্ষান্তি নিবৃত্তি। পস সোলে মিটমাট। পুনর্মিলন। রেহাই ্যাহতি নিষ্কৃতি মকুব ছাড়। ক্ষতিপূরণ। মুক্তি। ষস্খালন। নির্দোষপ্রমাণ।

. ক্ষমা মার্জনা বা মাফ করা। ভুলে যাওয়া। ন্ত ঠাণ্ডা বা নিবৃত্ত হওয়া। রেহাই অব্যাহতি কৃতি বা ছাড় দেওয়া। মওকুফ বা মকুব করা। তিপূরণ করা বা দেওয়া। মিটমাট করা। খালাস ক্ত বা ছেড়ে দেওয়া। দণ্ডের মার্জনা বিলম্বন বা াম মঞ্জুর করা। দণ্ড মওকুফ স্থগিত বা হ্রাস া। রাজক্ষমা দান করা। সাত খুন মাফ করা। ষস্খালন করা। নির্দোষ প্রমাণিত হওয়া।

ক্ষমা ভিক্ষা বা প্রার্থনা করা। মাপ চাওয়া। ঘাট মানা। জোড়হাত বা হাতজোড় করা। অন্যায় বা দোষ স্বীকার করা। কবুল করা। নাকমলা কানমলা খাওয়া। দোষ না দেওয়া। মনে না করা। চোখ ঠারা। গাল খেয়ে গাল হজম করা।

বিণ. ক্ষমাশীল। ক্ষমাবান। ক্ষমা,-পর,-পরায়ণ। ক্ষমী ক্ষমিতা ক্ষন্তা ক্ষান্ত সহিষ্ণু সহনশীল তিতিক্ষু তিতিক্ষাকারী মায়াময়। সহৃদয় উদার মহানুভব। . ক্ষমার্হ ক্ষমাযোগ্য ক্ষম্য ক্ষন্তব্য মার্জনীয় কৃপাযোগ্য। তিতিক্ষিত। ক্ষমাপূর্ণ তিতিক্ষাযুক্ত। ক্ষমা,-প্রার্থী,-প্রার্থনাকারী,-ভিক্ষু। কৃপাপ্রার্থী কৃপার্থী। মার্জনা,-প্রার্থী,-ভিক্ষাকারী। ক্ষমাপ্রাপ্ত ক্ষমিত। ক্ষমা,-কারী,-দাতা। মার্জক মার্জনাকারী। অনুকম্পায়ী মীমাংসাকারী। অহিংস অহিংসক অহিংস্রক বিমৎসর।

ক্রি-বিণ. করজোড়ে জোড়হাতে। হাতজোড় করে। নতজানু হয়ে। পায়ে ধরে। হাতেপায়ে ধরে।

৯২২। ক্ষমাহীনতা

বি. ক্ষমা,-হীনতা,-শূন্যতা অক্ষমা অক্ষান্তি অমর্ষ অমর্ষণ। সংকীর্ণতা ক্ষুদ্রাশয়তা অনুদারতা ঔদার্যহীনতা হীনতা নীচতা। করুণাহীনতা (৯১২)। প্রতিহিংসা,-পরায়ণতা প্রতিশোধ দাদ বদলা প্রত্যাহনন বৈরনির্যাতন। প্রতিবিধান প্রতিবিধিৎসা। রক্তের বদলে রক্ত। বিচারের দিন। আক্রোশ, -পরায়ণতা ঝাল। আপসহীনতা অনমনীয়তা। নির্দয়তা নিষ্ঠুরতা কঠোরতা জিঘাংসা। বিদ্বেষ অপরাগ। প্রতিফলন। নিয়তি নেমেসিস।

ক্রি. ক্ষমা না করা। রাগ পুষে রাখা। রাগ থাকা। ঝাল থাকা। কষকষ করা। কষকষানো। প্রতিশোধ নেওয়া বা তোলা। শোধ বা দাদ তোলা। বদলা নেওয়া। ঝাল বা আক্রোশ মেটানো। ঝাল ঝাড়া।

গায়ের ঝাল মেটানো। এক হাত নেওয়া। শাসানো। কোন মায়া না করা। সমূলে খতম করা। নির্বংশ করা।

বিণ. ক্ষমা,-হীন,-শূন্য। আক্রোশ,প্রতিশোধ, প্রতিহিংসা,-মূলক। আক্রোশনীয় আক্রুষ্ট। প্রতিহিংসাপরায়ণ। আক্রোশপরায়ণ। আপসহীন। অমার্জনীয়। করুণাহীন (৯১২)। সংকীর্ণ,-মনা অনুদার ক্ষুদ্রাশয় নীচাশয় হীনচেতা নীচান্তঃকরণ। কঠোর,-পাষাণ,-হৃদয়। কঠিন,-হৃদয়,-প্রাণ, -চিত্ত। রক্তপিপাসু হিংস্র জিঘাংসু।

৯২৩। নীতিবিদ্যা

বি. নীতি,-বিদ্যা,-বিজ্ঞান,-তত্ত্ব,-শাস্ত্র। পরমনীতিবিদ্যা। পরানীতিবিদ্যা। সাপেক্ষ নীতিবিদ্যা। নৈতিক আকারবাদ। নৈতিক আপেক্ষিকতাবাদ। নৈতিক দর্শন। গুণবিদ্যা। ব্যবহারিক নীতিবিদ্যা। মানমুক্ত নীতিবিদ্যা। কল্যাণবাদ সুখবাদ পূর্ণতাবাদ। উপযোগ,প্রয়োগ, -বাদ। অভিজ্ঞতাবাদ। নৈতিক,-আত্মবাদ, -অহংবাদ,-স্বার্থবাদ। পরহিতবাদ পরার্থবাদ। তুলনামূলক নীতিবিদ্যা। নৈতিকতা। নৈতিক, -পরিবেশ,-আচরণ। নয় ন্যায় নীতি ন্যায়নীতি। নীতিজ্ঞান: রাজ,সমাজ,ধর্ম,-নীতি। কর্তব্যাকর্তব্যবোধ ন্যায়ান্যায়বোধ। নীতি,-বোধ, -বিবেক,-বুদ্ধি। সুবিবেক। শুভ,-বুদ্ধি,-বোধ, -চেতনা। বিবেক,-দংশন,-তাড়না। অনৈতিকতা। নীতি,-কথা,-শিক্ষা। হিতোপদেশ অনুশাসন। অনৈতিকতা।

বিণ. নীতিবিদ্যাসম্বন্ধীয়। নীতিবিষয়ক। নৈতিক। অনৈতিক।

৯২৪। ঔচিত্য

বি. ঔচিত্য ঔচিতী। ন্যায় ন্যায্য,-তা,-ত্ব। ন্যায়বিচার সুবিচার ইনসাফ। বিচারবুদ্ধি। উপযুক্ততা যথার্থতা। যুক্তিযুক্ততা যৌক্তিকতা। সংগতি সুসংগতি। সামঞ্জস্য সমীচীনতা উপযুক্তি যথাযোগ্যতা যাথাযথ্য। ঔচিত্য,-বোধ,-জ্ঞান। উচিত,-বুদ্ধি,-জ্ঞান। নীতি,-বোধ,-জ্ঞান। উচিতকাজ। উচিতপথ ন্যায়,-পথ,-উপায় সদুপায় সু-পথ,-পন্থা। অপক্ষপাতি,-তা,-ত্ব। সমদর্শিতা। আইন। বৈধতা (৯৬৩)। আদর্শ। ন্যায্যান্যায্য। কর্তব্য (৯২৮)। ন্যায়পরতা সততা (৯৪২)। নীতি। সুনীতি নয়। নৈতিকতা (৯২৩)।

ক্রি. উচিত ন্যায্য বা যুক্তিসংগত কাজ করা। ন্যায় বিচার বা ইনসাফ করা। সমান চক্ষে দেখা। নিক্তি সমান রাখা। যথাযথ কাজ করা। যার যা প্রাপ্য তা দেওয়া।

বিণ. উচিত সমুচিত। ওয়াজেব। সংগত সমীচীন। ন্যায্য ন্যায়,-সংগত,-সম্মত। উপযুক্ত যোগ্য যথাযোগ্য। সমঞ্জস যথাযুক্ত যথাযথ যথোচিত যথোপযুক্ত। বিধিমতো যথারীতি যথাবিহিত। যথাশাস্ত্রীয় শাস্ত্রানুগ শাস্ত্র,-মতো,-সংগত। যুক্তি,-যুক্ত,-সংগত। সমান ঠিক সঠিক যথার্থ। সত্য প্রকৃত হক। সুষ্ঠু। বৈধ (৯৬৩)। জায়েজ। উচিত,-বক্তা,-ভাষী।

ক্রি-বিণ. বিচারে। ন্যায়ত ন্যায্যত আইনত। যথা,-নিয়ম,-বিধি,-ন্যায়,-বিহিত,-রীতি,-শাস্ত্র। ন্যায়,-মতে,-পূর্বক। ধর্মত। সত্যতায় ন্যায়ানুসারে। উচিত,-মতে,-ভাবে। যুক্তিসংগতরূপে।

৯২৫। অনৌচিত্য

বি. অনৌচিত্য অন্যায়। অনিয়ম। অসংগতি। অযুক্তি অযৌক্তিকতা। যুক্তিহীন,-তা,-ত্ব অনুপযুক্ততা অন্যায্য,-তা,-ত্ব। অসমীচীনতা। অযাথার্থ্য,অযথার্থ,-তা,-ত্ব। অবিবেচনা। অবিচার। পক্ষপাতিত্ব একচোখামি টান। অনুগ্রহ।

দলীয়তা। স্বজন,-প্রীতি,-তোষণ। অবৈধতা (৯৬২)। অভিযোগ। নির্লজ্জতা। অন্যথা (৯২৯)। অসততা অসাধুতা (৯৪৩)। অনৈতিকতা নৈতিকদোষ(৯৪৮)।

ক্রি. অনুচিত বা অন্যায় কাজ করা। অন্যায় বা অবিচার করা। পক্ষপাতিত্ব করা। একচোখামি করা। টান টানা। অন্যায় সুবিধা নেওয়া বা দেওয়া। অনধিকার চর্চা করা (৯২৭)।

বিণ. অনুচিত। অসংগত অসমীচীন। অশোভন অশ্রেয়স্কর। অন্যায় পক্ষপাতদুষ্ট। অন্যায্য। অনুপযুক্ত। অবিধেয়। অবৈধ (৯৬৪)। নীতি, ন্যায়,নিয়ম,আইন,কানুন,বিধি,-বিরুদ্ধ। হারাম নিষিদ্ধ। অশাস্ত্রীয় নাজায়েজ। অযৌক্তিক অযুক্তিযুক্ত অযথার্থ বেঠিক। নাহক। অনৈতিক। অবদ্য অকথ্য। অকৃত্য অকর্তব্য অকার্য অকরণীয়।

ক্রি-বিণ. অনুচিতভাবে। অন্যায়,-ভাবে,-পূর্বক। নাহক।

৯২৬। অধিকার

বি. অধিকার প্রাধিকার। বিশেষাধিকার। পদাধিকার। রাজাধিকার। মৌলিক-অধিকার। মানবিক-অধিকার মানবাধিকার মানবোত্তরাধিকার। জন্মগতঅধিকার জন্মাধিকার। নাগরিক অধিকার পৌরাধিকার। উত্তরাধিকার। ভোগাধিকার। এখতিয়ার। স্বত্ব (৭৭৯)। টাইটেল হক দাবি। ভান। অধিকৃতি অধিকরণ। বৈধঅধিকার। আধিপত্য কর্তৃত্ব ক্ষমতা। দখল। অধিকার, প্রাধিকার,ক্ষমতা,-অর্পণ,-দান। অনুমতি (৭৫০)। মঞ্জুরি। সনদ পাট্টা পরোয়ানা আধর্ষপত্র। শাসনতন্ত্র সংবিধান (৯৬৩)। রেয়াত ছাড়পত্র। স্বাধীনতা। ব্যক্তিস্বাধীনতা ব্যক্তিস্বাতন্ত্র্য। বর্তিতস্বত্ব। যোগ্যতা। পাওনা। সমানাধিকার বাকস্বাধীনতা। ভোটাধিকার। নারীর অধিকার। নারী পুরুষের সমান অধিকার। নিরাপত্তালাভের অধিকার। প্রতিনিধি প্রেরণের অধিকার। বক্তব্য পেশ করার অধিকার। সম্পত্তির অধিকার। আইন অনুযায়ী ব্যবহার লাভের অধিকার। আত্মপক্ষ সমর্থনের অধিকার। মনোনীত আইনজীবীর সঙ্গে পরামর্শের অধিকার। চিঠিপত্রের গোপনতার অধিকার। ধর্মপালনের অধিকার। প্রবেশাধিকার। মত প্রকাশের অধিকার। অধিরাজ্য অধিক্ষেত্র। অধিকারভুক্ত এলাকা।

অধিকারী দাবিদার হকদার বাদী।

ক্রি. অধিকার অর্জন করা। যোগ্যতা থাকা বা অর্জন করা। দাবি করা। আদায় করা। হাতানো। বাগানো। জোর করা। দখলে আয়ত্তে বশে কর্তৃত্বে অধীনে হাতে বা বাগে আনা। বশ করা। অধিকার স্থাপন করা। অধিকার প্রাধিকার বা ক্ষমতা অর্পণ করা বা দান করা। অনুমতি দেওয়া। মঞ্জুরি দান করা। অনুমোদন করা। বৈধ করা। ব্যবস্থা বা বিহিত করা। বিলি করা। স্থলাভিষিক্ত হওয়া। বর্তানো। অর্শানো।

বিণ. অধিকৃত। অধিকার,-গত,-ভুক্ত,-স্থ। প্রাধিকৃত। অনুমোদিত। মঞ্জুরীকৃত। মঞ্জুর। অর্পিত। প্রদত্ত। বর্তিত। কর্তৃত্বাধীন আয়ত্তাধীন। আদায়ীকৃত। শাসনতান্ত্রিক সাংবিধানিক। অধিকারসম্পর্কিত। অনপসারণীয়। অলঙ্ঘনীয়। পবিত্র। প্রাপ্য। উপযুক্ত ন্যায্য (৯৬৩)। বৈধকৃত।

৯২৭। অনধিকার

বি. অনধিকার। অনধিকার,-চর্চা,-প্রবেশ, -হস্তক্ষেপ। অযোগ্যতা। অন্যায়। অনৌচিত্য। অদখল। অব্যবসায় অব্যাপার। অবৈধতা

বেআইনি। জারজতা। স্বত্ব,অধিকার,-হানি (৭৮০)। বাজেয়াপ্তকরণ। বেদখল জবরদখল। সরফরাজি ফোঁপরদালালি। অন্যথা। সীমালঙ্ঘন। অপবর্তন উপগ্রহণ।

অনধিকারী ভুয়াদাবিদার। হাতুড়ে। নকলরাজা।

ক্রি. অনধিকার হস্তক্ষেপ বা চর্চা করা। সীমালঙ্ঘন করা। অনধিকার প্রবেশ করা। জবরদখল করা। ভুয়া দাবি করা। অন্যায়ভাবে আদায় করা। প্রতারণা করা। অধিকারচ্যুত করা। অধিকার কেড়ে নেওয়া। বঞ্চিত করা। অযোগ্য ঘোষণা করা। ত্যাজ্য করা। অবৈধ ঘোষণা করা। বাজেয়াপ্ত করা। হাতের বাইরে চলে যাওয়া। বেহাত হওয়া।

বিণ. অন্যায্য অবৈধ বেআইনি (৯৬৪)। অসাংবিধানিক অশাসনতান্ত্রিক। অমঞ্জুরীকৃত অননুমোদিত। অযুক্তিযুক্ত বেহুদা। বঞ্চিত ত্যাজ্য অযোগ্যঘোষিত। যোগ্যতাহীন অযোগ্য অনপযুক্ত। জারজ হারামজাদা। মিথ্যা মেকি জাল নকল। অকৃত্য অকর্তব্য অকরণীয় অবিহিত। হারাম নিষিদ্ধ। সমাজ,-বিরুদ্ধ,-বিরোধী। অনধিকৃত অধিকারচ্যুত বেহাত চ্যুতাধিকার।

৯২৮। কর্তব্য

বি. কর্তব্য কৃত্য করণ কন্না কর্ম কাজ। কর্তব্যকর্ম ইতিকর্তব্যতা। ফরজ। দায়িত্ব দায় ভার ঝুঁকি। আনুগত্য। বাধ্যতা বন্ধন। সম্পাদন পালন তামিল। কর্তব্য,-পালন,-সম্পাদন। হিসাবদিহি। খোলাসা। মুক্তি। নৈতিকতা। নীতি,-বোধ,-জ্ঞান। ধর্ম, বুদ্ধি। বিবেক,-দংশন,-বুদ্ধি। কর্তব্য,-বোধ, নিষ্ঠা,-জ্ঞান,-পরতা,-পরায়ণতা। কর্তব্যতা। ঔচিত্য (৯২৪)। শোভনতা যথাযথতা। ব্যবহার। লৌকিকতা। নীতি,-বিদ্যা,-শাস্ত্র,-বিজ্ঞান নৈতিকদর্শন (৯২৩)।

ক্রি. কর্তব্য করা। দায়িত্ব পালন করা। তামিল বা সম্পাদনা করা। বিহিত করা। ফরজ আদায় করা। দায়ী থাকা। উত্তর দিতে বাধ্য থাকা। কর্তব্য আরোপ করা। কাজের ভার বা দায়িত্ব দেওয়া। চাপিয়ে দেওয়া। ঘাড়ে চাপানো। কথা রাখা। প্রতিশ্রুতি পালন করা। নিজের চরকায় তেল দেওয়া। কাজ চুকানো বা মেটানো। হিসাব দেওয়া। পাওনা মেটানো।

বিণ. কর্তব্য কৃত্য করণীয় বিধেয় পালনীয় অনুষ্ঠেয়। বিহিত। ফরজ। উচিত। কর্তব্য, -নিষ্ঠা,-পরায়ণ,-সাধক,-পর। নৈতিক ন্যায্য। বিবেকানুযায়ী। দেয়। দায়িত্বপূর্ণ। ভারি। কঠিন। বড়। দায়ী। প্রতিজ্ঞাবদ্ধ। বাধিত। শিরোধার্য। অনলঙ্ঘনীয়।

ক্রি-বিণ. কর্তব্যের খাতিরে। কর্তব্যের প্রয়োজনে।

৯২৯। অকর্তব্য

বি. অকর্তব্য অকর্ম আকাম অকার্য অকাজ কু,-কাজকর্ম,-বৃত্তি খারাপকাজ দুষ্কর্ম দুষ্কার্য। অনৌচিত্য (৯২৫)। কর্তব্যচ্যুতি (৯৩০)। অন্যায়। অনৈতিকতা অন্যায়াচরণ (৯৪৩)। অনাচার অধর্ম। অপরাধ (৯৪৯)। পাপ (৯৮৯)।

বিণ. অকর্তব্য অকরণীয় অননুষ্ঠেয় অনাচারণীয় অকৃত্য অকার্য অবৈধ (৯৬৪)। ন্যায়,নীতি, -বিরুদ্ধ (৯৪৩)। অশাস্ত্রীয় শাস্ত্র,-বিরুদ্ধ, -বহির্ভূত নাজায়েজ। অবিধেয় অবিহিত অপ্রশস্ত অশ্রেয় অশ্রেয়স্কর। অক্রিয়ান্বিত অকাজিয়া আকাজিয়া। গর্হিত নিন্দনীয়। অনুচিত (৯২৫)। পাপময় (৯৮৯)। অকৃত্যকারী দুষ্কৃতিকারী। কর্তব্যবিমুখ (৯৩০)।

৯৩০। কর্তব্যচ্যুতি

বি. কর্তব্যচ্যুতি অন্যথা ব্যত্যয় বরখেলাফ লঙ্ঘন কসুর (৯৪৯) দোষ এ্রুটি চ্যুতি পতন গলদ। অপালন অসম্পাদন। অবহেলা অমনোযোগ ফাঁকিবাজি গাফিলতি। আলস্য। ধর্মঘট। প্রতিশ্রুতি,অঙ্গীকার,-ভঙ্গ।

ক্রি. কর্তব্য পালন না করা। কর্তব্য এড়িয়ে চলা বা যাওয়া। অন্যথা করা। খেলাফ করা। প্রতিশ্রুতি বা অঙ্গীকার ভঙ্গ করা। পালিয়ে যাওয়া। ফাঁকি দেওয়া। লোকদেখানো কাজ সারা। বেগার ঠেলা। জবাবদিহি করা। হিসাব দেওয়া।

বিণ. কর্তব্যচ্যুত্য। কর্তব্য,-বিমুখ,-পরাঙ্মুখ। খেলাফি বরখেলাফি। লঙ্ঘনকারী। গাফেল। কর্তব্যবিমূঢ়।

৯৩১। অব্যাহতি

বি. অব্যাহতি রেহাই রেয়াত। নিষ্কৃতি খোলাসা মুক্তি স্বাধীনতা। নিস্তার পরিত্রাণ বাঁচোয়া। মকুব মাফ মার্জনা ক্ষমা (৯২১)। নির্দোষপ্রমাণ (৯৭২)। খাতির অনুগ্রহ। দায়িত্বহীনতা।

ক্রি. অব্যাহতি রেহাই বা নিষ্কৃতি দেওয়া বা পাওয়া। ছেড়ে দেওয়া। ছাড়া পাওয়া। ছাড় দেওয়া। মাফ করা। দণ্ডের বিরাম বিলম্বন বা মার্জন করা। দণ্ড মকুব স্থগিত বা হ্রাস করা। খালাস দেওয়া। মুক্ত করা। মুক্তি দেওয়া। দায়িত্ব থেকে রেহাই দেওয়া।

বিণ. অব্যাহতি,রেহাই,নিষ্কৃতি,মুক্তি,-প্রাপ্ত। খালাস। মওকুফ। বন্ধন,দায়,-মুক্ত। ক্ষমার্হ। দায়িত্বহীন।

৯৩২। শ্রদ্ধা

বি. শ্রদ্ধা সম্মান সমাদর কদর। মান সম্মাননা (৮৮২)। মর্যাদা ইজ্জত দরাজাত আবরু (৮৭৫)। সম্ভ্রম সাধ্বস সমীহ অর্হ অর্হণ। কেয়ার তোয়াক্কা খাতির পাত্তা রেয়াত। সৌজন্য (৯০১)। সালাম তসলিম কুর্নিশ অভিবাদন বন্দেগি স্যালুট। নমস্কার প্রতিনমস্কার। নতি প্রণতি প্রণিপাত বিনতি গড় প্রণাম সাষ্টাঙ্গ-প্রণাম। জোড়হাত দণ্ডবৎ। প্রত্যভিবাদন। আনুগত্য বশ্যতা (৭৩৭)। ভক্তি। গুরুভক্তি। ঈশ্বরভক্তি। পূজা। প্রশস্তি প্রশংসা (৯৩৫)। বরণ অভ্যর্থনা সংবর্ধনা আপ্যায়ন। মানপত্র। আস্থা বিশ্বাস। শ্রদ্ধার্ঘ্য শ্রদ্ধাঞ্জলি। শ্রদ্ধার্পণ শ্রদ্ধাজ্ঞাপন। শ্রদ্ধা,সম্মান,-প্রদর্শন। সম্ভ্রম,মর্যাদা,আত্মমর্যাদা,-বোধ। আত্মসম্মানজ্ঞান।

ক্রি. শ্রদ্ধা করা। শ্রদ্ধা বা ভক্তি জানানো। সম্মান বা সমাদর করা। মর্যাদা বা ইজ্জত দেওয়া বা করা। মান্য করা। সম্ভ্রম বা সমীহ করা। কেয়ার বা তোয়াক্কা করা। গ্রাহ্য বা পরোয়া করা। মাথায় করা। মাথায় করে রাখা। মাথায় রাখা। মাথায় তুলে রাখা। সৌজন্য প্রকাশ করা (৯০১)। উঠে দাঁড়ানো। টুপি খোলা। কুর্নিশ করা। প্রণাম করা। নতজানু হওয়া। মাথা নোয়ানো। নীরবে দাঁড়ানো। নীরবতা পালন করা। করজোড়ে দাঁড়ানো। ভক্তি বা পূজা করা।

সেবা করা। পরম সমাদর করা। পা ছোঁয়া। পদস্পর্শ করা। পদধূলি বা পায়ের ধুলো নেওয়া। কদমবুশি করা। দূরত্ব বজায় রাখা। পথ ছেড়ে দেওয়া। দাঁড়িয়ে থাকা। শ্রদ্ধার উদ্রেক করা। শিরোধার্য করে রাখা। সম্ভ্রমবোধ জাগানো। তাক লাগানো।

বিণ. শ্রদ্ধা,-পূর্ণ,-যুক্ত,-শীল,-ন্বিত,-বান্,-লু। সশ্রদ্ধ সসম্ভ্রম। অসম্মান ভক্তি,-পূর্ণ,-মূলক। সৌজন্য, সমাদর,সম্ভ্রম,-পূর্ণ। ভক্তি,-ভাজন, -মান্। মর্যাদা,-পূর্ণ,-ময়। সভক্তি ভক্তিবিহ্বল। শ্রদ্ধেয় শ্রদ্ধা,-র্হ,-ভাজন,-স্পদ। ভক্ত, প্রাণ,

-প্রধান,-বৎসল। প্রণম্য পূজনীয় নমস্কার্য। প্রণত বিনত বিনয়াবনত। নমস্কৃত প্রণমিত নমিত। নমস্কর্তা নমস্কারকারী। অভিবাদনকারী। ভক্তানুরক্ত ভক্তাগ্রগণ্য। নমস্কারী প্রণামী। কৃতনমস্কার। নতশীল নতিমান নমসিত। সম্মানার্হ সম্মানীয়। পূজ্য নমস্য। বরণীয় বরিষ্ঠ বরীয়ান। প্রাতঃস্মরণীয়। আদরণীয়। আদৃত সর্বাদৃত। সমাদৃত আপ্যায়িত। মানী মাননীয়। সর্বজন,-প্রিয়,-শ্রদ্ধেয়। ধন্য প্রশংসনীয়।

ক্রি-বিণ. শ্রদ্ধায়। ভক্তিতে। শ্রদ্ধা,ভক্তি,-ভরে। পরম শ্রদ্ধায়। সশ্রদ্ধচিত্তে। শ্রদ্ধার সঙ্গে।

৯৩৩। অশ্রদ্ধা

বি. অশ্রদ্ধা অসম্মান অমর্যাদা অসম্ভ্রম। অভক্তি শ্রদ্ধা,-শূন্যতা,-হীনতা। অননুরাগ। অননুমোদন (৯৩৬)। নিন্দন (৯৩৮)। উপেক্ষা। অবজ্ঞা অবহেলা হেলা হেলাফেলা তুচ্ছতাচ্ছিল্য। অনাস্থা অবিশ্বাস। অপমান বেইজ্জত শ্লীলতাহানি। অসৌজন্য (৯০২)। অবমাননা (৯৩৪)। অপবাদ ডিফেমেশন। অপলেখ লাইব্‌ল। উপহাস বিদ্রূপ ব্যঙ্গ ঠাট্টা তামাশা টিটকারি। অপজ্ঞান তৃণজ্ঞান নিকার। ধিক্কার ঘৃণা বিরাগ। অযত্ন অনাদর (৮৯৭)। অপ্রেম অপ্রীতি অননুরাগ। অখ্যাতি (৮৮৩)। অরুচি অপছন্দ।

ক্রি. অশ্রদ্ধা বা অভক্তি করা। অপমান হেনস্তা নাকাল বা বেইজ্জত করা। অগ্রাহ্য বা উপেক্ষা করা। অবজ্ঞা করা। বদনাম করা (৯৩৮)। ব্যঙ্গ বিদ্রূপ বা মুখভঙ্গি করা। ভেংচানো। বক বা কলা দেখানো। ঠোঁট উল্টানো। মুখের ওপর জবাব দেওয়া। তুড়ে দেওয়া। মাথা হেঁট করা। অপদস্থ করা। মুখ ছোট করা। হেয় প্রতিপন্ন করা। হেয় বা খাটো বা ছোট করা। ধর্তব্যের মধ্যে না ধরা। ভ্রূক্ষেপ বা গ্রাহ্য না করা। পাত্তা না দেওয়া। তৃণজ্ঞান করা। নাকড়া-ছকড়া করা।

বিণ. অশ্রদ্ধা,-পূর্ণ,-লু,-সূচক,-মূলক,-ন্বিত। অভক্তি,-জনক,-মান। শ্রদ্ধাভক্তি সম্ভ্রম,-হীন। অসৌজন্য,-মূলক,-পূর্ণ (৯০২)। নিন্দাসূচক (৯৩৮)। অপমান,-কর,-সূচক (৯৩৪)। অমর্যাদাকর। মর্যাদাহীন। ধিক্কার,-পূর্ণ,-জনক। ব্যঙ্গ। বক্র। অবজ্ঞাপূর্ণ তাচ্ছিল্যপূর্ণ। রূঢ় উদ্ধত। অনাদৃত। অপাঙ্‌ক্তেয়। অপমানিত বেইজ্জত অপদস্থ হেয়। অশ্রদ্ধ অশ্রদ্ধেয় অশ্রদ্ধিত অপূজ্য অনর্হ অভক্ত। ধিক্কৃত।

ক্রি-বিণ. অশ্রদ্ধায় অভক্তিভরে।

৯৩৪। অবমাননা

বি. অবমাননা অসম্মান অপমান তাচ্ছিল্য অবহেলা উপেক্ষা উপেক্ষণ হেয়ানত অবজ্ঞা অশ্রদ্ধা (৯৩৩)। অপবাদ ডিফেমেশন। অপলেখ লাইব্‌ল। উপহাস। পরিহাস (৮৪৮)। ঠাট্টা বিদ্রূপ ব্যঙ্গ। ঘৃণা (৮৯৪)।

ক্রি. অবজ্ঞা বা উপেক্ষা করা। অবহেলা করা। অগ্রাহ্য বা অমান্য করা। তোয়াক্কা বা কেয়ার না করা। আমল না দেওয়া। পাত্তা না দেওয়া। তুচ্ছতাচ্ছিল্য করা। ব্যঙ্গ করা। ঠাট্টা করা। বিদ্রূপ তামাশা বা টিটকারি দেওয়া। অপমান করা। ধিক্কার দেওয়া। মুখ ঝামটা দেওয়া। মুখ ঝাঁকানো। নাক তোলা ওঠানো বাঁকানো টেপা বা সিঁটকানো। লাথি মারা। চড় চাপ্পড় বা চপেটাঘাত করা। পদদলিত করা। গর্দানি গলাধাক্কা বা অর্ধচন্দ্র দেওয়া। গাধায় চড়ানো। মাথায় ঘোল ঢালা। অপদস্থ করা।

বিণ. অবমাননাকর। অপমান,-কর,-জনক, -সূচক। অবজ্ঞা,-পূর্ণ,-সূচক,-প্রসূত। বিদ্রূপমূলক

বিদ্রূপাত্মক। অবহেলাজাত। উদ্ধত উন্নাসিক। অসূয়ক। বিশ্বনিন্দুক। অপমানিত অবহেলিত অবজ্ঞাত। উপেক্ষিত। লাঞ্ছিত পদদলিত উপহাস্য ঘৃণ্য। উপেক্ষণীয়। অবজ্ঞেয়। করুণাদায়ক।
ক্রি-বিণ. অবজ্ঞায় অবহেলায় অবজ্ঞাভরে।
অব্য. ছি। ধিক। দুয়ো।

৯৩৫। অনুমোদন

বি. অনুমোদন সমর্থন অনুমতি সম্মতি মঞ্জুরি। আনুকূল্য। অনুগ্রহ। রেয়াত। নাই আশকারা প্রশ্রয় আমল। অনুরাগ (৮৯৩)। বিবেচনা। উচ্চধারণা। মূল্যোপলব্ধি গুণোপলব্ধি গুণানুরাগ। কদর খাতির সম্মান। শ্রদ্ধা। (৯৩২) সম্ভ্রম। আস্থা জনপ্রিয়তা কৃতিত্ব। খ্যাতি যশ সুনাম। প্রশংসো তারিফ গুণ, -বর্ণন,-কথন,-কীর্তন। গুণানুবাদ সাধুবাদ যশোগান যশঃকীর্তন কীর্তন পরিকীর্তন সংকীর্তন প্রশস্তি। স্তুতি স্তব স্তবস্তুতি স্তুতিগান বন্দন বন্দনা। সংবর্ধনা। মানপত্র। আশীর্বাদ আশিস। সরবসমর্থন করতালি হর্ষধ্বনি। জয়ধ্বনি। বলিহারি আহামরি আমরি কেয়াবাত। লাজওয়াব। এনকোর দোবারা। সাধুসাধু। শাবাশ বাহবা মারহাবা। জিন্দাবাদ। থ্রি চিয়ারস। হিপ হিপ হুররে।
ক্রি. অনুমোদন বা সমর্থন করা। অনুমতি বা মঞ্জুরি দেওয়া। ভাল ভাবা বা ধারণা করা। মূল্য দেওয়া। কদর করা। অভিনন্দন জানানো (৯৩৯)। বাহ্বা দেওয়া। আদর করা। ভালোবাসা। প্রশংসা করা। সুনাম করা। প্রশস্তি রচনা করা বা গাওয়া। নামকীর্তন করা। মাথায় করা। পিট চাপড়ানো। আকাশে তোলা। গাছে চড়ানো। গাছে তোলা। উৎসাহ দেওয়া। আশীর্বাদ করা। করতালি দেওয়া। তোষামোদ করা (৯৩৭)। প্রশংসা পাওয়া। সুনাম অর্জন করা। কদর পাওয়া। ভালোবাসা পাওয়া। জনপ্রিয়তা অর্জন করা।
বিণ. অনুমোদিত। গৃহীত। সর্বজনগৃহীত। প্রশংসনীয়। বন্দীত বন্দ্য। অভিনন্দিত প্রশংসিত স্তুত। সর্বজনপ্রিয়। উত্তম (৬৫৪)। অনিন্দ্য অনিন্দনীয়।

৯৩৬। অননুমোদন

বি. অননুমোদন অননুমতি অসমর্থন অমঞ্জুরি। প্রাতিকূল্য। অপছন্দ (৬১৯)। আপত্তি (৫১৩)। অসম্মান অপ্রশংসা অপযশ দুর্নাম অপবাদ (৮৮৩)। নিন্দন (৯৩৭)। কলঙ্ক। সমালোচনা। দোষারোপ। অনুযোগ। বর্জন বয়কট। কটূক্তি কাটব্য কটুকাটব্য। কটু,কড়া,চড়া,শক্ত,-কথা। বাকপারুষ্য। অপ্রিয়ভাষণ। ব্যঙ্গ ব্যঙ্গোক্তি বক্রোক্তি মন্তব্য ঠাট্টা উপহাস। বাঁকাকথা কটাক্ষ শ্লেষ। চ্যাটাং-চ্যাটাং কথা। বিদ্রূপ কাকু কাকুক্তি। তুচ্ছতাচ্ছিল্য অবজ্ঞা। বাক্যবাণ। কাটাকাটা কথা। কাটাকাটা উত্তর। ফইজত তিরস্কার ভর্ৎসনা বকুনি ধমক তাড়না। শাসন চোটপাট নিকার। ধাতানি। গঞ্জনা লাঞ্ছনা। খেঁকানি। ভ্রূভঙ্গি। রক্তচক্ষু। গালি,-গালাজ গালাগাল। খোঁটা ঠেস। অভিশাপ। চিৎকার হৈ চৈ ধিক্কার টিটিকার। শিস্।
ক্রি. অনুমোদন না করা। অপছন্দ করা। আপত্তি করা। বিগড়ানো। দুঃখপ্রকাশ করা। বিরক্ত হওয়া। ভ্রূকুটি করা। ভেটকি দেওয়া। মুখ ঝামটা দেওয়া। মুখ তাড়া। মুখ নাড়া। মুখ খিচনো। খিচিয়ে ওঠা। খেঁকিয়ে ওঠা। খ্যাকখ্যাক বা খ্যাচখ্যাচ করা। নাক সিটকানো। চোখ রাঙানো। মুখ ভারি করা। সমালোচনা করা। দোষারোপ করা (৯৩৮)। অভিযোগ করা (৯৭০)।
তিরস্কার বা ভর্ৎসনা করা। বকা। বকুনি বা ধমক দেওয়া। ধমকানো। ধাতানো। ধাতিয়ে দেওয়া। বকাঝকি বা বকাবকি করা। কড়কানো। কড়কে

দেওয়া। দাবড়ে দেওয়া। দাবড়ানি দেওয়া। দাবড়ানো। চোটপাট করা। তুড়া। তাসানো। দমানো। দাবানো। গঞ্জনা বা ধিক্কার দেওয়া। বাপান্ত করা।

মৃত্যু কামনা করা। কুশপুত্তলিকা পোড়ানো। বিদ্রুপ করা। খোঁটা দেওয়া। ঠেস দেওয়া। শোনানো। শুনিয়ে দেওয়া। সাতকথা দুকথা বা এককাঁড়িকথা শোনানো। চোপা করা। মুখে মুখে উত্তর দেওয়া। এক হাত নেওয়া। তুরা। থুরা। থুরে দেওয়া। ডাঁটা। গাদা। গেদে দেওয়া। ঝাল ঝাড়া। ঝেড়ে দেওয়া। অবজ্ঞা করা। অপমান করা।

দোষ করা। নিজের মাথায় কলঙ্ক চাপানো। মুখে চুনকালি দেওয়া। দুর্নাম কেনা। অভিযুক্ত হওয়া। জবাবদিহি করতে হওয়া। ভিমরুলের চাকে ঘা দেওয়া। খাল কেটে কুমির আনা। নিজের পায়ে কুড়াল মারা।

বিণ. অননুমোদিত। নামঞ্জুর। নাপছন্দ অপছন্দ। আপত্তিকর। দুঃখজনক। নিন্দনীয়। নিন্দার্হ। অপমানকর। লজ্জাকর। কলঙ্কময়। দোষাবহ (৯৪৭)। গর্হিত দূষণীয়। খারাপ (৬৫৫)। বক্র কাটাকাটা ব্যঙ্গ। শুষ্ক। রূঢ়। কঠিন নিদারুণ। তিরস্কৃত ভর্ৎসিত নিকৃত। ভর্ৎসনামূলক। তিরস্কারসূচক।

৯৩৭। তোষামোদ

বি. তোষামোদ তোয়াজ চাটু,-বাদ,-বাক্য,-কার্য, -কারিতা,-বৃত্তি চাটূক্তি। অনুরঞ্জন মনোরঞ্জন। খোশামোদ খোশামুদি চামচাগিরি। স্তুতি স্তব স্তবন স্তাবকতা মোসাহেবি। উমেদারি। ভাঁড়ামি। পদলেহন। শ্ববৃত্তি। স্তুতি। ব্যক্তি পূজা। মিষ্টি কথা।

তোষামুদে চাটু,-কার,-বাদী খোশামোদে চামচা মোসাহেব। জী-হুজুরের-দল। যো-হুকুমের-দল। খয়েরখাঁ ধামাধরা কাছাধরা। পোঁধরা। পা,-ধরা, -চাটা পদলেহী। স্তুতি,-কার,-পাঠক,-গায়ক স্তোতা বন্দী। স্তাবক প্রশস্তিকার বৈতালিক চারণ। বিদূষক ভট্ট ভাট ভাঁড়। পূজক উপাসক। নন্দীভৃঙ্গী।

ক্রি. তোষামোদ খোশামোদ বা তোয়াজ করা। মনোরঞ্জন বা অনুরঞ্জন করা। মন রক্ষা করা। কানে মধু ঢালা। তোয়ানো। হাত বুলানো। ভজানো। নাম করা। আকাশে তোলা। ফোলানো। ফাঁপানো। ঢাক বাজানো। গুণগান করা। পোঁ ধরা। মোসাহেবি করা। ধামা ধরা। তেলানো। পায়ে তেল দেওয়া বা মাখানো। পা চাটা।

৯৩৮। নিন্দন

বি. নিন্দন নিন্দা গর্হণ,-া গর্হা বিগর্হণ,-া। দূষণ বিদূষণ দোষারোপ। অপ,-বাদ,-ভাষ। পর, -বাদ,-চর্চা নিন্দা। জুগুপ্সা। বদনাম কুৎসা গিল্লা গিবত। চুকলি লাগানিভাঙানি কানভাঙানি। কোটনামি কোটনা,-গিরি,-পনা। পর,-দোষ, -গ্লানি,-চ্ছিদ্র। ছিদ্রান্বেষণ দোষদর্শিতা। সমালোচনা বিরূপসমালোচনা। ধিক্কার। অবমাননা (৯৩৪)। মানহানি কালিমালেপন চরিত্রহনন। গ্লানি কলঙ্ক। কেলেঙ্কারি ঢিঢিকার। দুর্নাম। ব্যঙ্গ শ্লেষ (৯৩৬)। ব্যঙ্গ,-রচনা,-কবিতা,-ছড়া।

নিন্দক নিন্দুক নিন্দাকারী দূষক দোষ,-গ্রাহী,-দর্শী দূষয়িতা দোষৈকদর্শী ছিদ্রান্বেষী। অপবাদক অপবাদকারী। পরিবাদক পরিবাদী। জুগুপ্সক। কুৎসা,কলঙ্ক,-রটনাকারী খটেল। পিশুন। নারদ। চুকলিখোর। কুটনা। বিদূষক। অসূয়ক বিশ্বনিন্দুক। অভিযোগ,শিকায়াৎ,দোষারোপ, -কারী। বিদ্বেষী। অবমন্তা অবমাননাকারী।

ক্রি. নিন্দা করা। দোষ খুঁত বা গলদ ধরা। দোষ দেখা বা বের করা। দোষারোপ করা। ছিদ্রান্বেষণ করা। খুঁত ধরা কাটা বা কাড়া। গিল্লা গাওয়া। গিবত করা। পরের গ্লানি করা। পরচর্চা বা পরনিন্দা করা। কুৎসা বা কলঙ্ক রটনা করা। কথা লাগানো। কানকথা বলা। কান ভারি করা। কানভাঙানো। অবমাননাকর বা মানহানিকর কথা বলা বা লেখা। চরিত্রহনন করা। ব্যঙ্গ করা। ছড়া কাটা। চৌদ্দপুরুষ উদ্ধার করা। বাপ,-মা তোলা।

বিণ. নিন্দা,-জনক,-সূচক,-মূলক,-কর। অপবাদসূচক। গ্লানিকর। কলঙ্কময়। অবমাননাকর। মানহানিকর। ব্যঙ্গ। শ্লেষাত্মক। বাঁকা। নিন্দিত। বিনিন্দিত। অপবাদিত সমালোচিত। গর্হিত বিগর্হিত। নিন্দার্হ নিন্দনীয়।

৯৩৯। অভিনন্দন

বি. অভিনন্দন প্রতিনন্দন অভিবন্দনা কনগ্র্যাচুলেশন। অভ্যর্থনা সংবর্ধনা। সম্মাননা সম্মানপ্রদর্শন। সাধুবাদ মোবারকবাদ। হর্ষ,-নাদ, -রব,-প্রকাশ। জয়ধ্বনি। অভিনন্দন,মান,সম্মান -পত্র। অভিনন্দনবাণী। সংবর্ধনাসভা। আপ্যায়ন। কর,হাত-তালি। করমর্দন হ্যান্ডশেক। কোলাকুলি আলিঙ্গন বাহুডোর সাদরসম্ভাষণ (৯০১)। আশীর্বাদ শুভেচ্ছা দোয়া। সাধু সাধু। শাবাশ বলিহারি বাহবা মোবারক মারহাবা। ধন্য ধন্য। কেয়াবাত। বহুতখুব। দেবারা এনকোর। লাজওয়াব।

ক্রি. অভিনন্দন সংবর্ধনা বা অভ্যর্থনা জানানো। জয়ধ্বনি জিন্দাবাদ বা সাধুবাদ দেওয়া। মোবারকবাদ জানানো। জয়তু। জয় হোক। মোবারক হো। শতায়ু হোক।

বিণ. অভিনন্দিত বন্দিত অভিবন্দিত। সংবর্ধিত সংবর্ধনাপ্রাপ্ত বৃত। অভিনন্দনীয় অভিনন্দনযোগ্য। অভিবাদনযোগ্য অভিবাদার্হ অভিবাদ্য। সম্মানার্হ বরেণ্য বরণীয় বৃত্য বর্য। সম্মানিত। সম্মানসূচক। অভিবাদক অভিবাদনকারী বন্দনকারী সংবর্ধক সংবর্ধনাকারী সম্মানকারী বরণ,-কর্তা,-কারী বরক বরয়িতা।

৯৪০। অভিশাপ

বি. অভি,-শাপ,-সম্পাত। শাপ শাপ,-শাপান্ত, -মন্যি। অভিশস্তি। বদদোয়া। লানত অমঙ্গল, অশুভ,-কামনা (৯০৪)। কুনজর বিষদৃষ্টি। বাগ্‌বজ্র আক্রোশ অকরণি। নিন্দা। ঘৃণা। বহিষ্করণ। সমাজবর্জন। নিষেধাজ্ঞা। গজব আজাব শাস্তি। তর্জনগর্জন হম্বিতম্বি তিরস্কার ভর্ৎসনা (৯৩৬)। গঞ্জনা গাল গালাগাল গালিগালাজ। ধিক্কার টিটকারি।

ক্রি. অভিশাপ বা অভিসম্পাত দেওয়া। শাপা শাপশাপান্ত বা শাপমন্যি করা। তিরস্কার করা। ভয় দেখানো। হম্বিতম্বি করা। তর্জনগর্জন করা। গালিগালাজ দেওয়া। গাল পাড়া। কিরা খাওয়া। তাড়িয়ে দেওয়া। বর্জন বা একঘরে করা। নিষেধাজ্ঞা আরোপ করা।

বিণ. অভিশপ্ত। শাপ,-গ্রস্ত,-ভ্রষ্ট। শাপিত। শপ্ত অভিশাপগ্রস্ত। অভিশাপার্হ অভিশস্ত। তিরস্কৃত ভর্ৎসিত। একঘরে।

৯৪১। হুমকি

বি. হুমকি বিভীষিকা। ভয়,ভীতি,-প্রদর্শন (৮৬০)। শাসানি। ত্রাসন উৎত্রাসন সন্ত্রাসন সন্ত্রাস সন্ত্রাস,আতঙ্ক,-বাদ বিভীষিকাপন্থা উগ্র,-পন্থা, -বাদ চরমপন্থা। সন্ত্রাসবাদী-আন্দোলন টেররিস্ট

-মুভমেন্ট। নাশকতা অন্তর্ঘাত সাবোতাজ। প্রতিবিপ্লব। ত্রাসসঞ্চার। আতঙ্কসৃষ্টি। তর্জনগর্জন হম্বিতম্বি চোটপাট ধমক হুংকার হুহুংকৃতি হুহুংকার। কালবৈশাখী। জলোচ্ছ্বাস গর্কি প্লাবন।

ক্রি. হুমকি দেওয়া। বিভীষিকার সৃষ্টি করা। ভয় দেখানো। ত্রাস সঞ্চার করা। আতঙ্ক সৃষ্টি করা। শাসানো। দাঁত খিঁচানো। ধমকানো। হুংকার দেওয়া। আস্ফালন করা।

বিণ. ভীতি,ত্রাস,-প্রদ,-জনক। ভয়,-দ,-ঙ্কর ভয়াবহ ভয়াল। বিভীষিকাময় ভৈরব করাল। অশুভ। মারমুখো খড়্গহস্ত।

৯৪২। ন্যায়পরতা

বি. ন্যায়,-পরতা,-পরায়ণতা,-নিষ্ঠা,-নিষ্ঠতা, -নিষ্ঠত্ব,-বত্তা। সততা সাধুতা। ন্যায়,-নীতি, -বোধ,-সংগত,-পথ,-পন্থা। বিশুদ্ধতা সাত্ত্বিকতা পবিত্রতা। ন্যায়,নীতি,বিবেক,-বুদ্ধি। নিষ্ঠা। আস্থা ভরসা। বিশ্বাস ঈমান। সম্মান ইজ্জত আত্মসম্মান। বিশ্বস্ততা ঈমানদারি। দৃঢ়তা অটলতা। সত্যতা (৫৫৫)। যথার্থতা। সারল্য অকপটতা। বিচার সুবিচার ন্যায়বিচার ইনসাফ ইকুইটি সুবিবেক সমদর্শিতা নিরপেক্ষতা যৌক্তিকতা যথাযথতা ন্যায্যতা সদ্‌বুদ্ধি সদ্বিবেচনা। আদর্শ। আদর্শপরায়ণতা। নীতিবাগিশতা। নৈতিকতা (৯২৩)। সৎ,-পথ, -পন্থা। সৎ,ঠিক,-কাজ। নীতি,-বোধ,-জ্ঞান। নিয়মনীতি। ন্যায্য,-পথ,-উপায়। সু,-পথ,-পন্থা। ন্যায়মার্গ। নীতি,-শিক্ষা,-কথা,-বাক্য। সদাচার সদাচরণ শিষ্টাচার। মূল্যবোধ। নৈতিকমূল্যবোধ। অনুশাসন। হিতোপদেশ। কথামালা। হিতোপদেশের গল্প। ইসপের গল্প।

ক্রি. নিষ্ঠাবান হওয়া। সততা রক্ষা করা। সত্য বলা (৫৫৫)। কর্তব্য করা (৯২৮)। প্রতিশ্রুতি পালন বা রক্ষা করা। কথা রাখা। বিশ্বাস রক্ষা করা। সম্মান বজায় রাখা।

বিণ. ন্যায়,-পর,-পরায়ণ,-নিষ্ঠ,-বান, -পথাবলম্বী,-মার্গী,-পথাশ্রয়ী,-বুদ্ধিপরায়ণ। ন্যায়ী ন্যায়কারী। ন্যায়,-সংগত,-সম্মত। যথান্যায়। নীতি,-সংগত,-সম্মত। ন্যায়,নীতি,-বাগীশ। নীতি,-বান,-নিষ্ঠ। সৎ সাধু (৯৪৬)। সত্যবাদী (৫৫৫)। সমদর্শী নিরপেক্ষ উচিতবক্তা। সাদা সহজ সরল মুক্তহৃদয়। বিশ্বাসী ঈমানদার। আস্থা,বিশ্বাস,-ভাজন। বিবেকী বিবেকসম্পন্ন সৎচেতা। আদর্শ,-বান,-বাদী,-পরায়ণ। নৈয়ায়িক। ধার্মিক। নিষ্ঠাবান সদাশয়,-ী। সদাচারী। নির্দোষ নিষ্কলুষ নিষ্পাপ। পতিব্রতা। সম্মানীয় শ্রদ্ধেয়। মর্যাদাবান আত্মসম্মানসচেতন।

ক্রি-বিণ. ন্যায়ত ন্যায্যত। ন্যায়,-মতে,-পূর্বক। ন্যায়ানুসারে।

৯৪৩। অন্যায়াচরণ

বি. অন্যায়াচরণ অন্যায় দুর্নীতি অসততা অসাধুতা। মিথ্যাচার (৫৫৬)। অনীতি কুনীতি ভ্রষ্টাচার অসদাচার অসদাচারণ গর্হিতাচার অমিতাচার (৯৫৬)। কপটাচার। অনৈতিকতা। ন্যায়বিরুদ্ধতা। দুর্নীতি,-পরায়ণতা,-গ্রস্ততা। তারণা ছল চাতুরী (৫৫৭)। কপটতা। অমতি কুমতি দুর্মতি। বিশ্বাসভঙ্গ খিয়ানত বেঈমানি বিশ্বাসঘাতকতা মোনাফেকি। দাগাবাজি। দালালি। নীচতা হীনতা। অপচার অনাচার অহিতাচার কদাচার। অমর্যাদা অপমান অসম্মান কেলেঙ্কারি (৮৮৩)। দেশ,রাষ্ট্র,-দ্রোহিতা (৯০৮)। গাদ্দারি।

বিভক্ত-আনুগত্য। ধর্মত্যাগ। কুফরি। উৎকোচ, -দান,-গ্রহণ। ঠকবাজি হাতসাফাই। দুর্বৃত্তি বদমায়েশি পেজোমি। অবিচার কুবিচার বেইনসাফি একচোখামি অসমদর্শিতা পক্ষপাতিত্ব। অত্যাচার অন্যায়-অত্যাচার আঘাত জোর জবরদস্তি ন্যায়াসংগতি। সুবিধাবাদ। স্বজনতোষণ।

ক্রি. অন্যায় আচরণ করা। মিথ্যা বলা। প্রতিশ্রুতি ভঙ্গ করা। কথার খেলাফ করা। কথা না রাখা। কথা ভাঙা। দু'রকম কথা বলা। বিশ্বাস ভঙ্গ করা। বিশ্বাসঘাতকতা করা। দুর্নীতির আশ্রয় নেওয়া। ঘুষ নেওয়া। উৎকোচ গ্রহণ করা। টাকা খাওয়া। দু হাতে কামানো। হাতসাফাই করা। ফাঁকি দেওয়া। নীচে নামা। সম্মান বা ইজ্জত নষ্ট করা। আত্মমর্যাদা হারানো। নিজেকে বিকিয়ে দেওয়া। অবিচার বা বেইনসাফি করা। টান টানা। ন্যায় নীতি বিসর্জন দেওয়া।

বিণ. অন্যায়াচারী। অন্যায়কারী। দুর্নীতি,-গ্রস্ত, -পরায়ণ। অসৎ অসাধু। দুনম্বরি মিথ্যাবাদী (৫৫৬)। প্রতারক (৫৫৭)। দুমুখো। দুষ্ট (৯৪৭)। বদমাশ পাজি। দুর্জন (৯৫১)। বিশ্বাসঘাতক। নীচ হীন। কপট কপটাচারী কদাচারী ভ্রষ্টাচারী অসদাচারী। অভদ্র নির্লজ্জ বেশরম। অবিবেকী বিবেকহীন অবিবেচক নীতিহীন নষ্টমতি। একচোখা সুবিধাবাদী। আত্মসর্বস্ব। আত্মসম্মান, আত্মমর্যাদা,-হীন। সম্ভ্রমহীন। নিন্দার্হ ঘৃণার্হ।

ক্রি-বিণ. অন্যায়ত। অন্যায়,-ভাবে,-রূপে, -পূর্বক।

৯৪৪। নিঃস্বার্থতা

বি. নিঃস্বার্থতা অস্বার্থপরতা। স্বার্থ,-শূন্যতা, -হীনতা। পরহিত পরোপকার পরোপকারিতা (৯০৩)। পর,-হিতব্রত,-হিতৈষণা। পরার্থপরতা পরার্থবাদ পরার্থতা। লোকের উপকার। জন,লোক,সমাজ,-হিত। লোক,মানব,হিতৈষণা, -জন,সমাজ,-কল্যাণ। সমাজ,-সেবা,-মঙ্গল। পরহিত। লোক,হিত,-ব্রত। পরহিতাকাঙ্ক্ষা পরোপকারেচ্ছা উপচিকীর্ষা। মানব,-প্রেম,-প্রীতি। বিশ্ব,-প্রেম,-মৈত্রী,-ভ্রাতৃত্ব,-বোধ,-জনীনতা। বিশ্ব,-প্রেমিক,-প্রেমী। মহানুভবতা। বদান্যতা দাক্ষিণ্য উদারতা ঔদার্য (৫১৭)। আদর্শবাদ। মহত্ত্ব। বীরত্ব আত্ম,-সংযম,-দমন,-শাসন। আত্ম,-বলি,-দান,-ত্যাগ,-বিসর্জন। আত্মোৎসর্গ। শাহাদাত। দেশের,দশের,-কাজ।

পরোপকারী পর,-হিতৈষী,-হিতব্রতী, -হিতাকাঙ্ক্ষী। পরার্থপর। উপচিকীর্ষু। দেশ, -হিতৈষী,-সেবক,-প্রেমিক। সমাজ,-হিতৈষী, -হিতার্থী,-সেবী,-সেবক,-প্রেমিক। লোকবান্ধব। সমাজসংস্কারক। মানব,-দরদি,-প্রেমিক (৯০৫)।

ক্রি. স্বার্থ না থাকা। স্বার্থত্যাগ বা স্বার্থবিসর্জন করা। আত্মত্যাগ বা আত্মবিসর্জন করা। আত্মাহুতি দেওয়া। আত্মদান বা আত্মবলিদান করা। আত্মোৎসর্গ করা। নিজেকে সঁপে দেওয়া। নিজেকে বিলিয়ে দেওয়া। নিজেকে উজাড় করে দেওয়া। নিজের দিকে না তাকানো। অপরের স্বার্থ লক্ষ্য করা।

বিণ. নিঃস্বার্থ,-পর,-পরায়ণ। অস্বার্থপর। অস্বার্থ স্বার্থ,-হীন,-শূন্য। অনসূয় (৯২০)। নিষ্কাম মহান মহৎ মহানুভব উদার সহৃদয় দরাজদিল। আত্মত্যাগী স্বার্থত্যাগী। বীরসুলভ বীরোচিত। জন,লোক,-হিতকর।

ক্রি-বিণ. নিঃস্বার্থভাবে। পরের কারণে। পরার্থ। পরার্থে।

৯৪৫। স্বার্থপরতা

বি. স্বার্থ,-পরতা,-পরায়ণতা। স্বার্থচিন্তা স্বার্থান্বেষণ। স্বার্থান্বেষিতা স্বার্থান্ধতা স্বার্থ,-সাধন, -সিদ্ধি,-রক্ষা,-পূরণ। আত্ম,-কেন্দ্রিকতা, -সর্বস্বতা,-গ্রাহিতা,-পরায়ণতা। অহংসর্বস্বতা। আত্ম,-প্রীতি,-প্রেম,-পূজা। আত্মাদর স্বাদর। আত্মহিতচিন্তা। স্বজন,-প্রীতি,-প্রিয়তা,-তোষণ, -পোষণ। সুবিধাবাদ সুযোগসন্ধান। নীচতা হীনতা। অনুদারতা সংকীর্ণতা সংকীর্ণমনস্কতা (৫১৮)। আত্মরতি। পরহিংসা (৯১৯)।

ক্রি. নিজের স্বার্থ দেখা। নিজের সুখ দেখা। নিজেকে নিয়ে মত্ত থাকা। নিজের ঝোলা ভারি করা। নিজের দিকে ঝোল টানা। কেবল নিজেরটা বোঝা। নিজের বেলায় আঁটিসাঁটি পরের বেলায় দাঁত কপাটি। স্বার্থ,-সাধন সিদ্ধি পূরণ রক্ষা বা চিন্তা করা। স্বজনতোষণ বা স্বজনপোষণ করা। কাউরি দিকে না তাকানো।

বিণ. স্বার্থ,-পর,-পরায়ণ,-বাদী। স্বার্থান্বেষী। স্বার্থোন্মত্ত স্বার্থোদ্ধত স্বার্থান্ধ স্বার্থ প্রণোদিত। স্বার্থ,আপন,-সর্বস্ব। আত্ম,-কেন্দ্রিক,-পরায়ণ -সার। আত্ম,-রত,-গ্রাহী,-সর্বস্ব। আত্মার্থ। একলসেঁড়ে। আপ্ত,-সার,-গরজি।

সুবিধাবাদী সুযোগসন্ধানী। মতলববাজ মতলবি। স্বার্থসিদ্ধ স্বোদরপূরক। স্বজন,-তোষণকারী, -পোষণকারী,-পোষক। নীচ হীন। অনুদার। নীচাশয়। অর্থগৃধ্নু কেঁয়ে পয়সার-কাঙাল। ভাড়াটে (৮২০)। ঘোরসংসারী। হিংসুটে (৯১৯)।

ক্রি-বিণ. স্বার্থে নিজেরস্বার্থে আপকাওয়াস্তে।

৯৪৬। নৈতিক গুণ

বি. নৈতিকগুণ: ন্যায়বিচার বিচক্ষণতা মিতাচার ধৈর্য।

ধর্মগত গুণ: বিশ্বাস আশা দাক্ষিণ্য। ষড়গুণ। রাজকীয় গুণ: সন্ধি বিগ্রহ যান আসন দ্বৈধ আশ্রয়।

নৈতিক চরিত্র। চরিত্র স্বভাব নৈতিকতা। চারিত্রিক দৃঢ়তা। সৎসাহস। সদ্‌গুণ সদ্‌কর্ম সদাচার। সততা সাধুতা। অপরাধশূন্যতা (৯৪৮)। মিতাচার (৯৫৫)। সতীত্ব আবরু ইজ্জত। বিশুদ্ধতা নিষ্কলুষতা। কর্তব্যবোধ (৯২৮)। সু,-নীতি, -বুদ্ধি,-মতি। গুণ,-গরিমা,-গৌরব,-শালিতা। মহত্ত্ব মহিমা বিভূতি বিভব বিভুত্ব ঐশ্বর্য।

গুণ,-ধাম,-নিধি,-সাগর। গুণাকর গুণাধার। গুণানুরাগ। গুণানুবাদ। গুণাভাস।

ক্রি. গুণ থাকা। সদকর্ম করা। ভালো করা। কর্তব্য করা। প্রতিশ্রুতি রক্ষা করা। সোজাপথে চলা। আদর্শ স্থাপন করা। মানুষ হওয়া। ভালো হওয়া। আত্মসংযম থাকা। রিপু দমন করা। সদচিন্তা করা। পরিষ্কার থাকা।

বিণ. গুণী গুণাঢ্য গুণ,-বান,-শালী। গুণান্বিত সদ্‌গুণসম্পন্ন। নীতি,ন্যায়,-বান। সুনীতিসম্পন্ন। সৎ সাধু সাত্ত্বিক। কর্তব্যপরায়ণ। মহান মহৎ উদার। পূত পবিত্র। ধার্মিক ঈমানদার। নির্দোষ নিষ্কলুষ নিষ্পাপ। মানুষ। আদর্শস্থানীয়। দেবোপম। স্বর্গীয়। প্রশংসনীয়। অনবদ্য অনিন্দনীয়। পূজনীয় বন্দ্য নমস্য।

৯৪৭। নৈতিক দোষ

বি. দোষ তমোগুণ। অ,অপ,অব,বদ,-গুণ। কু,-কর্ম,-কার্য,-কাজ। অ,-ক্রিয়া,-কর্ম,-কার্য, -কাজ। গুণ (বিদ্রূপে)। উন্মার্গ দুর্নীতি অসাধুতা অসততা। অপরাধ (৯৪৯)। অনৈতিকতা। অধার্মিকতা। হারামিপনা। পাপ। আবর্তবিচার। অনাচার অপচার অত্যয়। অমিতাচার (৯৫৬)। অসদাচারণ। নির্লজ্জতা। বদভ্যাস কদভ্যাস। কু, -স্বভাব,-রীতি। বদখেয়াল দুষ্প্রবৃত্তি দুর্বৃত্ততা

দুষ্টামি নষ্টামি বজ্জাতি বদমায়েশি। নিষ্ঠুরতা (৯১২)। দুর্বলতা। রোগ বিকার বিকৃতি ব্যসন ব্যভিচার। ত্রুটি খুঁত গলদ। পতন। পলায়ন।
ষড়রিপু: কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য।
কামজ দোষ: মদ্যপান বেশ্যাগমন দিবানিদ্রা পরনিন্দা মৃগয়া বৃথাভ্রমণ জুয়াখেলা নৃত্য গীত খেলাধূলা।
ক্রোধজ দোষ: অত্যাচার দুষ্টতা ক্ষতি প্রবঞ্চনা ঈর্ষা দ্বেষ কটূক্তি নিষ্ঠুরাচরণ।
দোষত্রয়: রাগ দ্বেষ মোহ।
সঙ্গ,স্পর্শ,স্বভাব,চরিত্র,বংশ,-দোষ।
ক্রি. দোষ করা। কুকর্ম বা অকর্ম করা। খারাপ কাজ করা। অপরাধ করা। পাপ করা। দুর্ব্যবহার করা। বিকৃতি বা পতন ঘটা। কুপথে চলা। পদস্খলন হওয়া। চরিত্র বিগড়ানো। খারাপ হওয়া।
বিণ. দোষ,-ময়,-জনক দোষাবহ। কলঙ্কময় পঙ্কিল পাপময় কলঙ্কিত। দুষ্ট দোষাশ্রিত। বদ বদমাশ খারাপ মন্দ। নির্গুণ গুণহীন। দোষী অপরাধী। অকর্মা কুকর্মা। অনৈতিক অধার্মিক অসৎ। অসচ্চরিত্র দুশ্চরিত্র চরিত্রহীন কলঙ্কী। পাপিষ্ঠ হতচ্ছাড়া। হটকারী। অমানুষ নির্দয়। শয়তানসুলভ দানবিক আসুরিক পাশবিক নারকীয়। সংশোধনাতীত। অনুচিত অশোভন অসমীচীন অন্যায়। দুর্বল,-চিত্ত মেরুদণ্ডহীন কাপুরুষ।

৯৪৮। অনপরাধ

বি. অনপরাধ অপরাধ,-হীনতা,-শূন্যতা। দোষ,-হীনতা,-শূন্যতা। নিষ্কলুষতা। নিরীহতা সরলতা সারল্য ছলাকলাহীনতা।
ক্রি. কোন অপরাধ না করা। কোন দোষ না থাকা। খালাস পাওয়া বা হওয়া (৯৭২)। দোষস্খালন করা (৯৭১)।
বিণ. নিরপরাধ অনপরাধী নির্দোষ নির্দোষী বেকসুর। অকৃতাপরাধ। নিষ্কলুষ নিষ্কলঙ্ক অনঘ অকলুষ অকলুষিত অকলঙ্ক অকলঙ্কিত অকলঙ্কী। নিষ্পাপ,মাসুম,-শিশু। নিরীহ সরল ছলাকলাহীন। অনিন্দ্য অনিন্দনীয়। ন্যায়পরায়ণ (৯৪২)।
ক্রি.-বিণ. বেকসুর। নির্দোষপ্রমাণ।

৯৪৯। অপরাধ

বি. অপরাধ কসুর তকসির ঘাট খাত্তাই অত্যয়। অপ,অবৈধ,-কর্ম অ,কু,-কর্ম। কানুনি,ফৌজদারি, সমাজবিরোধী,মানবতাবিরোধী,-অপরাধ। প্রগ্রাহ অপরাধ। অপ্রগ্রাহ অপরাধ। ব্যক্তিবিরোধী অপরাধ। সম্পত্তিবিরোধী অপরাধ। যৌন, অস্বাভাবিকযৌন,-অপরাধ। যুদ্ধাপরাধ। অপরাধতত্ত্ব। অপরাধপ্রবণতা। অপরাধবোধ। অপরাধপ্রমাণ (৯৭৩)। দোষ কলুষ পাপ অঘ। অপেরণ অসদগ্রাহিতা অসাধুতা অসততা। ত্রুটি গলদ ভুল চ্যুতি বিচ্যুতি। হটকারিতা অবিমৃশ্যকারিতা। অসমীচীনতা অনৌচিত্য। ভয়াবহতা। নৃশংসতা। দৌরাত্ম্য।
ক্রি. অপরাধ করা। ধরা পড়া। গ্রেপ্তার হওয়া। হাতে বেড়ি পড়া।
বিণ. অপরাধী কৃতপরাধ। দোষী। দাগি পাকা। আসামি। প্রগাহ। অপগ্রাহ। জামিনযোগ্য। জামিনের অযোগ্য। অমার্জনীয় নিন্দার্হ। জঘন্য।

৯৫০। সজ্জন

বিণ-বি. সজ্জন সুজন সদ্ব্যক্তি ভাল,-লোক, -মানুষ। আদর্শ,-নারী,-পুরুষ। সুপাত্র সুচরিত্র চরিত্রবান সচ্চরিত্র। শরিফ মহাশয় সদাশয় ভদ্রলোক। সাধু মহাত্মা মহাজন ঋষি মহর্ষি দেবর্ষি

রাজর্ষি। মহা,-পুরুষ,-মানব। অতি,-মানব, -মানুষ। পরমহংস পরমাত্মা। নিষ্পাপ নির্দোষ (৯৪৮)। পুণ্যাত্মা (৯৮৮)। পরোপকারী (৯০৯)। মানবপ্রেমী (৯০৫)। দেশপ্রেমিক (৯০৭)। মহানুভব (৯০৩)। অজাতশত্রু সর্বজনপ্রিয়। বন্ধু (৮৯১)। আদর্শ (৬৫৯)। নায়ক। পুরুষ,-পুঙ্গব,-সিংহ, -ব্যাঘ্র,-শার্দুল। সতী সাধ্বী। পতিব্রতা সাবিত্রী। লক্ষ্মী। দেবাত্মা ফেরেশতা (৯৭৭)। দেবদূত। দেবতুল্য দেবোপম দেবোচিত। ক্ষণজন্মা। ঋষি, -কল্প,-তুল্য,-সদৃশ।

৯৫১। দুর্জন

বিণ-বি. দুর্জন কুজন কু,দুঃ,-শীল। অসজ্জন। মন্দ,বদ,অসৎ,খারাপ,কু,-লোক। অপাত্র কুপুরুষ। দুরাত্মা দুর্বৃত্ত ষণ্ডামার্কা দুষ্কৃতকারী। বারভূত। অপকারী (৯১০)। মানববিদ্বেষী (৯০৬)। দুষ্ট (৯৪৭)। দজ্জাল। দুর্দান্ত বজ্জাত বদমাশ দুর্মতি রাসকেল পাজি পাজিরপাজি নচ্ছার পাজির-পা-ঝাড়া। চোতা চোতে। তিলে,-খচ্চর তেঁতুলে তেঁদড়। শয়তান (৯৭৮) খন্নাস। মিটমিটে শয়তান। ভিজেবেড়াল। বিচ্ছু। ডাল-ভাঙা-বাঁদর। বিটলে খল ক্রুর। মামলা,দাঙ্গা,-বাজ। ঘরভাঙানে। বাস্তুঘুঘু। মাস্তান বোম্বেটে গুণ্ডা দস্যু (৭৯২)। খুনী (৪০১)। পিতৃ,মাতৃ,-হন্তা,-ঘাতক। চামার চণ্ডাল চাঁড়াল। নীচ ইতর হীন অধম আতরাফ ছোটলোক বাজেলোক। নরাধম। নদের চাঁদ। পাপিষ্ঠ (৯৮৯)। সমাজবিরোধী। দুশ্চরিত্র অসৎ অসতী কুচরিত্র অসচ্চরিত্র চরিত্রহীন। লম্পট (৯৬২)। দোষী অপরাধী (৯৪৯)। শত্রু (৮৯২)।

বিশ্বাস,-ঘাতক,-ঘাতী,-হন্তা। গৃহশত্রু ঘরের, সমাজের,দেশের,-শত্রু ঘরভেদী। বিভীষণ মীরজাফর কুইসলিং দালাল। পঞ্চমবাহিনী। গাদ্দার বেঈমান মোনাফেক। দেশ,-রাষ্ট্র,-রাজ, -দ্রোহী (৯০৮)। অন্তর্ঘাতক অন্তর্ঘাতকারী সাবোতাজকারী কূটঘাতক। দলত্যাগী দলছাড়াবাঁদর। সাপ দুমুখোসাপ। কূটনা। নিমকহারাম (৯১৫)। ধর্মত্যাগী কাফের। ষড়যন্ত্রকারী কুচক্রী কুচুটে।

৯৫২। অনুতাপ

বি. অনুতাপ পরিতাপ মনস্তাপ আক্ষেপ পশ্চাত্তাপ অনুশয় অনুশোক শোচনা অনুশোচন অনুশোচনা গতানুশোচনা। আপশোস। আফসানি ক্ষোভ খেদ (৮৩৫)। পস্তানি। বিলাপ পরিবেদনা অনুবেদনা দুঃখপ্রকাশ। আত্মগ্লানি নির্বেদ। পাপবোধ। অপরাধবোধ। বিবেকদংশন আত্মধিক্কার। স্বীকারোক্তি অপরাধস্বীকার। ক্ষমাভিক্ষা। তওবা তোবা। প্রায়শ্চিত্ত (৯৫৪)।

ক্রি. অনুতাপ বা অনুশোচনা করা। দুঃখ বা আপশোস করা। পস্তানো। মত পরিবর্তন করা। অপরাধ স্বীকার করা। নতি স্বীকার করা। ঘাট মানা। দুঃখ প্রকাশ করা। মাফ চাওয়া। ক্ষমা ভিক্ষা করা। নাক কান মলা। নাকে খত দেওয়া। তোবা করা। মাটি খাওয়া। গোবর খাওয়া। প্রায়শ্চিত্ত করা (৯৫৪)।

বিণ. অনুতাপী অনুতপ্ত নির্বিণ্ণ অনুশোচিত। ক্ষমাপ্রার্থী।

৯৫৩। অননুতাপ

বি. অননুতাপ অনুতাপ,-হীনতা,-শূন্যতা। বিবেক,-হীনতা,-শূন্যতা। একগুঁয়েমি। ধৃষ্টতা নির্লজ্জতা (৮৮০)।

ক্রি. কোন অনুতাপ বা অনুশোচনা না করা। কোন লজ্জা না পাওয়া।

বিণ. অননুতপ্ত অনুতাপ,-হীন,-শূন্য। বিবেকদংশনহীন। দগ্ধবিবেক। শক্ত পাষাণ। উদ্ধত নির্লজ্জ বেশরম দুকানকাটা।

৯৫৪। প্রায়শ্চিত্ত

বি. প্রায়শ্চিত্ত। পাপ,-স্খালন,-নাশন,-শুদ্ধি, ক্ষয়। অঘ,-নাশন,-মর্ষণ। অঙ্গপ্রায়শ্চিত্ত। প্রায়শ্চিত্ত,-বিধি,-বিধান। আত্ম,-শোধন,-শুদ্ধি। প্রতিকার প্রতিবিধান সংশোধন। ক্ষতিপূরণ খেসারত মাশুল। দোষস্বীকার অপরাধস্বীকার। অপরাধমোচন দোষস্খালন। ক্ষমাপ্রার্থনা। অনুতাপ (৯৫২)। মনস্তাপ। তওবা তোবা। শুদ্ধি শৌচ। কৃচ্ছ্রসাধন (৯৫৭)। স্বস্ত্যয়ন শান্তিস্বস্ত্যয়ন। আত্ম,-নিগ্রহ,-পীড়ন,-শুদ্ধি। ব্রত। ইন্দু,চন্দ্র, -ব্রত। চান্দ্রায়ণ। রোজা। কাফ্ফারা। সাদকা। বলিদান। কোরবানি। অর্ঘ্য পূজা।

ক্রি. প্রায়শ্চিত্ত করা। পাপক্ষয় বা পাপমোচন করা। দোষ কাটানো। সাদকা বা কাফফারা দেওয়া। রোজা রাখা। শুদ্ধি বা শৌচ করা। তোবা করা। গোবর খাওয়া। পূজা বা বলি দেওয়া। খেসারত বা ক্ষতিপূরণ দেওয়া। মাসুল দেওয়া। জরিমানা দেওয়া। ক্ষমাভিক্ষা করা। নাকে খত দেওয়া। নতজানু হওয়া। পা ধরা। পায়ে পড়া।

বিণ. প্রায়শ্চিত্তমূলক। প্রায়শ্চিত্তার্হ প্রায়োশ্চিত্তোপযোগী। প্রায়শ্চিত্তী। প্রায়শ্চিত্তকারী। পাপ,-নাশক,-হারক,-ঘ্ন। অঘনাশক দুরিতহারী।

৯৫৫। মিতাচার

বি. মিতাচার মিতাচারিতা। নিয়তাচার পরিমিততা (১৭২)। মধ্যপন্থা (৬৩৬)। আত্ম,-দমন, -সংযম,-সম্বরণ,-নিয়ন্ত্রণ। শাসন। সংযম সংযমন নিরোধ সম্বরণ সম্বরা দান্তি প্রয়াম যমন যত উপরতি বিরতি। ইন্দ্রিয়,-জয়,-দমন,-সংযম। ইচ্ছা,-দমন,-নিবৃত্তি বাসনাসংযম। জিতেন্দ্রিয়তা ইন্দ্রিয়নিগ্রহশক্তি কামাবসায়িতা। ব্রহ্মচর্য। পরিহার। সাত্ত্বিকতা (৯৫৭)। মিতব্যয় (৮১৮)। মিতাশন মিতাহার নিয়তাহার। নিরামিষ ভোজন। হবিষ্যান্ন। মিত,-ভোজন,-পান। আসব পানবিমুখতা (৯৬০)। মিত,-বাক,-ভাষণ।

ক্রি. মিতাচার পালন করা। সংযম বা দমন করা। রাশ টানা। লাগাম টানা। আত্মসংবরণ করা। বাড়াবাড়ি না করা। নিষিদ্ধ খাদ্য বা পানীয় পরিহার করা।

বিণ. মিতাচারী সংযমী সংযমকারী কৃতসংযম সংযমপরায়ণ। দান্ত যমী দমী যত,-চিত্ত,-বান। জিতাত্মা জিতেন্দ্রিয়। আসবপানবিমুখ অপ্রমত্ত (৯৬০)। মিত,-বাক,-ভাষী। মিতব্যয়ী। মিতভোজী মিতাশী মিতাহারী। নিরামিষাশী। ফলাহারী। অল্পাহারী স্বল্পাহারী পরিমিতাহারী। একাহারী। মিত পরিমিত। সংযত সুসংযত। সংযমিত। নির্মদ যমিত দমিত উদ্দান্ত।

৯৫৬। অমিতাচার

বি. অমিতাচার অমিতাচারিতা। অনিয়তাচার অসংযম অনিয়ম অনাসৃষ্টি। অনাচার দুরাচার যথেচ্ছাচার স্বৈরাচার স্বৈরচারিতা স্বৈরতা স্বৈরিতা। কদাচার ম্লেচ্ছাচার। ভ্রষ্টতা ভ্রষ্টাচার। বাড়াবাড়ি আদিখ্যেতা উচ্ছৃঙ্খলতা। বিলাস। আত্মবিলাস। ইন্দ্রিয়,সেবা,-পরায়ণতা। শিশ্নোদরপরায়ণতা। ব্যসন মত্ততা (৯৬১)। কামচর ব্যভিচার ইন্দ্রিয়লালসা। লাম্পট্য (৯৬২)। শয়তানি। পশুত্ব।

বিণ. অমিতাচারী। ইন্দ্রিয়,-সেবী,-বশ,-পরবশ, -পর,-পরতন্ত্র,-পরায়ণ। অজিতেন্দ্রিয়। লাফাঙ্গা স্বেচ্ছাচারী স্বৈরচারী স্বৈর স্বৈরী। স্বৈরিণী।

ব্যভিচারী। শিশ্নোদরপরায়ণ। অনিয়ত অনিয়ন্ত্রিত অসংযত উচ্ছৃঙ্খল। প্রমত্ত ব্যসনাসক্ত।

৯৫৭। কৃচ্ছ্রসাধনা

বি. কৃচ্ছ্র,-সাধনা,-ব্রত। আত্ম,ইন্দ্রিয়,-নিগ্রহ। সন্ন্যাস,-ধর্ম তাপস্য চতুর্থাশ্রম। বৈরাগ্য সংসার ,-বৈরাগ্য,-বিরক্তি,-ত্যাগ। বাসনাপরিহার। ত্যাগ,-ধর্ম,-ব্রত। সর্বত্যাগ। নির্বেদ উপরতি+ সংসার,সংসারবন্ধন,-মুক্তি। সন্ন্যাসবৃত্তি ফকিরি ভিক্ষুধর্ম ভৈক্ষ্য প্রব্রজ্যা মাধুকরী মধুকরবৃত্তি। সাধু,-সংসর্গ,-সঙ্গ। ব্রত সাধনা যোগ। যোগ, -সাধন,-সাধনা যোগাচার যোগাভ্যাস। তপ তপস্যা তপশ্চর্যা ব্রহ্মচর্য। সাত্ত্বিকতা। পবিত্রতা (৯৮৬)। ধর্মনিষ্ঠা (৯৮৩)। অনুতাপ (৯৫২)। অনুশোচনা। প্রায়শ্চিত্ত (৯৫৪)। অনশন (৯৫৮)। আত্ম,-দান,-বলি। শাহাদাত।

সাধু সন্ত সাধু,-সন্ত,-পুরুষ,-সন্ন্যাসী সাধক যোগী বৈরাগী বাউল দরবেশ ফকির তপস্বী তাপস ঋষি মুনি মুনিঋষি তপো,-ধন,-নিধি তপোরতি। সন্ন্যাসিনী সাধিকা। ব্রহ্মচারী দণ্ডধারী দণ্ডী। স্বামিজী মহারাজ। বৌদ্ধ সন্ন্যাসী ক্ষপণক ভিক্ষু শ্রমণ নির্গ্রন্থ। শহীদ।

বিণ. কৃচ্ছ্র। কৃচ্ছ্রসাধ্য। কষ্টসাধ্য। কৃচ্ছ্রসাধনকারী। সাত্ত্বিক নিষ্কাম নির্লোভ বাসনারহিত বিষয়বিতৃষ্ণ বন্ধনমুক্ত। ত্যাগী বৈরাগী সংসারত্যাগী সর্বত্যাগী। নীতিবাগিশ।

৯৫৮। অনশন

বি. অনশন,-ব্রত উপবাস উপোস অনাহার নিরাহার নিরশন লঙ্ঘন প্রায় প্রায়োপবেশন প্রায়োপবেশিকা। হরিবাসর হরিমটর। নির্জলা, নিরম্বু,-উপবাস। পারণ। রোজা সিয়াম। অর্ধাশন। অন্ন,আহার,-বর্জন। অন্নজলত্যাগ। অনশন -ধর্মঘট। হাঙ্গারস্ট্রাইক। অন্নকষ্ট অন্নাভাব খাদ্যাভাব। আকাল দুর্ভিক্ষ মন্বন্তর। অজন্মা। দুর্বৎসর।

ক্রি. অনশন করা। উপোস করা। রোজা রাখা। না খাওয়া। আধপেটা খাওয়া। খাওয়াদাওয়া ছেড়ে দেওয়া। অন্নজল ত্যাগ করা। দানাপানি না খাওয়া বা ছেড়ে দেওয়া।

বিণ. অনশনব্রতী প্রায়োপবিষ্ট প্রায়োপেত। রোজাদার। উপবাসী উপবাসক উপোষিত উপোসি সোপবাস অনাহারী। অভুক্ত ক্ষুধার্ত ভুখা অভক্ষিত অভুঞ্জিত। বুভুক্ষু। অন্নহীন নিরন্ন খাদ্যহীন হাভাতে নিখাকী। অনশনক্লিষ্ট অনাহারক্লিষ্ট ক্ষুৎকাতর।

৯৫৯। উদরপরায়ণতা

বি. উদর,-পরায়ণতা,-সর্বস্বতা ঔদরিকতা পেটুকেপনা। পেটপূজা। ভূরি,-ভোজ,-ভোজন অতি,গুরু,-ভোজন অত্যাহার। ফাঁসির খাওয়া। খাওয়ার ইচ্ছা জিঘৎসা। ভোজনবিলাস। ভোগবিলাস। চার্বাকদর্শন।

ক্রি. গেলা। গোগ্রাসে গেলা। গাণ্ডেপিণ্ডে গেলা। আকণ্ঠ ভোজন করা। পেট পুরা। খাবার দেখলে মুখে বা নোলায় জল আসা।

বিণ. উদর,-পরায়ণ,-সর্বস্ব। ঔদরিক পেটুক ভোজন,-প্রিয়,-পটু,-বিলাসী। খাইয়ে খাউকো। আধমণি-কৈলাস। ভোজনেচ্ছু জিঘৎসু। ছোঁচা। লোভী (৮৫০)। বুভুক্ষু রাক্ষস। সর্বভুক।

৯৬০। অমত্ততা

বি. অমত্ততা অপ্রমত্ততা। আসব,-পরিহার, -বিমুখতা। মদ্যপানবিরোধিতা। উপরতি মিতাচার (৯৫৫)।

বিণ. অমত্ত অপ্রমত্ত। আসববিমুখ। মদ্যপানবিরোধী। মিতপায়ী। সংযমী। অবহিত প্রকৃতিস্থ।

৯৬১। মত্ততা

বি. মত্ততা মত্তাবস্থা সমাসঙ্গ সম্মাদ মদিরতা। তুরীয় অবস্থা। নেশা ব্যসন আসক্তি প্রমত্ততা মাতলামি মাতন। সংসক্তি অত্যাসক্তি প্রবণতা। বদ,খারাপ,-নেশা। নেশা,খুরি,-খোরি। পানাসক্তি পানদোষ পেয়ালাবাজি। মদ্য,সুরা,-পান। মাদকতা বিভোরতা। মৌতাত মৌজ ঘোর রেশ। খোয়ারি। মাদক,-দ্রব্য। নেশার,-জিনিস,-মাল। অমৃত সুধা সুরা শরাব মদ্য মদ মদিরা আসব কারণ,-বারি সোমরস হালা কাশ্য কটমালিনী গন্ধোত্তমা দেবসৃষ্টা অরিষ্ট আরক দারু দ্রাক্ষারস। সুরাসার,-পানীয় অ্যালকোহল কোহল স্পিরিট। মোদক। কাদম্বরী বারুণী। দেশীমদ: বাংলো অমানুষ আবগারি চোলাই চুল্লু মহুয়া পচাই পৈষ্টী হাঁড়িয়া ধেনো ধান্যেশ্বরী মাধ্বী মধুমাধবী তাড়ি। দ্বাদশ মদ্য: পানস দ্রাক্ষ মাধুক মাধ্বীক মৌরেয় টঙ্কমাধ্বীক খার্জুর ঐক্ষ্যব তাল নারিকেল মদ্য সুরা। বিলাতিমদ ওয়াইন লিকার শ্যাম্পেন পোর্ট শেরি মার্তিনি কনিয়াক ব্র্যান্ডি। জিন ভদকা রাম। হুইস্কি। বিয়ার। ককটেল। পেগ। চোলাই মদচোলাই ডিস্টিলারি। আপান শুঁড়িখানা শরাবখানা ভাটিখানা তাড়িখানা। মদের দোকান। বার। আবকার শুঁড়ি শৌণ্ডী শৌণ্ডিক মদ্যব্যবসায়ী সুরাজীবী সান্ধিক সৌরিক। সাকি। বারমেইড বারম্যান। অবদংশ চক্ষণ চাট। অহিফেন আফিম ভাং গাঁজা সিদ্ধি গঞ্জিকা মারিয়ুয়ানা হাশিশ কোকেন ফুটুক চরস চণ্ডু গুলি। ড্রাগ এল-এস-ডি হেরোয়িন ব্রাউনসুগার ম্যানড্রেকস্ ক্র্যাক পট অ্যাসিড। তামাক তাম্রকূট তামাকু গুড়ুক দা-কাটা খামিরা। গুল। সুলফা অম্বুরি। সুরতি সুখা দোক্তা জর্দা সাদাপাতা খইনি। মিশি। গুণ্ডি। নাস্ নস্য।
ধূমপান। সিগার চুরুট বিড়ি সিগারেট। পাইপ। হুঁকো হুক্কা গড়গড়া ফরসি আলবোলা সটকা। কলকি কলকে ছিলিম। খোল নলচে। পান তাম্বুল। পানের মশলা।
ক্রি. নেশা করা। নেশা ধরা লাগা বা হওয়া। মাতলামি করা। মদ খাওয়া। সুরাপান করা। মাল টানা। মদে টং হওয়া। নেশায় ডুবে চুর বা বুঁদ থাকা। গাঁজানো। গেঁজে যাওয়া। গাঁজায় দম দেওয়া। কলকে ফাটানো। পা টলা। চোখ লাল হওয়া। খোয়ারি ভাঙা। নেশা কাটা। ধূমপান করা। হুক্কা বিড়ি সিগারেট বা চুরুট টানা। বুদ্ধির গোড়ায় ধোঁয়া দেওয়া। পান খাওয়া।
বিণ. মত্ত প্রমত্ত মাতাল উন্মত্ত। ব্যসনী নেশাসক্ত আসক্ত নেশাগ্রস্ত নেশাড়ু নেশাখোর খোর শৌণ্ড। মদ্যপ মদখোর মদ্য,সুরা,-পায়ী পানাসক্ত পানশৌণ্ড শরাবি। গেঁজেল গঞ্জিকাসেবী। আফিম,কোকেন, গাঁজা, গুলি,ভাং,চন্ডু,-খোর। মদালস মদো মদমত্ত মদোন্মত্ত পানোন্মত্ত টুপভুজঙ্গ। পাঁড়। মাত চুর বুঁদ টং ভোম ভরপুর বেসামাল মত্ত বেহুঁশ বিভোর মাতোয়ারা আত্মহারা। বেলেল্লা। মাদক মদির মত্ততা, -দায়ক,-জনক। মদয়িতা। নেশাজনক। আবগারি আবকারি।
ক্রি-বিণ. মত্তাবস্থায়। নেশায়। নেশার,-ঝোঁকে, -ঘোরে।

৯৬২। ব্যভিচার

বি. ব্যভিচার ব্যভিচারিতা ভ্রষ্টতা ভ্রষ্টাচার ভ্রষ্টাচরণ পাপাচার কদাচার। লাম্পট্য লম্পটতা

লোচ্চামি নাগরালি অবৈধ,-প্রেম,-প্রণয়। পরকীয়া,-প্রেম,-রতি পারদার্য পরদারাসক্তি বারদোষ। জেনা জেনাকার। পরনারী,পরস্ত্রী, পরদার,-গমন। অগম্যাগমন। দ্বিচারণ আশনাই। খানকিবাজি বেশ্যাগমন। খানকিপনা ছেনালি। ইন্দ্রিয়,-সেবা,-পরায়ণতা,-লালসা। কামচর স্বেচ্ছাচার চরিত্রহীনতা। যৌনবিকৃতি (৪১৫)। অস্বাভাবিক যৌন অপরাধ। ফেলসানি। কেলেঙ্কারি খিটকেল।

উপপতি পর,-পুরুষ,-পতি,-ভাতার। অধর্ম,গুপ্ত, পাপ,-পতি। রমক জার নাগর নাগরী নাঙ নাগ নাঙ্গ ঢেমনা।

উপ,-পত্নী,-স্ত্রী প্রতিস্ত্রী রক্ষিতা রাখনী অবৈধপ্রণয়িনী মাগ নাগরী ঢেমনি।

গণিকা গণেরু গণেরুকা বেশ্যা পতিতা। বারাঙ্গনা বার,-নারী,-বধূ,-স্ত্রী,-বণিতা,-বিলাসিনী, -যোষিৎ। কাম,-লেখা,-রেখা। দেহোপজীবিনী রূপোপজীবিনী রূপজীবা। হট্টবিলাসিনী। বাজারের মেয়ে। জনপদবধূ নগর,-নটী,-নটিনী নটিনী নটীদারী পণ্যাঙ্গনা পণাঙ্গনা পেশাকার দারী কসবী কুচনী কুটুনী গন্তানি। খানকি ছেনাল ছিনাল। লম্পটি। ধুমড়ি মাগী রাঁড় রণ্ডা রাণ্ডী রেণ্ডি ঘুস্কি। সঞ্চারিকা কুম্ভা মঞ্জিকা অজ্জুকা লঞ্জিকা অবিদ্যা ক্ষুদ্রা পুংশ্চলী পুংকামা ধর্ষিণী ধর্ষকারিণী রতায়নী খেয়েলি প্রেষণী সম্ভিজীবক স্পর্শা পরপুষ্টা। গণিকাশ্রেষ্ঠা বারমুখ্যা প্রধানবেশ্যা। রাজনটী। দেবদাসী। স্বর্বধূ স্বর্বেশ্যা অপ্সরা।

গণিকাবৃত্তি গাণিক্য বেশ্যা,-বৃত্তি,-পনা আদিমব্যবসা নাগরালি খানকি,-গিরি,-পনা। ছেনালি,-পনা। গণিকালয় বেশ্যালয় পতিতালয় মাগীবাড়ি রাঁড়ের বাড়ি। বেশ্যা,পাড়া,-পল্লী নটীপাড়া নিষিদ্ধ,-পল্লী,-এলাকা খানকিটোলা রেডলাইট-এরিয়া। কোটনা কুটনী দূতী। দালাল। কোটনা,-গিরি,-পনা কোটনামি।

বিশ. ব্যভিচারী কামাচারী কামাসক্ত কামী কামান্ধ লম্পট নিপট নট,-বর দুশ্চরিত্র চরিত্রহীন অন্যাসক্ত। জেনাকার। অগম্যাগামী। পারদারিক অন্যস্ত্রীগামী পারজায়িক পরস্ত্রীরত পরদারাসক্ত। বহুস্ত্রীগামী। বেশ্যাসক্ত বেশ্যানুরক্ত। খানকি,-বাজ,-খোর বারমুখো। ইন্দ্রিয়সেবী স্বেচ্ছাচারী। বেল্লিক বেলেল্লা বেহায়া। ব্যভিচারিণী অসতী পতিতা ভ্রষ্টা নষ্টা নষ্টচরিত্রা নাগরী অপতিব্রতা অসাধ্বী দ্বিচারিণী স্বৈরিণী।

৯৬৩। বৈধতা

বি. বৈধতা ন্যায্যতা আইন,কানুন,ন্যায়,-সংগতি। ন্যায় ঔচিত্য ফরজ ধর্ম। আইন কানুন ল নিয়ম নীতি বিধি বিধান ব্যবস্থা ব্যবহার। সংবিধান কনস্টিটিউশন শাসন,নিয়ম,-তন্ত্র। সাংবিধানিকতা সাংবিধানিকতাবাদ। সাংবিধানিক ক্ষমতা। সংবিধেয়ক ক্ষমতা। সরকারি আইন। রাজ, -বিধি,-নিয়ম। আইনকানুন অনুসাশন নিয়মাবলি রুলস্‌রেগুলেশান। বাঁধাবাঁধি ধরাকাট। আচরণ,ব্যবহার,-বিধি কোড-অব-কণ্ডাক্ট। নিয়মতান্ত্রিকতা। আইনশৃঙ্খলা। নিয়মের নিগড় আইনের পথ। আইনের-শাসন রুল-অব-ল। ন্যায় ইকুইটি ইনসাফ সুবিবেক সুনীতি সুনিয়ম সুবিধি সুবিধান সুধারা। আইনসভা (৭১৬)। আইনপ্রণয়ন নিয়মন অধিনিয়মন ব্যবস্থাপন। জুরিস্প্রুডেন্স। বিধিশাস্ত্র ব্যবহার,-শাস্ত্র,-সংহিতা। শিয়াসত্। দেওয়ানি আইন। ফৌজদারি আইন দণ্ডবিধি দণ্ডনীতি দণ্ডসংহিতা। ফিখ শরিয়ত।

মুসলমান আইন: কোরান হাদিস ইজমা কিয়াস। হানাফি মালিকি হাম্বেলি শাফিয়ি। সুন্নি। শিয়া।

হিন্দু আইন: মিতাক্ষরা। দায়ভাগ। হিন্দুকোড। লিখিত আইন। অলিখিত আইন। সামাজিক আইন। আন্তর্জাতিক আইন। সামরিক আইন মার্শাল ল। ফৌজি আইন মিলিটারি ল।

বিল বিধেয়ক। অ্যাক্ট বিহিতক অধিনিয়ম পাকাআইন। সংবিধি স্ট্যাটিউট। অর্ডিন্যান্স অধ্যাদেশ। হুকুমনামা হুকুমানা ফরমান নির্দেশনামা অর্ডার আদেশ আদেল,-নামা,-পত্র। ফতোয়া। রুল বিধি নিয়ম রেগুলেশ্যান প্র, নিয়ম,-বিধান। উপআইন বাই-ল' ধারা উপধারা অনুচ্ছেদ উপ-অনুচ্ছেদ। অনুবিধি উপবিধি। বিজ্ঞপ্তি নোটিফিকেশন। মডেল আদর্শ। ফরমূলা সূত্র। ফরম বিবরণপত্র। কনভেনশান প্রচল আচার রেওয়াজ দস্তুর দাঁড়া ধারা রীতি প্রথা আদত দেশাচার।

ক্রি. আইন মানা বা মেনে চলা। আইন মাফিক চলা। নিয়ম পালন করা। বৈধ বা আইনানুগ করা। আইন প্রণয়ন করা। আদেশ বা হুকুম জারি করা বা ঘোষণা করা। অনুমোদন করা। বিল পাস করা। সংকলন করা। অধিকার বা ক্ষমতা অর্পণ করা। আওতাভুক্ত করা। এখতিয়ারে আনা।

বিণ. বৈধ। আইন,কানুন,বিধি,বিধান,ন্যায়, নীতি,-সংগত,-সম্মত,-সিদ্ধ,-বদ্ধ,-অনুযায়ী, -মাফিক,-মোতাবেক। আইনানুগ আইনাগত আইনি লিগাল। বিহিত যথাযথ। নিয়মাবদ্ধ। বিধেয়। সংবিধান,শাসনতন্ত্র,-সম্মত। সাংবিধানিক শাসনতান্ত্রিক। নিয়মতান্ত্রিক। আইন,বিধান, -বিষয়ক,-সম্বন্ধীয়। হালাল জায়েজ। সহি। শাস্ত্রীয়। প্রচলিত। প্রথাগত প্রথামতো দস্তুরমতো রীতিসম্মত। বৈধেয়। বাধ্যতামূলক আবশ্যিক ধরাবাঁধা। সরকারি।

ক্রি-বিণ. আইন,-মাফিক,-মোতাবেক। আইনানুযায়ী। নিয়ম,-মতো,-মাফিক। নিয়মানুসারে নিয়মানুযায়ী। বিধি,-মতো,-পূর্বক। বিধানুসারে প্রথা,-মতো,-মাফিক রীতি,-মতো, -অনুযায়ী। যথা,-বিধি,-ন্যায়,-রীতি,-শাস্ত্র, -বিহিত। আইনত ন্যায্যত ন্যায়ত। আইনের, -চোখে,-দৃষ্টিতে।

৯৬৪। অবৈধতা

বি. অবৈধতা। আইন,কানুন,ন্যায়,নীতি,বিধি, -বিরুদ্ধতা,-শূন্যতা,-হীনতা। আইন,-নিয়ম, -লঙ্ঘন,-ভঙ্গ,-অমান্যকরণ। অসহযোগ -আন্দোলন। তকসির। অপরাধ (৯৪৯) অধর্ম। অন্যায় অনৈতিকতা অনৌচিত্য। অবাধ্যতা। গায়েরজোর বাহুবল পশুশক্তি। স্বৈরতন্ত্র। জারজতন্ত্র। অরাজকতা (৭১৪) মাৎস্যন্যায়। কালাকানুন ব্ল্যাক-অ্যাক্ট বেআইন কুনীতি দুর্নয়। অবিধি অবিধান অনিয়ম বেনিয়ম অরীতি। কালোবাজার চোরাকারবার (৭৯৩) মজুতদারি মুনাফাখুরি চোরাচালান। উৎকোচগ্রহণ।

ক্রি. আইনকানুন ভঙ্গ লঙ্ঘন অমান্য বা খেলাফ করা। বিধি বা নিষেধ না মানা। নিজে হাতে আইন তুলে নেওয়া। খেয়ালখুশি শাসন করা। আইন বাঁকানো। ঘুষ দেওয়া বা খাওয়া। চোরা কারবার বা চালান করা।

বিণ. অবৈধ। আইন,কানুন,ন্যায়,নীতি,বিধি, -বিরুদ্ধ। বেআইনি। নিয়ম,বিধি,-বহির্ভূত। রীতি,-বিরুদ্ধ,-বিগর্হিত। অবিহিত অবিধেয়। উৎসূত্র। বেএখতিয়ার। বাতিল। অকার্যকর। অশাসনতান্ত্রিক অসাংবিধানিক সংবিধান, -বিরোধী,-বহির্ভূত। অবিধিবিদ্ধ। অন্যায় অনুচিত গর্হিত। নিষিদ্ধ হারাম অসিদ্ধ নাজায়েজ অশাস্ত্রীয়। জারজ বেজন্মা হারামজাদা। চোরা। উচ্ছৃঙ্খল। অরাজক। অযুক্তিযুক্ত অননুমত

অননুমোদিত। বেসরকারী। বেদস্তুর বেদাঁড়া প্রথাবিরুদ্ধ। অগণতান্ত্রিক। দমন,পীড়ন,-মূলক। স্বৈরাচারী স্বৈর।

৯৬৫। অধিক্ষেত্র

বি. অধিক্ষেত্র অধিকার এখতিয়ার জুরিসডিকশন ক্ষেত্র এলাকা। আদিম-অধিক্ষেত্র ওরিজিন্যাল -জুরিসডিকশন। আপিল-অধিক্ষেত্র। সানি রিভিউ পুনরীক্ষণ। রিভিশন পুনর্বিলোকন। অধিকার। ক্ষমতা কর্তৃত্ব (৭১৩)। আওতা। কর্তৃপক্ষ। বিচারাধিকার। বিচারব্যবস্থা বিচারালয় (৯৬৬)। বিচারক (৯৬৭)। কর্পোরেশন পৌরসভা মিউনিসিপ্যালিটি। পঞ্চায়েত। নগরপ্রধান মেয়র পৌরাধক্ষ্য পৌরপ্রধান অল্ডারম্যান কৌন্সিলর। শেরিফ। পুলিশ কন্স্টেবল চৌকিদার। কোতোয়াল দারোগা। দপ্তর কার্যালয় বিভাগ সেক্রেটারিয়েট মহাধিকরণ। শেরেস্তা।

বিণ. অধিক্ষেত্র,-সংক্রান্ত,-বিষয়ক। প্রশাসনিক। বিচার,-সংক্রান্ত,-বিষয়ক বিচারবিভাগীয়।

৯৬৬। বিচারালয়

বি. বিচারালয় আদালত কোর্ট কাছারি বিচার, -স্থান,-শালা। ধর্মাসন ধর্মাধিকরণ ন্যায়াধিকরণ ন্যায়ালয় ন্যায়পীঠ। এজলাস দেওয়ান দরবার রাজদরবার। রাজদ্বার। ট্রাইব্যুনাল বিচার,সালিশী, -সভা। প্রিভিকাউন্সিল। সুপ্রীমকোর্ট সর্বোচ্চ, উচ্চতম,-আদালত। হাইকোর্ট উচ্চ-আদালত। বাংলাদেশ সুপ্রীম কোর্ট: আপিলবিভাগ অ্যাপেলেট-ডিভিশন হাইকোর্টবিভাগ হাইকোর্ট -ডিভিশন। কোর্ট-অব-রেকর্ড অভিলেখ -আদালত। উচ্চ,উর্ধতন,-আদালত। নিম্ন, অধস্তন,-আদালত। ফৌজদারি-আদালত ক্রিমিনাল-কোর্ট দায়রা-আদালত দণ্ডসত্র। দেওয়ানি-আদালত সিভিলকোর্ট জজকোর্ট মুন্সেফিআদালত সহকারী-জজের আদালত চৌকি। ম্যাজিস্ট্রেটস্‌কোর্ট শ্রম-আদালত। কর -আদালত। শুল্ক-আদালত। মাল-আদালত। গ্রাম-আদালত। পঞ্চায়েত। ঋণসালিশী বোর্ড। সামরিক-আদালত কোর্টমার্শাল। ট্রাইবুন্যাল প্রশাসনিক-ট্রাইবুন্যাল। নিবার্চনট্রাইবুন্যাল। করোনার কোর্ট। ট্রায়াল বিচার। সামারিট্রায়াল সরাসরি বিচার। কাজির বিচার। কাটরা কাঠগড়া। আসামীর,সাক্ষীর,-কাঠগড়া। পেশকার। নাজির।

বিণ. আদালত,বিচার,-সংক্রান্ত,-বিষয়ক, -সম্বন্ধীয় ন্যায়িক। আদালতি। বিচার্য বিচারণীয়। বিচার,-যোগ্য,-সাধ্য। বিহিত,নিষ্পত্তি,-যোগ্য মীমাংসাসাধ্য। বিচারাধীন দরপেশ আন্ডারট্রায়াল। ফৌজদারি। দেওয়ানি। দণ্ডিত (৯৭৩)। দণ্ডনীয়। নির্দোষপ্রমাণিত (৯৭২)।

৯৬৭। বিচারক

বি. বিচারক জজ বিচার,-কর্তা,-পতি হাকিম দণ্ডবিধাতা কাজি ন্যায়াধীশ ন্যায়,-কর্তা,-পাল, -মূর্তি ধর্মাবতার ধর্মাসন ধর্মাধিকরণ ধর্মাধিকারী ধর্মাধ্যক্ষ উদ্দণ্ডপাল অক্ষদর্শক ব্যবহর্তা আধিকরণিক অধিকরণিক। বিচারপতি জাস্টিস। প্রধানবিচারপতি চিফজাস্টিস। সেসন,দায়রা, -জজ। সাবজজ সদরালা। সহকারীজজ মুন্সেফ। ম্যাজিস্ট্রেট। অনারারি, জুডিসিয়াল,-ম্যাজিস্ট্রেট। জুরি জুরর অ্যাসেসর। সালিশ মধ্যস্থ প্রমাণপুরুষ আরবিট্রেটর। রেফারি। আম্পায়ার। ন্যায়পাল ওমবুডজ্‌ম্যান।

ক্রি. বিচার। ন্যায়বিচার বা ইনসাফ করা। বিবেচনা করা (৪৮৩)। জজিয়তি করা। রায় দেওয়া (৪৮৫)।

৯৬৮। ব্যবহারজীবী

বি. ব্যবহার,আইন,-জীবী। আইনজ্ঞ ব্যবহারজ্ঞ বিধানজ্ঞ বিধি,-বেত্তা,-নির্দেশক কৃত্যবিদ। আইনব্যবসায়ী। অ্যাডভোকেট অধিবক্তা। ব্যারিস্টার। কৌসুলি উকিল ভোকিল। সলিসিটর। অ্যাটর্নি- জেনারেল। অ্যাডভোকেট-জেনারেল। ওকালতি ব্যারিস্টারি মোক্তারি। অ্যাটর্নি আমমোক্তার। নোটারি লেখ্যপ্রমাণক। ক্লার্ক কেরানি মুহুরি মুনশি বাবু। ওকালত,আমমোক্তার, মোক্তার,-নামা পাওয়ার-অব-অ্যাটর্নি। উকিলসভা বারসমিতি। বারকাউন্সিল। বারলাইব্রেরি। শামলা গাউন। উইগ পরচুলা। আইনি সাহায্য। লিগাল এইড।

ক্রি. ওকালতি করা। প্র্যাকটিস করা। পসার হওয়া। পরামর্শ দেওয়া।

৯৬৯। মোকদ্দমা

বি. মোকদ্দমা মকদ্দমা মামলা কেস। বিবাদ বিরোধ কাজিয়া ফইজত (৭৬২)। হকিয়ত। অভিযোগ (৯৭০)। নালিশ। ব্রিফ। আর্জি দাবি পিটিশন আবেদন দরখাস্ত। বর্ণনা জওয়াব কৈফিয়ত মোজাহেম আপত্তি প্রত্যুত্তর। নারাজি। রিট-আবেদন। সত্যায়ন ভেরিফিকেশন। এফিডেভিট শপথ,হলপ,-নামা। এজাহার কমপ্লেন্ট। প্রাথমিক-তথ্যবিবরণী এফ-আই-আর। থানায় ডায়েরি। চার্জ চার্জশিট। দায়রাসোপর্দ। চালান। ওয়ারেন্ট। পরোয়ানা গ্রেপ্তারি-পরোয়ানা। সমন সপিনা। নোটিশ। রুল। তলবানা। রিট। আজ্ঞালেখ রিট। পরমাদেশ ম্যানডেমাস। প্রতিষেধ প্রহিবিশন। অধিকারপৃচ্ছা কুও-ওয়ারান্টো। উৎপ্রেষণ সারশিওরারি বন্দিপ্রত্যক্ষীকরণ হেবিয়াসকরপাস।

নথি নথিপত্র। দলিল দস্তাবেজ কাগজপত্র কাগজপাট্টা ডিড ডকুমেন্ট প্রমাণপত্র। সার্টিফিকেট প্রত্যয়নপত্র ফিরিস্তি তালিকা। রেকর্ড ফাইল।

বাদী দরখাস্তকারী আবেদক মজহর সায়েল প্রার্থী। বিবাদী তরফসানি অপর,প্রতি,-পক্ষ বিপক্ষ। মোকাবিলা বিবাদী।

স্বত্বঘোষণা। দখল পুনরুদ্ধার। চুক্তিপ্রবল। অগ্রক্রয়। মানহানি। বিবাহবিচ্ছেদ। দাম্পত্য -অধিকার-পুনর্বহাল। নিলামরদ। পালটানালিশ কাউন্টার-কেস।

রায় ডিক্রি আজ্ঞপ্তি ঘোষণা। সর্বপ্রভাবী-রায়। ব্যক্তিপ্রভাবী-রায়। মীমাংসা সিদ্ধান্ত নজির দৃষ্টান্ত। অভিমত। নকল কপি। সইমোহরি কপি। ডিক্রিজারি। দখলি-পরোয়ানা রিট-অব -ডেলিভারি। ক্রোক। মালক্রোক ডিক্রিদার। জামিনদার।

ক্রি. মামলা বা মোকদ্দমা করা। মামলা দায়ের রুজু পেশ বা দাখিল করা। নালিশ করা। কোর্টে যাওয়া। আদালতের শরণাপন্ন হওয়া। আইনের আশ্রয় নেওয়া। দাবি করা। প্রতিকার প্রার্থনা করা। ডিক্রি জারি করা। ডিক্রি রদের মামলা করা। আপিল করা। রিভিউ রিভিশন বা সানি করা। মিথ্যা মামলা করা।

বিণ. মোকদ্দমা সংক্রান্ত। বিরোধীয়। বিচারাধীন। মোকদ্দমাপ্রিয় মামলাবাজ।

৯৭০। অভিযোগ

বি. অভিযোগ অনুযোগ নালিশ দাদ ফরিয়াদ শিকায়াত তহমত দোষারোপ। অভিশংসন

মহাঅভিযোগ ইম্পিচমেন্ট। অপবাদ। লাগানিভাঙানি। রিপোর্ট কমপ্লেন চার্জ। আবেদন দরখাস্ত পিটিশন। এফ-আই-আর প্রাথমিক -তথ্য-বিবরণী এজাহার। অভিযোগপত্র চার্জশিট। সোপর্দ। দায়রাসোপর্দ। পালটা,-অভিযোগ, -নালিশ। কাউন্টার-কেস। নারাজি।

অভিযোগ,-কারী,-কর্তা অভিযোক্তা বাদী ফরিয়াদি অনুযোগকারী অনুযোজক অনুযোক্তা। প্রসিকিউটর পাবলিক-প্রসিকিউটর সরকারি -উকিল। অভিযুক্ত আসামি বিবাদী প্রতিবাদী অনুযুক্ত।

ক্রি. অভিযোগ বা দোষারোপ করা। দোষ দেওয়া বা চাপানো। দোষা। দুষা। দোষী বা দায়ী করা। অপবাদ দেওয়া। লাগানো। কান ভাঙানো। চুকলি কাটা। নালিশ রিপোর্ট বা কমপ্লেন করা। এজাহার দেওয়া। এফ-আই-আর দেওয়া। থানায় ডাইরি করা। থানা পুলিশ করা। চার্জ করা। চার্জশিট দেওয়া। তলব করা। সোপর্দ করা। দায়রা সোপর্দ করা। মামলায় জড়ানো। মামলা ঠোকা (৯৬৯)।

বিণ. অভিযোগ্য নালিশযোগ্য অনুযোগ্য। অভিশংসনীয়। অভিযোগ,-মূলক,-সংক্রান্ত। দোষাবহ।

৯৭১। প্রতিপাদন

বি. প্রতিপাদন প্রতিপন্নকরণ সত্যতা,যথার্থতা, -প্রতিপাদন। প্রদর্শন প্রত্যয়ন প্রমাণকরণ প্রতিষ্ঠা। সমাধান নিষ্পত্তি মীমাংসা। সন্দেহ,-নিরসন, -ভঞ্জন সংশয়মোচন। প্রতিপ্রমাণ কাটানপ্রমাণ। দোষস্খালন নির্দোষপ্রমাণ(৯৭২)। ওজর অজুহাত আপত্তি কৈফিয়ত কারণ। জবাব উত্তর প্রত্যুত্তর। মুজিবাত। বিবাদী। উত্তরদায়ক। কৈফিয়ৎ,উত্তর, -দাতা। প্রতিপাদক। শাস্তিলাঘবকারী-অবস্থা। ওকালতি। সমর্থন। উকিল। প্রতিপাদক।

ক্রি. প্রতিপাদন প্রতিপন্ন বা প্রতিষ্ঠা করা। দাঁড় করানো। খাড়া করা। প্রমাণ করা। ঠিক করা। সাব্যস্ত করা। সন্দেহ দূর করা। খণ্ডন করা। খণ্ডানো। চক্ষুকর্ণের বিবাদভঞ্জন করা। প্রশ্নের উত্তর দেওয়া। জেরায় টেকানো। দোষক্ষালন করা। আপত্তি টেকানো। ওকালতি করা। সমর্থন করা। সাফাই গাওয়া। দোষ কমানো। ক্ষমা চাওয়া।

বিণ. প্রতিপাদনীয় প্রতিপাদ্য। প্রতিপাদনসাধ্য। প্রমাণসাধ্য প্রমাণযোগ্য। প্রতিপাদিত প্রতিপন্ন প্রমাণিত প্রমাণীকৃত। প্রদর্শিত প্রত্যায়িত। সমর্থিত। মীমাংসিত নির্ধারিত। অকাট্য অনস্বীকার্য অভঞ্জনীয় দাঁতভাঙা। অবধারিত। সাব্যস্ত।

৯৭২। নির্দোষপ্রমাণ

বি. নির্দোষপ্রমাণ কসুরমাপ দোষমার্জন দোষস্খালন। খালাস বেকসুর-খালাস। সন্দেহাবসর। মুক্তি রেহাই অব্যাহতি নিষ্কৃতি। দণ্ড,-বিলম্বন,-ব্যবক্ষেপ। ক্ষমা রাজক্ষমা অ্যামনেস্টি।

ক্রি. নির্দোষ প্রমাণ করা। দোষ খণ্ডানো। সাফাই গাওয়া। সন্দেহ নিরসন করা। নির্দোষ প্রমাণিত হওয়া। ন্যায্য সন্দেহের ঊর্ধে প্রমাণিত না হওয়া। খালাস দেওয়া। রেহাই বা অব্যাহতি দেওয়া। খালাস বা মুক্তি পাওয়া। ছাড়া পাওয়া। ছেড়ে দেওয়া। ছাড়ান দেওয়া।

বিণ. বেকসুর নিরপরাধ। অদণ্ডনীয়। খালাস। মুক্ত। ক্ষমাপ্রাপ্ত।

ক্রি-বিণ. বেকসুর নির্দোষপ্রমাণে। বিনাশর্তে।

৯৭৩। অপরাধপ্রমাণ

বি. অপরাধপ্রমাণ দোষপ্রমাণ। প্রত্যক্ষ,-গোচর। প্রত্যক্ষ,সাক্ষাৎ,-প্রমাণ। চাক্ষুষ সাক্ষী। দণ্ডাদেশ

দণ্ডাজ্ঞা শাস্তিবিধান (৯৭৪)। জরিমানা। তিরস্কার।
ক্রি. অপরাধ প্রমাণ করা। দোষী সাব্যস্ত করা। অপরাধ প্রমাণিত বা প্রতিপন্ন হওয়া। দোষ পাওয়া। হাতেনাতে ধরা পড়া। বমাল ধরা পড়া। চাক্ষুষ প্রমাণ থাকা। সন্দেহের অবকাশ না থাকা। ন্যায্য সন্দেহের উর্ধ্বে প্রমাণিত হওয়া। অপরাধ স্বীকার করা। ঘাট মানা। শাস্তি পাওয়া। শাস্তি দেওয়া (৯৭৪)।
বিণ. দোষী অপরাধী দণ্ডিত। দণ্ডগ্রাহ্য দণ্ড,শাস্তি,-প্রাপ্ত।
ক্রি-বিণ. হাতেনাতে বমাল।

৯৭৪। শাস্তি

বি. শাস্তি,-দান,-বিধান। দণ্ডন দণ্ড,-দান,-বিধান দণ্ডিতকরণ। শিক্ষাদান। প্রতিবিধান প্রতিকার সংশোধন। সাজা নিগ্রহ। তিরস্কার ভর্ৎসনা তম্বি (৯৩৬)। শাসন শায়েস্তা দমন। শৃঙ্খলা। ফল প্রতিফল কর্মফল। পাপের শাস্তি। পাপের ভোগ। কপালের ভোগ। উচিত শাস্তি। ক্ষতিপূরণ। প্রতিশোধ। দণ্ডাজ্ঞা দণ্ডাদেশ কনভিকশন। দণ্ডনীতি দণ্ডবিধি পেনালকোড। কারাদণ্ড জেল ফাটক কয়েদ হাজতবাস শ্রীঘরবাস। সশ্রম কারাদণ্ড। অশ্রম,বিনাশ্রম,-কারাদণ্ড। যাবজ্জীবন কারাদণ্ড। মৃত্যুদণ্ড বধাজ্ঞা প্রাণ,-দণ্ড,-দণ্ডাদেশ। ফাঁসি। ফাঁসির হুকুম। শিরশ্ছেদ শিরশ্ছেদন দণ্ডমুণ্ড। অর্থদণ্ড আর্থিক-দণ্ড জরিমানা ফাইন। বাজেয়াপ্তি। ইস্‌চিটি রাজগামিতা। উপগ্রহণ। অপবর্তন। গচ্চা। আক্কেলসেলামি। অপমান। বেত্রদণ্ড বেত্রাঘাত লাঠ্যৌষধি কশাঘাত লগুড়াঘাত। প্রহার। কর্ণমর্দন। নীলডাউন। পদাঘাত। চড় থাপ্পড় কিল ঘুষি। থার্ড ডিগ্রি। গণপিটুনি। নির্বাসন দ্বীপান্তর দ্বীপচালান কালাপানি পুলিপোলাও চিরনির্বাসন। প্রায়শ্চিত্ত। কঠিনশাস্তি কঠোর, ভারি,-সাজা। আজাব গোরআজাব। গজব। হালকা শাস্তি।
দণ্ড,-যন্ত্র,-সাধন। দণ্ড যষ্টি ছড়ি লগুড় কোঁতকা পাঁচন সোঁটা আসা। বেত্র বেত। কোড়া চাবুক কশা দোররা। শৃঙ্খল শিকল নিগড় জিঞ্জির চেন। বেড়ি। তুরুম। শূল শাল্। হাড়িকাঠ যূপকাষ্ঠ। ফাঁসি গলরজ্জু। বৈদ্যুতিক-চেয়ার। মশান বধ্যভূমি। ফায়ারিং-স্কোয়াড। গুলি। হাজত কারাগার (৭৩৩)। সংশোধনাগার সংস্কারগৃহ বরস্টল। জল্লাদ ঘাতক ডোম।
ক্রি. শাস্তি বা দণ্ড বিধান করা। শাস্তি দণ্ড বা সাজা দেওয়া। শায়েস্তা করা। শিক্ষা দেওয়া। সংশোধন করা। শোধরানো। টিট বা জব্দ করা। সোজা সিধা বা দুরস্ত করা। মজা দেখানো।
প্রহার করা। বেদম প্রহার করা। পিটানো। ঠ্যাঙানো। প্যাদানো। ধোলাই বা রামধোলাই দেওয়া। মার দেওয়া। তামাচা লাগানো। মেরে লম্বা করা। মেরে তক্তা বানানো। মেরে তুলোধুনো করা। মেরে পোস্তা ওড়ানো। মেরে লাট করা। হাড় গুঁড়ো করা। হাড়মাংসে বা হাড়মাস আলাদা করা। পিঠের চামড়া তোলা। ঠোকা। থুড়া। তুরুম ঠোকা। বেতানো। চাবকানো। কশানো। দোররা মারা। উত্তম মধ্যম দেওয়া।
কারাদণ্ড দেওয়া। জেল খাটা। জেলের ভাত খাওয়া। ঘানি টানা। ফাঁসির হুকুম হওয়া। মাথা কাটা। কল্লা নেওয়া। গর্দান নেওয়া। শূলে চড়ানো। গিলোটিনে দেওয়া। হাতে পায়ে বেড়ি দেওয়া।
অপমান করা। নাকাল করা। ল্যাজে গোবরে করা। বেকায়দায় ফেলা। ফাঁদে ফেলা। ঘোল খাওয়ানো। মাফ চাওয়ানো। নাকে খত দেওয়া। থুথু চাটানো।

মাথায় ঘোল ঢালা। মাথা মুড়িয়ে ঘোল ঢালা। চুল কামানো। গাধায় উল্টো চড়ানো। কান মলা। বেঞ্চের ওপর দাঁড় করানো।
নির্বাসনে পাঠানো। দ্বীপান্তর চালান করা। একঘরে করা। ধোপানাপিত বন্ধ করা।
শাস্তি দণ্ড বা সাজা পাওয়া বা ভোগ করা। শিক্ষা হওয়া। ফল বা কর্মফল ভোগ করা। ধর্মে না সওয়া।
দণ্ডের মার্জনা বিলম্বন বা বিরাম মঞ্জুর করা। দণ্ড মওকুফ স্থগিত বা হ্রাস করা।
বিণ. শাস্তি,দণ্ড,-মূলক। দণ্ড্য দণ্ডার্হ দণ্ডনীয় শাস্তি,দণ্ড,-যোগ্য। দণ্ডাধীন। শাস্তি,দণ্ড,-প্রাপ্ত দণ্ডিত দণ্ডগ্রাহ। নির্বাসিত চিরনির্বাসিত।
পিটুনি। সংশোধক। প্রতিরোধক নিবর্তনমূলক নিবারক। প্রতিশোধমূলক। দৃষ্টান্তমূলক উদাহরণস্বরূপ। ভূতাপেক্ষ। বাজেয়াপ্ত। কঠোর কঠিন শক্ত নির্মম। উপযুক্ত সমুচিত। অশ্রম বিনাশ্রম। সশ্রম দৈহিক। যাবজ্জীবন।
শাস্তিদাতা দণ্ডী নিগ্রাহক দণ্ড,-দাতা,-বিধাতা, -নায়ক।

৯৭৫। পুরস্কার

বি. পুরস্কার পারিতোষিক আনুতোষিক ইনাম প্রাইজ। বখশিশ। পেশকশ নজরানা। শাহি, -ইনাম। প্রতিকার প্রতিশোধ। ক্ষতিপূরণ খেসারত। প্রায়শ্চিত্ত। নেকি সওয়াব পুণ্য (৯৮৮)। প্রতিফল কর্মফল নতিজা। বিবেচনা। প্রতিদান। উৎকোচ ঘুষ। উপরি আমদানি। পারিশ্রমিক বেতন মাহিনা। মজুরি ভৃতি ভাতা। বিদায় ফি সম্মানী প্রণামী সম্মানমূল্য। দান। দক্ষিণা। পার্বনী বৃত্তি জলপানি স্কলারশিপ। অধিবৃত্তি স্টাইপেন্ড। গবেষণাবৃত্তি। চাঁদা। প্রাপ্য পাওনা। কর ভাড়া। পেনশন অবসর,-ভাতা,-বৃত্তি। গ্র্যাচুইটি। নোবেল পুরস্কার। শান্তি পুরস্কার। বীর,-শ্রেষ্ঠ,-উত্তম, -বিক্রম,-প্রতীক। স্বাধীনতা দিবস,একুশে,-পদক। বাংলা একাডেমী পুরস্কার। জাতীয় ক্রীড়া, চলচ্চিত্র,-পুরস্কার।
বিণ. পুরস্কারযোগ্য। ক্ষতিপূরক। খেসারতমূলক। প্রতিশোধাত্মক। প্রতিশোধমূলক। বৃত্তি,-ধারী, -ভোগী,-জীবী।

৯৭৬। সৃষ্টিকর্তা

বি. সৃষ্টিকর্তা স্রষ্টা খালেক বিশ্ব,জগৎ,-স্রষ্টা। আদি,-কর্তা,-নাথ নাথ লোক,পৃথ্বী,পৃথিবী,-নাথ ধাতা বিধাতা,-পুরুষ বিধাতৃ বিধায়ক বিধি প্রভু বিভু মালিক। দীন-দুনিয়ার মালিক। রক্ষক হাফেজ। ত্রাণকর্তা ত্রাতা তারণ পতিতপাবন। পালনকর্তা প্রতিপালক রাব্বুলআলামিন। অনাদি অদ্বয় অদ্বৈত অদ্বিতীয় সনাতন স্বয়ম্ভু স্বরাট অসঙ্গ ইচ্ছাময় ভূমা। অকায় নিরাকার নিরবয়ব। লোকাতীত গুণাতীত। অজর নির্জর অক্ষর অমর অক্ষয়,-পুরুষ অব্যয় নিষ্কল নিরঞ্জন। অন্তর্যামী অন্তরজ্ঞ মালিকুলগয়ুব অদৃশ্যপুরুষ। করুণাকর মঙ্গল,দয়া,করুণা,-ময়। ঈশ ঈশ্বর পরমেশ পরমেশ্বর পরেশ অমরেশ অমরেশ্বর ভুবনেশ্বর জগদীশ জগদীশ্বর জীবিতেশ জীবিতেশ্বর লোকেশ্বর বিশ্বেশ্বর সর্বেশ্বর পৃথ্বীশ। জগৎ,-কর্তা, -পতি পরম,জগৎ,লোক,-পিতা জগন্নাথ জগন্ময় জগদ্গুরু জগপতি জগদ্দীপ জগদাত্মা জগবন্ধু জগদ্বন্ধু। ব্রহ্ম ব্রহ্মা পরম,-পুরুষ,-পদার্থ,-পিতা, -ব্রহ্ম অধিপুরুষ লোকপিতা। পরমাত্মা পরাত্মা গভীরাত্মা অখিলাত্মা প্রকাশাত্মা বিশ্বাত্মা প্রত্যগাত্মা।
ইসলাম: আল্লাহ,-তায়ালা এলাহি ইলাহ খোদা, -তায়ালা পরওয়ারদেগার পাকপরওয়ার রব মাবুদ মাওলা।

আল্লাহর নিরানব্বই নাম: আল্লাহ্। রহমান পরম করুণাময়। রহিম পরমদয়াময়। মালিক প্রভু। কুদ্দুস নিষ্কলুষ। সালাম শান্তিবিধায়ক। মুমিন নিরাপত্তাবিধায়ক। মুহায়মিন রক্ষণব্যবস্থাকারী। আজিজ প্রবল। জব্বার পরাক্রমশালী। মুতাকাব্বির অহংকারের-অধিকারী। খালিক সৃষ্টিকর্তা। বারি উন্মেষকারী। মুসাওবির রূপদানকারী। গাফফার মহাক্ষমাশীল। কাহ্হার মহাপরাক্রান্ত। ওহাব মহাবদান্য। রাজ্জাক জীবিকাদাতা। ফাত্তাহ মহাবিজয়ী। আলিম মহাজ্ঞানী। কাবিদ সংকোচনকারী। বাসিত সম্প্রসারণকারী। খাফিদ অবনমনকারী। রাফি উন্নমনকারী। মুইজ্জ সম্মানদাতা। মুজিল্লা হতমানকারী। সামি সর্বশ্রোতা। বসির সর্বদ্রষ্টা। হাকাম মীমাংসাকারী। আদ্ল ন্যায়নিষ্ঠ। লতিফ সূক্ষ্মদর্শী। খবির সর্বজ্ঞ। হালিম সহিষ্ণু। আজিম মহিমময়। গফুর ক্ষমাশীল। শাকুর গুণগ্রাহী। আলি অত্যুচ্চ। কবির মহৎ। হাফিজ মহারক্ষক। মুকিত আহার্যদাতা। হাসিব মহাপরীক্ষক। জলিল প্রতাপশালী। করিম মহামান্য। রকিব নিরীক্ষণকারী। মুজিব প্রার্থনাগ্রহণকারী। ওয়াসি সর্বব্যাপী। হাকিম বিচক্ষণ। ওদুদ প্রেমময়। মজিদ গৌরবময়। বাইস পুনরুত্থানকারী। শাহিদ প্রত্যক্ষকারী। হক সত্য। ওয়াকিল তত্ত্বাবধায়ক। কাবি শক্তিশালী। মতিন দৃঢ়তাসম্পন্ন। ওলি অভিভাবক। হামিদ প্রশংসিত। মুহসি হিসাবগ্রহণকার। মুবদি আদিস্রষ্টা। মুঈদ পুনঃসৃষ্টিকারী। মুহি জীবনদাতা। মুমিত মরণদাতা। হাইয়ু জীবিত। কাইয়ুম স্বয়ংস্থিতিশীল। ওয়াজিদ অবধারক। মজিদ মহান। ওয়াহিদ একক। সামাদ অনন্যমুখাপেক্ষী। কাদির শক্তিশালী। মুকতাদির প্রবল। মুকাদ্দিম অগ্রবর্তীকারী। মুআখ্খির পশ্চাদবর্তীকারী। আউয়াল অনাদি। আখির অনন্ত। জাহির প্রকাশ্য। বাতিন গুপ্ত। ওয়ালি কার্যনির্বাহক। মুতাআলি সুউচ্চ। বার্র ন্যায়বান। তাওয়াব তওবাগ্রহণকারী। মুনতাকিম প্রতিশোধগ্রহণকারী। আফ্ও ক্ষমাকারী। রউফ কোমলহৃদয়। মালিকুলমুল্ক রাজ্যেরমালিক। জুলজালালওয়াল-ইকরাম মহিমান্বিত-মাহাত্ম্যপূর্ণ। মুকসিত ন্যায়পরায়ণ। জামি একত্রীকরণকারী। গনি অভাবমুক্ত। মুগনি অভাবমোচনকারী। মানি প্রতিরোধকারী। দার্র অকল্যাণকর্তা। নাফি কল্যাণকর্তা। হাদি পথপ্রদর্শক। নূর জ্যোতি। বদি অভিনবসৃষ্টিকারী। বাকি চিরস্থায়ী। ওয়ারিস উত্তরাধিকারী। রশিদ সত্যদর্শী। সবুর ধৈর্যশীল।

ইহুদি: জিহোভা। খ্রিস্টান: গড। গড-দি-ফাদার ঈশ্বরপিতা। গড-দি-সন ঈশ্বরপুত্র। গড-দি-হোলি-ঘোস্ট পবিত্রআত্মা। জরথুস্টবাদ: মাজদা অহুরমাজদা। জাপান: কামি।

হিন্দু: ভগবান ঐশ্বর্য বীর্য যশ। শ্রীজ্ঞান বৈরাগ্য। ঈশ্বর অবতার দেবতা (৯৭৯)। ব্রহ্ম,-া পরব্রহ্ম অধ্যাত্ম পরমাত্মা চিদ্রূপ সনাতন চিদাকাশ চিদানন্দ সচ্চিদানন্দ অব্জ আদিনাথ বিরিঞ্চি গোস্বামী গোঁসাই সাঁই লোকপিতামহ চতুরানন কমলাসন প্রজাপতি হিরণ্যগর্ভ। গুরু পরমগুরু জগৎগুরু।

ঈশি,-তা,-ত্ব ঈশ্বর,-তা,-ত্ব,-ভাব ঐশ্বরিকতা। অদ্বয়,অদ্বৈত,-বাদ। একেশ্বরবাদ তাওহিদ। ঈশ্বরবাদ। ঈশ্বর,-বিশ্বাস,-ভক্তি আস্তিক্য আস্তিক,-তা,-ত্ব।

আস্তিক আস্তিক্য,ঈশ্বর,-বাদী ঈশ্বর,ভগবদ্,-বিশ্বাসী। ঈশ্বর,-নিষ্ঠা,-পরায়ণতা। ঈশ্বর,-কৃপা,-প্রসাদ। দেবপ্রসাদ ভগবদনুগ্রহ দেবানুগ্রহ। ভগবদ্‌মহিমা মহত্ত্ব মাহাত্ম্য বিভূতি গৌরব কুদরত। দেব,-ত্ব,-ভাব। দেবভক্তি। ঐশী,-শক্তি,-মায়া। দৈব,-শক্তি,-ক্ষমতা। দৈবীশক্তি।

অলৌকিক,-শক্তি,-ক্ষমতা। মন্ত্র,-শক্তি,-বল। যোগ,-শক্তি,-বল।

বিণ. ঐশ,-ী ঐশিক ঐশ্বর ঐশ্বরিক ঈশ্বরীয় দৈব,-ী দৈবিক। ঈশ্বরাধীন ঈশ্বরায়ত্ত দৈবাধীন দৈবায়ত্ত। দৈব,-জাত,-কৃত,-গত্যা। ঈশ্বর,-প্রেরিত,-দত্ত ভগবদ্,-দেব,-দত্ত। দৈব দেবসম্বন্ধীয়। আধিদৈবিক। অলৌকিক। সর্ব,-জ্ঞ,-দর্শী,-দ্রষ্টা,-বিরাজমান,-নিয়ন্তা,-শক্তিমান। চিরন্তন সনাতন। স্বয়ম্ভু। অযোনি,-জ,-সম্ভব,-সম্ভূত। নিরাকার নিরাবয়ব। উপাস্য আরাধ্য মাবুদ। রব্বানী। লা-শরিক। স্বর্গীয় পবিত্র।

ক্রি-বিণ. রাহে,-লিল্লাহে,-খোদা। ইনশা আল্লাহ্।

৯৭৭। ফেরেশতা

বি. ফেরেশতা মালাইকা। জিব্রাইল গ্যাব্রিয়েল রুহুলকুদ্দুস পবিত্র-আত্মা। মিকাইল মাইকেল। কিরামান-কাতেবিন মুনকার নাকির। হারুত মারুত। আজরাইল ইসরাফিল মালেকুল মওত। ইবলিস। দেবদূত এঞ্জেল আর্কএঞ্জেল। সেরাফ চেরাব। দেবশিশু। ম্যাডোনা ভার্জিন মেরী। বাস্তুদেবতা জীবনদেবতা রাজলক্ষ্মী।

বিণ. ফেরেশতাসুলভ। ফেরেশতাসদৃশ দেবদূতোপম। স্বর্গীয় (৯৮১)।

৯৭৮। শয়তান

বি. শয়তান ইবলিস আজাজিল খন্নাস। মালাউন অভিশপ্ত। রাজিম বিতাড়িত। ডেভিল। লুসিফার। বিলজিবাব। মেফিস্টোফিলিস। অসুর আহরিমান। মার। অপদেবতা (৯৮০)। দৈত্য দানব দানা দনুজ। মধু মধুকৈটভ। মহিষাসুর।

ক্রি. শয়তানের ওয়াসওয়াসা কুপরামর্শ বা ছলনায় পড়া।

বিণ. শয়তানসুলভ। শয়তানি। অসুর আসুরিক দানবিক। নারকীয় (৯৮২)। নরকজ।

৯৭৯। দেবতা

বি. দেবতা দেব সুর ঋভু বিবুধ দেবভূ ত্রিদশ অমর অজর নির্জর অগ্নি,-মুখ,-জিহ্বা অমৃতাশন অদিতি,-জ,-নন্দন ত্রিদিবেশ দৈত্যারি অসুরারি ঘৃতভোজী। ঠাকুর,-দেবতা জিউ। বাস্তু,-দেব,-দেবতা,-পুরুষ। অধি,-দেব,-দেবতা,-দৈবত অধিষ্ঠাতা-দেবতা অধিষ্ঠাত্রী-দেবী। গ্রাম্য,লৌকিক,-দেবতা। অবতার। দেবর্ষি। দেবশত্রু অপদেবতা (৯৮০)। দেবী সুরী ঈশ্বরী। দেবদেবী। দেবত্ব। দৈবশক্তি। দৈবাদেশ দেব,-বাক্য,-বাণী। দেবপ্রতিষ্ঠা।

প্রাচীন আরব। দেবতাঃ বাআল। ওয়াদ। ইয়াগুস। ইয়াউক। নাসর। দেবীঃ লাত। মানাত। ওজ্জা। সুয়া।

প্রাচীন গ্রীস। দেবতাঃ জিউস। পোসিডন। হেডিজ। অ্যাপোলো। হার্মিস। এরিস। হেফ্যাস্টাস। ডাওনিসাস। স্যাটার্ন। দেবঃ হেরা দিমিতার। হেস্টিয়া। আর্টেমিস। অ্যাথিনা আফ্রোডাইটি। নেমিসিস।

প্রাচীন চীন। দেবতাঃ থি শাং-থি। থিয়েন। লেই-খুং। খুয়ান-থি। তুং-ওয়াং-খুং। মু-খুং। চাও শেন। ওয়েন-ছাং। খুয়েই-শি। থু-থি। ছেন-ওয়াং। ছাং-খুও। লু-থুন-ফিন। থিয়ে-খুয়েলি। লান শাও-হো। হান-ছুং-লি। হান শিয়াল-জু। চাও-খুও-ছিউ। ইয়াং-চিন। লুং-ওয়াং। মা-ওয়াং। নিউ-ওয়াং। ইয়েন-লো-ওয়াং। ইয়াং। দেবীঃ শি-ওয়াং-মু। ছাং-ও। হও-থু। খুয়ান-এন। হো-শিয়েন-খু। ইন।

প্রাচীন জাপান। দেবতাঃ কামি। ইজানাগি। ওহন্যামুচি। হাচিমান। আমিদা। সুসান-ও।

কোয়ানন। ইমা-ও। সুসান-ও। শিচি। ফুকুযি: দাইকক্ এবিস্ বিশামোন বেনতেন ফুকুরকুয্ যুরোজিন হোতেই। দেবী: ইজানামি আমাতেরাসু। ইনারি।

প্রাচীন নর্স ও টিউটন। দেবতা: ওডিন। থর। বলডর। ভিথার। ব্রাহগি। লোকি। নিয়র্ড। ফ্রে। ফেনরির। আহ্লি। তিয়ের। হোডের। হাইমডাল। ভানির। উল্। ইমির। দেবী: ফ্রিগ্গা। ফ্রেয়া। সিফ। ইয়ুর্ড। ইডুনা। সিজ্জাইয়েন। হেল।

প্রাচীন ব্যাবিলন। দেবতা: আনু। এন্‌লিল। এয়া। নান্না। শামাশ। মার্দুক। মৌলক। হাদাদ। অসুর। বেল। দেবী: সিন। ইশতার। আল্লাত। থিয়ামত।

প্রাচীন মিসর। দেবতা: নুৎ। নেফ। প্তাহ। রা আমেন-রা কেব। ওসাইরিস। হোরাস। সেত্। আনুবিস। থথ্। কেম। সেরাপিস। এপিস। মিন। দেবী: নেৎ। আইসিস। নেফ্‌থাইস। বিউবাস্তিস। বাস্ত্। স্ফিংকস্।

প্রাচীন রোম। দেবতা: জুপিটার। নেপচুন। প্লুটো। অ্যাপোলো। কিউপিড। মার্কারি। মার্স। ভালকান। ব্যাকাস। দেবী: জুনো সিরিস প্রসারপাইন ডায়ানা মিনার্ভা সাইকি।

প্রাচীন স্লাভ। দেবতা: বেলিয়বোগ। চের্নোবোগ। সোয়াস্তোভিত্। পেরুন। বেলিয়ুন। সোয়াবোগ। দাইজবোগ। সোয়ারাজিক। দোমোভয়। ইয়েসিস। স্ত্রিবোগ। দেবী: সিভা। ভেস্না। মোরানা। বাবা।

হিন্দু। দেবতা: ইন্দ্র বরুণ সূর্য মিত্র সবিতা সাবিত্রী অগ্নি বায়ু মরুৎ প্রজাপতি সোম রুদ্র যম বিষ্ণু। ত্রি,-দেব,-মূর্তি: ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর।

দশাবতার: মৎস্য কূর্ম বরাহ নৃসিংহ বামন পরশুরাম রামচন্দ্র কৃষ্ণবলরাম বুদ্ধ কল্কি।

ব্রহ্মা পরব্রহ্ম প্রজাপতি বিরিঞ্চি হিরণ্যগর্ভ চতুরানন কমলাসন পদ্মোদ্ভব পদ্মভূ কমল,পদ্ম,-যোনি হংসবাহন ত্রিগুণাতীত সনাতন কুঞ্জ কঞ্জর পদ্মপানি চিদাত্মা চিদানন্দ বিভু লোকেশ জগদীশ্বর।

বিষ্ণু নারায়ণ হরি গোবিন্দমাধব শ্রী,-পতি,-ধর,-কান্ত। মুকুন্দ রমা,-কান্ত,-পতি,-নাথ। লক্ষ্মী,-কান্ত,-পতি,-নারায়ণ লক্ষ্মীশ্বর চক্রী চক্র,-ধর,-ধারী,-পাণি। গদা,-ধর,-পাণি সুদর্শনধারী দর্পহারী ঈপতি অজগ অজিত অনন্ত বারিশ জহ্নু বলিসূদন বিশ্বম্ভর চতুর্ভুজ কমলা,-পতি,-কান্ত জনার্দন দামোদর পদ্মনাভ সত্যনারায়ণ পুরুষোত্তম হৃষিকেশ ব্রহ্মনাভ অনন্তশয়ান। গরুড়,-ধ্বজ,-বাহন। দীনেশ দীন,-নাথ,-বন্ধু গোলোক,-পতি,-নাথ,-বিহারী দানবারি। বৈকুণ্ঠ,-নাথ,-পতি।

আদিদেব দেবাদিদেব মহাদেব শিব স্থাণু দেবেশ সুরেশ্বর সর্বেশ্বর মহেশ মহেশ্বর বিশ্বেশ্বর বিশ্বনাথ পশুপতি হর শম্ভু সদাশিব ঈশান ধূর্জটি শঙ্কর ব্যোমকেশ ভোলানাথ ত্রি,-নয়ন,-লোচন,-নেত্র ত্র্যম্বক কৃত্তিবাস কৈলাস,-নাথ,-পতি। কাশী,-পতি,-নাথ কঙ্কালমালী কাপালী খকুন্তল হিরণ্যরেতা: ভূতেশ ভূত,-পতি,-নাথ প্রমথেশ কেদার,-নাথ ত্রিপুরারি ত্রিনাথ তারকেশ্বর তারকনাথ চন্দ্র,-মৌলি,-চূড়,-শেখর। ইন্দু,-মৌলি,-ভূষণ। শশি,-ভূষণ,-শেখর। মৃগাঙ্ক,-মৌলি,-শেখর অর্ধমৌলি ভালচন্দ্র কলাধর জটা,-ধর,-ধারী পিঙ্গজট শ্রীকণ্ঠ নীল,-কণ্ঠ,-গ্রীব বিষকণ্ঠ পিনাকী পিনাকপাণি মৃত্যুঞ্জয় অনঙ্গারি রুদ্র মহারুদ্র কালরুদ্র মহাকাল অঘোর ভৈরব কালনাথ সিদ্ধদেব দিগম্বর দিগ্বসন নীললোহিত বিভূতিভূষণ ভবেশ গিরীশ গঙ্গাধর আশুতোষ মহানট নটেশ্বর নট,-রাজ,-শেখর বাণেশ্বর বাণদেব শূলী শূলপাণি ত্রিশূলী ত্রিশূলধারী যোগীশ যোগীন্দ্র বৃষ,-ধ্বজ,-বাহন বিরূপাক্ষ উরগভূষণ উমেশ উমা,সতী, অম্বিকা,ভবানী,গিরিজা,-পতি সতীন্দ্র সতীশ

গৌরী,-কান্ত,-নাথ সোমনাথ সোমেশ্বর যজ্ঞেশ্বর যজ্ঞারি অদ্রীশ অদ্রিনাথ নিরঞ্জন সনাতন বৈদ্যনাথ। একাদশ তনু: অজ একপাদ অতিবুধ্ন পিনাকী অপরাজিত ত্র্যম্বক মহেশ্বর বৃষাকপি শম্ভু হর ঈশ্বর। অষ্টভৈরব: অসিতাঙ্গ রুরু চণ্ড ক্রোধোন্মত্ত ভয়ংকর কপালী ভীষণ সংহার।

শ্রীকৃষ্ণ কৃষ্ণ কেষ্ট কানাই কানু শ্যাম হরি গোবিন্দ গোপাল কেশব মুরারি মধুসূদন জগন্নাথ মুকুন্দ যাদব বাসুদেব যদুকুল,-নাথ,-পতি গোকুলেশ্বর গোকুল,-নাথ,-পতি গিরি,-ধর,-ধারী রাধা, -কান্ত,-নাথ,-মাধব,-রমণ,-রঞ্জন,-বল্লভ রাধিকা,-রমণ,-মোহন,-রঞ্জন বহুবল্লভ। গোপ,গোপিনী,-বল্লভ গোপীমোহন গোপিকা, -রমণ,-মোহন। দর্পহারী ত্রিভঙ্গ,-মুরারি রাসবিহারী দ্বারকেশ দ্বারকা,-পতি,-নাথ। মথুরাপতি। গোষ্ঠ,-পতি,-বিহারী নন্দদুলাল। নীল,-মণি,-মাধব। নরোত্তম নরনারায়ণ নটবর। বন,-মালী,-বিহারী। অনঙ্গমোহন জনার্দন পার্থসারথি দামোদর বলানুজ কংসারি কালীয়দমন মদন,-গোপাল,-মোহন। রাখালরাজ ব্রজেন্দ্র ব্রজ,-নারায়ণ,-রাজ,-দুলাল,-কিশোর,-বল্লভ, -সুন্দর বংশী,-ধর,-ধারী মুরলী,-ধর,-মোহন। পীতবাস পীতাম্বর পাণ্ডবসখা পদ্মআঁখি ঘনশ্যাম কালাচাঁদ কালোশশী শ্যাম,-চাঁদ,-সুন্দর,-রায় যশোদা,-দুলাল,-নন্দন। দেবকীনন্দন বালগোপাল। বল,-রাম,-ভদ্র,-দেব। বলাই হলী হলায়ুধ হলধর বলী এককুণ্ডল রৌহিণেয় রেবতী,-মোহন,-রমণ, -কান্ত।

ইন্দ্র সুরেন্দ্র সুরেশ সুরপতি। দেব,-রাজ,-পতি। দেবেন্দ্র মহেন্দ্র বাসব হর্যশ্ব পুরন্দর বরক্রতু সহস্রাক্ষ সহস্র,-নয়ন,-লোচন। শচীন্দ্র শচীশ। শচী,-পতি,-বিলাশ ঋভুক্ষী বল,-সূদন,-নিষূদন, -রিপু,-বিনাশন বৃত্রারি প্রাচীপতি বজ্রী বজ্রপাণি শতক্রতু জম্ভারি জম্ভারাতি দিবস্পতি মঘবা পর্জন্য আখণ্ডল ত্রিদশাধিপতি হরিহর জীমূত,মেঘ,ঘন,-বাহন অদ্রিভিৎ পূতক্রতু পুরুহূত বাস্তোষ্পতি বৃহদ্রথ অমর,-পতি,-নাথ।

কার্তিক কার্তিকেয় কুমার ষড়ানন আগ্নিকেয় কৃত্তিকাসুত শিখি,-ধ্বজ,-বাহন তারকারি শর, -জ,-জন্মা। শক্তি,-ধর,-পাণি অগ্নি,-জ,-ভূ, -কুমার স্কন্দ সুব্রহ্মণ্য সৌর,-সিদ্ধ,-সেন। দেবসেনাপতি।

গণেশ। গণ,-পতি,-নাথ,-দেব। গজানন হেরম্ব লম্বোদর একদন্ত কুঞ্জরবদন সিদ্ধিদাতা বিঘ্ন, -হর,-হারী,-নাশক।

মদন অতনু অনঙ্গ কন্দর্প স্মর মন্মথ মনসিজ মার কাম,-দেব মধুদীপ দীপক। মকর,-ধ্বজ, -কেতু,-কেতন। রতি,-পতি,-কান্ত কুসুম,-ধনু, -চাপ। পুষ্প,-চাপ,-বাণ বিষমশর। মীন,-ধ্বজ, -কেতন। পঞ্চ,-শর,-বাণ: সম্মোহন উন্মাদন শোষণ তাপন স্তম্ভন। ফুলশর: অরবিন্দ অশোক নবমল্লিকা শিরীষ নীলোৎপল।

বরুণ,-দেব জলদেবতা জলাধিপ জলাধিপতি পাশী পাশপাণি প্রচেতা।

অগ্নি,-দেব,-দেবতা অনল পাবক হুতাশন বৈশ্বানর।

পবন,-দেব বায়ুদেবতা মরুৎপতি।

যম,-রাজ। ধর্ম,-রাজ,-রায়। ধর্মেন্দ্র। দণ্ড, -পাণি,-ধর দণ্ডী শমন। মহিষ,-বাহন,-ধ্বজ সূর্য,রবি,তপন,-তনয় প্রেতাধিপ অন্তক প্রজান্তক নরান্তক বৈবস্বত। যম,কাল,-দণ্ড। যমদূত।

শনি,-দেব,-ঠাকুর শনৈশ্চর বৈবস্বত সূর্যপুত্র ছায়াসুত।

কুবের। যক্ষ,-রাজ,-পতি। অলকাধিপ। ধন,অর্থ,-পতি,-দেবতা। নিধি,-পতি,-নাথ।

বিশ্বকর্মা দেবশিল্পী। হনুমান। দক্ষিণরায় ব্যাঘ্রদেবতা। সত্যপীর।

দেবীঃ আদিদেবী দুর্গা উমা গৌরী ভগবতী মহাদেবী মহা,আদ্যা,-শক্তি মহামায়া মহাবিদ্যা অনাদ্যা আদ্যা আদিভূতা অম্বা অম্বিকা শিবা শিবানী। শিব,-পত্নী,-প্রিয়া। শংকরী জগদম্বা জগদ্ধাত্রী জগন্মাতা জগন্ময়ী দশভূজা পার্বতী পর্বতদুহিতা শৈলজা হৈমবতী বিন্ধ্যবাসিনী গিরি, -বালা,-সুতা,-কুমারী,-নন্দিনী হিমালয়নন্দিনী কৈলাসবাসিনী ঈশানী ঐশানী মঙ্গলা সর্বমঙ্গলা সর্বার্থসাধিকা। মঙ্গল,শুভদা,-চণ্ডী। মোক্ষদা জয়া বিজয়া সর্বজয়া আনন্দময়ী। অন্ন,-দা,-পূর্ণা। শারদা সিংহবাহিনী মহিষাসুরমর্দিনী। দানব, দনুজ,-দলনী। তারিণী নিস্তারিণী ভবতারিণী ত্রিশূলধারিণী চণ্ডী চামুণ্ডা রুদ্রাণী ত্রিনয়নী ত্রিগুণা কাত্যায়নী যোগমায়া শাকম্ভরী নন্দা আর্যা গৌতমী বাসন্তী কামাক্ষী সতী। দক্ষ,-কন্যা,-জা। দাক্ষায়নী সাবিত্রী সর্বজ্ঞা অপর্ণা প্রকৃতি পরমাপ্রকৃতি রাজরাজেশ্বরী ঈশ্বরী পরমেশ্বরী।

কালী কালিকা শ্যামা তারা রুদ্রানী চামুণ্ডা চণ্ডিকা বামিকা করালী কপালিনী দিগম্বরী দিগ্বসনা ব্রহ্মময়ী শক্তিরূপিনী শিবরোহিনী। শশি,-ভালী, -ভালিনী। নর,কঙ্কাল,মুণ্ড,নৃমুণ্ড,-মালিনী শবাসনা। উগ্র,গুহ্য,মহা,দক্ষিণা,চামুণ্ডা, শ্মশান,ভদ্র, সিদ্ধ,রক্ষা,-কালী।

দশমহাবিদ্যা: কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী কমলা।

ত্রিশক্তি: কালী তারা ত্রিপুরা।

নবদূর্গা: শৈলপুত্রী পার্বতী ব্রহ্মচারিণী চন্দ্রঘণ্টা কুষ্মাণ্ডা স্কন্দমাতা কাত্যায়নী কালরাত্রি মহাগৌরী সিদ্ধিদা।

লক্ষ্মী ইন্দিরা রমা অচলা কমলা শ্রী। বিষ্ণু, -প্রিয়া,-পত্নী। হরিপ্রিয়া নারায়ণী শতদলবাসিনী পদ্মা পদ্মাসনা কমলাসনা পদ্মালয়া কমলালয়া। ধন,-দা,-দাত্রী ক্ষীরোদতনয়া অজিতবল্লভা।

সরস্বতী বাগ্‌দেবী বাগ্বাদিনী বাগীশ্বরী বাণী বীণাপাণি বিদ্যাদেবী ভারতী শতরূপা হংসারূঢ়া হংসবাহনা শ্বেতভূজা মহাশ্বেতা শুক্লা সর্বশুক্লা কাদম্বরী গীর্দেবী।

রাধা রাধিকা রাই শ্রীময়ী শ্রীরাধিকা হ্লাদিনী বৃষভানুনন্দিনী ব্রজেশ্বরী। ব্রজ,-কিশোরী,-সুন্দরী। শ্যাম,কৃষ্ণ,-প্রিয়া। শচী ইন্দ্রানী মহেন্দ্রানী ইন্দ্রপত্নী।

রতি কামদেবী। মদন,কন্দর্প,কাম,-পত্নী।

স্বাহা অগ্নিপত্নী।

মনসা শৈবী নাগমাতা নাগেশ্বরী সিদ্ধযোগিনী পদ্মা। শীতলা। ষষ্ঠী,-দেবী,-বুড়ি। বিশালাক্ষী বাশুলী। গন্ধেশরী। শুভ,-সূচনী,-চণ্ডী সুবচনী। সিদ্ধেশরী। ওলা,-দেবী,-বিবি। বন,-দেবী,-বিবি। ইতুলক্ষ্মী।

ষোড়শমাতৃকা: গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া দেবসেনা স্বধা স্বাহা শান্তি পুষ্টি ধৃতি তুষ্টি কুলদেবতা আত্মদেবতা।

বিণ. দৈব্য দেবসম্বন্ধীয়। দেবত্র দেবোত্তর দেবস্ব। দেবোপম। দেব,-তুল্য,-সদৃশ,-প্রতিম। দেবাত্মা। দৈবাধীন দৈবায়ত্ত। দৈবাশ্রিত দৈবিক।

৯৮০। অপদেবতা

বি. অপদেবতা। উপ,-দেব,-দেবতা। দেবশত্রু অসুর দৈত্য দানা। দেব,ভূত,প্রেত,-যোনি। শিবানুচর নন্দীভৃঙ্গি প্রমথ। ভূত প্রেত ভূতপ্রেত ভূতাত্মা প্রেতাত্মা প্রেতজন্ম। প্রেতিনী পেতনী শাকচুন্নী শঙ্খচূর্ণী শঙ্খিনী। পিশাচ পিশাচী পিশাচিনী। বৃক্ষ,-দৈত্য,-পিশাচ স্কন্ধকাটা মুণ্ড

কবন্ধ। পেঁচো। গুহ্যক। তাল বেতাল। কপিশাপুত্র। দত্যি দানো। জুজু,-বুড়ি। ষষ্ঠী,-জোটে,-বুড়ি জরারাক্ষসী। মামদো। দানব অসুর। রাক্ষস খোক্কস। ডাকিনী ডাইনী ডান ডাইন মায়াবিনী। যক্ষ যক পাংশুপিশাচ। অশরীরী অপচ্ছায়া ছায়ামূর্তি। ভূতক্রান্তি। ভূতাবেশ ভূতসঞ্চার ভূতাবির্ভাব উপরিভাব। অপদেবত্বলাভ। নিশি। নিশির ডাক। নিশা,-চর,-চরী। জাদুবিদ্যা (৯৯৮)।

ক্রি. ভূতে ধরা বা পাওয়া। ভর ওঠা। ভূত ঝাড়া বা নামানো।

বিণ. ভৌতিক ভুতুড়ে অতিপ্রাকৃত। গা-ছমছমে। পৈশাচিক পৈশাচ। ভূতগ্রস্ত ভূতাবিষ্ট ভূতার্ত ভূতাশ্রিত ভূতোপহত।

৯৮১। স্বর্গ

বি. স্বর্গ স্বর্গ,-লোক,-ধাম,-পুরী,-রাজ্য। সপ্ত,-লোক,-স্বর্গ: ভূ ভুব স্ব জন মহ তপ সত্য। স্বর্লোক দ্যু দ্যো দ্যুলোক অমর্ত্য অক্ষয়,-লোক,-গোলোক,-ভুবন,-ধাম। ব্রহ্ম,-লোক,-পুরী,-ধাম।

ইসলাম: জান্নাত জান্নাতুলফিরদাউস জান্নাতুলখুলদ দারুস্‌সালাম দারুলকারার জান্নাতুলআদন জান্নাতুলমাওয়া জান্নাতুননাঈম বেহেস্ত ইল্লিয়্যীন। ফালাক আলফালাক। সালসাবিল যালযাবিল। তসনিম। শরাবান তহুরা। হুর। গিলমান।

হেভেন। অলিম্পাস। ভালহালা। জাইআন। নব-জেরুজালেম। ইলিজিয়াম। থিঁয়েন।

ইন্দ্র,-লোক,-পুরী,-ধাম। ইন্দ্র,-রাজ্য,-সভা। ইন্দ্রালয় দেব,-লোক,-ধাম,-পুরী,-পুর,-ভবন,-সভা শত্রুভবন দেবালয়। সুর,-লোক,-পুর,-পুরী,-সভা। সুরালয়। দিব্য,-লোক,-ধাম। ঊর্ধ্ব-পুণ্য,-অমৃত,-লোক। সুধর্মা সুধর্মসভা নিত্যধাম স্বারাজ্য। ত্রিদিব ত্রিশালয় ত্রিবিস্টপ ধ্রুবলোক দীপ্তক সুখাধার আনন্দলোক ক্র অমরা অমরা,-বতী অমরালয় অমর,-লোক,-ধাম। পর,-লোক,-কাল। দ্যাবাপৃথিবী।

স্বর্গারোহণ। স্বর্গপথ। মহাপ্রস্থানের পথ। স্বর্গরথ দেব,-রথ,-যান। স্বর্গতরু দেব,-তরু,-বৃক্ষ সুরপাদপ: মন্দার পারিজাত সন্তান কল্পবৃক্ষ হরিচন্দন। নন্দনকানন দেবারণ্য স্বর্গোদ্যান। স্বর্গগঙ্গা সুর,-নদী,-ধুনী। মন্দাকিনী সর্বাপী সিদ্ধ,-গঙ্গা,-সিন্ধু। স্বর্গ,স্বর্ণ,রত্ন,কাঞ্চন,-গিরি। স্বর্ণ,হেম,-কূট স্বর্গাচল কনকাচল রত্নাচল। স্বর্গধেনু কামধেনু। স্ববৈদ্য অশ্বিনীকুমার,-দ্বয়। স্বর্গ,সুর,-লোকবাসী। স্বর্গ,-বাস,-লাভ,-প্রাপ্তি। অক্ষয়স্বর্গ।

স্বর্গ,দেব,সুর,-বালা। সুর,-কন্যা,-বধূ,-নারী,-সুন্দরী সুরাঙ্গনা দেবাঙ্গনা অমরাঙ্গনা দিব্যাঙ্গনা দিব্যনারী ত্রিদশ,-বধূ-বণিতা। দেবগণিকা স্বর্গণিকা।

অপ্সরাঃ অলম্বুষা উর্বশী ঘৃতাচী চিত্রলেখা তিলোত্তমা নাগদত্তা পুঞ্জিকাস্থলা বিদ্যুৎপর্ণা বিশ্বাচী মিশ্রকেশী মেনকা রম্ভা রুচিরা সুকেশ সুবাহু সুমধ্যা সুরথা সোমা হেমা। গন্ধর্ব। কিন্নর।

বিণ. স্বর্গীয় স্বর্গ্য বেহেস্তি জান্নাতি দিব্য অমর্ত্য। অপার্থিব। পারলৌকিক।

৯৮২। নরক

বি. নরক নিরয় দুর্গতি। বিভিন্ন নরক: পুন্নাম পুন্নামা পুন্নমন পুন্নরক তামিস্র অন্ধতামিস্র অন্ধকূপ রৌরব মহারৌরব কুম্ভীপাক তপ্ত,-কূর্মি,-পাষাণ,-কুম্ভ,-বালুক কালসূত্র অসিপত্রবন শূকরমুখ

কৃমিভোজন লালভক্ষ সন্দংশ বজ্রকণ্ঠশাল্মলী পূয়োদ বৈতরণী প্রাণরোন সারমেয়ার্দন অবীচী অয়ঃপান। নরক,-যন্ত্রণা,-ভোগ,-বাস নরকাময় যমযন্ত্রণা। নরককুণ্ড বিষ্ঠা,অগ্নি,তপ্তলৌহ,-কুণ্ড। নরকা বৈতরণী দুর্গন্ধপূর্ণ রুধিরবহা উষ্ণতোয়া মহাবেগা। নরকরাজ বজ্রকেতু। সপ্তপাতাল: অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল পাতাল। মৃত্যুপুরী যমপুরী যমালয়। যমঘর। শমনালয়। শমন,-সদন,-ভবন যম। চিত্রগুপ্ত। জাহান্নাম: হাবিয়াহ জাহিম সাকা সাইর লাখা হুতামাহ। দোজখ হেল। হেডিজ।

বিণ. নারক নরকজ। নারকীয়। নরকস্থ। নারকী নরকভোগী পাতকী পাপী (৯৮৯)।

৯৮৩। ধর্ম

বি. ধর্ম,-মত,-তত্ত্ব,-জ্ঞান ধরম। দীন ধর্ম,-শিক্ষা,-কথা। ধর্মের বাণী। শ্রেয় পরমার্থ পরমসত্য অধ্যাত্মসত্য আত্মবিদ্যা। বিশ্বাস ধর্মবিশ্বাস। ঈশ্বরবিশ্বাস। ঈমান ঈমানদারি। ধর্ম,-নীতি,-চিন্তা,-ভাবনা। ধর্ম,-বোধ,-বুদ্ধি,-প্রবৃত্তি। ধর্মোপদেশ নীতি উপদেশ। আকিদা পন্থা পথ মার্গ ধর্ম,-পথ,-পন্থা,-প্রণালী,-মার্গ তরিকা। মতবাদ। শিক্ষা। পাপপুণ্য,ধর্মাধর্ম,শুভাশুভ,-বোধ। ধর্মসংস্কার সংস্কার বিশ্বাস। তবলিগ ধর্মপ্রচার। ধর্ম,-প্রতিষ্ঠা,-স্থাপন,-সংস্থাপন,-সংস্থাপনা। ধর্মরক্ষা। ধর্মশাসন অনুশাসন। ধর্মান্ধতা। ধর্মের জিগির। ধর্মনিষ্ঠা (৯৮৮)। ধর্মগ্রন্থ (৯৯০)। ধর্মপ্রচারক (৯৯১)। ধর্মযাজক (৯৯২)। ধর্মসম্প্রদায় (৯৯৩)। ধর্মানুষ্ঠান (৯৯৪)। ধর্মস্থান (১০০০)।

বিণ. ধর্মীয় ধর্ম,-সম্বন্ধীয়,-সংক্রান্ত দীনী। ধর্ম্য ধর্মানুগত ধর্মানুমত ধর্মোপেত ধর্মানুমোদিত ধর্ম,-যুক্ত,-সংগত,-সম্মত। হালাল বৈধ জায়েজ। ধার্মিক ধর্ম,-পরায়ণ,-নিষ্ঠ। ধর্মজ্ঞ ধর্ম,-বিদ,-বেত্তা। দীনদার ঈমানদার। ধর্মান্ধ গোঁড়া অন্ধবিশ্বাসী।

ক্রি-বিণ. ধর্মত ধর্মার্থে। ধর্মানুসারে ধর্মানুযায়ী।

৯৮৪। বৈধর্ম্য

বি. বৈধর্ম্য ধর্মবিরোধিতা নাস্তিকতা নাস্তিক্য,-বাদ অনীশ্বর,নিরীশ্বর,-বাদ ঈশ্বর অবিশ্বাস। ভিন্নধর্মবত্তা পর,-ধর্ম,-মত। ধর্মান্তর। ধর্মবৈচিত্র্য। উপধর্ম লৌকিকধর্ম। সংস্কার। কুসংস্কার। বহুঈশ্বরবাদ সর্বেশ্বরবাদ সর্বপ্রাণবাদ। জড়োপাসনা। প্রকৃতিপূজা। পৌত্তলিকতা (৯৯৭)। শূন্যবাদ অজ্ঞাবাদ। পরমতসহিষ্ণুতা ধর্মনিরপেক্ষতা। চার্বাকদর্শন।

বিণ. বিধর্মী বিধর্মা ধর্ম,-বিরোধী,-দ্রোহী। নাস্তিক ঈশ্বর,-হীন,-অবিশ্বাসী। অনীশ্বর,নিরীশ্বর,-বাদী অনীশ ঈশ্বর,বিরোধী,-দ্বেষী। ধর্মহীন অধার্মিক। কাফের। মালাউন। বর্বর যবন ম্লেচ্ছ পাষণ্ড। কালাপাহাড়। বেদ,-বিদ্বেষী,-নিন্দক। অ,-জপ,-তপা,-ব্রত। মন্ত্র,ক্রিয়া,-হীন। অজ্ঞা,শূন্য,জড়,-বাদী। লোকায়ত লোকায়তিক। ধর্মনিরপেক্ষ। গায়ের,-মজহব,-মোকাল্লেদ। উদারপন্থী পরমতসহিষ্ণু। চার্বাকপন্থী।

৯৮৫। অধর্ম

বি. অধর্ম অধার্মিকতা। ধর্ম,-হীনতা,-শূন্যতা। ধর্ম,-বিরুদ্ধতা,-বিরোধিতা,-দ্রোহ,-দ্রোহিতা,-দ্বেষিতা,-বিদ্বেষ। অধর্মাচরণ অধর্মানুষ্ঠান অধর্মপরায়ণতা। ধর্ম,-হানি,-লোপ,-নাশ। ঈশ্বরদ্বেষ। সংশয় সন্দেহ অবিশ্বাস অভক্তি ঔদাসীন্য। সংশয়বাদ। নাস্তিক্য নাস্তিকতা।

অজ্ঞাবাদ। জড়বাদ। মুক্তবুদ্ধি। পার্থিবতা জাগতিকতা দুনিয়াদারি ইহজাগতিকতা। দেহ,-বাদ,-সর্বস্বতা। আত্মা,-হীনতা,-শূন্যতা। প্রতিমাবিচূর্ণন। স্বধর্মত্যাগ। ধর্মান্তরগ্রহণ কুফর কুফরি। শেরেকি অংশীবাদ। বেদাত নবপ্রবর্তনা। অনাচার ফাসেকি সত্যত্যাগ। মোনাফেকি নাফরমানি। জুলুম,-বাজি। ভণ্ডামি ভ্রষ্টাচার। ন্যায়,নীতি,-লঙ্ঘন। বৈড়ালব্রত। পুণ্যবিরুদ্ধতা। পাপ (৯৮৯)।

বিণ. অধর্মা অধর্মী অধার্মিক। ধর্ম,-হীন,-শূন্য। ধর্ম,-বিরুদ্ধ,-বিরোধী,-দ্রোহী,-দ্বেষী। ধর্ম,-চ্যুত,-ভ্রষ্ট। ধর্মত্যাগী। অধর্মাত্মা অধর্ম,-কারী,-চারী,-পরায়ণ,-নিষ্ঠ,-বুদ্ধি। ঈশ্বরদ্বেষী। নাস্তিক। অজ্ঞাবাদী সংশয়বাদী। যুক্তিবাদী দাহরিয়া। অবিশ্বাসী সত্যপ্রত্যাখ্যানকারী কাফের। মালাউন অভিশপ্ত। মোনাফেক নাফরমান ভণ্ড। ভ্রষ্টাচারী হারামখোর। বেদীন বেদাত বেশরা। মুশরিক। স্বধর্মত্যাগী মুরতাদ। কালাপাহাড় প্রতিমাপূজাবিরোধী। বকধার্মিক। বস্তুবাগীশ। জাগতিক পার্থিব। ব্যবহারিক। ধর্মনিরপেক্ষ। ন্যায়,নীতি,-বিরুদ্ধ। হারাম অবৈধ নাজায়েজ।

৯৮৬। পবিত্রতা

বি. পবিত্রতা তাহারত শুচিতা শৌচ শুদ্ধতা বিশুদ্ধতা। শুদ্ধি পরিশুদ্ধি। ওজু তায়ামমুম। বিমলতা নির্মলতা (৬৬১)। নিষ্কলুষতা অনাবিলতা নিষ্পাপতা। মিতাচার (৯৫৫)। ধর্ম। সতীত্ব সাত্ত্বিকতা। শুদ্ধাচার শুদ্ধাচারিতা। শুদ্ধচিত্ততা চিত্তশুদ্ধি। নৈষ্ঠিকতা আচার,-নিষ্ঠা,-বিচার আচারবিচার। শালীনতা। শালীনতাবিলাস। শুচিবায়ু শুচিবাই ছুঁত ছুঁতমার্গ ছুঁচিবাই ছোঁয়াছুঁয়িবিচার স্পর্শদোষ। পবিত্রীকরণ শোধন পরিশোধন সংশুদ্ধি সংস্কার সংস্ক্রিয়া। পবিত্রজল পাকপানি। জমজমের পানি। গঙ্গাজল। পবিত্রস্থান (১০০০)।

বিণ. পবিত্র পাক শুদ্ধ বিশুদ্ধ শুচি। নিষ্কলুষ অকলুষ নির্দোষ। বিমল অমল নির্মল। নিষ্পাপ অনাবিল। পূত সাফ খাস নিরবদ্য। মেধ্য অপাপবিদ্ধ অকলঙ্কচিত্ত। পবিত্রাত্মা পূতহৃদয় পুণ্যাত্মা শুদ্ধাত্মা যতাত্মা প্রযতাত্মা কৃতাত্মা ভাবিতাত্মা। শুদ্ধ,-মতি,-চিত্ত। শুদ্ধাচারী নিষ্ঠ নিষ্ঠাবান নৈষ্ঠিক। নিয়ম,-আচার,-নিষ্ঠ আচারী। সতী অনাঘ্রাত অক্ষতযোনী।

৯৮৭। অপবিত্রতা

বি. অপবিত্রতা অশুদ্ধি। অশুচি,-তা,-ত্ব। অশৌচ শৌচাভাব শুদ্ধিহীনতা অমেধ্যতা। কলুষতা। আবিলতা মালিন্য (৬৬২)। অশালীনতা অশোভনতা দুঃশীলতা অশীলতা। ইতরতা স্থূলতা। অপচার কদাচার কদর্যতা বিকৃতি। অশ্লীলতা ফাহেশা। ধর্মনাশ সতীত্বহানি বলাৎকার ধর্ষণ। ব্যভিচার (৯৬০)। অখাদ্য,নিষিদ্ধ,-খাদ্য। অমিতাচার (৯৫৬)।

বিণ. অপবিত্র অপূত নাপাক অশুদ্ধ অশুচি কলুষময় দুষ্ট আবিল মলিন অপরিষ্কার (৬৬২)। নোংরা। খবিস। অশালীন দুঃশীল অশ্লীল অশোভন কদর্য। ইতর স্থূল। গর্হিত নিষিদ্ধ হারাম। অপরিশুদ্ধ। শুদ্ধিহীন। অখাদ্য অপেয়। অমেধ্য। অযজ্ঞীয়। রাক্ষুসে আসুরিক। পৈশাচিক নারকীয়। কামচারী (৯৬০)।

৯৮৮। পুণ্য

বি. পুণ্য,-কর্ম সওয়াব নেকি। পরমচিন্তা। ধর্ম,-বিশ্বাস,-চিন্তা,-বুদ্ধি,-প্রাণতা,-প্রবণতা,

–প্রবৃত্তি,–পিপাসা,–ভয়,–ভীরুতা। ধর্ম,–নিষ্ঠা, –নিষ্ঠতা,–পরায়ণতা,–পরতা,–শীলতা। ধর্ম, –কর্ম,–কার্য,–ক্রিয়া,–কৃত্য,–কাজ,–কাম। ধর্ম, –চর্চা,–চর্যা,–সাধন। ধর্ম,–পালন,–ব্রত। ধর্মানুশীলন ধর্মাচরণ ধরমকরম। দীনদারি। পুণ্য,সৎ,কর্তব্য,–কর্ম। ঈশ্বর,–নিষ্ঠা,–পরায়ণতা, –চেতনা। ঈশ্বর,–প্রেম,–ভক্তি। ভগবান,দেব, –ভক্তি। অচলাভক্তি। ইলাহিভরসা। তওয়াক্কল। তাকওয়া। ঈমানদারি। সুকৃতি। সৎ,–কর্ম,–কাম, –কার্য,–কাজ। পবিত্র,পূত,–কীর্তি। পুণ্য, –অর্জন,–সঞ্চয়। সচ্চরিত্র। ওয়াদাপালন আমানতরক্ষা সময়ানুবর্তিতা। ইনসাফ। ইত্তেহাদ। আদবকায়দা। সুব্রত চারুব্রত।

ধর্মলক্ষণ: ধৃতি ক্ষমা আত্মসংযম সততা পরিচ্ছন্নতা ইন্দ্রিয়দমন ধী বিদ্যা সত্যপ্রিয়তা অক্রোধ।

বিণ. পুণ্য,–কর্মা,–কীর্তি,–বান,–শীল,–বন্ত,–কৃৎ, –জন,–শ্লোক। পুণ্যাত্মা সুগৃহীতনামা। ধর্মী ধর্মিষ্ঠ ধর্মাত্মা ধার্মিক ধর্ম,–প্রাণ,–বিৎ,–চারী,–শীল, –ভীরু,–প্রবণ,–পর,–নিষ্ঠ। ধর্মানুরাগী ধর্মানুগত। মুত্তাকি দীনদার ঈমানদার মোমিন নেক,–কার পরহেজগার। নিষ্পাপ বেগুনাহ মাসুম অপাপবিদ্ধ। নামাজি মুসল্লি মোক্তাদি। ঈশ্বর,–ভক্ত,–মতি, –ভীরু,–নিষ্ঠ,–পরায়ণ। পুণ্যার্থী। ধর্মান্ধ গোঁড়া।

৯৮৯। পাপ

বি. পাপ পাতক। গুনাহ গুনাহখাতা। বদি দোষ অপুণ্য অঘ দুরিত অংহ কল্মষ কলুষ ময়লা কল্ক কিণ্ব শাবর প্রত্যবায়। মনের কালি। পাপ,–বুদ্ধি, –মতি। পাপাচার পাপাচারণ পাপানুষ্ঠান পাপকর্ম দুরাচার অধর্মাচরণ। ধর্মহানি। পাপপ্রবণতা পাপানুরাগ পাপাসক্তি। পাপপঙ্ক। পাপস্রোত। অ,কু,–কর্ম,–কাম,–কার্য,–কাজ। দুষ্কৃতি দুষ্কর্ম দুষ্কার্য। নরক–গুলজার। অপরাধ (৯৪৯)। অন্যায় (৯৪৩)। অধর্ম (৯৮৫)। যোগ,ধ্যান,–ভঙ্গ তপোভঙ্গ।

গুরুপাপ কাবিরাগুনাহ। লঘুপাপ সগিরাগুনাহ। শেরক। ফাসেকি। বেদাত। মোনাফেকি নাফরমানি বেঈমানি। স্বধর্মত্যাগ।

ত্রিপাপ পাতকত্রয়: অতি,উপ,মহা,–পাতক। মহা,ঘোর,–পাপ। মহাপাতক: ব্রহ্মহত্যা ব্রহ্মস্বাপহরণ সুরাপান গুরুপত্নীহরণ মহাপাতকীসংসর্গ। উপপাতক: পরদার আত্মবিক্রয় মাতৃত্যাগ পিতৃত্যাগ সুতত্যাগ কন্যাদূষণ দারবিক্রয় অপত্যবিক্রয় বান্ধবত্যাগ অভিচার নাস্তিকতা গোহত্যা। দেবস্বহরণ দেবস্বাপহরণ। পাপেরপথ অধোমার্গ। পাপের ফল। পাপস্খালন প্রায়শ্চিত্ত (৯৫৪)।

বিণ. পাপী পাপাত্মা দুরাত্মা পাপাশয় পাপাচারী পামর পাপান্তঃকরণ পাপিষ্ঠ। পাপিনী পাপীয়সী। পাপ,–কৃৎ,–ভাক,–ভাগী। পাপ,অঘ,–বান। পাংশুল বিপ্রদুষ্ট। পাতকী পাষণ্ড কল্মষ,–যুক্ত। গুনাহগার। বদ। পাপপ্রবণ পাপাসক্ত পাপীয়ান। মহা,ঘোর,–পাপী। মহা,–পাতক,–পাতকী, –পাপিষ্ঠ। অতি,–পাতক,–পাতকী। পাপচূড়ামণি। অধার্মিক (৯৮৫)। অন্যায়কারী (৯৪৩)। ব্যসনী। কাফের। মুশরেক। ফাসেক। বেদীন। মোনাফেক নাফরমান বেঈমান। বেনামাজি। হারামখোর। বেদাতি। জুলুমবাজ। ভক্তবিটেল বিড়ালতপস্বী বকধার্মিক ধর্মধ্বজী ভেখধারী। পাপ,–কর, –জনক,–ময়,–পূর্ণ। পাপাত্মক। অধর্ম্য ধর্মবিরুদ্ধ। অঘময় অন্যায় অবিহিত অবৈধ অশাস্ত্রীয় অকর্তব্য নাজায়েজ। ধর্মহীন ধর্মাপেত। যাবন যাবনিক। যোগ,–ভ্রংশ,–ভ্রষ্ট।

৯৯০। ধর্মগ্রন্থ

বি. ধর্ম,-গ্রন্থ,-পুস্তক,-শাস্ত্র। কেতাব আসমানিকেতাব কালাম শাস্ত্র পবিত্রগ্রন্থ। আয়াত সুরা। ওহি প্রত্যাদেশ দৈবাদেশ। দৈব,গূঢ়,-বাণী। দৈব,-বাক্য,-বাণী। স্তব স্তোত্র শ্লোক সূক্ত মন্ত্র।
চার কেতাব: তাওরাত জাবুর ইঞ্জিল কোরান।
ইসলাম: আলকুরআন কোরান,-মজিদ,-শরিফ উম্মুলকেতাব কালামুল্লাহ আয়াতুল্লাহ ফোরকান। লাওহে-মাহফুজ কিতাবে-মাকনুন। হেমায়েল।
হাদিস: বুখারি মুসলিম আবুদাউদ তিরমিজি নাসাঈ ইব্‌নমাজা। মিশকাত। ফতোয়া খুতবা। দীনিয়াত।
ইহুদি: তাওরাত তোরা তাহমুদ মিসনাহ মাসোরাহ।
খ্রিস্টধর্ম: বাইবেল টেস্টামেন্ট ক্যানন ইঞ্জিল। ওল্ড-টেস্টামেন্ট প্রাচীনপ্রমাণ। পূর্বসমাচার: জেনেসিস এক্সোডাস ডিউটারনমি যোশুয়া জাজেস সামুয়েল কিংস। নিউটেস্টামেন্ট নবীনপ্রমাণ উত্তরসমাচার: গসপেল সুসমাচার মার্ক ম্যাথু লুক জন অপোসল পল।
হিন্দু: বেদ ছন্দ নিগম। চতুর্বেদ চতুঃশাখ: ঋক যজু সাম অথর্ব। শ্রুতি। সংহিতা। ঋকবেদ ঋগ্বেদ ঋক্‌সংহিতা যজুর্বেদ সামবেদ অথর্ববেদ। বেদাঙ্গ। বেদমন্ত্র সামমন্ত্র। ষড়ঙ্গ: শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দ জ্যোতিষ। ব্রাহ্মণ। ঐতরেয়। কৌষীতকি। শাঙ্খ্যায়ন। শতপথ তৈত্তিরীয়। আরণ্যক। উপনিষদ বেদান্ত নৈগম: কৌষীতকি বৃহদারণ্যক তৈত্তিরীয়। ছান্দোগ্য কেন কঠ শ্বেতাশ্বতর ঈশ মুণ্ডক প্রশ্ন মহানারায়ণ। উপবেদ: আয়ুর্বেদ ধনুর্বেদ বিদ্যা গন্ধর্ববেদ অর্থবেদ স্থাপত্যবেদ। মনুসংহিতা। গীতা শ্রীমদ্ভাগবত। ভাগবত,-গীতা। রামায়ণ সপ্তকাণ্ড-রামায়ণ আদিকাব্য। মহাভারত পঞ্চমবেদ অষ্টাদশপর্ব -মহাভারত। স্মৃতি,-শাস্ত্র। নিবন্ধ। তন্ত্র,-শাস্ত্র আগম নিগম ডামর। পুরাণ অষ্টাদশ-পুরাণ। কল্কিপুরাণ। তামসপুরাণ। উপপুরাণ। শাস্ত্রপাঠ বেদপাঠ বেদাভ্যাস স্বাধ্যায়।
শাস্ত্রপ্রণেতা: মনু যাজ্ঞবল্ক্য চার্বাক কৌটিল্য চ্যবন কণাদ জৈমিনী। বেদজ্ঞ বেদ,-বিৎ,-বিত্তা, -বিশারদ। চতুর্বেদী চৌবে। ত্রিবেদী তিওয়ারি। দ্বিবেদী দোবে দুবে। ঔপনিষদিক। পুরাণ,-বিৎ, -বেত্তা। শাস্ত্রপাঠক বেদাধ্যায়ী স্বাধ্যায়ী। ধর্মপাঠক। উদ্‌গাতা ছন্দোগ ছান্দস।
জরথুস্ট্রবাদ: আবেস্তা জেন্দ-আবেস্তা।
জৈন: পূর্ব আগম অঙ্গ উপাঙ্গ ছেদসূত্র মূলসূত্র প্রকীর্ণক চূলিকাসূত্র কালকার্যকথা। কল্পসূত্র।
তাওবাদ: তাও-তেহ্-কিং।
বৌদ্ধ: তিপিটক ত্রিপিটক পিটক বিনয়, সুত্ত,অভিধম্ম,-পিটক। ধম্মপদ। জাতক। প্রজ্ঞাপারমিতা সূত্র। সদ্ধর্মপুণ্ডরীক সূত্র।
শিখ: গ্রন্থসাহেব আদিগ্রন্থ।

৯৯১। ধর্মপ্রচারক

বি. ধর্ম,-প্রচারক,-প্রবর্তক,-প্রবর্তনকারী, -প্রবক্তা,-প্রতিষ্ঠাতা,-সংস্থাপক। ধর্মসংস্কারক। মহাপুরুষ প্রেরিত-পুরুষ। অবতার। নবুয়ত। রসুল নবী আম্বিয়া পয়গম্বর: হজরত,-আদম,-নূহ, -ইদ্রিস,-ইব্রাহিম,-ইসহাক,-ইসমাঈল,-ইউসুফ, -শোয়াইব,-মুসা,-হারুন,-দাউদ,-জাকারিয়া, -ঈসা (যীশু),-মুহাম্মদ। ইসলাম: মুহাম্মদ মোস্তফা সিরাজুমমুনিরা।
ইহুদি ধর্ম: মুসা মোজেস।
খ্রিষ্টান ধর্ম: যীশু,-খ্রিষ্ট ঈসা,-মসিহ ক্রাইস্ট খ্রিষ্ট।
খ্রিষ্টীয় বিজ্ঞান: মেরি বেকার এডি।

হিন্দু ধর্ম: মনু। শঙ্করাচার্য। রামানুজ। নিমাই চৈতন্য গৌরাঙ্গ গোরাচাঁদ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু। রামকৃষ্ণপরমহংস। বিবেকানন্দ। দয়ানন্দ সরস্বতী।
কনফুসিয়াসবাদ: কনফুসিয়াস কংফুৎসে।
তাও,লাওৎসু,-বাদ: লাওৎসু লাউদ্‌যা।
জরথুস্ত্রবাদ: জরথুস্ত্র।
জৈন ধর্ম: মহাবীর বর্ধমান। তীর্থংকর। পার্শ্বনাথ পরেশনাথ।
বাবধর্ম: মির্জা আলী মুহাম্মদ।
বাহাই ধর্ম: বাহাউল্লাহ মির্জা হুসেইন আল নুরী।
বৌদ্ধ ধর্ম: বুদ্ধ,-দেব বুদ্ধাবতার গৌতম,-বুদ্ধ সিদ্ধার্থ অমিতাভ মহাবোধি বোধিসত্ত্ব সুগত তথাগত শ্রীঘন শাক্য,-মুনি,-সিংহ ধর্মকেতু মৈত্রেয় বিনায়ক শৌদ্ধদানি ষড়ভিজ্ঞ পদ্মপাণি অবলোকিতেশ বিশ্ব,লোক,-জিৎ।
ব্রাহ্মসমাজ: রামমোহন রায়।
মর্মনবাদ: যোসেফ স্মিত।
শিখ ধর্ম: গুরুনানক।
সুইডেনবর্গবাদ: সুইডেনবর্গ।

৯৯২। ধর্মযাজক

বি. ধর্মযাজক। ধর্ম,-পাল,-পালক,-পালনকারী। ধর্মোপদেষ্টা ধর্মোপদেশক।
ইহুদি: রাবাই।
খ্রিষ্টান: পোপ কার্ডিনাল আর্চবিশপ বিশপ পাদ্রি ফাদার। মিশনারি।
বৌদ্ধ: ভিক্ষু ফুঙ্গি লামা। দালাইলামা। পাঞ্চেনলামা। জাতক। যতি শ্রমণ।
মুসলমান: ইমাম পেশ-ইমাম খতিব মওলানা মৌলানা মৌলভি মোল্লা। মোয়াজ্জিন। কাজি মুফতি। উলেমা মুহাদ্দিস। মুজতাহিদ। শেখ। মুর্শিদ মখদুম পীর ফকির দরবেশ। হুজুর কেবলা। আউলিয়া। কুতুব। সাহাবায়ে রসুল। তাবেয়িন। হাজি।
হিন্দু: যাজক যাজি যাজনিক যাজনকর্তা যজমান যজ্ঞ,-কর্তা,-কারী হোতা অগ্নিহোত্রিক সাগ্নিক। ব্রাহ্মণ দেবব্রাহ্মণ বামুন বিপ্র দ্বিজ। পুরোহিত পুরুত,-ঠাকুর,-মশাই। ঠাকুর,-মশাই। ঋত্বিক পুরোধা সাত্বৎ পণ্ডিত আচার্য। তন্ত্র,-ধর,-ধারক। স্তোতা স্তবকারী পূজারি পূজক পূজয়িতা সেবাইত। দেবল দেয়াসী। জাপক জপকারী। পূজাজীবী দেব,-যজী,-যাজী দেবাজীব সৌবস্তিক। গুরু দীক্ষাগুরু ধর্মগুরু। গোস্বামী গোঁসাই। ধ্বজা,টিকি,-ধারী। মহাজন মোহান্ত মঠধারী মঠাধ্যক্ষ। ঋষি দেবর্ষি মুনি যোগী যোগিনী তাপস তাপসী সাধক ধ্যানী। ব্রতী ব্রতধারী। সন্ন্যাসী। বৈরাগী। ক্ষপণক। ব্রহ্মচারী। কৌলিক তান্ত্রিক কাপালিক কপালী। দেয়াসিনী দেবসেবিকা।

৯৯৩। ধর্মসম্প্রদায়

বি. ধর্ম,-সম্প্রদায়,-সমাজ ধর্মীয়সম্প্রদায় ধার্মিকগোষ্ঠী। কিতাবি: ইহুদি খ্রিষ্টান মুসলমান সাবেয়ী। উম্মত। ভক্ত,-জন মুরিদ মুরিদান শিষ্য। দল গোষ্ঠী। মাজহাব। তরিকা।
ইসলাম-ধর্মাবলম্বী: মুসলমান মুসলিম। হানাফি। শাফেয়ি। হাম্বেলি। মালিকি। সুন্নি। শিয়া। মুতাজেলা ওহাবি। আহ্‌লে-হাদিস। ইসমাঈলি। খোজা। মেমন। নাখোদা। কাদিয়ানি আহ্‌মদিয়া।
ইহুদি বনি-ইসরাঈল হিব্রু হেব্রাইস্ট ইজরায়লাইট জুডাপন্থী।
কনফুসিয়াসবাদী কংফুসী।
খ্রিষ্টধর্মাবলম্বী খ্রিষ্টান নাসারা নাজারিন নাজারাইট ঈসায়ি। ক্যাথলিক রোমানক্যাথলিক। প্যাপিস্ট।

প্রটেস্ট্যান্ট। লুথারবাদী। লুথারিয়ান। অ্যাংলিক্যান। বোহেমিনিস্ট। ডেভিডিস্ট। প্রেসবিট্যারিয়ান। ব্যাপ্টিস্ট। ইউনিটেরিয়ান। মেথডিস্ট। পিউরিটান। ইরাসিয়ান। গ্রিক অর্থডক্স। জেসুইট। সেভেন-ডে-অ্যাডভেন্টিস্ট। প্লিমাথব্রাদারহুড। ফ্রান্সিসকান। সিরিয়ান। মর্মন। সুইডেনবর্গবাদী। কোয়েকার। খ্রিষ্টানবিজ্ঞানী।

জরথুস্ত্রবাদী পারসিক পার্সি মাজুস অগ্নিউপাসক আতশপরস্তি।

জৈনধর্মাবলম্বী জৈন। দিগম্বর। শ্বেতাম্বর। তাওবাদী।

বাবি। বাহাই।

বৌদ্ধধর্মাবলম্বী বৌদ্ধ সৌগত বৈনায়িক। হীনযান। মহাযান। অর্হৎ আর্হত সদ্ধর্ম। জেন।

ব্রাহ্ম,-সমাজ,-সমাজী ব্রহ্মোপাসক আদি,সাধারণ, নববিধান,-ব্রাহ্মসমাজ।

শিখ নানক,-পন্থী,-শাহী,-সাই অকালি খালসা নিরঙ্করি।

শিন্টোবাদী।

হিন্দু: সনাতনধর্মী,সনাতনপন্থী,-হিন্দু। শাক্ত শক্তিউপাসক শৈব শিবভক্ত। লিঙ্গায়েত। বীরশৈব। তান্ত্রিক কালীসাধক কৌলিক বামাচারী অঘোরপন্থী। বৈষ্ণব কর্তাভজা কৃষ্ণভক্ত হরিভক্ত জাত,-বৈষ্ণব,-বোষ্টম বিষ্ণুউপাসক কৃষ্ণোপাসক কণ্ঠিধারী। রামায়েত। দাদুপন্থী। সৌরসাধক সূর্যোপাসক। আর্যসমাজ।

বিণ. ধর্মাবলম্বী ধর্মাশ্রয়ী ধর্মী। ধর্মসম্প্রদায়ভুক্ত পন্থী। সাম্প্রদায়িক। মাজহাবি।

৯৯৪। ধর্মানুষ্ঠান

বি. ধর্মানুষ্ঠান ধর্মীয় অনুষ্ঠান। অনুষ্ঠান ক্রিয়া,-কর্ম নির্বাহ ইষ্ট আচার নিত্য,-কৃত্য,-কর্ম,-ক্রিয়া নৈমিত্তিক ওজিফা। ধর্মীয় পর্ব (৯৯৫)।

ইসলাম: ঈমান কলেমা তাওহিদ রিসালাত কেয়ামত। আহকাম আরকান আকিদা। ফরজ। ওয়াজেব। সুন্নত। নফল। মুস্তাহাব। ফরজে, -আইন,-কিফায়া। সুন্নত,-ই-মুআক্কাদাহ, -গায়ের-মুআক্কাদাহ্। সালাত নামাজ (৯৯৬)। রোজা রমজান। জাকাত। হজ। ওমরা। জিয়ারত। কোরবানি। ঈদ-উল-ফিতর ঈদ-উজ-জোহা। মিলাদ। ঈদেমিলাদুন্নবী। খয়রাত সাদকা। কাফফারা। তোবা। এতেকাফ। খোতবা। আজান। আকিকা। মুসলমানি খতনা। জানাজা। ইসালে সওয়াব। ইস্তেমা। ওয়াজ-নসিহত।

খ্রিষ্টান সপ্তসংস্কার: অভিসিঞ্চন পূর্ণদীক্ষা যীশুভোজ প্রায়শ্চিত্ত অভিলেপন সন্ন্যাস বিবাহ। মাস হাইমাস লোমাস রোজারিমাস ড্রাইমাস। রিকুইম।

জৈনধর্ম: অহিংসা। ত্রিরত্ন: সম্যক্,-দর্শন,-জ্ঞান, -চরিত।

বৌদ্ধধর্ম: অহিংসা। মধ্যপন্থা। অষ্টনীতি: সৎ, -বিশ্বাস,-সংকল্প,-বাক্য,-আচরণ,-বৃত্তি, -চেষ্টা,-চিন্তা,-সাধনা।

হিন্দু: ত্রিমার্গ কর্ম,জ্ঞান,ভক্তি,-মার্গ। দশমসংস্কার: গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন জাতকর্ম নামকরণ অন্নপ্রাশন চূড়াকরণ উপনয়ন সমাবর্তন বিবাহ। চতুরাশ্রম চাতুরাশ্রম্য চাতুর্বর্ণ্য: ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ সন্ন্যাস। ত্রিসন্ধ্যা: প্রাতঃ মধ্যাহ্ন সন্ধ্যা। গায়ত্রী বেদমাতা। আহ্নিক। ধ্যান। যজ্ঞ যাগ যাগযজ্ঞ যজন অধ্বর হোম হবন হোত্র ক্রতু আহব আহুতি মেধ স্তোম। অগ্নি,-হোত্র, -ষ্টোম,-শুদ্ধি,-সংস্কার। কুশণ্ডিকা কুসুমডিঙে। যজ্ঞাগ্নি যজ্ঞানল হুতা হুতাশ হুতাশন হোমাগ্নি হোমানল। অশ্বমেধ,রাজসূয়,পুত্রেষ্টি,শ্রৌত, ঐকাহিক,পুরুষ,অভিচার,অধি,-যজ্ঞ। গৃহ্য, ইষ্টি,পূর্ণমাস,সোম,শ্যেন,পশু,-যাগ। আয়ুষ্টোম

প্রাজাপত্য। অষ্ট,অষ্টা,-কপাল। পঞ্চযজ্ঞ: ব্রহ্মযজ্ঞ নৃযজ্ঞ দেবযজ্ঞ পিতৃযজ্ঞ ভূতযজ্ঞ।

পূজা (৯৯৭)। ব্রত (৯৯৫)। একাদশীব্রত। দীক্ষা গুরুকরণ গুরুমন্ত্র ইষ্ট,-নাম,-মন্ত্র,-মন্ত্রজপ। সাধ, ভক্ষণ দোহদ। পঞ্চামৃত। অন্ন,নব,-প্রাশন মুখেভাত। আট,-কড়াই,-কৌড়ে। ষষ্ঠী ষেটেরা সাটিয়ারা। উপনয়ন বটুকরণ। উপবীত যজ্ঞসূত্র দণ্ডি পৈতা পৈতে। প্রায়শ্চিত্ত (৯৫৪)।

সৎকার পিণ্ড পিণ্ডি কব্য চরু। পিণ্ড,-দান,-পাত। পারলৌকিকক্রিয়া শ্রাদ্ধ আদ্যশ্রাদ্ধ শারদিক। পারত্রিক উত্তরক্রিয়া। চতুর্থী। মাসিক,বাৎসরিক, -শ্রাদ্ধ। একোদ্দিষ্ট। নান্দীমুখ। তিলকাঞ্চন। দানসাগর। নবান্নশ্রাদ্ধ। আভ্যুদয়িক শ্রাদ্ধ। পিতৃ, -শ্রাদ্ধ,-দায়,-ব্রত,-মেধ,-কৃত্য,-ক্রিয়া,-কার্য। মাতৃ,-শ্রাদ্ধ,-দায়। শ্রাদ্ধবাসর। দান। চার,ছয়, ষোড়শ,-দান। গোদান। তর্পণ। পিতৃ,-তর্পণ, -যজ্ঞ। অন্তগতর্পণ। প্রেততর্পণ।

মানত মানস মানসিক। ধর্মঘট ধরনা হত্যা প্রতিশয় প্রতিশয়ন ধূলট। নিশিপালন। উপবাস। শান্তিস্বস্ত্যয়ন স্বস্ত্যয়ন আপৎশান্তি। গৃহারম্ভ গৃহপ্রবেশ। জাত,-কৃত্য,-ক্রিয়া,-কর্ম। শুভাশৌচ জাতাশৌচ।

তান্ত্রিক অনুষ্ঠান: শবসাধন শবাসন। বামাচার। ভৈরবীচক্র। কামিনী। কারণ। পঞ্চমকার: মদ্য মাংস মৎস্য মুদ্রা মৈথুন।

৯৯৫। ধর্মীয়পর্ব

বি. ধর্মীয়পর্ব পরব পার্বণ পালা পাল,পালা, -পার্বণ। উৎসব। পরবের দিন। বছরকার দিন। শুভদিন পুন্যাহ পর্বাহ। বারো মাসে তেরো পার্বণ।

ইসলাম: ঈদ ঈদ-উল-ফিতর। ঈদ-উজ-জোহা বকরঈদ। ফাতেহা-দোহাজ-দাহাম। রমজান রোজা সিয়াম। মহরম। গোঁয়ারা তাজিয়া তাবুত দুলদুল। চল্লিশা। শবেবরাত। শবেমেরাজ। আখেরিচাহারশুম্বা। ঈদে মিলাদুন্নবী।

ইহুদি: ফাস্ট-ডে উপবাসদিবস। সাবুয়ত। ইওম -কিপ্পুর। তোরহা। নিউইয়ার। পুরিম। ফিস্ট -অব-লটস।

খ্রিষ্টান: বড়দিন খ্রিষ্টমাস খ্রিষ্টমাসইভ। সানটাক্লজ। বক্সিংডে। নিউইয়ারইভ নতুনবছর। ইস্টার -গুডফ্রাইডে ইস্টার,-স্যাটারডে,-সানডে, -মানডে। হোলিউইক। প্যাশনউইক। অ্যাসওয়েডনেসডে। মন্ডিথার্সডে হোলিথার্সডে। হোয়াইটসানডে। অল-সেন্টসডে। অলসোল্‌স ডে। মাইকেলমাসডে।

জৈন: পার্শ্বনাথজয়ন্তী। মহাবীরজয়ন্তী। পর্যুসন। মহাবীর নির্বাণ।

বৌদ্ধ: বৌদ্ধপূর্ণিমা। বৈশাখী,-জ্যৈষ্ঠ,-আষাঢ়, -ভাদ্র,-আশ্বিনী,-কার্তিক,-পৌষ,-মাঘী, -ফাল্গুনী,-পূর্ণিমা। কঠিন চীবর দান। প্রচারণা পূর্ণিমা।

ব্রাহ্মসমাজ: ভাদ্রোৎসব মাঘোৎসব পৌষউৎসব ব্রহ্মোৎসব।

শিখ: গুরুনানক,গুরুগোবিন্দ,-জন্মোৎসব। বৈশাখী।

হিন্দু: মহালয়া দুর্গাপূজা। দুর্গোৎসব শারদোৎসব মহাষ্টমী দশেরা। অক্ষয়তৃতীয়া রামনবমী জামাইষষ্ঠী শীতলষষ্ঠী। রথযাত্রা পূর্ণযাত্রা উলটারথ রথের মেলা। গঙ্গাপূজা দশহরা। বাসন্তীপূজা। নাগপঞ্চমী মনসাপূজা। পদ্মাপূজা। ঝুলন ঝুলন,-পূর্ণিমা,-যাত্রা। জন্মাষ্টমী। বিশ্বকর্মাপূজা। লক্ষ্মীপূজা। রাসযাত্রা রাসলীলা। শিবচতুর্দশী। চৌদ্দবাতি। চৌদ্দশাক। দেওয়ালি। কালীপূজা শ্যামাপূজা। ইতুপূজা। সূর্যপূজা। জগদধাত্রীপূজা। গণেশপূজা। সরস্বতীপূজা শ্রীপঞ্চমী। শিবরাত্রি। নেড়াপোড়া। চাঁচর। হোলাকা। দোল,-যাত্রা,-পূর্ণিমা হোলি।

শীতলাপূজা। নীলের পূজা। চড়ক গাজন চড়কগাছ। কন্দর্পপূজা। হরগৌরীপূজা। অক্ষয়ললিতা। নববর্ষ। হাল,-নতুন,-খাতা মহরত সাহিত। ভাইফোঁটা ভ্রাতৃদ্বিতীয়া। রাখিবন্ধন। রাখিপূর্ণিমা। মেলা: গঙ্গাসাগর কুম্ভ পূর্ণ,অর্ধ,-কুম্ভ শিবরাত্রি পুষ্কর শ্রাবণীপূর্ণিমা। গুরুপূর্ণিমা আষাঢ়ীপূর্ণিমা। অম্বুবাচী। নবান্ন। কল্পতরু। যষ্ঠী। স্নানযাত্রা। পূর্ণ,-তীর্থ,-মকর,-সাগর,-স্নান। যোগ চূড়ামণি,অর্ধোদয়,অমৃত,-যোগ।

ব্রত মেয়েলিব্রত ব্রতপালন। অক্ষয়া। কাত্যায়নী কার্তিকেয়। সর্বজয়া। বিপত্তারিণী। শিবরাত্রি। বিনায়ক। পুণ্যিপুকুর। ধর্মঘট। জল,দধি, -সংক্রান্তি। সুবচনী। মঙ্গলচণ্ডী। চতুর্মাল্য, অশূন্যশয়ান, মনোরথ,-দ্বিতীয়া।

অক্ষয়,রম্ভা,-তৃতীয়া। উমা,মান,-চতুর্থী। ভীষ্মপঞ্চক। ষটপঞ্চমী। আরোগ্য,বিধান,বিবস্বৎ, -সপ্তমী। জন্মাষ্টমী বীরাষ্টমী জিতাষ্টমী গোপাষ্টমী জীমূতাষ্টমী। অক্ষয়,রাম,সীতা,দুর্গা,-নবমী। অখণ্ড অক্ষয়, পিপীতকী,-গোবিন্দ,-দ্বাদশী। বঞ্জুলী পাপনাশিনী মহাদ্বাদশী। অনন্ত,অঘোর, নৃসিংহ,চম্পক,পাষাণ,মদন,বৈকুন্ঠ,রটন্তী, রুক্মিণী,সাবিত্রী,সৌভাগ্য,-চতুর্দশী। অনন্তব্রত। নক্ত,নিশা,-ব্রত। আমবারুণী। সেঁজুতি। সংকটা। চৈত্রাবলি। চাতুর্মাস্য।

৯৯৬। উপাসনা

বি. উপাসন,-া ইবাদত এবাদত আরাধন,-া সংরাধন প্রার্থনা অর্চন,-া অর্হণ,-া সপর্যা। নামাজ সালাত। মোনাজাত দোয়া। দরুদ। জিকর। ওজু। আজান। ওজিফা। ফজর যোহর আসর মাগরেব এশা। বিতর। তাহাজ্জুদ। ইসতিস্কা। ইসতিখারা। ওয়াক্তিয়া নামাজ। জুমুয়ার নামাজ। ফরজ সুন্নাত ওয়াজিব নফল। কসর। কাজা। সুরা আয়াত। নিয়ত তকবির তাহরিমা রুকু সেজদা সালাম। জায়নামাজ মুসল্লা। তসবিহ। আল্লাহর নাম (৯৭৬)। হামদ।

কীর্তন নাম,-কীর্তন,-গান। স্তুতি স্তব স্তবন ভজন,-া বন্দন,-া সেবা। পূজা (৯৯৭)। ঈশ্বরোপাসনা ঈশ্বর,-সেবা,-সাধনা। ভক্তি ঈশ্বর, ঠাকুর,দেব,-ভক্তি। ঠাকুর,দেব,-সেবা। তপ জপ,-তপ। মালাজপ। জপ,ইষ্ট,রুদ্রাক্ষ,-মালা অক্ষ,-মালা,-সূত্র। ধ্যান সাধন,-া তপস্যা। সাধন,-ভজন,-প্রক্রিয়া সাধনাভজনা। স্তব স্তোত্র শ্লোক। হরি,-নাম,-ধ্বনি। ভগবানের নাম। দুর্গানাম। আহ্নিক সন্ধ্যাহ্নিক সন্ধ্যা। নৈতিক নিত্য,-কর্ম,-ক্রিয়া,-কৃত্য। ত্রিসন্ধ্যা: প্রাতঃসন্ধ্যা মধ্যাহ্নসন্ধ্যা সায়ংসন্ধ্যা। নামাবলী। ধর্মকর্ম। স্তবকারী স্তোতা।

ক্রি. আরাধনা উপাসনা বা প্রার্থনা করা। নিয়ৎ করা। দোয়া মাগা। নাম করা বা নেওয়া।

বিণ. উপাসিত। উপাস্য উপাসনীয়। আরাধ্য আরাধনীয়। অর্চ্য অর্চনীয়। ভজ্য ভজনীয়। অর্হণীয়। সাধনীয়। জপ্য সেব্য বন্দ্য বন্দনীয়। পূজ্য। মাবুদ। মুসল্লি নামাজি। উপাসনারত। উপাসক আরাধক।

৯৯৭। পৌত্তলিকতা

বি. পৌত্তলিকতা,-বাদ। মূর্তি,প্রতিমা,পুতুল, -পূজা। সাকার,-উপাসনা,-সাধনা বুতপরস্তি। প্রকৃতি,জড়,-পূজা।

প্রতিমা মূর্তি বিগ্রহ অর্চা প্রতিমূর্তি ঠাকুর দেবতা। দেবমূর্তি। দেবী,-মূর্তি,-প্রতিমা। মাটির প্রতিমা মৃন্ময়মূর্তি মৃন্ময়ীরূপী মৃত্তিকারূপিনী। ধাতুর প্রতিমা ধাতুমূর্তি। অষ্টধাতুর মূর্তি। দারু,

দারুময়,কাষ্ঠ,-মূর্তি। দারু,-প্রতিমা,-ব্রহ্ম। শাল, ভঞ্জী-ভঞ্জিকা। পাষাণপ্রতিমা পাষাণ। প্রস্তর, মূর্তি। যুগলমূর্তি। অর্ধনারীশ্বর। পট। লক্ষীর, পট,-সরা। কাঠামো। চাল,-চিত্র চালি। সাজ শোলার,ডাকের,-সাজ। কদম চাঁদমালা। শিবলিঙ্গ। গৌরীপট্ট পেনেট। শালগ্রাম,নারায়ণ, শিলা।

পূজোপচার উপচার পূজোপকরণ পূজাসামগ্রী সাজ। পঞ্চোপচার: গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য। দশোপচার: গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য পাদ্য অর্ঘ্য আতপচাল বিল্বপত্র মধুপর্ক। ষোড়শোপচার: আসন স্বাগত পাদ্য অর্ঘ্য আচমনীয় মধুপর্ক পুনরাচমনীয় স্থানীয় বসন আভরণ গন্ধ পুষ্প ধূপ নৈবেদ্য বন্দন।

গন্ধদ্রব্য অগুরু চন্দন। ফুল। বেলপাতা। তুলসী। দূর্বা। মঙ্গলঘট ঘট ডাব আমপাতা। ঘৃত দধি মধু। ফলমূল কলাপাতা। গঙ্গামৃত্তিকা। গঙ্গাজল। ডালা বরণডালা। শ্রী ছিরি। কোষী কুশি সিপী কোশা কোশাকুশি ডোঙ্গা। তাম্রকুণ্ড। তামার টাট। আসন যোগাসন যোগপীঠ কুশাসন জল,পানি,-শঙ্খ। চামর বালধি। ঘণ্টা। শঙ্খ শাঁখ। কাঁসি কাঁসর। ঢাক ঢোল ঢোলক। প্রদীপ দীপ। আসন-অঙ্গুরি। ঠাকুরঘর। মন্দির (১০০০)।

পূজাঙ্গ। যাজন। পূজারম্ভ কল্পারম্ভ। আচমন। সংকল্প। অঙ্গ,কর,-ন্যাস। আসন,জল,-শুদ্ধি। আবাহন প্রাণপ্রতিষ্ঠা জীবন্যাস। অর্ঘ্য। ঘটস্থাপন। অঞ্জলি পুষ্পাঞ্জলি। আরতি আরাত্রিক নীরাজনা সন্ধ্যারতি। ভোগ। শীতল। প্রসাদ। নিবেদন। ধ্যান। উৎসর্গ বলি। পশু,-বলি,-উৎসর্গ। বিসর্জন ভাসান নিরঞ্জন।

মন্ত্র। স্তব স্তুতি স্তোত্র জপ্য। ইষ্ট,-নাম,-মন্ত্র। বীজমন্ত্র। গায়ত্রীমন্ত্র ব্যাহৃতি।

মুদ্রা অঙ্গুলি,-মুদ্রা,-মুদ্রিকা: অঙ্কুশ অভয় আবাহনী বর শঙ্খ চক্র গদা পদ্ম ধূপ।

প্রণাম প্রণতি প্রণিপাত সন্নতি পেন্নাম নমস্কার। চরণামৃত পাদোদক। চরণ,-বন্দনা,-পূজা। ত্র্যঙ্গ প্রণাম। পঞ্চাঙ্গ প্রণাম: মস্তক বাহুদ্বয় জানুদ্বয় নেত্রদ্বয় বাক্যসংযোগ। অষ্টাঙ্গ,সাষ্টাঙ্গ,-প্রণাম: মস্তক নেত্রদ্বয় করদ্বয় বক্ষঃস্থল জানুদ্বয় চরণদ্বয় বাক্য মনঃসংযোগ।

ক্রি. পূজা করা। মন্ত্রপড়া। ঠাকুর সেবা করা। আচমন করা। আবাহন করা। বরণ করা। আরতি করা। নিবেদন করা। অর্ঘ্য প্রদান করা। উৎসর্গ করা। অঞ্জলি দেওয়া। নির্মাল্য বা প্রসাদ খাওয়া। বিসর্জন বা ভাসান দেওয়া।

বিণ. পৌত্তলিক বুতপরস্ত সাকারোপাসক মূর্তি,প্রতিমা,-পূজক। পূজিত বন্দিত ভজিত অর্চিত সেবিত স্তুত সাধিত অর্হিত উপচরিত। নিবেদিত উৎসর্গীকৃত। প্রণত সন্নত অবনত। সাদী। পূজনীয় পূজ্য পূজার্হ। প্রণম্য নমস্য। কৃতনমস্কার। কৃতাঞ্জলিপুট।

ক্রি-বিণ. কৃতাঞ্জলিপুটে। ভক্তিতে। ভক্তিভরে।

৯৯৮। জাদুবিদ্যা

বি. জাদু,মায়া,ভোজ,তন্ত্র,মন্ত্র,কুহক,-বিদ্যা। শাম্বরী। ডাকিনী,প্রেত,-বিদ্যা। ব্রহ্মবিদ্যা। রহস্যবিদ্যা। হঠযোগ। জাদু ইন্দ্রজাল কুহক ভেলকি ভোজবাজি। ছায়াবাজি। ভানুমতির খেলা। ম্যাজিক। মায়া,-জাল। মায়ার,-কুহক, -ঘোর। ধাঁধা হেঁয়ালি ধন্দ ধোঁকা প্রহেলিকা। জাদুবল মায়া,-বল,-শক্তি। জাদু,মায়া,-দণ্ড। মায়া,-মুকুর,-দর্পণ। কেরামতি বুজরুকি তেলেসমাতি। সম্মোহন বিমোহন সম্মোহনবিদ্যা হিপনোটিজম মেসমেরিজম। তুক তাক তুকতাক

মন্ত্র তন্ত্র বুলি। ফুঁকফাঁক ঝাড়ফুঁক। গুণ বান। জাদুকরণ জাদুগরি জাদুগিরি। চাউল,পানি,-পড়া। কবচ মাদুলি তাবিজ তক্তি। তাগা। তামাতুলসি। বশীকরণ বশক্রিয়া কার্মণ। অভিচার: মারণ মোহন স্তম্ভন বিদ্বেষণ উচ্চাটন বশীকরণ।

জাদুকর। ইন্দ্র,ঐন্দ্র,-জালিক। সৌভিক। ভেলকি,-বাজ,-ওয়ালা। বাজি,-কর,-গর। প্রাতি,-হার,-হারক,-হারিক। ভোজবিদ। মায়ী মায়িক মায়া,-বিদ,-কর,-কুশল। ম্যাজিসিয়ান। কুহকী কুহকিনী। মোহক। মায়াবী মায়াবিনী। ভানুমতি। বিদ্যাধরী। ডাকিনী ডাইনী। গুণিন ওঝা।

ক্রি. জাদু তুক তুকতাক গুণ টোনা বা ওষুধ করা। ঝাড়ফুঁক করা। ঝাড়া। মন্ত্র পড়া বা করা। নল চালা। বশ করা। ভূত ছাড়ানো বা নামানো। বাণ মারা।

বিণ. জাদুবিদ্যাসম্বন্ধীয়। জাদুকরী। ঐন্দ্রজালিক। ধাঁধাময়। তেলেসমাতি। ভুতুড়ে (৯৮০) ভৌতিক। বশীভূত সম্মোহিত মন্ত্রমুগ্ধ। মন্ত্রপূত সমন্ত্রক।

৯৯৯। আত্মানুসন্ধান

বি. আত্মানুসন্ধান আত্মান্বেষণ। আত্ম,-জিজ্ঞাসা, -দর্শন। অন্তর্দর্শন। আত্মানুভূতি স্বসংবেদন সানুভব। আত্ম,-জ্ঞান,-তত্ত্ব,-বিদ্যা। পরমাত্মাতত্ত্ব। আত্মিকবাদ। অধ্যাত্ম,-তত্ত্ব,-বাদ। অধ্যাত্ম,-আধ্যাত্মিক,-চেতনা। আধ্যাত্মিকতা অধ্যাত্মসাধন পরমার্থসাধন স্পিরিচুয়ালিজম। আত্মাবিষয়ক জ্ঞান। মর্মবাদ তাসাওফ সুফিবাদ। নির্জ্ঞেয়বাদ। অতীন্দ্রিয়তা। অজ্ঞাবাদ। গুপ্তবিদ্যা রহস্যবাদ। অধিবিদ্যা। পরাবিদ্যা ব্রহ্ম,-জ্ঞান, -বিদ্যা। ঈশ্বরতত্ত্ব থিওলজি। অজ্ঞানবাদ। অবস্তুবাদ। অধিপ্রাণবাদ। অদ্বয়বাদ অদ্বৈতবাদ। একেশ্বরবাদ। অদ্বয়সম্বন্ধীবাদ। দ্বৈতবাদ। কর্মবাদ। জড়বাদ প্রত্যক্ষবাদ। রুহ নাফ্স। আত্মা অধ্যাপুরুষ মানস বোধি প্রাণ লিঙ্গ শরীর জীবাত্মা জীব আমি অহং খুদি। অমরাত্মা পরমাত্মা। ব্রহ্ম পর,পরম,-ব্রহ্ম এক অদ্বয় অদ্বৈত দ্বিত্বহীন একমেবাদ্বিতীয়ম। সূক্ষ্মদেহ। দেহাত্মবাদ দেহাত্মপ্রত্যয় দেহানুসন্ধান। দেহতত্ত্ব। অবচেতন মগ্নচৈতন্য অপভাব ক্ষীণচেতন।

ইলহাম হকিকত তরিকত অন্তর্দৃষ্টি জ্ঞানদৃষ্টি প্রজ্ঞা দিব্য,-জ্ঞান,-চক্ষু,-দৃষ্টি দূরদৃষ্টি। জ্ঞানচক্ষু মনশ্চক্ষু। সূক্ষ্মদর্শনশক্তি। অলোকদৃষ্টি মোক্ষমার্গ। মোক্ষপদ। মোক্ষধাম।

মারেফাত। কাদেরিয়া,চিশতিয়া নকশবন্দীয়া, -তরিকা। মরমি সুফি নির্জ্ঞেয়সন্ধানী আত্মানুসন্ধানী। সাধক সাধুপুরুষ সিদ্ধপুরুষ যোগসিদ্ধ যোগী। পরমহংস। মন্ত্র,-সিদ্ধ,-সাধক। মুর্শিদ গুরু। মুরিদ মুরিদান শিষ্য।

মনোজ্ঞান। মনোবিকলন মনঃসমীক্ষণ। মনঃযোগাযোগ মনালাপন টেলিপ্যাথি। প্লানশেট। মেসমেরিজম আবেশীসমীক্ষা সম্মোহনবিদ্যা। স্বপ্ন। মূর্ছা। অকাল্ট-সায়ান্স অপরসায়ন।

যোগ,-শাস্ত্র। অভ্যাস,কর্ম,ক্রিয়া,জ্ঞান,ভক্তি, রাজ,মন্ত্র,ধ্যান,লয়,সন্ন্যাস,হঠ,-যোগ।

ক্রিয়াযোগ: সংযম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার।

রাজযোগ: ধ্যান ধারণা সমাধি। সন্ন্যাস। দর্শন। ভাব,-সমাধি। ষট্‌চক্র: মূলাধার স্বাধিষ্ঠান মণিপূরক অনাহত বিশুদ্ধ আজ্ঞা। প্রাণায়াম: পূরক কুম্ভক রেচক। ধ্যান মুরাকেবা সাধনা। জিক্‌র। ভাবাবেশ জজবা দশা হাল। চিলা চিলাকশি। ওয়াজ্‌দ্। সিদ্ধি আত্মসিদ্ধি অষ্টসিদ্ধি। নাজাত ফানা নির্বাণ মহানির্বাণ নিবৃত্তি মোক্ষ মুক্তি সালক্য পরমগতি পরমাগতি। খিরকা চীবর ভেখ।

বিণ আধ্যাত্মিক অধ্যাত্ম। রুহানি। আত্মিক আত্মাবিষয়ক। মরমিয়া। অতীন্দ্রিয় ইন্দ্রিয়াতীত দেহাতীত। বিদেহী। আধিবিদ্যক। অতিপ্রাকৃত। তুরীয় পরমার্থিক। মানসিক অজ্ঞেয় নির্জ্ঞেয়। ব্রহ্ম, বিষয়ক,-সম্বন্ধী। অজ্ঞাত। গুপ্ত গূঢ় বাতেন। অন্তর্মুখী। অবস্তু,অবিষয়,-মুখী।

১০০০। ধর্মস্থান

বি. ধর্ম,-স্থান,-ক্ষেত্র। ধর্মালয় ধর্মগৃহ। উপাসনালয় ভজনালয় প্রার্থনালয় উপাসনা,প্রার্থনা,-গৃহ। মসজিদ জামে-মসজিদ। মিহরাব মেরাপ। মিম্বর। ঈদগাহ। দরগাহ। ইমামবাড়া। রওজা মকবরা। খানকা।

মন্দির,-দেউল দেবল দেউল দেবাগার দেবালয় দেবায়তন দেবস্থান ঠাকুর,-ঘর,-দালান,-বাড়ি, মন্দির মূর্তিমন্দির বুতখানা। মণ্ডপ চণ্ডীমণ্ডপ নাটমন্দির জগমোহন গোপুর পূজাঘর। মণ্ডপ পূজামণ্ডপ। পূজার প্যান্ডেল। উপাসনামন্দির সাধন,-গৃহ,-মন্দির সাধনালয়। ঠাম থাম থান। বেদী বেদিকা মঞ্চ বিতর্দি। যজ্ঞ,-শালা,-গৃহ যজ্ঞাগার হোমগৃহ। যজ্ঞ,হোম,-কুণ্ড। যজ্ঞ,-স্থল, ভূমি,-বাট। যজ্ঞ,-বেদী,-বেদিকা। অগ্নিশালা আহব।

স্তূপ চৈত্য মঠ সংঘারাম বুদ্ধমন্দির গোম্ফা প্যাগোডা। গুরু,-দ্বার,-দোয়ারা। চার্চ গির্জা ক্যাথিড্রাল চ্যাপেল। ব্রহ্মোপাসনালয় ব্রাহ্মসমাজমন্দির। সায়নাগগ। অগ্নিমন্দির আতশখানা। আস্তানা আখড়া আশ্রম তপোবন।

তীর্থ,-স্থান,-ক্ষেত্র। পুণ্য,-স্থান,-ক্ষেত্র,-ভূমি, -ধাম। পবিত্র,পূত,-স্থান। দেব,-স্থান,-ভূমি। তীর্থ,-দর্শন,-যাত্রা,-ভ্রমণ,-বাস। জিয়ারত। হজ্জ,-যাত্রা। তীর্থ,-নীর,-সলিল তীর্থোদক।

ইহুদি ও খ্রিষ্টান: জেরুজালেম রোম ভ্যাটিকান -সিটি।

বৌদ্ধ: গয়া বোধ,বৌদ্ধ,-গয়া সারনাথ বোধিতীর্থ কপিলাবস্তু রাজ,-গৃহ,-গীর। বোধি,-দ্রুম,-বৃক্ষ অক্ষয়বট।

মুসলমান : মক্কা,-শরিফ,-মোয়াজ্জমা। হারামশরিফ। কাবা কিবলা। জমজম। বায়তুলমুকাদ্দাস। মদিনা,-মুনাওয়ারা। বাগদাদশরিফ। আজমীরশরিফ।

শিখ: অমৃতসর স্বর্ণমন্দির।

হিন্দু: পুরী,-ধাম শ্রীক্ষেত্র জগন্নাথ,-ধাম,-ক্ষেত্র গয়া কাশীধাম বারাণসী বৃন্দাবন ব্রজধাম মথুরা প্রভাস পুষ্কর কেদারনাথ অমরনাথ মানসসরোবর কালীঘাট দক্ষিণেশ্বর কন্যাকুমারিকা সোমনাথ কামাখ্যা হরিদ্বার প্রয়াগ গঙ্গা কুরুক্ষেত্র।

পঞ্চতীর্থ: জ্ঞানবাপী নন্দিকেশ্বর তারকেশ্বর মহাকালেশ্বর দণ্ডপাণি।

চতুর্ধাম: রামনাথ বৈদ্যনাথ জগন্নাথ দ্বারকানাথ। একান্নপীঠ।

তীর্থ,-কামী,-যাত্রী,-যাত্রীদল তীর্থাভিলাষী পুণ্যার্থী পুণ্যকামী। তীর্থ,-বাসী,-সেবী। তীর্থগুরু। পাণ্ডা। আশ্রমী আশ্রমিক আশ্রম,আখড়া,-বাসী। মঠাধ্যক্ষ। মোহান্ত মহান্ত। মুতওয়াল্লি। মোয়াল্লেম। খাদেম।